প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-কীলা লাহুম আ-মিনূ বিমা~ আংঝালাল্লা-হু কা-লূ নু'মিনু বিমা~ উংঝিলা 'আলাইনা- ওয়া ইয়াকফুরূনা বিমা- ওয়ারা~আহূ (ق) ওয়া হুওয়াল হাক্কু মুসাদ্দিকাল্লিমা- মা'আহুম (ط) কুল ফালিমা তাকতুলূনা আম্বিয়া~আল্লা-হি মিং কাবলু ইং কুংতুম্ মু'মিনীন।	
তরজমা	এবং যখন তাহাদেরকে বলা হয়, 'আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তাহাতে ঈমান আনয়ন কর', তাহারা বলে, 'আমাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে আমরা তাহাতে বিশ্বাস করি।' অথচ তাহা ব্যতীত সব কিছুই তাহারা প্রত্যাখ্যান করে, যদিও উহা সত্য এবং যাহা তাহাদের নিকট আছে তাহার প্রত্যায়নকারী। বল, 'যদি তোমরা মু'মিন হইতে তবে কেন তোমরা অতীতে আল্লাহ্‌র নবীগণকে হত্যা করিয়াছিলে ?'	
	وَلَقَدْ جَآءَكُم مُّوسَىٰ بِالْبَيِّنٰتِ ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ مِنۢ بَعْدِهِۦ وَأَنتُمْ ظٰلِمُونَ ﴿٩٢﴾	92
প্রতিবর্ণায়ন	ওয়া লাকাদ জা~আকুম মূছা- বিলবাইয়িনা-তি ছুম্মাত্তাখায্তুমুল 'ইজলা মিম্ বা'দিহী ওয়া আংতুম জা-লিমূন।	
তরজমা	এবং নিশ্চয় মূসা তোমাদের নিকট স্পষ্ট প্রমাণসহ আসিয়াছে, তাহার পরে তোমরা গো-বৎসকে উপাস্যরূপে গ্রহণ করিয়াছিলে। আর তোমরা তো জালিম।	
	وَإِذْ أَخَذْنَا مِيثٰقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّورَ ۖ خُذُوا مَآ اٰتَيْنٰكُم بِقُوَّةٍ وَاسْمَعُوا ۖ قَالُوا سَمِعْنَا وَعَصَيْنَا ۗ وَأُشْرِبُوا فِى قُلُوبِهِمُ الْعِجْلَ بِكُفْرِهِمْ ۚ قُلْ بِئْسَمَا يَأْمُرُكُم بِهِۦٓ إِيمٰنُكُمْ إِن كُنتُم مُّؤْمِنِينَ ﴿٩٣﴾	93
প্রতিবর্ণায়ন	ওয়া ইয আখাযনা- মীছা-কাকুম ওয়া রাফা'না- ফাওকাকুমুত্তূরা (ط) খুযূ মা~ আ-তাইনা-কুম বিকুওওয়াতিওঁ ওয়াছমা'উ (ط) কা-লূ ছামি'না ওয়া 'আসাইনা- (ق) ওয়া উশরিবূ ফী কুলূবিহিমুল 'ইজলা বিকুফ্‌রিহিম (ط) কুল বি'ছামা-ইয়া'মুরুকুম বিহী~ ঈমা-নুকুম ইং কুংতুম্ মু'মিনীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	স্মরণ কর, যখন তোমাদের অঙ্গীকার নিয়াছিলাম এবং তূরকে তোমাদের উর্ধ্বে উত্তোলন করিয়াছিলাম, বলিয়াছিলাম, 'যাহা দিলাম দৃঢ়রূপে গ্রহণ কর এবং শ্রবণ কর।' তাহারা বলিয়াছিল, 'আমরা শ্রবণ করিলাম ও অমান্য করিলাম। কুফরী হেতু তাহাদের হৃদয়ে গো-বৎসপ্রীতি সিঞ্চিত হইয়াছিল। বল, 'যদি তোমরা ঈমানদার হও, তবে তোমাদের ঈমান যাহার নির্দেশ দেয় উহা কত নিকৃষ্ট।'	
	قُلْ اِنْ كَانَتْ لَكُمُ الدَّارُ الْاٰخِرَةُ عِنْدَ اللّٰهِ خَالِصَةً مِّنْ دُوْنِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝٩٤	94
প্রতিবর্ণায়ন	কু'ল ইং কা-নাত লাকুমুদ্দা-রুল্ আ-খিরাতু 'ইংদাল্লা-হি খা-লিসাতাম্ মিং দূনিন্না-ছি ফাতামান্নাউল্ মাওতা ইং কুংতুম সা-দিক'ীন।	
তরজমা	বল, 'যদি আল্লাহ্‌র নিকট আখিরাতের বাসস্থান অন্য লোক ব্যতীত বিশেষভাবে শুধু তোমাদের জন্যই হয় তবে তোমরা মৃত্যু কামনা কর-যদি তোমরা সত্যবাদী হও।'	
	وَلَنْ يَّتَمَنَّوْهُ اَبَدًاۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالظّٰلِمِيْنَ ۝٩٥	95
প্রতিবর্ণায়ন	ওয়া লাইঁ ইয়াতামান্নাওহু আবাদাম বিমা- ক'াদ্দামাত আইদীহিম (ط) ওয়াল্লা-হু 'আলীমুম্ বিজ্জ'া-লিমীন।	
তরজমা	কিন্তু তাহাদের কৃতকর্মের জন্য তাহারা কখনও উহা কামনা করিবে না এবং আল্লাহ্ জালিমদের সম্বন্ধে সম্যক অবহিত।	
	وَلَتَجِدَنَّهُمْ اَحْرَصَ النَّاسِ عَلٰى حَيٰوةٍ ۚ وَمِنَ الَّذِيْنَ اَشْرَكُوْا ۚ يَوَدُّ اَحَدُهُمْ لَوْ يُعَمَّرُ اَلْفَ سَنَةٍ ۚ وَمَا هُوَ بِمُزَحْزِحِهٖ مِنَ الْعَذَابِ اَنْ يُّعَمَّرَ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ۝٩٦	96
প্রতিবর্ণায়ন	ওয়ালাতাজিদান্নাহুম আহ'রাসান্না-ছি 'আলা- হ'ায়া-তিওঁ (ج) ওয়া মিনাল্লায'ীনা আশরাকূ (ج) ইয়াওয়াদ্দু আহ'াদুহুম লাও ইউ'আম্মারু আলফা ছানাতিওঁ (ج) ওয়ামা-হুওয়া বিমুঝাহ'ঝিহি'হী মিনাল 'আয'া-বি আইঁ ইউ'আম্মারা (ط) ওয়াল্লা-হু বাসীরুম বিমা-ইয়া'মালূন।	
তরজমা	তুমি নিশ্চয় তাহাদেরকে জীবনের প্রতি সমস্ত মানুষ, এমন কি মুশরিক অপেক্ষাও অধিক লোভী দেখিতে পাইবে। তাহাদের প্রত্যেকে আকাঙ্ক্ষা করে যদি সহস্র বৎসর আয়ু দেওয়া হইত; কিন্তু দীর্ঘায়ু তাহাকে শাস্তি হইতে দূরে রাখিতে পারিবে না। তাহারা যাহা করে আল্লাহ্ উহার দ্রষ্টা।	
	قُلْ مَنْ كَانَ عَدُوًّا لِّجِبْرِيْلَ فَاِنَّهٗ نَزَّلَهٗ عَلٰى قَلْبِكَ بِاِذْنِ اللّٰهِ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ وَهُدًى وَّبُشْرٰى لِلْمُؤْمِنِيْنَ ۝٩٧	97

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	কু্ল মাং কা-না ‘আদুওওয়াল্লি জিব্‌রীলা ফাইন্নাহূ নাঝ্‌ঝালাহূ ‘আলা-ক্বাল্‌বিকা বিইয্‌নিল্লা-হি মুসাদ্দিক্বাল্‌ লিমা-বাইনা ইয়াদাইহি ওয়া হুদাওঁ ওয়াবুশ্‌রা- লিলমু’মিনীন।	
তরজমা	বল, ‘যে কেহ জিব্‌রীলের শত্রু এইজন্য যে, সে আল্লাহ্‌র নির্দেশে তোমার হৃদয়ে কুরআন পৌঁছাইয়া দিয়াছে, যাহা উহার পূর্ববর্তী কিতাবের সমর্থক এবং যাহা মু’মিনদের জন্য পথপ্রদর্শক ও শুভ সংবাদ’-	
	مَنْ كَانَ عَدُوًّا لِّلّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَرُسُلِهٖ وَجِبْرِيْلَ وَمِيْكٰىلَ فَاِنَّ اللّٰهَ عَدُوٌّ لِّلْكٰفِرِيْنَ ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	মাং কা-না ‘আদুওওয়াল্‌ লিল্লা-হি ওয়ামালা~ইকাতিহী ওয়া রুছুলিহী ওয়াজিব্‌রীলা ওয়ামীকা-লা ফাইন্নাল্লা-হা ‘আদুওউল্লিল্‌কা-ফিরীন্‌।	
তরজমা	‘যে কেহ আল্লাহ্‌র, তাঁহার ফিরিশতাগণের, তাঁহার রাসূলগণের এবং জিব্‌রীল ও মীকাঈলের শত্রু সে জানিয়া রাখুক, আল্লাহ্‌ নিশ্চয়ই কাফিরদের শত্রু।’	
	وَلَقَدْ اَنْزَلْنَآ اِلَيْكَ اٰيٰتٍۭ بَيِّنٰتٍ ۚ وَمَا يَكْفُرُ بِهَآ اِلَّا الْفٰسِقُوْنَ ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়া লাক্বাদ আংঝালনা~ ইলাইকা আ-য়া-তিম বাইয়িনা-তিওঁ (ج) ওয়ামা-ইয়াক্‌ফুরু বিহা~ ইল্লাল ফা-ছিক্বূন।	
তরজমা	এবং নিশ্চয়ই আমি তোমার প্রতি স্পষ্ট আয়াতসমূহ নাযিল করিয়াছি। ফাসিকরা ব্যতীত অন্য কেহ তাহা প্রত্যাখ্যান করে না।	
	اَوَكُلَّمَا عٰهَدُوْا عَهْدًا نَّبَذَهٗ فَرِيْقٌ مِّنْهُمْ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٠٠﴾	100
প্রতিবর্ণায়ন	আওয়া কুল্লামা- ‘আ-হাদূ ‘আহ্‌দান্‌ নাবাযাহূ ফারীকু্ম্‌ মিন্‌হুম (ط) বাল আকছারুহুম লা-ইউ’মিনূন।	
তরজমা	তবে কি যখনই তাহারা অঙ্গীকারাবদ্ধ হইয়াছে তখনই তাহাদের কোন একদল তাহা ভঙ্গ করিয়াছে ? বরং তাহাদের অধিকাংশই বিশ্বাস করে না।	
	وَلَمَّا جَآءَهُمْ رَسُوْلٌ مِّنْ عِنْدِ اللّٰهِ مُصَدِّقٌ لِّمَا مَعَهُمْ نَبَذَ فَرِيْقٌ مِّنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ ۙ كِتٰبَ اللّٰهِ وَرَآءَ ظُهُوْرِهِمْ كَاَنَّهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-জা~আহুম রাছূলুম্‌ মিন ‘ইংদিল্লা-হি মুসাদ্দিকু্লিমা-মা‘আহুম নাবাযা ফারীকুম্‌ মিনাল্লাযীনা উতুল কিতা-বা (ق) কিতা-বাল্লা-হি ওয়ারা~আ জু্হূরিহিম কাআন্নাহুম লা-ইয়া‘লামূন।	
তরজমা	যখন আল্লাহ্‌র পক্ষ হইতে তাহাদের নিকট রাসূল আসিল, যে তাহাদের নিকট যাহা রহিয়াছে উহার প্রত্যায়নকারী, তখন যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল তাহাদের একদল আল্লাহ্‌র কিতাবটিকে পশ্চাতে নিক্ষেপ করিল, যেন তাহারা জানে না।	

		102
	وَاتَّبَعُوْا مَا تَتْلُوا الشَّيٰطِيْنُ عَلٰى مُلْكِ سُلَيْمٰنَ ۚ وَمَا كَفَرَ سُلَيْمٰنُ وَلٰكِنَّ الشَّيٰطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ النَّاسَ السِّحْرَ ۖ وَمَآ اُنْزِلَ عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ هَارُوْتَ وَمَارُوْتَ ۗ وَمَا يُعَلِّمٰنِ مِنْ اَحَدٍ حَتّٰى يَقُوْلَآ اِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ ۗ فَيَتَعَلَّمُوْنَ مِنْهُمَا مَا يُفَرِّقُوْنَ بِهٖ بَيْنَ الْمَرْءِ وَزَوْجِهٖ ۗ وَمَا هُمْ بِضَآرِّيْنَ بِهٖ مِنْ اَحَدٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۗ وَيَتَعَلَّمُوْنَ مَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ ۗ وَلَقَدْ عَلِمُوْا لَمَنِ اشْتَرٰىهُ مَا لَهٗ فِى الْاٰخِرَةِ مِنْ خَلَاقٍ ۟ وَلَبِئْسَ مَا شَرَوْا بِهٖٓ اَنْفُسَهُمْ ۗ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿١٠٢﴾	
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাবা‘উ মা-তাতলুশ্শাইয়া-ত ীনু ‘আলা- মুলকি ছুলাইমা-না (ج) ওয়ামা-কাফারা ছুলাইমা-নু ওয়ালা- কিন্নাশ্শাইয়া-ত ীনা কাফারূ ইউ‘আল্লিমূনান্না-ছাছ্ছিহ ্রা (ق) ওয়ামা˜ উংঝিলা ‘আলাল মালাকাইনি বিবা-বিলা হা-রূতা ওয়ামা-রূতা (ط) ওয়ামা- ইউ‘আল্লিমা-নি মিন আহ াদিন হ াত্তা-ইয়াক ূলা˜ ইন্নামা-নাহ্ ্নু ফিত্নাতুং ফালা-তাক্ফুর (ط) ফাইয়াতা‘আল্লামূনা মিনহুমা- মা-ইউফাররিকূ ্না বিহী বাইনাল মার্ই ওয়াঝাওজিহী (ط) ওয়ামা-হুম বিদ া~র্রীনা বিহী মিন আহ াদিন ইল্লা- বিইয ্নিল্লা-হি (ط) ওয়াইয়াতা‘আল্লামূনা মা-ইয়াদু ্র্রুহুম ওয়ালা-ইয়াংফা‘উহুম (ط) ওয়ালাক াদ ‘আলিমূ লামানিশ্তারা-হু মা-লাহূ ফিল আ-খিরাতি মিন খালা-কি ওঁ (ط) ওয়ালাবি’ছা মা-শারাও বিহী˜ আংফুছাহুম (ط) লাও কা-নূ ইয়া‘লামূন।	
তরজমা	এবং সুলায়মানের রাজত্বে শয়তানরা যাহা আবৃত্তি করিত তাহারা তাহা অনুসরণ করিত। সুলায়মান কুফরী করে নাই, বরং শয়তানরাই কুফরী করিয়াছিল। তাহারা মানুষকে জাদু শিক্ষা দিত এবং যাহা বাবিল শহরে হারূত ও মারূত ফিরিশ্তাদ্বয়ের উপর অবতীর্ণ হইয়াছিল। তাহারা কাহাকেও শিক্ষা দিত না এই কথা না বলিয়া যে, ‘আমরা পরীক্ষাস্বরূপ; সুতরাং তুমি কুফরী করিও না।’ তাহারা উভয়ের নিকট হইতে স্বামী-স্ত্রীর মধ্যে যাহা বিচ্ছেদ সৃষ্টি করে তাহা শিক্ষা করিত, অথচ আল্লাহ্‌র নির্দেশ ব্যতীত তাহারা কাহারও কোন ক্ষতি সাধন করিতে পারিত না। তাহারা যাহা শিক্ষা করিত তাহা তাহাদের ক্ষতি সাধন করিত এবং কোন উপকারে আসিত না; আর তাহারা নিশ্চিতভাবে জানিত যে, যে কেহ উহা ক্রয় করে পরকালে তাহার কোন অংশ নাই। উহা কত নিকৃষ্ট, যাহার বিনিময়ে তাহারা স্বীয় আত্মাকে বিক্রয় করিয়াছে, যদি তাহারা জানিত!	

	وَلَوْ أَنَّهُمْ اٰمَنُوْا وَاتَّقَوْا لَمَثُوْبَةٌ مِّنْ عِنْدِ اللّٰهِ خَيْرٌ ؕ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	ওয়া লাও আন্নাহুম আ-মানূ ওয়াত্তাক ়াও লামাছূ ়বাতুম মিন ‘ইংদিল্লা-হি খাইরুল্ (ط) লাও কা-নূ ইয়া‘লামূন।	
তরজমা	যদি তাহারা ঈমান আনয়ন করিত ও মুত্তাকী হইত, তবে নিশ্চিতভাবে তাহাদের প্রতিফল আল্লাহ্‌র নিকট অধিক কল্যাণকর হইত, যদি তাহারা জানিত!	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقُوْلُوْا رَاعِنَا وَقُوْلُوا انْظُرْنَا وَاسْمَعُوْا ؕ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	ইয়া ˜ আইয়ুহাল্লায ়ীনা আ-মানূ লা-তাক ়ূলূ রা-‘ইনা- ওয়া ক ়ূলুংজু ়রনা- ওয়াছমা‘ঊ (ط) ওয়া লিলকা-ফিরীনা ‘আয ়া-বুন আলীম।	
তরজমা	হে মু’মিনগণ! ‘রাইনা’ বলিও না, বরং ‘উনজুরনা’ বলিও এবং শুনিয়া রাখ, কাফিরদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	مَا يَوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَلَا الْمُشْرِكِيْنَ اَنْ يُّنَزَّلَ عَلَيْكُمْ مِّنْ خَيْرٍ مِّنْ رَّبِّكُمْ ؕ وَاللّٰهُ يَخْتَصُّ بِرَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	মা-ইয়াওয়াদ্দুল্লায ়ীনা কাফারূ মিন আহ্‌লিল কিতা-বি ওয়ালাল মুশরিকীনা আইঁ ইউনাঝঝালা ‘আলাইকুম্ মিন খাইরিম্ মির্ রাব্বিকুম (ط) ওয়াল্লা-হু ইয়াখতাস্‌সু বিরাহ্ ়মাতিহী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু য ়ুল ফাদ ়লিল ‘আজ ়ীম।	
তরজমা	কিতাবীদের মধ্যে যাহারা কুফরী করিয়াছে তাহারা এবং মুশরিকরা ইহা চাহে না যে, তোমাদের প্রতিপালকের নিকট হইতে তোমাদের প্রতি কোন কল্যাণ অবতীর্ণ হউক। অথচ আল্লাহ্ যাহাকে ইচ্ছা নিজ রহমতের জন্য বিশেষরূপে মনোনীত করেন এবং আল্লাহ্ মহা অনুগ্রহশীল।	
	مَا نَنْسَخْ مِنْ اٰيَةٍ اَوْ نُنْسِهَا نَاْتِ بِخَيْرٍ مِّنْهَآ اَوْ مِثْلِهَا ؕ اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	মা-নাংছাখ মিন আ-য়াতিন আও নুংছিহা- না’তি বিখাইরিম মিন্‌হা˜ আও মিছ ়লিহা- (ط) আলাম তা‘লাম আন্নাল্লা-হা ‘আলা-কুল্লি শাইয়িং ক ়াদীর।	
তরজমা	আমি কোন আয়াত রহিত করিলে কিংবা বিস্মৃত হইতে দিলে তাহা হইতে উত্তম কিংবা তাহার সমতুল্য কোন আয়াত আনয়ন করি। তুমি কি জান না যে, আল্লাহ্ই সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿١٠٧﴾	107

প্রতিবর্ণায়ন	আলাম তা'লাম আন্নাল্লা-হা লাহূ মুলকুছ্ছামা-ওয়া-তি ওয়াল আর্‌দি' (ط) ওয়ামা-লাকুম্ মিং দূনিল্লা-হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা-নাসীর।	
তরজমা	তুমি কি জান না, আকাশমণ্ডলী ও পৃথিবীর সার্বভৌমত্ব একমাত্র আল্লাহ্‌রই? এবং আল্লাহ্ ছাড়া তোমাদের কোন অভিভাবকও নাই, সাহায্যকারীও নাই।	
	اَمْ تُرِيْدُوْنَ اَنْ تَسْـَٔلُوْا رَسُوْلَكُمْ كَمَا سُىِٕلَ مُوْسٰى مِنْ قَبْلُ ؕ وَمَنْ يَّتَبَدَّلِ الْكُفْرَ بِالْاِيْمَانِ فَقَدْ ضَلَّ سَوَآءَ السَّبِيْلِ ۝١٠٨	108
প্রতিবর্ণায়ন	আম তুরীদূনা আং তাছআলূ রাছূলাকুম কামা-ছুইলা মূছা-মিং ক'াবলু (ط) ওয়া মাইঁ ইয়াতাবাদ্দালিল্ কুফরা বিলঈমা-নি ফাক'াদ্দ'াল্লা ছাওয়া~আছছাবীল।	
তরজমা	তোমরা কি তোমাদের রাসূলকে সেইরূপ প্রশ্ন করিতে চাও, যেইরূপ পূর্বে মূসাকে প্রশ্ন করা হইয়াছিল ? এবং যে কেহ ঈমানের পরিবর্তে কুফরী গ্রহণ করে, নিশ্চিতভাবে সে সরল পথ হারায়।	
	وَدَّ كَثِيْرٌ مِّنْ اَهْلِ الْكِتٰبِ لَوْ يَرُدُّوْنَكُمْ مِّنْۢ بَعْدِ اِيْمَانِكُمْ كُفَّارًا ۖۚ حَسَدًا مِّنْ عِنْدِ اَنْفُسِهِمْ مِّنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْحَقُّ ۚ فَاعْفُوْا وَاصْفَحُوْا حَتّٰى يَاْتِىَ اللّٰهُ بِاَمْرِهٖ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ۝١٠٩	109
প্রতিবর্ণায়ন	ওয়াদ্দা কাছ'ীরুম্ মিন আহলিল কিতা-বি লাও ইয়ারুদ্দূনাকুম মিম্ বা'দি ঈমা-নিকুম কুফ্ফা-রান (ج) হ'াছাদাম্ মিন 'ইংদি আংফুছিহিম মিম্ বা'দি মা-তাবাইইয়ানা লাহুমুল হ'াক্কু' (ج) ফা'ফূ ওয়াসফাহূ' হ'াত্তা- ইয়া'তিয়াল্লা-হু বিআম্‌রিহী (ط) ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়িং ক'াদীর।	
তরজমা	তাহাদের নিকট সত্য প্রকাশিত হওয়ার পরও, কিতাবীদের মধ্যে অনেকেই তোমাদের ঈমান আনিবার পর ঈর্ষামূলক মনোভাববশত আবার তোমাদেরকে কাফিররূপে ফিরিয়া পাওয়ার আকাঙ্ক্ষা করে। অতএব তোমরা ক্ষমা কর ও উপেক্ষা কর, যতক্ষণ না আল্লাহ্ কোন নির্দেশ দেন, নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ؕ وَمَا تُقَدِّمُوْا لِاَنْفُسِكُمْ مِّنْ خَيْرٍ تَجِدُوْهُ عِنْدَ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ۝١١٠	110
প্রতিবর্ণায়ন	ওয়া আক'ীমুসসালা-তা ওয়া আ-তুঝঝাকা-তা (ط) ওয়ামা- তুক'াদ্দিমূ লিআংফুছিকুম মিন খাইরিং তাজিদূহু 'ইংদাল্লা-হি (ط) ইন্নাল্লা-হা বিমা-তা'মালূনা বাসীর।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	তোমরা সালাত কায়েম কর ও যাকাত দাও। তোমরা উত্তম কাজের যাহা কিছু নিজেদের জন্য পূর্বে প্রেরণ করিবে আল্লাহ্‌র নিকট তাহা পাইবে। তোমরা যাহা কর আল্লাহ্‌ তাহার দ্রষ্টা।	
	وَقَالُوْا لَنْ يَّدْخُلَ الْجَنَّةَ اِلَّا مَنْ كَانَ هُوْدًا اَوْ نَصٰرٰى ؕ تِلْكَ اَمَانِيُّهُمْ ؕ قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿۱۱۱﴾	**111**
প্রতিবর্ণায়ন	ওয়া কা-লূ লাইঁ ইয়াদখুলাল জান্নাতা ইল্লা-মাং কা-না হূদান আও নাসা-রা- (ط) তিলকা আমা-নিইয়ুহুম (ط) কূল হা-তূ বুরহা-নাকুম ইং কুংতুম সা-দিকীন।	
তরজমা	এবং তাহারা বলে, 'ইয়াহূদী বা খ্রিস্টান ছাড়া অন্য কেহ কখনই জান্নাতে প্রবেশ করিবে না।' ইহা তাহাদের মিথ্যা আশা। বল, 'যদি তোমরা সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।'	
	بَلٰى ۚ مَنْ اَسْلَمَ وَجْهَهٗ لِلّٰهِ وَهُوَ مُحْسِنٌ فَلَهٗۤ اَجْرُهٗ عِنْدَ رَبِّهٖ ۪ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿۱۱۲﴾	**112**
প্রতিবর্ণায়ন	বালা- (ق) মান আছলামা ওয়াজহাহূ লিল্লা-হি ওয়া হুওয়া মুহছিনুং ফালাহূ আজরুহূ 'ইংদা রাব্বিহী (ص) ওয়ালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্‌ঝানূন।	
তরজমা	হ্যাঁ, যে কেহ আল্লাহ্‌র নিকট সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করে এবং সৎকর্মপরায়ণ হয় তাহার ফল তাহার প্রতিপালকের নিকট রহিয়াছে এবং তাহাদের কোন ভয় নাই ও তাহারা দুঃখিত হইবে না।	
	وَقَالَتِ الْيَهُوْدُ لَيْسَتِ النَّصٰرٰى عَلٰى شَيْءٍ ۪ وَّقَالَتِ النَّصٰرٰى لَيْسَتِ الْيَهُوْدُ عَلٰى شَيْءٍ ۙ وَّهُمْ يَتْلُوْنَ الْكِتٰبَ ؕ كَذٰلِكَ قَالَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ مِثْلَ قَوْلِهِمْ ۚ فَاللّٰهُ يَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿۱۱۳﴾	**113**
প্রতিবর্ণায়ন	ওয়াকা-লাতিল ইয়াহূদূ লাইছাতিন্‌ নাসা-রা- 'আলা- শাইয়িওঁ (ص) ওয়াকা-লাতিন্‌ নাসা-রা- লাইছাতিল ইয়াহূদূ 'আলা শাইয়িওঁ (لا) ওয়া হুম ইয়াতলূনাল কিতা-বা (ص) কাযা-লিকা কা-লাল্লাযীনা লা-ইয়া'লামূনা মিছলা কা-ওলিহিম (ج) ফাল্লা-হু ইয়াহ্‌কুমু বাইনাহুম ইয়াওমাল কিয়া-মাতি ফীমা-কানূ ফীহি ইয়াখ্‌তালিফূন।	
তরজমা	ইয়াহূদীরা বলে, 'খ্রিস্টানদের কোন ভিত্তি নাই' এবং খ্রিস্টানরা বলে, 'ইয়াহূদীদের কোন ভিত্তি নাই'; অথচ তাহারা কিতাব পাঠ করে। এইভাবে যাহারা কিছুই জানে না তাহারাও অনুরূপ কথা বলে। সুতরাং যে বিষয়ে তাহারা মতভেদ করিত কিয়ামতের দিন আল্লাহ্‌ উহার মীমাংসা করিবেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَنْ أَظْلَمُ مِمَّنْ مَّنَعَ مَسٰجِدَ اللّٰهِ أَنْ يُّذْكَرَ فِيْهَا اسْمُهٗ وَسَعٰى فِيْ خَرَابِهَا ۗ أُولٰٓئِكَ مَا كَانَ لَهُمْ أَنْ يَّدْخُلُوْهَآ إِلَّا خَآئِفِيْنَ ۗ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيٌ وَّلَهُمْ فِي الْاٰخِرَةِ عَذَابٌ عَظِيْمٌ ﴿١١٤﴾	114
প্রতিবর্ণায়ন	ওয়ামান আজ˙লামু মিম্মাম্ মানা‘আ মাছা-জিদাল্লা-হি আইঁ ইউয˙কারা ফীহাছ্মুহূ ওয়া ছা‘আ-ফী খারা-বিহা- (ط) উলা~ইকা মা-কা-না লাহুম আইঁ উয়াদখুলূহা˜ইল্লা-খা~ইফীন (ط) লাহুম ফিদ্দুনইয়া-খিঝয়ুউঁ ওয়া লাহুম ফিল আ-খিরাতি ‘আয˙া-বুন ‘আজ˙ীম।	
তরজমা	যে কেহ আল্লাহ্‌র মসজিদসমূহে তাঁহার নাম স্মরণ করিতে বাধা প্রদান করে এবং উহাদের বিনাশ সাধনে প্রয়াসী হয় তাহার অপেক্ষা বড় জালিম কে হইতে পারে ? অথচ ভয়-বিহ্বল না হইয়া তাহাদের জন্য মসজিদে প্রবেশ করা সংগত ছিল না। পৃথিবীতে তাহাদের জন্য লাঞ্ছনা ভোগ ও পরকালে তাহাদের জন্য মহাশাস্তি রহিয়াছে।	
	وَلِلّٰهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ۚ فَأَيْنَمَا تُوَلُّوْا فَثَمَّ وَجْهُ اللّٰهِ ۗ إِنَّ اللّٰهَ وَاسِعٌ عَلِيْمٌ ﴿١١٥﴾	115
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হিল মাশ্‌রিকু˙ ওয়াল মাগরিবু (ق) ফাআইনামা-তুওয়াল্লূ ফাছ˙াম্মা ওয়াজহুল্লা-হি (ط) ইন্নাল্লা-হা ওয়া-ছি‘উন্ ‘আলীম।	
তরজমা	পূর্ব ও পশ্চিম আল্লাহ্‌রই; এবং যেদিকেই তোমরা মুখ ফিরাও না কেন, সেদিকই আল্লাহ্‌র দিক। নিশ্চয়ই আল্লাহ্ সর্বব্যাপী, সর্বজ্ঞ।	
	وَقَالُوا اتَّخَذَ اللّٰهُ وَلَدًا ۙ سُبْحٰنَهٗ ۗ بَلْ لَّهٗ مَا فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۗ كُلٌّ لَّهٗ قٰنِتُوْنَ ﴿١١٦﴾	116
প্রতিবর্ণায়ন	ওয়াক˙া-লুত্তাখায˙াল্লা-হু ওয়ালাদাং (ﻻ) ছুবহ˙া-নাহূ (ج) বাল্ লাহূ মা-ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল আর্‌দি˙ (ط) কুল্লুল্ লাহূ ক˙া-নিতূন।	
তরজমা	এবং তাহারা বলে, ‘আল্লাহ্ সন্তান গ্রহণ করিয়াছেন।’ তিনি অতি পবিত্র। বরং আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সব আল্লাহ্‌রই। সব কিছু তাঁহারই একান্ত অনুগত।	
	بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۗ وَإِذَا قَضٰٓى أَمْرًا فَإِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿١١٧﴾	117
প্রতিবর্ণায়ন	বাদী‘উছ্ছামা-ওয়া-তি ওয়াল আর্‌দি˙ (ط) ওয়া ইয˙া-ক˙াদ˙া˜আম্‌রাং ফাইন্নামা-ইয়াকূ˙লু লাহূ কুং ফাইয়াকূন।	
তরজমা	আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীর স্রষ্টা এবং যখন তিনি কোন কিছু করিতে সিদ্ধান্ত করেন তখন উহার জন্য শুধু বলেন, ‘হও’, আর উহা হইয়া যায়।	
	وَقَالَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ لَوْلَا يُكَلِّمُنَا اللّٰهُ أَوْ تَأْتِيْنَآ اٰيَةٌ ۗ كَذٰلِكَ قَالَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ مِّثْلَ قَوْلِهِمْ ۗ تَشَابَهَتْ قُلُوْبُهُمْ ۗ قَدْ بَيَّنَّا الْاٰيٰتِ لِقَوْمٍ يُّوْقِنُوْنَ ﴿١١٨﴾	118

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ক া-লাল্লায ীনা লা-ইয়া'লামূনা লাওলা-ইউকাল্লিমুনাল্লা-হু আও তা'তীনা˜ আ-য়াতুং (ط) কায া-লিকা ক ালাল্লায ীনা মিং ক াবলিহিম মিছ লা ক াওলিহিম (ط) তাশা-বাহাত কূ লূবুহুম (ط) ক াদ বাইইয়ান্নাল আ-য়া-তি লিক াওমিইঁ ইউকি নূন।	
তরজমা	এবং যাহারা কিছু জানে না তাহারা বলে, 'আল্লাহ্ আমাদের সঙ্গে কথা বলেন না কেন ? কিংবা কোন নিদর্শন আমাদের নিকট আসে না কেন ?' এইভাবে তাহাদের পূর্ববর্তীরাও তাহাদের অনুরূপ কথা বলিত। তাহাদের অন্তর একই রকম। আমি দৃঢ় প্রত্যয়শীলদের জন্য নিদর্শনাবলী স্পষ্টভাবে বিবৃত করিয়াছি।	
	اِنَّآ اَرۡسَلۡنٰكَ بِالۡحَقِّ بَشِيۡرًا وَّنَذِيۡرًا ۙ وَّلَا تُسۡـَٔلُ عَنۡ اَصۡحٰبِ الۡجَحِيۡمِ ﴿۱۱۹﴾	**119**
প্রতিবর্ণায়ন	ইন্না˜আর্ছাল্না–কা বিল্হ াক্কি বাশীরাওঁ ওয়ানায ীরাওঁ (ۙ) ওয়ালা–তুছআলু 'আন আসহ া–বিল জাহ ীম।	
তরজমা	আমি তোমাকে সত্যসহ শুভ সংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করিয়াছি। জাহান্নামীদের সম্বন্ধে তোমাকে কোন প্রশ্ন করা হইবে না।	
	وَلَنۡ تَرۡضٰى عَنۡكَ الۡيَهُوۡدُ وَلَا النَّصٰرٰى حَتّٰى تَتَّبِعَ مِلَّتَهُمۡ ؕ قُلۡ اِنَّ هُدَى اللّٰهِ هُوَ الۡهُدٰى ؕ وَلَٮِٕنِ اتَّبَعۡتَ اَهۡوَآءَهُمۡ بَعۡدَ الَّذِىۡ جَآءَكَ مِنَ الۡعِلۡمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنۡ وَّلِىٍّ وَّلَا نَصِيۡرٍ ﴿۱۲۰﴾	**120**
প্রতিবর্ণায়ন	ওয়ালাং তারদ া–'আংকাল ইয়াহূদু ওয়ালান্ নাসা–রা– হ াত্তা–তাত্তাবি'আ মিল্লাতাহুম (ط) কূ ল ইন্না হুদাল্লা–হি হুওয়াল হুদা– (ط) ওয়ালাইনিত্তাবা'তা আহওয়া~আহুম বা'দাল্লায ী জা~আকা মিনাল 'ইলমি (ۙ) মা–লাকা মিনাল্লা–হি মিওঁ ওয়ালিইয়ূওঁ ওয়ালা–নাসীর।	
তরজমা	ইয়াহূদী ও খ্রিস্টানরা তোমার প্রতি কখনও সন্তুষ্ট হইবে না, যতক্ষণ না তুমি তাহাদের ধর্মাদর্শ অনুসরণ কর। বল, 'আল্লাহ্র পথনির্দেশই প্রকৃত পথনির্দেশ।' জ্ঞান প্রাপ্তির পর তুমি যদি তাহাদের খেয়াল-খুশির অনুসরণ কর তবে আল্লাহ্র বিপক্ষে তোমার কোন অভিভাবক থাকিবে না এবং কোন সাহায্যকারীও থাকিবে না।	
	اَلَّذِيۡنَ اٰتَيۡنٰهُمُ الۡكِتٰبَ يَتۡلُوۡنَهٗ حَقَّ تِلَاوَتِهٖ ؕ اُولٰٓٮِٕكَ يُؤۡمِنُوۡنَ بِهٖ ؕ وَمَنۡ يَّكۡفُرۡ بِهٖ فَاُولٰٓٮِٕكَ هُمُ الۡخٰسِرُوۡنَ ﴿۱۲۱﴾ ع	**121**
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা আ–তাইনা–হুমুল কিতা–বা ইয়াতলূনাহূ হ াক্ক া তিলা–ওয়াতিহী (ط) উলা~ইকা ইউ'মিনূনা বিহী (ط) ওয়া মাইঁ ইয়াকফুর বিহী ফাউলা~ইকা হুমুল্ খা–ছিরূন।	
তরজমা	যাহাদেরকে আমি কিতাব দিয়াছি তাহারা যথাযথভাবে ইহা তিলাওয়াত করে তাহারাই ইহাতে বিশ্বাস করে; আর যাহারা ইহা প্রত্যাখ্যান করে তাহারা ক্ষতিগ্রস্ত।	

	يَٰبَنِىٓ إِسْرَٰٓءِيلَ ٱذْكُرُوا۟ نِعْمَتِىَ ٱلَّتِىٓ أَنْعَمْتُ عَلَيْكُمْ وَأَنِّى فَضَّلْتُكُمْ عَلَى ٱلْعَٰلَمِينَ ١٢٢	122
প্রতিবর্ণায়ন	ইয়া-বানী˜ ইছরা~ঈলায ̇কুরূ নি‘মাতিইয়াল্লাতী˜ আন‘আমতু ‘আলাইকুম ওয়া আন্নী ফাদ্দ ̇লতুকুম ‘আলাল ‘আ-লামীন।	
তরজমা	হে ইসরাঈল-সন্তানগণ! আমার সেই অনুগ্রহকে স্মরণ কর যদ্দ্বারা আমি তোমাদেরকে অনুগৃহীত করিয়াছি এবং তোমাদেরকে বিশ্বে সকলের উপরে শ্রেষ্ঠত্ব দিয়াছি।	
	وَٱتَّقُوا۟ يَوْمًا لَّا تَجْزِى نَفْسٌ عَن نَّفْسٍ شَيْـًٔا وَلَا يُقْبَلُ مِنْهَا عَدْلٌ وَلَا تَنفَعُهَا شَفَٰعَةٌ وَلَا هُمْ يُنصَرُونَ ١٢٣	123
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকূ ̇ ইয়াওমাল্লা-তাজঝী নাফছুন ‘আন্ নাফছিং শাইআওঁ ওয়ালা-ইউক ̇বালু মিনহা-‘আদলুওঁ ওয়ালা-তাংফা‘উহা-শাফা-‘আতুওঁ ওয়ালা-হুম ইউংসারূন।	
তরজমা	এবং তোমরা সেই দিনকে ভয় কর যেদিন কেহ কাহারও কোন উপকারে আসিবে না, কাহারও নিকট হইতে কোন বিনিময় গৃহীত হইবে না এবং কোন সুপারিশ কাহারও পক্ষে লাভজনক হইবে না এবং তাহারা সাহায্য প্রাপ্তও হইবে না।	
	وَإِذِ ٱبْتَلَىٰٓ إِبْرَٰهِۦمَ رَبُّهُۥ بِكَلِمَٰتٍ فَأَتَمَّهُنَّ ۖ قَالَ إِنِّى جَاعِلُكَ لِلنَّاسِ إِمَامًا ۖ قَالَ وَمِن ذُرِّيَّتِى ۖ قَالَ لَا يَنَالُ عَهْدِى ٱلظَّٰلِمِينَ ١٢٤	124
প্রতিবর্ণায়ন	ওয়াইযি ̇বতালা˜ ইবরা-হীমা রাব্বুহূ বিকালিমা-তিং ফাআতাম্মাহুন্না (ط) ক ̇া-লা ইন্নী জা-‘ইলুকা লিন্না-ছি ইমা-মাং (ط) ক ̇া-লা ওয়া মিং যু ̇ররিইইয়াতী (ط) ক ̇া-লা লা-ইয়ানা-লু ‘আহ্দিজ্জ ̇া-লিমীন।	
তরজমা	এবং স্মরণ কর, যখন ইব্রাহীমকে তাহার প্রতিপালক কয়েকটি কথা দ্বারা পরীক্ষা করিয়াছিলেন এবং সেইগুলি সে পূর্ণ করিয়াছিল, আল্লাহ্ বলিলেন, ‘আমি তোমাকে মানব জাতির নেতা করিতেছি।’ সে বলিল, ‘আমার বংশধরগণের মধ্য হইতেও ?’ আল্লাহ্ বলিলেন, ‘আমার প্রতিশ্রুতি জালিমদের প্রতি প্রযোজ্য নহে।’	
	وَإِذْ جَعَلْنَا ٱلْبَيْتَ مَثَابَةً لِّلنَّاسِ وَأَمْنًا وَٱتَّخِذُوا۟ مِن مَّقَامِ إِبْرَٰهِۦمَ مُصَلًّى ۖ وَعَهِدْنَآ إِلَىٰٓ إِبْرَٰهِۦمَ وَإِسْمَٰعِيلَ أَن طَهِّرَا بَيْتِىَ لِلطَّآئِفِينَ وَٱلْعَٰكِفِينَ وَٱلرُّكَّعِ ٱلسُّجُودِ ١٢٥	125
প্রতিবর্ণায়ন	ওয়াইয ̇ জা‘আলনাল্ বাইতা মাছ ̇া-বাতাল্ লিন্না-ছি ওয়াআম্নাওঁ (ط) ওয়াত্তাখিযূ ̇ মিম্মাক ̇া-মি ইবরা-হীমা মুসাল্লাওঁ (ط) ওয়া‘আহিদনা˜ ইলা˜ ইবরা-হীমা ওয়াইছমা-‘ঈলা আং ত ̇াহ্হিরা বাইতিয়া লিত্ত ̇া~ইফীনা ওয়াল্ ‘আ-কিফীনা ওয়ার্রুক্কা‘ইছ্ছুজূদ।	

তরজমা	এবং সেই সময়কে স্মরণ কর, যখন আমি কা'বাগৃহকে মানব জাতির মিলনকেন্দ্র ও নিরাপত্তাস্থল করিয়াছিলাম এবং বলিয়াছিলাম, 'তোমরা মাকামে ইব্‌রাহীমকে সালাতের স্থানরূপে গ্রহণ কর।' এবং ইব্‌রাহীম ও ইস্‌মাঈলকে তাওয়াফকারী, ই'তিকাফকারী, রুকূ' ও সিজ্‌দাকারীদের জন্য আমার গৃহকে পবিত্র রাখিতে আদেশ দিয়াছিলাম।	
	وَاِذْ قَالَ اِبْرٰهٖمُ رَبِّ اجْعَلْ هٰذَا بَلَدًا اٰمِنًا وَّارْزُقْ اَهْلَهٗ مِنَ الثَّمَرٰتِ مَنْ اٰمَنَ مِنْهُمْ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ قَالَ وَمَنْ كَفَرَ فَاُمَتِّعُهٗ قَلِيْلًا ثُمَّ اَضْطَرُّهٗۤ اِلٰى عَذَابِ النَّارِ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿۱۲۶﴾	126
প্রতিবর্ণায়ন	ওয়াইয্‌ কা-লা ইবরা-হীমু রাব্বিজ'আল হা-যা- বালাদান আ-মিনাওঁ ওয়ারঝুক্‌ আহলাহূ মিনাছ্‌ ছামারা-তি মান আ-মানা মিন্‌হুম বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি (ط) কা-লা ওয়ামাং কাফারা ফাইমাত্তি'উহূ কালীলাং ছুম্মা আদ্‌তাররুহূ ইলা- 'আযা-বিন্না-রি (ط) ওয়াবি'ছাল মাসীর।	
তরজমা	স্মরণ কর, যখন ইব্‌রাহীম বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক! ইহাকে নিরাপদ শহর করিও, আর ইহার অধিবাসীদের মধ্যে যাহারা আল্লাহ্ ও আখিরাতে ঈমান আনে তাহাদেরকে ফলমূল হইতে জীবিকা প্রদান করিও।' তিনি বলিলেন, 'যে কেহ কুফরী করিবে তাহাকেও কিছু কালের জন্য জীবন উপভোগ করিতে দিব, অতঃপর তাহাকে জাহান্নামের শাস্তি ভোগ করিতে বাধ্য করিব এবং কত নিকৃষ্ট তাহাদের প্রত্যাবর্তনস্থল!'	
	وَاِذْ يَرْفَعُ اِبْرٰهٖمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَاِسْمٰعِيْلُ ؕ رَبَّنَا تَقَبَّلْ مِنَّا ؕ اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۱۲۷﴾	127
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্‌ ইয়ারফা'উ ইবরা-হীমুল কাওয়া'ইদা মিনাল বাইতি ওয়াইছমা-'ঈলু (ط) রাব্বানা-তাকাব্বাল মিন্না- (ط) ইন্নাকা আংতাছ্ ছামী'উল 'আলীম।	
তরজমা	স্মরণ কর, যখন ইব্‌রাহীম ও ইসমাঈল কা'বাগৃহের প্রাচীর তুলিতেছিল তখন তাহারা বলিয়াছিল, 'হে আমাদের প্রতিপালক! আমাদের এই কাজ গ্রহণ কর, নিশ্চয় তুমি সর্বশ্রোতা, সর্বজ্ঞাতা।'	
	رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَاۤ اُمَّةً مُّسْلِمَةً لَّكَ ۪ وَاَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ عَلَيْنَا ۚ اِنَّكَ اَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿۱۲۸﴾	128
প্রতিবর্ণায়ন	রাব্বানা-ওয়াজা'আল্‌না- মুছলিমাইনি লাকা ওয়ামিং যুররিইইয়াতিনা- উম্মাতাম্ মুছলিমাতাল্লাকা (ص) ওয়া আরিনা-মানা-ছিকানা-ওয়াতুব 'আলাইনা- (ج) ইন্নাকা আংতাত্তাওওয়া-বুর রাহীম।	

তরজমা	'হে আমাদের প্রতিপালক! আমাদের উভয়কে তোমার একান্ত অনুগত কর এবং আমাদের বংশধর হইতে তোমার এক অনুগত উম্মত করিও। আমাদেরকে 'ইবাদতের নিয়ম-পদ্ধতি দেখাইয়া দাও এবং আমাদের প্রতি ক্ষমাশীল হও। তুমি অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।	
	رَبَّنَا وَابْعَثْ فِيهِمْ رَسُولًا مِّنْهُمْ يَتْلُوا عَلَيْهِمْ اٰيٰتِكَ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُزَكِّيْهِمْ ۗ اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١٢٩﴾	129
প্রতিবর্ণায়ন	রাব্বানা ওয়াব'আছ্ ফীহিম রাছূলাম্ মিনহুম ইয়াতলূ 'আলাইহিম আ–য়া–তিকা ওয়া ইউ'আল্লিমুহুমুল্ কিতা–বা ওয়াল হি ক্মাতা ওয়াইউঝাক্কীহিম (ط) ইন্নাকা আংতাল 'আঝীঝুল হা কীম।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক! তাহাদের মধ্য হইতে তাহাদের নিকট একজন রাসূল প্রেরণ করিও- যে তোমার আয়াতসমূহ তাহাদের নিকট তিলাওয়াত করিবে; তাহাদেরকে কিতাব ও হিক্মত শিক্ষা দিবে এবং তাহাদেরকে পবিত্র করিবে। তুমি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।'	
	وَمَنْ يَّرْغَبُ عَنْ مِّلَّةِ اِبْرٰهٖمَ اِلَّا مَنْ سَفِهَ نَفْسَهٗ ؕ وَلَقَدِ اصْطَفَيْنٰهُ فِى الدُّنْيَا ۚ وَاِنَّهٗ فِى الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿١٣٠﴾	130
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইয়ারগাবু 'আম্ মিল্লাতি ইবরা-হীমা ইল্লা–মাং ছাফিহা নাফ্ছাহূ (ط) ওয়ালাকাদিস্তাফাইনা–হু ফিদ্দুনইয়া– (ج) ওয়া ইন্নাহূ ফিল আ–খিরাতি লামিনাস্সা–লিহীন।	
তরজমা	যে নিজেকে নির্বোধ করিয়াছে সে ব্যতীত ইব্রাহীমের ধর্মাদর্শ হইতে আর কে বিমুখ হইবে। পৃথিবীতে তাহাকে আমি মনোনীত করিয়াছি; আর আখিরাতেও সে অবশ্যই সৎকর্মপরায়ণগণের অন্যতম।	
	اِذْ قَالَ لَهٗ رَبُّهٗۤ اَسْلِمْ ۙ قَالَ اَسْلَمْتُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٣١﴾	131
প্রতিবর্ণায়ন	ইয কা-লা লাহূ রাব্বুহূ আছলিম (ۙ) কা-লা আছলামতু লিল্লাহি রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	তাহার প্রতিপালক যখন তাহাকে বলিয়াছিলেন, 'আত্মসমর্পণ কর', সে বলিয়াছিল, 'জগতসমূহের প্রতিপালকের নিকট আত্মসমর্পণ করিলাম।'	
	وَوَصّٰى بِهَاۤ اِبْرٰهٖمُ بَنِيْهِ وَيَعْقُوْبُ ؕ يٰبَنِىَّ اِنَّ اللّٰهَ اصْطَفٰى لَكُمُ الدِّيْنَ فَلَا تَمُوْتُنَّ اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٣٢﴾ ؕ	132

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াস্‌সা-বিহা~ ইবরা-হীমু বানীহি ওয়াইয়া'কূ ্বু (ط) ইয়া-বানিইইয়া ইন্নাল্লা-হাস্‌ত ্াফা-লাকুমুদ্দীনা ফালা-তামূতুন্না ইল্লা- ওয়া আংতুম মুছলিমূন।	
তরজমা	এবং ইব্‌রাহীম ও ইয়া'কূব এই সম্বন্ধে তাহাদের পুত্রগণকে নির্দেশ দিয়া বলিয়াছিল, 'হে পুত্রগণ! আল্লাহ্‌ই তোমাদের জন্য এই দীনকে মনোনীত করিয়াছেন। সুতরাং আত্মসমর্পণকারী না হইয়া তোমরা কখনও মৃত্যুবরণ করিও না।	
	اَمْ كُنْتُمْ شُهَدَآءَ اِذْ حَضَرَ يَعْقُوْبَ الْمَوْتُ ۙ اِذْ قَالَ لِبَنِيْهِ مَا تَعْبُدُوْنَ مِنْۢ بَعْدِيْ ؕ قَالُوْا نَعْبُدُ اِلٰهَكَ وَاِلٰهَ اٰبَآئِكَ اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ اِلٰهًا وَّاحِدًا ۚۖ وَّنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿١٣٣﴾	133
প্রতিবর্ণায়ন	আম কুংতুম শুহাদা~আ ইয ্ হ ্াদ ্ারা ইয়া'কূ ্বাল মাওতু (ﻻ) ইয ্ ক ্া-লা লিবানীহি মা-তা'বুদূনা মিম্ বা'দী (ط) ক ্া-লূ না'বুদু ইলা-হাকা ওয়া ইলা-হা আ-বা~ইকা ইবরা-হীমা ওয়া ইছমা-'ঈলা ওয়াইছহ ্া-ক ্া ইলা-হাওঁ ওয়া-হি ্দাওঁ (ج) ওয়ানাহ ্নু লাহূ মুছলিমূন।	
তরজমা	ইয়া'কূবের নিকট যখন মৃত্যু আসিয়াছিল তোমরা কি তখন উপস্থিত ছিলে ? সে যখন পুত্রগণকে জিজ্ঞাসা করিয়াছিল, 'আমার পরে তোমরা কিসের 'ইবাদত করিবে ?' তাহারা তখন বলিয়াছিল, 'আমরা আপনার ইলাহ্‌-এর এবং আপনার পিতৃপুরুষ ইব্‌রাহীম, ইস্‌মাঈল ও ইসহাকের ইলাহ্‌-এরই 'ইবাদত করিব। তিনি একমাত্র ইলাহ্‌ এবং আমরা তাঁহার নিকট আত্মসমর্পণকারী।'	
	تِلْكَ اُمَّةٌ قَدْ خَلَتْ ۚ لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَّا كَسَبْتُمْ ۚ وَلَا تُسْــَٔلُوْنَ عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٣٤﴾	134
প্রতিবর্ণায়ন	তিল্‌কা উম্মাতুং ক ্াদ্ খালাত (ج) লাহা-মা-কাছাবাত ওয়া লাকুম্ মা-কাছাবতুম (ج) ওয়ালা-তুছ্‌আলূনা 'আম্মা-কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	সেই ছিল এক উম্মত, তাহা অতীত হইয়াছে। তাহারা যাহা অর্জন করিয়াছে তাহা তাহাদের। তোমরা যাহা অর্জন কর তাহা তোমাদের। তাহারা যাহা করিত সে সম্বন্ধে তোমাদের কোন প্রশ্ন করা হইবে না।	
	وَقَالُوْا كُوْنُوْا هُوْدًا اَوْ نَصٰرٰى تَهْتَدُوْا ؕ قُلْ بَلْ مِلَّةَ اِبْرٰهٖمَ حَنِيْفًا ؕ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٣٥﴾	135
প্রতিবর্ণায়ন	ওয়া ক ্া-লূ কূনূ হূদান আও নাসা-রা তাহ্‌তাদূ (ط) কূ ্ল বাল মিল্লাতা ইবরা-হীমা হ ্ানীফাওঁ (ط) ওয়ামা-কা-না মিনাল মুশ্‌রিকীন।	

তরজমা	তাহারা বলে, 'ইয়াহূদী বা খ্রিস্টান হও, ঠিক পথ পাইবে।' বল, 'বরং একনিষ্ঠ হইয়া আমরা ইব্রাহীমের ধর্মাদর্শ অনুসরণ করিব এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।'	
	قُوْلُوْٓا اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ اِلَيْنَا وَمَآ اُنْزِلَ اِلٰٓى اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَمَآ اُوْتِىَ مُوْسٰى وَعِيْسٰى وَمَآ اُوْتِىَ النَّبِيُّوْنَ مِنْ رَّبِّهِمْ ۚ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْهُمْ ۖ وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿١٣٦﴾	**136**
প্রতিবর্ণায়ন	কু ̇লূ ̃ আ–মান্না–বিল্লা–হি ওয়ামা ̃উংঝিলা ইলাইনা–ওয়ামা– উংঝিলা ইলা ̃ ইবরা–হীমা ওয়াইছ্মা–ঈলা ওয়াইছহ ̇া–ক ̇া ওয়াইয়া'কূ ̇বা ওয়াল আছবাতি ̇ ওয়ামা ̃ উতিইয়া মূছা– ওয়া'ঈছা– ওয়ামা ̃ উতিইয়ান্ নাবিইয়ূনা মির রাব্বিহিম (ج) লা–নুফার্‌রিকু ̇ বাইনা আহ ̇াদিম মিন্‌হুম (ز) ওয়ানাহ্ ̇নু লাহূ মুছলিমূন।	
তরজমা	তোমরা বল, 'আমরা আল্লাহ্‌তে ঈমান রাখি, এবং যাহা আমাদের প্রতি এবং ইব্রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়া'কূব ও তাহার বংশধরগণের প্রতি অবতীর্ণ হইয়াছে; এবং যাহা তাহাদের প্রতিপালকের নিকট হইতে মূসা, 'ঈসা ও অন্যান্য নবীকে দেওয়া হইয়াছে ; আমরা তাহাদের মধ্যে কোন পার্থক্য করি না এবং আমরা তাঁহারই নিকট আত্মসমর্পণকারী।'	
	فَاِنْ اٰمَنُوْا بِمِثْلِ مَآ اٰمَنْتُمْ بِهٖ فَقَدِ اهْتَدَوْا ۚ وَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا هُمْ فِىْ شِقَاقٍ ۚ فَسَيَكْفِيْكَهُمُ اللّٰهُ ۚ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿١٣٧﴾	**137**
প্রতিবর্ণায়ন	ফাইন আ–মানূ বিমিছ ̇লি মা ̃আ–মাংতুম বিহী ফাক ̇াদিহ তাদাও (ج) ওয়াইং তাওয়াল্লাও ফাইন্নামা–হুম ফী শিক ̇া–কি ̇ং (ج) ফাছাইয়াক্‌ফীকাহুমুল্লা–হু (ج) ওয়াহুয়াছ্‌ছামী'উল 'আলীম।	
তরজমা	তোমরা যাহাতে ঈমান আনয়ন করিয়াছ তাহারা যদি সেইরূপ ঈমান আনয়ন করে তবে নিশ্চয় তাহারা হিদায়াত পাইবে। আর যদি তাহারা মুখ ফিরাইয়া নেয়, তবে তাহারা নিশ্চয়ই বিরুদ্ধভাবাপন্ন এবং তাহাদের বিরুদ্ধে তোমার জন্য আল্লাহ্‌ই যথেষ্ট। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	صِبْغَةَ اللّٰهِ ۚ وَمَنْ اَحْسَنُ مِنَ اللّٰهِ صِبْغَةً ۖ وَّنَحْنُ لَهٗ عٰبِدُوْنَ ﴿١٣٨﴾	**138**
প্রতিবর্ণায়ন	সিবগাতাল্লা–হি (ج) ওয়ামান আহ ̇ছানু মিনাল্লা–হি সিবগাতাওঁ (ز) ওয়ানাহ ̇নু লাহূ 'আ–বিদূন।	
তরজমা	আমরা গ্রহণ করিলাম আল্লাহ্‌র রং, রঙে আল্লাহ্ অপেক্ষা কে অধিকতর সুন্দর ? এবং আমরা তাঁহারই 'ইবাদতকারী।	

	قُلْ أَتُحَاجُّونَنَا فِي اللَّهِ وَهُوَ رَبُّنَا وَرَبُّكُمْ ۚ وَلَنَا أَعْمَالُنَا وَلَكُمْ أَعْمَالُكُمْ ۚ وَنَحْنُ لَهُ مُخْلِصُونَ ﴿١٣٩﴾	**139**
প্রতিবর্ণায়ন	কু˙ল আতুহ˙া~জ্জূনানা- ফিল্লা-হি ওয়াহুওয়া রাব্বুনা-ওয়ারাব্বুকুম (ج) ওয়ালানা˜ আ‘মা-লূনা-ওয়ালাকুম আ‘মা-লুকুম (ج) ওয়ানাহ্˙নূ লাহূ মুখলিসূন।	
তরজমা	বল, ‘আল্লাহ্ সম্বন্ধে তোমরা কি আমাদের সঙ্গে বিতর্কে লিপ্ত হইতে চাও-যখন তিনি আমাদের প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক। আমাদের কর্ম আমাদের এবং তোমাদের কর্ম তোমাদের; এবং আমরা তাঁহার প্রতি একনিষ্ঠ।’	
	أَمْ تَقُولُونَ إِنَّ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ وَالْأَسْبَاطَ كَانُوا هُودًا أَوْ نَصَارَىٰ ۗ قُلْ أَأَنْتُمْ أَعْلَمُ أَمِ اللَّهُ ۗ وَمَنْ أَظْلَمُ مِمَّنْ كَتَمَ شَهَادَةً عِنْدَهُ مِنَ اللَّهِ ۗ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ ﴿١٤٠﴾	**140**
প্রতিবর্ণায়ন	আম তাকূ˙লূনা ইন্না ইবরা-হীমা ওয়াইছমা-‘ঈলা ওয়াইছহ˙া-ক˙া ওয়া ইয়া‘কূ˙বা ওয়াল আছবা-ত˙া কা-নূ হূদান আও নাসা-রা- (ط) কু˙ল আআংতুম ‘আলামু আমিল্লা-হু (ط) ওয়ামান আজ˙লামু মিম্মাং কাতামা শাহা-দাতান ‘ইংদাহূ মিনাল্লা-হি (ط) ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন ‘আম্মা-তা‘মালূন।	
তরজমা	তোমরা কি বল, ‘ইব্‌রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়া‘কূব ও তাহার বংশধরগণ অবশ্যই ইয়াহূদী কিংবা খ্রিস্টান ছিল ?’ বল, ‘তোমরা কি বেশি জান, না আল্লাহ্?’ আল্লাহ্‌র নিকট হইতে তাহার কাছে যে প্রমাণ আছে তাহা যে গোপন করে তাহার অপেক্ষা অধিকতর জালিম আর কে হইতে পারে ? তোমরা যাহা কর আল্লাহ্ সে সম্বন্ধে অনবহিত নহেন।	
	تِلْكَ أُمَّةٌ قَدْ خَلَتْ ۖ لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَا كَسَبْتُمْ ۖ وَلَا تُسْأَلُونَ عَمَّا كَانُوا يَعْمَلُونَ ﴿١٤١﴾	**141**
প্রতিবর্ণায়ন	তিলকা উম্মাতুং ক˙াদ খালাত (ج) লাহা-মা-কাছাবাত ওয়া লাকুম্ মা-কাছাব্‌তুম (ج) ওয়ালা-তুছআলূনা ‘আম্মা-কা-নূ ইয়া‘মালূন।	
তরজমা	সেই ছিল এক উম্মত, তাহা অতীত হইয়াছে। তাহারা যাহা অর্জন করিয়াছে তাহা তাহাদের। তোমরা যাহা অর্জন কর তাহা তোমাদের। তাহারা যাহা করিত সে সম্বন্ধে তোমাদের কোন প্রশ্ন করা হইবে না।	
	سَيَقُولُ السُّفَهَاءُ مِنَ النَّاسِ مَا وَلَّاهُمْ عَنْ قِبْلَتِهِمُ الَّتِي كَانُوا عَلَيْهَا ۚ قُلْ لِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ۚ يَهْدِي مَنْ يَشَاءُ إِلَىٰ صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿١٤٢﴾	**142**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ছাইয়াকূ ˙লুছ্ ছুফাহা~উ মিনান্না–ছি মা–ওয়াল্লা–হুম্ ‘আং কি˙বলাতিহিমুল্লাতী কা–নূ ‘আলাইহা– (ط) কু˙ল লিল্লা–হিল মাশ্‌রিকু˙ ওয়াল মাগ্‌রিবু (ط) ইয়াহদী মাইঁ ইয়াশা~উ ইলা–সিরা–তি˙ম্ মুছতাক˙ীম।	
তরজমা	নির্বোধ লোকেরা অচিরেই বলিবে যে, তাহারা এ যাবত যে কিবলা অনুসরণ করিয়া আসিতেছিল উহা হইতে কিসে তাহাদেরকে ফিরাইয়া দিল ? বল, ‘পূর্ব ও পশ্চিম আল্লাহ্‌রই। তিনি যাহাকে ইচ্ছা সরল পথে পরিচালিত করেন।’	
	وَكَذٰلِكَ جَعَلْنٰكُمْ اُمَّةً وَّسَطًا لِّتَكُوْنُوْا شُهَدَآءَ عَلَى النَّاسِ وَيَكُوْنَ الرَّسُوْلُ عَلَيْكُمْ شَهِيْدًا ؕ وَمَا جَعَلْنَا الْقِبْلَةَ الَّتِيْ كُنْتَ عَلَيْهَآ اِلَّا لِنَعْلَمَ مَنْ يَّتَّبِعُ الرَّسُوْلَ مِمَّنْ يَّنْقَلِبُ عَلٰى عَقِبَيْهِ ؕ وَاِنْ كَانَتْ لَكَبِيْرَةً اِلَّا عَلَى الَّذِيْنَ هَدَى اللّٰهُ ؕ وَمَا كَانَ اللّٰهُ لِيُضِيْعَ اِيْمَانَكُمْ ؕ اِنَّ اللّٰهَ بِالنَّاسِ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ﴿۱۴۳﴾	**143**
প্রতিবর্ণায়ন	ওয়া কায˙া–লিকা জা‘আল্‌না–কুম্ উম্মাতাওঁ ওয়াছাত˙াল্ লিতাকূনূ শুহাদা~আ ‘আলান্না–ছি ওয়া ইয়াকূনার্ রাছূলু ‘আলাইকুম শাহীদাওঁ (ط) ওয়ামা–জা‘আল্‌নাল্ কি˙বলাতাল্লাতী কুংতা ‘আলাইহা˜ ইল্লা–লিনা‘লামা মাইঁ ইয়াত্তাবি‘উর্‌রাছূলা মিম্মাইঁ ইয়াংক˙ালিবু ‘আলা–‘আকি˙বাইহি (ط) ওয়া ইং কা–নাত্ লাকাবীরাতান্ ইল্লা– ‘আলাল্লায˙ীনা হাদাল্লা–হু (ط) ওয়ামা–কা–নাল্লা–হু লিইউদ˙ী‘আ ঈমা–নাকুম্ (ط) ইন্নাল্লা–হা বিন্না–ছি লারাউফুর্‌রাহ˙ীম।	
তরজমা	এইভাবে আমি তোমাদেরকে এক মধ্যপন্থী জাতিরূপে প্রতিষ্ঠিত করিয়াছি, যাহাতে তোমরা মানব জাতির জন্য সাক্ষীস্বরূপ এবং রাসূল তোমাদের জন্য সাক্ষীস্বরূপ হইবে। তুমি এ যাবত যে কিবলা অনুসরণ করিতেছিলে উহাকে আমি এই উদ্দেশ্যে প্রতিষ্ঠিত করিয়াছিলাম যাহাতে জানিতে পারি কে রাসূলের অনুসরণ করে এবং কে ফিরিয়া যায়। আল্লাহ্ যাহাদের সৎপথে পরিচালিত করিয়াছেন তাহারা ব্যতীত অপরের নিকট ইহা নিশ্চয়ই কঠিন। আল্লাহ্ এইরূপ নহেন যে, তোমাদের ঈমানকে ব্যর্থ করেন। নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি দয়ার্দ্র, পরম দয়ালু।	
	قَدْ نَرٰى تَقَلُّبَ وَجْهِكَ فِى السَّمَآءِ ۚ فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضٰىهَا ۪ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَحَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ؕ وَاِنَّ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ لَيَعْلَمُوْنَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُوْنَ ﴿۱۴۴﴾	**144**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক্বাদ নারা–তাক্বাল্লুবা ওয়াজহিকা ফিছ্ছামা~ই (ج) ফালানুওয়াল্লিয়ান্নাকা কিব্লাতাং তার্দ্বা–হা– (صل) ফাওয়াল্লি ওয়াজহাকা শাত্বরাল মাছজিদিল্ হ্বারা–মি (ط) ওয়া হ্বাইছু মা–কুংতুম্ ফাওয়াল্লু উজূহাকুম শাত্বরাহূ (ط) ওয়া ইন্নাল্লাযীনা ঊতুল্ কিতা–বা লাইয়া‘লামূনা আন্নাহুল্ হ্বাক্কু মির্ রাব্বিহিম (ط) ওয়ামাল্লা–হু বিগা–ফিলিন ‘আম্মা– ইয়া‘মালূন।	
তরজমা	আকাশের দিকে তোমার বারবার তাকানোকে আমি অবশ্যই লক্ষ্য করি। সুতরাং তোমাকে অবশ্যই এমন কিব্লার দিকে ফিরাইয়া দিতেছি যাহা তুমি পসন্দ কর। অতএব তুমি মসজিদুল হারামের দিকে মুখ ফিরাও। তোমরা যেখানেই থাক না কেন উহার দিকে মুখ ফিরাও এবং যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে তাহারা নিশ্চিতভাবে জানে যে, উহা তাহাদের প্রতিপালকের প্রেরিত সত্য। তাহারা যাহা করে সে সম্বন্ধে আল্লাহ্ অনবহিত নহেন।	
	وَلَئِنْ أَتَيْتَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ بِكُلِّ آيَةٍ مَّا تَبِعُوا قِبْلَتَكَ ۚ وَمَا أَنتَ بِتَابِعٍ قِبْلَتَهُمْ ۚ وَمَا بَعْضُهُم بِتَابِعٍ قِبْلَةَ بَعْضٍ ۚ وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُم مِّن بَعْدِ مَا جَاءَكَ مِنَ الْعِلْمِ ۙ إِنَّكَ إِذًا لَّمِنَ الظَّالِمِينَ ﴿١٤٥﴾	**145**
প্রতিবর্ণায়ন	ওয়ালা ইন্ আতাইতাল্লাযীনা ঊতূল্ কিতা–বা বিকুল্লি আ–য়াতিম্ মা–তাবি‘ঊ ক্বিবলাতাকা (ج) ওয়ামা~ আংতা বিতা–বি‘ইং ক্বিবলাতাহুম (ج) ওয়ামা–বা‘দ্বুহুম্ বিতা–বি‘ইং ক্বিবলাতা বা‘দ্বিওঁ (ط) ওয়ালাইনিত্তাবা‘তা আহ্ওয়া~আহুম্ মিম্ বা‘দি মা–জা~আকা মিনাল্ ‘ইলমি (لا) ইন্নাকা ইযাল্লামিনাজ্জ্বা–লিমীন।	
তরজমা	যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে তুমি যদি তাহাদের নিকট সমস্ত দলীল পেশ কর, তবুও তাহারা তোমার কিব্লার অনুসরণ করিবে না; এবং তুমিও তাহাদের কিব্লার অনুসারী নও, এবং তাহারাও পরস্পরের কিব্লার অনুসারী নয়। তোমার নিকট জ্ঞান আসিবার পর তুমি যদি তাহাদের খেয়াল-খুশির অনুসরণ কর, নিশ্চয়ই তখন তুমি জালিমদের অন্তর্ভুক্ত হইবে।	
	الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ ۖ وَإِنَّ فَرِيقًا مِّنْهُمْ لَيَكْتُمُونَ الْحَقَّ وَهُمْ يَعْلَمُونَ ﴿١٤٦﴾	**146**
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা ইয়া‘রিফূনাহূ কামা ইয়া‘রিফূনা আব্নাআহুম (ط) ওয়া ইন্না ফারীক্বাম্ মিন্হুম্ লাইয়াক্তুমূনাল হ্বাক্ক্বা ওয়াহুম্ ইয়া‘লামূন।	
তরজমা	আমি যাহাদেরকে কিতাব দিয়াছি তাহারা তাহাকে সেইরূপ জানে যেইরূপ তাহারা নিজেদের সন্তানগণকে চিনে এবং তাহাদের একদল জানিয়া-শুনিয়া সত্য গোপন করিয়া থাকে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَلۡحَقُّ مِنۡ رَّبِّكَ فَلَا تَكُوۡنَنَّ مِنَ الۡمُمۡتَرِيۡنَ ﴿۱۴۷﴾	**147**
প্রতিবর্ণায়ন	আল্‌হাক্কু মির্‌ রাব্বিকা ফালা–তাকূনান্না মিনাল্‌ মুম্‌তারীন্‌।	
তরজমা	সত্য তোমার প্রতিপালকের নিকট হইতে প্রেরিত। সুতরাং তুমি সন্দিহানদের অন্তর্ভুক্ত হইও না।	
	وَلِكُلٍّ وِّجۡهَةٌ هُوَ مُوَلِّيۡهَا فَاسۡتَبِقُوا الۡخَيۡرٰتِ ؕ اَيۡنَ مَا تَكُوۡنُوۡا يَاۡتِ بِكُمُ اللّٰهُ جَمِيۡعًا ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ﴿۱۴۸﴾	**148**
প্রতিবর্ণায়ন	ওয়া লিকুল্লিওঁ বি জহাতুন্‌ হুওয়া মুওয়াল্লীহা– ফাছ্‌তাবিকূ ল খাইরা–তি (ط) আইনা মা–তাকূনূ ইয়া’তি বিকুমুল্লা–হু জামী‘আন (ط) ইন্নাল্লা–হা ‘আলা–কুল্লি শাইয়িং ক াদীর।	
তরজমা	প্রত্যেকের একটি দিক রহিয়াছে, যেদিকে সে মুখ করে। অতএব তোমরা সৎকর্মে প্রতিযোগিতা কর। তোমরা যেখানেই থাক না কেন আল্লাহ্‌ তোমাদের সকলকে একত্র করিবেন। নিশ্চয়ই আল্লাহ্‌ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَمِنۡ حَيۡثُ خَرَجۡتَ فَوَلِّ وَجۡهَكَ شَطۡرَ الۡمَسۡجِدِ الۡحَرَامِ ؕ وَاِنَّهٗ لَلۡحَقُّ مِنۡ رَّبِّكَ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعۡمَلُوۡنَ ﴿۱۴۹﴾	**149**
প্রতিবর্ণায়ন	ওয়ামিন হ াইছু খারাজতা ফাওয়াল্লি ওয়াজহাকা শাত রাল্‌ মাছ্‌জিদিল্‌ হ ারা–মি (ط) ওয়া ইন্নাহূ লাল্‌হ াক্কু মির্‌ রাব্বিকা (ط) ওয়ামাল্লা–হু বিগা–ফিলিন ‘আম্মা–তা‘মালূন্‌।	
তরজমা	যেখান হইতেই তুমি বাহির হও না কেন মসজিদুল হারামের দিকে মুখ ফিরাও। ইহা নিশ্চয় তোমার প্রতিপালকের নিকট হইতে প্রেরিত সত্য। তোমরা যাহা কর সে সম্বন্ধে আল্লাহ্‌ অনবহিত নহেন।	
	وَمِنۡ حَيۡثُ خَرَجۡتَ فَوَلِّ وَجۡهَكَ شَطۡرَ الۡمَسۡجِدِ الۡحَرَامِ ؕ وَحَيۡثُ مَا كُنۡتُمۡ فَوَلُّوۡا وُجُوۡهَكُمۡ شَطۡرَهٗ ۙ لِئَلَّا يَكُوۡنَ لِلنَّاسِ عَلَيۡكُمۡ حُجَّةٌ ۙ اِلَّا الَّذِيۡنَ ظَلَمُوۡا مِنۡهُمۡ ۚ فَلَا تَخۡشَوۡهُمۡ وَاخۡشَوۡنِىۡ ۚ وَلِاُتِمَّ نِعۡمَتِىۡ عَلَيۡكُمۡ وَلَعَلَّكُمۡ تَهۡتَدُوۡنَ ﴿۱۵۰﴾	**150**
প্রতিবর্ণায়ন	ওয়ামিন্‌ হ াইছু খারাজতা ফাওয়াল্লি ওয়াজহাকা শাত রাল্‌ মাছ্‌জিদিল হ ারা–মি (ط) ওয়া হ াইছু মা–কুংতুম্‌ ফাওয়াল্লূ উজূহাকুম্‌ শাত রাহূ (ۙ) লিআল্লা–ইয়াকূনা লিন্না–ছি ‘আলাইকুম হু জ্জাতুন (ۙ) ইল্লাল্লায ীনা জ ালামূ মিনহুম (ۚ) ফালা–তাখ্‌শাওহুম্‌ ওয়াখ্‌শাওনী (ۚ) ওয়ালিউতিম্মা নি‘মাতী ‘আলাইকুম্‌ ওয়া লা‘আল্লাকুম তাহ্‌তাদূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তুমি যেখান হইতেই বাহির হও না কেন মসজিদুল হারামের দিকে মুখ ফিরাও এবং তোমরা যেখানেই থাক না কেন উহার দিকে মুখ ফিরাইবে, যাহাতে তাহাদের মধ্যে জালিমদের ব্যতীত অপর লোকের তোমাদের বিরুদ্ধে বিতর্কের কিছু না থাকে। সুতরাং তাহাদেরকে ভয় করিও না, শুধু আমাকেই ভয় কর। যাহাতে আমি আমার নিয়ামত তোমাদেরকে পূর্ণরূপে দান করিতে পারি এবং যাহাতে তোমরা সৎপথে পরিচালিত হইতে পার।	
	كَمَآ اَرْسَلْنَا فِيْكُمْ رَسُوْلًا مِّنْكُمْ يَتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِنَا وَيُزَكِّيْكُمْ وَيُعَلِّمُكُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُعَلِّمُكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿١٥١﴾	151
প্রতিবর্ণায়ন	কামা˜ আর্‌ছালনা–ফীকুম্‌ রাছূলাম মিংকুম্‌ ইয়াত্‌লূ ‘আলাইকুম্‌ আ–য়া–তিনা–ওয়া ইউঝাক্কীকুম্‌ ওয়া ইউ‘আল্লিমুকুমুল্‌ কিতা–বা ওয়াল্‌ হি˙কমাতা ওয়া ইউ‘আল্লিমুকুম মা–লাম তাকূনূ তা‘লামূন।	
তরজমা	যেমন আমি তোমাদের মধ্য হইতে তোমাদের নিকট রাসূল প্রেরণ করিয়াছি, যে আমার আয়াতসমূহ তোমাদের নিকট তিলাওয়াত করে, তোমাদেরকে পবিত্র করে এবং কিতাব ও হিক্‌মত শিক্ষা দেয় আর তোমরা যাহা জানিতে না তাহা শিক্ষা দেয়।	
	فَاذْكُرُوْنِيْٓ اَذْكُرْكُمْ وَاشْكُرُوْا لِيْ وَلَا تَكْفُرُوْنِ ﴿١٥٢﴾	152
প্রতিবর্ণায়ন	ফায˙কুরূনী আয্‌˙কুর্‌কুম ওয়াশকুরূলী ওয়ালা–তাক্‌ফুরূন।	
তরজমা	সুতরাং তোমরা আমাকেই স্মরণ কর, আমিও তোমাদেরকে স্মরণ করিব। তোমরা আমার প্রতি কৃতজ্ঞ হও এবং অকৃতজ্ঞ হইও না।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اسْتَعِيْنُوْا بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ۭ اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ﴿١٥٣﴾	153
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায˙ীনা আ–মানুছ্‌তা‘ঈনূ বিসসাব্‌রি ওয়াসসালা–তি; ইন্নাল্লা–হা মা‘আসসা–বিরীন।	
তরজমা	হে মু’মিনগণ! ধৈর্য ও সালাতের মাধ্যমে তোমরা সাহায্য প্রার্থনা কর। নিশ্চয়ই আল্লাহ্‌ ধৈর্যশীলদের সাথে আছেন।	
	وَلَا تَقُوْلُوْا لِمَنْ يُّقْتَلُ فِيْ سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتٌ ۭ بَلْ اَحْيَاۗءٌ وَّلٰكِنْ لَّا تَشْعُرُوْنَ ﴿١٥٤﴾	154
প্রতিবর্ণায়ন	ওয়ালা–তাকূ˙লূ লিমাইঁ ইউক˙তালু ফী ছাবীলিল্লা–হি আম্‌ওয়া–তুং (ط) বাল্‌ আহ্‌˙ইয়া~উওঁ ওয়ালা–কিল্লা–তাশ‘উরূন।	
তরজমা	আল্লাহ্‌র পথে যাহারা নিহত হয় তাহাদেরকে মৃত বলিও না, বরং তাহারা জীবিত; কিন্তু তোমরা উপলব্ধি করিতে পার না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ وَالْجُوْعِ وَنَقْصٍ مِّنَ الْاَمْوَالِ وَالْاَنْفُسِ وَالثَّمَرٰتِ ؕ وَبَشِّرِ الصّٰبِرِيْنَ ﴿۱۵۵﴾	**155**
প্রতিবর্ণায়ন	ওয়ালানাব্লুওয়ান্নাকুম্ বিশাইয়িম মিনাল খাওফি ওয়ালজূ‘ই ওয়ানাক্ সিম্ মিনাল্ আম্ওয়া–লি ওয়াল্ আংফুছি ওয়াছ্ ছ্ ামারা–তি (ط) ওয়া বাশ্শিরিসসা–বিরীন।	
তরজমা	আমি তোমাদেরকে কিছু ভয়, ক্ষুধা এবং ধন-সম্পদ, জীবন ও ফল-ফসলের ক্ষয়ক্ষতি দ্বারা অবশ্যই পরীক্ষা করিব। তুমি শুভ সংবাদ দাও ধৈর্যশীলগণকে-	
	الَّذِيْنَ اِذَآ اَصَابَتْهُمْ مُّصِيْبَةٌ ۙ قَالُوْٓا اِنَّا لِلّٰهِ وَاِنَّآ اِلَيْهِ رٰجِعُوْنَ ﴿۱۵۶﴾	**156**
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয া˜ আসা–বাতহুম মুসীবাতুং (ﻻ) ক া–লূ˜ইন্না–লিল্লা–হি ওয়াইন্না–ইলাইহি রা–জি‘ঊন।	
তরজমা	যাহারা তাহাদের উপর বিপদ আপতিত হইলে বলে, ‘আমরা তো আল্লাহ্‌রই এবং নিশ্চিতভাবে তাঁহার দিকেই প্রত্যাবর্তনকারী।’	
	اُولٰٓئِكَ عَلَيْهِمْ صَلَوٰتٌ مِّنْ رَّبِّهِمْ وَرَحْمَةٌ ۫ وَاُولٰٓئِكَ هُمُ الْمُهْتَدُوْنَ ﴿۱۵۷﴾	**157**
প্রতিবর্ণায়ন	উলা~ইকা ‘আলাইহিম সালাওয়া–তুম্ মির রাব্বিহিম্ ওয়ারাহ্ মাতুওঁ (قف) ওয়া উলা~ইকা হুমুল মুহ্তাদূন।	
তরজমা	ইহারাই তাহারা যাহাদের প্রতি তাহাদের প্রতিপালকের নিকট হইতে বিশেষ অনুগ্রহ ও রহমত বর্ষিত হয়, আর ইহারাই সৎপথে পরিচালিত।	
	اِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَآئِرِ اللّٰهِ ۚ فَمَنْ حَجَّ الْبَيْتَ اَوِ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ اَنْ يَّطَّوَّفَ بِهِمَا ؕ وَمَنْ تَطَوَّعَ خَيْرًا ۙ فَاِنَّ اللّٰهَ شَاكِرٌ عَلِيْمٌ ﴿۱۵۸﴾	**158**
প্রতিবর্ণায়ন	ইন্নাস্সাফা–ওয়াল্ মার্ওয়াতা মিং শা‘আ–ইরিল্লা–হি (ج) ফামান্ হ াজ্জাল বাইতা আবি ‘তামারা ফালা– জুনা–হ া ‘আলাইহি আইঁ ইয়াত্ত াওওয়াফা বিহিমা– (ط) ওয়ামাং তাত াওওয়া‘আ খাইরাং (ﻻ) ফাইন্নাল্লা–হা শাকিরুন্ ‘আলীম।	
তরজমা	নিশ্চয়ই সাফা ও মারওয়া আল্লাহ্‌র নিদর্শনসমূহের অন্তর্ভুক্ত। সুতরাং যে কেহ কা‘বাগৃহের হজ্জ কিংবা ‘উমরা সম্পন্ন করে এই দুইটির মধ্যে সা‘ঈ করিলে তাহার কোন পাপ নাই আর কেহ স্বতঃস্ফূর্তভাবে সৎকাজ করিলে আল্লাহ্ তো পুরস্কারদাতা, সর্বজ্ঞ।	
	اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ اَنْزَلْنَا مِنَ الْبَيِّنٰتِ وَالْهُدٰى مِنْۢ بَعْدِ مَا بَيَّنّٰهُ لِلنَّاسِ فِى الْكِتٰبِ ۙ اُولٰٓئِكَ يَلْعَنُهُمُ اللّٰهُ وَيَلْعَنُهُمُ اللّٰعِنُوْنَ ﴿۱۵۹﴾	**159**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ইয়াক্তুমূনা মা-আংঝাল্না- মিনাল্ বাইয়িনা-তি ওয়াল্ হুদা-মিম্ বা'দি মা-বাইয়ান্না-হু লিন্না-ছি ফিল্ কিতা-বি (ۙ) উলা~ইকা ইয়াল্ 'আনুহুমুল্লা-হু ওয়া ইয়াল্'আনুহুমুল্লা-'ইনূন।	
তরজমা	নিশ্চয়ই আমি যেসব স্পষ্ট নিদর্শন ও হিদায়াত অবতীর্ণ করিয়াছি মানুষের জন্য কিতাবে উহা স্পষ্টভাবে ব্যক্ত করার পরও যাহারা উহা গোপন রাখে আল্লাহ্ তাহাদেরকে লা'নত দেন এবং অভিশাপকারীরাও তাহাদেরকে অভিশাপ দেয়।	
	إِلَّا الَّذِينَ تَابُوا وَأَصْلَحُوا وَبَيَّنُوا فَأُولَٰئِكَ أَتُوبُ عَلَيْهِمْ ۚ وَأَنَا التَّوَّابُ الرَّحِيمُ ﴿١٦٠﴾	**160**
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লাযীনা তা-বূ ওয়াআস্লাহূ ওয়া বাইয়ানূ ফাউলা~ইকা আতূবু 'আলাইহিম্ (ج) ওয়া আনাত্ তাওওয়া-বুর্ রাহীম।	
তরজমা	কিন্তু যাহারা তওবা করে এবং নিজেদেরকে সংশোধন করে আর সত্যকে সুস্পষ্টভাবে ব্যক্ত করে, ইহারাই তাহারা যাহাদের তওবা আমি কবূল করি, আমি অতিশয় তওবা গ্রহণকারী, পরম দয়ালু।	
	إِنَّ الَّذِينَ كَفَرُوا وَمَاتُوا وَهُمْ كُفَّارٌ أُولَٰئِكَ عَلَيْهِمْ لَعْنَةُ اللَّهِ وَالْمَلَائِكَةِ وَالنَّاسِ أَجْمَعِينَ ﴿١٦١﴾	**161**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা কাফারূ ওয়া মা-তূ ওয়াহুম্ কুফ্ফা-রুন্ উলা~ইকা 'আলাইহিম লা'নাতুল্লা-হি ওয়াল মালা~ইকাতি ওয়ান্না-ছি আজমা'ঈন।	
তরজমা	নিশ্চয়ই যাহারা কুফরী করে এবং কাফিররূপে মারা যায় তাহাদের উপর লা'নত আল্লাহ্ এবং ফিরিশ্তাগণ ও সকল মানুষের।	
	خَالِدِينَ فِيهَا ۖ لَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُونَ ﴿١٦٢﴾	**162**
প্রতিবর্ণায়ন	খা-লিদীনা ফীহা- (ج) লা-ইউখাফ্ফাফু 'আনহুমুল্ 'আযা-বু ওয়ালা-হুম্ ইউংজারূন্।	
তরজমা	উহাতে তাহারা স্থায়ী হইবে। তাহাদের শাস্তি লঘু করা হইবে না এবং তাহাদেরকে কোন অবকাশও দেওয়া হইবে না।	
	وَإِلَٰهُكُمْ إِلَٰهٌ وَاحِدٌ ۖ لَا إِلَٰهَ إِلَّا هُوَ الرَّحْمَٰنُ الرَّحِيمُ ﴿١٦٣﴾	**163**
প্রতিবর্ণায়ন	ওয়া ইলা-হুকুম্ ইলা-হুওঁ ওয়া-হিদুল্ (ج) লা~ ইলা-হা ইল্লা- হুওয়ার রাহমা-নূর রাহীম্।	
তরজমা	আর তোমাদের ইলাহ্ এক ইলাহ্, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। তিনি দয়াময়, পরম দয়ালু।	

	اِنَّ فِىۡ خَلۡقِ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ وَاخۡتِلَافِ الَّيۡلِ وَالنَّهَارِ وَالۡفُلۡكِ الَّتِىۡ تَجۡرِىۡ فِى الۡبَحۡرِ بِمَا يَنۡفَعُ النَّاسَ وَمَاۤ اَنۡزَلَ اللّٰهُ مِنَ السَّمَآءِ مِنۡ مَّآءٍ فَاَحۡيَا بِهِ الۡاَرۡضَ بَعۡدَ مَوۡتِهَا وَبَثَّ فِيۡهَا مِنۡ كُلِّ دَآبَّةٍ ۖ وَّتَصۡرِيۡفِ الرِّيٰحِ وَالسَّحَابِ الۡمُسَخَّرِ بَيۡنَ السَّمَآءِ وَالۡاَرۡضِ لَاٰيٰتٍ لِّقَوۡمٍ يَّعۡقِلُوۡنَ ﴿١٦٤﴾	**164**
প্রতিবর্ণায়ন	ইন্না ফী খাল্কি ছ্ছামা–ওয়াতি ওয়াল্ আর্দি ওয়াখ্তিলা–ফিল্লাইলি ওয়ান্নাহা–রি ওয়াল ফুলকিল্লাতী তাজরী ফিল বাহ রি বিমা–ইয়াংফা'উন্না–ছা ওয়ামা~ আংঝালাল্লা–হু মিনাছ্ছামা~ই মিম্মা~ইং ফাআহ ইয়া–বিহিল আর্দ া বা'দা মাওতিহা ওয়া বাছ্ ছ া ফীহা–মিং কুল্লি দা~ব্বাতিওঁ (ص) ওয়া তাসরীফির্ রিয়া–হি ওয়াছ্ছাহ া–বিল মুছাখ্খারি বাইনাছ ছামা~ই ওয়াল আরদি লাআ–য়া–তিল লিক াওমিইঁ ইয়া'কি লূন।	
তরজমা	নিশ্চয়ই আকাশমণ্ডল ও পৃথিবীর সৃষ্টিতে, রাত্রি ও দিবসের পরিবর্তনে, যাহা মানুষের হিত সাধন করে তাহাসহ সমুদ্রে বিচরণশীল নৌযানসমূহে, আল্লাহ্ আকাশ হইতে যে বারিবর্ষণ দ্বারা ধরিত্রীকে তাহার মৃত্যুর পর পুনর্জীবিত করেন তাহাতে এবং তাহার মধ্যে যাবতীয় জীবজন্তুর বিস্তারণে, বায়ুর দিক পরিবর্তনে, আকাশ ও পৃথিবীর মধ্যে নিয়ন্ত্রিত মেঘমালাতে জ্ঞানবান জাতির জন্য নিদর্শন রহিয়াছে।	
	وَمِنَ النَّاسِ مَنۡ يَّتَّخِذُ مِنۡ دُوۡنِ اللّٰهِ اَنۡدَادًا يُّحِبُّوۡنَهُمۡ كَحُبِّ اللّٰهِ ؕ وَالَّذِيۡنَ اٰمَنُوۡۤا اَشَدُّ حُبًّا لِّلّٰهِ ؕ وَلَوۡ يَرَى الَّذِيۡنَ ظَلَمُوۡۤا اِذۡ يَرَوۡنَ الۡعَذَابَ ۙ اَنَّ الۡقُوَّةَ لِلّٰهِ جَمِيۡعًا ۙ وَّاَنَّ اللّٰهَ شَدِيۡدُ الۡعَذَابِ ﴿١٦٥﴾	**165**
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্নাছি মাইঁ ইয়াত্তাখিয় মিং দূনিল্লা–হি আংদা–দাই ইউহি ব্বূনাহুম কাহু ব্বিল্লা–হি (ط) ওয়াল্লায ীনা আ–মানূ~ আশাদ্দু হু ব্বাল্ লিল্লা–হি (ط) ওয়া লাও ইয়ারাল্লায ীনা জ ালামূ~ ইয ইয়ারাওনাল্ 'আয া–বা (ﻻ) আন্নাল্ কু ওওয়াতা লিল্লা–হি জামী'আও (ﻻ) ওয়া আন্নাল্লা–হা শাদীদুল 'আয া–ব।	
তরজমা	তথাপি মানুষের মধ্যে কেহ কেহ আল্লাহ্ ছাড়া অপরকে আল্লাহ্র সমকক্ষরূপে গ্রহণ করে এবং আল্লাহ্কে ভালবাসার অনুরূপ তাহাদেরকে ভালবাসে ; কিন্তু যাহারা ঈমান আনিয়াছে আল্লাহ্র প্রতি ভালবাসায় তাহারা সুদৃঢ়। জালিমরা শাস্তি প্রত্যক্ষ করিলে যেমন বুঝিবে, হায় ! এখন যদি তাহারা তেমন বুঝিত, সমস্ত শক্তি আল্লাহরই এবং আল্লাহ্ শাস্তি দানে অত্যন্ত কঠোর।	
	اِذۡ تَبَرَّاَ الَّذِيۡنَ اتُّبِعُوۡا مِنَ الَّذِيۡنَ اتَّبَعُوۡا وَرَاَوُا الۡعَذَابَ وَتَقَطَّعَتۡ بِهِمُ الۡاَسۡبَابُ ﴿١٦٦﴾	**166**
প্রতিবর্ণায়ন	ইয তাবার্রা আল্লায ীনাত্তুবি'উ মিনাল্লায ীনাত্তাবা'উ ওয়ারাআউল 'আয া–বা ওয়াতাক াত্ত া'আত্ বিহিমুল্ আছ্বা–ব।	

তরজমা	যখন অনুসৃতগণ অনুসরণকারীদের দায়িত্ব অস্বীকার করিবে এবং তাহারা শাস্তি প্রত্যক্ষ করিবে ও তাহাদের মধ্যকার সমস্ত সম্পর্ক ছিন্ন হইয়া যাইবে,	
	وَقَالَ الَّذِيْنَ اتَّبَعُوْا لَوْ اَنَّ لَنَا كَرَّةً فَنَتَبَرَّاَ مِنْهُمْ كَمَا تَبَرَّءُوْا مِنَّا ؕ كَذٰلِكَ يُرِيْهِمُ اللّٰهُ اَعْمَالَهُمْ حَسَرٰتٍ عَلَيْهِمْ ؕ وَمَا هُمْ بِخٰرِجِيْنَ مِنَ النَّارِ ۝١٦٧	167
প্রতিবর্ণায়ন	ওয়া ক া-লাল্লায ীনাত্তাবা‘উ লাও আন্না লানা-কাররাতাং ফানাতাবাররাআ মিন্হুম কামা-তাবাররাউ মিন্না- (ط) কায া-লিকা ইউরীহিমুল্লা-হু আ‘মা-লাহুম্ হ াছারা-তিন্ ‘আলাইহিম্; ওয়ামা-হুম বিখা-রিজীনা মিনান্না-র।	
তরজমা	আর যাহারা অনুসরণ করিয়াছিল তাহারা বলিবে, ‘হায় ! যদি একবার আমাদের প্রত্যাবর্তন ঘটিত তবে আমরাও তাহাদের সঙ্গে সম্পর্ক ছিন্ন করিতাম যেমন তাহারা আমাদের সাথে সম্পর্ক ছিন্ন করিল।’ এইভাবে আল্লাহ্ তাহাদের কার্যাবলী তাহাদের পরিতাপরূপে তাহাদেরকে দেখাইবেন আর তাহারা কখনও অগ্নি হইতে বাহির হইতে পারিবে না।	
	يٰۤاَيُّهَا النَّاسُ كُلُوْا مِمَّا فِى الْاَرْضِ حَلٰلًا طَيِّبًا ۖؗ وَّلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ۝١٦٨	168
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ূহান্না-ছু কুলূ মিম্মা-ফিল্আরদি˙ হ ালা-লাং ত াইয়িবাওঁ (ز) ওয়ালা-তাত্তাবি‘উ খুতু˙ওয়া-তিশ্শাইত া-নি (ط) ইন্নাহু লাকুম ‘আদুওউম্মুম্ মুবীন।	
তরজমা	হে মানবজাতি! পৃথিবীতে যাহা কিছু বৈধ ও পবিত্র খাদ্যবস্তু রহিয়াছে তাহা হইতে তোমরা আহার কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করিও না, নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য শত্রু।	
	اِنَّمَا يَاْمُرُكُمْ بِالسُّوْٓءِ وَالْفَحْشَآءِ وَاَنْ تَقُوْلُوْا عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ۝١٦٩	169
প্রতিবর্ণায়ন	ইন্নামা- ইয়া’মুরুকুম বিছ্ছূ~ই ওয়াল্ ফাহ ্শা-ই ওয়া আং তাকূ ্লূ ‘আলাল্লা-হি মা- লা-তা‘লামূন।	
তরজমা	সে তো কেবল তোমাদেরকে মন্দ ও অশ্লীল কাজের এবং আল্লাহ্ সম্বন্ধে তোমরা যাহা জান না এমন সব বিষয় বলার নির্দেশ দেয়।	
	وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّبِعُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا بَلْ نَتَّبِعُ مَآ اَلْفَيْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ؕ اَوَلَوْ كَانَ اٰبَآؤُهُمْ لَا يَعْقِلُوْنَ شَيْـًٔا وَّلَا يَهْتَدُوْنَ ۝١٧٠	170

প্রতিবর্ণায়ন	ওয়াইযা-ক্বীলা লাহুমুত্তাবি‘উ মা~আংঝালাল্লা-হু ক্বা-লু বাল্ নাত্তাবি‘উ মা~ আল্ফাইনা~ ‘আলাইহি আ-বা~আনা- (ط) আওয়ালাও কা-না আ-বা~উহুম লা-ইয়া‘কি্লূনা শাইআওঁ ওয়ালা-ইয়াহ্তাদূন।	
তরজমা	যখন তাহাদেরকে বলা হয়, ‘আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তাহা তোমরা অনুসরণ কর’, তাহারা বলে, ‘না, বরং আমরা আমাদের পিতৃপুরুষদেরকে যাহাতে পাইয়াছি তাহার অনুসরণ করিব।’ এমন কি, তাহাদের পিতৃপুরুষগণ যদিও কিছুই বুঝিত না এবং তাহারা সৎপথেও পরিচালিত ছিল না-তৎসত্ত্বেও।	
	وَمَثَلُ الَّذِينَ كَفَرُوا كَمَثَلِ الَّذِي يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ إِلَّا دُعَاءً وَنِدَاءً ۚ صُمٌّ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَعْقِلُونَ ﴿١٧١﴾	171
প্রতিবর্ণায়ন	ওয়া মাছালুল্লাযীনা কাফারূ কামাছালিল্লাযী ইয়ান্‘ইক্বু বিমা-লা-ইয়াছমা‘উ ইল্লা-দু‘আ~আওঁ ওয়া নিদা~আং (ط) সুম্মুম্ বুকমুন ‘উমইউং ফাহুম লা-ইয়া‘কি্লূন।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদের উপমা : যেমন কোন ব্যক্তি এমন কিছুকে ডাকে যাহা হাঁক-ডাক ছাড়া আর কিছুই শ্রবণ করে না-বধির, মূক, অন্ধ, সুতরাং তাহারা বুঝিবে না।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُلُوا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ وَاشْكُرُوا لِلَّهِ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ ﴿١٧٢﴾	172
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লাযীনা আ-মানূ কুলূ মিং ত্বাইয়িবা-তি মা-রাযাক্বনা-কুম ওয়াশ্কুরূ লিল্লা-হি ইং কুংতুম্ ইয়্যা-হু তা‘বুদূন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমাদেরকে আমি যেসব পবিত্র বস্তু দিয়াছি তাহা হইতে আহার কর এবং আল্লাহ্‌র নিকট কৃতজ্ঞতা প্রকাশ কর যদি তোমরা শুধু তাঁহারই ‘ইবাদত কর।	
	إِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيرِ وَمَا أُهِلَّ بِهِ لِغَيْرِ اللَّهِ ۖ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَلَا عَادٍ فَلَا إِثْمَ عَلَيْهِ ۚ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿١٧٣﴾	173
প্রতিবর্ণায়ন	ইন্নামা-হার্রামা ‘আলাইকুমুল মাইতাতা ওয়াদ্দামা ওয়া লাহ্মাল্ খিংঝীরি ওয়ামা~ উহিল্লা বিহী লিগাইরিল্লা-হি (ج) ফামানিদ্‌তুর্‌রা গাইরা বা-গিওঁ ওয়ালা- ‘আ-দিং ফালা- ইছ্মা ‘আলাইহি (ط) ইনাল্লা-হা গাফূরুর্ রাহীম।	
তরজমা	নিশ্চয় আল্লাহ্ মৃত জন্তু, রক্ত, শূকর-মাংস এবং যাহার উপর আল্লাহ্‌র নাম ব্যতীত অন্যের নাম উচ্চারিত হইয়াছে তাহা তোমাদের জন্য হারাম করিয়াছেন। কিন্তু যে অনন্যোপায় অথচ নাফরমান কিংবা সীমালংঘনকারী নয় তাহার কোন পাপ হইবে না। নিশ্চয়ই আল্লাহ্ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّ الَّذِينَ يَكْتُمُونَ مَا أَنزَلَ اللَّهُ مِنَ الْكِتَٰبِ وَيَشْتَرُونَ بِهِ ثَمَنًا قَلِيلًا ۙ أُولَٰٓئِكَ مَا يَأْكُلُونَ فِي بُطُونِهِمْ إِلَّا النَّارَ وَلَا يُكَلِّمُهُمُ اللَّهُ يَوْمَ الْقِيَٰمَةِ وَلَا يُزَكِّيهِمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١٧٤﴾	174
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ইয়াক্তুমূনা মা~ আংঝালাল্লা-হু মিনাল্ কিতা-বি ওয়া ইয়াশ্তারূনা বিহী ছামানাং কালীলান্ (ۙ) উলা~ইকা মা-ইয়া'কুলূনা ফী বুতূনিহিম্ ইল্লান্না-রা ওয়ালা-ইউকাল্লিমুহুমুল্লা-হু ইয়াওমাল্ কিয়া-মাতি ওয়ালা-ইউঝাক্কীহিম্ (ج) ওয়া লাহুম্ 'আযা-বুন আলীম।	
তরজমা	আল্লাহ্ যে কিতাব অবতীর্ণ করিয়াছেন যাহারা তাহা গোপন রাখে ও বিনিময়ে তুচ্ছ মূল্য গ্রহণ করে তাহারা নিজেদের জঠরে অগ্নি ব্যতীত আর কিছুই পুরে না। কিয়ামতের দিন আল্লাহ্ তাহাদের সঙ্গে কথা বলিবেন না এবং তাহাদেরকে পবিত্র করিবেন না। তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	أُولَٰٓئِكَ الَّذِينَ اشْتَرَوُا الضَّلَٰلَةَ بِالْهُدَىٰ وَالْعَذَابَ بِالْمَغْفِرَةِ ۚ فَمَآ أَصْبَرَهُمْ عَلَى النَّارِ ﴿١٧٥﴾	175
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লাযীনাশতারাউদ্দালা-লাতা বিল্হুদা-ওয়াল্ 'আযা-বা বিল্মাগ্ফিরাতি (ج) ফামা~আস্বারাহুম্ 'আলান্না-র।	
তরজমা	তাহারাই সৎপথের বিনিময়ে ভ্রান্ত পথ এবং ক্ষমার পরিবর্তে শাস্তি ক্রয় করিয়াছে; আগুন সহ্য করিতে তাহারা কতই না ধৈর্যশীল!	
	ذَٰلِكَ بِأَنَّ اللَّهَ نَزَّلَ الْكِتَٰبَ بِالْحَقِّ ۗ وَإِنَّ الَّذِينَ اخْتَلَفُوا فِي الْكِتَٰبِ لَفِي شِقَاقٍ بَعِيدٍ ﴿١٧٦﴾	176
প্রতিবর্ণায়ন	যা-লিকা বিআন্নাল্লা-হা নাঝ্ঝালাল্ কিতা-বা বিল্হাক্কি (ط) ওয়া ইন্নাল্লাযীনাখ তালাফূ ফিল্ কিতা-বি লাফী শিকা-কিম্ বা'ঈদ।	
তরজমা	ইহা এইহেতু যে, আল্লাহ্ সত্যসহ কিতাব অবতীর্ণ করিয়াছেন এবং যাহারা কিতাব সম্বন্ধে মতভেদ সৃষ্টি করিয়াছে, নিশ্চয় তাহারা দুস্তর মতভেদে রহিয়াছে।	
	لَّيْسَ الْبِرَّ أَن تُوَلُّوا وُجُوهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَٰكِنَّ الْبِرَّ مَنْ ءَامَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْءَاخِرِ وَالْمَلَٰٓئِكَةِ وَالْكِتَٰبِ وَالنَّبِيِّـۧنَ ۚ وَءَاتَى الْمَالَ عَلَىٰ حُبِّهِ ذَوِي الْقُرْبَىٰ وَالْيَتَٰمَىٰ وَالْمَسَٰكِينَ وَابْنَ السَّبِيلِ ۙ وَالسَّآئِلِينَ وَفِي الرِّقَابِ ۚ وَأَقَامَ الصَّلَوٰةَ وَءَاتَى الزَّكَوٰةَ ۚ وَالْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَٰهَدُوا ۖ وَالصَّٰبِرِينَ فِي الْبَأْسَآءِ وَالضَّرَّآءِ وَحِينَ الْبَأْسِ ۗ أُولَٰٓئِكَ الَّذِينَ صَدَقُوا ۖ وَأُولَٰٓئِكَ هُمُ الْمُتَّقُونَ ﴿١٧٧﴾	177

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লাইছাল্ বির্‌রা আং তুওয়াল্লূ উজূহাকুম কি`বালাল মাশ্‌রিকি` ওয়াল্ মাগরিবি ওয়ালা–কিন্নাল বির্‌রা মান আ–মানা বিল্লা–হি ওয়াল্ ইয়াওমিল আ–খিরি ওয়াল্ মালা~ইকাতি ওয়াল্ কিতা–বি ওয়ান্নাবিইয়ীনা (ج) ওয়া আ–তাল্ মা–লা 'আলা–হু` ব্বিহী য`াবি`ল্ কু`রবা– ওয়াল্ ইয়াতা–মা– ওয়াল্‌মাছা–কীনা ওয়াব্‌নাছ্‌ছাবীলি (لا) ওয়াছছা~ইলীনা ওয়াফির্‌রিক`া–বি (ج) ওয়া আক`া–মাসসালা–তা ওয়া আ–তাঝ্‌ঝাকা–তা (ج) ওয়াল্‌মূফূনা বি'আহ্‌দিহিম্ ইয`া–'আ–হাদূ (ج) ওয়াসসা–বিরীনা ফিল্ বা'ছা~ই ওয়াদ্দ`ার্‌রা~ই ওয়া হ`ীনাল্‌বা'ছি (ط) উলা~ইকাল্লায`ীনা সাদাকূ` (ط) ওয়া উলা~উকা হুমুল মুত্তাকূ`ন।	
তরজমা	পূর্ব এবং পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোতে কোন পুণ্য নাই; কিন্তু পুণ্য আছে কেহ আল্লাহ্, পরকাল, ফিরিশ্‌তাগণ, সমস্ত কিতাব এবং নবীগণে ঈমান আনয়ন করিলে এবং আল্লাহ্‌প্রেমে আত্মীয়-স্বজন, পিতৃহীন, অভাবগ্রস্ত, পর্যটক, সাহায্যপ্রার্থিগণকে এবং দাস-মুক্তির জন্য অর্থ দান করিলে, সালাত কায়েম করিলে ও যাকাত প্রদান করিলে এবং প্রতিশ্রুতি দিয়া তাহা পূর্ণ করিলে, অর্থ-সংকটে দুঃখ-ক্লেশে ও সংগ্রাম-সংকটে ধৈর্য ধারণ করিলে। ইহারাই তাহারা যাহারা সত্যপরায়ণ এবং ইহারাই মুত্তাকী।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ كُتِبَ عَلَيْكُمُ ٱلْقِصَاصُ فِى ٱلْقَتْلَى ۖ ٱلْحُرُّ بِٱلْحُرِّ وَٱلْعَبْدُ بِٱلْعَبْدِ وَٱلْأُنثَىٰ بِٱلْأُنثَىٰ ۚ فَمَنْ عُفِىَ لَهُۥ مِنْ أَخِيهِ شَىْءٌ فَٱتِّبَاعٌۢ بِٱلْمَعْرُوفِ وَأَدَآءٌ إِلَيْهِ بِإِحْسَٰنٍ ۗ ذَٰلِكَ تَخْفِيفٌ مِّن رَّبِّكُمْ وَرَحْمَةٌ ۗ فَمَنِ ٱعْتَدَىٰ بَعْدَ ذَٰلِكَ فَلَهُۥ عَذَابٌ أَلِيمٌ ﴿١٧٨﴾	**178**
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায`ীনা আ–মানূ কুতিবা 'আলাইকুমুল্ কি`সা–সু ফিল্‌ক`াতলা– (ط) আলহু`র্‌রু বিলহু`ররি ওয়াল্ 'আবদু বিল'আব্‌দি ওয়াল্ উংছ`া– বিলউংছা– (ط) ফামান 'উফিয়া লাহু মিন আখীহি শাইউং ফাত্তিবা–'উম্ বিলমা'রূফি ওয়া আদা~উন ইলাইহি বিইহ্`ছা–নিং (ط) য`া–লিকা তাখ্‌ফীফুম্ মির্‌রাব্বিকুম ওয়া রাহ`মাতুং (ط) ফামানি'তাদা–বা'দা য`া–লিকা ফালাহু 'আয`া–বুন আলীম।	
তরজমা	হে মু'মিনগণ! নিহতদের ব্যাপারে তোমাদের জন্য কিসাসের বিধান দেওয়া হইয়াছে। স্বাধীন ব্যক্তির বদলে স্বাধীন ব্যক্তি, ক্রীতদাসের বদলে ক্রীতদাস ও নারীর বদলে নারী, কিন্তু তাহার ভাইয়ের পক্ষ হইতে কিছুটা ক্ষমা প্রদর্শন করা হইলে যথাযথ বিধির অনুসরণ করা ও সততার সঙ্গে তাহার দেয় আদায় বিধেয়। ইহা তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে ভার লাঘব ও অনুগ্রহ। ইহার পরও যে সীমালংঘন করে তাহার জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	وَلَكُمْ فِى ٱلْقِصَاصِ حَيَوٰةٌ يَٰٓأُو۟لِى ٱلْأَلْبَٰبِ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿١٧٩﴾	**179**

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ালাকুম্ ফিল কিসা-সি হ্ায়া-তুঁই ইয়া~উলিল আল্বা-বি লা'আল্লাকুম তাত্তাক্ূন।	
তরজমা	হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! কিসাসের মধ্যে তোমাদের জন্য জীবন রহিয়াছে, যাহাতে তোমরা সাবধান হইতে পার।	
	كُتِبَ عَلَيْكُمْ اِذَا حَضَرَ اَحَدَكُمُ الْمَوْتُ اِنْ تَرَكَ خَيْرًا ۖۚ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْاَقْرَبِيْنَ بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ﴿١٨٠﴾	180
প্রতিবর্ণায়ন	কুতিবা 'আলাইকুম ইযা-হ্াদ্বারা আহ্াদাকুমুল মাওতু ইং তারাকা খাইরানিল ওয়াসিইইয়াতু লিল্ওয়া-লিদাইনি ওয়াল্ আক্রাবীনা বিল্মা'রূফি (ج) হ্াক্কান 'আলাল মুত্তাক্বীন।	
তরজমা	তোমাদের মধ্যে কাহারও মৃত্যুকাল উপস্থিত হইলে সে যদি ধন-সম্পত্তি রাখিয়া যায় তবে ন্যায়ানুগ প্রথামত তাহার পিতামাতা ও আত্মীয়- স্বজনের জন্য ওসিয়াত করার বিধান তোমাদেরকে দেওয়া হইল। ইহা মুত্তাকীদের জন্য একটি কর্তব্য।	
	فَمَنْۢ بَدَّلَهٗ بَعْدَمَا سَمِعَهٗ فَاِنَّمَآ اِثْمُهٗ عَلَى الَّذِيْنَ يُبَدِّلُوْنَهٗ ۗ اِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٨١﴾	181
প্রতিবর্ণায়ন	ফামাম্ বাদ্দালাহু বা'দা মা-ছামি'আহূ ফাইন্নামা-ইছ্মুহূ 'আলাল্লায্ীনা ইউবাদ্দিলূনাহূ (ط) ইন্নাল্লা-হা ছামীউন্ 'আলীম।	
তরজমা	উহা শ্রবণ করিবার পর যদি কেহ উহার পরিবর্তন সাধন করে, তবে যাহারা পরিবর্তন করিবে অপরাধ তাহাদেরই। নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	فَمَنْ خَافَ مِنْ مُّوْصٍ جَنَفًا اَوْ اِثْمًا فَاَصْلَحَ بَيْنَهُمْ فَلَآ اِثْمَ عَلَيْهِ ۗ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٨٢﴾	182
প্রতিবর্ণায়ন	ফামান খা-ফা মিম্মূছিং জানাফান আও ইছ্মাং ফাআসলাহ্া বাইনাহুম ফালা~ ইছ্মা 'আলাইহি (ط) ইন্নাল্লা-হা গাফূরুর রাহ্ীম।	
তরজমা	তবে যদি কেহ ওসিয়াতকারীর পক্ষপাতিত্ব কিংবা অন্যায়ের আশংকা করে, অতঃপর সে তাহাদের মধ্যে মীমাংসা করিয়া দেয়, তবে তাহার কোন অপরাধ নাই। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম দয়ালু।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٨٣﴾	183
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায্ীনা আ-মানূ কুতিবা 'আলাইকুমস্সিয়া-মু কামা-কুতিবা 'আলাল্লায্ীনা মিং ক্াবলিকুম্ লা'আল্লাকুম তাত্তাক্ূন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেওয়া হইল, যেমন বিধান তোমাদের পূর্ববর্তীগণকে দেওয়া হইয়াছিল, যাহাতে তোমরা মুত্তাকী হইতে পার-	

	أَيَّامًا مَّعْدُودَاتٍ ۚ فَمَن كَانَ مِنكُم مَّرِيضًا أَوْ عَلَىٰ سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ أَيَّامٍ أُخَرَ ۚ وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فِدْيَةٌ طَعَامُ مِسْكِينٍ ۖ فَمَن تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَّهُ ۚ وَأَن تَصُومُوا خَيْرٌ لَّكُمْ ۖ إِن كُنتُمْ تَعْلَمُونَ ﴿١٨٤﴾	184
প্রতিবর্ণায়ন	আইয়া–মাম্মা‘দূদা–তিং (ط) ফামাং কা–না মিংকুম মারীদ়ান্ আও ‘আলা–ছাফারিং ফা‘ইদ্দাতুম্ মিন্ আইয়া–মিন উখারা (ط) ওয়া ‘আলাল্লায়ীনা ইউত়ীকূ়নাহূ ফিদ্‌ইয়াতুং ত়া‘আ–মু মিছ্‌কীনিং (ط) ফামাং তাত়াওওয়া‘আ খাইরাং ফাহুওয়া খাইরুল্লাহূ (ط) ওয়া আং তাসূমূ খাইরুল্লাকুম ইং কুংতুম তা‘লামূন।	
তরজমা	সিয়াম নির্দিষ্ট কয়েক দিনের জন্য। তোমাদের মধ্যে কেহ পীড়িত হইলে বা সফরে থাকিলে অন্য সময় এই সংখ্যা পূরণ করিয়া লইতে হইবে। ইহা যাহাদেরকে সাতিশয় কষ্ট দেয় তাহাদের কর্তব্য ইহার পরিবর্তে ফিদ্‌য়া- একজন অভাবগ্রস্তকে খাদ্য দান করা। যদি কেহ স্বতঃস্ফূর্তভাবে সৎকাজ করে তবে উহা তাহার পক্ষে অধিক কল্যাণকর। আর সিয়াম পালন করাই তোমাদের জন্য অধিকতর কল্যাণপ্রসূ যদি তোমরা জানিতে।	
	شَهْرُ رَمَضَانَ الَّذِي أُنزِلَ فِيهِ الْقُرْآنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنَاتٍ مِّنَ الْهُدَىٰ وَالْفُرْقَانِ ۚ فَمَن شَهِدَ مِنكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ۖ وَمَن كَانَ مَرِيضًا أَوْ عَلَىٰ سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ أَيَّامٍ أُخَرَ ۗ يُرِيدُ اللَّهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيدُ بِكُمُ الْعُسْرَ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللَّهَ عَلَىٰ مَا هَدَاكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿١٨٥﴾	185
প্রতিবর্ণায়ন	শাহরু রামাদ়া–নাল্লায়ী~ উংঝিলা ফীহি়ল্ কু়রআ–নু হুদাল্ লিন্না–ছি ওয়া বাইয়িনা–তিম্ মিনাল্ হুদা– ওয়াল ফুরক়া–নি (ج) ফামাং শাহিদা মিংকুমুশ্‌শাহ্‌রা ফালইয়াসুমহু (ط) ওয়া মাং কা–না মারীদ়ান্ আও ‘আলা–ছাফারিং ফা‘ইদ্দাতুম্ মিন্ আইয়া–মিন উখারা– (ط) ইউরীদুল্লা–হু বিকুমুল ইউছরা ওয়ালা– ইউরীদু বিকুমুল ‘উছরা (ز) ওয়ালিতুক্‌মিলুল্ ‘ইদ্দাতা ওয়া লিতুকাব্বিরুল্লা–হা ‘আলা–মা–হাদা–কুম ওয়া লা‘আল্লাকুম্ তাশকরূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	রামাযান মাস, ইহাতে মানুষের দিশারী এবং সৎপথের স্পষ্ট নিদর্শন ও সত্যাসত্যের পার্থক্যকারীরূপে কুরআন অবতীর্ণ হইয়াছে। সুতরাং তোমাদের মধ্যে যাহারা এই মাস পাইবে তাহারা যেন এই মাসে সিয়াম পালন করে। এবং কেহ পীড়িত থাকিলে কিংবা সফরে থাকিলে অন্য সময় এই সংখ্যা পূরণ করিবে। আল্লাহ্ তোমাদের জন্য যাহা সহজ তাহা চাহেন এবং যাহা তোমাদের জন্য কষ্টকর তাহা চাহেন না এইজন্য যে, তোমরা সংখ্যা পূর্ণ করিবে এবং তোমাদেরকে সৎপথে পরিচালিত করিবার কারণে তোমরা আল্লাহ্র মহিমা ঘোষণা করিবে এবং যাহাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করিতে পার।	
	وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيبٌ ۖ أُجِيبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ ۙ فَلْيَسْتَجِيبُوا لِي وَلْيُؤْمِنُوا بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ ﴿١٨٦﴾	**186**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা–ছাআলাকা ‘ইবা–দী ‘আন্নী ফাইন্নী কারীবুন্ (ط) উজীবু দা‘ওয়াতাদ্দা–‘ই ইযা–দা‘আ–নি (ۙ) ফাল্ইয়াছ্তাজীবূলী ওয়াল্ ইউ’মিনূ বী লা‘আল্লাহুম্ ইয়ার্শুদূন।	
তরজমা	আমার বান্দাগণ যখন আমার সম্বন্ধে তোমাকে প্রশ্ন করে, আমি তো নিকটেই। প্রার্থনাকারী যখন আমার নিকট প্রার্থনা করে আমি তাহার প্রার্থনায় সাড়া দেই। সুতরাং তাহারাও আমার ডাকে সাড়া দিক এবং আমার প্রতি ঈমান আনুক, যাহাতে তাহারা ঠিক পথে চলিতে পারে।	
	أُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إِلَىٰ نِسَائِكُمْ ۚ هُنَّ لِبَاسٌ لَكُمْ وَأَنْتُمْ لِبَاسٌ لَهُنَّ ۗ عَلِمَ اللَّهُ أَنَّكُمْ كُنْتُمْ تَخْتَانُونَ أَنْفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ ۖ فَالْآنَ بَاشِرُوهُنَّ وَابْتَغُوا مَا كَتَبَ اللَّهُ لَكُمْ ۚ وَكُلُوا وَاشْرَبُوا حَتَّىٰ يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ ۖ ثُمَّ أَتِمُّوا الصِّيَامَ إِلَى اللَّيْلِ ۚ وَلَا تُبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ ۗ تِلْكَ حُدُودُ اللَّهِ فَلَا تَقْرَبُوهَا ۗ كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ آيَاتِهِ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُونَ ﴿١٨٧﴾	**187**

প্রতিবর্ণায়ন	উহি ল্লা লাকুম লাইলাতাসসিয়া–মির্‌রাফাছু ইলা–নিছা~ইকুম (ط) হুন্না লিবা–ছুল্লাকুম ওয়া আংতুম লিবা–ছুল লাহুন্না (ط) 'আলিমাল্লা–হু আন্নাকুম্ কুংতুম তাখতা–নূনা আংফুছাকুম ফাতা–বা 'আলাইকুম ওয়া 'আফা– 'আংকুম (ج) ফালআ–না বা–শিরূহুন্না ওয়াবতাগূ মা–কাতাবাল্লা–হু লাকুম (ص) ওয়া কুলূ ওয়াশ্‌রাবূ হা ত্তা– ইয়াতাবাইয়ানা লাকুমুল খাইতু ল্ আবইয়াদু মিনাল খাইতি ল্ আছওয়াদি মিনাল ফাজরি (ص) ছু ম্মা আতিম্মুস্ সিয়া–মা ইলাল্লাইলি (ج) ওয়ালা–তুবা–শিরূহুন্না ওয়া আংতুম 'আ–কিফূনা (لا) ফিল্ মাছা–জিদি (ط) তিলকা হু দূদুল্লা–হি ফালা–তাক রাবূহা– (ط) কায া–লিকা ইউবাইয়িনুল্লা–হু আ–য়া–তিহী লিন্না–ছি লা'আল্লাহুম ইয়াত্তাকূ ন।	
তরজমা	সিয়ামের রাত্রে তোমাদের জন্য স্ত্রী–সম্ভোগ বৈধ করা হইয়াছে। তাহারা তোমাদের পরিচ্ছদ এবং তোমরা তাহাদের পরিচ্ছদ। আল্লাহ্ জানেন যে, তোমরা নিজেদের প্রতি অবিচার করিতেছিলে। অতঃপর তিনি তোমাদের প্রতি ক্ষমাশীল হইয়াছেন এবং তোমাদের অপরাধ ক্ষমা করিয়াছেন। সুতরাং এখন তোমরা তাহাদের সঙ্গে সংগত হও এবং আল্লাহ্ যাহা তোমাদের জন্য নির্ধারণ করিয়াছেন তাহা কামনা কর। আর তোমরা পানাহার কর যতক্ষণ রাত্রির কৃষ্ণরেখা হইতে উষার শুভ্ররেখা স্পষ্টরূপে তোমাদের নিকট প্রতিভাত না হয়। অতঃপর নিশাগম পর্যন্ত সিয়াম পূর্ণ কর। তোমরা মসজিদে ই'তিকাফরত অবস্থায় তাহাদের সঙ্গে সংগত হইও না। এইগুলি আল্লাহ্‌র সীমারেখা। সুতরাং এইগুলির নিকটবর্তী হইও না। এইভাবে আল্লাহ্ তাঁহার বিধানাবলী মানব জাতির জন্য সুস্পষ্টভাবে ব্যক্ত করেন, যাহাতে তাহারা মুত্তাকী হইতে পারে।	
	وَلَا تَأْكُلُوٓا۟ أَمْوَٰلَكُم بَيْنَكُم بِٱلْبَٰطِلِ وَتُدْلُوا۟ بِهَآ إِلَى ٱلْحُكَّامِ لِتَأْكُلُوا۟ فَرِيقًا مِّنْ أَمْوَٰلِ ٱلنَّاسِ بِٱلْإِثْمِ وَأَنتُمْ تَعْلَمُونَ ﴿١٨٨﴾	188
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তা'কুলূ~ আম্‌ওয়া– লাকুম বাইনাকুম বিল্‌বা–তি লি ওয়াতুদ্‌লূ বিহা~ ইলাল হু ক্কা–মি লিতা'কুলূ ফারীক াম্ মিন আমওয়া–লিন্না–ছি বিলইছ্ মি ওয়া আংতুম তা'লামুন।	
তরজমা	তোমরা নিজেদের মধ্যে একে অন্যের অর্থ–সম্পদ অন্যায়ভাবে গ্রাস করিও না এবং মানুষের ধন–সম্পত্তির কিয়দংশ জানিয়া–শুনিয়া অন্যায়ভাবে গ্রাস করিবার উদ্দেশ্যে উহা বিচারকগণের নিকট পেশ করিও না।	

	يَسْـَٔلُوْنَكَ عَنِ الْاَهِلَّةِ ؕ قُلْ هِىَ مَوَاقِيْتُ لِلنَّاسِ وَالْحَجِّ ؕ وَلَيْسَ الْبِرُّ بِاَنْ تَاْتُوا الْبُيُوْتَ مِنْ ظُهُوْرِهَا وَلٰكِنَّ الْبِرَّ مَنِ اتَّقٰى ۚ وَاْتُوا الْبُيُوْتَ مِنْ اَبْوَابِهَا ۪ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿١٨٩﴾	189
প্রতিবর্ণায়ন	ইয়াছ্আলূনাকা ‘আনিল আহিল্লাতি (ط) কু'ল হিয়া মাওয়া–ক'ীতু লিন্না–ছি ওয়ালহ'াজ্জি (ط) ওয়া লাইছাল বিররু বিআং তা'তুল বুয়ূতা মিং জু'হুরিহা– ওয়ালা–কিন্নাল্‌বির্‌রা মানিত্তাক'া– (ج) ওয়া'তুল্‌ বুয়ূতা মিন্‌ আব্‌ওয়া–বিহা– (ص) ওয়াত্তাকু'ল্লা–হা লা‘আল্লাকুম তুফলিহু'ন।	
তরজমা	লোকে তোমাকে নূতন চাঁদ সম্বন্ধে প্রশ্ন করে। বল, ‘উহা মানুষ এবং হজ্জের জন্য সময়-নির্দেশক।’ পশ্চাৎদিক দিয়া তোমাদের গৃহে প্রবেশ করাতে কোন পুণ্য নাই; কিন্তু পুণ্য আছে কেহ তাক্‌ওয়া অবলম্বন করিলে। সুতরাং তোমরা দ্বার দিয়া গৃহে প্রবেশ কর, তোমরা আল্লাহ্‌কে ভয় কর, যাহাতে তোমরা সফলকাম হইতে পার।	
	وَقَاتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يُقَاتِلُوْنَكُمْ وَلَا تَعْتَدُوْا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ﴿١٩٠﴾	190
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া–তিলূ ফী ছাবীলিল্লা–হিল্লায'ীনা ইউক'া–তিলূনাকুম ওয়ালা–তা‘তাদূ (ط) ইন্নাল্লা–হা লা–ইউহি'ব্‌বুল মু‘তাদীন।	
তরজমা	যাহারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে তোমরাও আল্লাহ্‌র পথে তাহাদের বিরুদ্ধে যুদ্ধ কর ; কিন্তু সীমালংঘন করিও না। নিশ্চয়ই আল্লাহ্‌ সীমলংঘন-কারিগণকে ভালবাসেন না।	
	وَاقْتُلُوْهُمْ حَيْثُ ثَقِفْتُمُوْهُمْ وَاَخْرِجُوْهُمْ مِّنْ حَيْثُ اَخْرَجُوْكُمْ وَالْفِتْنَةُ اَشَدُّ مِنَ الْقَتْلِ ۚ وَلَا تُقٰتِلُوْهُمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ حَتّٰى يُقٰتِلُوْكُمْ فِيْهِ ۚ فَاِنْ قٰتَلُوْكُمْ فَاقْتُلُوْهُمْ ؕ كَذٰلِكَ جَزَآءُ الْكٰفِرِيْنَ ﴿١٩١﴾	191
প্রতিবর্ণায়ন	ওয়াক'তুলূহুম্‌ হ'াইছু' ছ'াকি'ফতুমূহুম ওয়া আখরিজূহুম মিন হ'াইছু' আখরাজূকুম্‌ ওয়াল্‌ ফিতনাতু আশাদ্দু মিনাল ক'াতলি (ج) ওয়ালা–তুক'া–তিলূহুম্‌ ‘ইংদাল মাছ্‌জিদিল হ'ারা–মি হ'াত্তা– ইউক'া–তিলূকুম্‌ ফীহি (ج) ফাইং ক'া–তালূকুম্‌ ফাক'তুলূহুম (ط) কায'া–লিকা জাঝা~উল কা–ফিরীন্‌।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	যেখানে তাহাদেরকে পাইবে হত্যা করিবে এবং যে স্থান হইতে তাহারা তোমাদেরকে বহিষ্কার করিয়াছে তোমরাও সেই স্থান হইতে তাহাদেরকে বহিষ্কার করিবে। ফিতনা হত্যা অপেক্ষা গুরুতর। মসজিদুল হারামের নিকট তোমরা তাহাদের সঙ্গে যুদ্ধ করিবে না, যে পর্যন্ত তাহারা সেখানে তোমাদের সঙ্গে যুদ্ধ না করে। যদি তাহারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে তবে তোমরা তাহাদেরকে হত্যা করিবে, ইহাই কাফিরদের পরিণাম।	
	فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٩٢﴾	192
প্রতিবর্ণায়ন	ফাইনিং তাহাও ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ ীম।	
তরজমা	যদি তাহারা বিরত হয় তবে নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَقٰتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ لِلّٰهِ ط فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظّٰلِمِيْنَ ﴿١٩٣﴾	193
প্রতিবর্ণায়ন	ওয়া ক া-তিলূহুম হ াত্তা-লা-তাকূনা ফিতনাতুওঁ ওয়া ইয়াকূনাদ্দীনু লিল্লা-হি (ط) ফাইনিং তাহাও ফালা- 'উদওয়া-না ইল্লা-'আলাজ্জ া-লিমীন।	
তরজমা	আর তোমরা তাহাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে থাকিবে যাবত ফিতনা দূরীভূত না হয় এবং আল্লাহ্র দীন প্রতিষ্ঠিত না হয়। যদি তাহারা বিরত হয় তবে জালিমদেরকে ব্যতীত আর কাহাকেও আক্রমণ করা চলিবে না।	
	اَلشَّهْرُ الْحَرَامُ بِالشَّهْرِ الْحَرَامِ وَالْحُرُمٰتُ قِصَاصٌ ط فَمَنِ اعْتَدٰى عَلَيْكُمْ فَاعْتَدُوْا عَلَيْهِ بِمِثْلِ مَا اعْتَدٰى عَلَيْكُمْ ص وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا أَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٩٤﴾	194
প্রতিবর্ণায়ন	আশ্শাহরুল হ ারা-মু বিশ্শাহরিল হ ারা-মি ওয়াল্ হু রুমা-তু কি সা-সুং (ط) ফামানি'তাদা- 'আলাইকুম ফা'তাদূ'আলাইহি বিমিছ লি মা'তাদা- 'আলাইকুম (ص) ওয়াত্তাকু ল্লা-হা ওয়া'লামু˜ আন্নাল্লা-হা মা'আল মুত্তাক ীন।	
তরজমা	পবিত্র মাস পবিত্র মাসের বিনিময়ে। যাহার পবিত্রতা অলঙ্ঘনীয় তাহার অবমাননা সকলের জন্য সমান। সুতরাং যে কেহ তোমাদেরকে আক্রমণ করিবে তোমরাও তাহাকে অনুরূপ আক্রমণ করিবে এবং তোমরা আল্লাহ্কে ভয় কর এবং জানিয়া রাখ যে, আল্লাহ্ অবশ্যই মুত্তাকীদের সঙ্গে থাকেন।	
	وَأَنْفِقُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا تُلْقُوْا بِأَيْدِيْكُمْ إِلَى التَّهْلُكَةِ ج وَأَحْسِنُوْا ج إِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٩٥﴾	195
প্রতিবর্ণায়ন	ওয়া আংফিকূ ফী ছাবীলিল্লা-হি ওয়ালা-তুল্কূ বিআইদীকুম ইলাত্তাহ্লুকাতি (ج) ওয়া আহ ছিনূ (ج) ইন্নাল্লা-হ া ইউহি ব্বুল মুহ ছিনীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	তোমরা আল্লাহ্‌র পথে ব্যয় কর এবং নিজেদের হাতে নিজে-দেরকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করিও না। তোমরা সৎকাজ কর, আল্লাহ্ সৎকর্মপরায়ণ লোককে ভালবাসেন।	
	وَأَتِمُّوا الْحَجَّ وَالْعُمْرَةَ لِلَّهِ ۚ فَإِنْ أُحْصِرْتُمْ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۖ وَلَا تَحْلِقُوا رُءُوسَكُمْ حَتَّىٰ يَبْلُغَ الْهَدْيُ مَحِلَّهُ ۚ فَمَن كَانَ مِنكُم مَّرِيضًا أَوْ بِهِ أَذًى مِّن رَّأْسِهِ فَفِدْيَةٌ مِّن صِيَامٍ أَوْ صَدَقَةٍ أَوْ نُسُكٍ ۚ فَإِذَا أَمِنتُمْ فَمَن تَمَتَّعَ بِالْعُمْرَةِ إِلَى الْحَجِّ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ فَمَن لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلَاثَةِ أَيَّامٍ فِي الْحَجِّ وَسَبْعَةٍ إِذَا رَجَعْتُمْ ۗ تِلْكَ عَشَرَةٌ كَامِلَةٌ ۗ ذَٰلِكَ لِمَن لَّمْ يَكُنْ أَهْلُهُ حَاضِرِي الْمَسْجِدِ الْحَرَامِ ۚ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ ﴿١٩٦﴾	**196**
প্রতিবর্ণায়ন	ওয়া আতিম্মুল হাজ্জা ওয়াল্ ‘উম্‌রাতা লিল্লা-হি (ط) ফাইন্ উহ্‌সিরতুম্ ফামাছ্ তাইছারা মিনাল্ হাদ্‌য়ি (ج) ওয়ালা- তাহ্‌লিকূ রুউছাকুম্ হাত্তা- ইয়াবলুগাল হাদইউ মাহিল্লা-হূ (ط) ফামাং কা-না মিংকুম্ মারীদান্ আও বিহী~আযাম্ মির রা’ছিহী ফাফিদ্‌ইয়াতুম মিং সিয়া-মিন আও সাদাকাতিন আও নুছুকিং (ج) ফাইযা-আমিংতুম (وقفة) ফামাং তামাত্তা‘আ বিল ‘উমরাতি ইলাল্ হাজ্জি ফামাছ্‌তাইছারা মিনাল্ হাদয়ি (ج) ফামাল্লাম ইয়াজিদ ফাসিয়া-মু ছালা-ছাতি আইয়া-মিং ফিল্ হাজ্জি ওয়া ছাব্‘আতিন ইযা-রাজা‘তুম (ط) তিল্‌কা ‘আশারাতুং কা-মিলাতুং (ط) যা-লিকা লিমাল্লাম্ ইয়াকুন্ আহলুহূ হা-দিরিল্ মাছজিদিল্ হারা-মি (ط) ওয়াত্তাকুল্লা-হা ওয়া‘লামূ আন্নাল্লা-হা শাদীদুল ‘ইকা-ব।	
তরজমা	তোমরা আল্লাহ্‌র উদ্দেশ্যে হজ্জ ও উমরা পূর্ণ কর, কিন্তু তোমরা যদি বাধাপ্রাপ্ত হও তবে সহজলভ্য কুরবানী করিও। যে পর্যন্ত কুরবানীর পশু উহার স্থানে না পৌঁছে তোমরা মস্তক মুণ্ডন করিও না। তোমাদের মধ্যে যদি কেহ পীড়িত হয় কিংবা মাথায় ক্লেশ থাকে তবে সিয়াম কিংবা সাদাকা অথবা কুরবানীর দ্বারা উহার ফিদ্‌য়া দিবে। যখন তোমরা নিরাপদ হইবে তখন তোমাদের মধ্যে যে ব্যক্তি হজ্জের প্রাক্কালে উমরা দ্বারা লাভবান হইতে চায় সে সহজলভ্য কুরবানী করিবে। কিন্তু যদি কেহ উহা না পায় তবে তাহাকে হজ্জের সময় তিনদিন এবং গৃহে প্রত্যাবর্তনের পর সাতদিন-এই পূর্ণ দশদিন সিয়াম পালন করিতে হইবে। ইহা তাহাদের জন্য, যাহাদের পরিজনবর্গ মসজিদুল হারামের বাসিন্দা নয়। আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ শাস্তি দানে কঠোর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَلْحَجُّ اَشْهُرٌ مَّعْلُوْمٰتٌ ۚ فَمَنْ فَرَضَ فِيْهِنَّ الْحَجَّ فَلَا رَفَثَ وَلَا فُسُوْقَ ۙ وَلَا جِدَالَ فِي الْحَجِّ ؕ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ يَّعْلَمْهُ اللّٰهُ ؕ وَتَزَوَّدُوْا فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى ۚ وَاتَّقُوْنِ يٰۤاُولِي الْاَلْبَابِ ﴿١٩٧﴾	197
প্রতিবর্ণায়ন	আলহ্াজ্জু আশ্হুরুম মা‘লূমা-তুং (ج) ফামাং ফারাদ্া ফীহিন্নাল্ হ্াজ্জা ফালা-রাফাছ্া ওয়ালা-ফুছূক্া ওয়ালা- জিদা-লা ফিল্ হ্াজ্জি (ط) ওয়ামা-তাফ্‘আলূ মিন খাইরিইঁ ইয়া‘লাম হুল্লা-হু (ط) ওয়া তাঝাওওয়াদূ ফাইন্না খাইরাঝ্ঝা-দিত্তাক্ওয়া- (ز) ওয়াত্তাকূ্নি ইয়া~ উলিল আল্বা-ব।	
তরজমা	হজ্জ হয় সুনির্দিষ্ট মাসসমূহে। অতঃপর যে কেহ এই মাসগুলিতে হজ্জ করা স্থির করে তাহার জন্য হজ্জের সময়ে স্ত্রী-সম্ভোগ, অন্যায় আচরণ ও কলহ-বিবাদ বিধেয় নহে। তোমরা উত্তম কাজের যাহা কিছু কর আল্লাহ্ তাহা জানেন এবং তোমরা পাথেয়ের ব্যবস্থা করিও, আত্মসংযমই শ্রেষ্ঠ পাথেয়। হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! তোমরা আমাকে ভয় কর।	
	لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ ؕ فَاِذَاۤ اَفَضْتُمْ مِّنْ عَرَفٰتٍ فَاذْكُرُوا اللّٰهَ عِنْدَ الْمَشْعَرِ الْحَرَامِ ۪ وَاذْكُرُوْهُ كَمَا هَدٰىكُمْ ۚ وَاِنْ كُنْتُمْ مِّنْ قَبْلِهٖ لَمِنَ الضَّآلِّيْنَ ﴿١٩٨﴾	198
প্রতিবর্ণায়ন	লাইছা ‘আলাইকুম জুনা-হু্ন্ আং তাবতাগূ ফাদ্লাম্ মির্রাব্বিকুম (ط) ফাইযা~আফাদ্তুম্ মিন ‘আরাফা-তিং ফায্কুরুল্লা-হা ‘ইংদাল্ মাশ‘আরিল্ হ্ারা-মি (ص) ওয়ায্কুরুহু কামা-হাদা-কুম (ج) ওয়া ইং কুংতুম মিং ক্াবলিহী লামিনাদ্দ্া~ল্লীন।	
তরজমা	তোমাদের প্রতিপালকের অনুগ্রহ সন্ধান করাতে তোমাদের কোন পাপ নাই। যখন তোমরা ‘আরাফাত হইতে প্রত্যাবর্তন করিবে তখন মাশ‘আরুল হারামের নিকট পৌঁছিয়া আল্লাহ্কে স্মরণ করিবে এবং তিনি যেভাবে নির্দেশ দিয়াছেন ঠিক সেইভাবে স্মরণ করিবে; যদিও ইতিপূর্বে তোমরা বিভ্রান্তদের অন্তর্ভুক্ত ছিলে।	
	ثُمَّ اَفِيْضُوْا مِنْ حَيْثُ اَفَاضَ النَّاسُ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٩٩﴾	199
প্রতিবর্ণায়ন	ছু্ম্মা আফীদূ মিন্ হ্াইছু্ আফা-দ্ান্না-ছু ওয়াছ্তাগ্ফিরুল্লা-হা (ط) ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্ীম।	
তরজমা	অতঃপর অন্যান্য লোক যেখান হইতে প্রত্যাবর্তন করে তোমরাও সেই স্থান হইতে প্রত্যাবর্তন করিবে। আর আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করিবে, নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	

| --- | --- | --- |
	فَاِذَا قَضَيۡتُمۡ مَّنَاسِكَكُمۡ فَاذۡكُرُوا اللّٰهَ كَذِكۡرِكُمۡ اٰبَآءَكُمۡ اَوۡ اَشَدَّ ذِكۡرًا ؕ فَمِنَ النَّاسِ مَنۡ يَّقُوۡلُ رَبَّنَآ اٰتِنَا فِى الدُّنۡيَا وَمَا لَهٗ فِى الۡاٰخِرَةِ مِنۡ خَلَاقٍ ﴿۲۰۰﴾	**200**
প্রতিবর্ণায়ন	ফাইয া-ক াদ াইতুম মানা-ছিকাকুম ফায কুরুল্লা-হা কাযি করিকুম আ-বা~আকুম আও আশাদ্দা যি করাং (ط) ফামিনান্না-ছি মাইঁ ইয়াকূ লু রাব্বানা ˜আ-তিনা- ফিদ্দুনইয়া-ওয়ামা-লাহু ফিল আ-খিরাতি মিন্ খালা-ক ।	
তরজমা	অতঃপর যখন তোমরা হজ্জের অনুষ্ঠানাদি সমাপ্ত করিবে তখন আল্লাহ্কে এমনভাবে স্মরণ করিবে যেমন তোমরা তোমাদের পিতৃপুরুষগণকে স্মরণ করিতে, অথবা তদপেক্ষা অভিনিবেশ সহকারে। মানুষের মধ্যে যাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ইহকালেই দাও', বস্তুত পরকালে তাহাদের জন্য কোন অংশ নাই।	
	وَمِنۡهُمۡ مَّنۡ يَّقُوۡلُ رَبَّنَآ اٰتِنَا فِى الدُّنۡيَا حَسَنَةً وَّفِى الۡاٰخِرَةِ حَسَنَةً وَّقِنَا عَذَابَ النَّارِ ﴿۲۰۱﴾	**201**
প্রতিবর্ণায়ন	ওয়া মিন্হুম মাইঁইয়াকূ লু রাব্বানা ˜আ-তিনা-ফিদ্দুনইয়া-হ াছানাতাওঁ ওয়া ফিল্ আ-খিরাতি হ াছানাতাওঁ ওয়া কি না-'আয া-বান্না-র।	
তরজমা	আর তাহাদের মধ্যে যাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়াতে কল্যাণ দাও এবং আখিরাতে কল্যাণ দাও এবং আমাদেরকে দোজখের শাস্তি হইতে রক্ষা কর-'	
	اُولٰٓـئِكَ لَهُمۡ نَصِيۡبٌ مِّمَّا كَسَبُوۡا ؕ وَاللّٰهُ سَرِيۡعُ الۡحِسَابِ ﴿۲۰۲﴾	**202**
প্রতিবর্ণায়ন	উলা~ইকা লাহুম নাসীবুম মিম্মা-কাছাবূ (ط) ওয়াল্লা-হু ছারী'উল হি ছা-ব।	
তরজমা	তাহারা যাহা অর্জন করিয়াছে তাহার প্রাপ্য অংশ তাহাদেরই। বস্তুত আল্লাহ্ হিসাব গ্রহণে অত্যন্ত তৎপর।	
	وَاذۡكُرُوا اللّٰهَ فِىۡٓ اَيَّامٍ مَّعۡدُوۡدٰتٍ ؕ فَمَنۡ تَعَجَّلَ فِىۡ يَوۡمَيۡنِ فَلَآ اِثۡمَ عَلَيۡهِ ۚ وَمَنۡ تَاَخَّرَ فَلَآ اِثۡمَ عَلَيۡهِ ۙ لِمَنِ اتَّقٰى ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاعۡلَمُوۡٓا اَنَّكُمۡ اِلَيۡهِ تُحۡشَرُوۡنَ ﴿۲۰۳﴾	**203**
প্রতিবর্ণায়ন	ওয়ায্ কুরুল্লা-হা ফী˜আইয়া-মিম্ মা'দূদা-তিং (ط) ফামাং তা'আজ্জালা ফী ইয়াওমাইনি ফালা-ইছ মা 'আলাইহি (ج) ওয়ামাং তাআখ্খারা ফালা-ইছ মা 'আলাইহি (لا) লিমানিত্তাক া- (ط) ওয়াত্তাকু ল্লা-হা ওয়া'লামূ˜ আন্নাকুম ইলাইহি তুহ শারূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তোমরা নির্দিষ্ট সংখ্যক দিনগুলিতে আল্লাহ্‌কে স্মরণ করিবে। যদি কেহ তাড়াতাড়ি করিয়া দুই দিনে চলিয়া আসে তবে তাহার কোন পাপ নাই, আর যদি কেহ বিলম্ব করে তবে তাহারও কোন পাপ নাই। ইহা তাহার জন্য, যে তাক্‌ওয়া অবলম্বন করে। তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, তোমাদেরকে অবশ্যই তাঁহার নিকট একত্র করা হইবে।	
	وَمِنَ النَّاسِ مَنْ يُّعْجِبُكَ قَوْلُهٗ فِى الْحَيٰوةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللّٰهَ عَلٰى مَا فِىْ قَلْبِهٖ ۙ وَهُوَ اَلَدُّ الْخِصَامِ ﴿٢٠٤﴾	**204**
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্না-ছি মাই ইউ‘জিবুকা ক্বাওলুহূ ফিল্ হ্বায়া-তিদ্দুনইয়া-ওয়া ইউশ্‌হিদুল্লা-হা ‘আলা-মা-ফী ক্বালবিহী (ۙ) ওয়াহুওয়া আলাদ্দুল খিসা-ম।	
তরজমা	আর মানুষের মধ্যে এমন ব্যক্তি আছে, পার্থিব জীবন সম্বন্ধে যাহার কথাবার্তা তোমাকে চমৎকৃত করে এবং তাহার অন্তরে যাহা আছে সে সম্বন্ধে আল্লাহ্‌কে সাক্ষী রাখে। প্রকৃতপক্ষে সে ভীষণ কলহপ্রিয়।	
	وَاِذَا تَوَلّٰى سَعٰى فِى الْاَرْضِ لِيُفْسِدَ فِيْهَا وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ الْفَسَادَ ﴿٢٠٥﴾	**205**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-তাওয়াল্লা-ছা‘আ-ফিল্ আরদি্ব লিইউফ্‌ছিদা ফীহা-ওয়া ইউহলিকাল্ হ্বারছা ওয়ান্নাছলা (ط) ওয়াল্লা-হু লা-ইউহি্ব্বুল ফাছা-দ।	
তরজমা	যখন সে প্রস্থান করে তখন সে পৃথিবীতে অশান্তি সৃষ্টির এবং শস্যক্ষেত্র ও জীবজন্তু নিপাতের চেষ্টা করে। আর আল্লাহ্ অশান্তি পসন্দ করেন না।	
	وَاِذَا قِيْلَ لَهُ اتَّقِ اللّٰهَ اَخَذَتْهُ الْعِزَّةُ بِالْاِثْمِ فَحَسْبُهٗ جَهَنَّمُ ؕ وَلَبِئْسَ الْمِهَادُ ﴿٢٠٦﴾	**206**
প্রতিবর্ণায়ন	ওয়াইযা-ক্বীলা লাহুত্তাক্বিল্লা-হা আখাযাত্‌হুল ‘ইয্‌যাতু বিল্ইছমি ফাহাছ্‌বহু জাহান্নামু (ط) ওয়ালাবি’ছাল মিহা-দ।	
তরজমা	যখন তাহাকে বলা হয়, ‘তুমি আল্লাহ্‌কে ভয় কর’, তখন তাহার আত্মাভিমান তাহাকে পাপানুষ্ঠানে লিপ্ত করে, সুতরাং জাহান্নামই তাহার জন্য যথেষ্ট। নিশ্চয়ই উহা নিকৃষ্ট বিশ্রামস্থল।	
	وَمِنَ النَّاسِ مَنْ يَّشْرِىْ نَفْسَهُ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ ؕ وَاللّٰهُ رَءُوْفٌ ۢ بِالْعِبَادِ ﴿٢٠٧﴾	**207**
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্না-ছি মাঁই ইয়াশরী নাফছাহুব তিগা~আ মারদ্বা-তিল্লাহি (ط) ওয়াল্লা-হু রাউফুম্ বিল‘ইবা-দ।	
তরজমা	মানুষের মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহ্‌র সন্তুষ্টি লাভার্থে আত্ম-বিক্রয় করিয়া থাকে। আল্লাহ্ তাঁহার বান্দাগণের প্রতি অত্যন্ত দয়ার্দ্র।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ادْخُلُوْا فِي السِّلْمِ كَآفَّةً ۪ وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿۲۰۸﴾	**208**
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায ীনা আ-মানুদ্‌খুলূ ফিছ্‌ছিল্‌মি কা~ফ্‌ফাতাওঁ (ص) ওয়ালা-তাত্তাবি'উ খুতু ওয়া-তিশ্‌শাইত া-নি ; ইন্নাহু লাকুম 'আদুওউম্‌ মুবীন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা সর্বাত্মকভাবে ইসলামে প্রবেশ কর এবং শয়তানের পদাংক অনুসরণ করিও না। নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য শত্রু।	
	فَاِنْ زَلَلْتُمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَتْكُمُ الْبَيِّنٰتُ فَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿۲۰۹﴾	**209**
প্রতিবর্ণায়ন	ফাইং ঝালাল্‌তুম্‌ মিম্‌ বা'দি মা-জা~আতকুমুল্‌ বাইয়িনা-তু ফা'লামূ˜ আন্নাল্লা-হা, 'আঝীঝুন্‌ হ াকীম।	
তরজমা	সুস্পষ্ট নিদর্শন তোমাদের নিকট আসিবার পর যদি তোমাদের পদস্খলন ঘটে তবে জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্ মহাপরাক্রান্ত, প্রজ্ঞাময়।	
	هَلْ يَنْظُرُوْنَ اِلَّآ اَنْ يَّاْتِيَهُمُ اللّٰهُ فِيْ ظُلَلٍ مِّنَ الْغَمَامِ وَالْمَلٰٓئِكَةُ وَقُضِيَ الْاَمْرُ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿۲۱۰﴾	**210**
প্রতিবর্ণায়ন	হাল ইয়াংজু রূনা ইল্লা-আইঁয়া'তিয়াহুমুল্লা-হু ফী জু লালিম্‌ মিনাল্‌ গামা-মি ওয়াল্‌মালা~ইকাতু ওয়া কু দি য়াল্‌ আমরু (ص) ওয়া ইলাল্লা-হি তুর্‌জা'উল্‌ উমূর।	
তরজমা	তাহারা শুধু ইহার প্রতীক্ষায় রহিয়াছে যে, আল্লাহ্ ও ফিরিশতাগণ মেঘের ছায়ায় তাহাদের নিকট উপস্থিত হইবেন, তৎপর সব কিছুর মীমাংসা হইয়া যাইবে। সমস্ত বিষয় আল্লাহ্‌রই নিকট প্রত্যাবর্তিত হইবে।	
	سَلْ بَنِيْٓ اِسْرَآءِيْلَ كَمْ اٰتَيْنٰهُمْ مِّنْ اٰيَةٍۢ بَيِّنَةٍ ؕ وَمَنْ يُّبَدِّلْ نِعْمَةَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُ فَاِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿۲۱۱﴾	**211**
প্রতিবর্ণায়ন	ছাল্‌ বানী˜ইছরা~ঈলা কাম্‌ আ-তাইনা-হুম মিন্‌ আ-য়াতিম্‌ বাইয়িনাতিওঁ (ص) ওয়া মাইঁ ইউবাদ্দিল নি'মাতাল্লা-হি মিম্‌ বা'দি মা-জা~আত্‌হু ফাইন্নাল্লা-হা শাদীদুল 'ইক া-ব।	
তরজমা	বনী ইস্‌রাঈলকে জিজ্ঞাসা কর, আমি তাহাদেরকে কত স্পষ্ট নিদর্শন প্রদান করিয়াছি! আল্লাহ্‌র অনুগ্রহ আসিবার পর কেহ উহার পরিবর্তন করিলে আল্লাহ্ তো শাস্তিদানে কঠোর।	

	زُيِّنَ لِلَّذِيۡنَ كَفَرُوا الۡحَيٰوةُ الدُّنۡيَا وَيَسۡخَرُوۡنَ مِنَ الَّذِيۡنَ اٰمَنُوۡا ‌ۘ وَالَّذِيۡنَ اتَّقَوۡا فَوۡقَهُمۡ يَوۡمَ الۡقِيٰمَةِ‌ ؕ وَاللّٰهُ يَرۡزُقُ مَنۡ يَّشَآءُ بِغَيۡرِ حِسَابٍ ﴿۲۱۲﴾	212
প্রতিবর্ণায়ন	ঝুইয়িনা লিল্লায ীনা কাফারুল হ ায়া–তুদ্দুনইয়া–ওয়া ইয়াছ্খারূনা মিনাল্লায ীনা আ–মানূ (م)। ওয়াল্লায ী নাত্তাক াও ফাওক াহুম্ ইয়াওমাল্ কি য়া–মাতি (ط) ওয়াল্লা–হু ইয়ারঝুকু মাইঁ ইয়াশা~উ বিগাইরি হি ছা–ব।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদের নিকট পার্থিব জীবন সুশোভিত করা হইয়াছে, তাহারা মু'মিনদেরকে ঠাট্টা-বিদ্রূপ করিয়া থাকে। আর যাহারা তাক্ওয়া অবলম্বন করে কিয়ামতের দিন তাহারা তাহাদের ঊর্ধ্বে থাকিবে। আল্লাহ্ যাহাকে ইচ্ছা অপরিমিত রিযিক দান করেন।	
	كَانَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً ‌ فَبَعَثَ اللّٰهُ النَّبِيّٖنَ مُبَشِّرِيۡنَ وَمُنۡذِرِيۡنَ ۖ وَاَنۡزَلَ مَعَهُمُ الۡكِتٰبَ بِالۡحَـقِّ لِيَحۡكُمَ بَيۡنَ النَّاسِ فِيۡمَا اخۡتَلَفُوۡا فِيۡهِ‌ ؕ وَمَا اخۡتَلَفَ فِيۡهِ اِلَّا الَّذِيۡنَ اُوۡتُوۡهُ مِنۡۢ بَعۡدِ مَا جَآءَتۡهُمُ الۡبَيِّنٰتُ بَغۡيًاۢ بَيۡنَهُمۡ‌ ۚ فَهَدَى اللّٰهُ الَّذِيۡنَ اٰمَنُوۡا لِمَا اخۡتَلَفُوۡا فِيۡهِ مِنَ الۡحَـقِّ بِاِذۡنِهٖ‌ ؕ وَاللّٰهُ يَهۡدِىۡ مَنۡ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسۡتَقِيۡمٍ ﴿۲۱۳﴾	213
প্রতিবর্ণায়ন	কা–নান্না–ছু উম্মাতাওঁ ওয়া–হি দাতাং (قف) ফাবা'আছ াল্লা–হুন্নাবিইয়ীনা মুবাশ্শিরীনা ওয়া মুংযি রীনা (ص) ওয়া আংঝালা মা'আহুমুল্ কিতা–বা বিলহ াক্কি লিইয়াহ কুমা বাইনান্না–ছি ফীমাখ তালাফূ ফীহি (ط) ওয়ামাখ তালাফা ফীহি ইল্লাল্লায ীনা উতূহু মিম্ বা'দি মা–জা~আতহুমুল বাইয়িনা–তু বাগ্ইয়াম্ বাইনাহুম (ج) ফাহাদাল্লা–হুল্লায ীনা আ–মানূ লিমাখ্তালাফূ ফীহি মিনাল হ াক্কি বিইয নিহী (ط) ওয়াল্লা–হু ইয়াহদী মাইঁ ইয়াশা~উ ইলা–সিরা–তি ম মুছতাক ীম।	
তরজমা	সমস্ত মানুষ ছিল একই উম্মত। অতঃপর আল্লাহ্ নবীগণকে সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেন। মানুষেরা যে বিষয়ে মতভেদ করিত তাহাদের মধ্যে সে বিষয়ে মীমাংসার জন্য তিনি তাহাদের সঙ্গে সত্যসহ কিতাব অবতীর্ণ করেন এবং যাহাদেরকে তাহা দেওয়া হইয়াছিল, স্পষ্ট নিদর্শন তাহাদের নিকট আসিবার পরে, তাহারা শুধু পরস্পর বিদ্বেষবশত সেই বিষয়ে বিরোধিতা করিত। যাহারা বিশ্বাস করে, তাহারা যে বিষয়ে ভিন্নমত পোষণ করিত, আল্লাহ্ তাহাদেরকে সে বিষয়ে নিজ অনুগ্রহে সত্যপথে পরিচালিত করেন। আল্লাহ্ যাহাকে ইচ্ছা সরল পথে পরিচালিত করেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَاْتِكُمْ مَّثَلُ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ ؕ مَسَّتْهُمُ الْبَاْسَآءُ وَالضَّرَّآءُ وَ زُلْزِلُوْا حَتّٰى يَقُوْلَ الرَّسُوْلُ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ مَتٰى نَصْرُ اللّٰهِ ؕ اَلَاۤ اِنَّ نَصْرَ اللّٰهِ قَرِيْبٌ ﴿۲۱۴﴾	**214**
প্রতিবর্ণায়ন	আম হ˙াছিব্তুম্ আং তাদ্খুলুল্ জান্নাতা ওয়া লাম্মা– ইয়া’তিকুম্ মাছ˙ালুল্লায˙ীনা খালাও মিং ক˙াব্লিকুম (ط) মাছ্ছাতহুমুল্ বা’ছা~উ ওয়াদ্দ˙ার্রা~উ ওয়াঝুল্ঝিলূ হ˙াত্তা–ইয়াকূ˙লার্ রাছূলু ওয়াল্লায˙ীনা আ–মানূ মা‘আহূ মাতা– নাসরুল্লা–হি (ط) আলা–ইন্না নাসরাল্লা–হি ক˙ারীব।	
তরজমা	তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করিবে–যদিও এখনও তোমাদের নিকট তোমাদের পূর্ববর্তীদের অনুরূপ অবস্থা আসে নাই ? অর্থ–সংকট ও দুঃখ–ক্লেশ তাহাদেরকে স্পর্শ করিয়াছিল এবং তাহারা ভীত ও কম্পিত হইয়াছিল। এমনকি রাসূল এবং তাঁহার সঙ্গে ঈমান আনয়নকারিগণ বলিয়া উঠিয়াছিল, ‘আল্লাহ্র সাহায্য কখন আসিবে ?’ জানিয়া রাখ, অবশ্যই আল্লাহ্র সাহায্য নিকটে।	
	يَسْـَٔلُوْنَكَ مَاذَا يُنْفِقُوْنَ ؕ قُلْ مَاۤ اَنْفَقْتُمْ مِّنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ وَالْاَقْرَبِيْنَ وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَ ابْنِ السَّبِيْلِ ؕ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿۲۱۵﴾	**215**
প্রতিবর্ণায়ন	ইয়াছআলূনাকা মা–য˙া ইউংফিকূ˙না (ط) কু˙ল্ মা˜আংফাক˙তুম্ মিন খাইরিং ফালিলওয়া–লিদাইনি ওয়াল্ আক˙রাবীনা ওয়াল্ ইয়াতা–মা–ওয়াল্ মাছা–কীনি ওয়াবনিছ্ছাবীলি (ط) ওয়ামা–তাফ‘আলূ মিন খাইরিং ফাইন্নাল্লা–হা বিহী ‘আলীম।	
তরজমা	লোকে কি ব্যয় করিবে সে সম্বন্ধে তোমাকে প্রশ্ন করে। বল, ‘যে ধন–সম্পদ তোমরা ব্যয় করিবে তাহা পিতামাতা, আত্মীয়–স্বজন, ইয়াতীম, মিস্কীন এবং মুসাফিরদের জন্য। উত্তম কাজের যাহা কিছু তোমরা কর না কেন আল্লাহ্ তো সে সম্বন্ধে সম্যক অবহিত।	
	كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ ۚ وَعَسٰۤى اَنْ تَكْرَهُوْا شَيْـًٔا وَّهُوَ خَيْرٌ لَّكُمْ ۚ وَعَسٰۤى اَنْ تُحِبُّوْا شَيْـًٔا وَّهُوَ شَرٌّ لَّكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿۲۱۶﴾	**216**
প্রতিবর্ণায়ন	কুতিবা ‘আলাইকুমুল্ কি˙তা–লু ওয়া হুওয়া কুরহুল্লাকুম (ج) ওয়া ‘আছা–আং তাক্রাহূ শাইআওঁ ওয়া হুওয়া খাইরুল্লাকুম (ج) ওয়া ‘আছা˜আং তুহি˙ব্বূ শাইআওঁ ওয়া হুওয়া শার্রুল্লাকুম (ط) ওয়াল্লা–হু ইয়া‘লামু ওয়া আংতুম লা–তা‘লামূন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	তোমাদের জন্য যুদ্ধের বিধান দেওয়া হইল যদিও তোমাদের নিকট ইহা অপ্রিয়। কিন্তু তোমরা যাহা অপসন্দ কর সম্ভবত তাহা তোমাদের জন্য কল্যাণকর এবং যাহা ভালবাস সম্ভবত তাহা তোমাদের জন্য অকল্যাণকর। আল্লাহ্ জানেন আর তোমরা জান না।	
	يَسْـَٔلُوْنَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيْهِ ؕ قُلْ قِتَالٌ فِيْهِ كَبِيْرٌ ؕ وَصَدٌّ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَكُفْرٌۢ بِهٖ وَالْمَسْجِدِ الْحَرَامِ ۗ وَاِخْرَاجُ اَهْلِهٖ مِنْهُ اَكْبَرُ عِنْدَ اللّٰهِ ۚ وَالْفِتْنَةُ اَكْبَرُ مِنَ الْقَتْلِ ؕ وَلَا يَزَالُوْنَ يُقَاتِلُوْنَكُمْ حَتّٰى يَرُدُّوْكُمْ عَنْ دِيْنِكُمْ اِنِ اسْتَطَاعُوْا ؕ وَمَنْ يَّرْتَدِدْ مِنْكُمْ عَنْ دِيْنِهٖ فَيَمُتْ وَهُوَ كَافِرٌ فَاُولٰٓئِكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢١٧﴾	217
প্রতিবর্ণায়ন	ইয়াছআলূনাকা আনিশ্‌শাহরিল হ়ারা-মি কি়তা-লিং ফীহি (ط) কু়ল কি়তা-লুং ফীহি কাবীরুওঁ (ط) ওয়াসাদ্দুন্ ‘আং ছাবীলিল্লা-হি ওয়া কুফরুম্ বিহী ওয়াল্ মাছজিদিল হ়ারা-মি (ق) ওয়া ইখরা-জু আহলিহী মিনহু আকবারু ‘ইংদাল্লা-হি (ج) ওয়াল ফিতনাতু আকবারু মিনাল কা়তলি (ط) ওয়া লা- ইঝা-লূনা ইউকা়-তিলূনাকুম হ়াত্তা- ইয়ারুদ্দূকুম্ ‘আং দীনিকুম ইনিছ্‌তাত়া-‘উ (ط) ওয়া মাইঁ ইয়ারতাদিদ্ মিংকুম ‘আং দীনিহী ফাইয়ামুত ওয়া হুওয়া কা-ফিরুং ফউলা~ইকা হ়াবিত়াত্ আ‘মা-লুহুম ফিদ্দুনইয়া-ওয়াল্ আ-খিরাতি (ج) ওয়া উলা~ইকা আসহ়া-বুন্নারি (ج) হুম ফীহা-খা-লিদুন।	
তরজমা	পবিত্র মাসে যুদ্ধ করা সম্পর্কে লোকে তোমাকে জিজ্ঞাসা করে; বল, ‘উহাতে যুদ্ধ করা ভীষণ অন্যায়।’ কিন্তু আল্লাহ্‌র পথে বাধা দান করা, আল্লাহ্‌কে অস্বীকার করা, মসজিদুল হারামে বাধা দেওয়া এবং উহার বাসিন্দাকে উহা হইতে বহিষ্কার করা আল্লাহ্‌র নিকট তদপেক্ষা অধিক অন্যায়; ফিতনা হত্যা অপেক্ষা গুরুতর অন্যায়।’ তাহারা সর্বদা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে থাকিবে যে পর্যন্ত তোমাদেরকে তোমাদের দীন হইতে ফিরাইয়া না দেয়, যদি তাহারা সক্ষম হয়। তোমাদের মধ্যে যে কেহ স্বীয় দীন হইতে ফিরিয়া যায় এবং কাফিররূপে মৃত্যুমুখে পতিত হয়, দুনিয়া ও আখিরাতে তাহাদের কর্ম নিষ্ফল হইয়া যায়। ইহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَالَّذِيْنَ هَاجَرُوْا وَجٰهَدُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ ۙ اُولٰٓئِكَ يَرْجُوْنَ رَحْمَتَ اللّٰهِ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢١٨﴾	218

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়াল্লায ীনা হা-জারূ ওয়া জা-হাদূ ফী ছাবীলিল্লা-হি (ﻻ) উলা~ইকা ইয়ারজূনা রাহ মাতাল্লা-হি (ط) ওয়াল্লা-হু গাফূরুর্ রাহ ীম।	
তরজমা	যাহারা ঈমান আনে এবং যাহারা হিজরত করে এবং জিহাদ করে আল্লাহ্র পথে, তাহারাই আল্লাহ্র অনুগ্রহ প্রত্যাশা করে। আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম দয়ালু।	
	يَسْـَٔلُوْنَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ؕ قُلْ فِيْهِمَآ اِثْمٌ كَبِيْرٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ ۫ وَاِثْمُهُمَآ اَكْبَرُ مِنْ نَّفْعِهِمَا ؕ وَ يَسْـَٔلُوْنَكَ مَاذَا يُنْفِقُوْنَ ؕ قُلِ الْعَفْوَ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ﴿۲۱۹﴾	219
প্রতিবর্ণায়ন	ইয়াছআলূনাকা ‘আনিল খামরি ওয়াল্ মাইছিরি (ط) কু ল ফীহিমা~ ইছ মুং কাবীরুওঁ ওয়া মানা-ফি‘উ লিন্না-ছি (ز) ওয়া ইছ মুহুমা~ আকবারু মিন্ নাফ‘ইহিমা- (ط) ওয়া ইয়াছআলূনাকা মা-য া- ইউংফিক্ না (ط) কু লিল্ ‘আফওয়া (ط) কায া-লিকা ইউবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-য়া-তি লা‘আল্লাকুম্ তাতাফাক্কারুন।	
তরজমা	লোকে তোমাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, ‘উভয়ের মধ্যে আছে মহাপাপ এবং মানুষের জন্য উপকারও; কিন্তু উহাদের পাপ উপকার অপেক্ষা অধিক।’ লোকে তোমাকে জিজ্ঞাসা করে, কী তাহারা ব্যয় করিবে ? বল, ‘যাহা উদ্বৃত্ত।’ এইভাবে আল্লাহ্ তাঁহার বিধান তোমাদের জন্য সুস্পষ্টরূপে ব্যক্ত করেন, যাহাতে তোমরা চিন্তা কর-	
	فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ؕ وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الْيَتٰمٰى ؕ قُلْ اِصْلَاحٌ لَّهُمْ خَيْرٌ ؕ وَاِنْ تُخَالِطُوْهُمْ فَاِخْوَانُكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ لَاَعْنَتَكُمْ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿۲۲۰﴾	220
প্রতিবর্ণায়ন	ফিদ্দুনইয়া- ওয়াল্ আ-খিরাতি (ط) ওয়া ইয়াছ্আলূনাকা ‘আনিল্ ইয়াতা-মা (ط) কু ল্ ইসলা-হু ল্লাহুম্ খাইরুওঁ (ط) ওয়া ইং তুখা-লিতূ হুম্ ফাইখওয়া-নুকুম্ (ط) ওয়াল্লা-হু ইয়া‘লামুল্ মুফছিদা মিনাল্ মুসলিহি (ط) ওয়ালাও শা~আল্লা-হু লাআ‘নাতাকুম (ط) ইন্নাল্লা-হা ‘আঝীঝুন হ াকীম।	
তরজমা	দুনিয়া ও আখিরাত সম্বন্ধে। লোকে তোমাকে ইয়াতীমদের সম্পর্কে জিজ্ঞাসা করে; বল, ‘তাহাদের জন্য সুব্যবস্থা করা উত্তম।’ তোমরা যদি তাহাদের সঙ্গে একত্র থাক তবে তাহারা তো তোমাদেরই ভাই। আল্লাহ্ জানেন কে হিতকারী এবং কে অনিষ্টকারী। আল্লাহ্ ইচ্ছা করিলে এ বিষয়ে তোমাদেরকে অবশ্যই কষ্টে ফেলিতে পারিতেন। নিশ্চয়ই আল্লাহ্ প্রবল পরাক্রান্ত, প্রজ্ঞাময়।	

	وَلَا تَنْكِحُوا الْمُشْرِكٰتِ حَتّٰى يُؤْمِنَّ ؕ وَلَاَمَةٌ مُّؤْمِنَةٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكَةٍ وَّلَوْ اَعْجَبَتْكُمْ ۚ وَ لَا تُنْكِحُوا الْمُشْرِكِيْنَ حَتّٰى يُؤْمِنُوْا ؕ وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ وَّلَوْ اَعْجَبَكُمْ ؕ اُولٰٓئِكَ يَدْعُوْنَ اِلَى النَّارِ ۖۚ وَاللّٰهُ يَدْعُوْٓا اِلَى الْجَنَّةِ وَالْمَغْفِرَةِ بِاِذْنِهٖ ۚ وَيُبَيِّنُ اٰيٰتِهٖ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٢٢١﴾	**221**
প্রতিবর্ণায়ন	ওয়া লা–তাংকিহু ্ল্ মুশরিকা–তি হ াত্তা–ইউ'মিন্না (ط) ওয়া লাআমাতুম্ মু'মিনাতুন্ খাইরুম্ মিম্ মুশরিকাতিওঁ ওয়ালাও আ'জাবাত্কুম (ج) ওয়ালা–তুংকিহু ্ল মুশরিকীনা হ াত্তা– ইউমিনূ (ط) ওয়ালা 'আবদুম্ মু'মিনুন্ খাইরুম্ মিম্ মুশরিকিওঁ ওয়া লাও আ'জাবাকুম (ط) উলা~ইকা ইয়াদ'ঊনা ইলান্না–রি (ج) ওয়াল্লা–হু ইয়াদ্'উ~ ইলাল জান্নাতি ওয়াল্ মাগ্ফিরাতি বিইয ্নিহী (ج) ওয়া ইউবাইয়িনু আ–য়া–তিহী লিন্না–ছি লা'আল্লাহুম ইয়াতায ্াক্কারুন।	
তরজমা	ঈমান না আনা পর্যন্ত মুশরিক নারীকে তোমরা বিবাহ করিও না-মুশরিক নারী তোমাদেরকে মুগ্ধ করিলেও, নিশ্চয় মু'মিন ক্রীতদাসী তাহা অপেক্ষা উত্তম। ঈমান না আনা পর্যন্ত মুশরিক পুরুষের সঙ্গে তোমরা বিবাহ দিও না-মুশরিক পুরুষ তোমাদেরকে মুগ্ধ করিলেও, মু'মিন ক্রীতদাস তাহা অপেক্ষা উত্তম। উহারা অগ্নির দিকে আহ্বান করে এবং আল্লাহ্ তোমাদেরকে নিজ অনুগ্রহে জান্নাত ও ক্ষমার দিকে আহ্বান করেন। তিনি মানুষের জন্য স্বীয় বিধান সুস্পষ্টভাবে ব্যক্ত করেন, যাহাতে তাহারা উহা হইতে শিক্ষা গ্রহণ করিতে পারে।	
	وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الْمَحِيْضِ ؕ قُلْ هُوَ اَذًى ۙ فَاعْتَزِلُوا النِّسَآءَ فِى الْمَحِيْضِ ۙ وَلَا تَقْرَبُوْهُنَّ حَتّٰى يَطْهُرْنَ ۚ فَاِذَا تَطَهَّرْنَ فَاْتُوْهُنَّ مِنْ حَيْثُ اَمَرَكُمُ اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ التَّوَّابِيْنَ وَيُحِبُّ الْمُتَطَهِّرِيْنَ ﴿٢٢٢﴾	**222**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছআলূনাকা 'আনিল মাহ ীদি (ط) কু ল হুওয়া আয াং (ۙ) ফা'তাঝিলুন্নিছা~আ ফিল্ মাহ ীদি (ۙ) ওয়ালা– তাক রাবূহুন্না হ াত্তা–ইয়াত হুর্না (ج) ফাইয া–তাত াহ্হারনা ফা'তূহুন্না মিন হ াইছু আমারাকুমুল্লা–হু (ط) ইন্নাল্লাহা ইউহি ব্বুত্তাওওয়া–বীনা ওয়াইউহি ব্বুল মুতাত াহহিরীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	লোকে তোমাকে রজঃস্রাব সম্বন্ধে জিজ্ঞাসা করে। বল, ‘উহা অশুচি।’ সুতরাং তোমরা রজঃস্রাবকালে স্ত্রী-সংগম বর্জন করিবে এবং পবিত্র না হওয়া পর্যন্ত স্ত্রী-সংগম করিবে না। অতঃপর তাহারা যখন উত্তমরূপে পরিশুদ্ধ হইবে তখন তাহাদের নিকট ঠিক সেইভাবে গমন করিবে যেভাবে আল্লাহ্ তোমাদেরকে আদেশ দিয়াছেন। নিশ্চয়ই আল্লাহ্ তওবাকারীকে ভালবাসেন এবং যাহারা পবিত্র থাকে তাহাদেরকেও ভালবাসেন।	
	نِسَآؤُكُمۡ حَرۡثٌ لَّكُمۡ فَأۡتُوا حَرۡثَكُمۡ أَنَّىٰ شِئۡتُمۡ ۖ وَقَدِّمُوا لِأَنفُسِكُمۡ ۚ وَاتَّقُوا اللَّهَ وَاعۡلَمُوٓا أَنَّكُم مُّلَٰقُوهُ ۗ وَبَشِّرِ الۡمُؤۡمِنِينَ ٢٢٣	223
প্রতিবর্ণায়ন	নিছা~উকুম হ়ারছু ল্লাকুম (ص) ফা'তূ হ়ারছ়াকুম আন্না-শি'তুম (ز) ওয়া ক়াদ্দিমূ লিআংফুছিকুম (ط) ওয়াত্তাকু ল্লা-হা ওয়া'লামূ~ আন্নাকুম মুলা-ক়ূহু (ط) ওয়া বাশশিরিল মু'মিনীন।	
তরজমা	তোমাদের স্ত্রীগণ তোমাদের শস্যক্ষেত্র। অতএব তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন করিতে পার। তোমরা তোমাদের ভবিষ্যতের জন্য কিছু করিও এবং আল্লাহ্কেও ভয় করিও। আর জানিয়া রাখিও যে, তোমরা আল্লাহ্র সম্মুখীন হইতে যাইতেছ এবং মু'মিনগণকে সুসংবাদ দাও।	
	وَلَا تَجۡعَلُوا اللَّهَ عُرۡضَةً لِّأَيۡمَٰنِكُمۡ أَن تَبَرُّوا وَتَتَّقُوا وَتُصۡلِحُوا بَيۡنَ النَّاسِ ۗ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ٢٢٤	224
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাজ'আলুল্লা-হা 'উরদ়াতাল লিআইমা-নিকুম আং তাবার্রূ ওয়াতাত্তাক়ূ ওয়াতুসলিহ়ূ বাইনান্না-ছি (ط) ওয়াল্লা-হু ছামী'উন্ 'আলীম।	
তরজমা	তোমরা সৎকাজ, আত্মসংযম ও মানুষের মধ্যে শান্তি স্থাপন হইতে বিরত রহিবে-এই শপথের জন্য আল্লাহ্র নামকে তোমরা অজুহাত করিও না। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	لَا يُؤَاخِذُكُمُ اللَّهُ بِاللَّغۡوِ فِيٓ أَيۡمَٰنِكُمۡ وَلَٰكِن يُؤَاخِذُكُم بِمَا كَسَبَتۡ قُلُوبُكُمۡ ۗ وَاللَّهُ غَفُورٌ حَلِيمٌ ٢٢٥	225
প্রতিবর্ণায়ন	লা-ইউআ-খিযু়কুমুল্লা-হু বিল্লাগবি ফী আইমা-নিকুম ওয়ালা-কিই ইউআ-খিযু়কুম বিমা-কাছাবাত্ ক়ুলূবুকুম্ (ط) ওয়াল্লা-হু গাফরুন হ়ালীম।	
তরজমা	তোমাদের অর্থহীন শপথের জন্য আল্লাহ্ তোমাদেরকে দায়ী করিবেন না। কিন্তু তিনি তোমাদের অন্তরের সংকল্পের জন্য দায়ী করিবেন। আল্লাহ্ ক্ষমাপরায়ণ, ধৈর্যশীল।	
	لِّلَّذِينَ يُؤۡلُونَ مِن نِّسَآئِهِمۡ تَرَبُّصُ أَرۡبَعَةِ أَشۡهُرٍ ۖ فَإِن فَآءُو فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ٢٢٦	226

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	লিল্লাযীনা ইউ'লূনা মিন্নিছা~ইহিম্ তারাব্বুসু আর্‌বা'আতি আশহুরিং (ج) ফাইং ফা~উ ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম।	
তরজমা	যাহারা স্ত্রীর সঙ্গে সংগত না হওয়ার শপথ করে তাহারা চারমাস অপেক্ষা করিবে। অতঃপর যদি তাহারা প্রত্যাগত হয় তবে নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَاِنۡ عَزَمُوا الطَّلَاقَ فَاِنَّ اللّٰهَ سَمِيۡعٌ عَلِيۡمٌ ﴿۲۲۷﴾	227
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্ 'আঝামুত্তালা-কা ফাইন্নাল্লা-হা ছামী'উন 'আলীম।	
তরজমা	আর যদি তাহারা তালাক দেওয়ার সংকল্প করে তবে আল্লাহ্ তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَالۡمُطَلَّقٰتُ يَتَرَبَّصۡنَ بِاَنۡفُسِهِنَّ ثَلٰثَةَ قُرُوۡٓءٍ ؕ وَلَا يَحِلُّ لَهُنَّ اَنۡ يَّكۡتُمۡنَ مَا خَلَقَ اللّٰهُ فِىۡٓ اَرۡحَامِهِنَّ اِنۡ كُنَّ يُؤۡمِنَّ بِاللّٰهِ وَالۡيَوۡمِ الۡاٰخِرِ ؕ وَبُعُوۡلَتُهُنَّ اَحَقُّ بِرَدِّهِنَّ فِىۡ ذٰلِكَ اِنۡ اَرَادُوۡٓا اِصۡلَاحًا ؕ وَلَهُنَّ مِثۡلُ الَّذِىۡ عَلَيۡهِنَّ بِالۡمَعۡرُوۡفِ ۖ وَلِلرِّجَالِ عَلَيۡهِنَّ دَرَجَةٌ ؕ وَاللّٰهُ عَزِيۡزٌ حَكِيۡمٌ ﴿۲۲۸﴾	228
প্রতিবর্ণায়ন	ওয়াল্ মুতাল্লাকা-তু ইয়াতারাব্বাস্‌না বিআংফুছিহিন্না ছালা-ছাতা কুরূ~ইওঁ (ط) ওয়ালা-ইয়াহিল্লু লাহুন্না আইয়াক্‌তুম্‌না মা-খালাকাল্লা-হু ফী আরহা-মিহিন্না ইং কুন্না ইউ'মিন্না বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি (ط) ওয়া বু'উলাতুহুন্না আহাক্কু বিরাদ্দিহিন্না ফী যা-লিকা ইন্ আরা-দূ~ ইসলা-হাওঁ (ط) ওয়া লাহুন্না মিছলুল্লাযী 'আলাইহিন্না বিলমা'রূফি (ص) ওয়া লির্‌রিজা-লি 'আলাইহিন্না দারাজাতুওঁ (ط) ওয়াল্লা-হু 'আঝীঝুন হাকীম।	
তরজমা	তালাকপ্রাপ্তা স্ত্রী তিন রজঃস্রাব কাল প্রতীক্ষায় থাকিবে। তাহারা আল্লাহ্ এবং আখিরাতে বিশ্বাসী হইলে তাহাদের গর্ভাশয়ে আল্লাহ্ যাহা সৃষ্টি করিয়াছেন তাহা গোপন রাখা তাহাদের পক্ষে বৈধ নহে। যদি তাহারা আপোস-নিষ্পত্তি করিতে চায় তবে উহাতে তাহাদের পুনঃ গ্রহণে তাহাদের স্বামিগণ অধিক হকদার। নারীদের তেমনি ন্যায়সংগত অধিকার আছে, যেমন আছে তাহাদের উপর পুরুষদের ; কিন্তু নারীদের উপর পুরুষদের মর্যাদা আছে। আল্লাহ্ মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	اَلطَّلَاقُ مَرَّتٰنِ ۖ فَاِمۡسَاكٌ ۢ بِمَعۡرُوۡفٍ اَوۡ تَسۡرِيۡحٌ ۢ بِاِحۡسَانٍ ؕ وَلَا يَحِلُّ لَـكُمۡ اَنۡ تَاۡخُذُوۡا مِمَّآ اٰتَيۡتُمُوۡهُنَّ شَيۡـًٔا اِلَّآ اَنۡ يَّخَافَآ اَلَّا يُقِيۡمَا حُدُوۡدَ اللّٰهِ ؕ فَاِنۡ خِفۡتُمۡ اَلَّا يُقِيۡمَا حُدُوۡدَ اللّٰهِ ۙ فَلَا جُنَاحَ عَلَيۡهِمَا فِيۡمَا افۡتَدَتۡ بِهٖ ؕ تِلۡكَ حُدُوۡدُ اللّٰهِ فَلَا تَعۡتَدُوۡهَا ۚ وَمَنۡ يَّتَعَدَّ حُدُوۡدَ اللّٰهِ فَاُولٰٓـئِكَ هُمُ الظّٰلِمُوۡنَ ﴿۲۲۹﴾	229

প্রতিবর্ণায়ন	আত্ত ালা-কু মার্‌রাতা-নি (ص) ফাইমছা-কুম বিমা'রূফিন আও তাছরীহু ম্‌ বিইহ ছা-নিওঁ (ط) ওয়ালা- ইয়াহি ল্লুলাকুম আং তা'খুযূ মিম্মা˜ আ-তাইতুমূহুন্না শাইআন্‌ ইল্লা˜আইঁ ইয়াখা-ফা˜ আল্লা-ইউক ীমা- হু দূদাল্লা-হি (ط) ফাইং খিফতুম আল্লা-ইউক ীমা- হু দাল্লা-হি (لا) ফালা- জুনা-হ া 'আলাইহিমা- ফীমাফ্‌তাদাত্‌বিহী (ط) তিল্‌কা হু দূদুল্লা-হি ফালা-তা'তাদূহা- (ج) ওয়ামাইইয়াতা'আদ্দা হু দূদাল্লা-হি ফাউলা~ইকা হুমুজ্জ া-লিমূন।	
তরজমা	তালাক দুইবার। অতঃপর স্ত্রীকে হয় বিধিমত রাখিয়া দিবে অথবা সদয়ভাবে মুক্ত করিয়া দিবে। তোমরা তোমাদের স্ত্রীদেরকে যাহা প্রদান করিয়াছ তন্মধ্য হইতে কোন কিছু গ্রহণ করা তোমাদের পক্ষে বৈধ নহে। অবশ্য যদি তাহাদের উভয়ের আশংকা হয় যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিয়া চলিতে পারিবে না এবং তোমরা যদি আশংকা কর যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিয়া চলিতে পারিবে না, তবে স্ত্রী কোন কিছুর বিনিময়ে নিষ্কৃতি পাইতে চাহিলে তাহাতে তাহাদের কাহারও কোন অপরাধ নাই। এইসব আল্লাহ্‌র সীমারেখা। তোমরা উহা লংঘন করিও না। যাহারা এইসব সীমারেখা লংঘন করে তাহারাই জালিম।	
	فَاِنْ طَلَّقَهَا فَلَا تَحِلُّ لَهٗ مِنْۢ بَعْدُ حَتّٰى تَنْكِحَ زَوْجًا غَيْرَهٗ ؕ فَاِنْ طَلَّقَهَا فَلَا جُنَاحَ عَلَيْهِمَاۤ اَنْ يَّتَرَاجَعَاۤ اِنْ ظَنَّاۤ اَنْ يُّقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ؕ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ يُبَيِّنُهَا لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿۲۳۰﴾	230
প্রতিবর্ণায়ন	ফাইং ত াল্লাক াহা-ফালা-তাহি ল্লু লাহূ মিম্‌ বা'দু হ াত্তা- তাংকিহ া ঝাওজান গাইরাহূ (ط) ফাইং ত াল্লাক াহা- ফালা-জুনা-হ া 'আলাইহিমা-আই ইয়াতারা-জা'আ˜ইং জ ান্না-আইঁ ইউক ীমা- হু দূদাল্লা-হি (ط) ওয়া তিল্‌কা হু দূদুল্লা-হি ইউবাইয়্যিনুহা-লিক াওমিইঁ ইয়া'লামূন।	
তরজমা	অতঃপর যদি সে তাহাকে তালাক দেয় তবে সে তাহার জন্য বৈধ হইবে না, যে পর্যন্ত সে অন্য স্বামীর সঙ্গে সংগত না হইবে। অতঃপর সে যদি তাহাকে তালাক দেয় আর তাহারা উভয়ে মনে করে যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিতে সমর্থ হইবে, তবে তাহাদের পুনর্মিলনে কাহারও কোন অপরাধ হইবে না। এইগুলি আল্লাহ্‌র বিধান, জ্ঞানী সম্প্রদায়ের জন্য আল্লাহ্‌ ইহা স্পষ্টভাবে বর্ণনা করেন।	
	وَاِذَا طَلَّقْتُمُ النِّسَآءَ فَبَلَغْنَ اَجَلَهُنَّ فَاَمْسِكُوْهُنَّ بِمَعْرُوْفٍ اَوْ سَرِّحُوْهُنَّ بِمَعْرُوْفٍ ۪ وَلَا تُمْسِكُوْهُنَّ ضِرَارًا لِّتَعْتَدُوْا ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَقَدْ ظَلَمَ نَفْسَهٗ ؕ وَلَا تَتَّخِذُوْۤا اٰيٰتِ اللّٰهِ هُزُوًا ۫ وَّاذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ وَمَاۤ اَنْزَلَ عَلَيْكُمْ مِّنَ الْكِتٰبِ وَالْحِكْمَةِ يَعِظُكُمْ بِهٖ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿۲۳۱﴾	231

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা–তাল্লাক্তুমুন্ নিছা~আ ফাবালাগ্না আজালাহুন্না ফাআমছিকূহুন্না বিমা‘রূফিন আও ছার্‌রিহূহুন্না বিমা‘রূফিওঁ (ص) ওয়ালা–তুম্ছিকূহুন্না দিরা–রাল্ লিতা‘তাদূ (ج) ওয়া মাইঁ ইয়াফ‘আল যা–লিকা ফাক্বাদ্ জালামা নাফ্ছাহূ (ط) ওয়ালা– তাত্তাখিযূ ~আ–য়া–তিল্লা–হি হুঝুওয়াও (ز) ওয়ায্কুরূ নি‘মাতাল্লা–হি ‘আলাইকুম ওয়ামা– আংঝালা ‘আলাইকুম মিনাল কিতা–বি ওয়াল্ হিকমাতি ইয়া‘ইজুকুম্ বিহী (ط) ওয়াত্তাকুল্লা–হা ওয়া‘লামূ~ আন্নাল্লা–হা বিকুল্লি শাইইন ‘আলীম।	
তরজমা	যখন তোমরা স্ত্রীদেরকে তালাক দাও এবং তাহারা ইদ্দত পূর্তির নিকটবর্তী হয় তখন তোমরা হয় যথাবিধি তাহাদেরকে রাখিয়া দিবে অথবা বিধিমত মুক্ত করিয়া দিবে। কিন্তু তাহাদের ক্ষতি করিয়া সীমালংঘনের উদ্দেশ্যে তাহাদেরকে তোমরা আটকাইয়া রাখিও না। যে এইরূপ করে, সে নিজের প্রতি জুলুম করে। এবং তোমরা আল্লাহ্‌র বিধানকে ঠাট্টা-তামাশার বস্তু করিও না এবং তোমাদের প্রতি আল্লাহ্‌র নিয়ামত ও কিতাব এবং হিক্‌মত যাহা তোমাদের প্রতি অবতীর্ণ করিয়াছেন-যদ্দ্বারা তিনি তোমাদেরকে উপদেশ দেন, তাহা স্মরণ কর। তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে জ্ঞানময়।	
	وَاِذَا طَلَّقْتُمُ النِّسَآءَ فَبَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا تَعْضُلُوْهُنَّ اَنْ يَّنْكِحْنَ اَزْوَاجَهُنَّ اِذَا تَرَاضَوْا بَيْنَهُمْ بِالْمَعْرُوْفِ ؕ ذٰلِكَ يُوْعَظُ بِهٖ مَنْ كَانَ مِنْكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ ذٰلِكُمْ اَزْكٰى لَكُمْ وَاَطْهَرُ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٢٣٢﴾	**232**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা–তাল্লাক্তুমুন্নিছা~আ ফাবালাগ্না আজালাহুন্না ফালা– তা‘দুলূহুন্না আইঁ ইয়াংকিহ্না আঝ্ওয়া–জাহুন্না ইযা–তারা–দাও বাইনাহুম্ বিলমা‘রূফি (ط) যা–লিকা ইউ‘আজু বিহী মাং কা–না মিংকুম ইয়ুমিনু বিল্লা–হি ওয়াল ইয়াওমিল্ আখিরি (ط) যা–লিকুম আঝকা–লাকুম্ ওয়াআত্হারু (ط) ওয়াল্লাহু ইয়া‘লামু ওয়া আংতুম্ লা–তা‘লামুন।	
তরজমা	তোমরা যখন স্ত্রীদের তালাক দাও এবং তাহারা তাহাদের ইদ্দতকাল পূর্ণ করে, তাহারা যদি বিধিমত পরস্পর সম্মত হয়, তবে স্ত্রীগণ নিজেদের স্বামীদেরকে বিবাহ করিতে চাহিলে তোমরা তাহাদেরকে বাধা দিও না। ইহা দ্বারা তোমাদের মধ্যে যে কেহ আল্লাহ্ ও আখিরাতে ঈমান রাখে, তাহাকে উপদেশ দেওয়া হয়। ইহা তোমাদের জন্য শুদ্ধতম ও পবিত্রতম। আল্লাহ্ জানেন, তোমরা জান না।	

233

وَالْوَالِدٰتُ يُرْضِعْنَ اَوْلَادَهُنَّ حَوْلَيْنِ كَامِلَيْنِ لِمَنْ اَرَادَ اَنْ يُّتِمَّ الرَّضَاعَةَ ؕ وَعَلَى الْمَوْلُوْدِ لَهٗ رِزْقُهُنَّ وَ كِسْوَتُهُنَّ بِالْمَعْرُوْفِ ؕ لَا تُكَلَّفُ نَفْسٌ اِلَّا وُسْعَهَا ۚ لَا تُضَآرَّ وَالِدَةٌۢ بِوَلَدِهَا وَلَا مَوْلُوْدٌ لَّهٗ بِوَلَدِهٖ ۗ وَعَلَى الْوَارِثِ مِثْلُ ذٰلِكَ ۚ فَاِنْ اَرَادَا فِصَالًا عَنْ تَرَاضٍ مِّنْهُمَا وَتَشَاوُرٍ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا ؕ وَاِنْ اَرَدْتُّمْ اَنْ تَسْتَرْضِعُوْٓا اَوْلَادَكُمْ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ اِذَا سَلَّمْتُمْ مَّآ اٰتَيْتُمْ بِالْمَعْرُوْفِ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿۲۳۳﴾

ওয়াল্ ওয়া–লিদা–তু ইউর্দি'না আওলা–দাহুন্না হাওলাইনি কা–মিলাইনি লিমান্ আরা–দা আই ইউতিম্মার্‌রাদা–'আতাওঁ (ط) ওয়া আলাল্ মাওলূদি লাহু রিঝ্‌কু্হুন্না ওয়া কিছ্‌ওয়াতুহুন্না বিলমা'রূফি (ط) লা–তুকাল্লাফু নাফছুন্ ইল্লা– উছ'আহা– (ج) লা–তুদা~র্‌রা ওয়া–লিদাতুম বিওয়ালাদিহা– ওয়ালা– মাওলূদুল্লাহু বিওয়ালাদিহি (ق) ওয়া 'আলাল্ ওয়া–রিছি মিছ্‌লু যা–লিকা (ج) ফাইন আরা–দা– ফিসা–লান 'আং তারা–দিম মিনহুমা–ওয়াতাশা–উরিং ফালা– জুনা–হা 'আলাইহিমা– (ط) ওয়া ইন আরাত্তুম্ আং তাছতারদি'উ আওলা–দাকুম ফালা– জুনা–হা 'আলাইকুম ইযা– ছাল্লামতুম্ মা~আ–তাইতুম বিলমা'রূফি (ط) ওয়াত্তাকুল্লা–হা ওয়া'লামূ~আন্নাল্লা–হা বিমা– তা'মালূনা বাসীর। ২৩৪। ওয়াল্লাযীনা ইউতাওয়াফ্‌ফাওনা মিংকুম্ ওয়া ইয়াযারূনা আঝওয়া–জাইঁ ইয়াতারাব্বাস্‌না বিআংফুছিহিন্না আরবা'আতা আশহুরিওঁ ওয়া'আশরাং (ج) ফাইযা– বালাগ্‌না আজালাহুন্না ফালা– জুনা–হা 'আলাইকুম ফীমা– ফা'আল্‌না ফী~আংফুছিহিন্না বিলমা'রূফি (ط) ওয়াল্লা–হু বিমা–তা'মালূনা খাবীর। ২৩৫। ওয়ালা–জুনা–হা 'আলাইকুম ফীমা– 'আর্‌রাদতুম্ বিহী মিন্ খিতবাতিন্ নিছা~ই আও আকনাংতুম ফী–আংফুছিকুম (ط) 'আলিমাল্লা–হু আন্নাকুম ছাতাযকুরূনাহুন্না ওয়ালা– কিল্লা– তুও, †লখক এবং সাক্ষী যেন ক্ষতিগ্র ড়না হয়। যদি †তামরা ক্ষতিগ্রস্ড় কর Z‡ব ইহা †তামাদের জন্য পাপ। তোমরা আij-ািn্কে ভয় কর এবং তিনি তোমাদেরকে fk¶v দেন। আল–াহ্ সর্বিষয়ে অবহিত।

প্রতিবর্ণায়ন

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যে স্তন্যপানকাল পূর্ণ করিতে চাহে তাহার জন্য জননীগণ তাহাদের সন্তানদেরকে পূর্ণ দুই বৎসর স্তন্যপান করাইবে। জনকের কর্তব্য যথাবিধি তাহাদের ভরণ-পোষণ করা। কাহাকেও তাহার সাধ্যাতীত কার্যভার দেওয়া হয় না। কোন জননীকে তাহার সন্তানের জন্য এবং কোন জনককে তাহার সন্তানের জন্য ক্ষতিগ্রস্ত করা হইবে না। এবং উত্তরাধিকারীরও অনুরূপ কর্তব্য। কিন্তু যদি তাহারা পরস্পরের সম্মতি ও পরামর্শক্রমে স্তন্যপান বন্ধ রাখিতে চায় তবে তাহাদের কাহারও কোন অপরাধ নাই। তোমরা যাহা বিধিমত দিতে চাহিয়াছিলে, তাহা যদি অর্পণ কর তবে ধাত্রী দ্বারা তোমাদের সন্তানকে স্তন্যপান করাইতে চাহিলে তোমাদের কোন গুনাহ নাই। আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, তোমরা যাহা কর নিশ্চয়ই আল্লাহ্‌ উহার সম্যক দ্রষ্টা।	
	وَالَّذِيْنَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُوْنَ اَزْوَاجًا يَّتَرَبَّصْنَ بِاَنْفُسِهِنَّ اَرْبَعَةَ اَشْهُرٍ وَّعَشْرًا ۚ فَاِذَا بَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا فَعَلْنَ فِيْٓ اَنْفُسِهِنَّ بِالْمَعْرُوْفِ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿۲۳۴﴾	**234**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা ইউতাওয়াফ্‌ফাওনা মিংকুম্‌ ওয়া ইয়াযারূনা আঝওয়া-জাইঁ ইয়াতারাব্বাস্‌না বিআংফুছিহিন্না আরবা'আতা আশহুরিওঁ ওয়া'আশরাং (ج) ফাইযা- বালাগ্‌না আজালাহুন্না ফালা- জুনা-হা 'আলাইকুম ফীমা- ফা'আল্‌না ফী আংফুছিহিন্না বিলমা'রূফি (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা খাবীর।	
তরজমা	তোমাদের মধ্যে যাহারা স্ত্রী রাখিয়া মৃত্যুমুখে পতিত হয় তাহাদের স্ত্রীগণ চার মাস দশ দিন প্রতীক্ষায় থাকিবে। যখন তাহারা তাহাদের ইদ্দতকাল পূর্ণ করিবে তখন যথাবিধি নিজেদের জন্য যাহা করিবে তাহাতে তোমাদের কোন গুনাহ নাই। তোমরা যাহা কর আল্লাহ্‌ সে সম্বন্ধে সবিশেষ অবহিত।	
	وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا عَرَّضْتُمْ بِهٖ مِنْ خِطْبَةِ النِّسَآءِ اَوْ اَكْنَنْتُمْ فِيْٓ اَنْفُسِكُمْ ؕ عَلِمَ اللّٰهُ اَنَّكُمْ سَتَذْكُرُوْنَهُنَّ وَلٰكِنْ لَّا تُوَاعِدُوْهُنَّ سِرًّا اِلَّآ اَنْ تَقُوْلُوْا قَوْلًا مَّعْرُوْفًا ؕ وَلَا تَعْزِمُوْا عُقْدَةَ النِّكَاحِ حَتّٰى يَبْلُغَ الْكِتٰبُ اَجَلَهٗ ؕ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِيْٓ اَنْفُسِكُمْ فَاحْذَرُوْهُ ۚ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿۲۳۵﴾	**235**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ালা-জুনা-হ়া ‘আলাইকুম ফীমা- ‘আর্‌রাদ্‌তুম্ বিহী মিন্ খিত়বাতিন্ নিছা~ই আও আকনাংতুম ফী-আংফুছিকুম (ط) ‘আলিমাল্লা-হু আন্নাকুম ছাতায্‌কুরূনাহুন্না ওয়ালা- কিল্লা-তুওয়া-‘ইদূহুন্না ছির্‌রান্ ইল্লা~আং তাকূ্‌লূ ক়াওলাম মা‘রূফাওঁ (ط) ওয়ালা-তা‘ঝিমূ ‘উক়দাতান্ নিকা-হি় হ়াত্তা-ইয়াবলুগাল কিতা-বু আজালাহূ (ط) ওয়া‘লামূ~আন্নাল্লা-হা ইয়া‘লামু মা-ফী আংফুছিকুম ফাহ়য়ারূহু (ج) ওয়া‘লামূ~আন্নাল্লা-হা গাফুরুন হ়ালীম।	
তরজমা	স্ত্রীলোকদের নিকট তোমরা ইংগিতে বিবাহ প্রস্তাব করিলে অথবা তোমাদের অন্তরে গোপন রাখিলে তোমাদের কোন পাপ নাই। আল্লাহ্ জানেন যে, তোমরা তাহাদের সম্বন্ধে অবশ্যই আলোচনা করিবে; কিন্তু বিধিমত কথাবার্তা ব্যতীত গোপনে তাহাদের নিকট কোন অঙ্গীকার করিও না; নির্দিষ্ট কাল পূর্ণ না হওয়া পর্যন্ত বিবাহকার্য সম্পন্ন করার সংকল্প করিও না। এবং জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্ তোমাদের মনোভাব জানেন। সুতরাং তাঁহাকে ভয় কর এবং জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম সহনশীল।	
	لَاجُنَاحَ عَلَيْكُمْ اِنْ طَلَّقْتُمُ النِّسَآءَ مَالَمْ تَمَسُّوْهُنَّ اَوْتَفْرِضُوْا لَهُنَّ فَرِيْضَةً ۖ وَّ مَتِّعُوْهُنَّ ۚ عَلَى الْمُوْسِعِ قَدَرُهٗ وَعَلَى الْمُقْتِرِ قَدَرُهٗ ۚ مَتَاعًا بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَى الْمُحْسِنِيْنَ ﴿٢٣٦﴾	**236**
প্রতিবর্ণায়ন	লা-জুনা-হ়া ‘আলাইকুম ইং ত়াল্লাক়তুমুন্নিছা~আ মা-লাম তামাছ্‌ছূহুন্না আও তাফরিদ়ূ লাহুন্না ফারীদ়াতাওঁ (ج) ওয়ামাত্তি‘উহুন্না (ج) ‘আলাল মূছি‘ই ক়াদারুহূ ওয়া ‘আলাল মুক়তিরি ক়াদারুহু (ج) মাতা-‘আম্ বিলমা‘রূফি (ط) হ়াক্ক়ান ‘আলাল মুহ়ছিনীন।	
তরজমা	যে পর্যন্ত না তোমরা তোমাদের স্ত্রীদেরকে স্পর্শ করিয়াছ এবং তাহাদের জন্য মাহ্‌র ধার্য করিয়াছ তাহাদেরকে তালাক দিলে তোমাদের কোন পাপ নাই। তোমরা তাহাদের সংস্থানের ব্যবস্থা করিও-সচ্ছল তাহার সাধ্যমত এবং অসচ্ছল তাহার সামর্থ্যানুযায়ী বিধিমত খরচপত্রের ব্যবস্থা করিবে, ইহা নেককার লোকদের কর্তব্য।	
	وَاِنْ طَلَّقْتُمُوْهُنَّ مِنْ قَبْلِ اَنْ تَمَسُّوْهُنَّ وَقَدْ فَرَضْتُمْ لَهُنَّ فَرِيْضَةً فَنِصْفُ مَا فَرَضْتُمْ اِلَّآ اَنْ يَّعْفُوْنَ اَوْ يَعْفُوَا الَّذِىْ بِيَدِهٖ عُقْدَةُ النِّكَاحِ ؕ وَاَنْ تَعْفُوْٓا اَقْرَبُ لِلتَّقْوٰى ؕ وَلَا تَنْسَوُا الْفَضْلَ بَيْنَكُمْ ؕ اِنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿٢٣٧﴾	**237**

প্রতিবর্ণায়ন	ওয়া ইং ত্বাল্লাক্বতুমূহুন্না মিং ক্বাবলি আং তামাছছূহুন্না ওয়াক্বাদ ফারাদ্বতুম্ লাহুন্না ফারীদ্বাতাং ফানিসফু মা-ফারাদ্বতুম্ ইল্লা~আই ইয়া'ফূনা আও ইয়া'ফুওয়াল্লাযী বিয়াদিহী 'উক্বদাতন নিকা-হি' (ط) ওয়া আং তা'ফূ~আক্বরাবু লিত্তাক্বওয়া- (ط) ওয়ালা-তাংছাউল ফাদ্ব্লা বাইনাকুম (ط) ইন্নাল্লা-হা বিমা-তা'মালূনা বাসীর।	
তরজমা	তোমরা যদি তাহাদেরকে স্পর্শ করার পূর্বে তালাক দাও, অথচ মাহ্‌র ধার্য করিয়া থাক তবে যাহা তোমরা ধার্য করিয়াছ তাহার অর্ধেক, যদি না স্ত্রী অথবা যাহার হাতে বিবাহ-বন্ধন রহিয়াছে সে মাফ করিয়া দেয়; এবং মাফ করিয়া দেওয়াই তাক্‌ওয়ার নিকটতর। তোমরা নিজেদের মধ্যে সদাশয়তার কথা বিস্মৃত হইও না। তোমরা যাহা কর নিশ্চয়ই আল্লাহ্‌ তাহার সম্যক দ্রষ্টা।	
	حٰفِظُوۡا عَلَی الصَّلَوٰتِ وَ الصَّلٰوۃِ الۡوُسۡطٰی ٭ وَ قُوۡمُوۡا لِلّٰہِ قٰنِتِیۡنَ ﴿۲۳۸﴾	**238**
প্রতিবর্ণায়ন	হ্বা-ফিজূ 'আলাসসালাওয়া-তি ওয়াসসালা-তিল্ উছ্‌ত্বা- (ق) ওয়াক্বূমূ লিল্লা-হি ক্বা-নিতীন।	
তরজমা	তোমরা সালাতের প্রতি যত্নবান হইবে, বিশেষত মধ্যবর্তী সালাতের এবং আল্লাহ্‌র উদ্দেশে তোমরা বিনীতভাবে দাঁড়াইবে;	
	فَاِنۡ خِفۡتُمۡ فَرِجَالًا اَوۡ رُکۡبَانًا ۚ فَاِذَاۤ اَمِنۡتُمۡ فَاذۡکُرُوا اللّٰہَ کَمَا عَلَّمَکُمۡ مَّا لَمۡ تَکُوۡنُوۡا تَعۡلَمُوۡنَ ﴿۲۳۹﴾	**239**
প্রতিবর্ণায়ন	ফাইন্ খিফতুম্ ফারিজা-লান আও রুকবা-নাং (ج) ফাইযা-আমিংতুম ফাযক্বুরুল্লা-হা কামা-'আল্লামাকুম্ মা-লাম তাকূনূ তা'লামূন।	
তরজমা	যদি তোমরা আশংকা কর তবে পদচারী অথবা আরোহী অবস্থায় সালাত আদায় করিবে। আর যখন তোমরা নিরাপদ বোধ কর তখন আল্লাহ্‌কে স্মরণ করিবে, যেভাবে তিনি তোমাদেরকে শিক্ষা দিয়াছেন, যাহা তোমরা জানিতে না।	
	وَ الَّذِیۡنَ یُتَوَفَّوۡنَ مِنۡکُمۡ وَ یَذَرُوۡنَ اَزۡوَاجًا ۚۖ وَّصِیَّۃً لِّاَزۡوَاجِہِمۡ مَّتَاعًا اِلَی الۡحَوۡلِ غَیۡرَ اِخۡرَاجٍ ۚ فَاِنۡ خَرَجۡنَ فَلَا جُنَاحَ عَلَیۡکُمۡ فِیۡ مَا فَعَلۡنَ فِیۡۤ اَنۡفُسِہِنَّ مِنۡ مَّعۡرُوۡفٍ ؕ وَ اللّٰہُ عَزِیۡزٌ حَکِیۡمٌ ﴿۲۴۰﴾	**240**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা ইউতাওয়াফফাওনা মিংকুম ওয়া ইয়াযারূনা আঝওয়াজাওঁ (ج) ওয়াসিইইয়াতাল্ লিআঝওয়া-জিহিম্ মাতা'আন ইলাল হ্বাওলি গাইরা ইখরা-জিং (ج) ফাইন্ খারাজনা ফালা-জুনা-হ্বা 'আলাইকুম ফী মা-ফা'আলন্া ফী~আংফুছিহিন্না মিম্মা'রূফিওঁ (ط) ওয়াল্লা-হু 'আঝীঝুন হ্বাকীম।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	তোমাদের মধ্যে যাহাদের মৃত্যু আসন্ন এবং স্ত্রী রাখিয়া যায় তাহারা যেন তাহাদের স্ত্রীদেরকে গৃহ হইতে বহিষ্কার না করিয়া তাহাদের এক বৎসরের ভরণ-পোষণের ওসিয়াত করে। কিন্তু যদি তাহারা বাহির হইয়া যায় তবে বিধিমত নিজেদের জন্য তাহারা যাহা করিবে তাহাতে তোমাদের কোনগু নাহ নাই। আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	وَلِلْمُطَلَّقٰتِ مَتَاعٌۢ بِالْمَعْرُوْفِ ؕ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ﴿۲۴۱﴾	241
প্রতিবর্ণায়ন	ওয়ালিল মুত াল্লাক া-তি মাতা-‘উম্ বিলমা‘রূফি (ط) হ াক্ক ান ‘আলাল্ মুত্তাক ীন।	
তরজমা	তালাকপ্রাপ্তা নারীদেরকে যথারীতি ভরণ-পোষণ করা মুত্তাকীদের কর্তব্য।	
	كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿۲۴۲﴾	242
প্রতিবর্ণায়ন	কায া-লিকা ইউবাইয়িনুল্লা-হু লাকুম আ-য়া-তিহী লা‘আল্লাকুম তা‘কি লূন।	
তরজমা	এইভাবে আল্লাহ্ তাঁহার বিধান স্পষ্টভাবে বর্ণনা করেন যাহাতে তোমরা বুঝিতে পার।	
	اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَارِهِمْ وَهُمْ اُلُوْفٌ حَذَرَ الْمَوْتِ ۪ فَقَالَ لَهُمُ اللّٰهُ مُوْتُوْا ۫ ثُمَّ اَحْيَاهُمْ ؕ اِنَّ اللّٰهَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ ﴿۲۴۳﴾	243
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায ীনা খারাজূ মিং দিয়া-রিহি ম্ ওয়া হুম্ উলূফুন হ ায ারাল মাওতি (ص) ফাক া-লা লাহুমুল্লা-হু মূতূ (قف) ছু ম্মা আহ ইয়া-হুম; ইন্নাল্লা-হা লায ূ ফাদ লিন্ ‘আলান্না-ছি ওয়ালা-কিন্না আকছ ারান্না-ছি লা-ইয়াশকুরূন।	
তরজমা	তুমি কি তাহাদেরকে দেখ নাই যাহারা মৃত্যুভয়ে হাজারে হাজারে স্বীয় আবাসভূমি পরিত্যাগ করিয়াছিল ? অতঃপর আল্লাহ্ তাহাদেরকে বলিয়াছিলেন, ‘তোমাদের মৃত্যু হউক।’ তারপর আল্লাহ্ তাহাদের জীবিত করিয়াছিলেন। নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি অনুগ্রহশীল; কিন্তু অধিকাংশ লোক কৃতজ্ঞতা প্রকাশ করে না।	
	وَقَاتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿۲۴۴﴾	244
প্রতিবর্ণায়ন	ওয়াক া-তিলূ ফী ছাবীলিল্লা-হি ওয়া‘লামূ ~আন্নাল্লা-হা ছামী‘উন্ ‘আলীম।	
তরজমা	তোমরা আল্লাহ্র পথে যুদ্ধ কর এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	مَنْ ذَا الَّذِيْ يُقْرِضُ اللّٰهَ قَرْضًا حَسَنًا فَيُضٰعِفَهٗ لَهٗٓ اَضْعَافًا كَثِيْرَةً ؕ وَاللّٰهُ يَقْبِضُ وَيَبْصُۜطُ ۪ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿۲۴۵﴾	245

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মাং য'াল্লায'ী ইউক'রিদু'ল্লা-হা ক'ারদ'ান্ হ'াছানাং ফাইউদ'া-'ইফাহূ লাহূ~আদ''আ ফাং কাছ'ীরাতাওঁ (ط) ওয়াল্লা-হু ইয়াক'বিদু' ওয়া ইয়াবছুতু'(ص) ওয়াইলাইহি তুরজা'উন।	
তরজমা	কে সে, যে আল্লাহ্‌কে করযে হাসানা প্রদান করিবে ? তিনি তাহার জন্য ইহা বহুগুণে বৃদ্ধি করিবেন। আর আল্লাহ্ সংকুচিত ও সম্প্রসারিত করেন এবং তাঁহার পানেই তোমরা প্রত্যানীত হইবে।	
	اَلَمْ تَرَ اِلَى الْمَلَاِ مِنْۢ بَنِیْۤ اِسْرَآءِیْلَ مِنْۢ بَعْدِ مُوْسٰی ۘ اِذْ قَالُوْا لِنَبِیٍّ لَّهُمُ ابْعَثْ لَنَا مَلِكًا نُّقَاتِلْ فِیْ سَبِیْلِ اللّٰهِ ؕ قَالَ هَلْ عَسَیْتُمْ اِنْ كُتِبَ عَلَیْكُمُ الْقِتَالُ اَلَّا تُقَاتِلُوْا ؕ قَالُوْا وَمَا لَنَاۤ اَلَّا نُقَاتِلَ فِیْ سَبِیْلِ اللّٰهِ وَقَدْ اُخْرِجْنَا مِنْ دِیَارِنَا وَاَبْنَآىِٕنَا ؕ فَلَمَّا كُتِبَ عَلَیْهِمُ الْقِتَالُ تَوَلَّوْا اِلَّا قَلِیْلًا مِّنْهُمْ ؕ وَاللّٰهُ عَلِیْمٌۢ بِالظّٰلِمِیْنَ ﴿۲۴۶﴾	246
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা ইলাল মালাই মিম্ বানী~ ইছ্রা~ঈলা মিম্ বা'দি মূছা-(م)। ইয' ক'া-লূ লিনাবিইয়িল্লাহুমুব্ 'আছ'লানা-মালিকান্নুক'া-তিল্ ফী ছাবীলিল্লা-হি (ط) ক'া-লা হাল্ 'আছাইতুম্ ইং কুতিবা 'আলাইকুমুল্ কি'তা-লু আল্লা- তুক'া-তিলূ (ط) ক'া-লূ ওয়ামা লানা- আল্লা-নুক'া-তিলা ফী ছাবীলিল্লা-হি ওয়া ক'াদ্ উখ্‌রিজনা-মিং দিয়া-রিনা- ওয়া আব্‌না~ইনা (ط) ফালাম্মা কুতিবা 'আলাইহিমুল কি'তা-লু তাওয়াল্লাও ইল্লা-ক'ালীলাম্ মিনহুম (ط) ওয়াল্লা-হু 'আলীমুম্ বিজ্জ'া-লিমীন।	
তরজমা	তুমি কি মূসার পরবর্তী বনী ইসরাঈল প্রধানদেরকে দেখ নাই ? তাহারা যখন তাহাদের নবীকে বলিয়াছিল, 'আমাদের জন্য এক রাজা নিযুক্ত কর যাহাতে আমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ করিতে পারি।' সে বলিল, 'ইহা তো হইবে না যে, তোমাদের প্রতি যুদ্ধের বিধান দেওয়া হইল তখন আর তোমরা যুদ্ধ করিবে না ?' তাহারা বলিল, 'আমরা যখন স্ব স্ব আবাসভূমি ও স্বীয় সন্তান-সন্ততি হইতে বহিষ্কৃত হইয়াছি, তখন আল্লাহ্‌র পথে কেন যুদ্ধ করিব না ?' অতঃপর যখন তাহাদের প্রতি যুদ্ধের বিধান দেওয়া হইল তখন তাহাদের স্বল্প সংখ্যক ব্যতীত সকলেই পৃষ্ঠ প্রদর্শন করিল। এবং আল্লাহ্ জালিমদের সম্বন্ধে সবিশেষ অবহিত।	
	وَقَالَ لَهُمْ نَبِیُّهُمْ اِنَّ اللّٰهَ قَدْ بَعَثَ لَكُمْ طَالُوْتَ مَلِكًا ؕ قَالُوْۤا اَنّٰی یَكُوْنُ لَهُ الْمُلْكُ عَلَیْنَا وَنَحْنُ اَحَقُّ بِالْمُلْكِ مِنْهُ وَلَمْ یُؤْتَ سَعَةً مِّنَ الْمَالِ ؕ قَالَ اِنَّ اللّٰهَ اصْطَفٰىهُ عَلَیْكُمْ وَزَادَهٗ بَسْطَةً فِی الْعِلْمِ وَالْجِسْمِ ؕ وَاللّٰهُ یُؤْتِیْ مُلْكَهٗ مَنْ یَّشَآءُ ؕ وَاللّٰهُ وَاسِعٌ عَلِیْمٌ ﴿۲۴۷﴾	247

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা লাহুম্ নাবিইয়ুহুম ইন্নাল্লা-হা ক'াদ্ বা'আছ'া লাকুম ত'া-লূতা মালিকাং (ط) ক'া-লূ~ আন্না-ইয়াকূনু লাহুল মুল্কু 'আলাইনা- ওয়া নাহ'নু আহ'াক্কু' বিলমুলকি মিনহু ওয়ালাম্ ইউ'তা ছা'আতাম মিনাল মা-লি (ط) ক'া-লা ইন্নাল্লা-হাস্ত'াফা-হু 'আলাইকুম ওয়াঝা-দাহু বাছত'াতাং ফিল'ইলমি ওয়াল্ জিছমি (ط) ওয়াল্লা-হু ইউ'তী মুলকাহু মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু ওয়া-ছি'উন্ 'আলীম।	
তরজমা	আর তাহাদের নবী তাহাদের বলিয়াছিল, আল্লাহ্ অবশ্যই তালূতকে তোমাদের রাজা করিয়াছেন। তাহারা বলিল, 'আমাদের উপর তাহার রাজত্ব কিরূপে হইবে, যখন আমরা তাহা অপেক্ষা রাজত্বের অধিক হক্দার এবং তাহাকে প্রচুর ঐশ্বর্য দেওয়া হয় নাই!' নবী বলিল, 'আল্লাহ্ অবশ্যই তাহাকে তোমাদের জন্য মনোনীত করিয়াছেন এবং তিনি তাহাকে জ্ঞানে ও দেহে সমৃদ্ধ করিয়াছেন।' আল্লাহ্ যাহাকে ইচ্ছা স্বীয় রাজত্ব দান করেন। আল্লাহ্ প্রাচুর্যময়, প্রজ্ঞাময়।	
	وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ آيَةَ مُلْكِهِ أَنْ يَأْتِيَكُمُ التَّابُوتُ فِيهِ سَكِينَةٌ مِنْ رَبِّكُمْ وَبَقِيَّةٌ مِمَّا تَرَكَ آلُ مُوسَىٰ وَآلُ هَارُونَ تَحْمِلُهُ الْمَلَائِكَةُ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لَكُمْ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿٢٤٨﴾	**248**
প্রতিবর্ণায়ন	ওয়াক'া-লা লাহুম নাবিইয়ুহুম্ ইন্না আ-য়াতা মুলকিহী আই ইয়া'তিয়াকুমুত্তা-বূতু ফীহি ছাকীনাতুম্ মির্ রাব্বিকুম ওয়া বাকি'ইইয়াতুম্ মিম্মা-তারাকা আ-লু মূছা-ওয়া আ-লু হা-রূনা তাহ'মিলুহুমুল্ মালা~ইকাতু (ط) ইন্না ফী য'া-লিকা লাআ-য়াতাল্লাকুম ইং কুংতুম মু'মিনীন।	
তরজমা	আর তাহাদের নবী তাহাদের বলিয়াছিল, 'তাহার রাজত্বের নিদর্শন এই যে, তোমাদের নিকট সেই তাবূত আসিবে যাহাতে তোমাদের প্রতিপালকের নিকট হইতে চিত্ত-প্রশান্তি এবং মূসা ও হারূন-বংশীয়গণ যাহা পরিত্যাগ করিয়াছে তাহার অবশিষ্টাংশ থাকিবে; ফিরিশতাগণ ইহা বহন করিয়া আনিবে। তোমরা যদি মু'মিন হও তবে অবশ্যই তোমাদের জন্য ইহাতে নিদর্শন আছে।'	
	فَلَمَّا فَصَلَ طَالُوتُ بِالْجُنُودِ قَالَ إِنَّ اللَّهَ مُبْتَلِيكُمْ بِنَهَرٍ فَمَنْ شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّي وَمَنْ لَمْ يَطْعَمْهُ فَإِنَّهُ مِنِّي إِلَّا مَنِ اغْتَرَفَ غُرْفَةً بِيَدِهِ ۚ فَشَرِبُوا مِنْهُ إِلَّا قَلِيلًا مِنْهُمْ ۚ فَلَمَّا جَاوَزَهُ هُوَ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ قَالُوا لَا طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوتَ وَجُنُودِهِ ۚ قَالَ الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُمْ مُلَاقُو اللَّهِ كَمْ مِنْ فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ ۗ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ ﴿٢٤٩﴾	**249**

|---|---|---|
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- ফাসালা তা-লূতু বিল্‌জুনূদি (ۙ) কা-লা ইন্নাল্লা-হা মুবতালীকুম্ বিনাহারিং (ج) ফামাং শারিবা মিন্‌হু ফালাইছা মিন্নী (ج) ওয়া মাল্লাম্ ইয়াত'আম্‌হু ফাইন্নাহু মিন্নী- ইল্লা-মানিগ্‌তারাফা গুরফাতাম্ বিয়াদিহী (ج) ফাশারিবূ মিনহু ইল্লা-কালীলাম্ মিনহুম্ (ط) ফালাম্মা-জা-ওয়াঝাহু হুওয়া ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহু (ۙ) কা-লূ লা-তা- কাতালানাল ইয়াওমা বিজা-লূতা ওয়া জুনূদিহী (ط) কালাল্লাযীনা ইয়াজুন্নুনা আন্নাহুম মুলা-কুল্লা-হি (ۙ) কাম্ মিং ফিআতিং কালীলাতিন, গালাবাত্ ফিআতাং কাছীরাতাম্ বিইযনিল্লা-হি (ط) ওয়াল্লা-হু মা'আসসা-বিরীন।	
তরজমা	অতঃপর তালূত যখন সৈন্যবাহিনীসহ বাহির হইল সে তখন বলিল, 'আল্লাহ্ এক নদী দ্বারা তোমাদের পরীক্ষা করিবেন। যে কেহ উহা হইতে পান করিবে সে আমার দলভুক্ত নহে; আর যে কেহ উহার স্বাদ গ্রহণ করিবে না সে আমার দলভুক্ত; ইহা ছাড়া যে কেহ তাহার হস্তে এক কোষ পানি গ্রহণ করিবে সেও। অতঃপর অল্প সংখ্যক ব্যতীত তাহারা উহা হইতে পান করিল। সে এবং তাহার সঙ্গী ঈমানদারগণ যখন উহা অতিক্রম করিল তখন তাহারা বলিল, 'জালূত ও তাহার সৈন্যবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করার মত শক্তি আজ আমাদের নাই।' কিন্তু যাহাদের প্রত্যয় ছিল আল্লাহ্‌র সঙ্গে তাহাদের সাক্ষাৎ ঘটিবে তাহারা বলিল, 'আল্লাহ্‌র হুকুমে কত ক্ষুদ্র দল কত বৃহৎ দলকে পরাভূত করিয়াছে।' আল্লাহ্ ধৈর্যশীলদের সঙ্গে আছেন।	
	وَلَمَّا بَرَزُوْا لِجَالُوْتَ وَجُنُوْدِهٖ قَالُوْا رَبَّنَآ اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٢٥٠﴾	250
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-বারাঝূ লিজা-লূতা ওয়াজুনূদিহী কা-লূ রাব্বানা-আফ্‌রিগ্ আলাইনা- সাবরাওঁ ওয়া ছাব্বিত্ আকদা-মানা- ওয়াংসুরনা- 'আলাল কাওমিল কা-ফরীন।	
তরজমা	তাহারা যখন যুদ্ধার্থে জালূত ও তাহার সৈন্যবাহিনীর সম্মুখীন হইল তখন তাহারা বলিল, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ধৈর্য দান কর, আমাদের পা অবিচলিত রাখ এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য দান কর।'	
	فَهَزَمُوْهُمْ بِاِذْنِ اللّٰهِ ۙ وَقَتَلَ دَاوٗدُ جَالُوْتَ وَاٰتٰىهُ اللّٰهُ الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهٗ مِمَّا يَشَآءُ ؕ وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ ۙ لَّفَسَدَتِ الْاَرْضُ وَلٰكِنَّ اللّٰهَ ذُوْ فَضْلٍ عَلَى الْعٰلَمِيْنَ ﴿٢٥١﴾	251

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাহাঝামূহুম্ বিইয্‌নিল্লা-হি (۷) ওয়াক্‌তালা দা-উদু জা-লূতা ওয়া আ-তা-হুল্লা-হুল্ মুলকা ওয়াল হিক্‌মাতা ওয়া'আল্লামাহু মিম্মা-ইয়াশা~উ (ط) ওয়া লাওলা-দাফ'উল্লা-হিন্না-ছা বা'দ্বাহুম বিবা'দ্বিল্ লাফাছাদাতিল্ আরদ্বু ওয়া লা-কিন্নাল্লা-হা যূ ফাদ্বলিন্ 'আলাল 'আ-লামীন।	
তরজমা	সুতরাং তাহারা আল্লাহ্‌র হুকুমে উহাদের পরাভূত করিল ; দাউদ জালূতকে সংহার করিল, আল্লাহ্ তাহাকে রাজত্ব ও হিক্‌মত দান করিলেন এবং যাহা তিনি ইচ্ছা করিলেন তাহা তাহাকে শিক্ষা দিলেন। আল্লাহ্ যদি মানব জাতির এক দলকে অন্য দল দ্বারা প্রতিহত না করিতেন তবে পৃথিবী বিপর্যস্ত হইয়া যাইত। কিন্তু আল্লাহ্ জগতসমূহের প্রতি অনুগ্রহশীল।	
	تِلْكَ آيَاتُ اللَّهِ نَتْلُوهَا عَلَيْكَ بِالْحَقِّ ۚ وَإِنَّكَ لَمِنَ الْمُرْسَلِينَ ﴿٢٥٢﴾	**252**
প্রতিবর্ণায়ন	তিলকা আ-য়া-তুল্লা-হি নাতলূহা- 'আলাইকা বিলহাক্কি (ط) ওয়া ইন্নাকা লামিনাল মুরছালীন।	
তরজমা	এই সকল আল্লাহ্‌র আয়াত, আমি তোমার নিকট উহা যথাযথভাবে তিলাওয়াত করিতেছি, আর নিশ্চয়ই তুমি রাসূলগণের অন্তর্ভুক্ত।	
	تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلَىٰ بَعْضٍ ۘ مِنْهُمْ مَنْ كَلَّمَ اللَّهُ وَرَفَعَ بَعْضَهُمْ دَرَجَاتٍ ۚ وَآتَيْنَا عِيسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنَاتِ وَأَيَّدْنَاهُ بِرُوحِ الْقُدُسِ ۗ وَلَوْ شَاءَ اللَّهُ مَا اقْتَتَلَ الَّذِينَ مِنْ بَعْدِهِمْ مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ الْبَيِّنَاتُ وَلَٰكِنِ اخْتَلَفُوا فَمِنْهُمْ مَنْ آمَنَ وَمِنْهُمْ مَنْ كَفَرَ ۚ وَلَوْ شَاءَ اللَّهُ مَا اقْتَتَلُوا ۚ وَلَٰكِنَّ اللَّهَ يَفْعَلُ مَا يُرِيدُ ﴿٢٥٣﴾	**253**
প্রতিবর্ণায়ন	তিলকার্ রুছুলু ফাদ্দ্বালনা- বা'দ্বাহুম 'আলা- বা'দ্ব (م)। মিনহুম্ মাং কাল্লামাল্লা-হু ওয়া রাফা'আ বা'দ্বাহুম দারাজা-তিওঁ (ط) ওয়া আ-তাইনা- 'ঈছাবনা মারইয়ামাল বাইয়িনা-তি ওয়া আই ইয়াদনা-হু বিরূহিল কুদুছি (ط) ওয়ালাও শা~আল্লা-হু মাক্‌তাতালাল্লায্‌ীনা মিম্ বা'দিহিম্ মিম্ বা'দি মা-জা~আত্‌হুমুল বাইয়িনা-তু ওয়ালা-কিনিখ্ তালাফূ ফামিনহুম মান আ-মানা ওয়া মিনহুম্ মাং কাফারা (ط) ওয়ালাও শা~আল্লা-হু মাক্‌তাতালূ (قف) ওয়ালা-কিন্নাল্লা-হা ইয়াফ'আলু মা-ইউরীদ।	

তরজমা	এই রাসূলগণ, তাহাদের মধ্যে কাহাকেও কাহারও উপর শ্রেষ্ঠত্ব দিয়াছি। তাহাদের মধ্যে এমন কেহ রহিয়াছে যাহার সঙ্গে আল্লাহ্ কথা বলিয়াছেন, আবার কাহাকেও উচ্চ মর্যাদায় উন্নীত করিয়াছেন। মার্‌ইয়াম-তনয় ‘ঈসাকে স্পষ্ট প্রমাণ প্রদান করিয়াছি ও পবিত্র আত্মা দ্বারা তাহাকে শক্তিশালী করিয়াছি। আল্লাহ্ ইচ্ছা করিলে তাহাদের পরবর্তীরা তাহাদের নিকট স্পষ্ট প্রমাণ সমাগত হওয়ার পরও পারস্পরিক যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হইত না; কিন্তু তাহাদের মধ্যে মতভেদ ঘটিল। ফলে তাহাদের কিছুসংখ্যক ঈমান আনিল এবং কিছুসংখ্যক কুফরী করিল। আল্লাহ্ ইচ্ছা করিলে তাহারা পারস্পরিক যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হইত না; কিন্তু আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা করেন।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ أَنفِقُوا۟ مِمَّا رَزَقْنَٰكُم مِّن قَبْلِ أَن يَأْتِىَ يَوْمٌ لَّا بَيْعٌ فِيهِ وَلَا خُلَّةٌ وَلَا شَفَٰعَةٌ ۗ وَٱلْكَٰفِرُونَ هُمُ ٱلظَّٰلِمُونَ ﴿٢٥٤﴾	**254**
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায ীনা আ-মানূ ˜আংফিকূ মিম্মা-রাঝাক না-কুম্ মিং ক াবলি আইঁ ইয়া'তিইয়া ইয়াওমুল্লা-বাই'উং ফীহি ওয়ালা-খুল্লাতুওঁ ওয়ালা- শাফা-'আতুওঁ (قف) ওয়াল কা-ফিরূনা হুমুজ্জ া-লিমূন।	
তরজমা	হে মু'মিনগণ! আমি যাহা তোমাদেরকে দিয়াছি তাহা হইতে তোমরা ব্যয় কর সেই দিন আসিবার পূর্বে, যেই দিন ক্রয়-বিক্রয়, বন্ধুত্ব ও সুপারিশ থাকিবে না এবং কাফিররাই জালিম।	
	ٱللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ٱلْحَىُّ ٱلْقَيُّومُ ۚ لَا تَأْخُذُهُۥ سِنَةٌ وَلَا نَوْمٌ ۚ لَّهُۥ مَا فِى ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِى ٱلْأَرْضِ ۗ مَن ذَا ٱلَّذِى يَشْفَعُ عِندَهُۥٓ إِلَّا بِإِذْنِهِۦ ۚ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۖ وَلَا يُحِيطُونَ بِشَىْءٍ مِّنْ عِلْمِهِۦٓ إِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضَ ۖ وَلَا يَـُٔودُهُۥ حِفْظُهُمَا ۚ وَهُوَ ٱلْعَلِىُّ ٱلْعَظِيمُ ﴿٢٥٥﴾	**255**
প্রতিবর্ণায়ন	আল্লা-হু লা˜ইলা-হা ইল্লা-হুওয়া (ج) আল হ াইয়ুল ক াইয়ূমু (ج) লা-তা'খুযু হূ ছিনাতুওঁ ওয়ালা-নাওমুন (ط) লাহূ মা-ফিছ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) মাং য াল্লায ী ইয়াশফা'উ 'ইংদাহূ˜ইল্লা-বিইয নিহী (ط) ইয়া'লামু মা-বাইনা আইদীহিম ওয়ামা-খালফাহুম (ج) ওয়ালা-ইউহ ীতূ না বিশাইইম্ মিন 'ইলমিহী˜ইল্লা-বিমা-শা~আ (ج) ওয়াছি'আ কুরছিইয়ুহুছ ছামা-ওয়া-তি ওয়াল আরদ া (ج) ওয়ালা-ইয়াউদুহূ হি ফ্জু হুমা-(ج) ওয়া হুওয়াল 'আলিইয়ূল 'আজ ীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই। তিনি চিরঞ্জীব, সর্বসত্তার ধারক। তাঁহাকে তন্দ্রা অথবা নিদ্রা স্পর্শ করে না। আকাশ ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্ত তাঁহারই। কে সে, যে তাঁহার অনুমতি ব্যতীত তাঁহার নিকট সুপারিশ করিবে? তাহাদের সম্মুখে ও পশ্চাতে যাহা কিছু আছে তাহা তিনি অবগত। যাহা তিনি ইচ্ছা করেন তদ্ব্যতীত তাঁহার জ্ঞানের কিছুই তাহারা আয়ত্ত করিতে পারে না। তাঁহার 'কুরসী' আকাশ ও পৃথিবীময় পরিব্যাপ্ত; ইহাদের রক্ষণাবেক্ষণ তাঁহাকে ক্লান্ত করে না; আর তিনি মহান, শ্রেষ্ঠ।	
	لَآ إِكْرَاهَ فِى ٱلدِّينِ ۖ قَد تَّبَيَّنَ ٱلرُّشْدُ مِنَ ٱلْغَىِّ ۚ فَمَن يَكْفُرْ بِٱلطَّٰغُوتِ وَيُؤْمِنۢ بِٱللَّهِ فَقَدِ ٱسْتَمْسَكَ بِٱلْعُرْوَةِ ٱلْوُثْقَىٰ لَا ٱنفِصَامَ لَهَا ۗ وَٱللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿٢٥٦﴾	256
প্রতিবর্ণায়ন	লা~ইকরা-হা ফিদ্দীনি (قف) ক'াত্তাবাইইয়ানার্ রুশ্দু মিনাল গাইয়ি (ج) ফামাইঁ ইয়াকফুর বিত্ত'া-গূতি ওয়া ইউ'মিমবিল্লা-হি ফাক'াদিছ তাম্ছাকা বিল'উরওয়াতিল উছ'ক'া (ق) লাংফিসা-মা লাহা- (ط) ওয়াল্লা-হু ছামী'উন 'আলীম।	
তরজমা	দীন গ্রহণে জোর-জবরদস্তি নাই; সত্য পথ ভ্রান্ত পথ হইতে সুস্পষ্ট হইয়াছে। যে তাগূতকে অস্বীকার করিবে ও আল্লাহ্র উপর ঈমান আনিবে সে এমন এক মযবূত হাতল ধরিবে যাহা কখনও ভাঙ্গিবে না। আল্লাহ্ সর্বশ্রোতা, প্রজ্ঞাময়।	
	ٱللَّهُ وَلِىُّ ٱلَّذِينَ ءَامَنُوا۟ يُخْرِجُهُم مِّنَ ٱلظُّلُمَٰتِ إِلَى ٱلنُّورِ ۖ وَٱلَّذِينَ كَفَرُوٓا۟ أَوْلِيَآؤُهُمُ ٱلطَّٰغُوتُ يُخْرِجُونَهُم مِّنَ ٱلنُّورِ إِلَى ٱلظُّلُمَٰتِ ۗ أُو۟لَٰٓئِكَ أَصْحَٰبُ ٱلنَّارِ ۖ هُمْ فِيهَا خَٰلِدُونَ ﴿٢٥٧﴾	257
প্রতিবর্ণায়ন	আল্লা-হু ওয়ালিইয়ুল্লায'ীনা আ-মানূ (لا) ইউখরিজুহুম মিনাজ্জু'লুমা-তি ইলান্ নূরি (ط) ওয়াল্লায'ীনা কাফারু~আওলিয়া~উহুমুত্ত'া-গুতু (لا) ইউখরিজূনাহুম মিনান্ নূরি ইলাজ্জু'লুমা-তি (ط) উলা~ইকা আসহ'া-বুন্না-রি (لا) হুম ফীহা- খা-লিদূন।	
তরজমা	যাহারা ঈমান আনে আল্লাহ্ তাহাদের অভিভাবক, তিনি তাহাদেরকে অন্ধকার হইতে বাহির করিয়া আলোকে লইয়া যান। আর যাহারা কুফরী করে তাগূত তাহাদের অভিভাবক; ইহারা তাহাদেরকে আলো হইতে অন্ধকারে লইয়া যায়। উহারাই অগ্নি-অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	أَلَمْ تَرَ إِلَى ٱلَّذِى حَآجَّ إِبْرَٰهِۦمَ فِى رَبِّهِۦٓ أَنْ ءَاتَىٰهُ ٱللَّهُ ٱلْمُلْكَ إِذْ قَالَ إِبْرَٰهِۦمُ رَبِّىَ ٱلَّذِى يُحْىِۦ وَيُمِيتُ قَالَ أَنَا۠ أُحْىِۦ وَأُمِيتُ ۖ قَالَ إِبْرَٰهِۦمُ فَإِنَّ ٱللَّهَ يَأْتِى بِٱلشَّمْسِ مِنَ ٱلْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ ٱلْمَغْرِبِ فَبُهِتَ ٱلَّذِى كَفَرَ ۗ وَٱللَّهُ لَا يَهْدِى ٱلْقَوْمَ ٱلظَّٰلِمِينَ ﴿٢٥٨﴾	258

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায ী হা~জ্জা ইবরা-হীমা ফী রাব্বিহী ˜আন আ-তা-হুল্লা-হুল মুল্‌ক্‌ (م)। ইয ক া-লা ইবরা-হীমু রাব্বিইয়াল্লায ী ইউহ য়ী ওয়া ইউমীতু (لا) ক া-লা আনা উহ ঈ ওয়াউমীতু (ط) ক া-লা ইবরা-হীমু ফাইন্নাল্লা-হা ইয়া'তী বিশ্‌শামছি মিনাল মাশ্‌রিকি ফা'তি বিহা- মিনাল মাগরিবি ফাবুহিতাল্লায ী কাফারা (ط) ওয়াল্লা-হু লা ইয়াহদিল ক াওমাজ্জ া-লিমীন।	
তরজমা	তুমি কি ঐ ব্যক্তিকে দেখ নাই, যে ইব্‌রাহীমের সঙ্গে তাহার প্রতিপালক সম্বন্ধে বিতর্কে লিপ্ত হইয়াছিল, যেহেতু আল্লাহ্‌ তাহাকে কর্তৃত্ব দিয়াছিলেন। যখন ইব্‌রাহীম বলিল, 'তিনি আমার প্রতিপালক যিনি জীবন দান করেন ও মৃত্যু ঘটান', সে বলিল, 'আমিও তো জীবন দান করি ও মৃত্যু ঘটাই।' ইব্‌রাহীম বলিল, 'আল্লাহ্‌ সূর্যকে পূর্ব দিক হইতে উদিত করান, তুমি উহাকে পশ্চিম দিক হইতে উদিত করাও তো।' অতঃপর যে কুফরী করিয়াছিল সে হতবুদ্ধি হইয়া গেল। আল্লাহ্‌ জালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	أَوْ كَالَّذِي مَرَّ عَلَىٰ قَرْيَةٍ وَهِيَ خَاوِيَةٌ عَلَىٰ عُرُوشِهَا قَالَ أَنَّىٰ يُحْيِي هَٰذِهِ اللَّهُ بَعْدَ مَوْتِهَا ۖ فَأَمَاتَهُ اللَّهُ مِائَةَ عَامٍ ثُمَّ بَعَثَهُ ۖ قَالَ كَمْ لَبِثْتَ ۖ قَالَ لَبِثْتُ يَوْمًا أَوْ بَعْضَ يَوْمٍ ۖ قَالَ بَل لَّبِثْتَ مِائَةَ عَامٍ فَانظُرْ إِلَىٰ طَعَامِكَ وَشَرَابِكَ لَمْ يَتَسَنَّهْ ۖ وَانظُرْ إِلَىٰ حِمَارِكَ وَلِنَجْعَلَكَ آيَةً لِّلنَّاسِ ۖ وَانظُرْ إِلَى الْعِظَامِ كَيْفَ نُنشِزُهَا ثُمَّ نَكْسُوهَا لَحْمًا ۚ فَلَمَّا تَبَيَّنَ لَهُ قَالَ أَعْلَمُ أَنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٥٩﴾	**259**
প্রতিবর্ণায়ন	আও কাল্লায ী মার্‌রা 'আলা- ক ারইয়াতিওঁ ওয়াহিয়া খা-বি য়াতুন 'আলা- 'উরুশিহা- (ج) ক া-লা আন্না-ইউহ্‌ য়ী হা-যি হিল্লা-হু বা'দা মাওতিহা- (ج) ফাআমাতাহুল্লা-হু মিআতা 'আ-মিং ছু ম্মা বা'আছ াহু (ط) ক া-লা কাম লাবিছ তা (ط) ক া-লা লাবিছ তু ইয়াওমান আও বা'দ া ইয়াওমিন (ط) ক া-লা 'বাল্লাবিছ তা মিআতা 'আ-মিং ফাংজু র ইলা- ত া'আ-মিকা ওয়াশারা-বিকা লাম ইয়াতাছান্নাহু (ج) ওয়াংজু র ইলা-হি মা-রিকা ওয়া লিনাজ'আলাকা আ-য়াতাল্‌ লিন্না-ছি ওয়াংজু র ইলাল 'ইজ া-মি কাইফা নুংশিঝুহা- ছু ম্মা নাকছুহা- লাহ মাং (ط) ফালাম্মা-তাবাইয়ানা লাহু (لا) ক ালা আ'লামু আন্নাল্লা-হা 'আলা-কুল্লি শাইইং ক াদীর।	

তরজমা

অথবা তুমি কি সেই ব্যক্তিকে দেখ নাই, যে এমন এক নগরে উপনীত হইয়াছিল যাহা ধ্বংসস্তূপে পরিণত হইয়াছিল। সে বলিল, 'মৃত্যুর পর কিরূপে আল্লাহ্ ইহাকে জীবিত করিবেন ?' তৎপর আল্লাহ্ তাহাকে একশত বৎসর মৃত রাখিলেন। পরে তাহাকে পুনর্জীবিত করিলেন। আল্লাহ্ বলিলেন, 'তুমি কত কাল অবস্থান করিলে ?' সে বলিল, 'এক দিন অথবা এক দিনেরও কিছু কম অবস্থান করিয়াছি।' তিনি বলিলেন, 'না, বরং তুমি একশত বৎসর অবস্থান করিয়াছ। তোমার খাদ্যসামগ্রী ও পানীয় বস্তুর প্রতি লক্ষ্য কর, উহা অবিকৃত রহিয়াছে এবং তোমার গর্দভটির প্রতি লক্ষ্য কর, কারণ তোমাকে মানবজাতির জন্য নিদর্শনস্বরূপ করিব। আর অস্থিগুলির প্রতি লক্ষ্য কর; কিভাবে সেইগুলিকে সংযোজিত করি এবং গোশত দ্বারা ঢাকিয়া দেই।' যখন ইহা তাহার নিকট স্পষ্ট হইল তখন সে বলিয়া উঠিল, 'আমি জানি যে, আল্লাহ্ নিশ্চয়ই সর্ববিষয়ে সর্বশক্তিমান।'

260

وَإِذْ قَالَ إِبْرٰهِمُ رَبِّ أَرِنِي كَيْفَ تُحْيِ الْمَوْتٰى ۖ قَالَ أَوَلَمْ تُؤْمِنْ ۖ قَالَ بَلٰى وَلٰكِنْ لِّيَطْمَئِنَّ قَلْبِي ۖ قَالَ فَخُذْ أَرْبَعَةً مِّنَ الطَّيْرِ فَصُرْهُنَّ إِلَيْكَ ثُمَّ اجْعَلْ عَلٰى كُلِّ جَبَلٍ مِّنْهُنَّ جُزْءًا ثُمَّ ادْعُهُنَّ يَأْتِينَكَ سَعْيًا ۚ وَاعْلَمْ أَنَّ اللّٰهَ عَزِيزٌ حَكِيمٌ ﴿٢٦٠﴾

প্রতিবর্ণায়ন

ওয়া ইয ক া-লা ইবরা-হীমু রাব্বি আরিনী কাইফা তুহ য়িল্‌মাওতা- (ط) ক া-লা আওয়ালাম তু'মিং (ط) ক া-লা বালা- ওয়ালা-কিল্ লিইয়াত মাইন্না ক ালবী (ط) ক া-লা ফাখুয আরবা'আতাম্ মিনাত্ত াইরি ফাসুরহুন্না ইলাইকা ছু ম্মাজ'আল 'আলা-কুল্লি জাবালিম মিনহুন্না জুঝআং ছু ম্মাদ 'উহুন্না ইয়া তীনাকা ছা'ইয়াওঁ (ط) ওয়া'লাম আন্নাল্লা-হা 'আঝীঝুন হ াকীম।

তরজমা

যখন ইব্‌রাহীম বলিল, 'হে আমার প্রতিপালক! কিভাবে তুমি মৃতকে জীবিত কর আমাকে দেখাও।' তিনি বলিলেন, 'তবে কি তুমি বিশ্বাস কর না ?' সে বলিল, 'কেন করিব না, তবে ইহা কেবল আমার চিত্ত প্রশান্তির জন্য।' তিনি বলিলেন, 'তবে চারটি পাখি লও এবং উহাদেরকে তোমার বশীভূত করিয়া লও। তৎপর তাহাদের এক এক অংশ এক এক পাহাড়ে স্থাপন কর। অতঃপর উহাদেরকে ডাক দাও, উহারা দ্রুতগতিতে তোমার নিকট আসিবে। জানিয়া রাখ, 'নিশ্চয়ই আল্লাহ্ প্রবল পরাক্রমশালী, প্রজ্ঞাময়।'

261

مَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللّٰهِ كَمَثَلِ حَبَّةٍ أَنْبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنْبُلَةٍ مِّائَةُ حَبَّةٍ ۗ وَاللّٰهُ يُضٰعِفُ لِمَنْ يَشَآءُ ۗ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٢٦١﴾

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	মাছ ালুল্লায ীনা ইউংফিকূ না আমওয়া–লাহুম ফী ছাবীলিল্লা–হি কামাছ ালি হ াব্বাতিন আমবাতাত ছাব'আ ছানা–বিলা ফী কুল্লি ছুমবুলাতিম্ মিআতু হ াব্বাতিওঁ (ط) ওয়াল্লা–হু ইউদ া–'ইফু লিমাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা–হু ওয়া–ছি'উন 'আলীম।	
তরজমা	যাহারা নিজেদের ধনৈশ্বর্য আল্লাহ্‌র পথে ব্যয় করে তাহাদের উপমা একটি শস্যবীজ, যাহা সাতটি শীষ উৎপাদন করে, প্রত্যেক শীষে একশত শস্যদানা। আল্লাহ্ যাহাকে ইচ্ছা বহু গুণে বৃদ্ধি করিয়া দেন। আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।	
	الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ ثُمَّ لَا يُتْبِعُونَ مَا أَنفَقُوا مَنًّا وَلَا أَذًى ۙ لَّهُمْ أَجْرُهُمْ عِندَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٢٦٢﴾	262
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইউংফিকূ না আমওয়া–লাহুম ফী ছাবীলিল্লা–হি ছু ম্মা লা–ইউতবি'উনা মা~আংফাকূ মান্নাওঁ ওয়ালা~ আয াল্ লাহুম আজরুহুম 'ইংদা রাব্বিহিম (ج) ওয়ালা–খাওফুন 'আলাইহিম ওয়ালা–হুম ইয়াহ ঝানুন।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র পথে ধনৈশ্বর্য ব্যয় করে অতঃপর যাহা ব্যয় করে তাহার কথা বলিয়া বেড়ায় না এবং ক্লেশও দেয় না, তাহাদের পুরস্কার তাহাদের প্রতিপালকের নিকট আছে। তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	قَوْلٌ مَّعْرُوفٌ وَمَغْفِرَةٌ خَيْرٌ مِّن صَدَقَةٍ يَتْبَعُهَا أَذًى ۗ وَاللَّهُ غَنِيٌّ حَلِيمٌ ﴿٢٦٣﴾	263
প্রতিবর্ণায়ন	ক াওলুম মা'রূফুওঁ ওয়া মাগফিরাতুন খাইরুম মিং সাদাক াতিইঁ ইয়াতবা'উহা~ আয া– (ط) ওয়াল্লা–হু গানিউয়্যুন হ ালীম।	
তরজমা	যে দানের পর কষ্ট দেওয়া হয় তাহা অপেক্ষা ভাল কথা ও ক্ষমা শ্রেয়। আল্লাহ্ অভাবমুক্ত, পরম সহনশীল।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُبْطِلُوا صَدَقَاتِكُم بِالْمَنِّ وَالْأَذَىٰ كَالَّذِي يُنفِقُ مَالَهُ رِئَاءَ النَّاسِ وَلَا يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۖ فَمَثَلُهُ كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَأَصَابَهُ وَابِلٌ فَتَرَكَهُ صَلْدًا ۖ لَّا يَقْدِرُونَ عَلَىٰ شَيْءٍ مِّمَّا كَسَبُوا ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ ﴿٢٦٤﴾	264
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ–মানূ লা–তুবতি লূ সাদাক া–তিকুম বিলমান্নি ওয়ালআয া– (ؗ) কাল্লায ী ইউংফিকু মা–লাহূ রিআ~আন্না–ছি ওয়ালা–ইউমিনু বিল্লা–হি ওয়াল ইয়াওমিল আ–খিরি (ط) ফামাছ ালুহূ কামাছ ালি সাফওয়া–নিন 'আলাইহি তুরা–বুং ফাআসা–বাহু ওয়া–বিলুং ফাতারাকাহূ সালদান (ط) লা–ইয়াক দিরূনা 'আলা–শাইইম্ মিম্মা–কাছাবূ (ط) ওয়াল্লা–হু লা–ইয়াহদিল ক াওমাল কা–ফিরীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	হে মু'মিনগণ! দানের কথা বলিয়া বেড়াইয়া এবং কষ্ট দিয়া তোমরা তোমাদের দানকে ঐ ব্যক্তির ন্যায় নিষ্ফল করিও না, যে নিজের ধনসম্পদ লোক দেখানোর জন্য ব্যয় করিয়া থাকে এবং আল্লাহ্ ও আখিরাতে ঈমান রাখে না। তাহার উপমা একটি মসৃণ পাথর-যাহার উপর কিছু মাটি থাকে; অতঃপর উহার উপর প্রবল বৃষ্টিপাত উহাকে পরিষ্কার করিয়া রাখিয়া দেয়। যাহা তাহারা উপার্জন করিয়াছে তাহার কিছুই তাহারা তাহাদের কাজে লাগাইতে সক্ষম হইবে না। আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	وَمَثَلُ الَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمُ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ وَتَثْبِيْتًا مِّنْ اَنْفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍۢ بِرَبْوَةٍ اَصَابَهَا وَابِلٌ فَاٰتَتْ اُكُلَهَا ضِعْفَيْنِ ۚ فَاِنْ لَّمْ يُصِبْهَا وَابِلٌ فَطَلٌّ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿٢٦٥﴾	265
প্রতিবর্ণায়ন	ওয়া মাছ ালুল্লায ীনা ইউংফিকূ না আমওয়া-লাহুমুব তিগা~আ মারদ া-তিল্লা-হি ওয়া তাছ বীতাম্ মিন আংফুছিহিম কামাছ ালি জান্নাতিম বিরাবওয়াতিন আসা-বাহা- ওয়া-বিলুং ফাআ-তাত উকুলাহা-দি ''ফাইনি (ج) ফাইল্লাম ইউসিব্হা-ওয়া-বিলুং ফাত াল্লুওঁ (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা বাসীর।	
তরজমা	আর যাহারা আল্লাহ্র সন্তুষ্টি লাভার্থে ও নিজেদের আত্মা বলিষ্ঠ করণার্থে ধনৈশ্বর্য ব্যয় করে তাহাদের উপমা কোন উচ্চ ভূমিতে অবস্থিত একটি উদ্যান, যাহাতে মুষলধারে বৃষ্টি হয়, ফলে তাহার ফলমূল দ্বিগু ণ জন্মে। যদি মুষলধারে বৃষ্টি নাও হয় তবে লঘু বৃষ্টিই যথেষ্ট। তোমরা যাহা কর আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা।	
	اَيَوَدُّ اَحَدُكُمْ اَنْ تَكُوْنَ لَهٗ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّاَعْنَابٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۙ لَهٗ فِيْهَا مِنْ كُلِّ الثَّمَرٰتِ ۙ وَاَصَابَهُ الْكِبَرُ وَلَهٗ ذُرِّيَّةٌ ضُعَفَآءُ ۖۚ فَاَصَابَهَآ اِعْصَارٌ فِيْهِ نَارٌ فَاحْتَرَقَتْ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ﴿٢٦٦﴾	266
প্রতিবর্ণায়ন	আইয়াওয়াদ্দু আহ াদুকুম আং তাকূনা লাহু জান্নাতুম মিং নাখীলিওঁ ওয়া আ'না-বিং তাজরী মিং তাহ তিহাল আনহা-রু (ﻻ) লাহু ফীহা-মিং কুল্লিছ ছ ামারা-তি (ﻻ) ওয়া আসা-বাহুল কিবারু ওয়ালাহু যু র্রিইইয়াতুং দু'আফা~উ (ص) ফাআসা-বাহা ˜ ই'সা-রুং ফীহি না-রুং ফাহ তারাক াত (ط) কায া-লিকা ইউবাইয়িনুল্লা-হু লাকুমুল আ-য়া-তি ল'আল্লাকুম তাতাফাক্কারূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তোমাদের কেহ কি চায় যে, তাহার খেজুর ও আঙুরের একটি বাগান থাকে যাহার পাদদেশে নদী প্রবাহিত এবং যাহাতে সর্বপ্রকার ফলমূল আছে, যখন সে ব্যক্তি বার্ধক্যে উপনীত হয় এবং তাহার সন্তান-সন্ততি দুর্বল, অতঃপর উহার উপর এক অগ্নিক্ষরা ঘূর্ণিঝড় আপতিত হয় ও উহা জ্বলিয়া যায় ? এইভাবে আল্লাহ্ তাঁহার নিদর্শন তোমাদের জন্য সুস্পষ্টভাবে ব্যক্ত করেন যাহাতে তোমরা অনুধাবন করিতে পার।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ أَنفِقُوا۟ مِن طَيِّبَٰتِ مَا كَسَبْتُمْ وَمِمَّآ أَخْرَجْنَا لَكُم مِّنَ ٱلْأَرْضِ ۖ وَلَا تَيَمَّمُوا۟ ٱلْخَبِيثَ مِنْهُ تُنفِقُونَ وَلَسْتُم بِـَٔاخِذِيهِ إِلَّآ أَن تُغْمِضُوا۟ فِيهِ ۚ وَٱعْلَمُوٓا۟ أَنَّ ٱللَّهَ غَنِىٌّ حَمِيدٌ ﴿٢٦٧﴾	**267**
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায˙ীনা আ–মানূ˜ আংফিকূ˙ মিং ত˙াইয়িবা–তি মা–কাছাবতুম ওয়া মিম্মা˜আখরাজনা– লাকুম মিনাল আরদি˙ (ص) ওয়ালা–তাইয়াম্মামুল খাবীছ˙া মিনহু তুংফিকূ˙না ওয়া লাছতুম বিআ–খিয˙ীহি ইল্লা˜আং তুগমিদূ˙ ফীহি (ط) ওয়া'লামূ˜আন্নাল্লা–হা গানিইয়ুন হ˙ামীদ।	
তরজমা	হে মু'মিনগণ ! তোমরা যাহা উপার্জন কর এবং আমি যাহা ভূমি হইতে তোমাদের জন্য উৎপাদন করিয়া দেই তন্মধ্যে যাহা উৎকৃষ্ট তাহা ব্যয় কর ; এবং উহার নিকৃষ্ট বস্তু ব্যয় করার সংকল্প করিও না : অথচ তোমরা উহা গ্রহণ করিবার নও, যদি না তোমরা চক্ষু বন্ধ করিয়া থাক। এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ অভাবমুক্ত, প্রশংসিত।	
	ٱلشَّيْطَٰنُ يَعِدُكُمُ ٱلْفَقْرَ وَيَأْمُرُكُم بِٱلْفَحْشَآءِ ۖ وَٱللَّهُ يَعِدُكُم مَّغْفِرَةً مِّنْهُ وَفَضْلًا ۗ وَٱللَّهُ وَٰسِعٌ عَلِيمٌ ﴿٢٦٨﴾	**268**
প্রতিবর্ণায়ন	আশশাইত˙া–নু ইয়া'ইদুকুমুল্ ফাক˙রা ওয়া ইয়া'মরুকুম বিলফাহ˙শা–ই (ج) ওয়াল্লা–হু ইয়া'ইদুকুম মাগফিরাতাম মিনহু ওয়া ফাদ˙লাওঁ (ط) ওয়াল্লা–হু ওয়া–ছি'উন 'আলীম।	
তরজমা	শয়তান তোমাদের দারিদ্র্যের ভয় দেখায় এবং অশ্লীলতার নির্দেশ দেয়। আর আল্লাহ্ তোমাদেরকে তাঁহার ক্ষমা এবং অনুগ্রহের প্রতিশ্রুতি প্রদান করেন। আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।	
	يُؤْتِى ٱلْحِكْمَةَ مَن يَشَآءُ ۚ وَمَن يُؤْتَ ٱلْحِكْمَةَ فَقَدْ أُوتِىَ خَيْرًا كَثِيرًا ۗ وَمَا يَذَّكَّرُ إِلَّآ أُو۟لُوا۟ ٱلْأَلْبَٰبِ ﴿٢٦٩﴾	**269**

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ইউ'তিল হি`কমাতা মাইঁ ইয়াশা~উ (ج) ওয়া মাইঁ ইউ'তাল হি`ক্মাতা ফাক`াদ উতিয়া খাইরাং কাছ`ীরাওঁ (ط) ওয়ামা-ইয়ায্`য`াক্কারু ইল্লা~উলুল আলবা-ব।	
তরজমা	তিনি যাহাকে ইচ্ছা হিক্মত প্রদান করেন এবং যাহাকে হিক্মত প্রদান করা হয় তাহাকে প্রভূত কল্যাণ দান করা হয়; এবং বোধশক্তিসম্পন্ন লোকেরাই শুধু শিক্ষা গ্রহণ করে।	
	وَمَآ اَنۡفَقۡتُمۡ مِّنۡ نَّفَقَةٍ اَوۡ نَذَرۡتُمۡ مِّنۡ نَّذۡرٍ فَاِنَّ اللّٰهَ يَعۡلَمُهٗ ؕ وَمَا لِلظّٰلِمِيۡنَ مِنۡ اَنۡصَارٍ ﴿۲۷۰﴾	270
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আংফাক`তুম মিং নাফাক`াতিন আও নায`ারতুম মিং নায`রিং ফাইন্নাল্লা-হা ইয়া'লামুহু (ط) ওয়ামা- লিজ্জ`া-লিমীনা মিন আংসা-র।	
তরজমা	যাহা কিছু তোমরা ব্যয় কর অথবা যাহা কিছু তোমরা মানত কর নিশ্চয়ই আল্লাহ্ তাহা জানেন। আর জালিমদের জন্য কোন সাহায্যকারী নাই।	
	اِنۡ تُبۡدُوا الصَّدَقٰتِ فَنِعِمَّا هِىَ ۚ وَاِنۡ تُخۡفُوۡهَا وَتُؤۡتُوۡهَا الۡفُقَرَآءَ فَهُوَ خَيۡرٌ لَّـكُمۡ ؕ وَيُكَفِّرُ عَنۡكُمۡ مِّنۡ سَيِّاٰتِكُمۡ ؕ وَاللّٰهُ بِمَا تَعۡمَلُوۡنَ خَبِيۡرٌ ﴿۲۷۱﴾	271
প্রতিবর্ণায়ন	ইং তুবদুসসাদাক`া-তি ফানি'ইমমা-হিয়া (ج) ওয়া ইং তুখফূহা- ওয়া তু'তূহাল ফুক`ারা~আ ফাহুওয়া খাইরুল্লাকুম (ط) ওয়া ইউকাফ্ফিরু 'আংকুম মিং ছাইয়িআ-তিকুম (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা খাবীর।	
তরজমা	তোমরা যদি প্রকাশ্যে দান কর তবে উহা ভাল ; আর যদি তাহা গোপনে কর এবং অভাবগ্রস্তকে দান কর তাহা তোমাদের জন্য আরও ভাল ; এবং তিনি তোমাদের কিছু কিছু পাপ মোচন করিবেন; তোমরা যাহা কর আল্লাহ্ তাহা সম্যক অবহিত।	
	لَيۡسَ عَلَيۡكَ هُدٰٮهُمۡ وَلٰـكِنَّ اللّٰهَ يَهۡدِىۡ مَنۡ يَّشَآءُ ؕ وَمَا تُنۡفِقُوۡا مِنۡ خَيۡرٍ فَلِاَنۡفُسِكُمۡ ؕ وَمَا تُنۡفِقُوۡنَ اِلَّا ابۡتِغَآءَ وَجۡهِ اللّٰهِ ؕ وَمَا تُنۡفِقُوۡا مِنۡ خَيۡرٍ يُّوَفَّ اِلَيۡكُمۡ وَاَنۡتُمۡ لَا تُظۡلَمُوۡنَ ﴿۲۷۲﴾	272
প্রতিবর্ণায়ন	লাইছা 'আলাইকা হুদা-হুম ওয়ালা-কিন্নাল্লা-হা ইয়াহদী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়ামা-তুংফিকূ` মিন খাইরিং ফালিআংফুছিকুম (ط) ওয়ামা-তুংফিকূ`না ইল্লাবতিগা~আ ওয়াজহিল্লা-হি (ط) ওয়ামা-তুংফিকূ` মিন খাইরিয়ঁ ইউওয়াফ্ফা ইলাইকুম ওয়া আংতুম লা-তুজ`লামূন।	
তরজমা	তাহাদের সৎপথ গ্রহণের দায়িত্ব তোমার নহে ; বরং আল্লাহ্ যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন। যে ধন-সম্পদ তোমরা ব্যয় কর তাহা তোমাদের নিজেদের জন্য এবং তোমরা তো শুধু আল্লাহ্র সন্তুষ্টি লাভার্থেই ব্যয় করিয়া থাক। যে ধন-সম্পদ তোমরা ব্যয় কর তাহার পুরস্কার তোমাদেরকে পুরাপুরিভাবে প্রদান করা হইবে এবং তোমাদের প্রতি অন্যায় করা হইবে না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	لِلْفُقَرَآءِ الَّذِيْنَ اُحْصِرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ لَا يَسْتَطِيْعُوْنَ ضَرْبًا فِي الْاَرْضِ يَحْسَبُهُمُ الْجَاهِلُ اَغْنِيَآءَ مِنَ التَّعَفُّفِ ۚ تَعْرِفُهُمْ بِسِيْمٰهُمْ ۚ لَا يَسْـَٔلُوْنَ النَّاسَ اِلْحَافًا ۗ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿٢٧٣﴾	**273**
প্রতিবর্ণায়ন	লিলফুক'রা~ইল্লায'ীনা উহ'সিরূ ফী ছাবীলিল্লা-হি লা-ইয়াছ্তাত'ী'ঊনা দ'ারবাং ফিল আর্দি' (ز) ইয়াহ'ছাবুহুমুল্ জা-হিলু আগনিয়া~আ মিনাত্তা'আফ্ফুফি (ج) তা'রিফুহুম বিছীমা-হুম (ج) লা-ইয়াছআলূন্না-ছা ইলাহ'া-ফাওঁ (ط) ওয়ামা-তুংফিকূ' মিন খাইরিং ফাইন্নাল্লা-হা বিহী 'আলীম।	
তরজমা	ইহা প্রাপ্য অভাবগ্রস্ত লোকদের; যাহারা আল্লাহ্র পথে এমনভাবে ব্যাপৃত যে, দেশময় ঘোরাফেরা করিতে পারে না ; যাচ্ঞা না করার কারণে অজ্ঞ লোকেরা তাহাদেরকে অভাবমুক্ত বলিয়া মনে করে; তুমি তাহাদের লক্ষণ দেখিয়া চিনিতে পারিবে। তাহারা মানুষের নিকট নাছোড় হইয়া যাচ্ঞা করে না। যে ধন-সম্পদ তোমরা ব্যয় কর আল্লাহ্ তো তাহা সবিশেষ অবহিত।	
	اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ بِالَّيْلِ وَالنَّهَارِ سِرًّا وَّعَلَانِيَةً فَلَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٢٧٤﴾	**274**
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইউংফিকূ'না আমওয়া-লাহুম বিল্লাইলি ওয়ান্নাহা-রি ছিররাওঁ ওয়া'আলা-নিইয়াতাং ফালাহুম আজরুহুম 'ইংদা রাব্বিহিম (ج) ওয়ালা-খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ'ঝানূন।	
তরজমা	যাহারা নিজেদের ধনৈশ্বর্য রাত্রে ও দিবসে, গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে তাহাদের পুণ্য ফল তাহাদের প্রতিপালকের নিকট রহিয়াছে, তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	اَلَّذِيْنَ يَاْكُلُوْنَ الرِّبٰوا لَا يَقُوْمُوْنَ اِلَّا كَمَا يَقُوْمُ الَّذِيْ يَتَخَبَّطُهُ الشَّيْطٰنُ مِنَ الْمَسِّ ۗ ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْٓا اِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبٰوا ۘ وَاَحَلَّ اللّٰهُ الْبَيْعَ وَحَرَّمَ الرِّبٰوا ۗ فَمَنْ جَآءَهٗ مَوْعِظَةٌ مِّنْ رَّبِّهٖ فَانْتَهٰى فَلَهٗ مَا سَلَفَ ۗ وَاَمْرُهٗٓ اِلَى اللّٰهِ ۗ وَمَنْ عَادَ فَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٧٥﴾	**275**

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়া’কুলুনার্ রিবা–লা–ইয়াকূ মূনা ইল্লা–কামা–ইয়াকূ মুল্লায ী ইয়াতাখাব্বাতু হুশ্শাইত া–নু মিনাল মাছ্ছি (ط) য া–লিকা বিআন্নাহুম ক া–লূ˜ ইন্নামাল বাই‘উ মিছ্ লূর রিবা–(م)। ওয়া আহ াল্লাল্লা–হুল বাই‘আ ওয়া হ ার্রামার্ রিবা– (ط) ফামাং জা~আহু মাওইজ াতুম মির রাব্বিহী ফাংতাহা– ফালাহু মা–ছালাফা (ط) ওয়া আমরুহু˜ ইলাল্লা–হি (ط) ওয়া মান ‘আ–দা ফাউলা~ইকা আসহ া–বুন্না–রি (ج) হুম ফীহা–খা–লিদূন।	
তরজমা	যাহারা সুদ খায় তাহারা সেই ব্যক্তিরই ন্যায় দাঁড়াইবে যাহাকে শয়তান স্পর্শ দ্বারা পাগল করে। ইহা এইজন্য যে, তাহারা বলে, ‘ক্রয়-বিক্রয় তো সুদের মতই।’ অথচ আল্লাহ্ ক্রয়-বিক্রয়কে হালাল ও সুদকে হারাম করিয়াছেন। যাহার নিকট তাহার প্রতিপালকের উপদেশ আসিয়াছে এবং সে বিরত হইয়াছে, তবে অতীতে যাহা হইয়াছে তাহা তাহারই; এবং তাহার ব্যাপার আল্লাহ্র ইখ্তিয়ারে। আর যাহারা পুনরায় আরম্ভ করিবে তাহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	يَمْحَقُ اللّٰهُ الرِّبٰوا وَيُرْبِي الصَّدَقٰتِ ۗ وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ اَثِيْمٍ ﴿٢٧٦﴾	**276**
প্রতিবর্ণায়ন	ইয়াম্হ াকু ল্লা–হুর্ রিবা– ওয়া ইউর্বিস্সাদাক া–তি (ط) ওয়াল্লা–হু লা–ইউহি ব্বু কুল্লা কাফফা–রিন আছ ীম।	
তরজমা	আল্লাহ্ সুদকে নিশ্চিহ্ন করেন এবং দানকে বর্ধিত করেন। আল্লাহ্ কোন অকৃতজ্ঞ পাপীকে ভালবাসেন না।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ لَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٢٧٧﴾	**277**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ–মানূ ওয়া ‘আমিলুসসা–লিহ া–তি ওয়া আক া–মুসসালা–তা ওয়া আ–তাউঝ্ঝাকা–তা লাহুম আজরুহুম ‘ইংদা রাব্বিহিম (ج) ওয়ালা–খাওফুন ‘আলাইহিম ওয়ালা–হুম ইয়াহ্ ঝানূন।	
তরজমা	নিশ্চয়ই যাহারা ঈমান আনে, সৎকাজ করে, সালাত কায়েম করে এবং যাকাত দেয়, তাহাদের পুরস্কার তাহাদের প্রতিপালকের নিকট আছে। তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَذَرُوْا مَا بَقِيَ مِنَ الرِّبٰوٓا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٢٧٨﴾	**278**
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ–মানুত্তাকু ল্লা–হা ওয়ায রু মা–বাকি য়া মিনার্ রিবা˜ ইং কুংতুম মু’মিনীন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা আল্লাহ্কে ভয় কর এবং সুদের বকেয়া যাহা আছে তাহা ছাড়িয়া দাও যদি তোমরা মু’মিন হও।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	فَاِنۡ لَّمۡ تَفۡعَلُوۡا فَاۡذَنُوۡا بِحَرۡبٍ مِّنَ اللّٰهِ وَرَسُوۡلِهٖ ۚ وَاِنۡ تُبۡتُمۡ فَلَكُمۡ رُءُوۡسُ اَمۡوَالِكُمۡ ۚ لَا تَظۡلِمُوۡنَ وَلَا تُظۡلَمُوۡنَ ﴿۲۷۹﴾	279
প্রতিবর্ণায়ন	ফাইল্লাম তাফ‘আলূ ফা’য্‌ানু বিহ্‌ারবিম্‌ মিনাল্লা-হি ওয়ারাছূলিহী (ج)ওয়া ইং তুব্‌তুম ফালাকুম রুঊছু আমওয়া-লিকুম (ج) লা-তাজ্‌লিমূনা ওয়ালা-তুজ্‌লামূন।	
তরজমা	যদি তোমরা না ছাড় তবে আল্লাহ্ ও তাঁহার রাসূলের সঙ্গে যুদ্ধের জন্য প্রস্তুত হও। কিন্তু যদি তোমরা তওবা কর তবে তোমাদের মূলধন তোমাদেরই। ইহাতে তোমরা অত্যাচার করিবে না এবং অত্যাচারিতও হইবে না।	
	وَاِنۡ كَانَ ذُوۡ عُسۡرَةٍ فَنَظِرَةٌ اِلٰى مَيۡسَرَةٍ ؕ وَاَنۡ تَصَدَّقُوۡا خَيۡرٌ لَّكُمۡ اِنۡ كُنۡتُمۡ تَعۡلَمُوۡنَ ﴿۲۸۰﴾	280
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কা-না যূ ‘উছ্‌রাতিং ফানাযি্‌রাতুন ইলা-মাইছারাতিওঁ (ط) ওয়া আং তাসাদ্দাকূ খাইরুল্লাকুম ইং কুংতুম তা‘লামূন।	
তরজমা	যদি খাতক অভাবগ্রস্ত হয় তবে সচ্ছলতা পর্যন্ত তাহাকে অবকাশ দেওয়া বিধেয়। আর যদি তোমরা ছাড়িয়া দাও তবে উহা তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা জানিতে।	
	وَاتَّقُوۡا يَوۡمًا تُرۡجَعُوۡنَ فِيۡهِ اِلَى اللّٰهِ ۗ ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفۡسٍ مَّا كَسَبَتۡ وَهُمۡ لَا يُظۡلَمُوۡنَ ﴿۲۸۱﴾	281
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকূ ইয়াওমাং তুরজা‘ঊনা ফীহি ইলাল্লা-হি (ق) ছু্‌ম্মা তুওয়াফ্‌ফা-কুল্লু নাফছিম্‌ মা-কাছাবাত ওয়াহুম লা-ইউজ্‌লামূন।	
তরজমা	তোমরা সেই দিনকে ভয় কর যে দিন তোমরা আল্লাহ্‌র দিকে প্রত্যানীত হইবে। অতঃপর প্রত্যেককে তাহার কর্মের ফল পুরাপুরি প্রদান করা হইবে, আর তাহাদের প্রতি কোনরূপ অন্যায় করা হইবে না।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا تَدَايَنْتُمْ بِدَيْنٍ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى فَاكْتُبُوْهُ ؕ وَلْيَكْتُبْ بَّيْنَكُمْ كَاتِبٌۢ بِالْعَدْلِ ۠ وَلَا يَاْبَ كَاتِبٌ اَنْ يَّكْتُبَ كَمَا عَلَّمَهُ اللّٰهُ فَلْيَكْتُبْ ۚ وَلْيُمْلِلِ الَّذِيْ عَلَيْهِ الْحَقُّ وَلْيَتَّقِ اللّٰهَ رَبَّهٗ وَلَا يَبْخَسْ مِنْهُ شَيْـًٔا ؕ فَاِنْ كَانَ الَّذِيْ عَلَيْهِ الْحَقُّ سَفِيْهًا اَوْ ضَعِيْفًا اَوْ لَا يَسْتَطِيْعُ اَنْ يُّمِلَّ هُوَ فَلْيُمْلِلْ وَلِيُّهٗ بِالْعَدْلِ ؕ وَاسْتَشْهِدُوْا شَهِيْدَيْنِ مِنْ رِّجَالِكُمْ ۚ فَاِنْ لَّمْ يَكُوْنَا رَجُلَيْنِ فَرَجُلٌ وَّامْرَاَتٰنِ مِمَّنْ تَرْضَوْنَ مِنَ الشُّهَدَآءِ اَنْ تَضِلَّ اِحْدٰىهُمَا فَتُذَكِّرَ اِحْدٰىهُمَا الْاُخْرٰى ؕ وَلَا يَاْبَ الشُّهَدَآءُ اِذَا مَا دُعُوْا ؕ وَلَا تَسْـَٔمُوْٓا اَنْ تَكْتُبُوْهُ صَغِيْرًا اَوْ كَبِيْرًا اِلٰٓى اَجَلِهٖ ؕ ذٰلِكُمْ اَقْسَطُ عِنْدَ اللّٰهِ وَاَقْوَمُ لِلشَّهَادَةِ وَاَدْنٰٓى اَلَّا تَرْتَابُوْٓا اِلَّآ اَنْ تَكُوْنَ تِجَارَةً حَاضِرَةً تُدِيْرُوْنَهَا بَيْنَكُمْ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَلَّا تَكْتُبُوْ, jLKGesmv¶x†hb† |wZMÖ¯—bvnq|hw`†Zvgiv¶wZMÖ¯—KiZ‡eBnv†Zvgv‡`iRb¨cvc¶ &ZvgivAvj-vn&‡KfqKiGeswZwb†Zvgv‡`i‡Kwk¶v†`b|Avj-vn† |me©wel‡qAewnZ	282

হয়া- আইয়ুহাল্লাযি না আ-মানূ- ইযা-তাদা-ইয়াংতুম বিদাইনিন ইলা-আজালিম্ মুছাম্মাং ফাকতুবূহু (ط) ওয়াল্ইয়াক্তুব্ বাইনাকুম কা-তিবুম্ বিল‘আদলি (ص) ওয়ালা-ইয়া’বা কা-তিবুন আইঁ ইয়াক্তুবা কামা-‘আল্লামাহুল্লা-হু ফাল্ইয়াক্তুব (ج) ওয়াল ইউমলিলিল্লাযী ‘আলাইহিল হাক্কু ওয়াল ইয়াত্তাকিল্লা-হা রাব্বাহূ ওয়ালা-ইয়াবখাছ্ মিনহু শাইআং (ط) ফাইং কা-নাল্লাযী আলাইহিল হাক্কু ছাফীহান আও দাঈফান আও লা-ইয়াছ্তাতী‘উ আই ইউমিল্লা হুওয়া ফাল্ইউমলিল ওয়ালিইয়ুহু বিল‘আদলি (ط) ওয়াছতাশহিদূ শাহীদাইনি মির্রিজা-লিকুম (ج) ফাইল্লাম ইয়াকূনা রাজুলাইনি ফারাজুলুওঁ ওয়াম্রাআতা-নি মিম্মাং তারদাওনা মিনাশ শুহাদা~ই আং তাদিল্লা ইহ্দা-হুমা ফাতুযাক্কিরা ইহ্দা-হুমাল উখরা (ط) ওয়ালা-ইয়া’বাশ্শুহাদা~উ ইযা- মা দু‘উ (ط) ওয়ালা-তাছআমূ~ আং তাকতুবূহু ছাগীরান আও কাবীরান ইলা~ আজালিহী (ط) যা-লিকুম আকছাতু ‘ইংদাল্লা-হি ওয়াআকওয়ামু লিশ্শাহা-দাতি ওয়াআদনা~ আল্লা-তারতা-বূ~ ইল্লা~ আং তাকূনা তিজা-রাতান হা-দিরাতাং তুদীরূনাহা- বাইনাকুম ফালাইছা ‘আলাইকুম জুনা-হুন আল্লা-তাকতুবূহা- (ط) ওয়াআশহিদূ~ ইযা-তাবা-ইয়া‘তুম (ص) ওয়ালা-ইউদা~র্রা কা-তিবুওঁ ওয়ালা-শাহীদুওঁ (ط) ওয়া ইং তাফ‘আলূ
ফাই

প্রতিবর্ণায়ন

হে মু’মিনগণ! তোমরা যখন একে অন্যের সঙ্গে নির্ধারিত সময়ের জন্য ঋণের কারবার কর তখন উহা লিখিয়া রাখিও; তোমাদের মধ্যে কোন লেখক যেন ন্যায্যভাবে লিখিয়া দেয়; লেখক লিখিতে অস্বীকার করিবে না। যেমন আল্লাহ্ তাহাকে শিক্ষা দিয়াছেন, সুতরাং সে যেন লিখে এবং ঋণগ্রহীতা যেন লেখার বিষয়বস্তু বলিয়া দেয় এবং তাহার প্রতিপালক আল্লাহ্‌কে ভয় করে, আর উহার কিছু যেন না কমায়; কিন্তু ঋণগ্রহীতা যদি নির্বোধ অথবা দুর্বল হয় অথবা লেখার বিষয়বস্তু বলিয়া দিতে না পারে তবে যেন তাহার অভিভাবক ন্যায্যভাবে লেখার বিষয়বস্তু বলিয়া দেয়। সাক্ষীদের মধ্যে যাহাদের উপর তোমরা রাযী তাহাদের মধ্যে দুইজন পুরুষ সাক্ষী রাখিবে, যদি দুইজন পুরুষ না থাকে তবে একজন পুরুষ ও দুইজন স্ত্রীলোক ; স্ত্রীলোকদের মধ্যে একজন ভুল করিলে তাহাদের একজন অপরজনকে স্মরণ করাইয়া দিবে। সাক্ষীগণকে যখন ডাকা হইবে তখন তাহারা যেন অস্বীকার না করে। ইহা ছোট হউক অথবা বড় হউক, মেয়াদসহ লিখিতে তোমরা কোনরূপ বিরক্ত হইও না। আল্লাহ্‌র নিকট ইহা ন্যায্যতর ও প্রমাণের জন্য দৃঢ়তর এবং তোমাদের মধ্যে সন্দেহ উদ্রেক না হওয়ার নিকটতর; কিন্তু তোমরা পরস্পর যে ব্যবসায় নগদ আদান-প্রদান কর তাহা তোমরা না লিখিলে কোন দোষ নাই। তোমরা যখন পরস্পরের মধ্যে বেচাকেনা কর তখন সাক্ষী রাখিও, লেখক এবং সাক্ষী যেন ক্ষতিগ্রস্ত না হয়। যদি তোমরা ক্ষতিগ্রস্ত কর তবে ইহা তোমাদের জন্য পাপ। তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং তিনি তোমাদেরকে শিক্ষা দেন। আল্লাহ্ সর্ববিষয়ে অবহিত।

তরজমা

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَإِنْ كُنْتُمْ عَلَىٰ سَفَرٍ وَلَمْ تَجِدُوا كَاتِبًا فَرِهَٰنٌ مَقْبُوضَةٌ ۖ فَإِنْ أَمِنَ بَعْضُكُمْ بَعْضًا فَلْيُؤَدِّ الَّذِي اؤْتُمِنَ أَمَانَتَهُ وَلْيَتَّقِ اللَّهَ رَبَّهُ ۗ وَلَا تَكْتُمُوا الشَّهَادَةَ ۚ وَمَنْ يَكْتُمْهَا فَإِنَّهُ آثِمٌ قَلْبُهُ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ ﴿٢٨٣﴾	**283**
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কুংতুম ‘আলা–ছাফারিওঁ ওয়ালাম তাজিদূ কা–তিবাং ফারিহা–নুম্ মাক্বূদ্বাতুং (ط) ফাইন আমিনা বা‘দু্কুম বা‘দ্বাং ফালইউআদ্দিল্লাযি’তুমিনা আমা–নাতাহু ওয়াল ইয়াত্তাকিল্লা–হা রাব্বাহূ (ط) ওয়ালা– তাকতুমুশ্শাহা–দাতা (ط) ওয়া মাইঁ ইয়াকতুমহা– ফাইন্নাহু˜ আ–ছিমুং ক্বালবুহূ (ط) ওয়াল্লা–হু বিমা–তা‘মালূন ‘আলীম।	
তরজমা	যদি তোমরা সফরে থাক এবং কোন লেখক না পাও তবে হস্তান্তরকৃত বন্ধক রাখিবে। তোমাদের একে অপরকে বিশ্বাস করিলে, যাহাকে বিশ্বাস করা হয় সে যেন আমানত প্রত্যর্পণ করে এবং তাহার প্রতিপালক আল্লাহ্কে ভয় করে। তোমরা সাক্ষ্য গোপন করিও না, যে কেহ উহা গোপন করে অবশ্যই তাহার অন্তর পাপী। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা সবিশেষ অবহিত।	
	لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ وَإِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ يُحَاسِبْكُمْ بِهِ اللَّهُ ۖ فَيَغْفِرُ لِمَنْ يَشَاءُ وَيُعَذِّبُ مَنْ يَشَاءُ ۗ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٨٤﴾	**284**
প্রতিবর্ণায়ন	লিল্লা–হি মা ফিছ্ ছামা–ওয়া–তি ওয়ামা–ফিল আরদ্বি (ط) ওয়া ইং তুবদূ মা–ফী˜ আংফুছিকুম আও তুখফূহু ইউহা–ছিবকুম বিহিল্লা–হু (ط) ফাইয়াগ্ফিরু লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইউ‘আয্যিবু মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা–হু আলা–কুল্লি শাইয়িং ক্বাদীর।	
তরজমা	আসমান ও যমীনে যাহা কিছু আছে সমস্ত আল্লাহ্রই। তোমাদের মনে যাহা আছে, তাহা প্রকাশ কর অথবা গোপন রাখ, আল্লাহ্ উহার হিসাব তোমাদের নিকট হইতে গ্রহণ করিবেন। অতঃপর যাহাকে ইচ্ছা তিনি ক্ষমা করিবেন এবং যাহাকে খুশি শাস্তি দিবেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	آمَنَ الرَّسُولُ بِمَا أُنْزِلَ إِلَيْهِ مِنْ رَبِّهِ وَالْمُؤْمِنُونَ ۚ كُلٌّ آمَنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِنْ رُسُلِهِ ۚ وَقَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا ۖ غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيرُ ﴿٢٨٥﴾	**285**
প্রতিবর্ণায়ন	আ–মানার্‌রাছূলু বিমা˜উংঝিলা ইলাইহি মির রাব্বিহী ওয়াল মু’মিনূনা (ط) কুল্লুন আ–মানা বিল্লা–হি ওয়া মালা~ইকাতিহী ওয়া কুতুবিহী ওয়া রুছুলিহী (قف) লা–নুফাররিকু বাইনা আহাদিম্ মির্ রুছুলিহী (قف) ওয়া ক্বা–লূ ছামি‘না ওয়াআতা‘না (ق) গুফরা–নাকা রাব্বানা–ওয়া ইলাইকাল মাসীর।	

তরজমা	রাসূল, তাহার প্রতি তাহার প্রতিপালকের পক্ষ হইতে যাহা অবতীর্ণ হইয়াছে তাহাতে ঈমান আনিয়াছে এবং মু'মিনগণও। তাহাদের সকলে আল্লাহে, তাঁহার ফিরিশতাগণে, তাঁহার কিতাবসমূহে এবং তাঁহার রাসূলগণে ঈমান আনিয়াছে। তাহারা বলে, 'আমরা তাঁহার রাসূলগণের মধ্যে কোন তারতম্য করি না', আর তাহারা বলে, 'আমরা শুনিয়াছি এবং পালন করিয়াছি। হে আমাদের প্রতিপালক! আমরা তোমার ক্ষমা চাই আর প্রত্যাবর্তন তোমারই নিকট।'	
	لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا وُسْعَهَا ؕ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ ؕ رَبَّنَا لَا تُؤَاخِذْنَاۤ اِنْ نَّسِيْنَاۤ اَوْ اَخْطَاْنَا ۚ رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَاۤ اِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِنَا ۚ رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ ۚ وَاعْفُ عَنَّا ۗ وَاغْفِرْ لَنَا ۗ وَارْحَمْنَا ۗ اَنْتَ مَوْلٰىنَا فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿۲۸۶﴾	**286**
প্রতিবর্ণায়ন	লা-ইউকাল্লিফুল্লা-হু নাফছান ইল্লা- উছ'আহা- (ط) লাহা-মা কাছাবাত ওয়া 'আলাইহা-মাক্তাছাবাত (ط) রাব্বানা- লা-তুআ-খিয'না˜ ইন্ নাছীনা-আও আখত'া'না- (ج) রাব্বানা-ওয়ালা-তাহ'মিল 'আলাইনা-ইসরাং কামা-হ'ামালতাহূ আলাল্লায'ীনা মিং ক'াবলিনা- (ج) রাব্বানা-ওয়ালা তুহ'াম্মিল্না-মা-লা-ত'া-ক'াতা লানা-বিহী (ج) ওয়া'ফু 'আন্না- (وقفة) ওয়াগফিরলানা-(وقفة) ওয়ারহ'ামনা- (وقفة) আংতা মাওলা-না- ফাংসুরনা- 'আলাল ক'াওমিল কা-ফিরীন।	
তরজমা	আল্লাহ্ কাহারও উপর এমন কোন কষ্টদায়ক দায়িত্ব অর্পণ করেন না যাহা তাহার সাধ্যাতীত। সে ভাল যাহা উপার্জন করে তাহার প্রতিফল তাহারই এবং সে মন্দ যাহা উপার্জন করে তাহার প্রতিফল তাহারই। 'হে আমাদের প্রতিপালক! যদি আমরা বিস্মৃত হই অথবা ভুল করি তবে তুমি আমাদেরকে পাকড়াও করিও না। হে আমাদের প্রতিপালক ! আমাদের পূর্ববর্তিগণের উপর যেমন গুরুদায়িত্ব অর্পণ করিয়াছিলে আমাদের উপর তেমন দায়িত্ব অর্পণ করিও না। হে আমাদের প্রতিপালক ! এমন ভার আমাদের উপর অর্পণ করিও না যাহা বহন করার শক্তি আমাদের নাই। আমাদের পাপ মোচন কর, আমাদেরকে ক্ষমা কর, আমাদের প্রতি দয়া কর, তুমিই আমাদের অভিভাবক। সুতরাং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।'	

3- 'Ali `Imran - আলে-ইমরান - آل عمران

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

আয়াতের ধরণ	আয়াত	আয়াত নং
	الٓمَّٓ ۟	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম মী~ম।	
তরজমা	আলিফ-লাম-মীম,	
	اللّٰهُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۙ الۡحَیُّ الۡقَیُّوۡمُ ؕ	2
প্রতিবর্ণায়ন	আল্লা-হু লা~ ইলাহা ইল্লা- হুওয়াল হ াইয়ুল ক াইয়ূম।	
তরজমা	আল্লাহ্ ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই, তিনি চিরঞ্জীব, সর্বসত্তার ধারক।	
	نَزَّلَ عَلَیۡكَ الۡكِتٰبَ بِالۡحَقِّ مُصَدِّقًا لِّمَا بَیۡنَ یَدَیۡهِ وَ اَنۡزَلَ التَّوۡرٰىةَ وَ الۡاِنۡجِیۡلَ ۙ	3
প্রতিবর্ণায়ন	নাঝঝালা 'আলাইকাল কিতা-বা বিলহ াক্কি মুসাদ্দিক াল্লিমা-বাইনা ইয়াদাইহি ওয়াআংঝালাত্ তাওরা-তা ওয়াল ইংজীল।	
তরজমা	তিনি সত্যসহ তোমার প্রতি কিতাব অবতীর্ণ করিয়াছেন, যাহা উহার পূর্বের কিতাবের সমর্থক। আর তিনি অবতীর্ণ করিয়াছিলেন তাওরাত ও ইনজীল-	
	مِنۡ قَبۡلُ هُدًی لِّلنَّاسِ وَ اَنۡزَلَ الۡفُرۡقَانَ ۬ؕ اِنَّ الَّذِیۡنَ كَفَرُوۡا بِاٰیٰتِ اللّٰهِ لَهُمۡ عَذَابٌ شَدِیۡدٌ ؕ وَ اللّٰهُ عَزِیۡزٌ ذُو انۡتِقَامٍ ؕ	4
প্রতিবর্ণায়ন	মিং ক াবলু হুদাল লিন্না-ছি ওয়া আংঝালাল্ ফুরক ানা (ط) ইন্নাল্লায ীনা কাফারূ বিআ-য়া-তিল্লা-হি লাহুম 'আয া-বুং শাদীদুঁও (ط) ওয়াল্লা-হু 'আঝীঝুং যু ংতিক া-ম।	
তরজমা	ইতিপূর্বে মানবজাতির সৎপথ প্রদর্শনের জন্য; আর তিনি ফুরকান অবতীর্ণ করিয়াছেন। যাহারা আল্লাহ্র নিদর্শনকে প্রত্যাখ্যান করে তাহাদের জন্য কঠোর শাস্তি আছে। আল্লাহ্ মহাপরাক্রমশালী, দণ্ডদাতা।	
	اِنَّ اللّٰهَ لَا یَخۡفٰی عَلَیۡهِ شَیۡءٌ فِی الۡاَرۡضِ وَ لَا فِی السَّمَآءِ ؕ	5
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা লা-ইয়াখফা- 'আলাইহি শাইউং ফিল আরদি ওয়ালা-ফিছ্ ছামা~ই।	
তরজমা	আল্লাহ্, নিশ্চয়ই আসমান ও যমীনে কিছুই তাঁহার নিকট গোপন থাকে না।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	هُوَ الَّذِىۡ يُصَوِّرُكُمۡ فِى الۡاَرۡحَامِ كَيۡفَ يَشَآءُ ‌ؕ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ الۡعَزِيۡزُ الۡحَكِيۡمُ‏ ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী ইউসাওবিরুকুম ফিল আরহা-মি কাইফা ইয়াশা~উ (ط) লা~ইলা-হা ইল্লা-হুওয়াল 'আঝীঝুল হাকীম।	
তরজমা	তিনিই মাতৃগর্ভে যেভাবে ইচ্ছা তোমাদের আকৃতি গঠন করেন। তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই; তিনি প্রবল পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	هُوَ الَّذِىۡۤ اَنۡزَلَ عَلَيۡكَ الۡكِتٰبَ مِنۡهُ اٰيٰتٌ مُّحۡكَمٰتٌ هُنَّ اُمُّ الۡكِتٰبِ وَاُخَرُ مُتَشٰبِهٰتٌ ‌ؕ فَاَمَّا الَّذِيۡنَ فِىۡ قُلُوۡبِهِمۡ زَيۡغٌ فَيَتَّبِعُوۡنَ مَا تَشَابَهَ مِنۡهُ ابۡتِغَآءَ الۡفِتۡنَةِ وَابۡتِغَآءَ تَاۡوِيۡلِهٖ ‌ۚ وَمَا يَعۡلَمُ تَاۡوِيۡلَهٗۤ اِلَّا اللّٰهُ ‌ؔ‌ۘ وَالرّٰسِخُوۡنَ فِى الۡعِلۡمِ يَقُوۡلُوۡنَ اٰمَنَّا بِهٖۙ كُلٌّ مِّنۡ عِنۡدِ رَبِّنَا ‌ۚ وَمَا يَذَّكَّرُ اِلَّاۤ اُولُوا الۡاَلۡبَابِ‏ ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী আংঝালা 'আলাইকাল কিতা-বা মিনহু আ-য়া-তুম মুহকামা-তুন হুন্না উম্মুল কিতা-বি ওয়া উখারু মুতাশা-বিহা-তুন (ط) ফাআম্মাল্লাযীনা ফী কুলূবিহিম ঝাইগুং ফাইয়াত্তাবি'উন মা-তাশা-বাহা মিনহুব্তিগা~আল ফিতনাতি ওয়াবতিগা~আ তা'বিলিহী (ج) ওয়া মা-ইয়া'লামু তা'বিলাহু~ ইল্লাল্লা-হ (م)। ওয়ার্ রা-ছিখূনা ফিল 'ইলমি ইয়াকূলূনা আ-মান্না-বিহী (ﻻ) কুললুম্ মিন 'ইংদি রাব্বিনা- (ج) ওয়ামা- ইয়ায যাক্কারু ইল্লা~ উলুল আল্বা-ব।	
তরজমা	তিনিই তোমার প্রতি এই কিতাব অবতীর্ণ করিয়াছেন যাহার কিছু আয়াত 'মুহ্কাম', এইগুলি কিতাবের মূল ; আর অন্যগুলি 'মুতাশাবিহ্', যাহাদের অন্তরে সত্য-লংঘন প্রবণতা রহিয়াছে শুধু তাহারাই ফিতনা এবং ভুল ব্যাখ্যার উদ্দেশ্যে মুতাশাবিহাতের অনুসরণ করে। আল্লাহ্ ব্যতীত অন্য কেহ ইহার ব্যাখ্যা জানে না। আর যাহারা জ্ঞানে সুগভীর তাহারা বলে, 'আমরা ইহা বিশ্বাস করি, সমস্তই আমাদের প্রতিপালকের নিকট হইতে আগত'; এবং বোধশক্তিসম্পন্নেরা ব্যতীত অপর কেহ শিক্ষা গ্রহণ করে না।	
	رَبَّنَا لَا تُزِغۡ قُلُوۡبَنَا بَعۡدَ اِذۡ هَدَيۡتَنَا وَهَبۡ لَنَا مِنۡ لَّدُنۡكَ رَحۡمَةً ‌ۚ اِنَّكَ اَنۡتَ الۡوَهَّابُ‏ ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	রাব্বানা-লা-তুঝিগ কুলূবানা-বা'দা ইয্ হাদাইতানা- ওয়াহাবলানা- মিল্লা দুংকা রাহমাতান (ج) ইন্নাকা আংতাল ওয়াহহা-ব।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্য লংঘনপ্রবণ করিও না এবং তোমার নিকট হইতে আমাদেরকে করুণা দান কর, নিশ্চয়ই তুমি মহাদাতা।	

|---|---|---|
	رَبَّنَآ اِنَّكَ جَامِعُ النَّاسِ لِيَوْمٍ لَّا رَيْبَ فِيْهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ۝٩	9
প্রতিবর্ণায়ন	রাব্বানা~ ইন্নাকা জা-মি'উন্না-ছি লিইয়াওমিল্লা-রাইবা ফীহি (ط) ইন্নাল্লা-হা লা-ইউখলিফুল মী'আদ।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক! তুমি মানব জাতিকে একদিন একত্রে সমবেত করিবে, ইহাতে কোন সন্দেহ নাই; নিশ্চয়ই আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।'	
	اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ تُغْنِيَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَآ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَيْـًٔا ؕ وَاُولٰٓئِكَ هُمْ وَقُوْدُ النَّارِ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা কাফারু লাং তুগনিয়া 'আনহুম আমওয়া-লুহুম ওয়ালা~ আওলা-দুহুম মিনাল্লা-হি শাইআওঁ (ط) ওয়া উলা~ইকাহুম ওয়াকূদুন্না-র।	
তরজমা	নিশ্চয়ই যাহারা কুফরী করে আল্লাহ্‌র নিকট তাহাদের ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি অবশ্যই কোন কাজে লাগিবে না এবং ইহারাই দোজখের ইন্ধন।	
	كَدَاْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَاَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوْبِهِمْ ؕ وَاللّٰهُ شَدِيْدُ الْعِقَابِ ۝١١	11
প্রতিবর্ণায়ন	কাদা'বি আ-লি ফির'আওনা (لا) ওয়াল্লাযীনা মিং কাবলিহিম (ط) কায্যাবূ বিআ-য়া তিনা- (ج) ফাআখাযাহুমুল্লা-হু বিযুনূবিহিম (ط) ওয়াল্লা-হু শাদীদুল 'ইকা-ব।	
তরজমা	তাহাদের অভ্যাস ফির'আওনী সম্প্রদায় ও তাহাদের পূর্ববর্তিগণের অভ্যাসের ন্যায়; উহারা আমার আয়াতসমূহ অস্বীকার করিয়াছিল; ফলে আল্লাহ্ তাহাদের পাপের জন্য তাহাদেরকে শাস্তিদান করিয়াছিলেন। আল্লাহ্ শাস্তিদানে অত্যন্ত কঠোর।	
	قُلْ لِّلَّذِيْنَ كَفَرُوْا سَتُغْلَبُوْنَ وَتُحْشَرُوْنَ اِلٰى جَهَنَّمَ ؕ وَبِئْسَ الْمِهَادُ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	কুল লিল্লাযীনা কাফারু ছাতুগলাবূনা ওয়াতুহশারূনা ইলা- জাহান্নামা (ط) ওয়াবি'ছাল মিহা-দ।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদেরকে বল, 'তোমরা শীঘ্রই পরাভূত হইবে এবং তোমাদেরকে একত্রিত করিয়া জাহান্নামের দিকে লইয়া যাওয়া হইবে। আর উহা কত নিকৃষ্ট আবাসস্থল !'	
	قَدْ كَانَ لَكُمْ اٰيَةٌ فِيْ فِئَتَيْنِ الْتَقَتَا ؕ فِئَةٌ تُقَاتِلُ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَاُخْرٰى كَافِرَةٌ يَّرَوْنَهُمْ مِّثْلَيْهِمْ رَاْيَ الْعَيْنِ ؕ وَاللّٰهُ يُؤَيِّدُ بِنَصْرِهٖ مَنْ يَّشَآءُ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَعِبْرَةً لِّاُولِى الْاَبْصَارِ ۝١٣	13

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক্বাদ কা-না লাকুম আ-য়াতুং ফী ফিআতাইনিল তাক্বাতা- (ط) ফিআতুং তুক্বা-তিলু ফী ছাবীলিল্লা-হি ওয়া উখরা- কা-ফিরাতুইঁ ইয়ারাওনাহুম মিছ্লাইহিম রা'ইয়াল 'আইনি (ط) ওয়াল্লা-হু ইউআইয়িদু বিনাসরিহী মাইঁ ইয়াশা~উ (ط) ইন্না ফী য্বা-লিকা লা'ইবরাতাল্ লিউলিল আবসা-র।	
তরজমা	দুইটি দলের পরস্পর সম্মুখীন হওয়ার মধ্যে তোমাদের জন্য অবশ্যই নিদর্শন রহিয়াছে। একদল আল্লাহ্র পথে যুদ্ধ করিতেছিল, অন্যদল কাফির ছিল ; উহারা তাহাদেরকে চোখের দেখায় দ্বিগুণ দেখিতেছিল। আল্লাহ যাহাকে ইচ্ছা নিজ সাহায্য দ্বারা শক্তিশালী করেন। নিশ্চয় ইহাতে অন্তর্দৃষ্টিসম্পন্ন লোকের জন্য শিক্ষা রহিয়াছে।	
	زُيِّنَ لِلنَّاسِ حُبُّ الشَّهَوٰتِ مِنَ النِّسَآءِ وَالْبَنِيْنَ وَالْقَنَاطِيْرِ الْمُقَنْطَرَةِ مِنَ الذَّهَبِ وَالْفِضَّةِ وَالْخَيْلِ الْمُسَوَّمَةِ وَالْاَنْعَامِ وَالْحَرْثِ ؕ ذٰلِكَ مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَاللّٰهُ عِنْدَهٗ حُسْنُ الْمَاٰبِ ﴿۱۴﴾	**14**
প্রতিবর্ণায়ন	ঝুইয়িনা লিন্না-ছি হুব্বুশ্ শাহাওয়া-তি মিনান্ নিছা~ই ওয়াল বানীনা ওয়াল ক্বানা-ত্বীরিল মুক্বাংত্বারাতি মিনায্ য্বাহাবি ওয়াল্ ফিদ্দ্বাতি ওয়াল খাইলিল মুছাওওয়ামাতি ওয়াল আন'আ-মি ওয়াল হ্বারছি (ط) য্বা-লিকা মাতা-'উল হ্বায়া-তিদ্দুনইয়া- (ج) ওয়াল্লা-হু 'ইংদাহু হুছনুল মাআ-ব।	
তরজমা	নারী, সন্তান, রাশিকৃত স্বর্ণরৌপ্য আর চিহ্নিত অশ্বরাজি, গবাদিপশু এবং ক্ষেত-খামারের প্রতি আকর্ষণ মানুষের জন্য সুশোভিত করা হইয়াছে। এইসব ইহজীবনের ভোগ্য বস্তু। আর আল্লাহ্, তাঁহারই নিকট রহিয়াছে উত্তম আশ্রয়স্থল।	
	قُلْ اَؤُنَبِّئُكُمْ بِخَيْرٍ مِّنْ ذٰلِكُمْ ؕ لِلَّذِيْنَ اتَّقَوْا عِنْدَ رَبِّهِمْ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَاَزْوَاجٌ مُّطَهَّرَةٌ وَّرِضْوَانٌ مِّنَ اللّٰهِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌ ۢ بِالْعِبَادِ ﴿۱۵﴾	**15**
প্রতিবর্ণায়ন	কু্ল আউনাব্বিউকুম বিখাইরিম্ মিং য্বা-লিকুম (ط) লিল্লায্বীনাত্তাক্বাও 'ইংদা রাব্বিহিম জান্না-তুং তাজরী মিং তাহ্বতিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা- ওয়াআঝ্ওয়াজুম্ মুত্বাহ্হারাতুওঁ ওয়ারিদ্বওয়া-নুম্ মিনাল্লা-হি (ط) ওয়াল্লা-হু বাসীরুম বিল'ইবা-দ।	
তরজমা	বল, 'আমি কি তোমাদেরকে এই সব বস্তু হইতে উৎকৃষ্টতর কোন কিছুর সংবাদ দিব? যাহারা তাক্ওয়া অবলম্বন করিয়া চলে তাহাদের জন্য তাহাদের প্রতিপালকের নিকট জান্নাতসমূহ রহিয়াছে, যাহার পাদদেশে নদী প্রবাহিত। আর সেখানে তাহারা স্থায়ী হইবে, তাহাদের জন্য পবিত্র সঙ্গিনীগণ এবং আল্লাহ্র নিকট হইতে সন্তুষ্টি রহিয়াছে। আল্লাহ্ বান্দাদের সম্পর্কে সম্যক দ্রষ্টা।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اَلَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَاۤ اِنَّنَاۤ اٰمَنَّا فَاغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা ইয়াকূলূনা রাব্বানা~ ইন্নানা~ আ-মান্না-ফাগ্‌ফিরলানা-যুনূবানা-ওয়াকিনা-'আযা-বান্না-র।	
তরজমা	যাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান আনিয়াছি ; সুতরাং তুমি আমাদের পাপ ক্ষমা কর এবং আমাদেরকে আগুনের আযাব হইতে রক্ষা কর ;	
	اَلصّٰبِرِيْنَ وَالصّٰدِقِيْنَ وَالْقٰنِتِيْنَ وَالْمُنْفِقِيْنَ وَالْمُسْتَغْفِرِيْنَ بِالْاَسْحَارِ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	আস্‌সা-বিরীনা ওয়াস্‌সা-দিকীনা ওয়াল কা-নিতীনা ওয়াল মুংফিকীনা ওয়াল মুছতাগফিরীনা বিলআছহা-র।	
তরজমা	তাহারা ধৈর্যশীল, সত্যবাদী, অনুগত, ব্যয়কারী এবং শেষ রাত্রে ক্ষমাপ্রার্থী।	
	شَهِدَ اللّٰهُ اَنَّهٗ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۙ وَالْمَلٰۤئِكَةُ وَاُولُوا الْعِلْمِ قَآئِمًا بِالْقِسْطِ ؕ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	শাহিদাল্লা-হু আন্নাহু লা~ ইলা-হা ইল্লা- হুওয়া (لا) ওয়াল মালা~ইকাতু ওয়া উলুল্ 'ইল্‌মি কা~ইমাম্ বিলকিছতি (ط) লা~ ইল্লা-হা ইল্লা-হুওয়াল আঝীঝুল হাকীম।	
তরজমা	আল্লাহ্ সাক্ষ্য দেন যে, নিশ্চয়ই তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই, ফিরিশতাগণ এবং জ্ঞানীগণও ; আল্লাহ্ ন্যায়নীতিতে প্রতিষ্ঠিত, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ নাই; তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	اِنَّ الدِّيْنَ عِنْدَ اللّٰهِ الْاِسْلَامُ ۗ وَمَا اخْتَلَفَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَهُمُ الْعِلْمُ بَغْيًۢا بَيْنَهُمْ ؕ وَمَنْ يَّكْفُرْ بِاٰيٰتِ اللّٰهِ فَاِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ইন্নাদ্দীনা 'ইংদাল্লা-হিল ইছলা-মু (قف) ওয়ামাখ্‌তালাফাল্লাযীনা উতুল কিতা-বা ইল্লা-মিম বা'দি মা-জা~আহুমুল 'ইল্‌মু বাগইয়াম্ বাইনাহুম (ط) ওয়ামাইঁ ইয়াক্‌ফুর বিআ-য়া-তিল্লা-হি ফাইন্নাল্লা-হা ছারী'উল হিছা-ব।	
তরজমা	নিঃসন্দেহে ইসলামই আল্লাহ্‌র নিকট একমাত্র দীন। যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল তাহারা পরস্পর বিদ্বেষবশত তাহাদের নিকট জ্ঞান আসিবার পর মতানৈক্য ঘটাইয়াছিল। আর কেহ আল্লাহ্‌র নিদর্শনকে অস্বীকার করিলে আল্লাহ্ তো হিসাব গ্রহণে অত্যন্ত তৎপর।	
	فَاِنْ حَآجُّوْكَ فَقُلْ اَسْلَمْتُ وَجْهِيَ لِلّٰهِ وَمَنِ اتَّبَعَنِ ؕ وَقُلْ لِّلَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَالْاُمِّيّٖنَ ءَاَسْلَمْتُمْ ؕ فَاِنْ اَسْلَمُوْا فَقَدِ اهْتَدَوْا ۚ وَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِالْعِبَادِ ﴿٢٠﴾	20

প্রতিবর্ণায়ন	ফাইন হ া~জ্জূকা ফাকু ল আছলামতু ওয়াজহিইয়া লিল্লা-হি ওয়ামানিত তাবা'আনি (ط) ওয়াকু ল্ লিল্লায ীনা উতুল কিতা-বা ওয়াল উম্মিইয়ীনা আআছলামতুম (ط) ফাইন আছলামূ ফাক াদিহ্তাদাওঁ (ج) ওয়া ইং তাওয়াল্লাও ফাইন্নামা-'আলাইকাল্ বালা-গু (ط) ওয়াল্লা-হু বাসীরুম বিল'ইবা-দ।	
তরজমা	যদি তাহারা তোমার সঙ্গে বিতর্কে লিপ্ত হয় তবে তুমি বল, 'আমি আল্লাহ্র নিকট আত্মসমর্পণ করিয়াছি এবং আমার অনুসারিগণও।' আর যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে তাহাদেরকে ও নিরক্ষরদেরকে বল, 'তোমরাও কি আত্মসমর্পণ করিয়াছ ?' যদি তাহারা আত্মসমর্পণ করে তবে নিশ্চয়ই তাহারা হিদায়াত পাইবে। আর যদি তাহারা মুখ ফিরাইয়া নেয় তবে তোমার কর্তব্য শুধু প্রচার করা। আল্লাহ্ বান্দাদের সম্পর্কে সম্যক দ্রষ্টা।	
	اِنَّ الَّذِیْنَ یَكْفُرُوْنَ بِاٰیٰتِ اللّٰهِ وَ یَقْتُلُوْنَ النَّبِیّٖنَ بِغَیْرِ حَقٍّ ۙ وَّ یَقْتُلُوْنَ الَّذِیْنَ یَاْمُرُوْنَ بِالْقِسْطِ مِنَ النَّاسِ ۙ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ اَلِیْمٍ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা ইয়াক্ফুরূনা বিআ-য়া-তিল্লা-হি ওয়াইয়াক তুলূনান্নাবিইয়ীনা বিগাইরি হ াক্কি ওঁ (ۙ) ওয়া ইয়াক তুলূনাল্লায ীনা ইয়া'মুরুনা বিলকি ছতি মিনান্না-ছি (ۙ) ফাবাশ্শিরহুম বি'আয া-বিন আলীম।	
তরজমা	যাহারা আল্লাহ্র আয়াত অস্বীকার করে, অন্যায়রূপে নবীদের হত্যা করে এবং মানুষের মধ্যে যাহারা ন্যায়পরায়ণতার নির্দেশ দেয় তাহাদেরকে হত্যা করে, তুমি তাহাদেরকে মর্মন্তুদ শাস্তির সংবাদ দাও।	
	اُولٰٓىِٕكَ الَّذِیْنَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِی الدُّنْیَا وَ الْاٰخِرَةِ ؗ وَ مَا لَهُمْ مِّنْ نّٰصِرِیْنَ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা হ াবিত াত্ আ'মা-লুহুম ফিদ্দুনইয়া-ওয়াল্ আ-খিরাতি (ز) ওয়ামা-লাহুম মিন্না-সিরীন।	
তরজমা	এইসব লোক, ইহাদের কার্যাবলী দুনিয়া ও আখিরাতে নিষ্ফল হইবে এবং তাহাদের কোন সাহায্যকারী নাই।	
	اَلَمْ تَرَ اِلَى الَّذِیْنَ اُوْتُوْا نَصِیْبًا مِّنَ الْكِتٰبِ یُدْعَوْنَ اِلٰی كِتٰبِ اللّٰهِ لِیَحْكُمَ بَیْنَهُمْ ثُمَّ یَتَوَلّٰی فَرِیْقٌ مِّنْهُمْ وَ هُمْ مُّعْرِضُوْنَ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায ীনা উতূ নাসীবাম্ মিনাল কিতা-বি ইউদ'আওনা ইলা-কিতা-বিল্লা-হি লিইয়াহ কুমা বাইনাহুম ছু ম্মা ইয়াতাওয়াল্লা- ফারীকু ম মিনহুম ওয়া হুম্ মু'রিদূ ন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তুমি কি তাহাদেরকে দেখ নাই যাহাদেরকে কিতাবের অংশ প্রদান করা হইয়াছিল ? তাহাদেরকে আল্লাহ্‌র কিতাবের দিকে আহ্বান করা হইয়াছিল যাহাতে উহা তাহাদের মধ্যে মীমাংসা করিয়া দেয়; অতঃপর তাহাদের একদল ফিরিয়া দাঁড়ায়, আর তাহারাই পরাঙ্মুখ;	
	ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْا لَنْ تَمَسَّنَا النَّارُ اِلَّاۤ اَيَّامًا مَّعْدُوْدٰتٍ ۪ وَغَرَّهُمْ فِيْ دِيْنِهِمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	যা-লিকা বিআন্নাহুম কা-লূ লাং তামাছ্ছানান্না-রু ইল্লা-আইয়া-মাম্ মা'দূদা-তিওঁ (ص) ওয়াগার্‌রাহুম ফী দীনিহিম মা-কা-নূ ইয়াফতারুন।	
তরজমা	এইহেতু যে, তাহারা বলিয়া থাকে, 'দিন কতক ব্যতীত আমাদেরকে অগ্নি কখনই স্পর্শ করিবে না। তাহাদের নিজেদের দীন সম্বন্ধে তাহাদের মিথ্যা উদ্ভাবন তাহাদেরকে প্রবঞ্চিত করিয়াছে।	
	فَكَيْفَ اِذَا جَمَعْنٰهُمْ لِيَوْمٍ لَّا رَيْبَ فِيْهِ ۫ وَوُفِّيَتْ كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ফাকাইফা ইযা- জামা'না-হুম লিইয়াওমিল্ লা-রাইবা ফীহি (قف) ওয়া উফ্‌ফিয়াত কুল্লু নাফছিম্ মা- কাছাবাত ওয়াহুম লা-ইউজ লামূন।	
তরজমা	কিন্তু সেইদিন, যাহাতে কোন সন্দেহ নাই, তাহাদের কি অবস্থা হইবে ? যে দিন আমি তাহাদেরকে একত্র করিব এবং প্রত্যেককে তাহার অর্জিত কর্মের প্রতিদান পূর্ণভাবে দেওয়া হইবে, আর তাহাদের প্রতি কোন অন্যায় করা হইবে না।	
	قُلِ اللّٰهُمَّ مٰلِكَ الْمُلْكِ تُؤْتِى الْمُلْكَ مَنْ تَشَآءُ وَتَنْزِعُ الْمُلْكَ مِمَّنْ تَشَآءُ ۫ وَتُعِزُّ مَنْ تَشَآءُ وَتُذِلُّ مَنْ تَشَآءُ ؕ بِيَدِكَ الْخَيْرُ ؕ اِنَّكَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	কু লিল্লা-হুম্মা মা-লিকাল মুলকি তু'তিল মুলকা মাং তাশা~উ (ز) ওয়া তাংঝি'উল মুলকা মিম্মাং তাশা~উ (ط) ওয়াতু'ইঝ্ঝু মাং তাশা~উ ওয়া তুযি ললু মাং তাশা~উ (ط) বিইয়াদিকাল্ খাইরু; ইন্নাকা 'আলা-কুল্লি শাইয়িং কা দীর।	
তরজমা	বল, 'হে সার্বভৌম শক্তির মালিক আল্লাহ! তুমি যাহাকে ইচ্ছা ক্ষমতা প্রদান কর এবং যাহার নিকট হইতে ইচ্ছা ক্ষমতা কাড়িয়া লও; যাহাকে ইচ্ছা তুমি ইজ্জত দান কর, আর যাহাকে ইচ্ছা তুমি হীন কর। কল্যাণ তোমার হাতেই। নিশ্চয়ই তুমি সকল বিষয়ে সর্বশক্তিমান।	
	تُوْلِجُ الَّيْلَ فِى النَّهَارِ وَتُوْلِجُ النَّهَارَ فِى الَّيْلِ ۫ وَتُخْرِجُ الْحَىَّ مِنَ الْمَيِّتِ وَتُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَىِّ ۫ وَتَرْزُقُ مَنْ تَشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٢٧﴾	27

প্রতিবর্ণায়ন	তূলিজুল্ লাল্লাইলা ফিন্নাহা-রি ওয়াতূলিজুন্নাহা-রা ফিল্লাইলি (ز) ওয়াতুখরিজুল্ হ়াইইয়া মিনাল মাইয়্যিতি ওয়াতুখ্‌রিজুল মাইয়্যিতা মিনাল হ়াইয়ি (ز) ওয়াতারঝুকু মাং তাশা~উ বিগাইরি হি়ছা-ব।	
তরজমা	‘তুমি রাত্রিকে দিবসে পরিণত এবং দিবসকে রাত্রিতে পরিণত কর : তুমিই মৃত হইতে জীবন্তের আবির্ভাব ঘটাও, আবার জীবন্ত হইতে মৃতের আবির্ভাব ঘটাও। তুমি যাহাকে ইচ্ছা অপরিমিত জীবনোপকরণ দান কর।’	
	لَا يَتَّخِذِ الْمُؤْمِنُوْنَ الْكٰفِرِيْنَ اَوْلِيَآءَ مِنْ دُوْنِ الْمُؤْمِنِيْنَ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَلَيْسَ مِنَ اللّٰهِ فِيْ شَيْءٍ اِلَّآ اَنْ تَتَّقُوْا مِنْهُمْ تُقٰىةً ۗ وَيُحَذِّرُكُمُ اللّٰهُ نَفْسَهٗ ۗ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	লা-ইয়াত্তাখিযি়ল মু’মিনূনাল কা-ফিরীনা আওলিয়া~আ মিং দূনিল মু’মিমীনা (ج) ওয়া মাইঁ ইয়াফ্‘আল য়া-লিকা ফালাইছা মিনাল্লা-হি ফী শাইইন ইল্লা~আং তাত্তাকূ় মিনহুম তুক়া-তাওঁ (ط) ওয়া ইউহ়ায্ যি়রুকুমুল্লা-হু নাফছাহূ (ط) ওয়া ইলাল্লা-হিল্ মাসীর।	
তরজমা	মু’মিনগণ যেন মু’মিনগণ ব্যতীত কাফিরদের বন্ধুরূপে গ্রহণ না করে। যে কেহ এইরূপ করিবে তাহার সঙ্গে আল্লাহ্‌র কোন সম্পর্ক থাকিবে না; তবে ব্যতিক্রম, যদি তোমরা তাহাদের নিকট হইতে আত্মরক্ষার জন্য সতর্কতা অবলম্বন কর। আর আল্লাহ্ তাঁহার নিজের সম্বন্ধে তোমাদেরকে সাবধান করিতেছেন এবং আল্লাহ্‌র দিকেই প্রত্যাবর্তন।	
	قُلْ اِنْ تُخْفُوْا مَا فِيْ صُدُوْرِكُمْ اَوْ تُبْدُوْهُ يَعْلَمْهُ اللّٰهُ ۗ وَيَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۗ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	কু়ল ইং তুখ্‌ফু মা-ফী সুদূরিকুম আও তুবদূহু ইয়া‘লামহুল্লা-হু (ط) ওয়া ইয়া‘লামু মা-ফিছ্‌ছামা-ওয়া-তি ওয়ামা- ফিল আরদি় (ط) ওয়াল্লা-হু ‘আলা-কুল্লি শাইইং ক়াদীর।	
তরজমা	বল, ‘তোমাদের অন্তরে যাহা আছে তাহা যদি তোমরা গোপন অথবা ব্যক্ত কর আল্লাহ্ উহা অবগত আছেন এবং আসমান ও যমীনে যাহা কিছু আছে তাহাও অবগত আছেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান’।	
	يَوْمَ تَجِدُ كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ مِنْ خَيْرٍ مُّحْضَرًا ۛۚ وَّمَا عَمِلَتْ مِنْ سُوْٓءٍ ۛۚ تَوَدُّ لَوْ اَنَّ بَيْنَهَا وَبَيْنَهٗٓ اَمَدًا بَعِيْدًا ۗ وَيُحَذِّرُكُمُ اللّٰهُ نَفْسَهٗ ۗ وَاللّٰهُ رَءُوْفٌ بِالْعِبَادِ ﴿٣٠﴾	30

প্রতিবর্ণায়ন	ইয়াওমা তাজিদু কুল্লু নাফছিম্ মা–‘আমিলাত মিন খাইরিম মুহ্‌ দ্বারাও (مع) ওয়ামা–‘আমিলাত মিং ছূ~ইং (مع) তাওয়াদ্দু লাও আন্না বাইনাহা– ওয়াবাইনাহূ~ আমাদাম্ বা‘ঈদান (ط) ওয়া ইউহ্‌য যি্‌রুকুমুল্লা–হু নাফছাহু (ط) ওয়াল্লা–হু রাউফুম বিল‘ইবা–দ।	
তরজমা	যেদিন প্রত্যেকে সে যে ভাল কাজ করিয়াছে এবং সে যে মন্দ কাজ করিয়াছে তাহা বিদ্যমান পাইবে, সেদিন সে তাহার ও উহার মধ্যে দূর ব্যবধান কামনা করিবে। আল্লাহ্ তাঁহার নিজের সম্বন্ধে তোমাদেরকে সাবধান করিতেছেন। আল্লাহ্ বান্দাদের প্রতি অত্যন্ত দয়ার্দ্র।	
	قُلۡ اِنۡ كُنۡتُمۡ تُحِبُّوۡنَ اللّٰهَ فَاتَّبِعُوۡنِىۡ يُحۡبِبۡكُمُ اللّٰهُ وَيَغۡفِرۡ لَـكُمۡ ذُنُوۡبَكُمۡ‌ؕ وَاللّٰهُ غَفُوۡرٌ رَّحِيۡمٌ ﴿۳۱﴾	**31**
প্রতিবর্ণায়ন	কু্‌ল ইং কুংতুম তুহি্‌ব্বূনাল্লা–হা ফাত্তাবি‘উনী ইউহ্‌বিব্‌কুমুল্লা–হু ওয়াইয়াগফির লাকুম যু্‌নূবাকুম (ط) ওয়াল্লা–হু গাফুরূর্ রাহ্‌ীম।	
তরজমা	বল, ‘তোমরা যদি আল্লাহ্‌কে ভালবাস তবে আমাকে অনুসরণ কর, আল্লাহ্ তোমাদেরকে ভালবাসিবেন এবং তোমাদের অপরাধ ক্ষমা করিবেন। আল্লাহ্ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।’	
	قُلۡ اَطِيۡعُوا اللّٰهَ وَالرَّسُوۡلَ‌ ۚ فَاِنۡ تَوَلَّوۡا فَاِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الۡكٰفِرِيۡنَ ﴿۳۲﴾	**32**
প্রতিবর্ণায়ন	কু্‌ল আত্‌ী‘উল্লা–হা ওয়ার্ রাছূলা (ج) ফাইং তাওয়াল্লাও ফাইন্নাল্লা–হা লা–ইউহি্‌ব্বুল কা–ফিরীন।	
তরজমা	বল, ‘আল্লাহ্ ও রাসূলের অনুগত হও।’ যদি তাহারা মুখ ফিরাইয়া নেয় তবে জানিয়া রাখ, আল্লাহ্ তো কাফিরদেরকে পসন্দ করেন না।	
	اِنَّ اللّٰهَ اصۡطَفٰۤى اٰدَمَ وَنُوۡحًا وَّاٰلَ اِبۡرٰهِيۡمَ وَاٰلَ عِمۡرٰنَ عَلَى الۡعٰلَمِيۡنَۙ ﴿۳۳﴾	**33**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হাসত্‌াফা~ আ–দামা ওয়ানূহ্‌াওঁ ওয়াআ–লা ইবরা–হীমা ওয়াআ–লা ‘ইমরা–না ‘আলাল ‘আ–লামীন।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ আদমকে, নূহকে ও ইব্‌রাহীমের বংশধর এবং ‘ইমরানের বংশধরকে বিশ্বজগতে মনোনীত করিয়াছেন।	
	ذُرِّيَّةًۢ بَعۡضُهَا مِنۡۢ بَعۡضٍ‌ؕ وَاللّٰهُ سَمِيۡعٌ عَلِيۡمٌ‌ۚ ﴿۳۴﴾	**34**
প্রতিবর্ণায়ন	যু্‌র্‌রিইইয়াতাম্ বা‘দু্‌হা–মিম্ বা‘দিন (ط) ওয়াল্লা–হু ছামী‘উন ‘আলীম।	
তরজমা	ইহারা একে অপরের বংশধর। আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	اِذۡ قَالَتِ امۡرَاَتُ عِمۡرٰنَ رَبِّ اِنِّىۡ نَذَرۡتُ لَـكَ مَا فِىۡ بَطۡنِىۡ مُحَرَّرًا فَتَقَبَّلۡ مِنِّىۡ‌ۚ اِنَّكَ اَنۡتَ السَّمِيۡعُ الۡعَلِيۡمُ ﴿۳۵﴾	**35**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয্‌ ক্বা-লাতিম্‌ রাআতু ‘ইমরা-না রাব্বি ইন্নী নায্‌রতু লাকা মা-ফী বাত্বনী মুহ্বার্‌রারাং ফাতাক্বাব্বাল মিন্নী (ج) ইন্নাকা আংতাছ ছামী‘উল ‘আলীম।	
তরজমা	স্মরণ কর, যখন ইমরানের স্ত্রী বলিয়াছিল, হে আমার প্রতিপালক ! আমার গর্ভে যাহা আছে তাহা একান্ত তোমার জন্য আমি উৎসর্গ করিলাম। সুতরাং তুমি আমার নিকট হইতে উহা কবূল কর, নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	فَلَمَّا وَضَعَتْهَا قَالَتْ رَبِّ إِنِّي وَضَعْتُهَا أُنْثَىٰ ؕ وَاللّٰهُ أَعْلَمُ بِمَا وَضَعَتْ ؕ وَلَيْسَ الذَّكَرُ كَالْأُنْثَىٰ ۚ وَإِنِّي سَمَّيْتُهَا مَرْيَمَ وَإِنِّيٓ أُعِيذُهَا بِكَ وَذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطٰنِ الرَّجِيمِ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- ওয়াদ্বা‘আত্‌হা-ক্বালাত রাব্বি ইন্নী ওয়াদ্বা‘তুহা~ উংছ্বা- (ط) ওয়াল্লা-হু আ‘লামু বিমা-ওয়াদ্বা‘আত (ط) ওয়ালাইছায্‌য্বাকারু কালউংছ্বা- (ج) ওয়া ইন্নী ছাম্মাইতুহা- মারইয়ামা ওয়া ইন্নী উ‘ঈযু্‌হা-বিকা ওয়া যু্‌র্‌রিইইয়াতাহা-মিনাশশাইত্বানির রাজীম।	
তরজমা	অতঃপর যখন সে উহাকে প্রসব করিল তখন সে বলিল, ‘হে আমার প্রতিপালক ! আমি কন্যা প্রসব করিয়াছি।’ সে যাহা প্রসব করিয়াছে আল্লাহ্‌ তাহা সম্যক অবগত। ‘আর ছেলে তো এই মেয়ের মত নয়, আমি উহার নাম ‘মার্‌ইয়াম’ রাখিয়াছি এবং অভিশপ্ত শয়তান হইতে তাহার ও তাহার বংশধরদের জন্য তোমার শরণ লইতেছি।’	
	فَتَقَبَّلَهَا رَبُّهَا بِقَبُولٍ حَسَنٍ وَّأَنْبَتَهَا نَبَاتًا حَسَنًا ۙ وَّكَفَّلَهَا زَكَرِيَّا ۚ كُلَّمَا دَخَلَ عَلَيْهَا زَكَرِيَّا الْمِحْرَابَ ۙ وَجَدَ عِنْدَهَا رِزْقًا ۚ قَالَ يٰمَرْيَمُ أَنّٰى لَكِ هٰذَا ؕ قَالَتْ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ؕ إِنَّ اللّٰهَ يَرْزُقُ مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ফাতাক্বাব্বালাহা- রাব্বুহা- বিক্বাবূলিন হ্বাছানিওঁ ওয়া আম্বাতাহা- নাবাতান হ্বাছানাওঁ (ﻻ) ওয়াকাফ্‌ফালাহা- ঝাকারিইইয়া- (ج) কুল্লামা- দাখালা ‘আলাইহা- ঝাকারিইইয়াল্‌ মিহ্বরা-বা (ﻻ) ওয়াজাদা ‘ইংদাহা- রিঝ্‌ক্বাং (ج) ক্বা-লা ইয়া-মারইয়ামু আন্না-লাকি হা-যা- (ط) ক্বা-লাত হুওয়া মিন ‘ইংদিল্লা-হি (ط) ইন্নাল্লা-হা ইয়ারঝুকু্‌ মাইঁ ইয়াশা~উ বিগাইরি হি্‌ছা-ব।	
তরজমা	অতঃপর তাহার প্রতিপালক তাহাকে ভালভাবে কবূল করিলেন এবং তাহাকে উত্তমরূপে লালন-পালন করিলেন এবং তিনি তাহাকে যাকারিয়ার তত্ত্বাবধানে রাখিয়াছিলেন। যখনই যাকারিয়া কক্ষে তাহার সঙ্গে সাক্ষাৎ করিতে যাইত তখনই তাহার নিকট খাদ্য-সামগ্রী দেখিতে পাইত। সে বলিত, ‘হে মার্‌ইয়াম! এই সব তুমি কোথায় পাইলে ?’ সে বলিত, ‘উহা আল্লাহ্‌র নিকট হইতে।’ নিশ্চয়ই আল্লাহ্‌ যাহাকে ইচ্ছা অপরিমিত রিযিক দান করেন।	

	هُنَالِكَ دَعَا زَكَرِيَّا رَبَّهٗ ۚ قَالَ رَبِّ هَبْ لِيْ مِنْ لَّدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً ۚ اِنَّكَ سَمِيْعُ الدُّعَآءِ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	হুনা–লিকা দা‘আ– ঝাকারিইইয়া– রাব্বাহূ (ج) ক্বা–লা রাব্বি হাবলী মিল্লাদুংকা যু ররিইইয়াতাং ত্বাইয়িবাতান (ج) ইন্নাকা ছামী‘উদ্দু‘আ~ই।	
তরজমা	সেখানেই যাকারিয়া তাহার প্রতিপালকের নিকট প্রার্থনা করিয়া বলিল, ‘হে আমার প্রতিপালক! আমাকে তুমি তোমার নিকট হইতে সৎ বংশধর দান কর। নিশ্চয়ই তুমি প্রার্থনা শ্রবণকারী।’	
	فَنَادَتْهُ الْمَلٰٓئِكَةُ وَهُوَ قَآئِمٌ يُّصَلِّيْ فِي الْمِحْرَابِ ۙ اَنَّ اللّٰهَ يُبَشِّرُكَ بِيَحْيٰى مُصَدِّقًا بِكَلِمَةٍ مِّنَ اللّٰهِ وَسَيِّدًا وَّ حَصُوْرًا وَّنَبِيًّا مِّنَ الصّٰلِحِيْنَ ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	ফানা–দাতহুল মালা~ইকাতু ওয়া হুওয়া ক্বা~ইমুইঁ ইউসাল্লী ফিল্ মিহ্‌রা–বি (ز) আন্নাল্লা–হা ইউবাশ্‌শিরুকা বিইয়াহ্‌ইয়া– মুসাদ্দিক্বাম্ বিকালিমাতিম্ মিনাল্লা–হি ওয়া ছাইয়িদাওঁ ওয়াহ্বাসূরাওঁ ওয়ানাবিইয়াম্ মিনাস্‌সা–লিহ্বীন।	
তরজমা	যখন যাকারিয়া কক্ষে সালাতে দাঁড়াইয়াছিলেন তখন ফিরিশতাগণ তাহাকে সম্বোধন করিয়া বলিল, ‘আল্লাহ তোমাকে ইয়াহ্‌ইয়ার সুসংবাদ দিতেছেন, সে হইবে আল্লাহ্‌র বাণীর সমর্থক, নেতা, স্ত্রী বিরাগী এবং পুণ্যবানদের মধ্যে একজন নবী।’	
	قَالَ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّقَدْ بَلَغَنِيَ الْكِبَرُ وَامْرَاَتِيْ عَاقِرٌ ؕ قَالَ كَذٰلِكَ اللّٰهُ يَفْعَلُ مَا يَشَآءُ ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	ক্বালা রাব্বি আন্না–ইয়াকূনু লী গুলা–মুওঁ ওয়াক্বাদ বালাগানিইয়াল্ কিবারু ওয়ামরাআতী ‘আ–কি্বরুং (ط) ক্বা–লা কায্বা–লিকাল্লা–হু ইয়াফ‘আলু মা–ইয়াশা~উ।	
তরজমা	সে বলিল, ‘হে আমার প্রতিপালক ! আমার পুত্র হইবে কিরূপে ? আমার তো বার্ধক্য আসিয়াছে এবং আমার স্ত্রী বন্ধ্যা।’ তিনি বলিলেন ‘এইভাবেই।’ আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা করেন।	
	قَالَ رَبِّ اجْعَلْ لِّيْٓ اٰيَةً ؕ قَالَ اٰيَتُكَ اَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلٰثَةَ اَيَّامٍ اِلَّا رَمْزًا ؕ وَاذْكُرْ رَّبَّكَ كَثِيْرًا وَّسَبِّحْ بِالْعَشِيِّ وَ الْاِبْكَارِ ﴿۴۱﴾	41
প্রতিবর্ণায়ন	ক্বা–লা রাব্বিজ ‘আল্লী~আ–য়াতাং (ط) ক্বা–লা আ–য়াতুকা আল্লা–তুকাল্লিমান্না–ছা ছালা–ছাতা আইয়া–মিন্ ইল্লা–রামঝাওঁ (ط) ওয়ায্‌কুর্ রাব্বাকা কাছীরাওঁ ছাব্বিহ্‌ বিল‘আশিইয়ি ওয়াল ইব্‌কা–র।	

| --- | --- | --- |
তরজমা	সে বলিল, 'হে আমার প্রতিপালক! আমাকে একটি নিদর্শন দাও।' তিনি বলিলেন, 'তোমার নিদর্শন এই যে, তিন দিন তুমি ইংগিত ব্যতীত কথা বলিতে পারিবে না, আর তোমার প্রতিপালককে অধিক স্মরণ করিবে এবং সন্ধ্যায় ও প্রভাতে তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিবে।'	
	وَاِذْ قَالَتِ الْمَلٰٓئِكَةُ يٰمَرْيَمُ اِنَّ اللّٰهَ اصْطَفٰكِ وَطَهَّرَكِ وَاصْطَفٰكِ عَلٰى نِسَآءِ الْعٰلَمِيْنَ ﴿۴۲﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ ক'া-লাতিল্ মালা~ইকাতু ইয়া-মারইয়ামু ইন্নাল্লা-হাসত'াফা-কি ওয়া ত'াহ্হারাকি ওয়াসত'াফা-কি 'আলা-নিছা~ইল 'আ-লামীন।	
তরজমা	স্মরণ কর, যখন ফিরিশ্‌তাগণ বলিয়াছিল, 'হে মার্‌ইয়াম! আল্লাহ্ তোমাকে মনোনীত ও পবিত্র করিয়াছেন এবং বিশ্বের নারীগণের মধ্যে তোমাকে মনোনীত করিয়াছেন।'	
	يٰمَرْيَمُ اقْنُتِىْ لِرَبِّكِ وَاسْجُدِىْ وَارْكَعِىْ مَعَ الرّٰكِعِيْنَ ﴿۴۳﴾	43
প্রতিবর্ণায়ন	ইয়া-মারইয়ামুক'নুতী লিরাব্বিকি ওয়াছজুদী ওয়ারকা'ঈ মা'আর্‌রা-কি'ঈন।	
তরজমা	'হে মার্‌ইয়াম! তোমার প্রতিপালকের অনুগত হও ও সিজ্‌দা কর এবং যাহারা রুকূ' করে তাহাদের সঙ্গে রুকূ' কর।'	
	ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ نُوْحِيْهِ اِلَيْكَ ؕ وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ يُلْقُوْنَ اَقْلَامَهُمْ اَيُّهُمْ يَكْفُلُ مَرْيَمَ ۪ وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ يَخْتَصِمُوْنَ ﴿۴۴﴾	44
প্রতিবর্ণায়ন	য'া-লিকা মিন আম্‌বা~ইল গাইবি নূহ'ীহি ইলাইকা (ط) ওয়ামা- কুংতা লাদাইহিম ইয্ ইউলকূ'না আক'লা-মাহুম আইয়ুহুম ইয়াক্‌ফুলু মারইয়ামা (ص) ওয়ামা- কুংতা লাদাইহিম ইয্ ইয়াখ্‌তাসিমূন।	
তরজমা	ইহা অদৃশ্য বিষয়ের সংবাদ-যাহা তোমাকে ওহী দ্বারা অবহিত করিতেছি। মার্‌ইয়ামের তত্ত্বাবধানের দায়িত্ব তাহাদের মধ্যে কে গ্রহণ করিবে ইহার জন্য যখন তাহারা তাহাদের কলম নিক্ষেপ করিতেছিল তুমি তখন তাহাদের নিকট ছিলে না এবং তাহারা যখন বাদানুবাদ করিতেছিল তখনও তুমি তাহাদের নিকট ছিলে না।	
	اِذْ قَالَتِ الْمَلٰٓئِكَةُ يٰمَرْيَمُ اِنَّ اللّٰهَ يُبَشِّرُكِ بِكَلِمَةٍ مِّنْهُ ۖ اسْمُهُ الْمَسِيْحُ عِيْسَى ابْنُ مَرْيَمَ وَجِيْهًا فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَمِنَ الْمُقَرَّبِيْنَ ﴿۴۵﴾	45
প্রতিবর্ণায়ন	ইয্ ক'া-লাতিল মালা~ইকাতু ইয়া-মারইয়ামু ইন্নাল্লা-হা ইউবাশ্‌শিরুকি বিকালিমাতিম মিনহু(ق) ছ্মুহুল্ মাছীহু 'ঈছাবনু মারইয়ামা ওয়াজীহাং ফিদ্দুনইয়া- ওয়াল আ-খিরাতি ওয়া মিনাল মুক'াররাবীন।	

তরজমা	স্মরণ কর, যখন ফিরিশ্‌তাগণ বলিল, 'হে মার্‌ইয়াম ! নিশ্চয়ই আল্লাহ্‌ তোমাকে তাঁহার পক্ষ হইতে একটি কালেমার সুসংবাদ দিতেছেন। তাহার নাম মাসীহ্‌ মার্‌ইয়াম-তনয় 'ঈসা, সে দুনিয়া ও আখিরাতে সম্মানিত এবং সান্নিধ্যপ্রাপ্তগণের অন্যতম হইবে।	
	وَيُكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ وَكَهْلًا وَّمِنَ الصّٰلِحِيْنَ ۝٤٦	46
প্রতিবর্ণায়ন	ওয়া ইউকাল্লিমুন্না–ছা ফিল মাহদি ওয়া কাহলাওঁ ওয়া মিনাসসা–লিহ ীন।	
তরজমা	'সে দোলনায় থাকা অবস্থায় ও পরিণত বয়সে মানুষের সঙ্গে কথা বলিবে এবং সে হইবে পুণ্যবানদের একজন।'	
	قَالَتْ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ وَلَدٌ وَّلَمْ يَمْسَسْنِيْ بَشَرٌ ؕ قَالَ كَذٰلِكِ اللّٰهُ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ اِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ۝٤٧	47
প্রতিবর্ণায়ন	ক া–লাত রাব্বি আন্না–ইয়াকূনু লী ওয়ালাদদুওঁ ওয়া লাম ইয়ামছাছ্নী বাশারুং (ط) ক া–লা কায া–লিকিল্লা–হু ইয়াখলুকু মা–ইয়াশা–উ (ط) ইয া– ক াদ া– আমরাং ফাইন্নামা– ইয়াকূ ্লু লাহূ কুং ফাইয়াকূন।	
তরজমা	সে বলিল, 'হে আমার প্রতিপালক ! আমাকে কোন পুরুষ স্পর্শ করে নাই, আমার সন্তান হইবে কীভাবে ?' তিনি বলিলেন, 'এইভাবেই', আল্লাহ্‌ যাহা ইচ্ছা সৃষ্টি করেন। তিনি যখন কিছু স্থির করেন তখন বলেন, 'হও' এবং ইহা হইয়া যায়।	
	وَيُعَلِّمُهُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ۝٤٨	48
প্রতিবর্ণায়ন	ওয়া ইউ'আল্লিমুহুল কিতা–বা ওয়াল হি ্কমাতা ওয়াত্তাওরা–তা ওয়ালইংজীল।	
তরজমা	'এবং তিনি তাহাকে শিক্ষা দিবেন কিতাব, হিকমত, তাওরাত ও ইন্‌জীল।	
	وَرَسُوْلًا اِلٰى بَنِيْٓ اِسْرَآءِيْلَ ۙ اَنِّيْ قَدْ جِئْتُكُمْ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكُمْ ۙ اَنِّيْٓ اَخْلُقُ لَكُمْ مِّنَ الطِّيْنِ كَهَيْـَٔةِ الطَّيْرِ فَاَنْفُخُ فِيْهِ فَيَكُوْنُ طَيْرًاۢ بِاِذْنِ اللّٰهِ ۚ وَاُبْرِئُ الْاَكْمَهَ وَالْاَبْرَصَ وَاُحْيِ الْمَوْتٰى بِاِذْنِ اللّٰهِ ۚ وَاُنَبِّئُكُمْ بِمَا تَاْكُلُوْنَ وَمَا تَدَّخِرُوْنَ ۙ فِيْ بُيُوْتِكُمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۝٤٩	49

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া রাছূলান ইলা-বানী˜ ইছরা~ঈলা (ۙ) আন্নী ক˙াদ জি’তুকুম্ বিআ-য়াতিম্ মির্‌রাব্বিকুম (ۙ) আন্নী-আখলুকু˙ লাকুম মিনাত্ত˙ীনি কাহাইআতিত্ত˙াইরি ফাআংফুখু ফীহি ফাইয়াকূনু ত˙াইরাম্ বিইয˙নিল্লা-হি (ج) ওয়াউবরিউল আকমাহা ওয়াল আবরাসা ওয়া উহ˙য়িল্ মাওতা-বিইয˙নিল্লা-হি (ج) ওয়া উনাব্বিউকুম বিমা- তা’কুলূনা ওয়ামা-তাদ্দাখিরূনা (ۙ) ফী বুইউতিকুম (ط) ইন্না ফী য˙া-লিকা লাআ-য়াতাল্লাকুম ইং কুংতুম মু’মিনীন।	
তরজমা	‘এবং তাহাকে বনী ইসরাঈলের জন্য রাসূল করিবেন।’ সে বলিবে, ‘আমি তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে তোমাদের নিকট নিদর্শন লইয়া আসিয়াছি। আমি তোমাদের জন্য কর্দম দ্বারা একটি পক্ষীসদৃশ আকৃতি গঠন করিব ; অতঃপর ইহাতে আমি ফুৎকার দিব ; ফলে আল্লাহ্‌র হুকুমে উহা পাখি হইয়া যাইবে। আমি জন্মান্ধ ও কুষ্ঠ ব্যাধিগ্রস্তকে নিরাময় করিব এবং আল্লাহ্‌র হুকুমে মৃতকে জীবন্ত করিব। তোমরা তোমাদের গৃহে যাহা আহার কর ও মওজুদ কর তাহা তোমাদেরকে বলিয়া দিব। তোমরা যদি মু’মিন হও তবে ইহাতে তোমাদের জন্য নিদর্শন রহিয়াছে।	
	وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرٰىةِ وَلِاُحِلَّ لَكُمْ بَعْضَ الَّذِىْ حُرِّمَ عَلَيْكُمْ وَجِئْتُكُمْ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكُمْ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ۝٥٠	**50**
প্রতিবর্ণায়ন	ওয়া মুসাদ্দিক˙াল্লি মা-বাইনা ইয়াদাইয়া মিনাত্তাওরা-তি ওয়া লিউহি˙ল্লা লাকুম বা‘দ˙াল্লায˙ী হু˙র্‌রিমা ‘আলাইকুম ওয়া জি’তুকুম বিআ-য়াতিম মির্ রাব্বিকুম (قف) ফাত্তাকু˙ল্লা-হা, ওয়া আতী˙‘উন।	
তরজমা	‘আর আমি আসিয়াছি আমার সম্মুখে তাওরাতে যাহা রহিয়াছে উহার সমর্থকরূপে ও তোমাদের জন্য যাহা নিষিদ্ধ ছিল উহার কতকগুলিকে বৈধ করিতে। এবং আমি তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে তোমাদের নিকট নিদর্শন লইয়া আসিয়াছি। সুতরাং আল্লাহ্‌কে ভয় কর আর আমাকে অনুসরণ কর।	
	اِنَّ اللّٰهَ رَبِّىْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ۝٥١	**51**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা রাব্বী ওয়া রাব্বুকুম ফা‘বুদূহু (قف) হা-য˙া- সিরা-তুম মুছতাক˙ীম।	
তরজমা	‘নিশ্চয়ই আল্লাহ্ আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক, সুতরাং তোমরা তাঁহার ‘ইবাদত করিবে। ইহাই সরল পথ।’	
	فَلَمَّآ اَحَسَّ عِيْسٰى مِنْهُمُ الْكُفْرَ قَالَ مَنْ اَنْصَارِىْٓ اِلَى اللّٰهِ ؕ قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ ۚ اٰمَنَّا بِاللّٰهِ ۚ وَاشْهَدْ بِاَنَّا مُسْلِمُوْنَ ۝٥٢	**52**

প্রতিবর্ণায়ন	ফালাম্মা~ আহ্‌াছ্ছা 'ঈছা-মিনহুমুল কুফরা ক্বা-লা মান আংসা-রী~ইলাল্লা-হি (ط) ক্বা-লাল হ্বাওয়া- রিইয়ূনা নাহ্‌নু আংসা-রুল্লা-হি (ج) আ-মান্না-বিল্লাহি (ج) ওয়াশ্‌হাদ বিআন্না-মুছ্‌লিমূন।	
তরজমা	যখন 'ঈসা তাহাদের অবিশ্বাস উপলব্ধি করিল তখন সে বলিল, 'আল্লাহ্‌র পথে কাহারা আমার সাহায্যকারী ?' হাওয়ারীগণ বলিল, 'আমরাই আল্লাহ্‌র পথে সাহায্যকারী। আমরা আল্লাহে ঈমান আনিয়াছি। আমরা আত্মসমর্পণ-কারী, তুমি ইহার সাক্ষী থাক।	
	رَبَّنَآ اٰمَنَّا بِمَآ اَنۡزَلۡتَ وَاتَّبَعۡنَا الرَّسُوۡلَ فَاكۡتُبۡنَا مَعَ الشّٰهِدِيۡنَ ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	রাব্বানা~আ-মান্না~ বিমা~আংঝালতা ওয়াত্তবা'নার্‌ রাছূলা ফাক্‌তুবনা-মা'আশ্‌শা-হিদীন।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক ! তুমি যাহা অবতীর্ণ করিয়াছ তাহাতে আমরা ঈমান আনিয়াছি এবং আমরা এই রাসূলের অনুসরণ করিয়াছি। সুতরাং আমাদেরকে সাক্ষ্যদান-কারীদের তালিকাভুক্ত কর।'	
	وَمَكَرُوۡا وَمَكَرَ اللّٰهُ ‌ؕ وَاللّٰهُ خَيۡرُ الۡمٰكِرِيۡنَ ﴿۵۴﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়ামাকারু ওয়া মাকারাল্লা-হু (ج) ওয়াল্লা-হু খাইরুল্‌ মা-কিরীন।	
তরজমা	আর তাহারা চক্রান্ত করিয়াছিল আল্লাহ্‌ও কৌশল করিয়াছিলেন; আল্লাহ্‌ কৌশলীদের শ্রেষ্ঠ।	
	اِذۡ قَالَ اللّٰهُ يٰعِيۡسٰۤى اِنِّىۡ مُتَوَفِّيۡكَ وَرَافِعُكَ اِلَىَّ وَمُطَهِّرُكَ مِنَ الَّذِيۡنَ كَفَرُوۡا وَجَاعِلُ الَّذِيۡنَ اتَّبَعُوۡكَ فَوۡقَ الَّذِيۡنَ كَفَرُوۡۤا اِلٰى يَوۡمِ الۡقِيٰمَةِ‌ ۚ ثُمَّ اِلَىَّ مَرۡجِعُكُمۡ فَاَحۡكُمُ بَيۡنَكُمۡ فِيۡمَا كُنۡتُمۡ فِيۡهِ تَخۡتَلِفُوۡنَ ﴿۵۵﴾	55
প্রতিবর্ণায়ন	ইয্‌ ক্বা-লাল্লা-হু ইয়া-'ঈছা-ইন্নী মুতাওয়াফ্‌ফীকা ওয়ারা-ফি'উকা ইলাইইয়া ওয়ামুত্বাহ্‌হিরুকা মিনাল্লায্বীনা কাফারূ ওয়া জা-'ইলুল্লায্বীনাত্তাবা'উকা ফাওক্বাল্লায্বীনা কাফারূ~ ইলা-ইয়াওমিল কিয়া-মাতি (ج) ছুম্মা ইলাইইয়া মারজি'উকুম ফাআহ্‌কুমু বাইনাকুম ফীমা-কুংতুম ফীহি তাখতালিফূন।	
তরজমা	স্মরণ কর, যখন আল্লাহ্‌ বলিবেন, 'হে 'ঈসা! আমি তোমার কাল পূর্ণ করিতেছি এবং আমার নিকট তোমাকে তুলিয়া লইতেছি এবং যাহারা কুফরী করিয়াছে তাহাদের মধ্য হইতে তোমাকে পবিত্র করিতেছি। আর তোমার অনুসারিগণকে কিয়ামত পর্যন্ত কাফিরদের উপর প্রাধান্য দিতেছি, অতঃপর আমার কাছে তোমাদের প্রত্যাবর্তন।' তারপর যে বিষয়ে তোমাদের মতান্তর ঘটিতেছে আমি উহা মীমাংসা করিয়া দিব।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَأَمَّا الَّذِينَ كَفَرُوا فَأُعَذِّبُهُمْ عَذَابًا شَدِيدًا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۖ وَمَا لَهُم مِّن نَّاصِرِينَ ﴿٥٦﴾	**56**
প্রতিবর্ণায়ন	ফাআম্মাল্লায ীনা কাফারূ ফাউ‘আয যি বুহুম ‘আয া–বাং শাদীদাং ফিদ্দুনইয়া–ওয়াল আ–খিরাতি (ز) ওয়ামা–লাহুম মিন্ না–সিরীন।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে আমি তাহাদেরকে দুনিয়া ও আখিরাতে কঠোর শাস্তি প্রদান করিব এবং তাহাদের কোন সাহায্য-কারী নাই।	
	وَأَمَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَيُوَفِّيهِمْ أُجُورَهُمْ ۗ وَاللَّهُ لَا يُحِبُّ الظَّالِمِينَ ﴿٥٧﴾	**57**
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্লায ীনা আ–মানূ ওয়া ‘আমিলুসসা–লিহ া–তি ফাইউওয়াফ্‌ফীহিম উজুরাহুম (ط) ওয়াল্লা–হু লা–ইউহি ব্বুজ্জ া–লিমীন।	
তরজমা	আর যাহারা ঈমান আনিয়াছে এবং সৎকাজ করিয়াছে তিনি তাহাদের প্রতিফল পুরাপুরিভাবে প্রদান করিবেন। আল্লাহ্ জালিম-দের পসন্দ করেন না।	
	ذَٰلِكَ نَتْلُوهُ عَلَيْكَ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيمِ ﴿٥٨﴾	**58**
প্রতিবর্ণায়ন	য া–লিকা নাতলূহু ‘আলাইকা মিনাল আ–য়া–তি ওয়ায্ যি করিল হ াকীম।	
তরজমা	ইহা আমি তোমার নিকট তিলাওয়াত করিতেছি আয়াতসমূহ ও সারগর্ভ বাণী হইতে।	
	إِنَّ مَثَلَ عِيسَىٰ عِندَ اللَّهِ كَمَثَلِ آدَمَ ۖ خَلَقَهُ مِن تُرَابٍ ثُمَّ قَالَ لَهُ كُن فَيَكُونُ ﴿٥٩﴾	**59**
প্রতিবর্ণায়ন	ইন্না মাছ ালা ‘ঈছা– ‘ইংদাল্লা–হি কামাছ ালি আ–দামা (ط) খালাক াহু মিং তুরা–বিং ছু ম্মা ক া–লা লাহু কুং ফাইয়াকূন।	
তরজমা	আল্লাহ্‌র নিকট নিশ্চয়ই ‘ঈসার দৃষ্টান্ত আদমের দৃষ্টান্তসদৃশ। তিনি তাহাকে মৃত্তিকা হইতে সৃষ্টি করিয়াছেন; অতঃপর উহাকে বলিলেন ‘হও’, ফলে সে হইয়া গেল।	
	الْحَقُّ مِن رَّبِّكَ فَلَا تَكُن مِّنَ الْمُمْتَرِينَ ﴿٦٠﴾	**60**
প্রতিবর্ণায়ন	আলহ াক্কু মির্‌রাব্বিকা ফালা–তাকুম মিনাল মুমতারীন।	
তরজমা	সত্য তো তোমার প্রতিপালকের নিকট হইতে, সুতরাং তুমি সংশয়বাদীদের অন্তর্ভুক্ত হইও না।	
	فَمَنْ حَاجَّكَ فِيهِ مِن بَعْدِ مَا جَاءَكَ مِنَ الْعِلْمِ فَقُلْ تَعَالَوْا نَدْعُ أَبْنَاءَنَا وَأَبْنَاءَكُمْ وَنِسَاءَنَا وَنِسَاءَكُمْ وَأَنفُسَنَا وَأَنفُسَكُمْ ثُمَّ نَبْتَهِلْ فَنَجْعَل لَّعْنَتَ اللَّهِ عَلَى الْكَاذِبِينَ ﴿٦١﴾	**61**
প্রতিবর্ণায়ন	ফামান হ া~জ্জাকা ফীহি মিম্ বা‘দি মা–জা~আকা মিনাল ‘ইলমি ফাকু ল তা‘আ–লাও নাদ‘উ আবনা~আনা–ওয়া আব্‌না~আকুম ওয়া নিছা~আনা–ওয়া নিছা~আকুম ওয়া আংফুছানা–ওয়া আংফুছাকুম (قف) ছু ম্মা নাবতাহি ল ফানাজ‘আল্ লা‘নাতাল্লা–হি আলাল কা–যি বীন।	

তরজমা	তোমার নিকট জ্ঞান আসিবার পর যে কেহ এই বিষয়ে তোমার সঙ্গে তর্ক করে তাহাকে বল, আস, আমরা আহ্বান করি আমাদের পুত্রগণকে ও তোমাদের পুত্রগণকে, আমাদের নারীগণকে ও তোমাদের নারীগণকে, আমাদের নিজেদেরকে ও তোমাদের নিজেদেরকে, অতঃপর আমরা বিনীত আবেদন করি এবং মিথ্যাবাদীদের উপর দেই আল্লাহ্‌র লা'নত।	
	إِنَّ هَٰذَا لَهُوَ الْقَصَصُ الْحَقُّ ۚ وَمَا مِنْ إِلَٰهٍ إِلَّا اللَّهُ ۚ وَإِنَّ اللَّهَ لَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ইন্না হা-যা- লাহুওয়াল কাসাসুল হাক্কু (ج) ওয়ামা-মিন ইলা-হিন ইল্লাল্লা-হু (ط) ওয়া ইন্নাল্লা-হা লাহুওয়াল 'আঝীঝুল হাকীম।	
তরজমা	নিশ্চয়ই ইহা সত্য বৃত্তান্ত। আল্লাহ্‌ ব্যতীত অন্য ইলাহ্‌ নাই; নিশ্চয় আল্লাহ্‌ পরম প্রতাপশালী, প্রজ্ঞাময়।	
	فَإِنْ تَوَلَّوْا فَإِنَّ اللَّهَ عَلِيمٌ بِالْمُفْسِدِينَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	ফাইং তাওয়াল্লাও ফাইন্নাল্লা-হা 'আলীমুম্‌ বিলমুফছিদীন।	
তরজমা	যদি তাহারা মুখ ফিরাইয়া নেয়, তবে নিশ্চয়ই আল্লাহ্‌ ফাসাদকারীদের সম্বন্ধে সম্যক অবহিত।	
	قُلْ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَىٰ كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَلَّا نَعْبُدَ إِلَّا اللَّهَ وَلَا نُشْرِكَ بِهِ شَيْئًا وَلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ ۚ فَإِنْ تَوَلَّوْا فَقُولُوا اشْهَدُوا بِأَنَّا مُسْلِمُونَ ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	কুল ইয়া~আহলাল কিতা-বি তা'আ-লাও ইলা-কালিমাতিং ছাওয়া~ইম্‌ বাইনানা-ওয়া বাইনাকুম আল্লা-না'বুদা ইল্লাল্লাহা ওয়ালা- নুশরিকা বিহী শাইআওঁ ওয়ালা- ইয়াত্তাখিযা বা'দু না- বা'দান আরবা-বাম মিং দূনিল্লা-হি (ط) ফাইং তাওয়াল্লাও ফকূলুশ্‌হাদূ বিআন্না-মুছলিমূন।	
তরজমা	তুমি বল, 'হে কিতাবীগণ ! আস সে কথায় যাহা আমাদের ও তোমাদের মধ্যে এক; যেন আমরা আল্লাহ্‌ ব্যতীত কাহারও 'ইবাদত না করি, কোন কিছুকেই তাঁহার শরীক না করি এবং আমাদের কেহ কাহাকেও আল্লাহ্‌ ব্যতীত রব হিসাবে গ্রহণ না করে।' যদি তাহারা মুখ ফিরাইয়া নেয় তবে বল, 'তোমরা সাক্ষী থাক, অবশ্যই আমরা মুসলিম।'	
	يَا أَهْلَ الْكِتَابِ لِمَ تُحَاجُّونَ فِي إِبْرَاهِيمَ وَمَا أُنْزِلَتِ التَّوْرَاةُ وَالْإِنْجِيلُ إِلَّا مِنْ بَعْدِهِ ۚ أَفَلَا تَعْقِلُونَ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ইয়া~আহলাল কিতা-বি লিমা তুহা~জজুনা ফী~ইবরা-হীমা ওয়ামা উংঝিলাতিত্‌ তাওরা-তু ওয়াল ইংজীলু ইল্লা-মিম্‌ বাদিহী (ط) আফালা-তা'কিলূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে কিতাবীগণ! ইব্‌রাহীম সম্বন্ধে কেন তোমরা তর্ক কর, অথচ তাওরাত ও ইন্‌জীল তো তাহার পরেই অবতীর্ণ হইয়াছিল? তোমরা কি বুঝ না ?	
	هَٰٓأَنتُمْ هَٰٓؤُلَآءِ حَٰجَجْتُمْ فِيمَا لَكُم بِهِۦ عِلْمٌ فَلِمَ تُحَآجُّونَ فِيمَا لَيْسَ لَكُم بِهِۦ عِلْمٌ ۚ وَٱللَّهُ يَعْلَمُ وَأَنتُمْ لَا تَعْلَمُونَ ٦٦	66
প্রতিবর্ণায়ন	হা˜ আংতুম হা˜উলা~ই হা-জাজতুম ফীমা- লাকুম বিহী 'ইলমুং ফালিমা তুহা~জ্জূনা ফীমা লাইছা লাকুম বিহী 'ইলমুং (ط) ওয়াল্লা-হু ইয়া'লামু ওয়া আংতুম্ লা-তা'লামূন।	
তরজমা	হাঁ, তোমরা তো সেইসব লোক, যে বিষয়ে তোমাদের সামান্য জ্ঞান আছে সে বিষয়ে তোমরাই তো তর্ক করিয়াছ, তবে যে বিষয়ে তোমাদের কোন জ্ঞান নাই সে বিষয়ে কেন তর্ক করিতেছ ? আল্লাহ্ জ্ঞাত আছেন এবং তোমরা জ্ঞাত নও।	
	مَا كَانَ إِبْرَٰهِيمُ يَهُودِيًّا وَلَا نَصْرَانِيًّا وَلَٰكِن كَانَ حَنِيفًا مُّسْلِمًا وَمَا كَانَ مِنَ ٱلْمُشْرِكِينَ ٦٧	67
প্রতিবর্ণায়ন	মা-কানা ইবরা-হীমু ইয়াহূদিইইয়াওঁ ওয়ালা- নাসরা-নিয়ইইয়াওঁ ওয়ালা-কিং কা-না হানীফাম্ মুছলিমাওঁ (ط) ওয়ামা-কা-না মিনাল মুশরিকীন।	
তরজমা	ইব্‌রাহীম ইয়াহূদীও ছিল না, খ্রিস্টানও ছিল না; সে ছিল একনিষ্ঠ আত্মসমর্পণকারী এবং সে মুশরিকদের অন্তর্ভুক্তও ছিল না।	
	إِنَّ أَوْلَى ٱلنَّاسِ بِإِبْرَٰهِيمَ لَلَّذِينَ ٱتَّبَعُوهُ وَهَٰذَا ٱلنَّبِىُّ وَٱلَّذِينَ ءَامَنُوا۟ ۗ وَٱللَّهُ وَلِىُّ ٱلْمُؤْمِنِينَ ٦٨	68
প্রতিবর্ণায়ন	ইন্না আওলান্না-ছি বিইবরাহীমা লাল্লাযীনাত্তাবা'উহু ওয়া হা-যান্নাবিইইয়ু ওয়াল্লাযীনা আ-মানূ (ط) ওয়াল্লা-হু ওয়ালিইয়ুল মু'মিনীন।	
তরজমা	নিশ্চয়ই মানুষের মধ্যে তাহারা ইব্‌রাহীমের ঘনিষ্ঠতম যাহারা তাহার অনুসরণ করিয়াছে এবং এই নবী ও যাহারা ঈমান আনিয়াছে; আর আল্লাহ্ মু'মিনদের অভিভাবক।	
	وَدَّت طَّآئِفَةٌ مِّنْ أَهْلِ ٱلْكِتَٰبِ لَوْ يُضِلُّونَكُمْ وَمَا يُضِلُّونَ إِلَّآ أَنفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ ٦٩	69
প্রতিবর্ণায়ন	ওয়াদ্দাত্ তা~ইফাতুম্ মিন আহলিল কিতা-বি লাও ইউদিল্লূনাকুম (ط) ওয়ামা ইউদিল্লূনা ইল্লা-আংফুছাহুম ওয়ামা-ইয়াশ'উরূন।	
তরজমা	কিতাবীদের একদল চাহে যেন তোমাদেরকে বিপথগামী করিতে পারে, অথচ তাহারা নিজেদেরকেই বিপথগামী করে, কিন্তু তাহারা উপলব্ধি করে না।	
	يَٰٓأَهْلَ ٱلْكِتَٰبِ لِمَ تَكْفُرُونَ بِـَٔايَٰتِ ٱللَّهِ وَأَنتُمْ تَشْهَدُونَ ٧٠	70
প্রতিবর্ণায়ন	ইয়া˜আহলাল কিতা-বি লিমা তাক্ফুরুনা বিআ-য়া-তিল্লা-হি ওয়া আংতুম তাশহাদূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে কিতাবী-গণ! তোমরা কেন আল্লাহ্‌র আয়াতকে অস্বীকার কর, যখন তোমরাই সাক্ষ্য বহন কর ?	
	يٰٓاَهۡلَ الۡكِتٰبِ لِمَ تَلۡبِسُوۡنَ الۡحَقَّ بِالۡبَاطِلِ وَتَكۡتُمُوۡنَ الۡحَقَّ وَاَنۡتُمۡ تَعۡلَمُوۡنَ ﴿۷۱﴾	71
প্রতিবর্ণায়ন	ইয়া˜আহলাল কিতা–বি লিমা তালবিছূনাল হ˙াক্ক˙া বিল্‌বা–তি˙লি ওয়া তাকতুমূনাল হ˙াক্ক˙া ওয়া আংতুম তা‘লামূন।	
তরজমা	হে কিতাবীগণ! তোমরা কেন সত্যকে মিথ্যার সঙ্গে মিশ্রিত কর এবং সত্য গোপন কর, যখন তোমরা জান ?	
	وَقَالَتۡ طَّآئِفَةٌ مِّنۡ اَهۡلِ الۡكِتٰبِ اٰمِنُوۡا بِالَّذِىۡۤ اُنۡزِلَ عَلَى الَّذِيۡنَ اٰمَنُوۡا وَجۡهَ النَّهَارِ وَاكۡفُرُوۡۤا اٰخِرَهٗ لَعَلَّهُمۡ يَرۡجِعُوۡنَ ﴿۷۲﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়া ক˙া–লাত্ত˙া~ইফাতুম্ মিন আহলিল কিতা–বি আ–মিনূ বিল্লায˙ী˜ উংঝিলা ‘আলাল্লায˙ীনা আ–মানূ ওয়াজ্‌হান্নাহা–রি ওয়াকফুরূ˜আ–খিরাহূ লা‘আল্লাহুম ইয়ারজি‘উন।	
তরজমা	কিতাবীদের একদল বলিল, ‘যাহারা ঈমান আনিয়াছে তাহাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তোমরা দিনের প্রারম্ভে তাহা বিশ্বাস কর এবং দিনের শেষে তাহা প্রত্যাখ্যান কর ; হয়ত তাহারা ফিরিবে।	
	وَلَا تُؤۡمِنُوۡۤا اِلَّا لِمَنۡ تَبِعَ دِيۡنَكُمۡ ؕ قُلۡ اِنَّ الۡهُدٰى هُدَى اللّٰهِ ۙ اَنۡ يُّؤۡتٰٓى اَحَدٌ مِّثۡلَ مَاۤ اُوۡتِيۡتُمۡ اَوۡ يُحَآجُّوۡكُمۡ عِنۡدَ رَبِّكُمۡ ؕ قُلۡ اِنَّ الۡفَضۡلَ بِيَدِ اللّٰهِ ۚ يُؤۡتِيۡهِ مَنۡ يَّشَآءُ ؕ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيۡمٌ ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তু’মিনূ˜ ইল্লা–লিমাং তাবি‘আ দীনাকুম (ط) কু˙ল ইন্নাল হুদা– হুদাল্লা–হি (ﻻ) আইঁ ইউ’তা˜ আহ˙াদুম মিছ˙লা মা˜উতীতুম আও ইউহ˙া~জ্জূকুম ইংদা রাব্বিকুম (ط) কু˙ল ইন্নাল ফাদ˙লা বিইয়াদিল্লা–হি (ج) ইউ’তীহি মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা–হু ওয়া–ছি‘উন ‘আলীম।	
তরজমা	‘আর যে ব্যক্তি তোমাদের দীনের অনুসরণ করে তাহাদেরকে ব্যতীত আর কাহাকেও বিশ্বাস করিও না।’ বল, ‘আল্লাহ্‌র নির্দেশিত পথই একমাত্র পথ। ইহা এইজন্য যে, তোমাদেরকে যাহা দেওয়া হইয়াছে অনুরূপ আর কাহাকেও দেওয়া হইবে অথবা তোমাদের প্রতিপালকের সম্মুখে তাহারা তোমাদেরকে যুক্তিতে পরাভূত করিবে। বল, ‘অনুগ্রহ আল্লাহ্‌রই হাতে ; তিনি যাহাকে ইচ্ছা তাহা প্রদান করেন। আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	يَّخۡتَصُّ بِرَحۡمَتِهٖ مَنۡ يَّشَآءُ ؕ وَاللّٰهُ ذُو الۡفَضۡلِ الۡعَظِيۡمِ ﴿۷۴﴾	**74**
প্রতিবর্ণায়ন	ইয়াখ্‌তাসসু বিরাহ্‌মাতিহী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু য্‌ুলফাদ্‌ লিল 'আজ্‌ীম।	
তরজমা	তিনি স্বীয় অনুগ্রহের জন্য যাহাকে ইচ্ছা বিশেষ করিয়া বাছিয়া নেন। আল্লাহ্ মহা অনুগ্রহশীল।	
	وَمِنۡ اَهۡلِ الۡكِتٰبِ مَنۡ اِنۡ تَاۡمَنۡهُ بِقِنۡطَارٍ يُّؤَدِّهٖۤ اِلَيۡكَ ۚ وَمِنۡهُمۡ مَّنۡ اِنۡ تَاۡمَنۡهُ بِدِيۡنَارٍ لَّا يُؤَدِّهٖۤ اِلَيۡكَ اِلَّا مَا دُمۡتَ عَلَيۡهِ قَآئِمًا ؕ ذٰلِكَ بِاَنَّهُمۡ قَالُوۡا لَيۡسَ عَلَيۡنَا فِى الۡاُمِّيّٖنَ سَبِيۡلٌ ۚ وَيَقُوۡلُوۡنَ عَلَى اللّٰهِ الۡكَذِبَ وَهُمۡ يَعۡلَمُوۡنَ ﴿۷۵﴾	**75**
প্রতিবর্ণায়ন	ওয়া মিন আহ্‌লিল কিতা-বি মান ইং তা'মানহু বিকি্‌ংত্‌া-রিইঁ ইউআদ্দিহী~ ইলাইকা (ج) ওয়া মিনহুম মান ইং তা'মানহু বিদীনা-রিল্‌ লা-ইউআদ্দিহী~ইলাইকা ইল্লা-মা-দুমতা 'আলাইহি ক্‌া~ইমাং (ط) য্‌া-লিকা বিআন্নাহুম ক্‌া-লূ লাইছা 'আলাইনা-ফিল উম্মিইয়ীনা ছাবীলুওঁ (ج) ওয়া ইয়াকূ্‌লূনা 'আলাল্লা-হিল কাযি্‌বা ওয়াহুম ইয়া'লামূন।	
তরজমা	কিতাবীদের মধ্যে এমন লোক রহিয়াছে, যে বিপুল সম্পদ আমানত রাখিলেও ফেরত দিবে; আবার এমন লোকও আছে যাহার নিকট একটি দীনারও আমানত রাখিলে তাহার পিছনে লাগিয়া না থাকিলে সে ফেরত দিবে না, ইহা এই কারণে যে, তাহারা বলে, 'নিরক্ষরদের প্রতি আমাদের কোন বাধ্যবাধকতা নাই', এবং তাহারা জানিয়া-শুনিয়া আল্লাহ্ সম্পর্কে মিথ্যা বলে।	
	بَلٰى مَنۡ اَوۡفٰى بِعَهۡدِهٖ وَاتَّقٰى فَاِنَّ اللّٰهَ يُحِبُّ الۡمُتَّقِيۡنَ ﴿۷۶﴾	**76**
প্রতিবর্ণায়ন	বালা-মান আওফা-বিআহদিহী ওয়াত্তাক্‌া-ফাইন্নাল্লা-হা ইউহি্‌ব্বুল মুত্তাক্‌ীন।	
তরজমা	হাঁ, কেহ তাহার অঙ্গীকার পূর্ণ করিলে এবং তাক্‌ওয়া অবলম্বন করিয়া চলিলে আল্লাহ্ অবশ্যই মুত্তাকীদের ভালবাসেন।	
	اِنَّ الَّذِيۡنَ يَشۡتَرُوۡنَ بِعَهۡدِ اللّٰهِ وَاَيۡمَانِهِمۡ ثَمَنًا قَلِيۡلًا اُولٰٓئِكَ لَا خَلَاقَ لَهُمۡ فِى الۡاٰخِرَةِ وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ وَلَا يَنۡظُرُ اِلَيۡهِمۡ يَوۡمَ الۡقِيٰمَةِ وَلَا يُزَكِّيۡهِمۡ ۖ وَلَهُمۡ عَذَابٌ اَلِيۡمٌ ﴿۷۷﴾	**77**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায্‌ীনা ইয়াশতারূনা বি'আহদিল্লা-হি ওয়াআইমা-নিহিম ছ্‌ামানাং ক্‌ালীলান উলা~ইকা লা-খালা-ক্‌া লাহুম ফিল আ-খিরাতি ওয়ালা-ইউকাল্লিমুহুমুল্লা-হু ওয়ালা-ইয়াংজু্‌রু ইলাইহিম ইয়াওমাল কি্‌য়া-মাতি ওয়ালা- ইউঝাক্কীহিম (ص) ওয়ালাহুম 'আয্‌া-বুন আলীম।	

তরজমা	যাহারা আল্লাহ্‌র সঙ্গে কৃত প্রতিশ্রুতি এবং নিজেদের শপথকে তুচ্ছ মূল্যে বিক্রয় করে পরকালে তাহাদের কোন অংশ নাই। কিয়ামতের দিন আল্লাহ্ তাহাদের সঙ্গে কথা বলিবেন না এবং তাহাদের দিকে চাহিবেন না এবং তাহাদেরকে পরিশুদ্ধ করিবেন না ; তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	وَاِنَّ مِنْهُمْ لَفَرِيْقًا يَّلْوٗنَ اَلْسِنَتَهُمْ بِالْكِتٰبِ لِتَحْسَبُوْهُ مِنَ الْكِتٰبِ وَمَا هُوَ مِنَ الْكِتٰبِ ۚ وَيَقُوْلُوْنَ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ وَمَا هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۚ وَيَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿٧٨﴾	**78**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না মিনহুম লাফারীক াইঁ ইয়াল্উনা আলছিনাতাহুম বিলকিতা–বি লিতাহ ছাবূহু মিনাল কিতা–বি ওয়ামা–হুওয়া মিনাল কিতা–বি (ج) ওয়া ইয়াকূ লূনা হুওয়া মিন ‘ইংদিল্লা–হি ওয়ামা–হুওয়া মিন ‘ইংদিল্লা–হি (ج) ওয়া ইয়াকূ লূনা ‘আলাল্লা–হিল কাযি বা ওয়াহুম ইয়া‘লামূন।	
তরজমা	আর নিশ্চয়ই তাহাদের মধ্যে একদল লোক আছেই যাহারা কিতাবকে জিহ্‌বা দ্বারা বিকৃত করে যাহাতে তোমরা উহাকে আল্লাহ্‌র কিতাবের অংশ মনে কর; কিন্তু উহা কিতাবের অংশ নহে এবং তাহারা বলে, ‘উহা আল্লাহ্‌র পক্ষ হইতে’, কিন্তু উহা আল্লাহ্‌র পক্ষ হইতে প্রেরিত নহে। তাহারা জানিয়া-শুনিয়া আল্লাহ্ সম্পর্কে মিথ্যা বলে।	
	مَا كَانَ لِبَشَرٍ اَنْ يُّؤْتِيَهُ اللّٰهُ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ ثُمَّ يَقُوْلَ لِلنَّاسِ كُوْنُوْا عِبَادًا لِّيْ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ كُوْنُوْا رَبّٰنِيّٖنَ بِمَا كُنْتُمْ تُعَلِّمُوْنَ الْكِتٰبَ وَبِمَا كُنْتُمْ تَدْرُسُوْنَ ﴿٧٩﴾	**79**
প্রতিবর্ণায়ন	মা–কা–না লিবাশারিন আই ইউ’তিইয়াহুল্লা–হুল কিতা–বা ওয়াল হু কমা ওয়ান্নুবুওওয়াতা ছু ম্মা ইয়াকূ লা লিন্না–ছি কূনূ ‘ইবা–দাল্লী মিং দুনিল্লা–হি ওয়ালা–কিং কূনূ রাব্বানিইয়ীনা বিমা–কুংতুম তু‘আল্লিমূনাল কিতা–বা ওয়া বিমা কুংতুম তাদরুছূন।	
তরজমা	কোন ব্যক্তিকে আল্লাহ্ কিতাব, হিক্‌মত ও নবুওয়াত দান করিবার পর সে মানুষকে বলিবে, ‘আল্লাহ্‌র পরিবর্তে তোমরা আমার দাস হইয়া যাও’, ইহা তাহার জন্য সঙ্গত নহে ; বরং সে বলিবে, ‘তোমরা রব্বানী হইয়া যাও, যেহেতু তোমরা কিতাব শিক্ষা দান কর এবং যেহেতু তোমরা অধ্যয়ন কর।’	
	وَلَا يَاْمُرَكُمْ اَنْ تَتَّخِذُوا الْمَلٰٓئِكَةَ وَالنَّبِيّٖنَ اَرْبَابًا ۭ اَيَاْمُرُكُمْ بِالْكُفْرِ بَعْدَ اِذْ اَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿٨٠﴾	**80**
প্রতিবর্ণায়ন	ওয়ালা–ইয়া’মুরাকুম আং তাত্তাখিয ুল মালা~ইকাতা ওয়ান্নাবিইয়ীনা আরবা–বান (ط) আইয়া‘মুরুকুম বিলকুফরি বা‘দা ইয আংতুম মুছলিমূন।	

তরজমা	ফিরিশ্‌তাগণকে ও নবীগণকে প্রতিপালকরূপে গ্রহণ করিতে সে তোমাদেরকে নির্দেশ দিতে পারে না। তোমাদের মুসলিম হওয়ার পর সে কি তোমাদেরকে কুফরীর নির্দেশ দিবে ?	
	وَاِذْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ النَّبِيّٖنَ لَمَاۤ اٰتَيْتُكُمْ مِّنْ كِتٰبٍ وَّحِكْمَةٍ ثُمَّ جَآءَكُمْ رَسُوْلٌ مُّصَدِّقٌ لِّمَا مَعَكُمْ لَتُؤْمِنُنَّ بِهٖ وَلَتَنْصُرُنَّهٗ ؕ قَالَ ءَاَقْرَرْتُمْ وَاَخَذْتُمْ عَلٰى ذٰلِكُمْ اِصْرِىْ ؕ قَالُوْۤا اَقْرَرْنَا ؕ قَالَ فَاشْهَدُوْا وَاَنَا مَعَكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ۝٨١	**81**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয' আখায'াল্লা-হু মীছ'া-ক'ান্নাবিইয়ীনা লামা˜ আ-তাইতুকুম মিং কিতা-বিওঁ ওয়া হি'কমাতিং ছু'ম্মা জা~আকুম রাছূলুম মুসাদ্দিকুল্ লিমা-মা'আকুম লাতু'মিনুন্না বিহী ওয়ালাতাংসুরুন্নাহু (ط) ক'া-লা আ আক'াররতুম ওয়া আখায'তুম 'আলা-য'া-লিকুম ইসরী (ط) ক'ালূ˜ আক'াররনা- (ط) ক'া-লা ফাশহাদূ ওয়া আনা মা'আকুম মিনাশ্‌শা-হিদীন।	
তরজমা	স্মরণ কর, যখন আল্লাহ্ নবীদের অঙ্গীকার লইয়াছিলেন যে, তোমাদেরকে কিতাব ও হিক্‌মত যাহা কিছু দিয়াছি, অতঃপর তোমাদের কাছে যাহা আছে তাহার প্রত্যায়নকারীরূপে যখন একজন রাসূল আসিবে তখন তোমরা অবশ্যই তাহার প্রতি ঈমান আনিবে এবং তাহাকে সাহায্য করিবে।' তিনি বলিবেন, 'তোমরা কি স্বীকার করিলে ? এবং এই সম্পর্কে আমার অঙ্গীকার কি তোমরা গ্রহণ করিলে?' তাহারা বলিল, 'আমরা স্বীকার করিলাম।' তিনি বলিলেন, 'তবে তোমরা সাক্ষী থাক এবং আমিও তোমাদের সঙ্গে সাক্ষী রহিলাম।'	
	فَمَنْ تَوَلّٰى بَعْدَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ۝٨٢	**82**
প্রতিবর্ণায়ন	ফামাং তাওয়াল্লা- বা'দা য'া-লিকা ফাউলা~ইকা হুমুল ফা-ছিক্ব'ন।	
তরজমা	ইহার পর যাহারা মুখ ফিরাইবে তাহারাই সত্যপথত্যাগী।	
	اَفَغَيْرَ دِيْنِ اللّٰهِ يَبْغُوْنَ وَلَهٗۤ اَسْلَمَ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّاِلَيْهِ يُرْجَعُوْنَ ۝٨٣	**83**
প্রতিবর্ণায়ন	আফাগাইরা দীনিল্লা-হি ইয়াবগুনা ওয়ালাহূ˜আছলামা মাং ফিছ ছামা-ওয়া-তি ওয়াল আরদি' ত'াও'আওঁ ওয়াকারহাওঁ ওয়া ইলাইহি ইউরজা'ঊন।	
তরজমা	তাহারা কি চাহে আল্লাহ্‌র দীনের পরিবর্তে অন্য দীন ? যখন আকাশে ও পৃথিবীতে যাহা কিছু রহিয়াছে সমস্তই স্বেচ্ছায় অথবা অনিচ্ছায় তাঁহার নিকট আত্মসমর্পণ করিয়াছে! আর তাঁহার দিকেই তাহারা প্রত্যানীত হইবে।	

	قُلْ اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ عَلَيْنَا وَمَآ اُنْزِلَ عَلٰٓى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَمَآ اُوْتِيَ مُوْسٰى وَعِيْسٰى وَالنَّبِيُّوْنَ مِنْ رَّبِّهِمْ ۖ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْهُمْ ۖ وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	কু ́ল আ–মান্না–বিল্লা–হি ওয়ামা ̃উংঝিলা ‘আলাইনা–ওয়ামা–উংঝিলা ‘আলা ̃ইবরা–হীমা ওয়া ইছমা–‘ঈলা ওয়া ইছহ ́া–ক ́া ওয়া ইয়া‘কূ ́বা ওয়াল আছবা–তি ́ ওয়ামা ̃ উতিইয়া মূছা–ওয়া ‘ঈছা– ওয়ান্নাবিইয়ূনা মির রাব্বিহিম (ص) লা–নুফার্‌রিকু বাইনা আহ ́াদিম মিনহুম (ز) ওয়া নাহ ́নূ লাহূ মূছলিমূন।	
তরজমা	বল, ‘আমরা আল্লাহ্‌তে এবং আমাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে এবং ইব্‌রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়া‘কূব ও তাহার বংশধরগণের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছিল এবং যাহা মূসা, ‘ঈসা ও অন্যান্য নবীকে তাহাদের প্রতিপালকের নিকট হইতে যাহা প্রদান করা হইয়াছে তাহাতে ঈমান আনিয়াছি, আমরা তাহাদের মধ্যে কোন তারতম্য করি না এবং আমরা তাঁহারই নিকট আত্মসমর্পণকারী।’	
	وَمَنْ يَّبْتَغِ غَيْرَ الْاِسْلَامِ دِيْنًا فَلَنْ يُّقْبَلَ مِنْهُ ۚ وَهُوَ فِي الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ওয়া মাই ইয়াবতাগি গাইরাল ইছলা–মি দীনাং ফালাই ইউক ́বালা মিনহু (ج) ওয়া হুওয়া ফিল আ–খিরাতি মিনাল খা–ছিরীন।	
তরজমা	কেহ ইসলাম ব্যতীত অন্য কোন দীন গ্রহণ করিতে চাহিলে তাহা কখনও কবূল করা হইবে না এবং সে হইবে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।	
	كَيْفَ يَهْدِى اللّٰهُ قَوْمًا كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ وَشَهِدُوْٓا اَنَّ الرَّسُوْلَ حَقٌّ وَّجَآءَهُمُ الْبَيِّنٰتُ ۗ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	কাইফা ইয়াহদিল্লা–হু ক ́াওমাং কাফারূ বা‘দা ঈমা–নিহিম ওয়াশাহিদূ ̃ আন্নার্‌রাছূলা হ ́াক্কু ́ওঁ ওয়াজা~আহুমুল বাইয়িনা–তু (ط) ওয়াল্লা–হু লা–ইয়াহদিল ক ́াওমাজ্জ ́া–লিমীন।	
তরজমা	আল্লাহ্‌ কিরূপে সৎপথে পরিচালিত করিবেন সেই সম্প্রদায়কে, যাহারা ঈমান আনয়নের পর ও রাসূলকে সত্য বলিয়া সাক্ষ্যদান করিবার পর এবং তাহাদের নিকট স্পষ্ট নিদর্শন আসিবার পর কুফরী করে ? আল্লাহ্‌ জালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ اَنَّ عَلَيْهِمْ لَعْنَةَ اللّٰهِ وَالْمَلٰٓئِكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	উলা~ইকা জাঝা~উহুম আন্না ‘আলাইহিম লা‘নাতাল্লা–হি ওয়াল মালা~ইকাতি ওয়ান্না–ছি আজমা‘ঈন।	

তরজমা	ইহারাই তাহারা যাহাদের কর্মফল এই যে, তাহাদের উপর আল্লাহ্‌র, ফিরিশতাগণের এবং মানুষ সকলেরই লা‘নত।	
	خٰلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	খা–লিদীনা ফীহা– (ج) লা–ইউখাফ্‌ফাফু ‘আনহুমুল ‘আয া–বু ওয়ালা–হুম ইউংজ ারূন।	
তরজমা	তাহারা ইহাতে স্থায়ী হইবে, তাহাদের শাস্তি লঘু করা হইবে না এবং তাহাদেরকে অবকাশও দেওয়া হইবে না।	
	اِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْۢ بَعْدِ ذٰلِكَ وَاَصْلَحُوْا ۗ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লায ীনা তা–বূ মিম্‌ বা‘দি য া–লিকা ওয়া আসলাহূ (قف) ফাইন্নাল্লা–হা গাফূরুর্‌ রাহ ীম।	
তরজমা	তবে ইহার পর যাহারা তওবা করে ও নিজেদেরকে সংশোধন করিয়া নেয় তাহারা ব্যতিরেকে। নিশ্চয়ই আল্লাহ্‌ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ ثُمَّ ازْدَادُوْا كُفْرًا لَّنْ تُقْبَلَ تَوْبَتُهُمْ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الضَّآلُّوْنَ ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা কাফারূ বা‘দা ঈমা–নিহিম ছু ম্‌মাঝ্‌দা–দূ কুফরাল্লাং তুক বালা তাওবাতুহুম (ج) ওয়া উলা~ইকা হুমুদ দ া~ললূন।	
তরজমা	ঈমান আনার পর যাহারা কুফরী করে এবং যাহাদের সত্য প্রত্যাখ্যান-প্রবৃত্তি বৃদ্ধি পাইতে থাকে তাহাদের তওবা কখনও কবূল হইবে না। ইহারাই পথভ্রষ্ট।	
	اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يُّقْبَلَ مِنْ اَحَدِهِمْ مِّلْءُ الْاَرْضِ ذَهَبًا وَّلَوِ افْتَدٰى بِهٖ ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ وَّمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লয ীনা কাফারু ওয়ামা–তূ ওয়া হুম কুফ্‌ফা–রুং ফালাইঁ ইউক বালা মিন আহ াদিহিম মিলউল আর্‌দি য াহাবাওঁ ওয়ালাবি ফ্‌তাদা–বিহী (ط) উলা~ইকা লাহুম ‘আয া–বুন আলীমুওঁ ওয়ামা–লাহুম মিন্‌ না–সিরীন।	
তরজমা	যাহারা কুফরী করে এবং কাফিররূপে যাহাদের মৃত্যু ঘটে তাহাদের কাহারও নিকট হইতে পৃথিবীপূর্ণ স্বর্ণ বিনিময়স্বরূপ প্রদান করিলেও তাহা কখনও কবূল করা হইবে না। ইহারাই তাহারা যাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে ; ইহাদের কোন সাহায্যকারী নাই।	
	لَنْ تَنَالُوا الْبِرَّ حَتّٰى تُنْفِقُوْا مِمَّا تُحِبُّوْنَ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ شَيْءٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿٩٢﴾	92
প্রতিবর্ণায়ন	লাং তানা–লুল বিররা হ াত্তা–তুংফিকূ মিম্মা–তুহি ব্বূনা (ط) ওয়ামা–তুংফিকূ মিং শাইইং ফাইন্নাল্লা–হা বিহী ‘আলীম।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	তোমরা যাহা ভালবাস তাহা হইতে ব্যয় না করা পর্যন্ত তোমরা কখনও পুণ্য লাভ করিবে না। তোমরা যাহা কিছু ব্যয় কর আল্লাহ্ অবশ্যই সে সম্বন্ধে সবিশেষ অবহিত।	
	كُلُّ الطَّعَامِ كَانَ حِلًّا لِّبَنِيٓ اِسۡرَآءِيۡلَ اِلَّا مَا حَرَّمَ اِسۡرَآءِيۡلُ عَلٰى نَفۡسِهٖ مِنۡ قَبۡلِ اَنۡ تُنَزَّلَ التَّوۡرٰىةُ ؕ قُلۡ فَاۡتُوۡا بِالتَّوۡرٰىةِ فَاتۡلُوۡهَآ اِنۡ كُنۡتُمۡ صٰدِقِيۡنَ ﴿۹۳﴾	93
প্রতিবর্ণায়ন	কুলুত্ত া'আ-মি কা-না হি ল্লাল্ লিবানী ˜ইছরা~ঈলা ইল্লা-মা-হ াররামা ইসরা~ঈলু 'আলা-নাফছিহী মিং ক াবলি আং তুনাঝ্ঝালাত্ তাওরা-তু (ط) কু ল্ ফা'তূ বিত্তাওরা-তি ফাতলূহা˜ইং কুংতুম সা-দিকী ন।	
তরজমা	তাওরাত অবতীর্ণ হওয়ার পূর্বে ইসরাঈল নিজের জন্য যাহা হারাম করিয়াছিল তাহা ব্যতীত বনী ইস্রাঈলের জন্য যাবতীয় খাদ্যই হালাল ছিল। বল, 'যদি তোমরা সত্যবাদী হও তবে তাওরাত আন এবং পাঠ কর।'	
	فَمَنِ افۡتَرٰى عَلَى اللّٰهِ الۡكَذِبَ مِنۡۢ بَعۡدِ ذٰلِكَ فَاُولٰٓـئِكَ هُمُ الظّٰلِمُوۡنَ ﴿۹۴﴾	94
প্রতিবর্ণায়ন	ফামানিফ্ তারা-'আলাল্লা-হিল্ কাযি বা মিম্ বা'দি য া-লিকা ফাউলা~ইকা হুমুজ্ া-লিমূন।	
তরজমা	ইহার পরও যাহারা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা সৃষ্টি করে তাহারাই জালিম।	
	قُلۡ صَدَقَ اللّٰهُ ۗ فَاتَّبِعُوۡا مِلَّةَ اِبۡرٰهِيۡمَ حَنِيۡفًا ؕ وَمَا كَانَ مِنَ الۡمُشۡرِكِيۡنَ ﴿۹۵﴾	95
প্রতিবর্ণায়ন	ক ুল্ সাদাক াল্লা-হু (قف) ফাত্তাবি'উ মিল্লাতা ইবরা-হীমা হ ানীফাওঁ (ط) ওয়ামা-কা-না মিনাল্ মুশরিকীন।	
তরজমা	বল, 'আল্লাহ্ সত্য বলিয়াছেন। সুতরাং তোমরা একনিষ্ঠ ইব্রাহীমের ধর্মাদর্শ অনুসরণ কর, সে মুশরিকদের অন্তর্ভুক্ত নহে।'	
	اِنَّ اَوَّلَ بَيۡتٍ وُّضِعَ لِلنَّاسِ لَلَّذِىۡ بِبَكَّةَ مُبٰرَكًا وَّهُدًى لِّلۡعٰلَمِيۡنَ ﴿۹۶﴾	96
প্রতিবর্ণায়ন	ইন্না আওওয়ালা বাইতিওঁ উদি 'আ লিন্না-ছি লাল্লায ী বিবাক্কাতা মুবা-রাকাওঁ ওয়াহুদাল লিল'আ-লামীন।	
তরজমা	নিশ্চয়ই মানবজাতির জন্য সর্বপ্রথম যে গৃহ প্রতিষ্ঠিত হইয়াছিল তাহা তো বাক্কায়, উহা বরকতময় ও বিশ্বজগতের দিশারী।	
	فِيۡهِ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ مَّقَامُ اِبۡرٰهِيۡمَ ۚ وَمَنۡ دَخَلَهٗ كَانَ اٰمِنًا ؕ وَلِلّٰهِ عَلَى النَّاسِ حِجُّ الۡبَيۡتِ مَنِ اسۡتَطَاعَ اِلَيۡهِ سَبِيۡلًا ؕ وَمَنۡ كَفَرَ فَاِنَّ اللّٰهَ غَنِىٌّ عَنِ الۡعٰلَمِيۡنَ ﴿۹۷﴾	97

|---|---|---|
প্রতিবর্ণায়ন	ফীহি আ-য়া-তুম্ বাইয়িনা-তুম্ মাক া-মু ইবরা-হীমা (ج) ওয়া মাং দাখালাহু কা-না আ-মিনাওঁ (ط) ওয়ালিল্লা-হি 'আলান্না-ছি হি জ্জুল বাইতি মানিছ্তাত া-'আ ইলাইহি ছাবীলাওঁ (ط) ওয়া মাং কাফারা ফাইন্নাল্লা-হা গানিইয়ুন 'আনিল 'আ-লামীন।	
তরজমা	উহাতে অনেক সুস্পষ্ট নিদর্শন আছে, যেমন মাকামে ইব্রাহীম। আর যে কেহ সেখানে প্রবেশ করে সে নিরাপদ। মানুষের মধ্যে যাহার সেখানে যাওয়ার সামর্থ্য আছে, আল্লাহ্‌র উদ্দেশ্যে ঐ গৃহের হজ্জ করা তাহার অবশ্যকর্তব্য। এবং কেহ প্রত্যাখ্যান করিলে সে জানিয়া রাখুক, নিশ্চয়ই আল্লাহ্ বিশ্বজগতের মুখাপেক্ষী নন।	
	قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۖ وَاللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا تَعْمَلُوْنَ ﴿۹۸﴾	**98**
প্রতিবর্ণায়ন	কু ল ইয়া~আহলাল কিতা-বি লিমা তাকফুরূনা বিআ-য়া-তিল্লা-হি (ق) ওয়াল্লা-হু শাহীদুন 'আলা-মা-তা'মালূন।	
তরজমা	বল, 'হে কিতাবীগণ ! তোমরা আল্লাহ্‌র নিদর্শনকে কেন প্রত্যাখ্যান কর ? তোমরা যাহা কর আল্লাহ্ উহার সাক্ষী।'	
	قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لِمَ تَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ مَنْ اٰمَنَ تَبْغُوْنَهَا عِوَجًا وَّاَنْتُمْ شُهَدَآءُ ۭ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿۹۹﴾	**99**
প্রতিবর্ণায়ন	কু ল ইয়া~আহলাল কিতা-বি লিমা তাসুদ্দূনা 'আং ছাবীলিল্লা-হি মান আ-মানা তাবগূনাহা 'ইওয়াজাওঁ ওয়া আংতুম শুহাদা~উ (ط) ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন।	
তরজমা	বল, 'হে কিতাবীগণ! যে ব্যক্তি ঈমান আনিয়াছে তাহাকে কেন আল্লাহ্‌র পথে বাধা দিতেছ, উহাতে বক্রতা অন্বেষণ করিয়া ? অথচ তোমরা সাক্ষী। তোমরা যাহা কর, আল্লাহ্ সে সম্বন্ধে অনবহিত নন।'	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ تُطِيْعُوْا فَرِيْقًا مِّنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ يَرُدُّوْكُمْ بَعْدَ اِيْمَانِكُمْ كٰفِرِيْنَ ﴿۱۰۰﴾	**100**
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ ইং তুত ী'উ ফারীক াম মিনাল্লায ীনা উতুল কিতা-বা ইয়ারুদ্দূকুম বা'দা ঈমা-নিকুম কা-ফিরীন।	
তরজমা	হে মু'মিনগণ ! যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে, তোমরা যদি তাহাদের দলবিশেষের আনুগত্য কর, তবে তাহারা তোমাদেরকে ঈমান আনার পর আবার কাফির বানাইয়া ছাড়িবে।	

	وَكَيْفَ تَكْفُرُوْنَ وَاَنْتُمْ تُتْلٰى عَلَيْكُمْ اٰيٰتُ اللّٰهِ وَفِيْكُمْ رَسُوْلُهٗ ؕ وَمَنْ يَّعْتَصِمْ بِاللّٰهِ فَقَدْ هُدِىَ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	ওয়া কাইফা তাকফুরূনা ওয়া আংতুম তুতলা–‘আলাইকুম আ–য়া–তুল্লা–হি ওয়া ফীকুম রাসূলুহু (ط) ওয়া মাইঁ ইয়া‘তাসিম বিল্লা–হি ফাক াদ হুদিয়া ইলা–সিরা–তি মুছতাক ীম।	
তরজমা	কিরূপে তোমরা সত্য প্রত্যাখ্যান করিবে যখন আল্লাহ্‌র আয়াতসমূহ তোমাদের নিকট পঠিত হয় এবং তোমাদের মধ্যে তাঁহার রাসূল রহিয়াছে ? কেহ আল্লাহ্‌কে দৃঢ়ভাবে অবলম্বন করিলে সে অবশ্যই সরল পথে পরিচালিত হইবে।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ حَقَّ تُقٰتِهٖ وَلَا تَمُوْتُنَّ اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	ইয়া ~আইয়ুহাল্লায ীনা আ-মানুত্তাকু ল্লা–হা হ াক্ক া তুক া–তিহী ওয়ালা–তামূতুন্না ইল্লা–ওয়া আংতুম মুছলিমূন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা আল্লাহ্‌কে যথার্থভাবে ভয় কর এবং তোমরা আত্মসমর্পণকারী না হইয়া কোন অবস্থায় মৃত্যুবরণ করিও না।	
	وَاعْتَصِمُوْا بِحَبْلِ اللّٰهِ جَمِيْعًا وَّلَا تَفَرَّقُوْا ۠ وَاذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ كُنْتُمْ اَعْدَآءً فَاَلَّفَ بَيْنَ قُلُوْبِكُمْ فَاَصْبَحْتُمْ بِنِعْمَتِهٖٓ اِخْوَانًا ۚ وَكُنْتُمْ عَلٰى شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ فَاَنْقَذَكُمْ مِّنْهَا ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	ওয়া‘তাসিমূ বিহ াবলিল্লা–হি জামী‘আওঁ ওয়ালা– তাফার্‌রাকূ (ص) ওয়ায কুরূ নি‘মাতাল্লা–হি ‘আলাইকুম ইয কুংতুম আ‘দা~আং ফাআল্লাফা বাইনা ক ুলূবিকুম ফাআসবাহ তুম বিনি‘মাতিহী~ ইখওয়া–নাওঁ (ج) ওয়া কুংতুম ‘আলা–শাফা হু ফ্‌রাতিম্ মিনান্না–রি ফাআংক ায াকুম মিন্‌হা– (ط)কায া–লিকা ইউবাইয়িনুল্লা–হু লাকুম আ–য়া–তিহী লা‘আল্লাকুম তাহতাদূন।	
তরজমা	তোমরা সকলে আল্লাহ্‌র রজ্জু দৃঢ়ভাবে ধর এবং পরস্পর বিচ্ছিন্ন হইও না। তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ স্মরণ কর : তোমরা ছিলে পরস্পর শত্রু এবং তিনি তোমাদের হৃদয়ে প্রীতির সঞ্চার করেন, ফলে তাঁহার অনুগ্রহে তোমরা পরস্পর ভাই হইয়া গেলে। তোমরা তো অগ্নিকুণ্ডের প্রান্তে ছিলে, আল্লাহ্‌ উহা হইতে তোমাদের রক্ষা করিয়াছেন। এইরূপে আল্লাহ্‌ তোমাদের জন্য তাঁহার নিদর্শনসমূহ স্পষ্টভাবে বিবৃত করেন যাহাতে তোমরা সৎপথ পাইতে পার।	

	وَلۡتَكُنۡ مِّنۡكُمۡ اُمَّةٌ يَّدۡعُوۡنَ اِلَى الۡخَيۡرِ وَيَاۡمُرُوۡنَ بِالۡمَعۡرُوۡفِ وَيَنۡهَوۡنَ عَنِ الۡمُنۡكَرِ ؕ وَاُولٰٓـئِكَ هُمُ الۡمُفۡلِحُوۡنَ ﴿۱۰۴﴾	**104**
প্রতিবর্ণায়ন	ওয়ালতাকুম মিংকুম উম্মাতুইঁ ইয়াদ‘উনা ইলাল খাইরি ওয়াইয়া’মুরূনা বিলমা‘রূফি ওয়া ইয়ানহাওনা ‘আনিল মুংকারি (ط) ওয়া উলা~ইকা হুমুল মুফলিহূ ন।	
তরজমা	তোমাদের মধ্যে এমন একদল হউক যাহারা কল্যাণের দিকে আহ্বান করিবে এবং সৎকর্মের নির্দেশ দিবে ও অসৎকর্মে নিষেধ করিবে; ইহারাই সফলকাম।	
	وَلَا تَكُوۡنُوۡا كَالَّذِيۡنَ تَفَرَّقُوۡا وَاخۡتَلَفُوۡا مِنۡۢ بَعۡدِ مَا جَآءَهُمُ الۡبَيِّنٰتُ ؕ وَاُولٰٓـئِكَ لَهُمۡ عَذَابٌ عَظِيۡمٌ ﴿۱۰۵﴾	**105**
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাকূনূ কাল্লায ীনা তাফার্‌রাকূ ওয়াখতালাফূ মিম্ বা‘দি মা-জা~আহুমুল বাইয়িনা-তু (ط) ওয়া উলা~ইকা লাহুম ‘আয া-বুন ‘আজ ীম।	
তরজমা	তোমরা তাহাদের মত হইও না যাহারা তাহাদের নিকট স্পষ্ট নিদর্শন আসিবার পর বিচ্ছিন্ন হইয়াছে ও নিজেদের মধ্যে মতান্তর সৃষ্টি করিয়াছে। তাহাদের জন্য মহাশাস্তি রহিয়াছে।	
	يَّوۡمَ تَبۡيَضُّ وُجُوۡهٌ وَّتَسۡوَدُّ وُجُوۡهٌ ۚ فَاَمَّا الَّذِيۡنَ اسۡوَدَّتۡ وُجُوۡهُهُمۡ ۚ اَكَفَرۡتُمۡ بَعۡدَ اِيۡمَانِكُمۡ فَذُوۡقُوا الۡعَذَابَ بِمَا كُنۡتُمۡ تَكۡفُرُوۡنَ ﴿۱۰۶﴾	**106**
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তাবইয়াদ্দু উজূহুওঁ ওয়া তাছওয়াদ্দু উজূহুং (ج) ফাআম্মাল্লায ী নাছ্‌ওয়াদ্দাত্ উজূহুহুম (قف) আকাফারতুম বা‘দা ঈমা-নিকুম ফাযূ ক ূল ‘আয া-বা বিমা-কুংতুম তাকফুরূন।	
তরজমা	সেদিন কতক মুখ উজ্জ্বল হইবে এবং কতক মুখ কাল হইবে; যাহাদের মুখ কাল হইবে তাহাদেরকে বলা হইবে, ‘ঈমান আনয়নের পর কি তোমরা কুফরী করিয়াছিলে? সুতরাং তোমরা শাস্তি ভোগ কর, যেহেতু তোমরা কুফরী করিতে।’	
	وَاَمَّا الَّذِيۡنَ ابۡيَضَّتۡ وُجُوۡهُهُمۡ فَفِىۡ رَحۡمَةِ اللّٰهِ ؕ هُمۡ فِيۡهَا خٰلِدُوۡنَ ﴿۱۰۷﴾	**107**
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্লায ীনাব ইয়াদ্দ াত উজূহুহুম, ফাফী রাহ মাতিল্লা-হি (ط) হুম ফীহা- খা-লিদূন।	
তরজমা	আর যাহাদের মুখ উজ্জ্বল হইবে তাহারা আল্লাহ্‌র অনুগ্রহে থাকিবে, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	تِلۡكَ اٰيٰتُ اللّٰهِ نَتۡلُوۡهَا عَلَيۡكَ بِالۡحَقِّ ؕ وَمَا اللّٰهُ يُرِيۡدُ ظُلۡمًا لِّلۡعٰلَمِيۡنَ ﴿۱۰۸﴾	**108**

|---|---|---|
প্রতিবর্ণায়ন	তিলকা আ-য়া-তুল্লা-হি নাতলূহা-‘আলাইকা বিলহ ্াক্কি (ط) ওয়ামাল্লা-হু ইউরীদু জু ্লমাল্ লিল‘আ-লামীন।	
তরজমা	এইগুলি আল্লাহ্‌র আয়াত, তোমার নিকট যথাযথভাবে তিলাওয়াত করিতেছি। আল্লাহ্ বিশ্বজগতের প্রতি জুলুম করিতে চান না।	
	وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	ওয়ালিল্লা-হি মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) ওয়া ইলাল্লা-হি তুরজ‘উল উমূর।	
তরজমা	আসমানে যাহা কিছু আছে ও যমীনে যাহা কিছু আছে সব আল্লাহ্‌রই; আল্লাহ্‌র নিকটই সব কিছু প্রত্যানীত হইবে।	
	كُنْتُمْ خَيْرَ اُمَّةٍ اُخْرِجَتْ لِلنَّاسِ تَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُوْنَ بِاللّٰهِ ؕ وَلَوْ اٰمَنَ اَهْلُ الْكِتٰبِ لَكَانَ خَيْرًا لَّهُمْ ؕ مِنْهُمُ الْمُؤْمِنُوْنَ وَاَكْثَرُهُمُ الْفٰسِقُوْنَ ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	কুংতুম খাইরা উম্মাতিন উখরিজাত লিন্না-ছি তা’মুরূনা বিলমা‘রূফি ওয়াতানহাওনা ‘আনিল মুংকারি ওয়া তু’মিনূনা বিল্লা-হি (ط) ওয়া লাও আ-মানা আহলুল কিতা-বি লাকা-না খাইরাল্লাহুম (ط) মিনহুমুল মু’মিনূনা ওয়া আকছ ্ারুহুমুল ফা-ছিকূ ্ন।	
তরজমা	তোমরাই শ্রেষ্ঠ উম্মত, মানবজাতির জন্য তোমাদের আবির্ভাব হইয়াছে; তোমরা সৎকাজের নির্দেশ দান কর, অসৎকাজে নিষেধ কর এবং আল্লাহর উপর বিশ্বাস কর। কিতাবীগণ যদি ঈমান আনিত তবে তাহাদের জন্য ভাল হইত। তাহাদের মধ্যে কিছুসংখ্যক মু’মিন আছে; কিন্তু তাহাদের অধিকাংশ সত্যত্যাগী।	
	لَنْ يَّضُرُّوْكُمْ اِلَّاۤ اَذًى ؕ وَاِنْ يُّقَاتِلُوْكُمْ يُوَلُّوْكُمُ الْاَدْبَارَ ۟ ثُمَّ لَا يُنْصَرُوْنَ ﴿١١١﴾	111
প্রতিবর্ণায়ন	লাইঁ ইয়াদু ্ররূকুম ইল্লা ~আয ্াওঁ (ط) ওয়া ইয়ঁ ইউক ্া-তিলূকুম ইউওয়াল্লূকুমুল আদবা-রা (قف) ছু ্ম্মা লা-ইউংসারূন।	
তরজমা	সামান্য ক্লেশ দেওয়া ছাড়া তাহারা তোমাদের কোন ক্ষতি করিতে পারিবে না। যদি তাহারা তোমাদের সঙ্গে যুদ্ধ করে তবে তাহারা পৃষ্ঠপ্রদর্শন করিবে; অতঃপর তাহারা সাহায্যপ্রাপ্ত হইবে না।	
	ضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ اَيْنَ مَا ثُقِفُوْۤا اِلَّا بِحَبْلٍ مِّنَ اللّٰهِ وَحَبْلٍ مِّنَ النَّاسِ وَبَآءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ وَضُرِبَتْ عَلَيْهِمُ الْمَسْكَنَةُ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ؕ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿١١٢﴾	112

প্রতিবর্ণায়ন	দু ়রিবাত ‘আলাইহিমুয্ ়যি ়ল্লাতু আইনা মা-ছু ়কি ়ফূ ইল্লা-বিহ ়াবলিম মিনাল্লা-হি ওয়াহ ়াবলিম মিনান্না-ছি ওয়া বা~উ বিগাদ ়াবিম্ মিনাল্লা-হি ওয়া দু ়রিবাত ‘আলাইহিমুল মাছকানাতু (قف) য ়া-লিকা বিআন্নাহুম কানূ ইয়াকফুরূনা বিআ-য়া-তিল্লাহি ওয়াকতুলূনাল আম্বিয়াআ বিগাইরিল হ ়াক্কি (ط) য ়ালিকা বিমা য ়া-লিকা বিমা-‘আসাওওয়া কা-নূ ইয়া‘তাদূন।	
তরজমা	আল্লাহ্‌র প্রতিশ্রুতি ও মানুষের প্রতিশ্রুতির বাহিরে যেখানেই তাহাদের পাওয়া গিয়াছে সেখানেই তাহারা লাঞ্ছিত হইয়াছে। তাহারা আল্লাহ্‌র ক্রোধের পাত্র হইয়াছে এবং হীনতাগ্রস্ত হইয়াছে। ইহা এইহেতু যে, তাহারা আল্লাহ্‌র আয়াতসমূহ প্রত্যাখ্যান করিত এবং অন্যায়ভাবে নবীগণকে হত্যা করিত; ইহা এইজন্য যে, তাহারা অবাধ্য হইয়াছিল এবং সীমালংঘন করিত।	
	لَيْسُوْا سَوَآءً ؕ مِنْ اَهْلِ الْكِتٰبِ اُمَّةٌ قَآئِمَةٌ يَّتْلُوْنَ اٰيٰتِ اللّٰهِ اٰنَآءَ الَّيْلِ وَهُمْ يَسْجُدُوْنَ ﴿۱۱۳﴾	113
প্রতিবর্ণায়ন	লাইছূ ছাওয়া~আম; মিন আহলিল কিতা-বি উম্মাতুং ক ়া~ইমাতুইঁ ইয়াতলূনা আ- য়া - তিল্লা হি আ-না~আল্লাইলি ওয়াহুম ইয়াছজুদূন।	
তরজমা	তাহারা সকলে এক রকম নয়। কিতাবীদের মধ্যে অবিচলিত একদল আছে ; তাহারা রাত্রিকালে আল্লাহ্‌র আয়াতসমূহ তিলাওয়াত করে এবং সিজ্‌দা করে।	
	يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَيَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَيُسَارِعُوْنَ فِى الْخَيْرٰتِ ؕ وَ اُولٰٓئِكَ مِنَ الصّٰلِحِيْنَ ﴿۱۱۴﴾	114
প্রতিবর্ণায়ন	ইউ’মিনূনা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া ইয়া’মুরূনা বিলমা‘রূফি ওয়াইয়ানহাওনা ‘আনিল মুংকারি ওয়া ইউছা-রি‘ঊনা ফিল খাইরা-তি (ط) ওয়া উলা~ইকা মিনাস্‌সা-লিহী ়ন।	
তরজমা	তাহারা আল্লাহ্‌ এবং শেষ দিনে বিশ্বাস করে, সৎকাজের নির্দেশ দেয়, অসৎকাজে নিষেধ করে এবং তাহারা কল্যাণকর কাজে প্রতিযোগিতা করে। তাহারাই সজ্জনদের অন্তর্ভুক্ত।	
	وَمَا يَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَلَنْ يُّكْفَرُوْهُ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ ﴿۱۱۵﴾	115
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াফ‘আলূ মিন খাইরিং ফালাইঁ ইউক্‌ফারূহু (ط) ওল্লাহু আলীমুম বিলমুত্তাক ়ীন।	
তরজমা	উত্তম কাজের যাহা কিছু তাহারা করে তাহা হইতে তাহাদের কখনও বঞ্চিত করা হইবে না। আল্লাহ্‌ মুত্তাকীদের সম্বন্ধে সবিশেষ অবহিত।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ تُغْنِيَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَاۤ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَيْـًٔا ؕ وَاُولٰٓـئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿۱۱۶﴾	**116**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা কাফারূ লাং তুগনিয়া ‘আনহুম আমওয়া–লুহুম ওয়ালা– আওলা–দুহুম মিনাল্লা–হি শাইআওঁ (ط) ওয়া উলা~ইকা আসহ া–বুন্না–রি (ج) হুম ফীহা–খা–লিদূন।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদের ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি আল্লাহ্‌র নিকট কখনও কোন কাজে আসিবে না। তাহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	مَثَلُ مَا يُنْفِقُوْنَ فِىْ هٰذِهِ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَثَلِ رِيْحٍ فِيْهَا صِرٌّ اَصَابَتْ حَرْثَ قَوْمٍ ظَلَمُوْۤا اَنْفُسَهُمْ فَاَهْلَكَتْهُ ؕ وَمَا ظَلَمَهُمُ اللّٰهُ وَلٰـكِنْ اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿۱۱۷﴾	**117**
প্রতিবর্ণায়ন	মাছ ালু মা–ইউংফিকূ না ফী হা–যি হিল হ ায়া–তিদ্দুন্‌ইয়া–কামাছ ালি রীহি ং ফীহা–সির্‌রুন আসা–বাত হ ারছ া ক াওমিং জ ালামু–আংফুছাহুম ফাআহ্‌লাকাত্‌হু (ط) ওয়ামা–জ ালামাহুমুল্লা–হু ওয়ালা–কিন আংফুছাহুম ইয়াজ লিমূন।	
তরজমা	এই পার্থিব জীবনে যাহা তাহারা ব্যয় করে তাহার দৃষ্টান্ত হিমশীতল বায়ু, উহা যে জাতি নিজেদের প্রতি জুলুম করিয়াছে তাহাদের শস্যক্ষেত্রকে আঘাত করে ও বিনষ্ট করে। আল্লাহ্ তাহাদের প্রতি কোন জুলুম করেন নাই, তাহারাই নিজেদের প্রতি জুলুম করে।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْا بِطَانَةً مِّنْ دُوْنِكُمْ لَا يَاْلُوْنَكُمْ خَبَالًا ؕ وَدُّوْا مَا عَنِتُّمْ ۚ قَدْ بَدَتِ الْبَغْضَآءُ مِنْ اَفْوَاهِهِمْ ۖۚ وَمَا تُخْفِىْ صُدُوْرُهُمْ اَكْبَرُ ؕ قَدْ بَيَّنَّا لَـكُمُ الْاٰيٰتِ اِنْ كُنْتُمْ تَعْقِلُوْنَ ﴿۱۱۸﴾	**118**
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ–মানূ লা–তাত্তাখিযূ বিত া–নাতাম্‌ মিং দূনিকুম লা–ইয়া’লূনাকুম খাবা–লাওঁ (ط) ওয়াদ্দূ মা–‘আনিত্তুম (ج) ক াদ্‌ বাদাতিল বাগদ া~উ মিন আফওয়া–হিহিম (ج) ওয়ামা–তুখফী সুদূরুহুম আকবার (ط) ক াদ বাইইয়ান্না– লাকুমুল আ–য়া–তি ইং কুংতুম তা‘কি লূন।	
তরজমা	হে মু’মিনগণ ! তোমাদের আপনজন ব্যতীত অপর কাহাকেও অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করিও না। তাহারা তোমাদের অনিষ্ট করিতে ত্রুটি করিবে না ; যাহা তোমাদের বিপন্ন করে তাহাই তাহারা কামনা করে। তাহাদের মুখে বিদ্বেষ প্রকাশ পায় এবং তাহাদের হৃদয় যাহা গোপন রাখে তাহা আরও গুরুতর। তোমাদের জন্য নিদর্শনসমূহ বিশদভাবে বিবৃত করিয়াছি, যদি তোমরা অনুধাবন কর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	هَٰٓأَنتُمْ أُو۟لَآءِ تُحِبُّونَهُمْ وَلَا يُحِبُّونَكُمْ وَتُؤْمِنُونَ بِٱلْكِتَٰبِ كُلِّهِۦ وَإِذَا لَقُوكُمْ قَالُوٓا۟ ءَامَنَّا وَإِذَا خَلَوْا۟ عَضُّوا۟ عَلَيْكُمُ ٱلْأَنَامِلَ مِنَ ٱلْغَيْظِ ۚ قُلْ مُوتُوا۟ بِغَيْظِكُمْ ۗ إِنَّ ٱللَّهَ عَلِيمٌۢ بِذَاتِ ٱلصُّدُورِ ﴿١١٩﴾	**119**
প্রতিবর্ণায়ন	হা˜আংতুম উলা~ই তুহি ব্বূনাহুম ওয়ালা ইউহি ব্বূনাকুম ওয়া তু'মিনূনা বিলকিতা-বি কুল্লিহী (ج) ওয়া ইয া-লাকূ কুম ক া-লূ ˜আ-মান্না- (ج) ওয়া ইয া-খালাও 'আদ্দূ 'আলাইকুমুল আনা-মিলা মিনাল্ গাইজি (ط) কু ল মূতূ বি্গাইজি কুম (ط) ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিয া-তিস্ সুদূর।	
তরজমা	দেখ, তোমরাই তাহাদের ভালবাস কিন্তু তাহারা তোমাদের ভালবাসে না অথচ তোমরা সমস্ত কিতাবে ঈমান রাখ আর তাহারা যখন তোমাদের সংস্পর্শে আসে তখন বলে, 'আমরা বিশ্বাস করি ; কিন্তু তাহারা যখন একান্তে মিলিত হয় তখন তোমাদের প্রতি আক্রোশে তাহারা নিজেদের অঙ্গুলির অগ্রভাগ দাঁতে কাটিয়া থাকে। বল, 'তোমাদের আক্রোশেই তোমরা মর।' অন্তরে যাহা রহিয়াছে সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত।	
	إِن تَمْسَسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ وَإِن تُصِبْكُمْ سَيِّئَةٌ يَفْرَحُوا۟ بِهَا ۖ وَإِن تَصْبِرُوا۟ وَتَتَّقُوا۟ لَا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْـًٔا ۗ إِنَّ ٱللَّهَ بِمَا يَعْمَلُونَ مُحِيطٌ ﴿١٢٠﴾	**120**
প্রতিবর্ণায়ন	ইং তামছাছকুম হ াছানাতুং তাছু'হুম (ز) ওয়া ইং তুসিবকুম ছাইয়িআতুহঁ ইয়াফরাহূ বিহা- (ط) ওয়া ইং তাসবিরূ ওয়া তাত্তাকূ লা-ইয়াদু ররুকুম কাইদুহুম শাইআন (ط) ইন্নাল্লা-হা বিমা-ইয়া'মালূনা মুহ ীত ।	
তরজমা	তোমাদের মঙ্গল হইলে উহা তাহাদেরকে কষ্ট দেয় আর তোমাদের অমঙ্গল হইলে তাহারা উহাতে আনন্দিত হয়। তোমরা যদি ধৈর্যশীল হও এবং মুত্তাকী হও তবে তাহাদের ষড়যন্ত্র তোমাদের কিছুই ক্ষতি করিতে পারিবে না। তাহারা যাহা করে নিশ্চয়ই আল্লাহ্ তাহা পরিবেষ্টন করিয়া রহিয়াছেন।	
	وَإِذْ غَدَوْتَ مِنْ أَهْلِكَ تُبَوِّئُ ٱلْمُؤْمِنِينَ مَقَٰعِدَ لِلْقِتَالِ ۗ وَٱللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿١٢١﴾	**121**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয গাদাওতা মিন আহলিকা তুবাওবি উল মু'মিনীনা মাক া-'ইদা লিলকি তা-লি (ط) ওয়াল্লা-হু ছামী'উন 'আলীম।	
তরজমা	স্মরণ কর, যখন তুমি তোমার পরিজনবর্গের নিকট হইতে প্রত্যুষে বাহির হইয়া যুদ্ধের জন্য মু'মিনগণকে ঘাঁটিতে বিন্যস্ত করিতেছিলে এবং আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	إِذْ هَمَّت طَّآئِفَتَانِ مِنكُمْ أَن تَفْشَلَا وَٱللَّهُ وَلِيُّهُمَا ۗ وَعَلَى ٱللَّهِ فَلْيَتَوَكَّلِ ٱلْمُؤْمِنُونَ ﴿١٢٢﴾	**122**

প্রতিবর্ণায়ন	ইয ˙ হাম্মাত ত ˙া~ইফাতা-নি মিংকুম আং তাফশালা- (لا) ওয়াল্লা-হু ওয়ালিইয়ুহুমা- (ط) ওয়া 'আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনূন।	
তরজমা	যখন তোমাদের মধ্যে দুই দলের সাহস হারাইবার উপক্রম হইয়াছিল অথচ আল্লাহ্ উভয়ের বন্ধু ছিলেন, আল্লাহ্‌র প্রতিই যেন মু'মিনগণ নির্ভর করে।	
	وَلَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ بِبَدْرٍ وَّاَنْتُمْ اَذِلَّةٌ ۚ فَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٢٣﴾	123
প্রতিবর্ণায়ন	ওয়া লাক ˙াদ নাসারাকুমুল্লা-হু বিবাদরিওঁ ওয়া আংতুম আযি ˙ল্লাতুং (ج) ফাত্তাকু ˙ল্লা-হা লা'আল্লাকুম তাশকুরূন।	
তরজমা	আর বদরের যুদ্ধে যখন তোমরা হীনবল ছিলে আল্লাহ্ তো তোমাদের সাহায্য করিয়াছিলেন। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর, যাহাতে তোমরা কৃতজ্ঞ হইতে পার।	
	اِذْ تَقُوْلُ لِلْمُؤْمِنِيْنَ اَلَنْ يَّكْفِيَكُمْ اَنْ يُّمِدَّكُمْ رَبُّكُمْ بِثَلٰثَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُنْزَلِيْنَ ﴿١٢٤﴾	124
প্রতিবর্ণায়ন	ইয ˙ তাকূ ˙লু লিলমু'মিনীনা আলাইঁ ইয়াক্‌ফিয়াকুম আইঁ ইউমিদ্দাকুম রাব্বুকুম বিছ ˙ালা-ছ ˙াতি আ-লা-ফিম মিনাল মালা~ইকাতি মুংঝালীন।	
তরজমা	স্মরণ কর, যখন তুমি মু'মিনগণকে বলিতেছিলে, 'ইহা কি তোমাদের জন্য যথেষ্ট নয় যে, তোমাদের প্রতিপালক-প্রেরিত তিন সহস্র ফিরিশ্‌তা দ্বারা তোমাদেরকে সহায়তা করিবেন ?'	
	بَلٰٓى ۙ اِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا وَيَاْتُوْكُمْ مِّنْ فَوْرِهِمْ هٰذَا يُمْدِدْكُمْ رَبُّكُمْ بِخَمْسَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُسَوِّمِيْنَ ﴿١٢٥﴾	125
প্রতিবর্ণায়ন	বালা~ (لا) ইং তাসবিরু ওয়া তাত্তাকূ ˙ ওয়া ইয়া'তূকুম মিং ফাওরিহিম হা-য ˙া- ইউম্‌দিদকুম রাব্বুকুম বিখামছাতি আ-লা-ফিম্ মিনাল মালা~ইকাতি মুছাওবি ˙মীন।	
তরজমা	হ্যাঁ, নিশ্চয়, যদি তোমরা ধৈর্য ধারণ কর এবং সাবধান হইয়া চল, তবে তাহারা দ্রুতগতিতে তোমাদের উপর আক্রমণ করিলে আল্লাহ্ পাঁচ সহস্র চিহ্নিত ফিরিশ্‌তা দ্বারা তোমাদের সাহায্য করিবেন।	
	وَمَا جَعَلَهُ اللّٰهُ اِلَّا بُشْرٰى لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوْبُكُمْ بِهٖ ۗ وَمَا النَّصْرُ اِلَّا مِنْ عِنْدِ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿١٢٦﴾	126
প্রতিবর্ণায়ন	ওয়ামা-জা'আলাহুল্লা-হু ইল্লা-বুশরা-লাকুম ওয়া লিতাত ˙মাইন্না কু ˙লূবুকুম বিহী (ط) ওয়ামান্নাসরু ইল্লা-মিন 'ইংদিল্লা-হিল্ 'আঝীঝিল হ ˙াকীম।	
তরজমা	ইহা তো আল্লাহ্ তোমাদের জন্য শুধু সুসংবাদ ও তোমাদের চিত্ত-প্রশান্তির জন্য করিয়াছেন এবং সাহায্য তো শুধু পরাক্রান্ত, প্রজ্ঞাময় আল্লাহ্‌র নিকট হইতেই হয়,	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	لِيَقْطَعَ طَرَفًا مِّنَ الَّذِينَ كَفَرُوٓا۟ أَوْ يَكْبِتَهُمْ فَيَنقَلِبُوا۟ خَآئِبِينَ ﴿١٢٧﴾	127
প্রতিবর্ণায়ন	লিইয়াক্ত াআ ত ারাফাম্ মিনাল্লায ীনা কাফারূ আও ইয়াক্বিতাহুম ফাইয়াংক ালিবূ খা~ইবীন।	
তরজমা	কাফিরদের এক অংশকে নিশ্চিহ্ন করার জন্য অথবা লাঞ্ছিত করার জন্য; ফলে তাহারা নিরাশ হইয়া ফিরিয়া যায়।	
	لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَىْءٌ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ أَوْ يُعَذِّبَهُمْ فَإِنَّهُمْ ظَٰلِمُونَ ﴿١٢٨﴾	128
প্রতিবর্ণায়ন	লাইছা লাকা মিনাল্ আমরি শাইউন আও ইয়াতূবা 'আলাইহিম আও ইউ'আয যি বাহুম ফাইন্নাহুম জ া-লিমূন।	
তরজমা	তিনি তাহাদের প্রতি ক্ষমাশীল হইবেন অথবা তাহাদেরকে শাস্তি দিবেন-এই বিষয়ে তোমার করণীয় কিছুই নাই ; কারণ তাহারা তো জালিম।	
	وَلِلَّهِ مَا فِى السَّمَٰوَٰتِ وَمَا فِى الْأَرْضِ ۚ يَغْفِرُ لِمَن يَشَآءُ وَيُعَذِّبُ مَن يَشَآءُ ۚ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٢٩﴾	129
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) ইয়াগফিরু লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইউ'আয্ যি বু মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু গাফূরুর রাহ ীম।	
ZiRgv	আসমানে যাহা কিছু আছে ও যমীনে যাহা কিছু আছে সমস্ত আল্লাহ্‌রই। তিনি যাহাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাহাকে ইচ্ছা শাস্তি দান করেন। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يَٰٓأَيُّهَا الَّذِينَ ءَامَنُوا۟ لَا تَأْكُلُوا۟ الرِّبَوٰٓا۟ أَضْعَٰفًا مُّضَٰعَفَةً ۖ وَاتَّقُوا۟ اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿١٣٠﴾	130
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তা'কুলুর্ রিবা-আদ 'আ-ফাম্ মুদ া-'আফাতাওঁ (ص) ওয়াত্তাকু ল্লা-হা লা'আল্লাকুম তুফলিহূ ন।	
তরজমা	হে মু'মিনগণ ! তোমরা সুদ খাইও না ক্রমবর্ধমান এবং আল্লাহ্‌কে ভয় কর যাহাতে তোমরা সফলকাম হইতে পার।	
	وَاتَّقُوا۟ النَّارَ الَّتِىٓ أُعِدَّتْ لِلْكَٰفِرِينَ ﴿١٣١﴾	131
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকু ন্না-রাল্লাতী উ'ইদ্দাত লিলকা-ফিরীন।	
তরজমা	এবং তোমরা সেই অগ্নিকে ভয় কর যাহা কাফিরদের জন্য প্রস্তুত রাখা হইয়াছে।	
	وَأَطِيعُوا۟ اللَّهَ وَالرَّسُولَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿١٣٢﴾	132
প্রতিবর্ণায়ন	ওয়া আতি 'উল্লা-হা ওয়াররাছূলা লা'আল্লাকুম তুরহ ামূন।	
তরজমা	তোমরা আল্লাহ্ ও রাসূলের আনুগত্য কর যাহাতে তোমরা কৃপা লাভ করিতে পার।	
	وَسَارِعُوٓا۟ إِلَىٰ مَغْفِرَةٍ مِّن رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا السَّمَٰوَٰتُ وَالْأَرْضُ أُعِدَّتْ لِلْمُتَّقِينَ ﴿١٣٣﴾	133

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ওয়া ছা–রি‘উ˜ইলা– মাগফিরাতিম মির্ রাব্বিকুম ওয়া জান্নাতিন ‘আরদু˙হাছ্ছামা–ওয়া–তু ওয়াল আরদু˙ (ۙ) উ‘ইদ্দাত লিলমুত্তাক˙ীন।	
তরজমা	তোমরা ধাবমান হও স্বীয় প্রতিপালকের ক্ষমার দিকে এবং সেই জান্নাতের দিকে যাহার বিস্তৃতি আসমান ও যমীনের ন্যায়, যাহা প্রস্তুত রাখা হইয়াছে মুত্তাকীদের জন্য,	
	الَّذِيْنَ يُنْفِقُوْنَ فِي السَّرَّآءِ وَالضَّرَّآءِ وَالْكٰظِمِيْنَ الْغَيْظَ وَالْعَافِيْنَ عَنِ النَّاسِ ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿۱۳۴﴾	134
প্রতিবর্ণায়ন	আল্লায˙ীনা ইউংফিকূ˙না ফিছছার্রা~ই ওয়াদ্˙দ˙াররা~ই ওয়াল কা–জি˙মীনাল গাইজ˙া ওয়াল‘আ–ফীনা ‘আনিন্না–ছি (ط) ওয়াল্লা–হু ইউহি˙ব্বুল মুহ˙ছিনীন।	
তরজমা	যাহারা সচ্ছল ও অসচ্ছল অবস্থায় ব্যয় করে এবং যাহারা ক্রোধ সংবরণকারী এবং মানুষের প্রতি ক্ষমাশীল; আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন ;	
	وَالَّذِيْنَ اِذَا فَعَلُوْا فَاحِشَةً اَوْ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ ذَكَرُوا اللّٰهَ فَاسْتَغْفَرُوْا لِذُنُوْبِهِمْ ۠ وَمَنْ يَّغْفِرُ الذُّنُوْبَ اِلَّا اللّٰهُ ۠ۙ وَلَمْ يُصِرُّوْا عَلٰى مَا فَعَلُوْا وَهُمْ يَعْلَمُوْنَ ﴿۱۳۵﴾	135
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায˙ীনা ইয˙া–ফা‘আলূ ফা–হি˙শাতান আও জ˙ালামূ˜ আংফুছাহুম য˙াকারুল্লা–হা ফাছ্তাগফারু লিযু˙নূবিহিম (ص) ওয়া মাইঁ ইয়াগফিরুয্˙যু˙নূবা ইল্লাল্লা–হু (ص) ওয়ালাম ইউছির্রু ‘আলা–মা–ফা‘আলূ ওয়া হুম ইয়া‘লামূন।	
তরজমা	এবং যাহারা কোন অশ্লীল কাজ করিয়া ফেলিলে অথবা নিজেদের প্রতি জুলুম করিলে আল্লাহ্কে স্মরণ করে এবং নিজেদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। আল্লাহ্ ব্যতীত কে পাপ ক্ষমা করিবে ? এবং তাহারা যাহা করিয়া ফেলে, জানিয়া-শুনিয়া তাহার পুনরাবৃত্তি করে না।	
	اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ مَّغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ وَجَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَنِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿۱۳۶﴾	136
প্রতিবর্ণায়ন	উলা~ইকা জাঝা~উহুম মাগফিরাতুম মির রাব্বিহিম ওয়া জান্না–তুং তাজরী মিং তাহ˙তিহাল আনহা–রু খা–লিদীনা ফীহা– (ط) ওয়ানি‘মা আজরুল ‘আ–মিলীন।	
তরজমা	উহারাই তাহারা, যাহাদের পুরস্কার তাহাদের প্রতিপালকের ক্ষমা এবং জান্নাত, যাহার পাদদেশে নদী প্রবাহিত ; সেখানে তাহারা স্থায়ী হইবে এবং সৎকর্মশীলদের পুরস্কার কত উত্তম!	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ سُنَنٌ ۙ فَسِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿١٣٧﴾	137
প্রতিবর্ণায়ন	ক াদ খালাত মিং ক াবলিকুম ছুনানুং (ۙ) ফাছীরু ফিল আরদি ফাংজু রূ কাইফা কা–না ‘আ–কি াবাতুল মুকায্ যি বীন।	
তরজমা	তোমাদের পূর্বে বহু বিধান-ব্যবস্থা গত হইয়াছে, সুতরাং তোমরা পৃথিবী ভ্রমণ কর এবং দেখ মিথ্যাশ্রয়ীদের কী পরিণাম !	
	هٰذَا بَيَانٌ لِّلنَّاسِ وَهُدًى وَّمَوْعِظَةٌ لِّلْمُتَّقِيْنَ ﴿١٣٨﴾	138
প্রতিবর্ণায়ন	হা-য া–বায়া–নুল্ লিন্না–ছি ওয়া হুদাওঁ ওয়া মাও‘ইজ াতুল লিলমুত্তাক ীন।	
তরজমা	ইহা মানবজাতির জন্য স্পষ্ট বর্ণনা এবং মুত্তাকীদের জন্য হিদায়াত ও উপদেশ।	
	وَلَا تَهِنُوْا وَلَا تَحْزَنُوْا وَاَنْتُمُ الْاَعْلَوْنَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٣٩﴾	139
প্রতিবর্ণায়ন	ওয়ালা–তাহিনূ ওয়ালা–তাহ ঝানূ ওয়া আংতুমুল আ‘লাওনা ইং কুংতুম মু’মিনীন।	
তরজমা	তোমরা হীনবল হইও না এবং দুঃখিতও হইও না ; তোমরাই বিজয়ী যদি তোমরা মু’মিন হও।	
	اِنْ يَّمْسَسْكُمْ قَرْحٌ فَقَدْ مَسَّ الْقَوْمَ قَرْحٌ مِّثْلُهٗ ؕ وَتِلْكَ الْاَيَّامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ ۚ وَلِيَعْلَمَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَيَتَّخِذَ مِنْكُمْ شُهَدَآءَ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ الظّٰلِمِيْنَ ﴿١٤٠﴾	140
প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়ামছাছকুম ক ারহু ং ফাক াদ মাছছাল ক াওমা ক ারহু ম্ মিছ লুহু (ط) ওয়া তিলকাল আইইয়া–মু নুদা–বি লুহা–বাইনান্না–ছি (ج) ওয়ালিয়া‘লামাল্লা–হুল্লায ীনা আ–মানূ ওয়া ইয়াত্তাখিয া মিংকুম শুহাদা~আ (ط) ওয়াল্লা–হু লা–ইউহি ব্বুজ জ া–লিমীন।	
তরজমা	যদি তোমাদের আঘাত লাগিয়া থাকে, অনুরূপ আঘাত তো উহাদেরও লাগিয়াছিল। মানুষের মধ্যে এই দিনগুলির পর্যায়ক্রমে আমি আবর্তন ঘটাই, যাহাতে আল্লাহ্ মু’মিনগণকে জানিতে পারেন এবং তোমাদের মধ্য হইতে কতককে শহীদরূপে গ্রহণ করিতে পারেন এবং আল্লাহ্ জালিমদের পসন্দ করেন না ;	
	وَلِيُمَحِّصَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَيَمْحَقَ الْكٰفِرِيْنَ ﴿١٤١﴾	141
প্রতিবর্ণায়ন	ওয়া লিইউমাহ হি সাল্লাহুল্লায ীনা আ–মানূ ওয়া ইয়ামহ াক াল কা–ফিরীন।	
তরজমা	এবং যাহাতে আল্লাহ্ মু’মিনদের পরিশোধন করিতে পারেন এবং কাফিরদের নিশ্চিহ্ন করিতে পারেন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا مِنْكُمْ وَيَعْلَمَ الصّٰبِرِيْنَ ﴿١٤٢﴾	**142**
প্রতিবর্ণায়ন	আম হা ছিবতুম আং তাদখুলুল জান্নাতা ওয়া লাম্মা-ইয়া'লামিল্লা-হুল্লায ীনা জা-হাদূ মিংকুম ওয়া ইয়া'লামাস্‌সা-বিরীন।	
তরজমা	তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করিবে, অথচ আল্লাহ্ তোমাদের মধ্যে কে জিহাদ করিয়াছে আর কে ধৈর্যশীল তাহা এখনও প্রকাশ করেন নাই ?	
	وَلَقَدْ كُنْتُمْ تَمَنَّوْنَ الْمَوْتَ مِنْ قَبْلِ اَنْ تَلْقَوْهُ ۖ فَقَدْ رَاَيْتُمُوْهُ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿١٤٣﴾	**143**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ কুংতুম তামান্নাওনাল মাওতা মিং ক াবলি আং তালক াওহু (ص) ফাক াদ রাআইতুমূহু ওয়া আংতুম তাংজু রুন।	
তরজমা	মৃত্যুর সম্মুখীন হওয়ার পূর্বে তোমরা তো উহা কামনা করিতে, এখন তো তোমরা তাহা স্বচক্ষে দেখিলে।	
	وَمَا مُحَمَّدٌ اِلَّا رَسُوْلٌ ۚ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ۗ اَفَا۟ئِنْ مَّاتَ اَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلٰٓى اَعْقَابِكُمْ ۗ وَمَنْ يَّنْقَلِبْ عَلٰى عَقِبَيْهِ فَلَنْ يَّضُرَّ اللّٰهَ شَيْـًٔا ۗ وَسَيَجْزِى اللّٰهُ الشّٰكِرِيْنَ ﴿١٤٤﴾	**144**
প্রতিবর্ণায়ন	ওয়ামা-মুহাম্মাদুন ইল্লা-রাছূলুং (ج) ক াদ খালাত মিং ক াবলিহির রুছুলু (ط) আফাইম্মা-তা আও কু তিলাংক ালাবতুম 'আলা ্আ'ক া-বিকুম (ط) ওয়া মাইঁ ইয়াংক ালিব 'আলা-'আকি বাইহি ফালাইঁ ইয়াদু র্‌রাল্লা-হা শাইআওঁ (ط) ওয়াছাইয়াজ্‌ঝিল্লা-হুশ্‌শা-কিরীন।	
তরজমা	মুহাম্মদ একজন রাসূল মাত্র ; তাহার পূর্বে বহু রাসূল গত হইয়াছে। সুতরাং যদি সে মারা যায় অথবা সে নিহত হয় তবে তোমরা কি পৃষ্ঠ প্রদর্শন করিবে ? এবং কেহ পৃষ্ঠ প্রদর্শন করিলে সে কখনও আল্লাহ্‌র ক্ষতি করিতে পারিবে না ; বরং আল্লাহ্ শীঘ্রই কৃতজ্ঞদের পুরস্কৃত করিবেন।	
	وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تَمُوْتَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ كِتٰبًا مُّؤَجَّلًا ۗ وَمَنْ يُّرِدْ ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهٖ مِنْهَا ۚ وَمَنْ يُّرِدْ ثَوَابَ الْاٰخِرَةِ نُؤْتِهٖ مِنْهَا ۗ وَسَنَجْزِى الشّٰكِرِيْنَ ﴿١٤٥﴾	**145**
প্রতিবর্ণায়ন	ওয়ামা-কা-না লিনাফছিন আং তামূতা ইল্লা-বিইয নিল্লা-হি কিতা-বাম মুআজ্জালাওঁ (ط) ওয়া মাইঁ ইউরিদ ছ াওয়া-বাদ্দুনইয়া- নু'তিহী মিনহা- (ج) ওয়া মাইঁ ইউরিদ ছ াওয়া-বাল আ-খিরাতি নু'তিহী মিনহা- (ط) ওয়া ছানাজঝিশ্‌শা-কিরীন।	
তরজমা	আল্লাহ্‌র অনুমতি ব্যতীত কাহারও মৃত্যু হইতে পারে না, যেহেতু উহার মেয়াদ অবধারিত। কেহ পার্থিব পুরস্কার চাহিলে আমি তাহাকে তাহার কিছু দেই এবং কেহ পারলৌকিক পুরস্কার চাহিলে আমি তাহাকে তাহার কিছু দেই এবং শীঘ্রই কৃতজ্ঞদের পুরস্কৃত করিব।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَكَاَيِّنۡ مِّنۡ نَّبِيٍّ قٰتَلَ ۙ مَعَهٗ رِبِّيُّوۡنَ كَثِيۡرٌ ۚ فَمَا وَهَنُوۡا لِمَاۤ اَصَابَهُمۡ فِىۡ سَبِيۡلِ اللّٰهِ وَمَا ضَعُفُوۡا وَمَا اسۡتَكَانُوۡا ؕ وَاللّٰهُ يُحِبُّ الصّٰبِرِيۡنَ ﴿۱۴۶﴾	146
প্রতিবর্ণায়ন	ওয়া কাআইয়িম মিন্ নাবিইয়িং ক া-তালা (ۙ) মা'আহু রিব্বিইয়ূনা কাছ ীরুং (ج) ফামা-ওয়াহানূ লিমা˜আসা-বাহুম ফী ছাবীলিল্লা-হি ওয়ামা-দ া'উফূ ওয়ামাছ তাকা-নূ (ج) ওয়াল্লা-হু ইউহি ব্বুস্সা-বিরীন।	
তরজমা	এবং কত নবী যুদ্ধ করিয়াছে, তাহাদের সঙ্গে বহু আল্লাহ্ওয়ালা ছিল। আল্লাহ্র পথে তাহাদের যে বিপর্যয় ঘটিয়াছিল তাহাতে তাহারা হীনবল হয় নাই, দুর্বল হয় নাই এবং নত হয় নাই। আল্লাহ্ ধৈর্যশীলদের ভালবাসেন।	
	وَمَا كَانَ قَوۡلَهُمۡ اِلَّاۤ اَنۡ قَالُوۡا رَبَّنَا اغۡفِرۡ لَنَا ذُنُوۡبَنَا وَاِسۡرَافَنَا فِىۡۤ اَمۡرِنَا وَثَبِّتۡ اَقۡدَامَنَا وَانۡصُرۡنَا عَلَى الۡقَوۡمِ الۡكٰفِرِيۡنَ ﴿۱۴۷﴾	147
প্রতিবর্ণায়ন	ওয়ামা-কা-না ক াওলাহুম ইল্লা˜আং ক া-লূ রাব্বানাগ্ ফিরলানা-যু নূবানা-ওয়া ইছরা-ফানা-ফী˜আমরিনা-ওয়াছ াব্বিত আক দা-মানা- ওয়াংসুরনা-'আলাল ক াওমিল কা-ফিরীন।	
তরজমা	এই কথা ব্যতীত তাহাদের আর কোন কথা ছিল না, 'হে আমাদের প্রতিপালক! আমাদের পাপ এবং আমাদের কাজে সীমালংঘন তুমি ক্ষমা কর, আমাদের পা সুদৃঢ় রাখ এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।'	
	فَاٰتٰٮهُمُ اللّٰهُ ثَوَابَ الدُّنۡيَا وَحُسۡنَ ثَوَابِ الۡاٰخِرَةِ ؕ وَاللّٰهُ يُحِبُّ الۡمُحۡسِنِيۡنَ ﴿۱۴۸﴾	148
প্রতিবর্ণায়ন	ফাআ-তা-হুমুল্লা-হু ছ াওয়া-বাদ্দুন্ইয়া-ওয়াহু ছনা ছ াওয়া-বিল আ-খিরাতি (ط) ওয়াল্লা-হু ইউহি ব্বুল মুহ ছিনীন।	
তরজমা	অতঃপর আল্লাহ্ তাহাদেরকে পার্থিব পুরস্কার এবং উত্তম পারলৌকিক পুরস্কার দান করেন। আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন।	
	يٰۤاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡۤا اِنۡ تُطِيۡعُوا الَّذِيۡنَ كَفَرُوۡا يَرُدُّوۡكُمۡ عَلٰٓى اَعۡقَابِكُمۡ فَتَنۡقَلِبُوۡا خٰسِرِيۡنَ ﴿۱۴۹﴾	149
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ-মানূ˜ইং তুতী 'উল্লায ীনা কাফারু ইয়ারুদ্দূকুম আলা˜ আ'ক বিকুম ফাতাংক ালিবূ খা-ছিরীন।	
তরজমা	হে মু'মিনগণ ! যদি তোমরা কাফিরদের আনুগত্য কর তবে তাহারা তোমাদেরকে বিপরীত দিকে ফিরাইয়া দিবে এবং তোমরা ক্ষতিগ্রস্ত হইয়া পড়িবে।	
	بَلِ اللّٰهُ مَوۡلٰٮكُمۡ ۚ وَهُوَ خَيۡرُ النّٰصِرِيۡنَ ﴿۱۵۰﴾	150
প্রতিবর্ণায়ন	বালিল্লা-হু মাওলা-কুম (ج) ওয়া হুয়া খাইরুন্না-সিরীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আল্লাহ্ই তো তোমাদের অভিভাবক এবং তিনিই শ্রেষ্ঠ সাহায্যকারী।	
	سَنُلْقِي فِي قُلُوبِ الَّذِينَ كَفَرُوا الرُّعْبَ بِمَا أَشْرَكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا ۚ وَمَأْوَاهُمُ النَّارُ ۖ وَبِئْسَ مَثْوَى الظَّالِمِينَ ﴿١٥١﴾	**151**
প্রতিবর্ণায়ন	ছানুলকী ফী কু লূবিল্লায ীনা কাফারুর রু‘বা বিমা ~আশরাকূ বিল্লা-হি মা-লাম ইউনাঝ্‌ঝিল বিহী ছুলত া-নাওঁ (ج) ওয়ামা’ওয়া-হুমুন্না-রু (ط) ওয়াবি’ছা মাছ ওয়াজ্জ া-লিমীন।	
তরজমা	আমি কাফিরদের হৃদয়ে ভীতির সঞ্চার করিব, যেহেতু তাহারা আল্লাহ্র সঙ্গে শরীক করিয়াছে, যাহার স্বপক্ষে আল্লাহ্ কোন সনদ পাঠান নাই। জাহান্নাম তাহাদের আবাস; কত নিকৃষ্ট আবাসস্থল জালিমদের!	
	وَلَقَدْ صَدَقَكُمُ اللَّهُ وَعْدَهُ إِذْ تَحُسُّونَهُمْ بِإِذْنِهِ ۖ حَتَّىٰ إِذَا فَشِلْتُمْ وَتَنَازَعْتُمْ فِي الْأَمْرِ وَعَصَيْتُمْ مِنْ بَعْدِ مَا أَرَاكُمْ مَا تُحِبُّونَ ۚ مِنْكُمْ مَنْ يُرِيدُ الدُّنْيَا وَمِنْكُمْ مَنْ يُرِيدُ الْآخِرَةَ ۚ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ ۖ وَلَقَدْ عَفَا عَنْكُمْ ۗ وَاللَّهُ ذُو فَضْلٍ عَلَى الْمُؤْمِنِينَ ﴿١٥٢﴾	**152**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ সাদাক াকুমুল্লা-হু ওয়া‘দাহূ ~ইয তাহু ছছূনাহুম বিইয নিহী (ج) হা ত্তা ~ইয া-ফাশিলতুম ওয়াতানা-ঝা‘তুম ফিল আমরি ওয়া‘আসাইতুম মিম্ বা‘দি মা ~আরা-কুম মা-তুহি ব্বূনা (ط) মিংকুম মাইঁ ইউরীদুদ্দুনইয়া-ওয়া মিংকুম মাইঁ ইউরীদুল আ-খিরাতা (ج) ছু ম্মা সারাফাকুম ‘আনহুম লিইয়াবতালিয়াকুম (ج) ওয়া লাক াদ ‘আফা-‘আংকুম (ط) ওয়াল্লা-হু যূ ফাদ লিন ‘আলাল মু’মিনীন।	
তরজমা	আল্লাহ্ তোমাদের সঙ্গে তাঁহার প্রতিশ্রুতি পূর্ণ করিয়াছিলেন যখন তোমরা আল্লাহ্র অনুমতিক্রমে তাহাদেরকে বিনাশ করিতেছিলে, যে পর্যন্ত না তোমরা সাহস হারাইলে এবং নির্দেশ সম্বন্ধে মতভেদ সৃষ্টি করিলে এবং যাহা তোমরা ভালবাস তাহা তোমাদের দেখাইবার পর তোমরা অবাধ্য হইলে। তোমাদের কতক ইহকাল চাহিতেছিল এবং কতক পরকাল চাহিতেছিল। অতঃপর তিনি পরীক্ষা করার জন্য তোমাদেরকে তাহাদের হইতে ফিরাইয়া দিলেন। অবশ্যই তিনি তোমাদেরকে ক্ষমা করিলেন এবং আল্লাহ্ মু’মিনদের প্রতি অনুগ্রহশীল।	
	إِذْ تُصْعِدُونَ وَلَا تَلْوُونَ عَلَىٰ أَحَدٍ وَالرَّسُولُ يَدْعُوكُمْ فِي أُخْرَاكُمْ فَأَثَابَكُمْ غَمًّا بِغَمٍّ لِكَيْلَا تَحْزَنُوا عَلَىٰ مَا فَاتَكُمْ وَلَا مَا أَصَابَكُمْ ۗ وَاللَّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ ﴿١٥٣﴾	**153**

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ইয তুস‘ইদূনা ওয়ালা–তালউনা ‘আলা–আহ াদিওঁ ওয়ার রাছূলু ইয়াদ‘উকুম ফী˜উখরা–কুম ফাআছ া–বাকুম গাম্মাম্ বিগামমিল লিকাইলা–তাহ ঝানূ ‘আলা–মা–ফা–তাকুম ওয়ালা–মা˜আসা–বাকুম (ط) ওয়াল্লা–হু খাবীরুম বিমা-তা‘মালূন।	
তরজমা	স্মরণ কর, তোমরা যখন উপরের দিকে ছুটিতেছিলে এবং পিছন ফিরিয়া কাহারও প্রতি লক্ষ্য করিতেছিলে না, আর রাসূল তোমাদেরকে পিছন দিক হইতে আহ্বান করিতেছিল। ফলে তিনি তোমাদেরকে বিপদের উপর বিপদ দিলেন যাহাতে তোমরা যাহা হারাইয়াছ অথবা যে বিপদ তোমাদের উপর আসিয়াছে তাহার জন্য তোমরা দুঃখিত না হও। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা বিশেষভাবে অবহিত।	
	ثُمَّ اَنْزَلَ عَلَيْكُمْ مِّنْۢ بَعْدِ الْغَمِّ اَمَنَةً نُّعَاسًا يَّغْشٰى طَآئِفَةً مِّنْكُمْ ۙ وَطَآئِفَةٌ قَدْ اَهَمَّتْهُمْ اَنْفُسُهُمْ يَظُنُّوْنَ بِاللّٰهِ غَيْرَ الْحَقِّ ظَنَّ الْجَاهِلِيَّةِ ۭ يَقُوْلُوْنَ هَلْ لَّنَا مِنَ الْاَمْرِ مِنْ شَيْءٍ ۭ قُلْ اِنَّ الْاَمْرَ كُلَّهٗ لِلّٰهِ ۭ يُخْفُوْنَ فِيْٓ اَنْفُسِهِمْ مَّا لَا يُبْدُوْنَ لَكَ ۭ يَقُوْلُوْنَ لَوْ كَانَ لَنَا مِنَ الْاَمْرِ شَيْءٌ مَّا قُتِلْنَا هٰهُنَا ۭ قُلْ لَّوْ كُنْتُمْ فِيْ بُيُوْتِكُمْ لَبَرَزَ الَّذِيْنَ كُتِبَ عَلَيْهِمُ الْقَتْلُ اِلٰى مَضَاجِعِهِمْ ۚ وَلِيَبْتَلِيَ اللّٰهُ مَا فِيْ صُدُوْرِكُمْ وَلِيُمَحِّصَ مَا فِيْ قُلُوْبِكُمْ ۭ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿١٥٤﴾	**154**
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আংঝালা ‘আলাইকুম মিম্ বা‘দিল গাম্মি আমানাতান্ নু‘আ–ছাইঁ ইয়াগশা–ত া~ইফাতাম্ মিংকুম (ﻻ) ওয়া ত া~ইফাতুং ক াদ আহাম্মাত্হুম আংফছুহুম ইয়াজু ন্নুনা বিল্লা–হি গাইরাল হ াক্কি জ ান্নাল জা–হিলিইইয়াতি (ط) ইয়াকূ লূনা হাল্লানা–মিনাল আমরি মিং শাইইং (ط) কু ল ইন্নাল আমরা কু ল্লাহূ লিল্লা–হি (ط) ইউখফূনা ফী˜আংফুছিহিম মা–লা–ইউবদূনা লাকা (ط) ইয়াকূ লূনা লাও কা–না লানা–মিনাল আমরি শাইউম্ মা–কু তিলনা–হা–হুনা– (ط) কুল্লাও কুংতুম ফী বুয়ূতিকুম লাবারাঝাল্লায ীনা কুতিবা ‘আলাইহিমুল ক াতলু ইলা–মাদ া–জি‘ইহিম (ج) ওয়া লিইয়াবতালিইয়াল্লা–হু মা–ফী সুদূরিকুম ওয়ালিইউমাহ হি সা মা–ফী কু লূবিকুম (ط) ওয়াল্লা–হু ‘আলীমুম্ বিয া–তিস্সুদূর।	

তরজমা	অতঃপর দুঃখের পর তিনি তোমাদেরকে প্রদান করিলেন প্রশান্তি তন্দ্রারূপে, যাহা তোমাদের একদলকে আচ্ছন্ন করিয়াছিল। এবং একদল জাহিলী যুগের অজ্ঞের ন্যায় আল্লাহ্ সম্বন্ধে অবাস্তব ধারণা করিয়া নিজেরাই নিজেদেরকে উদ্বিগ্ন করিয়াছিল এই বলিয়া যে, 'আমাদের কি কোন অধিকার আছে?' বল, 'সমস্ত বিষয় আল্লাহ্‌রই ইখ্‌তিয়ার।' যাহা তাহারা তোমার নিকট প্রকাশ করে না, তাহারা তাহাদের অন্তরে উহা গোপন রাখে, আর বলে, 'এই ব্যাপারে আমাদের কোন অধিকার থাকিলে আমরা এই স্থানে নিহত হইতাম না।' বল, 'যদি তোমরা তোমাদের গৃহে অবস্থান করিতে তবুও নিহত হওয়া যাহাদের জন্য অবধারিত ছিল তাহারা নিজেদের মৃত্যুস্থানে বাহির হইত। ইহা এইজন্য যে, আল্লাহ্ তোমাদের অন্তরে যাহা আছে তাহা পরীক্ষা করেন এবং তোমাদের অন্তরে যাহা আছে তাহা পরিশোধন করেন। অন্তরে যাহা আছে আল্লাহ্ সে সম্পর্কে বিশেষভাবে অবহিত।	
	إِنَّ الَّذِينَ تَوَلَّوْا مِنكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعَانِ إِنَّمَا اسْتَزَلَّهُمُ الشَّيْطَانُ بِبَعْضِ مَا كَسَبُوا ۖ وَلَقَدْ عَفَا اللَّهُ عَنْهُمْ ۗ إِنَّ اللَّهَ غَفُورٌ حَلِيمٌ ﴿١٥٥﴾	**155**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা তাওয়াল্লাও মিংকুম ইয়াওমাল তাক াল জাম'আ-নি (ﻻ) ইন্নামাছ্ তাঝাল্লাহুমুশ্ শাইত া-নু বিবা'দি মা-কাছাবূ (ج) ওয়া লাকা দ 'আফাল্লা-হু 'আনহুম; ইন্নাল্লা-হা গাফূরুন হ ালীম।	
তরজমা	যেদিন দুই দল পরস্পরের সম্মুখীন হইয়াছিল সেই দিন তোমাদের মধ্য হইতে যাহারা পৃষ্ঠ প্রদর্শন করিয়াছিল, তাহাদের কোন কৃতকর্মের জন্য শয়তানই তাহাদের পদস্খলন ঘটাইয়াছিল। অবশ্য আল্লাহ্ তাহাদের ক্ষমা করিয়াছেন। আল্লাহ্ ক্ষমাপরায়ণ ও পরম সহনশীল।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَكُونُوا كَالَّذِينَ كَفَرُوا وَقَالُوا لِإِخْوَانِهِمْ إِذَا ضَرَبُوا فِي الْأَرْضِ أَوْ كَانُوا غُزًّى لَّوْ كَانُوا عِندَنَا مَا مَاتُوا وَمَا قُتِلُوا لِيَجْعَلَ اللَّهُ ذَٰلِكَ حَسْرَةً فِي قُلُوبِهِمْ ۗ وَاللَّهُ يُحْيِي وَيُمِيتُ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿١٥٦﴾	**156**
প্রতিবর্ণায়ন	ইয়া ~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা- তাকূনূ কাল্লায ীনা কাফারূ ওয়া ক া-লূ লিইখ্‌ওয়া-নিহিম ইয া-দ ারাবূ ফিল আরদি আও কা-নূ গুঝ্‌ঝাল্লাও কা-নু 'ইংদানা-মা-মা-তূ ওয়ামা-ক ুতিলূ (ج) লিইয়াজ'আলাল্লা-হু য া-লিকা হ াছরাতাং ফী কু লূবিহিম (ط) ওয়াল্লা-হু ইউহ য়ী ওয়া ইউমীতু (ط) ওয়াল্লা-হু বিমা- ত'মালূনা বাসীর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে মু'মিনগণ! তোমরা তাহাদের মত হইও না যাহারা কুফরী করে এবং তাহাদের ভ্রাতাগণ যখন দেশে দেশে সফর করে অথবা যুদ্ধে লিপ্ত হয়, তাহাদের সম্পর্কে বলে, 'তাহারা যদি আমাদের নিকট থাকিত তবে তাহারা মরিত না এবং নিহত হইত না।' ফলে আল্লাহ্ ইহাই তাহাদের মনস্তাপে পরিণত করেন ; আল্লাহ্ই জীবন দান করেন ও মৃত্যু ঘটান, তোমরা যাহা কর আল্লাহ্ উহার সম্যক দ্রষ্টা।	
	وَلَئِنْ قُتِلْتُمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ اَوْ مُتُّمْ لَمَغْفِرَةٌ مِّنَ اللّٰهِ وَرَحْمَةٌ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ﴿١٥٧﴾	**157**
প্রতিবর্ণায়ন	ওয়ালাইং কু˙তিলতুম ফী ছাবীলিল্লা-হি আও মুততুম লামাগফিরাতুম মিনাল্লা-হি ওয়া রাহ˙মাতুন খাইরুম মিম্মা-ইয়াজমা'উন।	
তরজমা	তোমরা আল্লাহ্র পথে নিহত হইলে অথবা মৃত্যুবরণ করিলে, যাহা তাহারা জমা করে, আল্লাহ্র ক্ষমা এবং দয়া অবশ্য তাহা অপেক্ষা শ্রেয়।	
	وَلَئِنْ مُّتُّمْ اَوْ قُتِلْتُمْ لَاِلَى اللّٰهِ تُحْشَرُوْنَ ﴿١٥٨﴾	**158**
প্রতিবর্ণায়ন	ওয়ালাাইম মুততুম আও কু˙তিলতুম লা ইলাল্লা-হি তুহ্˙শারূন।	
তরজমা	এবং তোমাদের মৃত্যু হইলে অথবা তোমরা নিহত হইলে আল্লাহ্রই নিকট তোমাদেরকে একত্র করা হইবে।	
	فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللّٰهِ لِنْتَ لَهُمْ ۚ وَلَوْ كُنْتَ فَظًّا غَلِيْظَ الْقَلْبِ لَانْفَضُّوْا مِنْ حَوْلِكَ ۖ فَاعْفُ عَنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِى الْاَمْرِ ۚ فَاِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَوَكِّلِيْنَ ﴿١٥٩﴾	**159**
প্রতিবর্ণায়ন	ফাবিমা- রাহ˙মাতিম মিনাল্লা-হি লিংতা লাহুম (ج) ওয়ালাও কুংতা ফাজ্জ˙ান গালীজ˙াল ক˙ালবি লাংফাদ্দূ˙ মিন হ˙াওলিকা (ص) ফা'ফু 'আনহুম ওয়াছতাগফির লাহুম ওয়া শা-বি˙রহুম ফিল আমরি (ج) ফাইয˙া-'আঝামতা ফাতাওয়াক্কাল 'আলাল্লা-হি (ط) ইন্নাল্লা-হা ইউহি˙ব্বুল মুতাওয়াক্কিলীন।	
তরজমা	আল্লাহ্র দয়ায় তুমি তাহাদের প্রতি কোমল-হৃদয় হইয়াছিলে ; যদি তুমি রূঢ় ও কঠোরচিত্ত হইতে তবে তাহারা তোমার আশপাশ হইতে সরিয়া পড়িত। সুতরাং তুমি তাহাদের ক্ষমা কর এবং তাহাদের জন্য ক্ষমা প্রার্থনা কর এবং কাজেকর্মে তাহাদের সঙ্গে পরামর্শ কর, অতঃপর তুমি কোন সংকল্প করিলে আল্লাহ্র উপর নির্ভর করিবে, যাহারা নির্ভর করে আল্লাহ্ তাহাদের ভালবাসেন।	
	اِنْ يَّنْصُرْكُمُ اللّٰهُ فَلَا غَالِبَ لَكُمْ ۚ وَاِنْ يَّخْذُلْكُمْ فَمَنْ ذَا الَّذِىْ يَنْصُرُكُمْ مِّنْ بَعْدِهٖ ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿١٦٠﴾	**160**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়াংসুর কুমুল্লা–হু ফালা–গা–লিবা লাকুম (ج) ওয়াইয়ঁ ইয়াখযু ্লকুম ফামাং য ্াল্লায ্ী ইয়াংসুরুকুম মিম্ বা‘দিহী (ط) ওয়া ‘আলাল্লা–হি ফালইয়াতাওয়াক্কালিল মু’মিনূন।	
তরজমা	আল্লাহ্ তোমাদের সাহায্য করিলে তোমাদের উপর জয়ী হইবার কেহই থাকিবে না। আর তিনি তোমাদেরকে সাহায্য না করিলে, তিনি ছাড়া কে এমন আছে, যে তোমাদের সাহায্য করিবে ? মু’মিনগণ আল্লাহ্র উপরই নির্ভর করুক।	
	وَمَا كَانَ لِنَبِيٍّ اَنْ يَّغُلَّ ؕ وَمَنْ يَّغْلُلْ يَاْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيٰمَةِ ۚ ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿۱۶۱﴾	**161**
প্রতিবর্ণায়ন	ওয়ামা–কা–না লিনাবিইয়িন আইঁ ইয়াগুল্লা (ط) ওয়ামাইঁ ইয়াগলুল ইয়া’তি বিমা–গাল্লা ইয়াওমাল কি ্য়া–মাতি (ج) ছু ্ম্মা তুওয়াফ্ফা– কুল্লু নাফছিম্ মা–কাছাবাত ওয়াহুম লা–ইউজ ্লামূন।	
তরজমা	অন্যায়ভাবে কোন বস্তু গোপন করিবে, ইহা নবীর পক্ষে অসম্ভব। এবং কেহ অন্যায়ভাবে কিছু গোপন করিলে, যাহা সে অন্যায়ভাবে গোপন করিবে কিয়ামতের দিন সে তাহা লইয়া আসিবে। অতঃপর প্রত্যেককে, যাহা সে অর্জন করিয়াছে তাহা পূর্ণমাত্রায় দেওয়া হইবে। তাহাদের প্রতি কোন জুলুম করা হইবে না।	
	اَفَمَنِ اتَّبَعَ رِضْوَانَ اللّٰهِ كَمَنْۢ بَآءَ بِسَخَطٍ مِّنَ اللّٰهِ وَمَاْوٰىهُ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿۱۶۲﴾	**162**
প্রতিবর্ণায়ন	আফামানিত্তাবা‘আ রিদ ্ওয়া–নাল্লা–হি কামাম বা–আ বিছাখাতি ্ম্ মিনাল্লা–হি ওয়ামা’ওয়া–হু জাহান্নামু; (ط) ওয়াবি’ছাল মাসীর।	
তরজমা	যে আল্লাহ্র সন্তুষ্টির অনুসারী, সে কি উহার মত যে আল্লাহ্র ক্রোধের পাত্র হইয়াছে এবং জাহান্নামই যাহার আবাস ? এবং উহা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল !	
	هُمْ دَرَجٰتٌ عِنْدَ اللّٰهِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿۱۶۳﴾	**163**
প্রতিবর্ণায়ন	হুম দারাজা–তুন ইংদাল্লা–হি (ط) ওয়াল্লা–হু বাসীরুম বিমা–ইয়া‘মালূন।	
তরজমা	আল্লাহ্র নিকট তাহারা বিভিন্ন স্তরের; তাহারা যাহা করে আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা।	
	لَقَدْ مَنَّ اللّٰهُ عَلَى الْمُؤْمِنِيْنَ اِذْ بَعَثَ فِيْهِمْ رَسُوْلًا مِّنْ اَنْفُسِهِمْ يَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِهٖ وَيُزَكِّيْهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۚ وَاِنْ كَانُوْا مِنْ قَبْلُ لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿۱۶۴﴾	**164**
প্রতিবর্ণায়ন	লাক ্াদ মান্নাল্লা–হু ‘আলাল মু’মিনীনা ইয ্ বা‘আছ ্া ফীহিম রাছূলাম মিন আংফুছিহিম ইয়াতলূ ‘আলাইহিম আ–য়া–তিহী ওয়া ইউঝাক্কীহিম ওয়া ইউ‘আল্লিমুহুমুল কিতা–বা ওয়াল হি ্কমাতা (ج) ওয়া ইং কা–নূ মিং ক ্াবলু লাফী দ ্ালা–লিম মুবীন।	

তরজমা	আল্লাহ্ মু'মিনদের প্রতি অবশ্যই অনুগ্রহ করিয়াছেন যে, তিনি তাহাদের নিজেদের মধ্য হইতে তাহাদের নিকট রাসূল প্রেরণ করিয়াছেন, যে তাঁহার আয়াতসমূহ তাহাদের নিকট তিলাওয়াত করে, তাহাদেরকে পরিশোধন করে এবং কিতাব ও হিক্মত শিক্ষা দেয়, যদিও তাহারা পূর্বে স্পষ্ট বিভ্রান্তিতেই ছিল।	
	اَوَلَمَّآ اَصَابَتۡكُمۡ مُّصِيۡبَةٌ قَدۡ اَصَبۡتُمۡ مِّثۡلَيۡهَا ۙ قُلۡتُمۡ اَنّٰى هٰذَا ‌ؕ قُلۡ هُوَ مِنۡ عِنۡدِ اَنۡفُسِكُمۡ‌ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ﴿۱۶۵﴾	165
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্মা-আসা-বাত্কুম মুসীবাতুং ক াদ আসাবতুম মিছ লাইহা- (ﻻ) কু লতুম আন্না-হা-য া- (ط) কু ল হুওয়া মিন ‘ইংদি আংফুছিকুম (ط) ইন্নাল্লা-হা ‘আলা-কুল্লি শাইইং ক াদীর।	
তরজমা	কী ব্যাপার ! যখন তোমাদের উপর মুসীবত আসিল তখন তোমরা বলিলে, ‘ইহা কোথা হইতে আসিল ?’ অথচ তোমরা তো দ্বিগুণ বিপদ ঘটাইয়াছিলে। বল, ‘ইহা তোমাদের নিজেদেরই নিকট হইতে’; নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَمَآ اَصَابَكُمۡ يَوۡمَ الۡتَقَى الۡجَمۡعٰنِ فَبِاِذۡنِ اللّٰهِ وَلِيَعۡلَمَ الۡمُؤۡمِنِيۡنَ ﴿۱۶۶﴾	166
প্রতিবর্ণায়ন	ওয়ামা ~আসা-বাকুম ইয়াওমাল তাক াল জাম‘আ-নি ফাবিইয্ নিল্লা-হি ওয়ালিইয়া‘লামাল মু’মিনীন।	
তরজমা	যেদিন দুই দল পরস্পরের সম্মুখীন হইয়াছিল, সেদিন তোমাদের উপর যে বিপর্যয় ঘটিয়াছিল তাহা আল্লাহ্রই হুকুমে; ইহা মু'মিনগণকে জানিবার জন্য।	
	وَلِيَعۡلَمَ الَّذِيۡنَ نَافَقُوۡا ۖۚ وَقِيۡلَ لَهُمۡ تَعَالَوۡا قَاتِلُوۡا فِىۡ سَبِيۡلِ اللّٰهِ اَوِ ادۡفَعُوۡا‌ ؕ قَالُوۡا لَوۡ نَعۡلَمُ قِتَالًا لَّاتَّبَعۡنٰكُمۡ‌ؕ هُمۡ لِلۡكُفۡرِ يَوۡمَٮِٕذٍ اَقۡرَبُ مِنۡهُمۡ لِلۡاِيۡمَانِ‌ ۚ يَقُوۡلُوۡنَ بِاَفۡوَاهِهِمۡ مَّا لَيۡسَ فِىۡ قُلُوۡبِهِمۡ‌ؕ وَاللّٰهُ اَعۡلَمُ بِمَا يَكۡتُمُوۡنَ ﴿۱۶۷﴾	167
প্রতিবর্ণায়ন	ওয়ালিইয়া‘লামাল্লায ীনা না-ফাকূ (ج) ওয়া কী লা লাহুম তা‘আ-লাও ক া-তিলূ ফী ছাবীলিল্লা-হি আবি দ্ফা‘উ (ط) ক া-লূ লাও না‘লামু কি তা-লাল্লাত্তাবা‘না-কুম (ط) হুম লিলকুফরি ইয়াওমাইযি ন আক রাবু মিনহুম লিলঈমা-নি (ج) ইয়াকূ লূনা বিআফওয়া-হিহিম মা-লাইছা ফী কু লূবিহিম (ط) ওয়াল্লা-হু আ‘লামু বিমা-ইয়াক্তুমূন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	এবং মুনাফিকদেরকে জানিবার জন্য এবং তাহাদেরকে বলা হইয়াছিল, 'আস, তোমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ কর অথবা প্রতিরোধ কর।' তাহারা বলিয়াছিল, 'যদি যুদ্ধ জানিতাম তবে নিশ্চিতভাবে তোমাদের অনুসরণ করিতাম।' সেদিন তাহারা ঈমান অপেক্ষা কুফরীর নিকটতর ছিল। যাহা তাহাদের অন্তরে নাই তাহারা তাহা মুখে বলে; তাহারা যাহা গোপন রাখে আল্লাহ্ তাহা বিশেষভাবে অবহিত।	
	اَلَّذِيْنَ قَالُوْا لِاِخْوَانِهِمْ وَقَعَدُوْا لَوْ اَطَاعُوْنَا مَا قُتِلُوْا ؕ قُلْ فَادْرَءُوْا عَنْ اَنْفُسِكُمُ الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿۱۶۸﴾	168
প্রতিবর্ণায়ন	আল্লাযী না ক া-লূ লিইখওয়া-নিহিম ওয়াক া'আদূ লাও আত া-'উনা-মা-কু তিলূ (ط) কু ল ফাদরাউ 'আন আংফুছিকুমুল মাওতা ইং কুংতুম সা-দিক ীন।	
তরজমা	যাহারা ঘরে বসিয়া রহিল এবং তাহাদের ভাইদের সম্বন্ধে বলিল, তাহারা আমাদের কথামত চলিলে নিহত হইত না, তাহাদেরকে বল, 'যদি তোমরা সত্যবাদী হও তবে নিজেদেরকে মৃত্যু হইতে রক্ষা কর।'	
	وَلَا تَحْسَبَنَّ الَّذِيْنَ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتًا ؕ بَلْ اَحْيَآءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُوْنَ ﴿۱۶۹﴾	169
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাহ ছাবান্নাল্লাযী না কু তিলূ ফী ছাবীলিল্লা-হি আমওয়া-তাম্ (ط) বাল আহ ইয়া~উন 'ইংদা রাব্বিহিম ইউর্ঝাকু ন।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র পথে নিহত হইয়াছে তাহাদের কখনই মৃত মনে করিও না, বরং তাহারা জীবিত এবং তাহাদের প্রতিপালকের নিকট হইতে তাহারা জীবিকাপ্রাপ্ত।	
	فَرِحِيْنَ بِمَآ اٰتٰهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ۙ وَيَسْتَبْشِرُوْنَ بِالَّذِيْنَ لَمْ يَلْحَقُوْا بِهِمْ مِّنْ خَلْفِهِمْ ۙ اَلَّا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿۱۷۰﴾	170
প্রতিবর্ণায়ন	ফারিহী না বিমা-আ-তা-হুমুল্লা-হু মিং ফাদ লিহী (۷) ওয়াইয়াছতাব্শিরূনা বিল্লাযী না লাম ইয়াল্হ াকূ বিহিম মিন খালফিহিম (۷) আল্লা-খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ ঝানূন।	
তরজমা	আল্লাহ্ নিজ অনুগ্রহে তাহাদেরকে যাহা দিয়াছেন তাহাতে তাহারা আনন্দিত এবং তাহাদের পিছনে যাহারা এখনও তাহাদের সঙ্গে মিলিত হয় নাই তাহাদের জন্য আনন্দ প্রকাশ করে, এইজন্য যে, তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	يَسْتَبْشِرُوْنَ بِنِعْمَةٍ مِّنَ اللّٰهِ وَفَضْلٍ ۙ وَّاَنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُؤْمِنِيْنَ ﴿۱۷۱﴾	171
প্রতিবর্ণায়ন	ইয়াছতাব্শিরূনা বিনি'মাতিম্ মিনাল্লা-হি ওয়াফাদ লিওঁ (۷) ওয়া আন্নাল্লা-হা লা-ইউদ ী'উ আজরাল মু'মিনীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	আল্লাহ্‌র নিয়ামত ও অনুগ্রহের জন্য তাহারা আনন্দ প্রকাশ করে এবং ইহা এই কারণে যে, আল্লাহ্ মু'মিনদের শ্রমফল নষ্ট করেন না।	
	اَلَّذِيْنَ اسْتَجَابُوْا لِلّٰهِ وَالرَّسُوْلِ مِنْۢ بَعْدِ مَآ اَصَابَهُمُ الْقَرْحُ ۛؕ لِلَّذِيْنَ اَحْسَنُوْا مِنْهُمْ وَاتَّقَوْا اَجْرٌ عَظِيْمٌ ﴿۱۷۲﴾	172
প্রতিবর্ণায়ন	আল্লাযীনাছ্তা জা–বূ লিল্লা–হি ওয়ার রাছূলি মিম বা'দি মা–আসা–বাহুমুল কারহু (ط) লিল্লাযীনা আহছানূ মিনহুম ওয়াত্তাকাও আজরুন 'আজীম।	
তরজমা	যখম হওয়ার পর যাহারা আল্লাহ্ ও রাসূলের ডাকে সাড়া দিয়াছে তাহাদের মধ্যে যাহারা সৎকাজ করে এবং তাক্ওয়া অবলম্বন করিয়া চলে তাহাদের জন্য মহাপুরস্কার রহিয়াছে।	
	اَلَّذِيْنَ قَالَ لَهُمُ النَّاسُ اِنَّ النَّاسَ قَدْ جَمَعُوْا لَكُمْ فَاخْشَوْهُمْ فَزَادَهُمْ اِيْمَانًا ۖۗ وَّقَالُوْا حَسْبُنَا اللّٰهُ وَنِعْمَ الْوَكِيْلُ ﴿۱۷۳﴾	173
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা কা–লা লাহুমুন্না–ছু ইন্নান্না–ছা কাদ জামা'উ লাকুম ফাখশাওহুম ফাঝা–দাহুম ঈমা–নাওঁ (ق) ওয়া কা–লূ হাছবুনাল্লা–হু ওয়ানিমা'ল ওয়াকীল।	
তরজমা	ইহাদেরকে লোকে বলিয়াছিল, তোমাদের বিরুদ্ধে লোক জমায়েত হইয়াছে, সুতরাং তোমরা তাহাদেরকে ভয় কর ; কিন্তু ইহা তাহাদের ঈমান দৃঢ়তর করিয়াছিল এবং তাহারা বলিয়াছিল, 'আল্লাহ্ই আমাদের জন্য যথেষ্ট এবং তিনি কত উত্তম কর্মবিধায়ক!'	
	فَانْقَلَبُوْا بِنِعْمَةٍ مِّنَ اللّٰهِ وَفَضْلٍ لَّمْ يَمْسَسْهُمْ سُوْٓءٌ ۙ وَّاتَّبَعُوْا رِضْوَانَ اللّٰهِ ؕ وَاللّٰهُ ذُوْ فَضْلٍ عَظِيْمٍ ﴿۱۷۴﴾	174
প্রতিবর্ণায়ন	ফাংকালাবূ বিনি'মাতিম মিনাল্লা-হি ওয়া ফাদলিল্লাম্ ইয়াম্ছাছ্হুম ছুউওঁ (ۙ) ওয়াত্তাবা'উ রিদওয়া-নাল্লা-হি (ط) ওয়াল্লা-হু যু ফাদলিন 'আজীম।	
তরজমা	তারপর তাহারা আল্লাহ্‌র নিয়ামত ও অনুগ্রহসহ ফিরিয়া আসিয়াছিল, কোন অনিষ্ট তাহাদেরকে স্পর্শ করে নাই এবং আল্লাহ্ যাহাতে রাযী তাহারা তাহারই অনুসরণ করিয়াছিল এবং আল্লাহ্ মহাঅনুগ্রহশীল।	
	اِنَّمَا ذٰلِكُمُ الشَّيْطٰنُ يُخَوِّفُ اَوْلِيَآءَهٗ ۠ فَلَا تَخَافُوْهُمْ وَخَافُوْنِ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿۱۷۵﴾	175
প্রতিবর্ণায়ন	ইন্নামা–যা–লিকুমুশ্শাইতা–নু ইউখাওবিফু আওলিয়া~আহু (ص) ফালা–তাখা–ফূহুম ওয়া খা–ফূনি ইং কুংতুম মু'মিনীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	ইহারাই শয়তান, তোমাদেরকে তাহার বন্ধুদের ভয় দেখায় ; সুতরাং যদি তোমরা মু'মিন হও তবে তোমরা তাহাদেরকে ভয় করিও না, আমাকেই ভয় কর।	
	وَلَا يَحْزُنْكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ ۚ إِنَّهُمْ لَنْ يَضُرُّوا اللَّهَ شَيْئًا ۗ يُرِيدُ اللَّهُ أَلَّا يَجْعَلَ لَهُمْ حَظًّا فِي الْآخِرَةِ ۖ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿١٧٦﴾	176
প্রতিবর্ণায়ন	ওয়ালা– ইয়াহ্ ঝুংকাল্লায ীনা ইউছা–রি'উনা ফিল কু্ফ্রি (ج) ইন্নাহুম লাইঁ ইয়াদু্ররুল্লা–হা শাইআইঁ (ط) ইউরীদুল্লা–হু আল্লা– ইয়াজ'আলা লাহুম হ্াজ্জ্াং ফিল আ–খিরাতি (ج) ওয়া লাহুম 'আয্া–বুন 'আজ ীম।	
তরজমা	যাহারা কুফরীতে ত্বরিতগতি, তাহাদের আচরণ যেন তোমাকে দুঃখ না দেয়। তাহারা কখনও আল্লাহ্‌র কোন ক্ষতি করিতে পারিবে না। আল্লাহ্ আখিরাতে তাহাদেরকে কোন অংশ দিবার ইচ্ছা করেন না, তাহাদের জন্য মহাশাস্তি রহিয়াছে।	
	إِنَّ الَّذِينَ اشْتَرَوُا الْكُفْرَ بِالْإِيمَانِ لَنْ يَضُرُّوا اللَّهَ شَيْئًا ۖ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١٧٧﴾	177
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনাশ্তারাউল্ কুফরা বিলঈমা–নি লাই ইয়াদু্রুল্লা–হা শাইআওঁ (ج) ওয়ালাহুম 'আয্া–বুন আলীম।	
তরজমা	যাহারা ঈমানের বিনিময়ে কুফরী ক্রয় করিয়াছে তাহারা কখনও আল্লাহ্‌র কোন ক্ষতি করিতে পারিবে না। তাহাদের জন্য যন্ত্রণাদায়ক শাস্তি রহিয়াছে।	
	وَلَا يَحْسَبَنَّ الَّذِينَ كَفَرُوا أَنَّمَا نُمْلِي لَهُمْ خَيْرٌ لِأَنْفُسِهِمْ ۚ إِنَّمَا نُمْلِي لَهُمْ لِيَزْدَادُوا إِثْمًا ۚ وَلَهُمْ عَذَابٌ مُهِينٌ ﴿١٧٨﴾	178
প্রতিবর্ণায়ন	ওয়ালা–ইয়াহ্ ছাবান্নাল্লায ীনা কাফারূ্আন্নামা–নুমলী লাহুম খাইরুল্ লিআংফুছিহিম (ط) ইন্নামা–নুমলী লাহুম লিইয়াঝদা–দূ্ইছ্মাওঁ (ج) ওয়ালাহুম 'আয্া–বুম মুহীন।	
তরজমা	কাফিররা যেন কিছুতেই মনে না করে যে, আমি অবকাশ দেই তাহাদের মঙ্গলের জন্য; আমি অবকাশ দিয়া থাকি যাহাতে তাহাদের পাপ বৃদ্ধি পায় এবং তাহাদের জন্য লাঞ্ছনাদায়ক শাস্তি রহিয়াছে।	
	مَا كَانَ اللَّهُ لِيَذَرَ الْمُؤْمِنِينَ عَلَىٰ مَا أَنْتُمْ عَلَيْهِ حَتَّىٰ يَمِيزَ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ ۗ وَمَا كَانَ اللَّهُ لِيُطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ وَلَٰكِنَّ اللَّهَ يَجْتَبِي مِنْ رُسُلِهِ مَنْ يَشَاءُ ۖ فَآمِنُوا بِاللَّهِ وَرُسُلِهِ ۚ وَإِنْ تُؤْمِنُوا وَتَتَّقُوا فَلَكُمْ أَجْرٌ عَظِيمٌ ﴿١٧٩﴾	179

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মা-কা-নাল্লা-হু লিইয়ায ারাল্ মু'মিনীনা 'আলা-মা˜আংতুম 'আলাইহি হ াত্তা-ইয়ামীঝাল্ খাবীছ া মিনাত্ত াইয়িবি (ط) ওয়ামা-কা-নাল্লা-হু লিইউত লি'আকুম 'আলাল্ গাইবি ওয়ালা-কিনাল্লা-হা ইয়াজ্তাবী মির্রুছুলিহী মাইঁ ইয়াশা~উ (ص) ফাআ-মিনূ বিল্লা-হি ওয়ারুছুলিহী (ج) ওয়া ইং তু'মিনূ ওয়া তাত্তাকূ ফালাকুম আজরুন্ 'আজ ীম।	
তরজমা	অসৎকে সৎ হইতে পৃথক না করা পর্যন্ত তোমরা যে অবস্থায় রহিয়াছ আল্লাহ্ মু'মিনগণকে সেই অবস্থায় ছাড়িয়া দিতে পারেন না। অদৃশ্য সম্পর্কে তোমাদেরকে আল্লাহ্ অবহিত করিবার নহেন ; তবে আল্লাহ্ তাঁহার রাসূলগণের মধ্যে যাহাকে ইচ্ছা মনোনীত করেন। সুতরাং তোমরা আল্লাহ্ ও তাঁহার রাসূলগণের উপর ঈমান আন। তোমরা ঈমান আনিলে ও তাক্ওয়া অবলম্বন করিয়া চলিলে তোমাদের জন্য মহাপুরস্কার রহিয়াছে।	
	وَلَا يَحْسَبَنَّ الَّذِيْنَ يَبْخَلُوْنَ بِمَآ اٰتٰهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ هُوَ خَيْرًا لَّهُمْ ؕ بَلْ هُوَ شَرٌّ لَّهُمْ ؕ سَيُطَوَّقُوْنَ مَا بَخِلُوْا بِهٖ يَوْمَ الْقِيٰمَةِ ؕ وَلِلّٰهِ مِيْرَاثُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿١٨٠﴾	180
প্রতিবর্ণায়ন	ওয়ালা-ইয়াহ্ ছাবান্নাল্লায ীনা ইয়াবখালূনা বিমা˜আ-তা-হুমুল্লা-হু মিং ফাদ লিহী হুওয়া খাইরাল্লাহুম (ط) বাল হুওয়া শাররুল্লাহুম (ط) ছাইউত াওওয়াক্ না মা-বাখিলূ বিহী ইয়াওমাল কি য়া-মাতি (ط) ওয়ালিল্লা-হি মীরাছু ছ্ ছামা-ওয়া-তি ওয়াল আরদি (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা খাবীর।	
তরজমা	আর আল্লাহ্ নিজ অনুগ্রহে যাহা তাহাদের দিয়াছেন তাহাতে যাহারা কৃপণতা করে তাহাদের জন্য উহা মঙ্গল, ইহা যেন তাহারা কিছুতেই মনে না করে। না, ইহা তাহাদের জন্য অমঙ্গল। যাহাতে তাহারা কৃপণতা করিবে কিয়ামতের দিন উহাই তাহাদের গলায় বেড়ি হইবে। আস্মান ও যমীনের স্বত্বাধিকার একমাত্র আল্লাহ্রই। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা বিশেষভাবে অবহিত।	
	لَقَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ فَقِيْرٌ وَّنَحْنُ اَغْنِيَآءُ ۘ سَنَكْتُبُ مَا قَالُوْا وَقَتْلَهُمُ الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ۙ وَّنَقُوْلُ ذُوْقُوْا عَذَابَ الْحَرِيْقِ ﴿١٨١﴾	181
প্রতিবর্ণায়ন	লাক াদ ছামি'আল্লা-হু ক াওলাল্লায ীনা ক ালূ˜ইন্নাল্লা-হা ফাক ীরুওঁ ওয়ানাহ নু আগনিয়া~উ (م)। ছানাক্তুবু মা-ক া-লূ ওয়া ক াতলাহুমুল আম্বিয়া~আ বিগাইরি হ াক্কি ওঁ (ঢ়) ওয়া নাকূ লু যূ কূ 'আয া-বাল হ ারীক ।	
তরজমা	যাহারা বলে, 'আল্লাহ্ অবশ্যই অভাবগ্রস্ত আর আমরা অভাবমুক্ত', তাহাদের কথা আল্লাহ্ শুনিয়াছেন। তাহারা যাহা বলিয়াছে তাহা এবং নবীগণকে অন্যায়ভাবে হত্যা করার বিষয় আমি লিখিয়া রাখিব এবং বলিব, 'তোমরা দহন-যন্ত্রণা ভোগ কর।'	

	ذٰلِكَ بِمَا قَدَّمَتْ اَيْدِيْكُمْ وَاَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ۝١٨٢	**182**
প্রতিবর্ণায়ন	যা-লিকা বিমা-কা'দ্দামাত আইদীকুম ওয়া আন্নাল্লা-হা লাইছা বিজাল্লা-মিল্ লিল'আবীদ।	
তরজমা	ইহা তোমাদের কৃতকর্মের ফল এবং উহা এই কারণে যে, আল্লাহ্ বান্দাদের প্রতি জালিম নন।	
	اَلَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ عَهِدَ اِلَيْنَآ اَلَّا نُؤْمِنَ لِرَسُوْلٍ حَتّٰى يَاْتِيَنَا بِقُرْبَانٍ تَاْكُلُهُ النَّارُ ؕ قُلْ قَدْ جَآءَكُمْ رُسُلٌ مِّنْ قَبْلِىْ بِالْبَيِّنٰتِ وَبِالَّذِىْ قُلْتُمْ فَلِمَ قَتَلْتُمُوْهُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝١٨٣	**183**
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা কা-লূ ইন্নাল্লা-হা 'আহিদা ইলাইনা আল্লা-নু'মিনা লিরাছূলিন হাত্তা-ইয়া'তিইয়ানা-বিকুরবা-নিং তা'কুলুহুন্না-রু (ط) কুল কাদ জা~আকুম রুছুলুম মিং কাবলী বিলবাইয়িনা-তি ওয়াবিল্লাযী কুলতুম ফালিমা কাতালতুমূহুম ইং কুংতুম সা-দিকীন।	
তরজমা	যাহারা বলে, 'আল্লাহ্ আমাদেরকে আদেশ দিয়াছেন, আমরা যেন কোন রাসূলের প্রতি বিশ্বাস স্থাপন না করি যতক্ষণ পর্যন্ত সে আমাদের নিকট এমন কুরবানী উপস্থিত না করিবে যাহা অগ্নি গ্রাস করিবে; তাহাদেরকে বল, 'আমার পূর্বে অনেক রাসূল স্পষ্ট নিদর্শনসহ এবং তোমরা যাহা বলিতেছ তাহাসহ তোমাদের নিকট আসিয়াছিল, যদি তোমরা সত্যবাদী হও তবে কেন তাহাদেরকে হত্যা করিয়াছিলে ?'	
	فَاِنْ كَذَّبُوْكَ فَقَدْ كُذِّبَ رُسُلٌ مِّنْ قَبْلِكَ جَآءُوْ بِالْبَيِّنٰتِ وَالزُّبُرِ وَالْكِتٰبِ الْمُنِيْرِ ۝١٨٤	**184**
প্রতিবর্ণায়ন	ফাইং কাযযাবূকা ফাকাদ কুয্যিবা রুছুলুম্ মিং কাবলিকা জা~উ বিলবাইয়িনা-তি ওয়াঝ্ঝুবুরি ওয়াল কিতা-বিল মুনীর।	
তরজমা	তাহারা যদি তোমাকে অস্বীকার করে, তোমার পূর্বে যে সকল রাসূল স্পষ্ট নিদর্শন, আসমানী সহীফা এবং দীপ্তিমান কিতাবসহ আসিয়াছিল তাহাদেরকেও তো অস্বীকার করা হইয়াছিল।	
	كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ ؕ وَاِنَّمَا تُوَفَّوْنَ اُجُوْرَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ ؕ فَمَنْ زُحْزِحَ عَنِ النَّارِ وَاُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ ؕ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا مَتَاعُ الْغُرُوْرِ ۝١٨٥	**185**
প্রতিবর্ণায়ন	কুল্লু নাফছিং যা~ইকাতুল্ মাওতি (ط) ওয়া ইন্নামা-তুওয়াফ্ফাওনা উজূরাকুম ইয়াওমাল কিয়া-মাতি (ط) ফামাং ঝুহ্ঝিহা 'আনিন্না-রি ওয়া উদ্খিলাল জান্নাতা ফাকাদ ফা-ঝা (ط) ওয়ামাল হায়া-তুদ্দুনইয়া-ইল্লা-মাতা-'উল গুরুর।	

তরজমা	জীবমাত্রই মৃত্যুর স্বাদ গ্রহণ করিবে। কিয়ামতের দিন তোমাদেরকে তোমাদের কর্মফল পূর্ণ মাত্রায় দেওয়া হইবে। যাহাকে অগ্নি হইতে দূরে রাখা হইবে এবং জান্নাতে দাখিল করা হইবে সে-ই সফলকাম এবং পার্থিব জীবন ছলনাময় ভোগ ব্যতীত কিছুই নয়।	
	لَتُبْلَوُنَّ فِيٓ أَمْوَٰلِكُمْ وَأَنفُسِكُمْ وَلَتَسْمَعُنَّ مِنَ ٱلَّذِينَ أُوتُوا۟ ٱلْكِتَٰبَ مِن قَبْلِكُمْ وَمِنَ ٱلَّذِينَ أَشْرَكُوٓا۟ أَذًى كَثِيرًا ۚ وَإِن تَصْبِرُوا۟ وَتَتَّقُوا۟ فَإِنَّ ذَٰلِكَ مِنْ عَزْمِ ٱلْأُمُورِ ١٨٦	186
প্রতিবর্ণায়ন	লাতুবলাউন্না ফী˜আমওয়া–লিকুম ওয়া আংফুছিকুম (قف) ওয়ালা তাছমা‘উন্না মিনাল্লায ীনা উতুল কিতা–বা মিং ক াবলিকুম ওয়া মিনাল্লায ীনা আশরাকূ˜আয াং কাছ ীরাওঁ (ط) ওয়া ইং তাসবিরু ওয়া তাত্তাকূ ফাইন্না য া–লিকা মিন ‘আঝ্মিল উমূর।	
তরজমা	তোমাদেরকে নিশ্চয়ই তোমাদের ধনৈশ্বর্য ও জীবন সম্বন্ধে পরীক্ষা করা হইবে। তোমাদের পূর্বে যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল তাহাদের এবং মুশরিকদের নিকট হইতে তোমরা অনেক কষ্টদায়ক কথা শুনিবে। যদি তোমরা ধৈর্য ধারণ কর এবং তাক্ওয়া অবলম্বন কর তবে নিশ্চয়ই উহা হইবে দৃঢ়সংকল্পের কাজ।	
	وَإِذْ أَخَذَ ٱللَّهُ مِيثَٰقَ ٱلَّذِينَ أُوتُوا۟ ٱلْكِتَٰبَ لَتُبَيِّنُنَّهُۥ لِلنَّاسِ وَلَا تَكْتُمُونَهُۥ فَنَبَذُوهُ وَرَآءَ ظُهُورِهِمْ وَٱشْتَرَوْا۟ بِهِۦ ثَمَنًا قَلِيلًا ۖ فَبِئْسَ مَا يَشْتَرُونَ ١٨٧	187
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ আখায াল্লা–হু মীছ াক াল্লায ীনা উতুল কিতা–বা লাতুবাইয়িনুন্নাহূ লিন্না–ছি ওয়ালা–তাক্তুমূনাহূ (ز) ফানাবায়ূ হু ওয়ারা~আ জু হূরিহিম ওয়াশ্তারাও বিহী ছ ামানাং ক ালীলাং (ط) ফাবি’ছা মা-ইয়াশ্তারূন।	
তরজমা	স্মরণ কর, যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল আল্লাহ্ তাহাদের প্রতিশ্রুতি লইয়াছিলেন : ‘তোমরা উহা মানুষের নিকট স্পষ্টভাবে প্রকাশ করিবে এবং উহা গোপন করিবে না।’ ইহার পরও তাহারা উহা অগ্রাহ্য করে ও তুচ্ছ মূল্যে বিক্রয় করে ; সুতরাং তাহারা যাহা ক্রয় করে তাহা কত নিকৃষ্ট !	
	لَا تَحْسَبَنَّ ٱلَّذِينَ يَفْرَحُونَ بِمَآ أَتَوا۟ وَّيُحِبُّونَ أَن يُحْمَدُوا۟ بِمَا لَمْ يَفْعَلُوا۟ فَلَا تَحْسَبَنَّهُم بِمَفَازَةٍ مِّنَ ٱلْعَذَابِ ۖ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ١٨٨	188
প্রতিবর্ণায়ন	লা–তাহ ছাবান্নাল্লায ীনা ইয়াফ্রাহূ না বিমা˜আতাওঁ ওয়া ইউহি ব্বূনা আইঁ ইউহ মাদূ বিমা–লাম ইয়াফ‘আলূ ফালা–তাহ ছাবান্নাহুম বিমাফা–ঝাতিম্ মিনাল ‘আয া–বি (ج) ওয়া লাহুম ‘আয া–বুন আলীম।	

| --- | --- | --- |
তরজমা	যাহারা নিজেরা যাহা করিয়াছে তাহাতে আনন্দ প্রকাশ করে এবং যাহা নিজেরা করে নাই এমন কাজের জন্য প্রশংসিত হইতে ভালবাসে, তাহারা শাস্তি হইতে মুক্তি পাইবে-এইরূপ তুমি কখনও মনে করিও না। তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَیْءٍ قَدِیْرٌ ۝١٨٩	189
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি মুলকুছ ছামা-ওয়া-তি ওয়াল আরদি (ص) ওয়াল্লাহু ‘আলা-কুল্লি শাইইং ক াদীর।	
তরজমা	আস্‌মান ও যমীনের সার্বভৌম ক্ষমতা একমাত্র আল্লাহ্‌রই; আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	اِنَّ فِیْ خَلْقِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافِ الَّیْلِ وَالنَّهَارِ لَاٰیٰتٍ لِّاُولِی الْاَلْبَابِ ۝١٩٠	190
প্রতিবর্ণায়ন	ইন্না ফী খালকি ছ্‌ ছামা-ওয়া-তি ওয়াল আরদি ওয়াখতিলা-ফিল্লাইলি ওয়ান্নাহা-রি লাআ-য়া-তিল্ লিউলিল আলবা-ব।	
তরজমা	নিশ্চয়ই আকাশমণ্ডল ও পৃথিবীর সৃষ্টিতে, দিবস ও রাত্রির পরিবর্তনে নিদর্শনাবলী রহিয়াছে বোধশক্তিসম্পন্ন লোকের জন্য।	
	الَّذِیْنَ یَذْكُرُوْنَ اللّٰهَ قِیٰمًا وَّقُعُوْدًا وَّعَلٰى جُنُوْبِهِمْ وَیَتَفَكَّرُوْنَ فِیْ خَلْقِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ رَبَّنَا مَا خَلَقْتَ هٰذَا بَاطِلًا ۚ سُبْحٰنَكَ فَقِنَا عَذَابَ النَّارِ ۝١٩١	191
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা ইয়ায ক ুরূনাল্লা-হা কি য়া-মাওঁ ওয়াকু ‘উদাওঁ ওয়া‘আলা- জুনূবিহিম ওয়া ইয়াতাফাক্কারূনা ফী খালকি ছ্‌ছামা-ওয়া-তি ওয়াল আরদি (ج) রাব্বানা-মা-খালাক তা হা-য া-বা-তি লাং (ج) ছুব্‌হ া-নাকা ফাকি না-‘আয া-বান্না-র।	
তরজমা	যাহারা দাঁড়াইয়া, বসিয়া ও শুইয়া আল্লাহ্‌কে স্মরণ করে এবং আকাশমণ্ডল ও পৃথিবীর সৃষ্টি সম্বন্ধে চিন্তকরে ও বলে, ‘হে আমাদের প্রতিপালক! তুমি ইহা নিরর্থক সৃষ্টি কর নাই, তুমি পবিত্র, তুমি আমাদেরকে দোজখের শাস্তি হইতে রক্ষা কর।	
	رَبَّنَاۤ اِنَّكَ مَنْ تُدْخِلِ النَّارَ فَقَدْ اَخْزَیْتَهٗ ؕ وَمَا لِلظّٰلِمِیْنَ مِنْ اَنْصَارٍ ۝١٩٢	192
প্রতিবর্ণায়ন	রাব্বানা ইন্নাক া মাং তুদখিলিন্না-রা ফাক াদ আখঝাইতাহূ (ط) ওয়ামা-লিজ্জ া-লিমীনা মিন্ আংসা-র।	
তরজমা	‘হে আমাদের প্রতিপালক! কাহাকেও তুমি দোজখে নিক্ষেপ করিলে তাহাকে তো তুমি নিশ্চয়ই লাঞ্ছিত করিলে এবং জালিমদের কোন সাহায্যকারী নাই;	
	رَبَّنَاۤ اِنَّنَا سَمِعْنَا مُنَادِیًا یُّنَادِیْ لِلْاِیْمَانِ اَنْ اٰمِنُوْا بِرَبِّكُمْ فَاٰمَنَّا ۖ رَبَّنَا فَاغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَكَفِّرْ عَنَّا سَیِّاٰتِنَا وَتَوَفَّنَا مَعَ الْاَبْرَارِ ۝١٩٣	193

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	রাব্বানা–ইন্নানা–ছামি‘না–মুনা–দিআইঁ ইউনা–দী লিল ঈমা–নি আন আ–মিনূ বিরাব্বিকুম ফাআ–মান্না–(ص)রাব্বানা–ফাগফির্লানা–যু ্নূবানা–ওয়াকাফ্ফির‘আন্না–ছাইয়িআ–তিনা–ওয়াতাওয়াফ্ফানা–মা‘আল আব্রা–র।	
তরজমা	‘হে আমাদের প্রতিপালক ! আমরা এক আহ্বায়ককে ঈমানের দিকে আহ্বান করিতে শুনিয়াছি, ‘তোমরা তোমাদের প্রতিপালকের প্রতি ঈমান আন।’ সুতরাং আমরা ঈমান আনিয়াছি। ‘হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের পাপ ক্ষমা কর, আমাদের মন্দ কাজগুলি দূরীভূত কর এবং আমাদেরকে সৎকর্মপরায়ণদের সহগামী করিয়া মৃত্যু দিও।	
	رَبَّنَا وَاٰتِنَا مَا وَعَدْتَّنَا عَلٰى رُسُلِكَ وَلَا تُخْزِنَا يَوْمَ الْقِيٰمَةِ ؕ اِنَّكَ لَا تُخْلِفُ الْمِيْعَادَ ﴿١٩٤﴾	**194**
প্রতিবর্ণায়ন	রাব্বানা–ওয়া আ–তিনা–মা–ওয়া–‘আত্তানা–‘আলা–রুছুলিকা ওয়ালা– তুখঝিনা– ইয়াওমাল কি'য়া–মাতি (ط) ইন্নাকা লা–তুখ্লিফুল মী‘আ–দ।	
তরজমা	‘হে আমাদের প্রতিপালক! তোমার রাসূলগণের মাধ্যমে আমাদেরকে যাহা দিতে প্রতিশ্রুতি দিয়াছ তাহা আমাদেরকে দাও এবং কিয়ামতের দিন আমাদেরকে হেয় করিও না। নিশ্চয়ই তুমি প্রতিশ্রুতির ব্যতিক্রম কর না।’	
	فَاسْتَجَابَ لَهُمْ رَبُّهُمْ اَنِّيْ لَاۤ اُضِيْعُ عَمَلَ عَامِلٍ مِّنْكُمْ مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى ۚ بَعْضُكُمْ مِّنْۢ بَعْضٍ ۚ فَالَّذِيْنَ هَاجَرُوْا وَاُخْرِجُوْا مِنْ دِيَارِهِمْ وَاُوْذُوْا فِيْ سَبِيْلِيْ وَقٰتَلُوْا وَقُتِلُوْا لَاُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَاُدْخِلَنَّهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ ثَوَابًا مِّنْ عِنْدِ اللّٰهِ ؕ وَاللّٰهُ عِنْدَهٗ حُسْنُ الثَّوَابِ ﴿١٩٥﴾	**195**
প্রতিবর্ণায়ন	ফাছতাজাবা–লাহুম রাব্বুহুম আন্নী লা ~উদ ী‘উ ‘আমালা ‘আমিলিম্ মিংকুম মিং য াকারিন আও উংছ া– (ج) বা‘দু্কুম মিম্ বা‘দি্ং (ج) ফাল্লায ীনা হা–জারু ওয়া উখরিজু মিং দিয়া–রিহিম ওয়া উযূ ফী ছাবীলী ওয়া ক া–তালূ ওয়া কু্তিলূ লাউকাফ্ফিরান্না ‘আনহুম ছাইয়িআ–তিহিম ওয়ালা উদ্খিলান্নাহুম জান্না–তিং তাজরী মিং তাহ ্তিহাল আনহা–রু (ج) ছ াওয়া–বাম মিন ‘ইংদিল্লা–হি (ط) ওয়াল্লা–হু ‘ইংদাহু হু ্ছনুছ ্ছ াওয়া–ব।	

তরজমা	অতঃপর তাহাদের প্রতিপালক তাহাদের ডাকে সাড়া দিয়া বলেন, 'আমি তোমাদের মধ্যে কর্মনিষ্ঠ কোন নর অথবা নারীর কর্ম বিফল করি না ; তোমরা একে অপরের অংশ। সুতরাং যাহারা হিজরত করিয়াছে, নিজ গৃহ হইতে উৎখাত হইয়াছে, আমার পথে নির্যাতিত হইয়াছে এবং যুদ্ধ করিয়াছে ও নিহত হইয়াছে আমি তাহাদের পাপ কাজগুলি অবশ্যই দূরীভূত করিব এবং অবশ্যই তাহাদেরকে দাখিল করিব জান্নাতে, যাহার পাদদেশে নদী প্রবাহিত। ইহা আল্লাহ্‌র নিকট হইতে পুরস্কার ; উত্তম পুরস্কার আল্লাহ্‌রই নিকট।	
	لَا يَغُرَّنَّكَ تَقَلُّبُ الَّذِينَ كَفَرُوا فِي الْبِلَادِ ﴿١٩٦﴾	**196**
প্রতিবর্ণায়ন	লা-ইয়াগুর্‌রান্নাকা তাক ালুবুল্লায ীনা ক াফারু ফিল বিলা-দ।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে, দেশে দেশে তাহাদের অবাধ বিচরণ যেন কিছুতেই তোমাকে বিভ্রান্ত না করে।	
	مَتَاعٌ قَلِيلٌ ثُمَّ مَأْوَاهُمْ جَهَنَّمُ ۚ وَبِئْسَ الْمِهَادُ ﴿١٩٧﴾	**197**
প্রতিবর্ণায়ন	মাতা-'উং ক ালীলুং (قف) ছু ম্মা মা'ওয়া-হুম জাহান্নামু (ط) ওয়া বি'ছাল মিহা-দ।	
তরজমা	ইহা স্বল্পকালীন ভোগমাত্র; অতঃপর জাহান্নাম তাহাদের আবাস ; আর উহা কত নিকৃষ্ট ঠিকানা!	
	لَٰكِنِ الَّذِينَ اتَّقَوْا رَبَّهُمْ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا نُزُلًا مِّنْ عِندِ اللَّهِ ۗ وَمَا عِندَ اللَّهِ خَيْرٌ لِّلْأَبْرَارِ ﴿١٩٨﴾	**198**
প্রতিবর্ণায়ন	লা-কিনিল্লায ীনাত্ তাক াও রাব্বাহুম লাহুম জান্না-তুং তাজরী মিং তাহ তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা-নুঝুলাম মিন 'ইংদিল্লা-হি (ط) ওয়ামা-'ইংদাল্লা-হি খাইরুল্ লিল্‌আব্‌রা-র।	
তরজমা	কিন্তু যাহারা তাহাদের প্রতিপালককে ভয় করে তাহাদের জন্য রহিয়াছে জান্নাত, যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা স্থায়ী হইবে। ইহা আল্লাহ্‌র পক্ষ হইতে আতিথ্য ; আল্লাহ্‌র নিকট যাহা আছে তাহা সৎকর্মপরায়ণদের জন্য শ্রেয়।	
	وَإِنَّ مِنْ أَهْلِ الْكِتَابِ لَمَن يُؤْمِنُ بِاللَّهِ وَمَا أُنزِلَ إِلَيْكُمْ وَمَا أُنزِلَ إِلَيْهِمْ خَاشِعِينَ لِلَّهِ لَا يَشْتَرُونَ بِآيَاتِ اللَّهِ ثَمَنًا قَلِيلًا ۗ أُولَٰئِكَ لَهُمْ أَجْرُهُمْ عِندَ رَبِّهِمْ ۗ إِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ ﴿١٩٩﴾	**199**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না মিন আহলিল কিতা-বি লামাইঁ ইউ'মিনু বিল্লা-হি ওয়ামা~উংঝিলা ইলাইকুম ওয়ামা~উংঝিলা ইলাইহিম খা-শি'ঈনা লিল্লা-হি (لا) লা-ইয়াশতারূনা বিআ-য়া-তিল্লা-হি ছ ামানাং ক ালীলান (ط) উলা~ইকা লাহুম আজরুহুম 'ইংদা রাব্বিহিম (ط) ইন্নাল্লা-হা ছারী'উল হি ছা-ব।	

তরজমা	কিতাবীদের মধ্যে এমন লোক আছে যাহারা আল্লাহ্‌র প্রতি বিনয়াবনত হইয়া তাঁহার প্রতি এবং তিনি যাহা তোমাদের ও তাহাদের প্রতি অবতীর্ণ করিয়াছেন তাহাতে অবশ্যই ঈমান আনে এবং আল্লাহ্‌র আয়াত তুচ্ছ মূল্যে বিক্রয় করে না; ইহারাই তাহারা যাহাদের জন্য আল্লাহ্‌র নিকট পুরস্কার রহিয়াছে। নিশ্চয় আল্লাহ্ দ্রুত হিসাব গ্রহণকারী।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ ٱصْبِرُوا۟ وَصَابِرُوا۟ وَرَابِطُوا۟ وَٱتَّقُوا۟ ٱللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿٢٠٠﴾	**200**
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায ীনা আ-মানুস্‌বিরু ওয়া সা-বিরু ওয়া রা-বিতূ (قف) ওয়াত্তাকু ল্লা-হা লা'আল্লাকুম তুফলিহু ন।	
তরজমা	হে ঈমানদারগণ ! তোমরা ধৈর্য ধারণ কর, ধৈর্যে প্রতিযোগিতা কর এবং সর্বদা যুদ্ধের জন্য প্রস্তুত থাক, আল্লাহ্‌কে ভয় কর যাহাতে তোমরা সফলকাম হইতে পার।	

4- An-Nisa'-নিসা -النساء

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

	يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ ٱتَّقُوا۟ رَبَّكُمُ ٱلَّذِى خَلَقَكُم مِّن نَّفْسٍ وَٰحِدَةٍ وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَآءً ۚ وَٱتَّقُوا۟ ٱللَّهَ ٱلَّذِى تَسَآءَلُونَ بِهِۦ وَٱلْأَرْحَامَ ۚ إِنَّ ٱللَّهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا ﴿١﴾	**1**
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহান্না-ছুত্তাকূ রাব্বাকুমুল্লায ী খালাক াকুম মিন্ নাফছিওঁ ওয়া-হি দাতিওঁ ওয়া খালাক া মিনহা- ঝাওজাহা-ওয়াবাছ ছ া মিনহুমা-রিজা-লাং কাছ ীরাওঁ ওয়ানিছা~আওঁ (ج) ওয়াত্তাকু ল্লাহাল্লায ী তাছা~আলূনা বিহী ওয়াল্ আরহ া-মা (ط) ইন্নাল্লা-হা কা-না 'আলাইকুম রাক ীবা।	

তরজমা	হে মানবমণ্ডলী ! তোমরা তোমাদের প্রতিপালককে ভয় কর যিনি তোমাদেরকে এক ব্যক্তি হইতেই সৃষ্টি করিয়াছেন ও যিনি তাহা হইতে তাহার স্ত্রী সৃষ্টি করেন, যিনি তাহাদের দুইজন হইতে বহু নর-নারী ছড়াইয়া দেন ; এবং আল্লাহ্‌কে ভয় কর যাঁহার নামে তোমরা একে অপরের নিকট যাচ্ঞা কর, এবং সতর্ক থাক জ্ঞাতিবন্ধন সম্পর্কে। নিশ্চয়ই আল্লাহ্ তোমাদের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখেন।	
	وَاٰتُوا الۡيَتٰمٰٓى اَمۡوَالَهُمۡ وَلَا تَتَبَدَّلُوا الۡخَبِيۡثَ بِالطَّيِّبِ ۖ وَلَا تَاۡكُلُوۡۤا اَمۡوَالَهُمۡ اِلٰٓى اَمۡوَالِكُمۡ ؕ اِنَّهٗ كَانَ حُوۡبًا كَبِيۡرًا ۝٢	2
প্রতিবর্ণায়ন	ওয়া আ-তুল ইয়াতা-মা˜আমওয়া-লাহুম ওয়ালা-তাতাবাদ্দালুল্ খাবীছা বিত্ত ˙ইয়িবি (ص) ওয়ালা-তা'কুলূ˜আমওয়া-লাহুম ইলা˜আমওয়া-লিকুম (ط) ইন্নাহূ কা-না হু˙বাং কাবীরা-।	
তরজমা	ইয়াতীমদেরকে তাহাদের ধন-সম্পদ সমর্পণ করিবে এবং ভালর সঙ্গে মন্দ বদল করিবে না। তোমাদের সম্পদের সঙ্গে তাহাদের সম্পদ মিশাইয়া গ্রাস করিও না ; নিশ্চয়ই ইহা মহাপাপ।	
	وَاِنۡ خِفۡتُمۡ اَلَّا تُقۡسِطُوۡا فِى الۡيَتٰمٰى فَانۡكِحُوۡا مَا طَابَ لَـكُمۡ مِّنَ النِّسَآءِ مَثۡنٰى وَثُلٰثَ وَرُبٰعَ ۚ فَاِنۡ خِفۡتُمۡ اَلَّا تَعۡدِلُوۡا فَوَاحِدَةً اَوۡ مَا مَلَـكَتۡ اَيۡمَانُكُمۡ ؕ ذٰلِكَ اَدۡنٰٓى اَلَّا تَعُوۡلُوۡا ۝٣	3
প্রতিবর্ণায়ন	ওয়া ইন খিফতুম আল্লা-তুক˙ছিতূ ফিল ইয়াতা-মা-ফাংকিহূ মা-ত˙া-বা লাকুম মিনান্ নিছা~ই মাছ˙না-ওয়া ছু˙লা-ছ˙া ওয়া রুবা-'আ (ج) ফাইন খিফ্‌তুম আল্লা-তা'দিলূ ফাওয়া-হি˙দাতান্ আও মা-মালাকাত আইমা-নুকুম (ط) য˙া-লিকা আদনা˜আল্লা- তা'উলূ।	
তরজমা	তোমরা যদি আশংকা কর, ইয়াতীম মেয়েদের প্রতি সুবিচার করিতে পারিবে না, তবে বিবাহ করিবে নারীদের মধ্যে যাহাকে তোমাদের ভাল লাগে, দুই, তিন অথবা চার; আর যদি আশংকা কর যে, সুবিচার করিতে পারিবে না তবে একজনকে অথবা তোমাদের অধিকারভুক্ত দাসীকে। ইহাতে পক্ষপাতিত্ব না করার সম্ভাবনা অধিকতর।	
	وَاٰتُوا النِّسَآءَ صَدُقٰتِهِنَّ نِحۡلَةً ؕ فَاِنۡ طِبۡنَ لَـكُمۡ عَنۡ شَىۡءٍ مِّنۡهُ نَفۡسًا فَكُلُوۡهُ هَنِيۡٓـــًٔا مَّرِیۡٓـــًٔا ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়া আ-তুন্ নিছা~আ সাদুক˙া-তিহিন্না নিহ˙লাতাং (ط) ফাইং তি˙বনালাকুম 'আং শাইইম মিনহু নাফছাং ফাকুলূহু হানী~আম্ মারীআ~।	
তরজমা	আর তোমরা নারীদেরকে তাহাদের মাহ্‌র স্বতঃপ্রবৃত্ত হইয়া প্রদান করিবে; সন্তুষ্টচিত্তে তাহারা মাহরের কিয়দংশ ছাড়িয়া দিলে তোমরা তাহা স্বচ্ছন্দে ভোগ করিবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَا تُؤْتُوا السُّفَهَآءَ اَمْوَالَكُمُ الَّتِىْ جَعَلَ اللّٰهُ لَكُمْ قِيٰمًا وَّارْزُقُوْهُمْ فِيْهَا وَاكْسُوْهُمْ وَقُوْلُوْا لَهُمْ قَوْلًا مَّعْرُوْفًا ﴿٥﴾	**5**
প্রতিবর্ণায়ন	ওয়ালা তু'তুছ্ছুফাহা~আ আমওয়া–লাকুমুল্লাতী জা'আলা ল্লা–হু লাকুম কি'য়া–মাওঁ ওয়ারঝুকূ'হুম ফীহা–ওয়াকছুহুম ওয়াকূ'লূ লাহুম ক'াওলাম মা'রূফা– ।	
তরজমা	তোমাদের সম্পদ, যাহা আল্লাহ্ তোমাদের জন্য উপজীবিকা করিয়াছেন, তাহা নির্বোধ মালিকগণের হাতে অর্পণ করিও না ; উহা হইতে তাহাদের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করিবে এবং তাহাদের সঙ্গে সদালাপ করিবে।	
	وَابْتَلُوا الْيَتٰمٰى حَتّٰٓى اِذَا بَلَغُوا النِّكَاحَ ۚ فَاِنْ اٰنَسْتُمْ مِّنْهُمْ رُشْدًا فَادْفَعُوْٓا اِلَيْهِمْ اَمْوَالَهُمْ ۚ وَلَا تَاْكُلُوْهَآ اِسْرَافًا وَّبِدَارًا اَنْ يَّكْبَرُوْا ۗ وَمَنْ كَانَ غَنِيًّا فَلْيَسْتَعْفِفْ ۚ وَمَنْ كَانَ فَقِيْرًا فَلْيَاْكُلْ بِالْمَعْرُوْفِ ۗ فَاِذَا دَفَعْتُمْ اِلَيْهِمْ اَمْوَالَهُمْ فَاَشْهِدُوْا عَلَيْهِمْ ۗ وَكَفٰى بِاللّٰهِ حَسِيْبًا ﴿٦﴾	**6**
প্রতিবর্ণায়ন	ওয়াবতালুল্ ইয়াতা–মা– হ'াত্তা~ ইয'া– বালাগুন্ নিক'া–হ'া (ج) ফাইন আ–নাছ্তুম মিনহুম রুশদাং ফাদফা'ঊ~ ইলাইহিম আমওয়া–লাহুম (ج) ওয়ালা– তা'কুলূহা–ইছরা–ফাওঁ ওয়া বিদা–রান আইঁ ইয়াকবারূ (ط) ওয়ামাং কা–না গানিইইয়াং ফালইয়াছতা'ফিফ (ج) ওয়ামাং কা–না ফাক'ীরাং ফালইয়া'কুল বিলমা'রূফি (ط) ফাইয'া–দাফা'তুম ইলাইহিম আমওয়া–লাহুম ফাআশহিদূ 'আলাইহিম (ج) ওয়া কাফা–বিল্লাহি হ'াছীবা– ।	
তরজমা	ইয়াতীমদেরকে যাচাই করিবে যে পর্যন্ত না তাহারা বিবাহযোগ্য হয় ; এবং তাহাদের মধ্যে ভাল-মন্দ বিচারের জ্ঞান দেখিলে তাহাদের সম্পদ তাহাদের ফিরাইয়া দিবে। তাহারা বড় হইয়া যাইবে বলিয়া অপচয় করিয়া তাড়াতাড়ি খাইয়া ফেলিও না। যে অভাবমুক্ত সে যেন নিবৃত্ত থাকে এবং যে বিত্তহীন সে যেন সংগত পরিমাণে ভোগ করে। তোমরা যখন তাহাদেরকে তাহাদের সম্পদ সমর্পণ করিবে তখন সাক্ষী রাখিও। হিসাব গ্রহণে আল্লাহ্ই যথেষ্ট।	
	لِلرِّجَالِ نَصِيْبٌ مِّمَّا تَرَكَ الْوَالِدٰنِ وَالْاَقْرَبُوْنَ ۖ وَلِلنِّسَآءِ نَصِيْبٌ مِّمَّا تَرَكَ الْوَالِدٰنِ وَالْاَقْرَبُوْنَ مِمَّا قَلَّ مِنْهُ اَوْ كَثُرَ ۗ نَصِيْبًا مَّفْرُوْضًا ﴿٧﴾	**7**
প্রতিবর্ণায়ন	লির্‌রিজা–লি নাসীবুম্ মিম্মা–তারাকাল ওয়া–লিদা–নি ওয়াল আক'রাবূনা, ওয়া লিন্‌নিছা~ই নাসীবুম্ মিম্মা–তারাকাল ওয়া–লিদা–নি ওয়াল আক'রাবূনা (ص) মিম্মা–ক'াল্লা মিনহু আও কাছুরা (ط) নাসীবাম্ মাফরুদ'া– ।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	পিতা-মাতা এবং আত্মীয়-স্বজনের পরিত্যক্ত সম্পত্তিতে পুরুষের অংশ আছে এবং পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের পরিত্যক্ত সম্পত্তিতে নারীরও অংশ আছে, উহা অল্পই হউক অথবা বেশিই হউক, এক নির্ধারিত অংশ।	
	وَإِذَا حَضَرَ الْقِسْمَةَ أُولُوا الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينُ فَارْزُقُوهُم مِّنْهُ وَقُولُوا لَهُمْ قَوْلًا مَّعْرُوفًا ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-হাদারাল কিছমাতা উলুল্ কুরবা- ওয়াল ইয়াতা-মা- ওয়াল মাছা-কীনু ফারঝুকূহুম মিনহু ওয়াকূলূহুম কাওলাম মা'রূফা- ।	
তরজমা	সম্পত্তি বণ্টনকালে আত্মীয়, ইয়াতীম এবং অভাবগ্রস্ত লোক উপস্থিত থাকিলে তাহাদেরকে উহা হইতে কিছু দিবে এবং তাহাদের সঙ্গে সদালাপ করিবে।	
	وَلْيَخْشَ الَّذِينَ لَوْ تَرَكُوا مِنْ خَلْفِهِمْ ذُرِّيَّةً ضِعَافًا خَافُوا عَلَيْهِمْ فَلْيَتَّقُوا اللَّهَ وَلْيَقُولُوا قَوْلًا سَدِيدًا ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়াল ইয়াখশাল্লাযীনা লাও তারাকূ মিন খালফিহিম্ যুররিইইয়াতাং দি'আ-ফান খা-ফূ 'আলাইহিম (ص) ফালইয়াত্তাকূল্লা-হা ওয়াল ইয়াকূলূ কাওলাং ছাদীদা- ।	
তরজমা	তাহারা যেন ভয় করে যে, অসহায় সন্তান পিছনে ছাড়িয়া গেলে তাহারাও তাহাদের সম্বন্ধে উদ্বিগ্ন হইত। সুতরাং তাহারা যেন আল্লাহ্কে ভয় করে এবং সংগত কথা বলে।	
	إِنَّ الَّذِينَ يَأْكُلُونَ أَمْوَالَ الْيَتَامَىٰ ظُلْمًا إِنَّمَا يَأْكُلُونَ فِي بُطُونِهِمْ نَارًا ۖ وَسَيَصْلَوْنَ سَعِيرًا ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ইয়া'কুলূনা আমওয়া-লাল ইয়াতা-মা- জুলমান্ ইন্নামা-ইয়া'কুলূনা ফী বুতুনিহিম না-রাওঁ (ط) ওয়া ছাইয়াসলাওনা ছা'ঈরা।	
তরজমা	যাহারা ইয়াতীমদের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করে তাহারা তো তাহাদের উদরে অগ্নি ভক্ষণ করে; তাহারা অচিরেই দোজখের জ্বলন্ত আগুনে প্রবেশ করিবে।	
	يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ ۖ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنثَيَيْنِ ۚ فَإِن كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ ۖ وَإِن كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ ۚ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِّنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِن كَانَ لَهُ وَلَدٌ ۚ فَإِن لَّمْ يَكُن لَّهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ ۚ فَإِن كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ ۚ مِن بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ ۗ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا ۚ فَرِيضَةً مِّنَ اللَّهِ ۗ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ﴿١١﴾	11

প্রতিবর্ণায়ন	ইউসীকুমুল্লা-হু ফী আওলা˜দিকুম (ق) লিয্ যাকারি মিছ্লু হাজ্জিল উংছাইয়াইনি (ج) ফাইং কুন্না নিছা~আং ফাওক্াছ্নাতাইনি ফালাহুন্না ছুলুছা- মা-তারাক্া (ج) ওয়া ইং কা-নাত ওয়া-হিদাতাং ফালাহান্ নিস্ফু (ط) ওয়ালিআবাওয়াইহি লিকুল্লি ওয়া-হিদিম মিনহুমাছ্ ছুদুছু মিম্মা- তারাকা ইং কা-না লাহু ওয়ালাদুং (ج) ফাইল্লাম ইয়াকুল্লাহু ওয়ালাদুওঁ ওয়া ওয়ারিছাহু˜আবাওয়া-হু ফালিউম্মিহিছ্ ছুলুছু (ج) ফাইং কা-না লাহু˜ইখওয়াতুং ফালিউম্মিহিছ্ ছুদুছু মিম বা'দি ওয়াসিইইয়াতিইঁ ইউসী বিহা-আও দাইনিন (ط) আ-বা~উকুম ওয়া আব্না~উকুম লা-তাদরূনা আইয়ুহুম আক্রাবু লাকুম নাফ'আং (ط) ফারীদাতাম্ মিনাল্লা-হি (ط) ইন্নাল্লা-হা কা-না 'আলীমান হাকীমা- ।	
তরজমা	আল্লাহ্ তোমাদের সন্তান সম্বন্ধে নির্দেশ দিতেছেন : এক পুত্রের অংশ দুই কন্যার অংশের সমান, কিন্তু কেবল কন্যা দুই-এর অধিক থাকিলে তাহাদের জন্য পরিত্যক্ত সম্পত্তির দুই-তৃতীয়াংশ, আর মাত্র এক কন্যা থাকিলে তাহার জন্য অর্ধাংশ। তাহার সন্তান থাকিলে তাহার পিতা-মাতা প্রত্যেকের জন্য পরিত্যক্ত সম্পত্তির এক-ষষ্ঠাংশ ; সে নিঃসন্তান হইলে এবং পিতা-মাতাই উত্তরাধিকারী হইলে তাহার মাতার জন্য এক-তৃতীয়াংশ ; তাহার ভাই-বোন থাকিলে মাতার জন্য এক-ষষ্ঠাংশ; এ সবই সে যাহা ওসিয়াত করে তাহা দেওয়ার এবং ঋণ পরিশোধের পর। তোমাদের পিতা ও সন্তানদের মধ্যে উপকারে কে তোমাদের নিকটতর তাহা তোমরা অবগত নও। নিশ্চয়ই ইহা আল্লাহ্র বিধান; আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ اَزْوَاجُكُمْ اِنْ لَّمْ يَكُنْ لَّهُنَّ وَلَدٌ ۚ فَاِنْ كَانَ لَهُنَّ وَلَدٌ فَلَكُمُ الرُّبُعُ مِمَّا تَرَكْنَ مِنْۢ بَعْدِ وَصِيَّةٍ يُّوْصِيْنَ بِهَآ اَوْ دَيْنٍ ؕ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ اِنْ لَّمْ يَكُنْ لَّكُمْ وَلَدٌ ۚ فَاِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ مِّنْۢ بَعْدِ وَصِيَّةٍ تُوْصُوْنَ بِهَآ اَوْ دَيْنٍ ؕ وَاِنْ كَانَ رَجُلٌ يُّوْرَثُ كَلٰلَةً اَوِ امْرَاَةٌ وَّلَهٗۤ اَخٌ اَوْ اُخْتٌ فَلِكُلِّ وَاحِدٍ مِّنْهُمَا السُّدُسُ ۚ فَاِنْ كَانُوْۤا اَكْثَرَ مِنْ ذٰلِكَ فَهُمْ شُرَكَآءُ فِى الثُّلُثِ مِنْۢ بَعْدِ وَصِيَّةٍ يُّوْصٰى بِهَآ اَوْ دَيْنٍ ۙ غَيْرَ مُضَآرٍّ ۚ وَصِيَّةً مِّنَ اللّٰهِ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَلِيْمٌ ﴿١٢﴾	**12**

প্রতিবর্ণায়ন	ওয়ালাকুম নিস্‌ফু মা–তারাকা আঝ্‌ওয়া–জুকুম ইল্লাম ইয়াকুল্‌লাহুন্না ওয়ালাদুং (ج) ফাইং কা–না লাহুন্না ওয়ালাদুং ফালাকুমুর্‌ রুবু‘উ মিম্মা–তারাকনা মিম্‌ বা‘দি ওয়াসিইইয়াতিইঁ ইউসীনা বিহা˜আওদাইনিওঁ (ط) ওয়ালাহুন্নার্‌ রুবু‘উ মিম্মা–তারাকতুম ইল্লাম্‌ ইয়াকুল্লাকুম ওয়ালাদুং (ج) ফাইং কা–না লাকুম ওয়ালাদুং ফালাহুন্নাছ˙ছু˙মুনু মিম্মা–তারাকতুম মিম বা‘দি ওয়াসিয়াতিং তূসূনা বিহা˜আও দাইনিওঁ (ط) ওয়া ইং কা–না রাজুলুইঁ ইউরাছু˙কালা–লাতান আবি˙ম রাআতুওঁ ওয়ালাহু আখুন আও উখতুং ফালিকুল্লি ওয়া–হি˙দিম মিনহুমাছ্‌ ছুদুছু (ج) ফাইং কা–নু–আকছ˙ারা মিং য˙া–লিকা ফাহুম শুরাকা~উ ফিছ্‌˙ছু˙লুছি˙ মিম বা‘দি ওয়াসিইইয়াতিই ইউসা–বিহা˜আওদাইনিন (لا) গাইরা মুদ˙া~ররিওঁ (ج) ওয়াসিইইয়াতাম্‌ মিনাল্লা–হি (ط) ওয়াল্লা–হু ‘আলীমুন হ˙ালীম।	
তরজমা	তোমাদের স্ত্রীদের পরিত্যক্ত সম্পত্তির অর্ধাংশ তোমাদের জন্য, যদি তাহাদের কোন সন্তান না থাকে এবং তাহাদের সন্তান থাকিলে তোমাদের জন্য তাহাদের পরিত্যক্ত সম্পত্তির এক-চতুর্থাংশ; তাহাদের ওসিয়াত পালন এবং ঋণ পরিশোধের পর। তোমাদের সন্তান না থাকিলে তাহাদের জন্য তোমাদের পরিত্যক্ত সম্পত্তির এক-চতুর্থাংশ, আর তোমাদের সন্তান থাকিলে তাহাদের জন্য তোমাদের পরিত্যক্ত সম্পত্তির এক-অষ্টমাংশ; তোমরা যাহা ওসিয়াত করিবে তাহা দেওয়ার পর এবং ঋণ পরিশোধের পর। যদি পিতা-মাতা ও সন্তানহীন কোন পুরুষ অথবা নারীর উত্তরাধিকারী থাকে তাহার এক বৈপিত্রেয় ভাই অথবা ভগ্নী, তবে প্রত্যেকের জন্য এক-ষষ্ঠাংশ। তাহারা ইহার অধিক হইলে সকলে সমঅংশীদার হইবে এক-তৃতীয়াংশে; ইহা যাহা ওসিয়াত করা হয় তাহা দেওয়ার এবং ঋণ পরিশোধের পর, যদি কাহারও জন্য ক্ষতিকর না হয়। ইহা আল্লাহ্‌র নির্দেশ, আল্লাহ্‌ সর্বজ্ঞ, সহনশীল।	
	تِلْكَ حُدُوْدُ اللّٰهِ ۭ وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَرَسُوْلَهٗ يُدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ۭ وَذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ۝	13
প্রতিবর্ণায়ন	তিলকা হু˙দুদুল্লা–হি (ط) ওয়া মাই ইউতি˙‘ইল্লা–হা ওয়ারাছূলাহু ইউদখিলহু জান্না–তিং তাজরী মিং তাহ˙তিহাল আনহা–রু খা–লিদীনা ফীহা– (ط) ওয়া য˙া–লিকাল্‌ ফাওঝুল্‌ ‘আজ˙ীম।	
তরজমা	এইসব আল্লাহ্‌র নির্ধারিত সীমা। কেহ আল্লাহ্‌ ও তাঁহার রাসূলের আনুগত্য করিলে আল্লাহ্‌ তাহাকে দাখিল করিবেন জান্নাতে, যাহার পাদদেশে নদী প্রবাহিত ; সেখানে তাহারা স্থায়ী হইবে এবং ইহা মহাসাফল্য।	
	وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَيَتَعَدَّ حُدُوْدَهٗ يُدْخِلْهُ نَارًا خَالِدًا فِيْهَا ۠ وَلَهٗ عَذَابٌ مُّهِيْنٌ ۝	14
প্রতিবর্ণায়ন	ওয়ামাইঁ ইয়া‘সিল্লা–হা ওয়ারাছূলাহু ওয়াইয়াতা‘আদ্দা হু˙দূদাহু ইউদখিল্‌হু না–রান খা–লিদাং ফীহা– (ص) ওয়ালাহু ‘আয˙া–বুম্‌ মুহীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	আর কেহ আল্লাহ্‌ ও তাহার রাসূলের অবাধ্য হইলে এবং তাঁহার নির্ধারিত সীমালংঘন করিলে তিনি তাহাকে দোজখে নিক্ষেপ করিবেন ; সেখানে সে স্থায়ী হইবে এবং তাহার জন্য লাঞ্ছনাদায়ক শাস্তি রহিয়াছে।	
	وَالّٰتِیۡ یَاۡتِیۡنَ الۡفَاحِشَۃَ مِنۡ نِّسَآئِکُمۡ فَاسۡتَشۡہِدُوۡا عَلَیۡہِنَّ اَرۡبَعَۃً مِّنۡکُمۡ ۚ فَاِنۡ شَہِدُوۡا فَاَمۡسِکُوۡہُنَّ فِی الۡبُیُوۡتِ حَتّٰی یَتَوَفّٰہُنَّ الۡمَوۡتُ اَوۡ یَجۡعَلَ اللّٰہُ لَہُنَّ سَبِیۡلًا ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-তী ইয়া’তীনাল ফা-হি শাতা মিন্ নিছা~ইকুম (ج) ফাছতাশহিদূ ‘আলাইহিন্না আরবা‘আতাম্ মিংকুম; ফাইং শাহিদূ ফাআমছিকূহুন্না ফিল বুয়ূতি হ াত্তা-ইয়াতাওয়াফ্‌ফা-হুন্নাল্ মাওতু আও ইয়া জ‘আলাল্লা-হু লাহুন্না ছাবীলা- ।	
তরজমা	তোমাদের নারীদের মধ্যে যাহারা ব্যভিচার করে তাহাদের বিরুদ্ধে তোমাদের মধ্য হইতে চারজন সাক্ষী তলব করিবে। যদি তাহারা সাক্ষ্য দেয় তবে তাহাদেরকে গৃহে অবরুদ্ধ করিবে, যে পর্যন্ত না তাহাদের মৃত্যু হয় অথবা আল্লাহ্‌ তাহাদের জন্য অন্য কোন ব্যবস্থা করেন।	
	وَالَّذٰنِ یَاۡتِیٰنِہَا مِنۡکُمۡ فَاٰذُوۡہُمَا ۚ فَاِنۡ تَابَا وَاَصۡلَحَا فَاَعۡرِضُوۡا عَنۡہُمَا ؕ اِنَّ اللّٰہَ کَانَ تَوَّابًا رَّحِیۡمًا ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায া-নি ইয়া’তিইয়া-নিহা-মিংকুম ফাআ-যূ হুমা- (ج) ফাইং তা-বা-ওয়াআস্‌লাহ া-ফাআ‘রিদূ ‘আনহুমা- (ط) ইন্নাল্লা-হা কা-না তাওওয়া-বার রাহ ীমা- ।	
তরজমা	তোমাদের মধ্যে যে দুইজন ইহাতে লিপ্ত হইবে তাহাদেরকে শাস্তি দিবে। যদি তাহারা তওবা করে এবং নিজেদেরকে সংশোধন করিয়া নেয় তবে তাহা হইতে নিবৃত্ত থাকিবে। নিশ্চয়ই আল্লাহ্‌ পরম তওবা কবুলকারী ও পরম দয়ালু।	
	اِنَّمَا التَّوۡبَۃُ عَلَی اللّٰہِ لِلَّذِیۡنَ یَعۡمَلُوۡنَ السُّوۡٓءَ بِجَہَالَۃٍ ثُمَّ یَتُوۡبُوۡنَ مِنۡ قَرِیۡبٍ فَاُولٰٓئِکَ یَتُوۡبُ اللّٰہُ عَلَیۡہِمۡ ؕ وَ کَانَ اللّٰہُ عَلِیۡمًا حَکِیۡمًا ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	ইন্নামাত্ তাওবাতু ‘আলাল্লা-হি লিল্লায ীনা ইয়া‘মালূনাছ্ ছূ~আ বিজাহা-লাতিং ছু ম্মা ইয়াতূবূনা মিং ক ারীবিং ফাউলা~ইকা ইয়াতূবুল্লা-হু ‘আলাইহিম (ط) ওয়া কা-নাল্লা-হু ‘আলীমান হ াকীমা।	
তরজমা	আল্লাহ্‌ অবশ্যই সেইসব লোকের তওবা কবুল করিবেন যাহারা ভুলবশত মন্দ কাজ করে এবং সত্বর তওবা করে, ইহারাই তাহারা, যাহাদের তওবা আল্লাহ্‌ কবুল করেন। আল্লাহ্‌ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَيْسَتِ التَّوْبَةُ لِلَّذِيْنَ يَعْمَلُوْنَ السَّيِّاٰتِ ۚ حَتّٰٓى اِذَا حَضَرَ اَحَدَهُمُ الْمَوْتُ قَالَ اِنِّىْ تُبْتُ الْـٰٔنَ وَلَا الَّذِيْنَ يَمُوْتُوْنَ وَهُمْ كُفَّارٌ ؕ اُولٰٓـئِكَ اَعْتَدْنَا لَهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿۱۸﴾	**18**
প্রতিবর্ণায়ন	ওয়া লাইছাতিত্তাওবাতু লিল্লায ীনা ইয়া‘মালূনাছ্ ছাইয়িআ-তি (ج) হ াত্তা~ইয া- হ াদ ারা আহ াদাহুমুল্ মাওতু ক া-লা ইন্নী তুব্তুল্ আ-না ওয়ালা ল্লায ীনা ইয়ামূতূনা ওয়াহুম্ কুফ্ফা-রুন (ط) উলা~ইকা আ‘তাদনা-লাহুম ‘আয া-বান্ আলীমা।	
তরজমা	তওবা তাহাদের জন্য নহে যাহারা আজীবন মন্দ কাজ করে, অবশেষে তাহাদের কাহারও মৃত্যু উপস্থিত হইলে সে বলে, ‘আমি এখন তওবা করিতেছি’ এবং তাহাদের জন্যও নহে, যাহাদের মৃত্যু হয় কাফির অবস্থায়। ইহারাই তাহারা যাহাদের জন্য মর্মন্তুদ শাস্তির ব্যবস্থা করিয়াছি।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا يَحِلُّ لَـكُمْ اَنْ تَرِثُوا النِّسَآءَ كَرْهًا ؕ وَلَا تَعْضُلُوْهُنَّ لِتَذْهَبُوْا بِبَعْضِ مَاۤ اٰتَيْتُمُوْهُنَّ اِلَّاۤ اَنْ يَّاْتِيْنَ بِفَاحِشَةٍ مُّبَيِّنَةٍ ۚ وَعَاشِرُوْهُنَّ بِالْمَعْرُوْفِ ۚ فَاِنْ كَرِهْتُمُوْهُنَّ فَعَسٰۤى اَنْ تَكْرَهُوْا شَيْـٴًـا وَّيَجْعَلَ اللّٰهُ فِيْهِ خَيْرًا كَثِيْرًا ﴿۱۹﴾	**19**
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-ইয়াহি ল্লু লাকুম আং তারিছু ন্ নিছা~আ কার্হাওঁ (ط) ওয়ালা-তা‘দু লূহুন্না লিতায্ হাবূ বিবা‘দি মা~আ-তাইতুমূহুন্না ইল্লা~আইঁ ইয়া’তীনা বিফা-হি শাতিম্ মুবাইয়িনাতিওঁ (ج) ওয়া‘আ-শিরূহুন্না বিলমা‘রূফি (ج) ফাইং কারিহ্তুমূহুন্না ফা‘আছা~আং তাকরাহূ শাইআওঁ ওয়াইয়াজ‘আলাল্লা-হু ফীহি খাইরাং কাছ ীরা-।	
তরজমা	হে ঈমানদারগণ! নারীদেরকে জবরদস্তি উত্তরাধিকার গণ্য করা তোমাদের জন্য বৈধ নহে। তোমরা তাহাদেরকে যাহা দিয়াছ তাহা হইতে কিছু আত্মসাৎ করার উদ্দেশ্যে তাহাদেরকে অবরুদ্ধ করিয়া রাখিও না, যদি না তাহারা স্পষ্ট ব্যভিচার করে। তাহাদের সঙ্গে সৎভাবে জীবন যাপন করিবে ; তোমরা যদি তাহাদেরকে অপসন্দ কর তবে এমন হইতে পারে যে, আল্লাহ্ যাহাতে প্রভূত কল্যাণ রাখিয়াছেন তোমরা তাহাকেই অপসন্দ করিতেছ।	
	وَاِنْ اَرَدْتُّمُ اسْتِبْدَالَ زَوْجٍ مَّكَانَ زَوْجٍ ۙ وَّاٰتَيْتُمْ اِحْدٰٮهُنَّ قِنْطَارًا فَلَا تَاْخُذُوْا مِنْهُ شَيْـٴًـا ؕ اَتَاْخُذُوْنَهٗ بُهْتَانًا وَّاِثْمًا مُّبِيْنًا ﴿۲۰﴾	**20**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্ আরাত্তুমুছ্ তিব্দা-লা ঝাওজিম মাকা-না ঝাওজিওঁ (৲) ওয়া আ-তাইতুম ইহ্ দা-হুন্না কিংত া-রাং ফালা-তা'খুযূ মিনহু শাইআন (ط) আতা'খুযূ নাহু বুহতা-নাওঁ ওয়া ইছ্ মাম্ মুবীনা।	
তরজমা	তোমরা যদি এক স্ত্রীর স্থলে অন্য স্ত্রী গ্রহণ করা স্থির কর এবং তাহাদের একজনকে অগাধ অর্থও দিয়া থাক, তবুও উহা হইতে কিছুই প্রতিগ্রহণ করিও না। তোমরা কি মিথ্যা অপবাদ এবং প্রকাশ্য পাপাচরণ দ্বারা উহা গ্রহণ করিবে ?	
	وَكَيْفَ تَأْخُذُوْنَهٗ وَقَدْ اَفْضٰى بَعْضُكُمْ اِلٰى بَعْضٍ وَّاَخَذْنَ مِنْكُمْ مِّيْثَاقًا غَلِيْظًا ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া কাইফা তা'খুযূ নাহূ ওয়া ক াদ আফদ া- বা'দু কুম ইলা- বা'দি ওঁ ওয়া আখায না মিংকুম মীছ াক ান গালীজ া।	
তরজমা	আর কিরূপে তোমরা উহা গ্রহণ করিবে, যখন তোমরা একে অপরের সঙ্গে সংগত হইয়াছ এবং তাহারা তোমাদের নিকট হইতে দৃঢ় প্রতিশ্রুতি লইয়াছে ?	
	وَلَا تَنْكِحُوْا مَا نَكَحَ اٰبَآؤُكُمْ مِّنَ النِّسَآءِ اِلَّا مَا قَدْ سَلَفَ ؕ اِنَّهٗ كَانَ فَاحِشَةً وَّمَقْتًا ؕ وَسَآءَ سَبِيْلًا ﴿٢٢﴾ ع	22
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাংকিহু মা-নাকাহ া আ-বা~উকুম মিনান্ নিছা~ই ইল্লা-মা-ক াদ্ সালাফা (ط) ইন্নাহু কা-না ফা-হি শাতাওঁ ওয়া মাক তাওঁ (ط) ওয়া ছা~আ ছাবীলা-।	
তরজমা	নারীদের মধ্যে তোমাদের পিতৃপুরুষ যাহাদের বিবাহ করিয়াছে, তোমরা তাহাদের বিবাহ করিও না; পূর্বে যাহা হইয়াছে নিশ্চয়ই ইহা অশ্লীল, অতিশয় ঘৃণ্য ও নিকৃষ্ট আচরণ।	
	حُرِّمَتْ عَلَيْكُمْ اُمَّهٰتُكُمْ وَبَنٰتُكُمْ وَاَخَوٰتُكُمْ وَعَمّٰتُكُمْ وَخٰلٰتُكُمْ وَبَنٰتُ الْاَخِ وَبَنٰتُ الْاُخْتِ وَ اُمَّهٰتُكُمُ الّٰتِىْٓ اَرْضَعْنَكُمْ وَاَخَوٰتُكُمْ مِّنَ الرَّضَاعَةِ وَاُمَّهٰتُ نِسَآئِكُمْ وَرَبَآئِبُكُمُ الّٰتِىْ فِىْ حُجُوْرِكُمْ مِّنْ نِّسَآئِكُمُ الّٰتِىْ دَخَلْتُمْ بِهِنَّ ۫ فَاِنْ لَّمْ تَكُوْنُوْا دَخَلْتُمْ بِهِنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ ۫ وَحَلَآئِلُ اَبْنَآئِكُمُ الَّذِيْنَ مِنْ اَصْلَابِكُمْ ۙ وَاَنْ تَجْمَعُوْا بَيْنَ الْاُخْتَيْنِ اِلَّا مَا قَدْ سَلَفَ ؕ اِنَّ اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٢٣﴾	23

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	হু ়র্‌রিমাত্‌ ‘আলাইকুম উম্মাহা–তুকুম ওয়া বানা–তুকুম ওয়া আখাওয়া–তুকুম ওয়া ‘আম্মা–তুকুম ওয়া খা–লা–তুকুম ওয়া বানা–তুল্‌ আখি ওয়া বানা–তুল্‌ উখতি ওয়া উম্মাহা–তুকুমুল্লা–তী ˜আরদ ়া‘নাকুম ওয়া আখাওয়া–তুকুম মিনার্‌রাদ ়া–‘আতি ওয়াউম্মাহা–তু নিছা~ইকুম ওয়া রাবা~ইবুকুমুল্লা–তী ফী হু ়জূরিকুম মিন্‌ নিছা~ইকুমুল্লা–তী দাখালতুম বিহিন্না (ز) ফাইল্লাম তাকূনূ দাখালতুম বিহিন্না ফালা– জুনা–হ ়া ‘আলাইকুম (ز) ওয়া হ ়ালা~ইলু আবনা~ইকুমুল্লায ীনা মিন্‌ আসলা–বিকুম (لا) ওয়া আং তাজমা‘উ বাইনাল উখ্‌তাইনি ইল্লা–মা– ক ়াদ ছালাফা (ط) ইন্নাল্লা–হা কা–না গাফূরার্‌ রাহ ীমা– ।	
তরজমা	তোমাদের জন্য হারাম করা হইয়াছে তোমাদের মাতা, কন্যা, ভগ্নী, ফুফু, খালা, ভ্রাতুষ্পুত্রী, ভাগিনেয়ী, দুগ্ধ-মাতা, দুগ্ধ-ভগিনী, শাশুড়ি ও তোমাদের স্ত্রীদের মধ্যে যাহার সঙ্গে সংগত হইয়াছ তাহার পূর্ব স্বামীর ঔরসে তাহার গর্ভজাত কন্যা, যাহারা তোমাদের অভিভাবকত্বে আছে, তবে যদি তাহাদের সঙ্গে সংগত না হইয়া থাক, তাহাতে তোমাদের কোন অপরাধ নাই। এবং তোমাদের জন্য নিষিদ্ধ তোমাদের ঔরসজাত পুত্রের স্ত্রী ও দুই ভগ্নীকে একত্র করা, পূর্বে যাহা হইয়াছে। নিশ্চয়ই আল্লাহ্‌ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَّالْمُحْصَنٰتُ مِنَ النِّسَآءِ اِلَّا مَا مَلَكَتْ اَيْمَانُكُمْ ۚ كِتٰبَ اللّٰهِ عَلَيْكُمْ ۚ وَاُحِلَّ لَكُمْ مَّا وَرَآءَ ذٰلِكُمْ اَنْ تَبْتَغُوْا بِاَمْوَالِكُمْ مُّحْصِنِيْنَ غَيْرَ مُسٰفِحِيْنَ ؕ فَمَا اسْتَمْتَعْتُمْ بِهٖ مِنْهُنَّ فَاٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ فَرِيْضَةً ؕ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا تَرٰضَيْتُمْ بِهٖ مِنْۢ بَعْدِ الْفَرِيْضَةِ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ﴿۲۴﴾	**24**
প্রতিবর্ণায়ন	ওয়াল মুহ ়সানা–তু মিনান্‌ নিছা~ই ইল্লা– মা– মালাকাত আইমা–নুকুম (ج) কিতা–বাল্লা–হি ‘আলাইকুম (ج) ওয়া উহি ়ল্লা লাকুম মা–ওয়ারা~আ য ়া–লিকুম আং তাবতাগূ বিআমওয়া–লিকুম মুহ ়সিনীনা গাইরা মুছা–ফিহ ীনা (ط) ফামাছ্‌ তামতা‘তুম বিহী মিনহুন্না ফাআ–তূহুন্না উজূরাহুন্না ফারীদ ়াতাওঁ (ط) ওয়ালা–জুনা–হ ়া ‘আলাইকুম ফীমা–তারাদ ়াইতুম বিহী মিম বা‘দিল ফারীদ ়াতি (ط) ইন্নাল্লা–হা কা–না ‘আলীমান হ ়াকীমা– ।	

তরজমা	এবং নারীর মধ্যে তোমাদের অধিকারভুক্ত দাসী ব্যতীত সকল সধবা তোমাদের জন্য নিষিদ্ধ, তোমাদের জন্য ইহা আল্লাহ্‌র বিধান। উল্লিখিত নারীগণ ব্যতীত অন্য নারীকে অর্থব্যয়ে বিবাহ বন্ধনে আবদ্ধ করিতে চাওয়া তোমাদের জন্য বৈধ করা হইল, অবৈধ যৌন সম্পর্কের জন্য নয়। তাহাদের মধ্যে যাহাদেরকে তোমরা সম্ভোগ করিয়াছ তাহাদের নির্ধারিত মাহ্‌র অর্পণ করিবে। মাহ্‌র নির্ধারণের পর কোন বিষয়ে পরস্পর রাজী হইলে তাহাতে তোমাদের কোন দোষ নাই। নিশ্চয়ই আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَمَنْ لَّمْ يَسْتَطِعْ مِنْكُمْ طَوْلًا اَنْ يَّنْكِحَ الْمُحْصَنٰتِ الْمُؤْمِنٰتِ فَمِنْ مَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ مِّنْ فَتَيٰتِكُمُ الْمُؤْمِنٰتِ ؕ وَاللّٰهُ اَعْلَمُ بِاِيْمَانِكُمْ ؕ بَعْضُكُمْ مِّنْۢ بَعْضٍ ۚ فَانْكِحُوْهُنَّ بِاِذْنِ اَهْلِهِنَّ وَاٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ بِالْمَعْرُوْفِ مُحْصَنٰتٍ غَيْرَ مُسٰفِحٰتٍ وَّلَا مُتَّخِذٰتِ اَخْدَانٍ ۚ فَاِذَاۤ اُحْصِنَّ فَاِنْ اَتَيْنَ بِفَاحِشَةٍ فَعَلَيْهِنَّ نِصْفُ مَا عَلَى الْمُحْصَنٰتِ مِنَ الْعَذَابِ ؕ ذٰلِكَ لِمَنْ خَشِيَ الْعَنَتَ مِنْكُمْ ؕ وَاَنْ تَصْبِرُوْا خَيْرٌ لَّكُمْ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়ামাল্লাম্ ইয়াছতাতি ‘ই্ মিংকুম ত ়াওলান আই ইয়াংকিহ ়াল মুহ ়সানা–তিল মু’মিনা–তি ফামিম্মা–মালকাত আইমা–নুকুম মিং ফাতাইয়া–তিকুমুল মু’মিনা–তি (ط) ওয়াল্লা–হু আ‘লামু বিঈমা–নিকুম (ط) বা‘দ‌ুকুম মিম্ বা‘দি‌ং (ج) ফাংকিহূ ়হুন্না বিইয ়নি আহলিহিন্না ওয়া আ–তূ–হুন্না উজুরাহুন্না বিলমা‘রূফি মুহ ়সানা–তিন গাইরা মুছা–ফিহ ়া–তিওঁ ওয়ালা–মুত্তাখিয ়া–তি আখদা–নিং (ج) ফাইয ়া–উহ ়সিন্না ফাইন আতাইনা বিফা–হি ়শাতিং ফা‘আলইহিন্না নিসফু মা–‘আলাল মুহ ়সানা–তি মিনাল ‘আয ়া–বি (ط) য ়া–লিকা লিমান খাশিইয়াল্ ‘আনাতা মিংকুম (ط) ওয়া আং তাসবিরূ খাইরুল্লাকুম (ط) ওয়াল্লা–হু গাফুরু রাহ ়ীম।	
তরজমা	তোমাদের মধ্যে কাহারও স্বাধীনা ঈমানদার নারী বিবাহের সামর্থ্য না থাকিলে তোমরা তোমাদের অধিকারভুক্ত ঈমানদার দাসী বিবাহ করিবে; আল্লাহ্ তোমাদের ঈমান সম্বন্ধে পরিজ্ঞাত। তোমরা একে অপরের সমান; সুতরাং তাহাদেরকে বিবাহ করিবে তাহাদের মালিকের অনুমতিক্রমে এবং তাহাদেরকে তাহাদের মাহ্‌র ন্যায়সংগতভাবে দিবে। তাহারা হইবে সচ্চরিত্রা, ব্যভিচারিণী নয় ও উপপতি গ্রহণকারিণীও নয়। বিবাহিতা হইবার পর যদি তাহারা ব্যভিচার করে তবে তাহাদের শাস্তি স্বাধীনা নারীর অর্ধেক; তোমাদের মধ্যে যাহারা ব্যভিচারকে ভয় করে ইহা তাহাদের জন্য; ধৈর্য ধারণ করা তোমাদের জন্য কল্যাণকর। আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম দয়ালু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يُرِيدُ اللَّهُ لِيُبَيِّنَ لَكُمْ وَيَهْدِيَكُمْ سُنَنَ الَّذِينَ مِنْ قَبْلِكُمْ وَيَتُوبَ عَلَيْكُمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿٢٦﴾	**26**
প্রতিবর্ণায়ন	ইউরীদুল্লাহু লিইউবাইয়িনালাকুম ওয়া ইয়াহদিয়াকুম ছুনানাল্লায ীনা মিং ক াবলিকুম ওয়া ইয়াতূবা 'আলাইকুম (ط) ওয়াল্লা-হু 'আলীমুন হ াকীম।	
তরজমা	আল্লাহ্ ইচ্ছা করেন তোমাদের নিকট বিশদভাবে বিবৃত করিতে, তোমাদের পূর্ববর্তীদের রীতিনীতি তোমাদেরকে অবহিত করিতে এবং তোমাদের ক্ষমা করিতে। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَاللَّهُ يُرِيدُ أَنْ يَتُوبَ عَلَيْكُمْ وَيُرِيدُ الَّذِينَ يَتَّبِعُونَ الشَّهَوَاتِ أَنْ تَمِيلُوا مَيْلًا عَظِيمًا ﴿٢٧﴾	**27**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু ইউরীদু আইঁ ইয়াতূবা 'আলাইকুম (قف) ওয়া ইউরীদুল্লায ীনা ইয়াত্তাবি'উনাশ শাহাওয়া-তি আং তামীলূ মাইলান 'আজ ীমা।	
তরজমা	আল্লাহ্ তোমাদের ক্ষমা করিতে চাহেন, আর যাহারা কুপ্রবৃত্তির অনুসরণ করে তাহারা চাহে যে, তোমরা ভীষণভাবে পথচ্যুত হও।	
	يُرِيدُ اللَّهُ أَنْ يُخَفِّفَ عَنْكُمْ ۚ وَخُلِقَ الْإِنْسَانُ ضَعِيفًا ﴿٢٨﴾	**28**
প্রতিবর্ণায়ন	ইউরীদুল্লা-হু আইঁ ইউখাফ্‌ফিফা 'আংকুম (قف) ওয়া খুলিক াল ইংছা-নু দ া'ঈফা-।	
তরজমা	আল্লাহ্ তোমাদের ভার লঘু করিতে চাহেন; মানুষ সৃষ্টি করা হইয়াছে দুর্বলরূপে।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَأْكُلُوا أَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ إِلَّا أَنْ تَكُونَ تِجَارَةً عَنْ تَرَاضٍ مِنْكُمْ ۚ وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ ۚ إِنَّ اللَّهَ كَانَ بِكُمْ رَحِيمًا ﴿٢٩﴾	**29**
প্রতিবর্ণায়ন	ইয়া ˜আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তা'কুলূ˜ আমওয়া-লুকুম বাইনাকুম বিলবা-তি িলি ইল্লা˜আং তাকূনা তিজা-রাতান 'আং তারা-দি ম মিংকুম (قف) ওয়ালা-তাক তুলূ˜আংফুছাকুম (ط) ইন্নাল্লা-হা কা-না বিকুম রাহ ীমা।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা একে অপরের সম্পত্তি অন্যায়ভাবে গ্রাস করিও না; কিন্তু তোমাদের পরস্পরে রাজী হইয়া ব্যবসায় করা বৈধ; এবং একে অপরকে হত্যা করিও না; নিশ্চয়ই আল্লাহ্ তোমাদের প্রতি পরম দয়ালু।	
	وَمَنْ يَفْعَلْ ذَٰلِكَ عُدْوَانًا وَظُلْمًا فَسَوْفَ نُصْلِيهِ نَارًا ۚ وَكَانَ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرًا ﴿٣٠﴾	**30**
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইয়াফ'আল য া-লিকা 'উদওয়া-নাওঁ ওয়া জু লমাং ফাছাওফা নুসলীহি না-রাওঁ (ط) ওয়া কা-না য া-লিকা 'আলাল্লা-হি ইয়াছীরা-।	
তরজমা	আর যে কেহ সীমালংঘন করিয়া অন্যায়ভাবে উহা করিবে তাহাকে অগ্নিতে দগ্ধ করিব ; ইহা আল্লাহ্‌র পক্ষে সহজ।	

	إِنْ تَجْتَنِبُوا كَبَآئِرَ مَا تُنْهَوْنَ عَنْهُ نُكَفِّرْ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَنُدْخِلْكُمْ مُّدْخَلًا كَرِيْمًا ﴿٣١﴾	**31**
প্রতিবর্ণায়ন	ইং তাজতানিবূ কাবা~ইরা মা-তুনহাওনা ‘আনহু নুকাফফির ‘আংকুম ছাইয়িআ-তিকুম ওয়ানুদখিলকুম মুদখালাং কারীমা- ।	
তরজমা	তোমাদেরকে যাহা নিষেধ করা হইয়াছে তাহার মধ্যে যাহা গুরুতর তাহা হইতে বিরত থাকিলে তোমাদের লঘুতর পাপগুলি মোচন করিব এবং তোমাদেরকে সম্মানজনক স্থানে দাখিল করিব।	
	وَلَا تَتَمَنَّوْا مَا فَضَّلَ اللّٰهُ بِهٖ بَعْضَكُمْ عَلٰى بَعْضٍ ؕ لِلرِّجَالِ نَصِيْبٌ مِّمَّا اكْتَسَبُوْا ؕ وَلِلنِّسَآءِ نَصِيْبٌ مِّمَّا اكْتَسَبْنَ ؕ وَسْـَٔلُوا اللّٰهَ مِنْ فَضْلِهٖ ؕ اِنَّ اللّٰهَ كَانَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمًا ﴿٣٢﴾	**32**
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাতামান্নাওঁ মা-ফাদ্দ্বালাল্লা-হু বিহী বা‘দ্বাকুম ‘আলা বা‘দ্বি’ন (ط) লিররিজা-লি নাসীবুম মিম্মাকতাছাবূ (ط) ওয়ালিন নিছা~ই নাসীবুম মিম্মাক তাছাবনা (ط) ওয়াছ আলুল্লা-হা মিং ফাদ্বলিহী (ط) ইন্নাল্লাহা কা-না বিকুল্লি শাইইন ‘আলীমা- ।	
তরজমা	যদ্দ্বারা আল্লাহ্ তোমাদের কাহাকেও কাহারও উপর শ্রেষ্ঠত্ব দান করিয়াছেন তোমরা তাহার লালসা করিও না। পুরুষ যাহা অর্জন করে তাহা তাহার প্রাপ্য অংশ এবং নারী যাহা অর্জন করে তাহা তাহার প্রাপ্য অংশ। আল্লাহ্‌র নিকট তাঁহার অনুগ্রহ প্রার্থনা কর, নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সর্বজ্ঞ।	
	وَلِكُلٍّ جَعَلْنَا مَوَالِىَ مِمَّا تَرَكَ الْوَالِدٰنِ وَالْاَقْرَبُوْنَ ؕ وَالَّذِيْنَ عَقَدَتْ اَيْمَانُكُمْ فَاٰتُوْهُمْ نَصِيْبَهُمْ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلٰى كُلِّ شَىْءٍ شَهِيْدًا ﴿٣٣﴾	**33**
প্রতিবর্ণায়ন	ওয়ালিকুল্লিন জা‘আলনা- মাওয়া-লিয়া মিম্মা-তারাকাল ওয়া-লিদা-নি ওয়াল আক্বরাবূনা (ط) ওয়াল্লাযীনা ‘আক্বাদাত আইমা-নুকুম ফাআ-তুহুম নাসীবাহুম (ط) ইন্নাল্লা-হা কা-না ‘আলা-কুল্লি শাইইং শাহীদা- ।	
তরজমা	পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের পরিত্যক্ত সম্পত্তির প্রত্যেকটির জন্য আমি উত্তরাধিকারী স্থির করিয়াছি এবং যাহাদের সঙ্গে তোমরা অঙ্গীকারাবদ্ধ তাহাদেরকে তাহাদের অংশ দিবে। নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ের দ্রষ্টা।	

	اَلرِّجَالُ قَوّٰمُوْنَ عَلَى النِّسَآءِ بِمَا فَضَّلَ اللّٰهُ بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ وَّبِمَآ اَنْفَقُوْا مِنْ اَمْوَالِهِمْ ؕ فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ حٰفِظٰتٌ لِّلْغَيْبِ بِمَا حَفِظَ اللّٰهُ ؕ وَالّٰتِىْ تَخَافُوْنَ نُشُوْزَهُنَّ فَعِظُوْهُنَّ وَاهْجُرُوْهُنَّ فِى الْمَضَاجِعِ وَاضْرِبُوْهُنَّ ۚ فَاِنْ اَطَعْنَكُمْ فَلَا تَبْغُوْا عَلَيْهِنَّ سَبِيْلًا ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيًّا كَبِيْرًا ﴿۳۴﴾	**34**
প্রতিবর্ণায়ন	আররিজা-লু ক'াওওয়া-মূনা 'আলান্নিছা~ই, বিমা-ফাদ্দ'ালাল্লা-হু বা'দ'াহুম 'আলা-বা'দি'ওঁ ওয়াবিমা-আংফাকূ' মিন আমওয়া-লিহিম্ (ط) ফাস্‌সা-লিহ'া-তু ক'া-নিতা-তুন হ'া-ফিজ'া তুল্ লিল গাইবি বিমা-হ'াফিজ'াল্লা-হু (ط) ওয়াল্লা-তী তাখা-ফূনা নুশূঝাহুন্না ফা'ইজূ'হুন্না ওয়াহজুরূহুন্না ফিল মাদ'া-জি'ই ওয়াদ'রিবূহুন্না (ج) ফাইন আতা'নাকুম ফালা-তাবগূ 'আলাইহিন্না ছাবীলা- (ط) ইন্নাল্লা-হা কা-না 'আলিইইয়াং কাবীরা।	
তরজমা	পুরুষ নারীর কর্তা, কারণ আল্লাহ্ তাহাদের এক-কে অপরের উপর শ্রেষ্ঠত্ব দান করিয়াছেন এবং এইজন্য যে, পুরুষ তাহাদের ধন-সম্পদ ব্যয় করে। সুতরাং সাধ্বী স্ত্রীরা অনুগতা এবং লোকচক্ষুর অন্তরালে আল্লাহ্ যাহা সংরক্ষিত করিয়াছেন, তাহা হিফাযত করে। স্ত্রীদের মধ্যে যাহাদের অবাধ্যতার আশংকা কর তাহাদের সদুপদেশ দাও, তারপর তাহাদের শয্যা বর্জন কর এবং তাহাদেরকে প্রহার কর। যদি তাহারা তোমাদের অনুগত হয় তবে তাহাদের বিরুদ্ধে কোন পথ অন্বেষণ করিও না। নিশ্চয়ই আল্লাহ্ মহান, শ্রেষ্ঠ।	
	وَاِنْ خِفْتُمْ شِقَاقَ بَيْنِهِمَا فَابْعَثُوْا حَكَمًا مِّنْ اَهْلِهٖ وَحَكَمًا مِّنْ اَهْلِهَا ۚ اِنْ يُّرِيْدَآ اِصْلَاحًا يُّوَفِّقِ اللّٰهُ بَيْنَهُمَا ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا خَبِيْرًا ﴿۳۵﴾	**35**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন খিফতুম শিক'া-ক'া বাইনাহুমা-ফাব'আছূ'হ'াকামাম মিন আহলিহী ওয়া হ'াক'ামাম্ মিন আহলিহা- (ج) ইয়ঁ ইউরীদা-ইসলা-হ'াইঁ ইউওয়াফফিকি'ল্লা-হু বাইনাহুম (ط) ইন্নাল্লা-হা কা-না 'আলীমান খাবীরা।	
তরজমা	তাহাদের উভয়ের মধ্যে বিরোধ আশংকা করিলে তোমরা তাহার পরিবার হইতে একজন ও উহার পরিবার হইতে একজন সালিস নিয়ুক্ত করিবে ; তাহারা উভয়ে নিষ্পত্তি চাহিলে আল্লাহ্ তাহাদের মধ্যে মীমাংসার অনুকূল অবস্থা সৃষ্টি করিবেন। নিশ্চয়ই আল্লাহ্ সর্বজ্ঞ, সবিশেষ অবহিত।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاعْبُدُوا اللّٰهَ وَلَا تُشْرِكُوْا بِهٖ شَيْـًٔا وَّبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّبِذِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَالْجَارِ ذِى الْقُرْبٰى وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنْۢبِ وَابْنِ السَّبِيْلِ ۙ وَمَا مَلَكَتْ اَيْمَانُكُمْ ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَالًا فَخُوْرَا ۙ﴿۳۶﴾	**36**
প্রতিবর্ণায়ন	ওয়া‘বুদুল্লা–হা ওয়ালা–তুশরিকূ বিহী শাইআওঁ ওয়াবিল ওয়া–লিদাইনি ইহ্ছানাওঁ ওয়াবিযি ল কু্রবা–ওয়াল ইয়াতা–মা–ওয়াল মাছা–কীনি ওয়াল জা–রিযি ল কু্রবা–ওয়ালজা–রিল জুনুবি ওয়াস্‌সা–হি বি বিলজামবি ওয়াবনিছ্ ছাবীলি (ۙ) ওয়ামা–মালাকাত আইমা–নুকুম (ط) ইন্নাল্লা–হা– লা ইউহি ব্বু মাং কা–না মুখতা–লাং ফাখূরা– ।	
তরজমা	তোমরা আল্লাহ্‌র ‘ইবাদত করিবে ও কোন কিছুকে তাঁহার শরীক করিবে না; এবং পিতা-মাতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম, অভাবগ্রস্ত, নিকট-প্রতিবেশী, দূর-প্রতিবেশী, সঙ্গী-সাথী, মুসাফির ও তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের প্রতি সদ্ব্যবহার করিবে। নিশ্চয়ই আল্লাহ্ পসন্দ করেন না দাম্ভিক, অহংকারীকে।	
	اۨلَّذِيْنَ يَبْخَلُوْنَ وَيَاْمُرُوْنَ النَّاسَ بِالْبُخْلِ وَيَكْتُمُوْنَ مَاۤ اٰتٰهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ؕ وَاَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ عَذَابًا مُّهِيْنًا ۚ﴿۳۷﴾	**37**
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়াবখালূনা ওয়া ইয়া’মুরূনান্‌না–ছা বিলবুখলি ওয়া ইয়াক্‌তুমূনা মা~আ–তা–হুমুল্লা–হু মিং ফাদ লিহী (ط) ওয়া আ‘তাদনা–লিলকা–ফিরীনা ‘আয াবাম মুহীনা– ।	
তরজমা	যাহারা কৃপণতা করে এবং মানুষকে কৃপণতার নির্দেশ দেয় এবং আল্লাহ্ নিজ অনুগ্রহে তাহাদেরকে যাহা দিয়াছেন তাহা গোপন করে, আর আমি আখিরাতে কাফিরদের জন্য লাঞ্ছনাদায়ক শাস্তি প্রস্তুত করিয়া রাখিয়াছি।	
	وَالَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ رِئَآءَ النَّاسِ وَلَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَلَا بِالْيَوْمِ الْاٰخِرِ ؕ وَمَنْ يَّكُنِ الشَّيْطٰنُ لَهٗ قَرِيْنًا فَسَآءَ قَرِيْنًا ﴿۳۸﴾	**38**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা ইউংফিকূ না আমওয়া–লাহুম রিআ~আন্না–ছি ওয়ালা ইউ’মিনূনা বিল্লা–হি ওয়ালা–বিলইয়াওমিল আ–খিরি (ط) ওয়ামাইঁ ইয়াকুনিশ্‌শাইত া–নু লাহূ ক ারীনাং ফাছা~আ ক ারীনা– ।	
তরজমা	এবং যাহারা মানুষকে দেখাইবার জন্য তাহাদের ধন-সম্পদ ব্যয় করে এবং আল্লাহ্ ও আখিরাতে বিশ্বাস করে না আল্লাহ্ তাহাদেরকে ভালবাসেন না। আর শয়তান কাহারও সঙ্গী হইলে সে সঙ্গী কত মন্দ!	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَاذَا عَلَيْهِمْ لَوْ اٰمَنُوْا بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقَهُمُ اللّٰهُ ۗ وَكَانَ اللّٰهُ بِهِمْ عَلِيْمًا ﴿٣٩﴾	**39**
প্রতিবর্ণায়ন	ওয়া মা–যা– ‘আল্লইহিম লাও আ–মানূ বিল্লা–হি ওয়াল ইয়াওমিল আ–খিরি ওয়া আংফাকূ মিম্মা–রাঝাক াহুমুল্লা–হু (ط) ওয়াকা–নাল্লা–হু বিহিম ‘আলীমা।	
তরজমা	তাহারা আল্লাহ্ ও আখিরাতে বিশ্বাস করিলে এবং আল্লাহ্ তাহাদেরকে যাহা প্রদান করিয়াছেন তাহা হইতে ব্যয় করিলে তাহাদের কী ক্ষতি হইত ? আল্লাহ্ তাহাদেরকে ভালভাবে জানেন।	
	اِنَّ اللّٰهَ لَا يَظْلِمُ مِثْقَالَ ذَرَّةٍ ۚ وَاِنْ تَكُ حَسَنَةً يُّضٰعِفْهَا وَيُؤْتِ مِنْ لَّدُنْهُ اَجْرًا عَظِيْمًا ﴿٤٠﴾	**40**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা লা–ইয়াজ লিমু মিছ ক া–লা য াররাতিওঁ (ج) ওয়া ইং তাকু হ াছানাতাইঁ ইউদ া–ইফহা–ওয়াইউ’তি মিল্লাদুনহু আজরান ‘আজ ীমা।	
তরজমা	আল্লাহ্ অণু পরিমাণও জুলুম করেন না। আর কোন পুণ্যকর্ম হইলে আল্লাহ্ উহাকে দ্বিগুণ করেন এবং আল্লাহ্ তাঁহার নিকট হইতে মহাপুরস্কার প্রদান করেন।	
	فَكَيْفَ اِذَا جِئْنَا مِنْ كُلِّ اُمَّةٍۭ بِشَهِيْدٍ وَّجِئْنَا بِكَ عَلٰى هٰٓؤُلَآءِ شَهِيْدًا ﴿٤١﴾	**41**
প্রতিবর্ণায়ন	ফাকাইফা ইয া–জি’না–মিং কুল্লি উম্মাতিম্ বিশাহীদিওঁ ওয়াজি’না–বিকা ‘আলা–হা~উল্লা~ই শাহীদা–।	
তরজমা	যখন আমি প্রত্যেক উম্মত হইতে একজন সাক্ষী উপস্থিত করিব এবং তোমাকে উহাদের বিরুদ্ধে সাক্ষীরূপে উপস্থিত করিব তখন কী অবস্থা হইবে ?	
	يَوْمَئِذٍ يَّوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا وَعَصَوُا الرَّسُوْلَ لَوْ تُسَوّٰى بِهِمُ الْاَرْضُ ۗ وَلَا يَكْتُمُوْنَ اللّٰهَ حَدِيْثًا ﴿٤٢﴾	**42**
প্রতিবর্ণায়ন	ইয়াওমায়িযি ইঁ ইয়াওয়াদ্দুল্লায ীনা কাফারূ ওয়া ‘আসাউর্‌রাছূলা লাও তুছাওওয়া–বিহিমুল আরদু (ج) ওয়ালা–ইয়াকতুমূনাল্লা–হা হ াদীছ া–।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে এবং রাসূলের অবাধ্য হইয়াছে তাহারা সেদিন কামনা করিবে, যদি তাহারা মাটির সঙ্গে মিশিয়া যাইত ! আর তাহারা আল্লাহ্ হইতে কোন কথাই গোপন করিতে পারিবে না।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقْرَبُوا الصَّلٰوةَ وَاَنْتُمْ سُكٰرٰى حَتّٰى تَعْلَمُوْا مَا تَقُوْلُوْنَ وَلَا جُنُبًا اِلَّا عَابِرِيْ سَبِيْلٍ حَتّٰى تَغْتَسِلُوْا ۗ وَاِنْ كُنْتُمْ مَّرْضٰۤى اَوْ عَلٰى سَفَرٍ اَوْ جَآءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَآئِطِ اَوْ لٰمَسْتُمُ النِّسَآءَ فَلَمْ تَجِدُوْا مَآءً فَتَيَمَّمُوْا صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ وَاَيْدِيْكُمْ ۗ اِنَّ اللّٰهَ كَانَ عَفُوًّا غَفُوْرًا ﴿٤٣﴾	**43**

প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তাক রাবুস্ সালা-তা ওয়া আংতুম ছুকা-রা- হ াত্তা-তা'লামূ মা-তাকূ লূনা ওয়ালা-জুনুবান ইল্লা-'আ-বিরী ছাবীলিন হ াত্তা-তাগতাছিলূ (ج) ওয়া ইং কুংতুম মারদ া-আও 'আলা- ছাফারিন আও জা~আ আহ াদুম মিংকুম মিনাল্ গা~ইতি আও লা-মাছতুমুন্ নিছা~আ ফালাম্ তাজিদূ মা~আং ফাতাইয়াম্মামূ সা'ঈদাং তাইয়িবাং ফামছাহূ বিউজূহিকুম্ ওয়া আইদীকুম (ج) ইন্নাল্লা-হা কা-না 'আফুওওয়ান গাফূরা- ।	
তরজমা	হে মু'মিনগণ! নেশাগ্রস্ত অবস্থায় তোমরা সালাতের নিকটবর্তী হইও না, যতক্ষণ না তোমরা যাহা বল তাহা বুঝিতে পার, এবং যদি তোমরা মুসাফির না হও তবে অপবিত্র অবস্থাতেও নয়, যতক্ষণ পর্যন্ত না তোমরা গোসল কর। আর যদি তোমরা পীড়িত হও অথবা সফরে থাক অথবা তোমাদের কেহ শৌচস্থান হইতে আসে অথবা তোমরা নারী-সম্ভোগ কর এবং পানি না পাও তবে পবিত্র মাটির দ্বারা তায়াম্মুম করিবে এবং মাসেহ্ করিবে মুখমণ্ডল ও হাত, নিশ্চয়ই আল্লাহ্ পাপ মোচনকারী, ক্ষমাশীল।	
	اَلَمۡ تَرَ اِلَی الَّذِیۡنَ اُوۡتُوۡا نَصِیۡبًا مِّنَ الۡکِتٰبِ یَشۡتَرُوۡنَ الضَّلٰلَۃَ وَ یُرِیۡدُوۡنَ اَنۡ تَضِلُّوا السَّبِیۡلَ ﴿۴۴﴾	**44**
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায ীনা উতু নাসীবাম্ মিনাল কিতা-বি ইয়াশতারূনাদ্দ ালা-লাতা ওয়া ইউরীদূনা আং তাদি ল্লুছ্ ছাবীল।	
তরজমা	তুমি কি তাহাদেরকে দেখ নাই যাহাদেরকে কিতাবের এক অংশ দেওয়া হইয়াছিল ? তাহারা ভ্রান্ত পথ ক্রয় করে এবং তোমরাও পথভ্রষ্ট হও-ইহাই তাহারা চাহে।	
	وَ اللّٰہُ اَعۡلَمُ بِاَعۡدَآئِکُمۡ ؕ وَ کَفٰی بِاللّٰہِ وَلِیًّا ٝ۫ وَّ کَفٰی بِاللّٰہِ نَصِیۡرًا ﴿۴۵﴾	**45**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু আ'লামু বিআ'দা~ইকুম (ج) ওয়া কাফা-বিল্লা-হি ওয়ালিইয়াওঁ (ق) ওয়া কাফা-বিল্লা-হি নাসীরা- ।	
তরজমা	আল্লাহ্ তোমাদের শত্রুদেরকে ভালভাবে জানেন। অভিভাবকত্বে আল্লাহ্ই যথেষ্ট এবং সাহায্যে আল্লাহ্ই যথেষ্ট।	
	مِنَ الَّذِیۡنَ هَادُوۡا یُحَرِّفُوۡنَ الۡکَلِمَ عَنۡ مَّوَاضِعِهٖ وَ یَقُوۡلُوۡنَ سَمِعۡنَا وَ عَصَیۡنَا وَ اسۡمَعۡ غَیۡرَ مُسۡمَعٍ وَّ رَاعِنَا لَیًّۢا بِاَلۡسِنَتِهِمۡ وَ طَعۡنًا فِی الدِّیۡنِ ؕ وَ لَوۡ اَنَّهُمۡ قَالُوۡا سَمِعۡنَا وَ اَطَعۡنَا وَ اسۡمَعۡ وَ انۡظُرۡنَا لَکَانَ خَیۡرًا لَّهُمۡ وَ اَقۡوَمَ ۙ وَ لٰکِنۡ لَّعَنَهُمُ اللّٰهُ بِکُفۡرِهِمۡ فَلَا یُؤۡمِنُوۡنَ اِلَّا قَلِیۡلًا ﴿۴۶﴾	**46**

প্রতিবর্ণায়ন	মিনাল্লায ীনা হা-দূ ইউহ াররিফূনাল কালিমা 'আম্মাওয়া-দি''ইহী ওয়া ইয়াকূ লূনা ছামি'না-ওয়া আসাইনা-ওয়াছমা' গাইরা মুছমা'ইওঁ ওয়ারা~'ইনা- লাইইয়াম বিআলছিনাতিহিম ওয়া তা'নাং ফিদ্দীনি (ط) ওয়া লাও আন্নাহুম ক া-লূ ছামি'না ওয়া আতা'না- ওয়াছমা' ওয়াংজু রনা- লাকা-না খাইরাল্লাহুম ওয়া আক ওয়ামা (۷) ওয়ালা-কিল্ লা'আনাহুমুল্লা-হু বিকুফরিহিম ফালা- ইউ'মিনূনা ইল্লা-ক ালীলা- ।	
তরজমা	ইয়াহূদীদের মধ্যে কিছু সংখ্যক লোক কথাগুলি স্থানচ্যুত করিয়া বিকৃত করে এবং বলে, 'শ্রবণ করিলাম ও অমান্য করিলাম' এবং শোন, না শোনার মত; আর নিজেদের জিহ্বা কুঞ্চিত করিয়া এবং দীনের প্রতি তাচ্ছিল্য করিয়া বলে, 'রাইনা'। কিন্তু তাহারা যদি বলিত, 'শ্রবণ করিলাম ও মান্য করিলাম এবং শ্রবণ কর ও আমাদের প্রতি লক্ষ্য কর', তবে উহা তাহাদের জন্য ভাল ও সংগত হইত। কিন্তু তাহাদের কুফরীর জন্য আল্লাহ্ তাহাদেরকে লা'নত করিয়াছেন। তাহাদের অল্পসংখ্যকই বিশ্বাস করে।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ أُوتُواْ ٱلْكِتَٰبَ ءَامِنُواْ بِمَا نَزَّلْنَا مُصَدِّقًا لِّمَا مَعَكُم مِّن قَبْلِ أَن نَّطْمِسَ وُجُوهًا فَنَرُدَّهَا عَلَىٰٓ أَدْبَارِهَآ أَوْ نَلْعَنَهُمْ كَمَا لَعَنَّآ أَصْحَٰبَ ٱلسَّبْتِ ۚ وَكَانَ أَمْرُ ٱللَّهِ مَفْعُولًا ﴿٤٧﴾	**47**
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা উতুল কিতা-বা আ-মিনূ বিমা-নাঝ্ঝালনা-মুসাদ্দিক াল্ লিমা-মা'আকুম মিং ক াবলি আং নাত মিছা উজূহাং ফানারুদ্দাহা- 'আলা~আদবা-রিহা-আও নাল্'আনাহুম কামা-লা'আন্না~আসহ া-বাছ্ছাবতি (۷) ওয়া কা-না আমরুল্লা-হি মাফ'উলা- ।	
তরজমা	ওহে ! যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে, তোমাদের নিকট যাহা আছে তাহার প্রত্যায়নকারীরূপে আমি যাহা অবতীর্ণ করিয়াছি তাহাতে তোমরা ঈমান আন, আমি মুখমণ্ডলসমূহ বিকৃত করিয়া অতঃপর সেইগুলিকে পিছনের দিকে ফিরাইয়া দেওয়ার পূর্বে অথবা আস্হাবুস সাব্তকে যেরূপ লা'নত করিয়াছিলাম সেইরূপ তাহাদেরকে লা'নত করিবার পূর্বে। আল্লাহ্র আদেশ কার্যকরী হইয়াই থাকে।	
	إِنَّ ٱللَّهَ لَا يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِۦ وَيَغْفِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَن يَشَآءُ ۚ وَمَن يُشْرِكْ بِٱللَّهِ فَقَدِ ٱفْتَرَىٰٓ إِثْمًا عَظِيمًا ﴿٤٨﴾	**48**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা লা-ইয়াগফিরু আইঁ ইউশরাকা বিহী ওয়া ইয়াগফিরু মা-দূনা য া-লিকা লিমাইঁ ইয়াশা~উ (ج) ওয়া মাই ইউশরিক বিল্লা-হি ফাক াদিফ্ তারা-ইছ মান 'আজ ীমা- ।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ তাঁহার সঙ্গে শরীক করা ক্ষমা করেন না। ইহা ব্যতীত অন্যান্য অপরাধ যাহাকে ইচ্ছা ক্ষমা করেন ; এবং যে কেহ আল্লাহ্র শরীক করে সে এক মহাপাপ করে।	

| --- | --- | --- |
	اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ يُزَكُّوْنَ اَنْفُسَهُمْ ؕ بَلِ اللّٰهُ يُزَكِّىْ مَنْ يَّشَآءُ وَلَا يُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿۴۹﴾	49
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায ীনা ইউঝাক্কূনা আংফুছাহুম (ط) বালিল্লা-হু ইউঝাক্কী মাইঁ ইয়াশা~উ ওয়ালা-ইউজ ্লামূনা ফাতীলা-।	
তরজমা	তুমি কি তাহাদেরকে দেখ নাই, যাহারা নিজেদেরকে পবিত্র মনে করে ? বরং আল্লাহ্ যাহাকে ইচ্ছা পবিত্র করেন। এবং তাহাদের উপর সামান্য পরিমাণও জুলুম করা হইবে না।	
	اُنْظُرْ كَيْفَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ ؕ وَكَفٰى بِهٖۤ اِثْمًا مُّبِيْنًا ﴿۵۰﴾	50
প্রতিবর্ণায়ন	উংজু ্র কাইফা ইয়াফতারূনা 'আলাল্লা-হিল্ কাযি ্বা (ط) ওয়া কাফা-বিহী ইছ ্মাম্ মুবীনা-।	
তরজমা	দেখ! তাহারা আল্লাহ্ সম্বন্ধে কিরূপ মিথ্যা উদ্ভাবন করে ; এবং প্রকাশ্য পাপ হিসাবে ইহাই যথেষ্ট।	
	اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ اُوْتُوْا نَصِيْبًا مِّنَ الْكِتٰبِ يُؤْمِنُوْنَ بِالْجِبْتِ وَالطَّاغُوْتِ وَيَقُوْلُوْنَ لِلَّذِيْنَ كَفَرُوْا هٰۤؤُلَآءِ اَهْدٰى مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا سَبِيْلًا ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায ীনা উতু নাসীবাম মিনাল কিতা-বি ইউ'মিনূনা বিলজিবতি ওয়াত্ত া-গূতি ওয়া ইয়াকূ ্লূনা লিল্লায ীনা ক াফারূ হা ~উলা~ই আহদা- মিনাল্লায ীনা আ-মানূ ছাবীলা- ।	
তরজমা	তুমি কি তাহাদেরকে দেখ নাই যাহাদেরকে কিতাবের এক অংশ দেওয়া হইয়াছিল, তাহারা জিব্‌ত ও তাগূতে বিশ্বাস করে ? তাহারা কাফিরদের সম্বন্ধে বলে, 'ইহাদেরই পথ মু'মিনদের অপেক্ষা প্রকৃষ্টতর।'	
	اُولٰٓئِكَ الَّذِيْنَ لَعَنَهُمُ اللّٰهُ ؕ وَمَنْ يَّلْعَنِ اللّٰهُ فَلَنْ تَجِدَ لَهٗ نَصِيْرًا ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা লা'আনাহুমুল্লা-হু (ط) ওয়ামাইঁ ইয়াল'আনিল্লা-হু ফালাং তাজিদালাহু নাসীরা।	
তরজমা	ইহারাই তাহারা, যাহাদেরকে আল্লাহ্ লা'নত করিয়াছিল এবং আল্লাহ্ যাহাকে লা'নত করেন তুমি কখনও তাহার কোন সাহায্যকারী পাইবে না।	
	اَمْ لَهُمْ نَصِيْبٌ مِّنَ الْمُلْكِ فَاِذًا لَّا يُؤْتُوْنَ النَّاسَ نَقِيْرًا ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	আম্ লাহুম্ নাসীবুম মিনাল মুলকি ফাইয াল্লা-ইউ'তূনান্না -ছা নাক ীরা-।	
তরজমা	তবে কি রাজশক্তিতে তাহাদের কোন অংশ আছে ? সে ক্ষেত্রেও তো তাহারা কাহাকেও এক কপর্দকও দিবে না।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اَمۡ یَحۡسُدُوۡنَ النَّاسَ عَلٰی مَاۤ اٰتٰهُمُ اللّٰهُ مِنۡ فَضۡلِهٖ ۚ فَقَدۡ اٰتَیۡنَاۤ اٰلَ اِبۡرٰهِیۡمَ الۡکِتٰبَ وَ الۡحِکۡمَۃَ وَ اٰتَیۡنٰهُمۡ مُّلۡکًا عَظِیۡمًا ﴿۵۴﴾	54
প্রতিবর্ণায়ন	আম ইয়াহ্‌ছুদূনান না-ছা ‘আলা-মা˜ আ-তা-হুমুল্লাহু মিং ফাদ্‌লিহী (ج) ফাক্বাদ আ-তাইনা- আ-লা ইবরা-হীমাল কিতা-বা ওয়াল হিকমাতা ওয়া আ-তাইনা-হুম মুলকান ‘আজীমা।	
তরজমা	অথবা আল্লাহ্ নিজ অনুগ্রহে মানুষকে যাহা দিয়াছেন সেজন্য কি তাহারা তাহাদেরকে ঈর্ষা করে ? আমি ইব্‌রাহীমের বংশধরকেও তো কিতাব ও হিকমত প্রদান করিয়াছিলাম এবং তাহাদেরকে বিশাল রাজ্য দান করিয়াছিলাম।	
	فَمِنۡهُمۡ مَّنۡ اٰمَنَ بِهٖ وَ مِنۡهُمۡ مَّنۡ صَدَّ عَنۡهُ ؕ وَ کَفٰی بِجَهَنَّمَ سَعِیۡرًا ﴿۵۵﴾	55
প্রতিবর্ণায়ন	ফামিনহুম মান আ˜মানা বিহী ওয়া মিনহুম মাং সাদ্দা ‘আনহু (ط) ওয়া কাফা-বিজাহান্নামা ছা‘ঈরা- ।	
তরজমা	অতঃপর তাহাদের কতক উহাতে বিশ্বাস করিয়াছিল এবং কতক উহা হইতে মুখ ফিরাইয়া লইয়াছিল; দগ্ধ করার জন্য জাহান্নামই যথেষ্ট।	
	اِنَّ الَّذِیۡنَ کَفَرُوۡا بِاٰیٰتِنَا سَوۡفَ نُصۡلِیۡهِمۡ نَارًا ؕ کُلَّمَا نَضِجَتۡ جُلُوۡدُهُمۡ بَدَّلۡنٰهُمۡ جُلُوۡدًا غَیۡرَهَا لِیَذُوۡقُوا الۡعَذَابَ ؕ اِنَّ اللّٰهَ کَانَ عَزِیۡزًا حَکِیۡمًا ﴿۵۶﴾	56
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা কাফারূ বিআ-য়া-তিনা- ছাওফা নুসলীহিম না-রাং (ط) কুল্লামা- নাদিজাত জুলুদুহুম বাদ্দালনা-হুম জুলূদান গায়রাহা- লিয়াযূকুল ‘আযা-ব (ط) ইন্নাল্লা-হা কা-না ‘আঝীঝান হাকীমা- ।	
তরজমা	যাহারা আমার আয়াতকে প্রত্যাখ্যান করে তাহাদেরকে অগ্নিতে দগ্ধ করিবই; যখনই তাহাদের চর্ম দগ্ধ হইবে তখনই উহার স্থলে নূতন চর্ম সৃষ্টি করিব, যাহাতে তাহারা শাস্তি ভোগ করে। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	وَ الَّذِیۡنَ اٰمَنُوۡا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ سَنُدۡخِلُهُمۡ جَنّٰتٍ تَجۡرِیۡ مِنۡ تَحۡتِهَا الۡاَنۡهٰرُ خٰلِدِیۡنَ فِیۡهَاۤ اَبَدًا ؕ لَهُمۡ فِیۡهَاۤ اَزۡوَاجٌ مُّطَهَّرَۃٌ ۫ وَّ نُدۡخِلُهُمۡ ظِلًّا ظَلِیۡلًا ﴿۵۷﴾	57
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া ‘আমিলুস্‌সা-লিহা-তি ছানুদখিলূহুম জান্না-তিং তাজরী মিং তাহ্‌তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা˜আবাদা- (ط) লাহুম ফীহা˜আঝওয়া-জুম মুতাহ্‌হারাতুওঁ (ط) ওয়া নুদখিলুহুম জিল্লাং জালীলা- ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যাহারা ঈমান আনে ও ভাল কাজ করে তাহাদেরকে দাখিল করিব জান্নাতে যাহার পাদদেশে নদী প্রবাহিত; সেখানে তাহারা চিরস্থায়ী হইবে, সেখানে তাহাদের জন্য পবিত্র স্ত্রী থাকিবে এবং তাহাদেরকে চিরস্নিগ্ধ ছায়ায় দাখিল করিব।	
	اِنَّ اللّٰهَ يَاۡمُرُكُمۡ اَنۡ تُؤَدُّوا الۡاَمٰنٰتِ اِلٰٓى اَهۡلِهَا ۙ وَاِذَا حَكَمۡتُمۡ بَيۡنَ النَّاسِ اَنۡ تَحۡكُمُوۡا بِالۡعَدۡلِ ‌ؕ اِنَّ اللّٰهَ نِعِمَّا يَعِظُكُمۡ بِهٖ‌ ؕ اِنَّ اللّٰهَ كَانَ سَمِيۡعًۢا بَصِيۡرًا ﴿۵۸﴾	58
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা ইয়া'মুরুকুম আং তুআদ্দুল্ আমা-না-তি ইলা˜ আহলিহা- (ۙ) ওয়া ইয˙া-হ˙াকামতুম বাইনান্না-ছি আং তাহ˙কুমূ বিল'আদলি (ۙ) ইন্নাল্লা-হা নি'ইম্মা- ইয়া'ইজ˙কুম বিহী (ۙ) ইন্নাল্লা-হা কা-না ছামী'আম বাসীরা-।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ তোমাদেরকে নির্দেশ দিতেছেন আমানত উহার হকদারকে প্রত্যর্পণ করিতে। তোমরা যখন মানুষের মধ্যে বিচারকার্য পরিচালনা করিবে তখন ন্যায়পরায়ণতার সঙ্গে বিচার করিবে। আল্লাহ্ তোমাদেরকে যে উপদেশ দেন তাহা কত উৎকৃষ্ট! নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।	
	يٰۤاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡۤا اَطِيۡعُوا اللّٰهَ وَاَطِيۡعُوا الرَّسُوۡلَ وَاُولِى الۡاَمۡرِ مِنۡكُمۡ‌ ۚ فَاِنۡ تَنَازَعۡتُمۡ فِىۡ شَىۡءٍ فَرُدُّوۡهُ اِلَى اللّٰهِ وَالرَّسُوۡلِ اِنۡ كُنۡتُمۡ تُؤۡمِنُوۡنَ بِاللّٰهِ وَالۡيَوۡمِ الۡاٰخِرِ‌ ؕ ذٰ لِكَ خَيۡرٌ وَّاَحۡسَنُ تَاۡوِيۡلًا ﴿۵۹﴾	59
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায˙ীনা আ-মানূ আতী'উল্লা-হা ওয়া আতী'উর্ রাছূলা- ওয়া উলিল আমরি মিংকুম (ج) ফাইং তানা-ঝা'তুম ফী শাইইং ফারুদ্দূহু ইলাল্লা-হি ওয়ার্ রাছূলি ইং কুংতুম তু'মিনূনা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল আ-খিরি (ط) য˙া-লিকা খাইরুওঁ ওয়া আহ˙ছানু তা'বি˙লা-।	
তরজমা	হে মু'মিনগণ! যদি তোমরা আল্লাহ্ ও আখিরাতে বিশ্বাস কর তবে তোমরা আনুগত্য কর আল্লাহ্‌র, আনুগত্য কর রাসূলের এবং তাহাদের, যাহারা তোমাদের মধ্যে ক্ষমতার অধিকারী; কোন বিষয়ে তোমাদের মধ্যে মতভেদ ঘটিলে উহা উপস্থাপন কর আল্লাহ্ ও রাসূলের নিকট। ইহাই উত্তম এবং পরিণামে প্রকৃষ্টতর।	
	اَلَمۡ تَرَ اِلَى الَّذِيۡنَ يَزۡعُمُوۡنَ اَنَّهُمۡ اٰمَنُوۡا بِمَاۤ اُنۡزِلَ اِلَيۡكَ وَمَاۤ اُنۡزِلَ مِنۡ قَبۡلِكَ يُرِيۡدُوۡنَ اَنۡ يَّتَحَاكَمُوۡۤا اِلَى الطَّاغُوۡتِ وَقَدۡ اُمِرُوۡۤا اَنۡ يَّكۡفُرُوۡا بِهٖ ؕ وَيُرِيۡدُ الشَّيۡطٰنُ اَنۡ يُّضِلَّهُمۡ ضَلٰلًاۢ بَعِيۡدًا ﴿۶۰﴾	60

প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায ীনা ইয়াঝ‘উমূনা আন্নাহুম আ-মানূ বিমা~উংঝিলা ইলাইকা ওয়ামা~উংঝিলা মিং ক াবলিকা ইউরীদূনা আইঁ ইয়াতাহ া-কামূ~ইলাত্ত া-গূতি ওয়া ক াদ উমিরূ~আইঁ ইয়াকফুরূ বিহী (ط) ওয়া ইউরীদুশ্‌শাইতা-নু আইঁ ইউদি ল্লাহুম দ ালালাম বা‘ঈদা- ।	
তরজমা	তুমি কি তাহাদেরকে দেখ নাই যাহারা দাবি করে যে, তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে এবং তোমার পূর্বে যাহা অবতীর্ণ হইয়াছে তাহাতে তাহারা বিশ্বাস করে, অথচ তাহারা তাগূতের কাছে বিচারপ্রার্থী হইতে চায়, যদিও উহা প্রত্যাখ্যান করার জন্য তাহাদেরকে নির্দেশ দেওয়া হইয়াছে এবং শয়তান তাহাদেরকে ভীষণভাবে পথভ্রষ্ট করিতে চায় ?	
	وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَىٰ مَآ أَنزَلَ ٱللَّهُ وَإِلَى ٱلرَّسُولِ رَأَيْتَ ٱلْمُنَٰفِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া-ক ীলা লাহুম তা‘আ-লাও ইলা-মা~আংঝালাল্লা-হু ওয়া ইলার রাছূলি রাআইতাল মুনা-ফিক ীনা ইয়াসুদ্দূনা ‘আংকা সুদূদা- ।	
তরজমা	তাহাদেরকে যখন বলা হয়, আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তাহার দিকে এবং রাসূলের দিকে আস, তখন মুনাফিকদেরকে তুমি তোমার নিকট হইতে মুখ একেবারে ফিরাইয়া লইতে দেখিবে।	
	فَكَيْفَ إِذَآ أَصَٰبَتْهُم مُّصِيبَةٌۢ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ ثُمَّ جَآءُوكَ يَحْلِفُونَ ۖ بِٱللَّهِ إِنْ أَرَدْنَآ إِلَّآ إِحْسَٰنًا وَتَوْفِيقًا ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ফাকাইফা ইয া-আসা-বাতহুম মুসীবাতুম বিমা-ক াদ্দামাত আইদীহিম ছু ম্মা জা~উকা ইয়াহ লিফূনা (ق) বিল্লা-হি ইন্ আরাদনা~ ইল্লা~ ইহ ছা-নাওঁ ওয়া তাওফীক া- ।	
তরজমা	তাহাদের কৃতকর্মের জন্য যখন তাহাদের কোন মুসীবত হইবে তখন তাহাদের কী অবস্থা হইবে ? অতঃপর তাহারা আল্লাহ্‌র নামে শপথ করিয়া তোমার নিকট আসিয়া বলিবে, ‘আমরা কল্যাণ এবং সম্প্রীতি ব্যতীত অন্য কিছুই চাই নাই।’	
	أُو۟لَٰٓئِكَ ٱلَّذِينَ يَعْلَمُ ٱللَّهُ مَا فِى قُلُوبِهِمْ فَأَعْرِضْ عَنْهُمْ وَعِظْهُمْ وَقُل لَّهُمْ فِىٓ أَنفُسِهِمْ قَوْلًۢا بَلِيغًا ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা ইয়া‘লামুল্লা-হু মা-ফী কু লূবিহিম (ق) ফাআ‘রিদ ‘আনহুম ওয়া ‘ইজ হুম ওয়াকু ল্লাহুম ফী-আংফুছিহিম ক াওল্লাম বালীগা- ।	

| --- | --- | --- |
তরজমা	ইহারাই তাহারা, যাহাদের অন্তরে কী আছে আল্লাহ্ তাহা জানেন। সুতরাং তুমি তাহাদেরকে উপেক্ষা কর, তাহাদেরকে সদুপদেশ দাও এবং তাহাদেরকে তাহাদের মর্ম স্পর্শ করে এমন কথা বল।	
	وَمَآ اَرْسَلْنَا مِنْ رَّسُوْلٍ اِلَّا لِيُطَاعَ بِاِذْنِ اللّٰهِ ؕ وَلَوْ اَنَّهُمْ اِذْ ظَّلَمُوْٓا اَنْفُسَهُمْ جَآءُوْكَ فَاسْتَغْفَرُوا اللّٰهَ وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُوْلُ لَوَجَدُوا اللّٰهَ تَوَّابًا رَّحِيْمًا ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ওয়ামা˜আরছালনা– মির রাছূলিন ইল্লা–লিইউত া–‘আ বিইয ্নিল্লা–হি (ط) ওয়ালাও আন্নাহুম ইয ্ জ ালামূ আংফুছাহুম জা~উকা ফাছতাগফারুল্লা–হা ওয়াছতাগফারা লাহুমুর্‌রাছূলু লাওয়াজাদুল্লা–হা তাওওয়া–বার রাহ ীমা।	
তরজমা	রাসূল এই উদ্দেশ্যেই প্রেরণ করিয়াছি যে, আল্লাহ্‌র নির্দেশ অনুসারে তাহার আনুগত্য করা হইবে। যখন তাহারা নিজেদের প্রতি জুলুম করে তখন তাহারা তোমার নিকট আসিলে ও আল্লাহ্‌র ক্ষমা প্রার্থনা করিলে এবং রাসূলও তাহাদের জন্য ক্ষমা চাহিলে তাহারা অবশ্যই আল্লাহ্‌কে পরম ক্ষমাশীল ও পরম দয়ালুরূপে পাইবে।	
	فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُوْنَ حَتّٰى يُحَكِّمُوْكَ فِيْمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوْا فِيْٓ اَنْفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوْا تَسْلِيْمًا ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ফালা–ওয়ারাব্বিকা লা– ইউ’মিনূনা হ াত্তা– ইউহ াক্কিমূকা ফীমা– শাজারা বাইনাহুম ছু ম্মা লা– ইয়াজিদূ ফী˜আংফুছিহিম হ ারাজাম মিম্মা–ক াদ াইতা ওয়া ইউছাল্লিমূ তাছলীমা–।	
তরজমা	কিন্তু না, তোমার প্রতিপালকের শপথ! তাহারা মু’মিন হইবে না যতক্ষণ পর্যন্ত তাহারা তাহাদের নিজেদের বিবাদ-বিসম্বাদের বিচারভার তোমার উপর অর্পণ না করে ; অতঃপর তোমার সিদ্ধান্ত সম্বন্ধে তাহাদের মনে কোন দ্বিধা না থাকে এবং সর্বান্তকরণে উহা মানিয়া নেয়।	
	وَلَوْ اَنَّا كَتَبْنَا عَلَيْهِمْ اَنِ اقْتُلُوْٓا اَنْفُسَكُمْ اَوِ اخْرُجُوْا مِنْ دِيَارِكُمْ مَّا فَعَلُوْهُ اِلَّا قَلِيْلٌ مِّنْهُمْ ؕ وَلَوْ اَنَّهُمْ فَعَلُوْا مَا يُوْعَظُوْنَ بِهٖ لَكَانَ خَيْرًا لَّهُمْ وَاَشَدَّ تَثْبِيْتًا ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ওয়ালাও আন্না– কাতাবনা– ‘আলাইহিম আনিক ্তুলূ আংফুছাকুম আবি খরুজু মিং দিয়া–রিকুম মা– ফা‘আলূহু ইলা– ক ালীলুম মিনহুম (ط) ওয়ালাও আন্নাহুম ফা‘আলূ মা– ইউ‘আজূ না বিহী লাকা–না খাইরাল্লাহুম ওয়া আশাদ্দা তাছ বীতা–।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	যদি তাহাদেরকে আদেশ দিতাম, তোমরা নিজেদেরকে হত্যা কর অথবা আপন গৃহ ত্যাগ কর তবে তাহাদের অল্পসংখ্যকই ইহা করিত। যাহা করিতে তাহাদেরকে উপদেশ দেওয়া হইয়াছিল তাহারা তাহা করিলে তাহাদের ভাল হইত এবং চিত্তস্থিরতায় তাহারা দৃঢ়তর হইত।	
	وَّاِذًا لَّاٰتَيْنٰهُمْ مِّنْ لَّدُنَّآ اَجْرًا عَظِيْمًا ۝٦٧	67
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ়াল লাআ-তাইনা-হুম মিল্লাদুন্না-আজরান 'আজ ়ীমা- ।	
তরজমা	এবং তখন আমি আমার নিকট হইতে তাহাদেরকে নিশ্চয়ই মহাপুরস্কার প্রদান করিতাম;	
	وَّلَهَدَيْنٰهُمْ صِرَاطًا مُّسْتَقِيْمًا ۝٦٨	68
প্রতিবর্ণায়ন	ওয়ালাহাদাইনা-হুম সিরা-তাম্ মুছতাক ়ীমা- ।	
তরজমা	এবং তাহাদেরকে নিশ্চয়ই সরল পথে পরিচালিত করিতাম।	
	وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَالرَّسُوْلَ فَاُولٰٓئِكَ مَعَ الَّذِيْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمْ مِّنَ النَّبِيّٖنَ وَالصِّدِّيْقِيْنَ وَالشُّهَدَآءِ وَالصّٰلِحِيْنَ ۚ وَحَسُنَ اُولٰٓئِكَ رَفِيْقًا ۝٦٩	69
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইউতি'ইল্লা-হা ওয়ার্‌রাছূলা ফাউলা~ইকা মা'আল্লায ়ীনা আন'আমাল্লা-হু 'আলাইহিম মিনান্নাবিইয়ীনা ওয়াসসিদ্দীক ়ীনা ওয়াশ শুহাদা~ই ওয়াস্‌সা-লিহ ়ীনা (ج) ওয়াহ ়ছুনা উলা~ইকা রাফীক ়া- ।	
তরজমা	আর কেহ আল্লাহ্ এবং রাসূলের আনুগত্য করিলে সে নবী, সত্যনিষ্ঠ, শহীদ ও সৎকর্মপরায়ণ-যাহাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করিয়াছেন-তাহাদের সঙ্গী হইবে এবং তাহারা কত উত্তম সঙ্গী!	
	ذٰلِكَ الْفَضْلُ مِنَ اللّٰهِ ؕ وَكَفٰى بِاللّٰهِ عَلِيْمًا ۝٧٠	70
প্রতিবর্ণায়ন	য ়া-লিকাল ফাদ ়লু মিনাল্লা-হি (ط) ওয়াকাফা-বিল্লা-হি 'আলীমা- ।	
তরজমা	ইহা আল্লাহ্‌র অনুগ্রহ। সর্বজ্ঞ হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট।	
	اَيُشْرِكُوْنَ مَا لَا يَخْلُقُ شَيْـًٔا وَّهُمْ يُخْلَقُوْنَ ﴿١٩١﴾	191
প্রতিবর্ণায়ন	আ ইউশরিকূনা মা-লা-ইয়াখলুকু শাইআওঁ ওয়াহুম ইউখলাকূ ন।	
তরজমা	উহারা কি এমন বস্তুকে শরীক করে যাহারা কিছুই সৃষ্টি করে না ? বরং উহারা নিজেরাই সৃষ্ট,	
	وَلَا يَسْتَطِيْعُوْنَ لَهُمْ نَصْرًا وَّلَاۤ اَنْفُسَهُمْ يَنْصُرُوْنَ ﴿١٩٢﴾	192

প্রতিবর্ণায়ন	ওয়ালা–ইয়াছতাত ীʻউনা লাহুম নাসরাওঁ ওয়ালা~ আংফুছাহুম ইয়াংসুরূন।	
তরজমা	উহারা না তাহাদেরকে সাহায্য করিতে পারে, আর না করিতে পারে নিজদেরকে সাহায্য।	
	وَاِنْ تَدْعُوْهُمْ اِلَى الْهُدٰى لَا يَتَّبِعُوْكُمْ ۚ سَوَآءٌ عَلَيْكُمْ اَدَعَوْتُمُوْهُمْ اَمْ اَنْتُمْ صَامِتُوْنَ ﴿١٩٣﴾	193
প্রতিবর্ণায়ন	ওয়া ইং তাদʻউহুম ইলাল্ হুদা–লা–ইয়াত্তাবিʻউকুম (ج) ছাওয়া~উন ʻআলাইকুম আদাʻআওতুমূহুম আম আংতুম সা–মিতূন।	
তরজমা	তোমরা উহাদেরকে সৎপথে আহ্বান করিলেও উহারা তোমাদেরকে অনুসরণ করিবে না; তোমরা উহাদেরকে আহ্বান কর বা চুপ করিয়া থাক, তোমাদের পক্ষে উভয়ই সমান।	
	اِنَّ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ عِبَادٌ اَمْثَالُكُمْ فَادْعُوْهُمْ فَلْيَسْتَجِيْبُوْا لَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٩٤﴾	194
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা তাদʻউনা মিং দূনিল্লা–হি ʻইবা–দুন আমছ া–লুকুম ফাদʻউহুম ফালইয়াছতাজীবূ লাকুম ইং কুংতুম সা–দিক ীন।	
তরজমা	আল্লাহ্ ব্যতীত তোমরা যাহাদেরকে আহ্বান কর তাহারা তো তোমাদেরই ন্যায় বান্দা; তোমরা তাহাদেরকে আহ্বান কর, তাহারা তোমাদের ডাকে সাড়া দিক, যদি তোমরা সত্যবাদী হও।	
	اَلَهُمْ اَرْجُلٌ يَّمْشُوْنَ بِهَآ ۫ اَمْ لَهُمْ اَيْدٍ يَّبْطِشُوْنَ بِهَآ ۫ اَمْ لَهُمْ اَعْيُنٌ يُّبْصِرُوْنَ بِهَآ ۫ اَمْ لَهُمْ اٰذَانٌ يَّسْمَعُوْنَ بِهَا ؕ قُلِ ادْعُوْا شُرَكَآءَكُمْ ثُمَّ كِيْدُوْنِ فَلَا تُنْظِرُوْنِ ﴿١٩٥﴾	195
প্রতিবর্ণায়ন	আলাহুম আরজুলুইঁ ইয়ামশূনা বিহা– (ز) আম লাহুম আইদিইঁ ইয়াবতি শূনা বিহা– (ز) আম লাহুম আʻইউনুইঁ ইয়ুবসিরূনা বিহা– (ز) আম লাহুম আ–যা–নুইঁ ইয়াছমাʻউনা বিহা– (ط) কু লিদʻউ শুরাকা~আকুম ছু ম্মা কীদূনি ফালা–তুংজি রূন।	
তরজমা	তাহাদের কি পা আছে যাহা দ্বারা উহারা চলে ? তাহাদের কি হাত আছে যদ্দ্বারা উহারা ধরে ? তাহাদের কি চক্ষু আছে, যদ্দ্বারা উহারা দেখে ? কিংবা তাহাদের কি কর্ণ আছে যদ্দ্বারা উহারা শ্রবণ করে ? বল, তোমরা যাহাদেরকে আল্লাহ্র শরীক করিয়াছ তাহাদেরকে ডাক; অতঃপর আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর এবং আমাকে অবকাশ দিও না;	
	اِنَّ وَلِیِّ اللّٰهُ الَّذِیْ نَزَّلَ الْكِتٰبَ ۖ وَهُوَ يَتَوَلَّى الصّٰلِحِيْنَ ﴿١٩٦﴾	196
প্রতিবর্ণায়ন	ইন্না ওয়ালিইয়িইয়াল্লা–হুল্লায ী নাঝ্‌ঝালাল কিতা–বা (ز) ওয়া হুওয়া ইয়াতাওয়াল্লাসসা–লিহ ীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	'আমার অভিভাবক তো আল্লাহ্, যিনি কিতাব অবতীর্ণ করিয়াছেন এবং তিনিই সৎকর্মপরায়ণদের অভিভাবকত্ব করিয়া থাকেন।'	
	وَالَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ لَا يَسْتَطِيْعُوْنَ نَصْرَكُمْ وَلَاۤ اَنْفُسَهُمْ يَنْصُرُوْنَ ﴿۱۹۷﴾	197
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা তাদ'উনা মিং দূনিহী লা-ইয়াছতাতী'উনা নাসরাকুম ওয়ালা-আংফুছাহুম ইয়াংসুরূন।	
তরজমা	আল্লাহ্ ব্যতীত তোমরা যাহাকে আহ্বান কর তাহারা তো তোমাদেরকে সাহায্য করিতে পারে না এবং তাহাদের নিজেদের-কেও নয়।	
	وَاِنْ تَدْعُوْهُمْ اِلَى الْهُدٰى لَا يَسْمَعُوْا ؕ وَتَرٰىهُمْ يَنْظُرُوْنَ اِلَيْكَ وَهُمْ لَا يُبْصِرُوْنَ ﴿۱۹۸﴾	198
প্রতিবর্ণায়ন	ওয়া ইং তাদ'উহুম ইলাল হুদা-লা-ইয়াছমা'উ (ط) ওয়া তারা-হুম ইয়াংজুরুনা ইলাইকা ওয়া হুম লা- ইউবসিরূন।	
তরজমা	যদি তাহাদেরকে সৎপথে আহ্বান কর তবে তাহারা শ্রবণ করিবে না এবং তুমি দেখিতে পাইবে যে, তাহারা তোমার দিকে তাকাইয়া আছে ; কিন্তু তাহারা দেখে না।	
	خُذِ الْعَفْوَ وَاْمُرْ بِالْعُرْفِ وَاَعْرِضْ عَنِ الْجٰهِلِيْنَ ﴿۱۹۹﴾	199
প্রতিবর্ণায়ন	খুযি ল 'আফওয়া ওয়া'মুর বিল 'উরফি ওয়া আ'রিদ 'আনিল জা-হিলীন।	
তরজমা	তুমি ক্ষমাপরায়ণতা অবলম্বন কর, সৎকাজের নির্দেশ দাও এবং অজ্ঞদেরকে এড়াইয়া চল।	
	وَاِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللّٰهِ ؕ اِنَّهٗ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿۲۰۰﴾	200
প্রতিবর্ণায়ন	ওয়া ইম্মা-ইয়াংঝাগান্নাকা মিনাশশাইত া-নি নাঝগুং ফাছতা'ইয বিল্লা-হি (ط) ইন্নাহূ ছামী'উন 'আলীম।	
তরজমা	যদি শয়তানের কুমন্ত্রণা তোমাকে প্ররোচিত করে তবে আল্লাহ্র শরণ লইবে; তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	اِنَّ الَّذِيْنَ اتَّقَوْا اِذَا مَسَّهُمْ طٰۤىِٕفٌ مِّنَ الشَّيْطٰنِ تَذَكَّرُوْا فَاِذَا هُمْ مُّبْصِرُوْنَ ﴿۲۰۱﴾	201
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনাত তাক াও ইয া- মাছ্ছাহুম তা~ইফুম মিনাশশাইত া-নি তায াক্কারূ ফাইয া-হুম মুবসিরূন।	
তরজমা	যাহারা তাক্ওয়ার অধিকারী হয় তাহাদেরকে শয়তান যখন কুমন্ত্রণা দেয় তখন তাহারা আল্লাহ্কে স্মরণ করে এবং তৎক্ষণাৎ তাহাদের চোখ খুলিয়া যায়।	
	وَاِخْوَانُهُمْ يَمُدُّوْنَهُمْ فِى الْغَىِّ ثُمَّ لَا يُقْصِرُوْنَ ﴿۲۰۲﴾	202
প্রতিবর্ণায়ন	ওয়া ইখওয়া-নুহুম ইয়ামুদ্দূনাহুম ফিল গাইয়ি ছু ম্মা লা-ইউক সিরূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তাহাদের সঙ্গী-সাথিগণ তাহাদেরকে ভ্রান্তির দিকে টানিয়া নেয় এবং এ বিষয়ে তাহারা কোন ত্রুটি করে না।	
	وَإِذَا لَمْ تَأْتِهِم بِآيَةٍ قَالُوا لَوْلَا اجْتَبَيْتَهَا ۚ قُلْ إِنَّمَا أَتَّبِعُ مَا يُوحَىٰ إِلَيَّ مِن رَّبِّي ۚ هَٰذَا بَصَائِرُ مِن رَّبِّكُمْ وَهُدًى وَرَحْمَةٌ لِّقَوْمٍ يُؤْمِنُونَ ﴿٢٠٣﴾	**203**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-লাম তা'তিহিম বিআ-য়াতিন কা-লূ লাওলাজ তাবাইতাহা- (ط) কুল ইন্নামা~ আত্তাবি'উ মা-ইউহা~ ইলাইইয়া মির্‌রাব্বী (ج) হা-যা- বাসা~ইরু মির্‌রাব্বিকুম ওয়া হুদাওঁ ওয়া রাহ'মাতুল্ লিকা'ওমিইঁ ইউ'মিনূন।	
তরজমা	তুমি যখন তাহাদের নিকট কোন নিদর্শন উপস্থিত কর না, তখন তাহারা বলে, 'তুমি নিজেই একটি নিদর্শন বাছিয়া নাও না কেন?' বল, 'আমার প্রতিপালক দ্বারা আমি যে বিষয়ে প্রত্যাদিষ্ট হই, আমি তো শুধু তাহারই অনুসরণ করি; এই কুরআন তোমাদের প্রতিপালকের নিদর্শন, বিশ্বাসী সম্প্রদায়ের জন্য ইহা হিদায়াত ও রহমত।'	
	وَإِذَا قُرِئَ الْقُرْآنُ فَاسْتَمِعُوا لَهُ وَأَنصِتُوا لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿٢٠٤﴾	**204**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-কু'রিয়াল কু'রআ-নু ফাছতামি'উ লাহূ ওয়া আংসিতূ লা'আল্লাকুম তুরহা'মূন।	
তরজমা	যখন কুরআন পাঠ করা হয় তখন তোমরা মনোযোগের সঙ্গে উহা শ্রবণ করিবে এবং নিশ্চুপ হইয়া থাকিবে, যাহাতে তোমাদের প্রতি দয়া করা হয়।	
	وَاذْكُر رَّبَّكَ فِي نَفْسِكَ تَضَرُّعًا وَخِيفَةً وَدُونَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ وَالْآصَالِ وَلَا تَكُن مِّنَ الْغَافِلِينَ ﴿٢٠٥﴾	**205**
প্রতিবর্ণায়ন	ওয়ায'কু'র রাব্বাকা ফী নাফছিকা তাদ'াররু'আওঁ ওয়া খীফাতওঁ ওয়া দূনাল জাহরি মিনাল কা'ওলি বিলগুদুওবি ওয়াল আ-সা-লি ওয়ালা- তাকুম্ মিনাল গা-ফিলীন।	
তরজমা	তোমার প্রতিপালককে মনে মনে বিনীত ও সশংকচিত্তে অনুচ্চস্বরে প্রত্যূষে ও সন্ধ্যায় স্মরণ করিবে এবং তুমি উদাসীন হইবে না।	
	إِنَّ الَّذِينَ عِندَ رَبِّكَ لَا يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِهِ وَيُسَبِّحُونَهُ وَلَهُ يَسْجُدُونَ ۩ ﴿٢٠٦﴾	**206**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা 'ইন্দা রাব্বিকা লা-ইয়াছতাকবিরূনা 'আন 'ইবা-দাতিহী ওয়া ইউছাব্বিহূ'নাহূ ওয়া লাহূ ইয়াছজুদূন। (ছিজ্‌দাহ-১)	
তরজমা	যাহারা তোমার প্রতিপালকের সান্নিধ্যে রহিয়াছে তাহারা অহংকারবশত তাঁহার 'ইবাদতে বিমুখ হয় না ও তাঁহারই মহিমা ঘোষণা করে এবং তাঁহারই নিকট সিজ্‌দাবনত হয়।	

8 - Al-'Anfal-আনফাল -الأنفال

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	يَسۡـَٔلُوۡنَكَ عَنِ الۡاَنۡفَالِ ؕ قُلِ الۡاَنۡفَالُ لِلّٰهِ وَ الرَّسُوۡلِ ۚ فَاتَّقُوا اللّٰهَ وَ اَصۡلِحُوۡا ذَاتَ بَيۡنِكُمۡ ۪ وَ اَطِيۡعُوا اللّٰهَ وَ رَسُوۡلَهٗۤ اِنۡ كُنۡتُمۡ مُّؤۡمِنِيۡنَ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইয়াছআলূনাকা 'আনিল আংফা-লি (ط) কু'লিল আংফা-লু লিল্লা-হি ওয়ার্‌রাছূলি (ج) ফাত্তাকু'ল্লা-হা ওয়া আসলিহূ' য'া-তা বাইনিকুম (ص) ওয়া আতী'উল্লা-হা ওয়া রাছূলাহূ~ইং কুংতুম মু'মিনীন।	
তরজমা	লোকে তোমাকে যুদ্ধলব্ধ সম্পদ সম্বন্ধে প্রশ্ন করে ; বল, 'যুদ্ধলব্ধ সম্পদ আল্লাহ্ এবং রাসূলের; সুতরাং আল্লাহ্‌কে ভয় কর এবং নিজেদের মধ্যে সদ্ভাব স্থাপন কর, এবং আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য কর, যদি তোমরা মু'মিন হও।'	
	اِنَّمَا الۡمُؤۡمِنُوۡنَ الَّذِيۡنَ اِذَا ذُكِرَ اللّٰهُ وَجِلَتۡ قُلُوۡبُهُمۡ وَ اِذَا تُلِيَتۡ عَلَيۡهِمۡ اٰيٰتُهٗ زَادَتۡهُمۡ اِيۡمَانًا وَّ عَلٰى رَبِّهِمۡ يَتَوَكَّلُوۡنَ ۚ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ইন্নামাল মু'মিনূনাল্লায'ীনা ইয'া-য'ুকিরাল্লা-হু ওয়াজিলাত কু'লূবুহুম ওয়া ইয'া- তুলিয়াত 'আলাইহিম আ-ইয়া-তুহূ ঝা-দাত্‌হুম ঈমা-নাওঁ ওয়া 'আলা-রাব্বিহিম ইয়াতাওয়াক্কালূন।	
তরজমা	মু'মিন তো তাহারাই, যাহাদের হৃদয় কম্পিত হয় যখন আল্লাহ্‌কে স্মরণ করা হয় এবং যখন তাঁহার আয়াত তাহাদের নিকট পাঠ করা হয়, তখন উহা তাহাদের ঈমান বৃদ্ধি করে এবং তাহারা তাহাদের প্রতিপালকের উপরই নির্ভর করে,	
	الَّذِيۡنَ يُقِيۡمُوۡنَ الصَّلٰوةَ وَ مِمَّا رَزَقۡنٰهُمۡ يُنۡفِقُوۡنَ ؕ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইউক'ীমূনাস্‌সালা-তা ওয়া মিম্মা- রাঝাক্'না-হুম ইউংফিকূ'ন।	
তরজমা	যাহারা সালাত কায়েম করে এবং আমি যাহা দিয়াছি তাহা হইতে ব্যয় করে;	
	اُولٰٓـئِكَ هُمُ الۡمُؤۡمِنُوۡنَ حَقًّا ؕ لَهُمۡ دَرَجٰتٌ عِنۡدَ رَبِّهِمۡ وَ مَغۡفِرَةٌ وَّ رِزۡقٌ كَرِيۡمٌ ۚ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	উলা~ইকা হুমুল মু'মিনূনা হ'াক্ক'ান (ط) লাহুম দারাজা-তুন 'ইংদা রাব্বিহিম ওয়া মাগফিরাতুওঁ ওয়া রিঝকু'ং কারীম।	
তরজমা	তাহারাই প্রকৃত মু'মিন। তাহাদের প্রতিপালকের নিকট তাহাদেরই জন্য রহিয়াছে মর্যাদা, ক্ষমা এবং সম্মানজনক জীবিকা।	

	كَمَآ اَخۡرَجَكَ رَبُّكَ مِنۡۢ بَيۡتِكَ بِالۡحَـقِّ ۖ وَاِنَّ فَرِيۡقًا مِّنَ الۡمُؤۡمِنِيۡنَ لَـكٰرِهُوۡنَ ۙ‏ ﴿٥﴾	**5**
প্রতিবর্ণায়ন	কামা~আখরাজাকা রাব্বুকা মিম বাইতিকা বিলহ'াক্কি' (ص) ওয়া ইন্না ফারীক'াম মিনাল মু'মিনীনা লাকা-রিহূন।	
তরজমা	ইহা এইরূপ, যেমন তোমার প্রতিপালক তোমাকে ন্যায়ভাবে তোমার গৃহ হইতে বাহির করিয়াছিলেন অথচ মু'মিনদের এক দল ইহা পসন্দ করে নাই।	
	يُجَادِلُوۡنَكَ فِى الۡحَـقِّ بَعۡدَمَا تَبَيَّنَ كَاَنَّمَا يُسَاقُوۡنَ اِلَى الۡمَوۡتِ وَهُمۡ يَنۡظُرُوۡنَ ؕ‏ ﴿٦﴾	**6**
প্রতিবর্ণায়ন	ইউজা-দিলূনাকা ফিল হ'াক্কি' বা'দা মা-তাবাইইয়ানা কাআন্নামা-ইউছা-কূ'না ইলাল মাওতি ওয়া হুম ইয়াংজু'রুন।	
তরজমা	সত্য স্পষ্টভাবে প্রকাশিত হওয়ার পরও তাহারা তোমার সঙ্গে বিতর্কে লিপ্ত হয়। মনে হইতেছিল তাহারা যেন মৃত্যুর দিকে চালিত হইতেছে আর তাহারা যেন উহা প্রত্যক্ষ করিতেছে।	
	وَاِذۡ يَعِدُكُمُ اللّٰهُ اِحۡدَى الطَّآٮِٕفَتَيۡنِ اَنَّهَا لَـكُمۡ وَتَوَدُّوۡنَ اَنَّ غَيۡرَ ذَاتِ الشَّوۡكَةِ تَكُوۡنُ لَـكُمۡ وَيُرِيۡدُ اللّٰهُ اَنۡ يُّحِقَّ الۡحَـقَّ بِكَلِمٰتِهٖ وَيَقۡطَعَ دَابِرَ الۡـكٰفِرِيۡنَۙ‏ ﴿٧﴾	**7**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয' ইয়া'ইদুকুমুল্লা-হু ইহ'দাত্'ত'া~ইফাতাইনি আন্নাহা-লাকুম ওয়া তাওয়াদ্দূনা আন্না গাইরা য'া-তিশ্শাওকাতি তাকূনু লাকুম ওয়া ইউরীদুল্লা-হু আইঁ ইউহি'ক্ক'াল্ হ'াক্ক'া বিকালিমা-তিহী ওয়া ইয়াক'ত'া'আ দা-বিরাল কা-ফিরীন।	
তরজমা	স্মরণ কর, আল্লাহ্ তোমাদেরকে প্রতিশ্রুতি দেন যে, দুই দলের একদল তোমাদের আয়ত্তাধীন হইবে; অথচ তোমরা চাহিতেছিলে, নিরস্ত্র দলটি তোমাদের আয়ত্তাধীন হউক। আর আল্লাহ্ চাহিতেছিলেন যে, তিনি সত্যকে তাঁহার বাণী দ্বারা প্রতিষ্ঠিত করেন এবং কাফিরদেরকে নির্মূল করেন;	
	لِيُحِقَّ الۡحَـقَّ وَيُبۡطِلَ الۡبَاطِلَ وَلَوۡ كَرِهَ الۡمُجۡرِمُوۡنَ‌ۚ‏ ﴿٨﴾	**8**
প্রতিবর্ণায়ন	লিইউহি'ক্ক'াল হ'াক্ক'া ওয়া ইউব্তি'লাল বা-তি'লা ওয়া লাও কারিহাল মুজ'রিমূন।	
তরজমা	ইহা এইজন্য যে, তিনি সত্যকে সত্য ও অসত্যকে অসত্য প্রতিপন্ন করেন, যদিও অপরাধীরা ইহা পছন্দকরে না।	
	اِذۡ تَسۡتَغِيۡثُوۡنَ رَبَّكُمۡ فَاسۡتَجَابَ لَـكُمۡ اَنِّىۡ مُمِدُّكُمۡ بِاَلۡفٍ مِّنَ الۡمَلٰٓٮِٕكَةِ مُرۡدِفِيۡنَ‏ ﴿٩﴾	**9**
প্রতিবর্ণায়ন	ইয' তাছতাগীছূ'না রাব্বাকুম ফাছতাজা-বা লাকুম আন্নী মুমিদ্দুকুম বিআলফিম মিনাল মালা~ইকাতি মুরদিফীন।	

তরজমা	স্মরণ কর, যখন তোমরা তোমাদের প্রতিপালকের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছিলে; তখন তিনি তোমাদেরকে জবাব দিয়াছিলেন, 'আমি তোমাদেরকে সাহায্য করিব এক সহস্র ফিরিশ্‌তা দ্বারা, যাহারা একের পর এক আসিবে।'	
	وَمَا جَعَلَهُ اللّٰهُ اِلَّا بُشْرٰى وَلِتَطْمَىِٕنَّ بِهٖ قُلُوْبُكُمْ ۚ وَمَا النَّصْرُ اِلَّا مِنْ عِنْدِ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়ামা-জা'আলাহুল্লা-হু ইল্লা- বুশরা- ওয়া লিতাতমাইন্না বিহী কু লূবুকুম (ج) ওয়া মাং নাসরু ইল্লা-মিন 'ইংদিল্লা-হি (ط) ইন্নাল্লা-হা 'আঝীঝুন হা কীম।	
তরজমা	আল্লাহ্ ইহা করেন কেবল শুভ সংবাদ দেওয়ার জন্য এবং এই উদ্দেশ্যে, যাহাতে তোমাদের চিত্ত প্রশান্তি লাভ করে; এবং সাহায্য তো শুধু আল্লাহ্‌র নিকট হইতেই আসে; নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	اِذْ يُغَشِّيْكُمُ النُّعَاسَ اَمَنَةً مِّنْهُ وَيُنَزِّلُ عَلَيْكُمْ مِّنَ السَّمَآءِ مَآءً لِّيُطَهِّرَكُمْ بِهٖ وَيُذْهِبَ عَنْكُمْ رِجْزَ الشَّيْطٰنِ وَلِيَرْبِطَ عَلٰى قُلُوْبِكُمْ وَيُثَبِّتَ بِهِ الْاَقْدَامَ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ইয ইউগাশশীকুমুন নু'আ-ছা আমানাতাম মিনহু ওয়া ইউনাঝঝিলু 'আলাইকুম মিনাছ্ছামা~ই মা~আল লিইউত াহ্হিরাকুম বিহী ওয়া ইউয হিবা 'আংকুম রিজঝাশ্শাইত া-নি ওয়া লিইয়ারবিত া 'আলা-কু লূবিকুম ওয়া ইউছ াব্বিতা বিহিল আক দা-ম।	
তরজমা	স্মরণ কর, তিনি তাঁহার পক্ষ হইতে স্বস্তির জন্য তোমাদেরকে তন্দ্রায় আচ্ছন্ন করেন এবং আকাশ হইতে তোমাদের উপর বারি বর্ষণ করেন উহা দ্বারা তোমাদেরকে পবিত্র করিবার জন্য, তোমাদের মধ্য হইতে শয়তানের কুমন্ত্রণা অপসারণের জন্য, তোমাদের হৃদয় দৃঢ় করিবার জন্য এবং তোমাদের পা স্থির রাখিবার জন্য।	
	اِذْ يُوْحِيْ رَبُّكَ اِلَى الْمَلٰٓىِٕكَةِ اَنِّيْ مَعَكُمْ فَثَبِّتُوا الَّذِيْنَ اٰمَنُوْا ؕ سَاُلْقِيْ فِيْ قُلُوْبِ الَّذِيْنَ كَفَرُوا الرُّعْبَ فَاضْرِبُوْا فَوْقَ الْاَعْنَاقِ وَاضْرِبُوْا مِنْهُمْ كُلَّ بَنَانٍ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ইয ইউহ ী রাব্বুকা ইলাল মালা~ইকাতি আন্নী মা'আকুম ফাছ াব্বিতুল্লায ীনা আ-মানূ (ط) ছাউলক ী ফী কু লূবিল্লায ীনা কাফারূর্‌রু'বা ফাদ রিবূ ফাওক াল আ'না-কি ওয়াদ রিবূ মিনহুম কুল্লা বানা-ন।	
তরজমা	স্মরণ কর, তোমাদের প্রতিপালক ফিরিশ্‌তাগণের প্রতি প্রত্যাদেশ করেন, 'আমি তোমাদের সঙ্গে আছি, সুতরাং মু'মিনগণকে অবিচলিত রাখ।' যাহারা কুফরী করে আমি তাহাদের হৃদয়ে ভীতির সঞ্চার করিব ; সুতরাং তোমরা আঘাত কর তাহাদের স্কন্ধে ও আঘাত কর তাহাদের প্রত্যেক আঙ্গুলের অগ্রভাগে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	ذٰلِكَ بِاَنَّهُمْ شَآقُّوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ۚ وَمَنْ يُّشَاقِقِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَاِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	য়া–লিকা বিআন্নাহুম শা~ক্কুল্লা–হা ওয়া রাছূলাহূ (ج) ওয়া মাইঁ ইউশা~কিকিল্লা–হা ওয়া রাছূলাহূ ফাইন্নাল্লা–হা শাদীদুল ‘ইকা–ব।	
তরজমা	ইহা এইহেতু যে, তাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরোধিতা করে এবং কেহ আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরোধিতা করিলে আল্লাহ্ তো শাস্তিদানে কঠোর।	
	ذٰلِكُمْ فَذُوْقُوْهُ وَاَنَّ لِلْكٰفِرِيْنَ عَذَابَ النَّارِ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	য়া–লিকুম ফায়ূকূহু ওয়া আন্না লিলকা–ফিরীনা ‘আযা–বান্না–র।	
তরজমা	সুতরাং ইহার আস্বাদ গ্রহণ কর এবং কাফিরদের জন্য দোজখের শাস্তি রহিয়াছে।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِذَا لَقِيْتُمُ الَّذِيْنَ كَفَرُوْا زَحْفًا فَلَا تُوَلُّوْهُمُ الْاَدْبَارَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায়ীনা আ–মানূ–ইযা– লাকীতুমুল্লায়ীনা কাফারূ ঝাহফাং ফালা–তুওয়াল্লুহুমুল আদবা–র।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা যখন কাফির বাহিনীর সম্মুখীন হইবে তখন তোমরা তাহাদের পৃষ্ঠপ্রদর্শন করিবে না;	
	وَمَنْ يُّوَلِّهِمْ يَوْمَئِذٍ دُبُرَهٗۤ اِلَّا مُتَحَرِّفًا لِّقِتَالٍ اَوْ مُتَحَيِّزًا اِلٰى فِئَةٍ فَقَدْ بَآءَ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ وَمَاْوٰىهُ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইউওয়াল্লিহিম ইয়াওমায়িযিং দুবুরাহূ~ইল্লা– মুতাহাররিফাল্ লিকিতা–লিন আও মুতাহাইয়িঝান ইলা– ফিআতিং ফাকাদ বা~আ বিগাদাবিম মিনাল্লা–হি ওয়া মা’ওয়া–হু জাহান্নামু (ط) ওয়াবি’ছাল মাসীর।	
তরজমা	সেদিন যুদ্ধ-কৌশল অবলম্বন কিংবা দলে স্থান নেওয়া ব্যতীত কেহ তাহাদেরকে পৃষ্ঠপ্রদর্শন করিলে সে তো আল্লাহ্‌র বিরাগভাজন হইবে এবং তাহার আশ্রয় জাহান্নাম, আর উহা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল!	
	فَلَمْ تَقْتُلُوْهُمْ وَلٰكِنَّ اللّٰهَ قَتَلَهُمْ ۖ وَمَا رَمَيْتَ اِذْ رَمَيْتَ وَلٰكِنَّ اللّٰهَ رَمٰى ۚ وَلِيُبْلِيَ الْمُؤْمِنِيْنَ مِنْهُ بَلَآءً حَسَنًا ؕ اِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ফালাম তাকতুলূহুম ওয়ালা–কিন্নাল্লা–হা কাতালাহুম (ص) ওয়ামা–রামাইতা ইয রামাইতা ওয়ালা–কিন্নাল্লা–হা রামা– (ج) ওয়ালি ইউবলিয়াল মু’মিনীনা মিনহু বালা~আন হাছানান (ط) ইন্নাল্লা–হা ছামী‘উন আলীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তোমরা তাহাদেরকে হত্যা কর নাই, আল্লাহ্ই তাহাদেরকে হত্যা করিয়াছেন, এবং তুমি যখন নিক্ষেপ করিয়াছিলে তখন তুমি নিক্ষেপ কর নাই, আল্লাহ্ই নিক্ষেপ করিয়াছিলেন, এবং ইহা মু'মিনগণকে আল্লাহ্র পক্ষ হইতে উত্তমরূপে পরীক্ষা করিবার জন্য ; আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	ذٰلِكُمْ وَاَنَّ اللّٰهَ مُوْهِنُ كَيْدِ الْكٰفِرِيْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	য া-লিকুম ওয়াআন্নাল্লা-হা মূহিনু কাইদিল কা-ফিরীন।	
তরজমা	ইহাই তোমাদের জন্য, আল্লাহ্ কাফিরদের ষড়যন্ত্র দুর্বল করেন।	
	اِنْ تَسْتَفْتِحُوْا فَقَدْ جَآءَكُمُ الْفَتْحُ ۚ وَاِنْ تَنْتَهُوْا فَهُوَ خَيْرٌ لَّكُمْ ۚ وَاِنْ تَعُوْدُوْا نَعُدْ ۚ وَلَنْ تُغْنِيَ عَنْكُمْ فِئَتُكُمْ شَيْـًٔا وَّلَوْ كَثُرَتْ ۙ وَاَنَّ اللّٰهَ مَعَ الْمُؤْمِنِيْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ইং তাছতাফতিহু ফাক াদ জা~আকুমুল ফাতহু (ج) ওয়া ইং তাংতাহূ ফাহুওয়া খাইরুল্লাকুম (ج) ওয়া ইং তা'উদূ না'উদ (ج) ওয়া লাং তুগনিয়া 'আংকুম ফিআতুকুম শাইআওঁ ওয়ালাও কাছু রাত (ل) ওয়া আন্নাল্লা-হা মা'আল মু'মিনীন।	
তরজমা	তোমরা মীমাংসা চাহিয়াছিলে, তাহা তো তোমাদের নিকট আসিয়াছে; যদি তোমরা বিরত হও তবে উহা তোমাদের জন্য কল্যাণকর ; যদি তোমরা পুনরায় কর তাতে আমিও পুনরায় শাস্তি দিব এবং তোমাদের দল সংখ্যায় অধিক হইলেও তোমাদের কোন কাজে আসিবে না, এবং নিশ্চয়ই আল্লাহ্ মু'মিনদের সঙ্গে রহিয়াছেন।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ وَلَا تَوَلَّوْا عَنْهُ وَاَنْتُمْ تَسْمَعُوْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ আত ী'উল্লা-হা ওয়া রাছূলাহূ ওয়ালা-তাওয়াল্লাও 'আনহু ওয়া আংতুম তাছমা'উন।	
তরজমা	হে মু'মিনগণ! আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য কর এবং তোমরা যখন তাহার কথা শ্রবণ করিতেছ তখন উহা হইতে মুখ ফিরাইও না;	
	وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ قَالُوْا سَمِعْنَا وَهُمْ لَا يَسْمَعُوْنَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাকূনূ ক াল্লায ীনা ক া-লূ ছামি'না- ওয়া হুম লা- ইয়াছমা'উন।	
তরজমা	এবং তোমরা তাহাদের ন্যায় হইও না, যাহারা বলে, 'শ্রবণ করিলাম', বস্তুত তাহারা শ্রবণ করে না।	
	اِنَّ شَرَّ الدَّوَآبِّ عِنْدَ اللّٰهِ الصُّمُّ الْبُكْمُ الَّذِيْنَ لَا يَعْقِلُوْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ইন্না শার্‌রাদ্‌দাওয়া~ব্বি 'ইংদাল্লা-হিসসুম্মুল বুকমুল্লায ীনা লা-ইয়া'কি লূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আল্লাহ্‌র নিকট নিকৃষ্টতম জীব সেই বধির ও মূক যাহারা কিছুই বোঝে না।	
	وَلَوْ عَلِمَ اللّٰهُ فِيْهِمْ خَيْرًا لَّاَسْمَعَهُمْ ؕ وَلَوْ اَسْمَعَهُمْ لَتَوَلَّوْا وَّهُمْ مُّعْرِضُوْنَ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়া লাও ‘আলিমাল্লা–হু ফীহিম খাইরাল্ লাআছ্‌মা‘আহুম (ط) ওয়া লাও আছমা‘আহুম লাতাওয়াল্লাওঁ ওয়া হুম মু‘রিদূ‍ন।	
তরজমা	আল্লাহ্ যদি তাহাদের মধ্যে ভাল কিছু দেখিতেন তবে তিনি তাহাদেরকেও শুনাইতেন, কিন্তু তিনি তাহাদেরকে শুনাইলেও তাহারা উপেক্ষা করিয়া মুখ ফিরাইত।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اسْتَجِيْبُوْا لِلّٰهِ وَلِلرَّسُوْلِ اِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيْكُمْ ۚ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ يَحُوْلُ بَيْنَ الْمَرْءِ وَقَلْبِهٖ وَاَنَّهٗۤ اِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায ীনা আ–মানুছ্‌তাজীবূ লিল্লা–হি ওয়ালিররাছূলি ইয া– দা‘আ–কুম লিমা–ইউহ য়ীকুম (ط) ওয়া‘লামূ আন্নাল্লা–হা ইয়াহূ লু বাইনাল্ মারয়ি ওয়া ক ালবিহী ওয়া আন্নাহূ˜ইলাইহি তুহ শারূন।	
তরজমা	হে মু’মিনগণ! রাসূল যখন তোমাদেরকে এমন কিছুর দিকে আহ্বান করে যাহা তোমাদেরকে প্রাণবন্ত করে, তখন আল্লাহ্ ও রাসূলের আহ্বানে সাড়া দিবে এবং জানিয়া রাখ, আল্লাহ্ মানুষ ও তাহার অন্তরের মধ্যবর্তী হইয়া থাকেন, এবং তাঁহারই নিকট তোমাদেরকে একত্র করা হইবে।	
	وَاتَّقُوْا فِتْنَةً لَّا تُصِيْبَنَّ الَّذِيْنَ ظَلَمُوْا مِنْكُمْ خَآصَّةً ۚ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকূ ফিতনাতাল্ লা–তুসীবান্নাল্লায ীনা জ ালামূ মিংকুম খা~সসাতাওঁ (ط) ওয়া‘লামূ˜আন্নাল্লা–হা শাদীদুল ‘ইক া–ব।	
তরজমা	তোমরা এমন ফিত্‌নাকে ভয় কর যাহা বিশেষ করিয়া তোমাদের মধ্যে যাহারা জালিম কেবল তাহাদেরকেই ক্লিষ্ট করিবে না এবং জানিয়া রাখ, নিশ্চয় আল্লাহ্ শাস্তিদানে কঠোর।	
	وَاذْكُرُوْۤا اِذْ اَنْتُمْ قَلِيْلٌ مُّسْتَضْعَفُوْنَ فِى الْاَرْضِ تَخَافُوْنَ اَنْ يَّتَخَطَّفَكُمُ النَّاسُ فَاٰوٰىكُمْ وَاَيَّدَكُمْ بِنَصْرِهٖ وَرَزَقَكُمْ مِّنَ الطَّيِّبٰتِ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়ায কুরূ˜ ইয আংতুম ক ালীলুম মুছতাদ ‘আফূনা ফিল আরদি তাখা–ফূনা আইঁ ইয়াতাখাত্ত াফাকুমুন্‌না–ছু ফাআ–ওয়া কুম ওয়া আইইয়াদাকুম বিনাস্‌রিহী ওয়া রাঝাক াকুম মিনাত্ ত াইয়িবা–তি লা‘আল্লাকুম তাশকুরূন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	স্মরণ কর, তোমরা ছিলে স্বল্পসংখ্যক; পৃথিবীতে তোমরা দুর্বলরূপে পরিগণিত হইতে। তোমরা আশংকা করিতে যে, লোকেরা তোমাদেরকে অকস্মাৎ ধরিয়া লইয়া যাইবে। অতঃপর তিনি তোমাদেরকে আশ্রয় দেন, স্বীয় সাহায্য দ্বারা তোমাদেরকে শক্তিশালী করেন এবং তোমাদেরকে উত্তম বস্তুসমূহ জীবিকারূপে দান করেন, যাহাতে তোমরা কৃতজ্ঞ হও।	
	يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَخُوْنُوا اللّٰهَ وَالرَّسُوْلَ وَتَخُوْنُوْٓا اَمٰنٰتِكُمْ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٢٧﴾	**27**
প্রতিবর্ণায়ন	ইয়া ̃আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা- তাখূনুল্লা-হা ওয়ার্ রাছূলা ওয়া তাখূনূ ̃আমা-না-তিকুম ওয়া আংতুম তা‘লামুন।	
তরজমা	হে মু’মিনগণ! জানিয়া-শুনিয়া আল্লাহ্ ও তাঁহার রাসূলের সঙ্গে বিশ্বাস ভংগ করিবে না এবং তোমাদের পরস্পরের আমানত সম্পর্কেও বিশ্বাস ভংগ করিও না;	
	وَاعْلَمُوْٓا اَنَّمَآ اَمْوَالُكُمْ وَاَوْلَادُكُمْ فِتْنَةٌ ۙ وَّاَنَّ اللّٰهَ عِنْدَهٗٓ اَجْرٌ عَظِيْمٌ ﴿٢٨﴾	**28**
প্রতিবর্ণায়ন	ওয়া‘লামূ ̃আন্নামা ̃আমওয়া-লুকুম ওয়া আওলা-দুকুম ফিতনাতুওঁ (ۙ) ওয়া আন্নাল্লা-হা ‘ইংদাহু ̃আজরুন্ ‘আজ ীম।	
তরজমা	এবং জানিয়া রাখ, তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তো এক পরীক্ষা এবং আল্লাহ্রই নিকট মহাপুরস্কার রহিয়াছে।	
	يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ تَتَّقُوا اللّٰهَ يَجْعَلْ لَّكُمْ فُرْقَانًا وَّيُكَفِّرْ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَيَغْفِرْ لَكُمْ ۗ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿٢٩﴾	**29**
প্রতিবর্ণায়ন	ইয়া ̃আইয়ুহাল্লায ীনা আ-মানূ ইং তাত্তাকু ল্লা-হা ইয়াজ‘আল্লাকুম ফুরক া-নাওঁ ওয়া ইউকাফ্ফির্ ‘আংকুম ছাইয়িআ-তিকুম ওয়া ইয়াগফির লাকুম (ط) ওয়াল্লা-হু যু ল ফাদ লিল ‘আজ ীম্।	
তরজমা	হে মু’মিনগণ! যদি তোমরা আল্লাহ্কে ভয় কর তবে আল্লাহ্ তোমাদেরকে ন্যায়-অন্যায় পার্থক্য করিবার শক্তি দিবেন, তোমাদের পাপ মোচন করিবেন এবং তোমাদেরকে ক্ষমা করিবেন এবং আল্লাহ্ অতিশয় মঙ্গলময়।	
	وَاِذْ يَمْكُرُ بِكَ الَّذِيْنَ كَفَرُوْا لِيُثْبِتُوْكَ اَوْ يَقْتُلُوْكَ اَوْ يُخْرِجُوْكَ ۗ وَيَمْكُرُوْنَ وَيَمْكُرُ اللّٰهُ ۗ وَاللّٰهُ خَيْرُ الْمٰكِرِيْنَ ﴿٣٠﴾	**30**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ইয়ামকুরু বিকাল্লায ীনা কাফারূ লিইউছ বিতূকা আও ইয়াক তুলূকা আও ইউখরিজুকা (ط) ওয়া ইয়ামকুরূনা ওয়া ইয়ামকুরুল্লা-হু (ط) ওয়াল্লা-হু খাইরুল মা-কিরীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	স্মরণ কর, কাফিররা তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে তোমাকে বন্দী করিবার জন্য, হত্যা করিবার অথবা নির্বাসিত করিবার জন্য এবং তাহারা ষড়যন্ত্র করে এবং আল্লাহ্ও কৌশল করেন; আর আল্লাহ্ই সর্বশ্রেষ্ঠ কৌশলী।	
	وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا قَالُوْا قَدْ سَمِعْنَا لَوْ نَشَآءُ لَقُلْنَا مِثْلَ هٰذَآ ۙ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٣١﴾	**31**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা–তুতলা–‘আলাইহিম আ–য়া–তুনা–কা–লূ কাদ ছামি‘না–লাও নাশা~উ লাকুলনা– মিছলা হা–যা~ (ۙ) ইন হা–যা~ ইল্লা~ আছা–তীরুল আওওয়ালীন।	
তরজমা	যখন তাহাদের নিকট আমার আয়াতসমূহ পাঠ করা হয় তাহারা তখন বলে, ‘আমরা তো শ্রবণ করিলাম, ইচ্ছা করিলে আমরাও ইহার অনুরূপ বলিতে পারি, ইহা তো শুধু সেকালের লোকদের উপকথা।’	
	وَاِذْ قَالُوا اللّٰهُمَّ اِنْ كَانَ هٰذَا هُوَ الْحَقَّ مِنْ عِنْدِكَ فَاَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِّنَ السَّمَآءِ اَوِ ائْتِنَا بِعَذَابٍ اَلِيْمٍ ﴿٣٢﴾	**32**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয কা–লুল্লা–হুম্মা ইং কা–না হা–যা–হুওয়াল হাক্কা মিন ‘ইংদিকা ফাআমতির ‘আলাইনা– হিজারাতাম মিনাছ ছামা~ই আবি’তিনা–বি‘আযা–বিন আলীম।	
তরজমা	স্মরণ কর, তাহারা বলিয়াছিল, ‘হে আল্লাহ্! ইহা যদি তোমার পক্ষ হইতে সত্য হয়, তবে আমাদের উপর আকাশ হইতে প্রস্তর বর্ষণ কর কিংবা আমাদেরকে মর্মন্তুদ শাস্তি দাও।’	
	وَمَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ وَاَنْتَ فِيْهِمْ ؕ وَمَا كَانَ اللّٰهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُوْنَ ﴿٣٣﴾	**33**
প্রতিবর্ণায়ন	ওয়ামা–কা–নাল্লা–হু লিইউ‘আযযিবাহুম ওয়া আংতা ফীহিম (ط) ওয়ামা–কা–নাল্লা–হু মু‘আযযিবাহুম ওয়া হুম ইয়াছতাগফিরূন।	
তরজমা	আল্লাহ্ এমন নন যে, তুমি তাহাদের মধ্যে থাকিবে, অথচ তিনি তাহাদেরকে শাস্তি দিবেন, এবং আল্লাহ্ এমনও নন যে, তাহারা ক্ষমা প্রার্থনা করিবে অথচ তিনি তাহাদেরকে শাস্তি দিবেন।	
	وَمَا لَهُمْ اَلَّا يُعَذِّبَهُمُ اللّٰهُ وَهُمْ يَصُدُّوْنَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَمَا كَانُوْٓا اَوْلِيَآءَهٗ ؕ اِنْ اَوْلِيَآؤُهٗٓ اِلَّا الْمُتَّقُوْنَ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٣٤﴾	**34**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ামা-লাহুম আল্লা- ইউ'আয যি বাহুমুল্লা-হু ওয়া হুম ইয়াসুদ্দূনা 'আনিল মাছজিদিল হ ারা-মি ওয়ামা-কা-নূ ˜আওলিয়া~আউহূ (ط) ইন আওলিয়া~উহূ ইল্লাল মুত্তাকূ না ওয়ালা-কিন্না আকছ ারাহুম লা-ইয়া'লামূন।	
তরজমা	এবং তাহাদের কী বা বলিবার আছে যে, আল্লাহ্ তাহাদেরকে শাস্তি দিবেন না, যখন তাহারা লোকদেরকে মসজিদুল হারাম হইতে নিবৃত্ত করে? তাহারা উহার তত্ত্বাবধায়ক নয়, শুধু মুত্তাকীগণই উহার তত্ত্বাবধায়ক; কিন্তু তাহাদের অধিকাংশ ইহা অবগত নয়।	
	وَمَا كَانَ صَلَاتُهُمْ عِنْدَ الْبَيْتِ إِلَّا مُكَاءً وَتَصْدِيَةً ۚ فَذُوقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُونَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়ামা- কা-না সালা-তুহুম 'ইংদাল বাইতি ইল্লা-মুকা-আওঁ ওয়া তাসদিয়াতাং (ط) ফাযূ কূ ল 'আয া-বা বিমা-কুংতুম তাকফুরূন।	
তরজমা	কা'বাগৃহের নিকট শুধু শিস ও করতালি দেওয়াই তাহাদের সালাত, সুতরাং কুফরীর জন্য তোমরা শাস্তি ভোগ কর।	
	إِنَّ الَّذِينَ كَفَرُوا يُنْفِقُونَ أَمْوَالَهُمْ لِيَصُدُّوا عَنْ سَبِيلِ اللَّهِ ۚ فَسَيُنْفِقُونَهَا ثُمَّ تَكُونُ عَلَيْهِمْ حَسْرَةً ثُمَّ يُغْلَبُونَ ۗ وَالَّذِينَ كَفَرُوا إِلَىٰ جَهَنَّمَ يُحْشَرُونَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা কাফারূ ইউংফিকূ না আমওয়া-লাহুম লিয়াসুদ্দূ 'আং ছাবীলিল্লা-হি (ط) ফাছাইউংফিকূ নাহা- ছু ম্মা তাকূনু 'আলাইহিম হ াছরাতাং ছু ম্মা ইউগলাবূনা (ط) ওয়াল্লায ীনা কাফারূ ˜ইলা-জাহান্নামা ইউহ শারূন।	
তরজমা	আল্লাহ্‌র পথ হইতে লোককে নিবৃত্ত করার জন্য কাফিররা তাহাদের ধনসম্পদ ব্যয় করে, তাহারা ধন-সম্পদ ব্যয় করিতেই থাকিবে; অতঃপর উহা তাহাদের মনস্তাপের কারণ হইবে; ইহার পর তাহারা পরাভূত হইবে এবং যাহারা কুফরী করে তাহাদেরকে জাহান্নামে একত্র করা হইবে।	
	لِيَمِيزَ اللَّهُ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ وَيَجْعَلَ الْخَبِيثَ بَعْضَهُ عَلَىٰ بَعْضٍ فَيَرْكُمَهُ جَمِيعًا فَيَجْعَلَهُ فِي جَهَنَّمَ ۚ أُولَٰئِكَ هُمُ الْخَاسِرُونَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	লিয়ামীঝাল্লা-হুল খাবীছ া মিনাত্ ত াইয়িবি ওয়া ইয়াজ'আলাল খাবীছ া বা'দ াহূ 'আলা-বা'দিং ফাইয়ারকুমাহূ জামী'আং ফাইয়াজ'আলাহূ ফী জাহান্নামা (ط) উলা~ইকা হুমুল খা-ছিরূন।	
তরজমা	ইহা এইজন্য যে, আল্লাহ্ কুজনকে সুজন হইতে পৃথক করিবেন এবং কুজনদের এককে অপরের উপর রাখিবেন, অতঃপর সকলকে স্তূপীকৃত করিয়া জাহান্নামে নিক্ষেপ করিবেন, ইহারাই ক্ষতিগ্রস্ত।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قُلْ لِّلَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ يَّنْتَهُوْا يُغْفَرْ لَهُمْ مَّا قَدْ سَلَفَ ۚ وَاِنْ يَّعُوْدُوْا فَقَدْ مَضَتْ سُنَّتُ الْاَوَّلِيْنَ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	কু`ল লিল্লায`িনা কাফারূ~ ইয়ঁ ইয়াংতাহূ ইউগফার্‌লাহুম মা-ক`াদ ছালাফা (ج) ওয়াইয়ঁ ইয়া‘উদূ ফাক`াদ মাদ`াত ছুন্নাতুল আওওয়ালীন।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদেরকে বল, ‘যদি তাহারা বিরত হয় তবে যাহা অতীতে হইয়াছে আল্লাহ্‌ তাহা ক্ষমা করিবেন; কিন্তু তাহারা যদি অন্যায়ের পুনরাবৃত্তি করে তবে পূর্ববর্তীদের দৃষ্টান্ত তো রহিয়াছে।	
	وَقَاتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ كُلُّهٗ لِلّٰهِ ۚ فَاِنِ انْتَهَوْا فَاِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়া ক`া-তিলূহুম হ`াত্তা-লা-তাকূনা ফিতনাতুওঁ ওয়া ইয়াকূনাদ্‌দীনু কুল্লুহূ লিল্লা-হি (ج) ফাইনিং তাহাও ফাইন্নাল্লা-হা বিমা-ইয়া‘মালূনা বাসীর।	
তরজমা	এবং তোমরা তাহাদের বিরুদ্ধে সংগ্রাম করিতে থাকিবে যতক্ষণ না ফিত্‌না দূরীভূত হয় এবং আল্লাহ্‌র দীন সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয় এবং যদি তাহারা বিরত হয় তবে তাহারা যাহা করে আল্লাহ্‌ তো তাহার সম্যক দ্রষ্টা।	
	وَاِنْ تَوَلَّوْا فَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَوْلٰىكُمْ ۗ نِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া ইং তাওয়াল্লাও ফা‘লামূ~আন্নাল্লা-হা মাওলা-কুম (ط) নি‘মাল মাওলা- ওয়া নি‘মান্‌ নাসীর।	
তরজমা	যদি তাহারা মুখ ফিরায় তবে জানিয়া রাখ, আল্লাহ্‌ই তোমাদের অভিভাবক; কত উত্তম অভিভাবক এবং কত উত্তম সাহায্যকারী!	
	وَاعْلَمُوْٓا اَنَّمَا غَنِمْتُمْ مِّنْ شَيْءٍ فَاَنَّ لِلّٰهِ خُمُسَهٗ وَلِلرَّسُوْلِ وَلِذِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَابْنِ السَّبِيْلِ ۙ اِنْ كُنْتُمْ اٰمَنْتُمْ بِاللّٰهِ وَمَآ اَنْزَلْنَا عَلٰى عَبْدِنَا يَوْمَ الْفُرْقَانِ يَوْمَ الْتَقَى الْجَمْعٰنِ ۗ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿۴۱﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়া‘লামূ আন্নামা-গানিমতুম মিং শাইয়িং ফাআন্না লিল্লা-হি খুমুছাহূ ওয়া লির্‌রাছূলি ওয়া লিযি`ল্‌ কু`রবা- ওয়াল ইয়াতা-মা-ওয়াল মাছা-কীনি ওয়াব্‌নিছ ছাবীলি (لا) ইং কুংতুম আ-মাংতুম বিল্লা-হি ওয়া মা~আংঝালনা-‘আলা- ‘আবদিনা-ইয়াওমাল ফুরক`া-নি ইয়াওমাল তাক`াল জাম‘আ-নি (ط) ওয়াল্লা-হু ‘আলা-কুল্লি শাইয়িং ক`াদীর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আরও জানিয়া রাখ, যুদ্ধে যাহা তোমরা লাভ কর তাহার এক-পঞ্চমাংশ আল্লাহ্‌র, রাসূলের, রাসূলের স্বজনদের, ইয়াতীমদের, মিস্‌কীনদের এবং মুসাফিরদের, যদি তোমরা ঈমান রাখ আল্লাহে এবং তাহাতে যাহা মীমাংসার দিন আমি আমার বান্দার প্রতি অবতীর্ণ করিয়াছিলাম, যেই দিন দুই দল পরস্পরের সম্মুখীন হইয়াছিল এবং আল্লাহ্ সর্ববিষয়ে শক্তিমান।	
	اِذْ اَنْتُمْ بِالْعُدْوَةِ الدُّنْيَا وَهُمْ بِالْعُدْوَةِ الْقُصْوٰى وَالرَّكْبُ اَسْفَلَ مِنْكُمْ ؕ وَلَوْ تَوَاعَدْتُّمْ لَاخْتَلَفْتُمْ فِى الْمِيْعٰدِ ۙ وَلٰكِنْ لِّيَقْضِىَ اللّٰهُ اَمْرًا كَانَ مَفْعُوْلًا ۙ لِّيَهْلِكَ مَنْ هَلَكَ عَنْۢ بَيِّنَةٍ وَّيَحْيٰى مَنْ حَىَّ عَنْۢ بَيِّنَةٍ ؕ وَاِنَّ اللّٰهَ لَسَمِيْعٌ عَلِيْمٌ ۙ﴿٤٢﴾	**42**
প্রতিবর্ণায়ন	ইয˙ আংতুম বিল ‘উদওয়াতিদ্‌দুনইয়া–ওয়া হুম বিল‘উদওয়াতিল কু˙সওয়া– ওয়ার্‌রাকবু আছফালা মিংকুম (ط) ওয়া লাও তাওয়া–‘আত্‌তুম লাখতালাফতুম ফিল মী‘আ–দি (ۙ) ওয়ালা–কিল্ লিয়াক˙দি˙ ইয়াল্লা–হু আমরাং কা–না মাফ‘ঊলাল্ (ۙ) লিইয়াহলিকা মান হালাকা ‘আম বাইয়িনাতিওঁ ওয়া ইয়াহ˙ইয়া– মান হ˙াইয়া ‘আম বাইয়িনাতিওঁ; ওয়া ইন্নাল্লা–হা লাছামী‘উন আলীম।	
তরজমা	স্মরণ কর, তোমরা ছিলে উপত্যকার নিকটপ্রান্তে এবং তাহারা ছিল দূরপ্রান্তে আর উষ্ট্রারোহী দল ছিল তোমাদের অপেক্ষা নিম্নভূমিতে। যদি তোমরা পরস্পরের মধ্যে যুদ্ধ সম্পর্কে কোন সিদ্ধান্ত করিতে চাহিতে তবে এই সিদ্ধান্ত সম্পর্কে তোমাদের মধ্যে মতভেদ ঘটিত। কিন্তু যাহা ঘটিবার ছিল, আল্লাহ্ তাহা সম্পন্ন করিলেন, যাহাতে যে কেহ ধ্বংস হইবে সে যেন সত্যাসত্য স্পষ্ট প্রকাশের পর ধ্বংস হয় এবং যে জীবিত থাকিবে সে যেন সত্যাসত্য স্পষ্ট প্রকাশের পর জীবিত থাকে; আল্লাহ্ তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	اِذْ يُرِيْكَهُمُ اللّٰهُ فِىْ مَنَامِكَ قَلِيْلًا ؕ وَلَوْ اَرٰىكَهُمْ كَثِيْرًا لَّفَشِلْتُمْ وَلَتَنَازَعْتُمْ فِى الْاَمْرِ وَلٰكِنَّ اللّٰهَ سَلَّمَ ؕ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿٤٣﴾	**43**
প্রতিবর্ণায়ন	ইয˛ ইউরীকাহুমুল্লা–হু ফী মানা–মিকা ক˙ালীলাওঁ (ط) ওয়া লাও আরা–কাহুম কাছ˙ীরাল লাফাশিলতুম ওয়ালা তানা–ঝা‘তুম ফিল আমরি ওয়ালা– কিন্নাল্লা–হা ছাল্লামা (ط) ইন্নাহূ ‘আলীমুম বিয˙া–তিস্‌সুদূর।	
তরজমা	স্মরণ কর, আল্লাহ্ তোমাকে স্বপ্নে দেখাইয়াছিলেন যে, তাহারা সংখ্যায় অল্প; যদি তোমাকে দেখাইতেন, তাহারা সংখ্যায় অধিক তবে তোমরা সাহস হারাইতে এবং যুদ্ধ বিষয়ে নিজেদের মধ্যে বিরোধ সৃষ্টি করিতে। কিন্তু আল্লাহ্ তোমাদেরকে রক্ষা করিয়াছিলেন এবং অন্তরে যাহা আছে সে সম্বন্ধে তিনি বিশেষভাবে অবহিত।	

| --- | --- | --- |
	وَاِذْ يُرِيْكُمُوْهُمْ اِذِ الْتَقَيْتُمْ فِيْٓ اَعْيُنِكُمْ قَلِيْلًا وَّيُقَلِّلُكُمْ فِيْٓ اَعْيُنِهِمْ لِيَقْضِيَ اللّٰهُ اَمْرًا كَانَ مَفْعُوْلًا ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ ইউরীকুমূহুম ইযিল্তাক্বাইতুম ফী~আ'ইউনিকুম ক্বালীলাওঁ ওয়া ইউক্বাল্লিলুকুম ফী~আ'ইউনিহিম লিয়াক্বদ্বিয়াল্লা-হু আমরাং কা-না মাফ'ঊলাওঁ (ط) ওয়া ইলাল্লা-হি তুরজা'উল উমূর।	
তরজমা	স্মরণ কর, তোমরা যখন পরস্পরের সম্মুখীন হইয়াছিলে তখন তিনি তাহাদেরকে তোমাদের দৃষ্টিতে স্বল্পসংখ্যক দেখাইয়াছিলেন এবং তোমাদেরকে তাহাদের দৃষ্টিতে স্বল্পসংখ্যক দেখাইয়াছিলেন, যাহা ঘটিবার ছিল তাহা সম্পন্ন করিবার জন্য। সমস্ত বিষয় আল্লাহ্র দিকেই প্রত্যাবর্তিত হয়।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا لَقِيْتُمْ فِئَةً فَاثْبُتُوْا وَاذْكُرُوا اللّٰهَ كَثِيْرًا لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লাযীনা আ-মানূ~ ইযা-লাক্বীতুম ফিআতাং ফাছ্বুতূ ওয়াযকুরুল্লা-হা কাছীরাল্ লা'আল্লাকুম তুফ্লিহূন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা যখন কোন দলের সম্মুখীন হইবে তখন অবিচল থাকিবে এবং আল্লাহ্কে অধিক স্মরণ করিবে, যাহাতে তোমরা সফলকাম হও।	
	وَاَطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ وَلَا تَنَازَعُوْا فَتَفْشَلُوْا وَتَذْهَبَ رِيْحُكُمْ وَاصْبِرُوْا ؕ اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া আত্বী'উল্লা-হা ওয়া রাছূলাহূ ওয়ালা-তানা-ঝা'ঊ ফাতাফশালূ ওয়া তায্হাবা রীহুকুম ওয়াসবিরূ (ط) ইন্নাল্লা-হা মা'আস্সা-বিরীন।	
তরজমা	তোমরা আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য করিবে ও নিজেদের মধ্যে বিবাদ করিবে না; করিলে তোমরা সাহস হারাইবে এবং তোমাদের শক্তি বিলুপ্ত হইবে। তোমরা ধৈর্য ধারণ কর; নিশ্চয়ই আল্লাহ্ ধৈর্যশীলদের সঙ্গে আছেন।	
	وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَارِهِمْ بَطَرًا وَّرِئَآءَ النَّاسِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ وَاللّٰهُ بِمَا يَعْمَلُوْنَ مُحِيْطٌ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাকূনূ কাল্লাযীনা খারাজু মিং দিয়া-রিহিম বাত্বারাওঁ ওয়া রিআ~আন্না-ছি ওয়া ইয়াসুদ্দূনা 'আং ছাবীলিল্লা-হি (ط) ওয়াল্লা-হু বিমা-ইয়া'মালূনা মুহীত্ব।	
তরজমা	তোমরা তাহাদের ন্যায় হইও না যাহারা দম্ভভরে ও লোক দেখাইবার জন্য স্বীয় গৃহ হইতে বাহির হইয়াছিল এবং লোককে আল্লাহ্র পথ হইতে নিবৃত্ত করে। তাহারা যাহা করে আল্লাহ্ তাহা পরিবেষ্টন করিয়া রহিয়াছেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَإِذْ زَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ أَعْمَالَهُمْ وَقَالَ لَا غَالِبَ لَكُمُ الْيَوْمَ مِنَ النَّاسِ وَإِنِّي جَارٌ لَّكُمْ ۚ فَلَمَّا تَرَآءَتِ الْفِئَتٰنِ نَكَصَ عَلٰى عَقِبَيْهِ وَقَالَ إِنِّي بَرِيٓءٌ مِّنْكُمْ إِنِّيٓ أَرٰى مَا لَا تَرَوْنَ إِنِّيٓ أَخَافُ اللّٰهَ ۚ وَاللّٰهُ شَدِيدُ الْعِقَابِ ﴿٤٨﴾	**48**
প্রতিবর্ণায়ন	ওয়াইয ঝাইইয়ানা লাহুমুশশাইত া-নু আ‘মা-লাহুম ওয়া ক া-লা লা- গা-লিবা লাকুমুল ইয়াওমা মিনান্না-ছি ওয়া ইন্নী জা-রুল্লাকুম (ج) ফালাম্মা-তারা-আতিল ফিআতা-নি নাকাসা ‘আলা-‘আকি বাইহি ওয়া ক া-লা ইন্নী বারী~উম মিংকুম ইন্নী˜আরা-মা-লা-তারাওনা ইন্নী˜আখা-ফুল্লা-হা (ط) ওয়াল্লা-হু শাদীদুল ‘ইক া-ব।	
তরজমা	স্মরণ কর, শয়তান যখন তাহাদের কার্যাবলী তাহাদের দৃষ্টিতে শোভন করিয়াছিল এবং বলিয়াছিল, ‘আজ মানুষের মধ্যে কেহই তোমাদের উপর বিজয়ী হইবে না, আমি তোমাদের পাশেই থাকিব;’ অতঃপর দুই দল যখন পরস্পরের সম্মুখীন হইল তখন সে পিছনে সরিয়া পড়িল ও বলিল, ‘তোমাদের সঙ্গে আমার কোন সম্পর্ক রহিল না, তোমরা যাহা দেখিতে পাও না আমি তো তাহা দেখি, নিশ্চয়ই আমি আল্লাহ্কে ভয় করি,’ আর আল্লাহ্ শাস্তিদানে কঠোর।	
	إِذْ يَقُولُ الْمُنٰفِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ غَرَّ هٰٓؤُلَآءِ دِينُهُمْ ۗ وَمَن يَتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَإِنَّ اللّٰهَ عَزِيزٌ حَكِيمٌ ﴿٤٩﴾	**49**
প্রতিবর্ণায়ন	ইয ইয়াকূ লুল মুনা-ফিকূ না ওয়াল্লায ীনা ফী কু লূবিহিম মারাদ ুন গার্‌রা হা˜উলা~ই দীনুহুম (ط) ওয়া মাইঁ ইয়াতাওয়াক্কাল ‘আলাল্লা-হি ফাইন্নাল্লা-হা ‘আঝীঝুন হ াকীম।	
তরজমা	স্মরণ কর, মুনাফিক ও যাহাদের অন্তরে ব্যাধি আছে তাহারা বলে, ‘ইহাদের দীন ইহাদেরকে বিভ্রান্ত করিয়াছে।’ কেহ আল্লাহ্র উপর নির্ভর করিলে আল্লাহ্ তো পরাক্রান্ত ও প্রজ্ঞাময়।	
	وَلَوْ تَرٰىٓ إِذْ يَتَوَفَّى الَّذِينَ كَفَرُوا ۙ الْمَلٰٓئِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ ۚ وَذُوقُوا عَذَابَ الْحَرِيقِ ﴿٥٠﴾	**50**
প্রতিবর্ণায়ন	ওয়া লাও তারা˜ইয ইয়াতাওয়াফ্‌ফাল্লায ীনা কাফারুল্ মালা~ইকাতু ইয়াদ রিবূনা উজূহাহুম ওয়া আদবা-রাহুম (ط) ওয়া যূ কূ ‘আয া-বাল হ ারীক ।	
তরজমা	তুমি যদি দেখিতে পাইতে ফিরিশ্‌তাগণ কাফিরদের মুখমণ্ডলে ও পৃষ্ঠদেশে আঘাত করিয়া তাহাদের প্রাণ হরণ করিতেছে এবং বলিতেছে, ‘তোমরা দহনযন্ত্রণা ভোগ কর।’	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	ذٰلِكَ بِمَا قَدَّمَتْ اَيْدِيْكُمْ وَاَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ﴿٥١﴾	**51**
প্রতিবর্ণায়ন	যা-লিকা বিমা- কাদ্দামাত আইদীকুম ওয়া আন্নাল্লা-হা লাইছা বিজাল্লা-মিল্ লিল ‘আবীদ।	
তরজমা	ইহা তাহা, তোমাদের হস্ত যাহা পূর্বে প্রেরণ করিয়াছিল, আল্লাহ্ তো তাহার বান্দাদের প্রতি অত্যাচারী নন।	
	كَدَاْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَفَرُوْا بِاٰيٰتِ اللّٰهِ فَاَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوْبِهِمْ ؕ اِنَّ اللّٰهَ قَوِيٌّ شَدِيْدُ الْعِقَابِ ﴿٥٢﴾	**52**
প্রতিবর্ণায়ন	কাদা’বি আ-লি ফির‘আওনা ওয়াল্লাযীনা মিং কাবলিহিম (ۙ) কাফারু বিআ-য়া-তিল্লা-হি ফাআখাযাহুমুল্লা-হু বিযুনূবিহিম (ط) ইন্নাল্লা-হা কাবিউং শাদীদুল ‘ইকা-ব।	
তরজমা	ফির‘আওনের স্বজন ও উহাদের পূর্ববর্তীদের অভ্যাসের ন্যায় ইহারা আল্লাহ্র নিদর্শনকে প্রত্যাখ্যান করে; সুতরাং আল্লাহ্ ইহাদের পাপের জন্য ইহাদেরকে শাস্তি দেন। নিশ্চয়ই আল্লাহ্ শক্তিমান, শাস্তিদানে কঠোর;	
	ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ لَمْ يَكُ مُغَيِّرًا نِّعْمَةً اَنْعَمَهَا عَلٰى قَوْمٍ حَتّٰى يُغَيِّرُوْا مَا بِاَنْفُسِهِمْ ۙ وَاَنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٥٣﴾	**53**
প্রতিবর্ণায়ন	যা-লিকা বিআন্নাল্লা-হা লাম ইয়াকু মুগাইয়িরান নি‘মাতান আন‘আমাহা- ‘আলা-কাওমিন হাত্তা- ইউগাইয়িরূ মা-বিআংফুছিহিম (ۙ) ওয়া আন্নাল্লা-হা ছামী‘উন ‘আলীম।	
তরজমা	ইহা এইজন্য যে, যদি কোন সম্প্রদায় নিজের অবস্থার পরিবর্তন না করে তবে আল্লাহ্ এমন নন যে, তিনি উহাদেরকে যে সম্পদ দান করিয়াছেন, উহা পরিবর্তন করিবেন; এবং নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	كَدَاْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذَّبُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ فَاَهْلَكْنٰهُمْ بِذُنُوْبِهِمْ وَاَغْرَقْنَاۤ اٰلَ فِرْعَوْنَ ۚ وَكُلٌّ كَانُوْا ظٰلِمِيْنَ ﴿٥٤﴾	**54**
প্রতিবর্ণায়ন	কাদা’বি আ-লি ফির‘আওনা (ۙ) ওয়াল্লাযীনা মিং কাবলিহিম (ط) কাযযাবূ বিআ-য়া-তি রাব্বিহিম ফাআহ্লাকনা-হুম বিযুনুবিহিম ওয়া আগরাকনা-আ-লা ফির‘আওনা (ج) ওয়া কুল্লুং কা-নূ জা-লিমীন।	

তরজমা	ফির'আওনের স্বজন ও তাহাদের পূর্ববর্তীদের অভ্যাসের ন্যায় ইহারা ইহাদের প্রতিপালকের নিদর্শনকে অস্বীকার করে। তাহাদের পাপের জন্য আমি তাহাদেরকে ধ্বংস করিয়াছি এবং ফির'আওনের স্বজনকে নিমজ্জিত করিয়াছি এবং তাহারা সকলেই ছিল জালিম।	
	إِنَّ شَرَّ الدَّوَآبِّ عِنْدَ اللّٰهِ الَّذِيْنَ كَفَرُوْا فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ইন্না শার্‌রাদ্‌দাওয়া~ব্বি 'ইংদাল্লা-হিল্লায ীনা কাফারূ ফাহুম লা-ইউ'মিনূন।	
তরজমা	আল্লাহ্‌র নিকট নিকৃষ্ট জীব তাহারাই যাহারা কুফরী করে এবং ঈমান আনে না।	
	اَلَّذِيْنَ عٰهَدْتَّ مِنْهُمْ ثُمَّ يَنْقُضُوْنَ عَهْدَهُمْ فِيْ كُلِّ مَرَّةٍ وَّهُمْ لَا يَتَّقُوْنَ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা 'আ-হাত্‌তা মিনহুম ছু ম্মা ইয়াংকু দূ না 'আহদাহুম ফী কুল্লি মার্‌রাতিওঁ ওয়া হুম লা-ইয়াত্তাকূ ন।	
তরজমা	উহাদের মধ্যে তুমি যাহাদের সঙ্গে চুক্তিতে আবদ্ধ, তাহারা প্রত্যেকবার তাহাদের চুক্তি ভঙ্গ করে এবং তাহারা সাবধান হয় না;	
	فَإِمَّا تَثْقَفَنَّهُمْ فِي الْحَرْبِ فَشَرِّدْ بِهِمْ مَّنْ خَلْفَهُمْ لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ফাইম্মা-তাছ ক াফান্নাহুম ফিল হ ারবি ফাশার্‌রিদ বিহিম মান্‌ খালফাহুম লা'আল্লাহুম ইয়ায্‌ য াক্কারূন।	
তরজমা	যুদ্ধে উহাদেরকে তোমরা যদি তোমাদের আয়ত্তে পাও তবে উহাদেরকে উহাদের পশ্চাতে যাহারা আছে, তাহাদের হইতে বিচ্ছিন্ন করিয়া এমনভাবে বিধ্বস্ত করিবে, যাহাতে উহারা শিক্ষা লাভ করে।	
	وَإِمَّا تَخَافَنَّ مِنْ قَوْمٍ خِيَانَةً فَانْۢبِذْ إِلَيْهِمْ عَلٰى سَوَآءٍ ۚ إِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْخَآئِنِيْنَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়া ইম্মা-তাখা-ফান্না মিং ক াওমিন খিয়া-নাতাং ফামবিয ইলাইহিম 'আলা- ছাওয়া~ইন (ط) ইন্নাল্লা-হা লা-ইউহি ব্বুল খা~ইনীন।	
তরজমা	যদি তুমি কোন সম্প্রদায়ের চুক্তিভঙ্গের আশংকা কর তবে তোমার চুক্তিও তুমি যথাযথ বাতিল করিবে; নিশ্চয়ই আল্লাহ্‌ চুক্তি ভঙ্গকারীদেরকে পছন্দকরেন না।	
	وَلَا يَحْسَبَنَّ الَّذِيْنَ كَفَرُوْا سَبَقُوْا ۚ إِنَّهُمْ لَا يُعْجِزُوْنَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ইয়াহ ছাবান্নাল্লায ীনা কাফারূ ছাবাকূ (ط) ইন্নাহুম লা ইউ'জিঝূন।	
তরজমা	কাফিররা যেন কখনও মনে না করে যে, তাহারা পরিত্রাণ পাইয়াছে ; নিশ্চয়ই তাহারা মু'মিনগণকে হতবল করিতে পারিবে না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاَعِدُّوْا لَهُمْ مَّا اسْتَطَعْتُمْ مِّنْ قُوَّةٍ وَّمِنْ رِّبَاطِ الْخَيْلِ تُرْهِبُوْنَ بِهٖ عَدُوَّ اللّٰهِ وَعَدُوَّكُمْ وَاٰخَرِيْنَ مِنْ دُوْنِهِمْ ۚ لَا تَعْلَمُوْنَهُمْ ۚ اَللّٰهُ يَعْلَمُهُمْ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ شَيْءٍ فِيْ سَبِيْلِ اللّٰهِ يُوَفَّ اِلَيْكُمْ وَاَنْتُمْ لَا تُظْلَمُوْنَ ﴿۶۰﴾	**60**
প্রতিবর্ণায়ন	ওয়া আ‘ইদ্দূলাহুম মাছতাত ৗ‘তুম মিং কু ওওয়াতিওঁ ওয়া মির্ রিবা–তি ল খাইলি তুরহিবূনা বিহী ‘আদুওঁ ওআল্লা–হি ওয়া ‘আদুওঁ ওয়াকুম ওয়া আ–খারীনা মিং দূনিহিম (ج) লা–তা‘লামূনাহুম (ج) আল্লা–হু ইয়া‘লামুহুম (ط) ওয়া মা–তুংফিকূ মিং –শাইয়িং ফী ছাবীলিল্লা–হি ইউওয়াফ্‌ফা ইলাইকুম ওয়া আংতুম লা–তুজ লামূন।	
তরজমা	তোমরা তাহাদের মুকাবিলার জন্য যথাসাধ্য শক্তি ও অশ্ববাহিনী প্রস্তুত রাখিবে-এতদ্দ্বারা তোমরা সন্ত্রস্ত করিবে আল্লাহ্‌র শত্রুকে, তোমাদের শত্রুকে এবং এতদ্ব্যতীত অন্যদেরকে যাহাদেরকে তোমরা জান না, আল্লাহ্ তাহাদেরকে জানেন। আল্লাহ্‌র পথে তোমরা যাহা কিছু ব্যয় করিবে উহার পূর্ণপ্রতিদান তোমাদেরকে দেওয়া হইবে এবং তোমাদের প্রতি জুলুম করা হইবে না।	
	وَاِنْ جَنَحُوْا لِلسَّلْمِ فَاجْنَحْ لَهَا وَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۶۱﴾	**61**
প্রতিবর্ণায়ন	ওয়া ইং জানাহূ লিছ্‌ছাল্‌মি ফাজনাহ লাহা– ওয়া তাওয়াক্কাল ‘আলাল্লা–হি (ط) ইন্নাহূ হুওয়াছ্ ছামী‘উল ‘আলীম।	
তরজমা	তাহারা যদি সন্ধির দিকে ঝুঁকিয়া পড়ে তবে তুমিও সন্ধির দিকে ঝুঁকিবে এবং আল্লাহ্‌র উপর নির্ভর করিবে; তিনিই সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَاِنْ يُّرِيْدُوْۤا اَنْ يَّخْدَعُوْكَ فَاِنَّ حَسْبَكَ اللّٰهُ ؕ هُوَ الَّذِيْۤ اَيَّدَكَ بِنَصْرِهٖ وَبِالْمُؤْمِنِيْنَ ﴿۶۲﴾	**62**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ঁ ইউরীদূ˜আইঁ ইয়াখদা‘উকা ফাইন্না হ ছবাকাল্লা–হু (ط) হুওয়াল্লায ী˜ আইঁ ইয়াদাকা বিনাসরিহী ওয়া বিলমু’মিনীন।	
তরজমা	যদি তাহারা তোমাকে প্রতারিত করিতে চায় তবে তোমার জন্য আল্লাহ্ই যথেষ্ট; তিনি তোমাকে স্বীয় সাহায্য ও মু’মিনদের দ্বারা শক্তিশালী করিয়াছেন,	
	وَاَلَّفَ بَيْنَ قُلُوْبِهِمْ ؕ لَوْ اَنْفَقْتَ مَا فِي الْاَرْضِ جَمِيْعًا مَّاۤ اَلَّفْتَ بَيْنَ قُلُوْبِهِمْ وَلٰكِنَّ اللّٰهَ اَلَّفَ بَيْنَهُمْ ؕ اِنَّهٗ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿۶۳﴾	**63**
প্রতিবর্ণায়ন	ওয়া আল্লাফা বাইনা কু লূবিহিম (ط) লাও আংফাক তা মা–ফিল আরদি জামী‘আম্ মা–আল্লাফ্‌তা বাইনা কু লূবিহিম ওয়ালা–কিন্নাল্লা–হা আল্লাফা বাইনাহুম (ط) ইন্নাহূ ‘আঝীঝুন হ াকীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং তিনি উহাদের পরস্পরের হৃদয়ের মধ্যে প্রীতি স্থাপন করিয়াছেন। পৃথিবীর যাবতীয় সম্পদ ব্যয় করিলেও তুমি তাহাদের হৃদয়ে প্রীতি স্থাপন করিতে পারিতে না; কিন্তু আল্লাহ্ তাহাদের মধ্যে প্রীতি স্থাপন করিয়াছেন; নিশ্চয়ই তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	يَاَيُّهَا النَّبِيُّ حَسْبُكَ اللّٰهُ وَمَنِ اتَّبَعَكَ مِنَ الْمُؤْمِنِيْنَ ۝٦٤	64
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহান্নাবিইয়ু হ˙ছবুকাল্লা-হু ওয়া মানিত তাবা‘আকা মিনাল মু’মিনীন।	
তরজমা	হে নবী! তোমার জন্য ও তোমার অনুসারী মু’মিনদের জন্য আল্লাহ্ই যথেষ্ট।	
	يَاَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِيْنَ عَلَى الْقِتَالِ ؕ اِنْ يَّكُنْ مِّنْكُمْ عِشْرُوْنَ صٰبِرُوْنَ يَغْلِبُوْا مِائَتَيْنِ ۚ وَاِنْ يَّكُنْ مِّنْكُمْ مِّائَةٌ يَّغْلِبُوْۤا اَلْفًا مِّنَ الَّذِيْنَ كَفَرُوْا بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُوْنَ ۝٦٥	65
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহান্নাবিইয়ু হ˙ররিদি˙ল মু’মিনীনা ‘আলাল কি˙তা-লি (ط) ইয়ঁ ইয়াকুম মিংকুম ‘ইশরূনা সা-বিরূনা ইয়াগলিবূ মিআতাইনি (ج) ওয়া ইয়ঁ ইয়াকুম মিংকুম মিআতুইঁ ইয়াগলিবূ˜ আলফাম মিনাল্লায˙ীনা কাফারূ বিআন্নাহুম ক˙াওমুল্ লা- ইয়াফক˙াহূন।	
তরজমা	হে নবী ! মু’মিনদেরকে যুদ্ধের জন্য উদ্বুদ্ধ কর; তোমাদের মধ্যে কুড়িজন ধৈর্যশীল থাকিলে তাহারা দুই শত জনের উপর বিজয়ী হইবে এবং তোমাদের মধ্যে এক শত জন থাকিলে এক সহস্র কাফিরের উপর বিজয়ী হইবে। কারণ তাহারা এমন এক সম্প্রদায়, যাহার বোধশক্তি নাই।	
	اَلْـٰٔنَ خَفَّفَ اللّٰهُ عَنْكُمْ وَعَلِمَ اَنَّ فِيْكُمْ ضَعْفًا ؕ فَاِنْ يَّكُنْ مِّنْكُمْ مِّائَةٌ صَابِرَةٌ يَّغْلِبُوْا مِائَتَيْنِ ۚ وَاِنْ يَّكُنْ مِّنْكُمْ اَلْفٌ يَّغْلِبُوْۤا اَلْفَيْنِ بِاِذْنِ اللّٰهِ ؕ وَاللّٰهُ مَعَ الصّٰبِرِيْنَ ۝٦٦	66
প্রতিবর্ণায়ন	আল্আ-না খাফফাফাল্লা-হু ‘আংকুম ওয়া ‘আলিমা আন্না ফীকুম দ˙া‘ফাং (ط) ফাইয়ঁ ইয়াকুম মিংকুম মিআতুং সা-বিরাতুইঁ ইয়াগলিবূ মিআতাইনি (ج) ওয়াইঁ ইয়াকুম মিংকুম আলফুইঁ ইয়াগলিবূ˜আলফাইনি বিইয˙নিল্লা-হি (ط) ওয়াল্লা-হু মা‘আস্সা-বিরীন।	
তরজমা	আল্লাহ্ এখন তোমাদের ভার লাঘব করিলেন। তিনি অবগত আছেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা আছে; সুতরাং তোমাদের মধ্যে এক শত জন ধৈর্যশীল থাকিলে তাহারা দুই শত জনের উপর বিজয়ী হইবে। আর তোমাদের মধ্যে এক সহস্র থাকিলে আল্লাহ্র অনুজ্ঞাক্রমে তাহারা দুই সহস্রের উপর বিজয়ী হইবে। আল্লাহ্ ধৈর্যশীলদের সঙ্গে আছেন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	مَا كَانَ لِنَبِيٍّ اَنْ يَّكُوْنَ لَهٗۤ اَسْرٰى حَتّٰى يُثْخِنَ فِى الْاَرْضِ ؕ تُرِيْدُوْنَ عَرَضَ الدُّنْيَا ۖ وَاللّٰهُ يُرِيْدُ الْاٰخِرَةَ ؕ وَ اللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	মা-কা-না লিনাবিইয়িন আইঁ ইয়াকূনা লাহূ আছরা- হ'াত্তা-ইউছ'খিনা ফিল আরদি' (ط) তুরীদূনা 'আরাদ'াদ্দুনইয়া- (ق) ওয়াল্লা-হু ইউরীদুল আ-খিরাতা (ط) ওয়াল্লা-হু 'আঝীঝুন হ'াকীম ।	
তরজমা	দেশে ব্যাপকভাবে শত্রুকে পরাভূত না করা পর্যন্ত বন্দী রাখা কোন নবীর জন্য সংগত নয়। তোমরা কামনা কর পার্থিব সম্পদ এবং আল্লাহ্ চান পরলোকের কল্যাণ; আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	لَوْلَا كِتٰبٌ مِّنَ اللّٰهِ سَبَقَ لَمَسَّكُمْ فِيْمَاۤ اَخَذْتُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	লাও লা-কিতা-বুম মিনাল্লা-হি ছাবাক'া লামাছছাকুম ফীমা˜আখায'তুম 'আয'া-বুন 'আজ'ীম।	
তরজমা	আল্লাহ্র পূর্ববিধান না থাকিলে তোমরা যাহা গ্রহণ করিয়াছ তজ্জন্য তোমাদের উপর মহাশাস্তি আপতিত হইত।	
	فَكُلُوْا مِمَّا غَنِمْتُمْ حَلٰلًا طَيِّبًا ۖؗ وَّاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ফাকুলূ মিম্মা- গনিমতুম হ'ালা-লাং ত'াইয়িবাওঁ (ز) ওয়াত্তাকু'ল্লা-হা (ط) ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ'ীম।	
তরজমা	যুদ্ধে যাহা তোমরা লাভ করিয়াছ তাহা বৈধ ও উত্তম বলিয়া ভোগ কর এবং আল্লাহ্কে ভয় কর; আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يٰۤاَيُّهَا النَّبِيُّ قُلْ لِّمَنْ فِىْۤ اَيْدِيْكُمْ مِّنَ الْاَسْرٰٓى ۙ اِنْ يَّعْلَمِ اللّٰهُ فِىْ قُلُوْبِكُمْ خَيْرًا يُّؤْتِكُمْ خَيْرًا مِّمَّاۤ اُخِذَ مِنْكُمْ وَيَغْفِرْ لَكُمْ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহান্নাবিইয়ু কু'ল্ লিমাং ফী˜আইদীকুম মিনাল আছরা˜ (لا) ইয়ঁ ইয়া'লামিল্লা-হু ফী কু'লূবিকুম খাইরাইঁ ইউ'তিকুম খাইরাম্ মিম্মা-উখিয'া মিংকুম ওয়া ইয়াগফির লাকুম (ط) ওয়াল্লা-হু গাফূরুর্ রাহ'ীম।	
তরজমা	হে নবী ! তোমাদের করায়ত্ত যুদ্ধবন্দীদেরকে বল, 'আল্লাহ্ যদি তোমাদের হৃদয়ে ভাল কিছু দেখেন তবে তোমাদের নিকট হইতে যাহা নেওয়া হইয়াছে তাহা অপেক্ষা উত্তম কিছু তিনি তোমাদেরকে দান করিবেন এবং তোমাদেরকে ক্ষমা করিবেন। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।'	
	وَاِنْ يُّرِيْدُوْا خِيَانَتَكَ فَقَدْ خَانُوا اللّٰهَ مِنْ قَبْلُ فَاَمْكَنَ مِنْهُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٧١﴾	71

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ঁ ইউরীদূ খিয়া-নাতাকা ফাক াদ খা- নুল্লা-হা মিং ক াবলু ফাআমকানা মিনহুম (ط) ওয়াল্লা-হু ‘আলীমুন হ াকীম।	
তরজমা	তাহারা তোমার সঙ্গে বিশ্বাস ভঙ্গ করিতে চাহিলে, তাহারা তো পূর্বে আল্লাহ্‌র সঙ্গেও বিশ্বাস ভঙ্গ করিয়াছে; অতঃপর তিনি তোমাদেরকে তাহাদের উপর শক্তিশালী করিয়াছেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	إِنَّ الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ آوَوْا وَنَصَرُوا أُولَٰئِكَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ وَالَّذِينَ آمَنُوا وَلَمْ يُهَاجِرُوا مَا لَكُمْ مِنْ وَلَايَتِهِمْ مِنْ شَيْءٍ حَتَّىٰ يُهَاجِرُوا ۚ وَإِنِ اسْتَنْصَرُوكُمْ فِي الدِّينِ فَعَلَيْكُمُ النَّصْرُ إِلَّا عَلَىٰ قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ مِيثَاقٌ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ٧٢	72
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়া হা-জারূ ওয়া জা-হাদূ বিআমওয়া-লিহিম ওয়া আংফুছিহিম ফী ছাবীলিল্লা-হি ওয়াল্লায ীনা আ-ওয়াওঁ ওয়া নাসারূ ˜উলা~ইকা বা‘দু হুম আওলিয়া~উ বা‘দি ওঁ (ط) ওয়াল্লায ীনা আ-মানূ ওয়া লাম ইউহা-জিরূ মা-লাকুম মিওঁ ওয়ালা-ইয়াতিহিম মিং শাইয়িন হ াত্তা-ইউহাজিরু (ج) ওয়া ইনিছ্ তাংসারূকুম ফিদ্দীনি ফা‘আলাইকুমুন্নাসরু ইল্লা-‘আলা-ক াওমিম্ বাইনাকুম ওয়াবাইনাহুম মীছ া-কু ওঁ (ط) ওয়াল্লা-হু বিমা-তা‘মালূনা বাসীর।	
তরজমা	যাহারা ঈমান আনিয়াছে, হিজরত করিয়াছে, নিজেদের জীবন ও সম্পদ দ্বারা আল্লাহ্‌র পথে জিহাদ করিয়াছে ; আর যাহারা আশ্রয় দান করিয়াছে ও সাহায্য করিয়াছে তাহারা পরস্পর পরস্পরের বন্ধু। আর যাহারা ঈমান আনিয়াছে কিন্তু হিজরত করে নাই, হিজরত না করা পর্যন্ত তাহাদের অভিভাবকত্বের দায়িত্ব তোমাদের নাই ; আর দীন সম্বন্ধে যদি তাহারা তোমাদের সাহায্য প্রার্থনা করে তবে তাহাদেরকে সাহায্য করা তোমাদের কর্তব্য, কিন্তু যে সম্প্রদায় ও তোমাদের মধ্যে চুক্তি রহিয়াছে তাহাদের বিরুদ্ধে নয়। তোমরা যাহা কর আল্লাহ্ উহার সম্যক দ্রষ্টা।	
	وَالَّذِينَ كَفَرُوا بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ إِلَّا تَفْعَلُوهُ تَكُنْ فِتْنَةٌ فِي الْأَرْضِ وَفَسَادٌ كَبِيرٌ ٧٣	73
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা কাফারূ বা‘দু হুম আওলিয়া~উ বা‘দি ন (ط) ইল্লা-তাফ‘আলূহু তাকুং ফিতনাতুং ফিল আরদি ওয়া ফাছা-দুং কাবীর।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তাহারা পরস্পর পরস্পরের বন্ধু, যদি তোমরা উহা না কর তবে দেশে ফিত্‌না ও মহাবিপর্যয় দেখা দিবে।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَالَّذِيْنَ اٰمَنُوْا وَهَاجَرُوْا وَجٰهَدُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَالَّذِيْنَ اٰوَوْا وَّنَصَرُوْٓا اُولٰٓئِكَ هُمُ الْمُؤْمِنُوْنَ حَقًّا ؕ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ﴿۷۴﴾	74
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া হা-জারূ ওয়া জা-হাদূ ফী ছাবীলিল্লা-হি ওয়াল্লাযীনা আ-ওয়াওঁ ওয়া নাসারূ উলা~ইকা হুমুল মু'মিনূনা হাক্কাল্ (ط) লাহুম মাগফিরাতুওঁ ওয়া রিঝকুং কারীম।	
তরজমা	যাহারা ঈমান আনিয়াছে, হিজরত করিয়াছে ও আল্লাহ্‌র পথে জিহাদ করিয়াছে আর যাহারা আশ্রয় দান করিয়াছে ও সাহায্য করিয়াছে, তাহারাই প্রকৃত মু'মিন; তাহাদের জন্য ক্ষমা ও সম্মানজনক জীবিকা রহিয়াছে।	
	وَالَّذِيْنَ اٰمَنُوْا مِنْۢ بَعْدُ وَهَاجَرُوْا وَجٰهَدُوْا مَعَكُمْ فَاُولٰٓئِكَ مِنْكُمْ ؕ وَاُولُوا الْاَرْحَامِ بَعْضُهُمْ اَوْلٰى بِبَعْضٍ فِيْ كِتٰبِ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿۷۵﴾	75
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা আ-মানূ মিম বা'দু ওয়া হা-জারূ ওয়া জা-হাদূ মা'আকুম ফাউলা~ইকা মিংকুম (ط) ওয়া উলুল আরহা-মি বা'দুহুম আওলা~উ বিবা'দিং ফী কিতা-বিল্লা-হি (ط) ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন 'আলীম।	
তরজমা	যাহারা পরে ঈমান আনিয়াছে, হিজরত করিয়াছে ও তোমাদের সঙ্গে থাকিয়া জিহাদ করিয়াছে তাহারাও তোমাদের অন্তর্ভুক্ত এবং আত্মীয়গণ আল্লাহ্‌র বিধানে একে অন্য অপেক্ষা অধিক হকদার। নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সম্যক অবহিত।	

9 - At-Tawbah-তাওবা -التوبة

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	بَرَآءَةٌ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖٓ اِلَى الَّذِيْنَ عٰهَدْتُّمْ مِّنَ الْمُشْرِكِيْنَ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	বারা~আতুম্ মিনাল্লা-হি ওয়া রাছূলিহী ইলাল্লাযীনা 'আ-হাত্তুম মিনাল মুশরিকীন।	
তরজমা	ইহা সম্পর্কচ্ছেদ আল্লাহ্ ও তাঁহার রাসূলের পক্ষ হইতে সেই সমস্ত মুশরিকদের সঙ্গে যাহাদের সঙ্গে তোমরা পারস্পরিক চুক্তিতে আবদ্ধ হইয়াছিলে।	
	فَسِيْحُوْا فِي الْاَرْضِ اَرْبَعَةَ اَشْهُرٍ وَّاعْلَمُوْٓا اَنَّكُمْ غَيْرُ مُعْجِزِي اللّٰهِ ۙ وَاَنَّ اللّٰهَ مُخْزِي الْكٰفِرِيْنَ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ফাছীহূ ফিল আরদি আরবা'আতা আশহুরিওঁ ওয়া'লামূ আন্নাকুম গাইরু মু'জিঝিল্লা-হি (لا) ওয়া আন্নাল্লা-হা মুখঝিল কা-ফিরীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর তোমরা দেশে চারি মাসকাল পরিভ্রমণ কর ও জানিয়া রাখ, তোমরা আল্লাহ্‌কে হীনবল করিতে পারিবে না এবং নিশ্চয়ই আল্লাহ্ কাফিরদের লাঞ্ছিত করিয়া থাকেন।	
	وَاَذَانٌ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖۤ اِلَى النَّاسِ يَوْمَ الْحَجِّ الْاَكْبَرِ اَنَّ اللّٰهَ بَرِیْٓءٌ مِّنَ الْمُشْرِكِيْنَ ۙ وَرَسُوْلُهٗ ؕ فَاِنْ تُبْتُمْ فَهُوَ خَيْرٌ لَّـكُمْ ۚ وَاِنْ تَوَلَّيْتُمْ فَاعْلَمُوْۤا اَنَّكُمْ غَيْرُ مُعْجِزِى اللّٰهِ ؕ وَبَشِّرِ الَّذِيْنَ كَفَرُوْا بِعَذَابٍ اَلِيْمٍ ۙ‏ ﴿۳﴾	**3**
প্রতিবর্ণায়ন	ওয়া আযা-নুম্ মিনাল্লা-হি ওয়া রাছূলিহী ইলান্না-ছি ইয়াওমাল হাজ্জিল আক্‌বারি আন্নাল্লা-হা বারী-উম মিনাল্ মুশরিকীনা (ﻻ) ওয়া রাছূলুহূ (ط) ফাইং তুবতুম ফাহুওয়া খাইরুল্লাকুম (ج) ওয়া ইং তাওয়াল্লাইতুম ফা'লামূ আন্নাকুম গাইরু মু'জিঝিল্লা-হি (ط) ওয়া বাশশিরিল্লাযীনা কাফারূ বি'আযা-বিন আলীম।	
তরজমা	মহান হজ্জের দিবসে আল্লাহ্ ও তাঁহার রাসূলের পক্ষ হইতে মানুষের প্রতি ইহা এক ঘোষণা যে, নিশ্চয়ই মুশরিকদের সম্পর্কে আল্লাহ্ দায়মুক্ত এবং তাঁহার রাসূলও। তোমরা যদি তওবা কর তবে তাহা তোমাদের জন্য কল্যাণকর। আর তোমরা যদি মুখ ফিরাও তবে জানিয়া রাখ, তোমরা আল্লাহ্‌কে হীনবল করিতে পারিবে না এবং কাফিরদেরকে মর্মন্তুদ শাস্তির সংবাদ দাও,	
	اِلَّا الَّذِيْنَ عٰهَدْتُّمْ مِّنَ الْمُشْرِكِيْنَ ثُمَّ لَمْ يَنْقُصُوْكُمْ شَيْـًٔا وَّلَمْ يُظَاهِرُوْا عَلَيْكُمْ اَحَدًا فَاَتِمُّوْۤا اِلَيْهِمْ عَهْدَهُمْ اِلٰى مُدَّتِهِمْ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ‏ ﴿۴﴾	**4**
প্রতিবর্ণায়ন	ইল্লাযীনা 'আ-হাত্তুম মিনাল মুশরিকীনা ছুম্মা লাম ইয়াংকুসূকুম শাইআওঁ ওয়া লাম ইউজা-হিরূ 'আলাইকুম আহাদাং ফাআতিম্মূ ইলাইহিম 'আহদাহুম ইলা-মুদ্দাতিহিম (ط) ইন্নাল্লা-হা ইউহিব্বুল মুত্তাকীন।	
তরজমা	তবে মুশরিকদের মধ্যে যাহাদের সঙ্গে তোমরা চুক্তিতে আবদ্ধ ও পরে যাহারা তোমাদের চুক্তি রক্ষায় কোন ত্রুটি করে নাই এবং তোমাদের বিরুদ্ধে কাহাকেও সাহায্য করে নাই, তাহাদের সঙ্গে নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত চুক্তি পূর্ণ করিবে ; নিশ্চয়ই আল্লাহ্ মুত্তাকীদেরকে পছন্দকরেন।	
	فَاِذَا انْسَلَخَ الْاَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِيْنَ حَيْثُ وَجَدْتُّمُوْهُمْ وَخُذُوْهُمْ وَاحْصُرُوْهُمْ وَاقْعُدُوْا لَهُمْ كُلَّ مَرْصَدٍ ۚ فَاِنْ تَابُوْا وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ فَخَلُّوْا سَبِيْلَهُمْ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ‏ ﴿۵﴾	**5**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাইয াংছালাখাল আশহুরুল হু রুমু ফাক তুলুল্ মুশরিকীনা হ াইছু ওয়াজাত্তুমূহুম ওয়া খুয্ হুম ওয়াহ সুরূহুম ওয়াক ‘উদূ লাহুম কুল্লা মারসাদিং (ج) ফাইং তা-বূ ওয়া আক া-মুস্সলা-তা ওয়া আ-তাউঝ্ঝাকাতা ফাখাল্লূ ছাবীলাহুম (ط) ইন্নাল্লা-হা গাফুরুর রাহ ীম।	
তরজমা	অতঃপর নিষিদ্ধ মাসসমূহ অতিবাহিত হইলে মুশরিকদেরকে যেখানে পাইবে হত্যা করিবে, তাহাদেরকে বন্দী করিবে, অবরোধ করিবে এবং প্রত্যেক ঘাঁটিতে তাহাদের জন্য ওঁৎ পাতিয়া থাকিবে। কিন্তু যদি তাহারা তওবা করে, সালাত কায়েম করে ও যাকাত দেয় তবে তাহাদের পথ ছাড়িয়া দিবে; নিশ্চয়ই আল্লাহ্ অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَإِنْ أَحَدٌ مِّنَ الْمُشْرِكِينَ اسْتَجَارَكَ فَأَجِرْهُ حَتَّىٰ يَسْمَعَ كَلَامَ اللَّهِ ثُمَّ أَبْلِغْهُ مَأْمَنَهُ ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْلَمُونَ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়া ইন আহ াদুম্ মিনাল মুশরিকীনাছ্ তাজা-রাকা ফাআজিরহু হ াত্তা- ইয়াছমা‘আ কালা-মাল্লা-হি ছু ম্মা আবলিগ্হু মা’মানাহূ (ط) য া-লিকা বিআন্নাহুম ক াওমুল লা-ইয়া‘লামূন।	
তরজমা	মুশরিকদের মধ্যে কেহ তোমার কাছে আশ্রয় প্রার্থনা করিলে তুমি তাহাকে আশ্রয় দিবে যাহাতে সে আল্লাহ্র বাণী শুনিতে পায় ; অতঃপর তাহাকে তাহার নিরাপদ স্থানে পৌছাইয়া দিবে; কারণ তাহারা অজ্ঞ লোক।	
	كَيْفَ يَكُونُ لِلْمُشْرِكِينَ عَهْدٌ عِندَ اللَّهِ وَعِندَ رَسُولِهِ إِلَّا الَّذِينَ عَاهَدتُّمْ عِندَ الْمَسْجِدِ الْحَرَامِ ۖ فَمَا اسْتَقَامُوا لَكُمْ فَاسْتَقِيمُوا لَهُمْ ۚ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَّقِينَ ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	কাইফা ইয়াকূনু লিলমুশরিকীনা ‘আহ্দুন ‘ইংদাল্লা-হি ওয়া ‘ইংদা রাছূলিহী ইল্লাল্লায ীনা ‘আ-হাত্তুম ‘ইংদাল মাছজিদিল হ ারা-মি (ج) ফামাছ্তাক া-মূ লাকুম ফাছতাক ীমূ লাহুম (ط) ইন্নাল্লা-হা ইউহি ব্বুল মুত্তাক ীন।	
তরজমা	আল্লাহ্ ও তাঁহার রাসূলের নিকট মুশরিকদের চুক্তি কি করিয়া বলবৎ থাকিবে ? তবে যাহাদের সঙ্গে মসজিদুল হারামের সন্নিকটে তোমরা পারস্পরিক চুক্তিতে আবদ্ধ হইয়াছিলে, যাবৎ তাহারা তোমাদের চুক্তিতে স্থির থাকিবে তোমরাও তাহাদের চুক্তিতে স্থির থাকিবে; নিশ্চয়ই আল্লাহ্ মুত্তাকীদেরকে পছন্দকরেন।	
	كَيْفَ وَإِن يَظْهَرُوا عَلَيْكُمْ لَا يَرْقُبُوا فِيكُمْ إِلًّا وَلَا ذِمَّةً ۚ يُرْضُونَكُم بِأَفْوَاهِهِمْ وَتَأْبَىٰ قُلُوبُهُمْ وَأَكْثَرُهُمْ فَاسِقُونَ ﴿٨﴾	8

প্রতিবর্ণায়ন	কাইফা ওয়া ইয়ঁ ইয়াজ ্হারূ ‘আলাইকুম লা–ইয়ারকু ্বূ ফীকুম ইল্লাওঁ ওয়ালা–যি ্ম্মাতাইঁ (ط) ইউরদ্ ্নাকুম বিআফওয়া–হিহিম ওয়া তা'বা–কু ্লূবুহুম (ج) ওয়া আকছ ্রুহুম ফা–ছিকূ ্ন।	
তরজমা	কেমন করিয়া থাকিবে ? তাহারা যদি তোমাদের উপর জয়ী হয়, তবে তাহারা তোমাদের আত্মীয়তার ও অঙ্গীকারের কোন মর্যাদা দিবে না; তাহারা মুখে তোমাদেরকে সন্তুষ্ট রাখে; কিন্তু তাহাদের হৃদয় উহা অস্বীকার করে; তাহাদের অধিকাংশ সত্যত্যাগী।	
	اِشۡتَرَوۡا بِاٰيٰتِ اللّٰهِ ثَمَنًا قَلِيۡلًا فَصَدُّوۡا عَنۡ سَبِيۡلِهٖ ؕ اِنَّهُمۡ سَآءَ مَا كَانُوۡا يَعۡمَلُوۡنَ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ইশতারাও বিআ–য়া–তিল্লা–হি ছ ্মানাং ক ্লীলাং ফাসাদ্দূ ‘আং ছাবীলিহী (ط) ইন্নাহুম ছা~আ মা– কা–নূ ইয়া'মালূন।	
তরজমা	তাহারা আল্লাহ্‌র আয়াতসমূহ তুচ্ছ মূল্যে বিক্রয় করে এবং তাহারা লোকদেরকে তাঁহার পথ হইতে নিবৃত্ত করে; নিশ্চয়ই তাহারা যাহা করিয়া থাকে তাহা অতি নিকৃষ্ট!	
	لَا يَرۡقُبُوۡنَ فِىۡ مُؤۡمِنٍ اِلًّا وَّلَا ذِمَّةً ؕ وَاُولٰٓـئِكَ هُمُ الۡمُعۡتَدُوۡنَ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	লা–ইয়ারকু ্বূনা ফী মু'মিনিন ইল্লাওঁ ওয়ালা–যি ্ম্মাতাওঁ (ط) ওয়া উলা~ইকা হুমুল মু ্তাদুন।	
তরজমা	তাহারা কোন মু'মিনের সঙ্গে আত্মীয়তার ও অঙ্গীকারের মর্যাদা রক্ষা করে না, তাহারাই সীমালংঘনকারী।	
	فَاِنۡ تَابُوۡا وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ فَاِخۡوَانُكُمۡ فِى الدِّيۡنِ ؕ وَنُفَصِّلُ الۡاٰيٰتِ لِقَوۡمٍ يَّعۡلَمُوۡنَ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ফাইং তা–বূ ওয়া আক ্া–মুস্ সালা–তা ওয়া আ–তাউঝ্ঝাকা–তা ফাইখওয়া–নুকুম ফিদ্দীনি (ط) ওয়ানুফাসসিলুল্ আ–য়া–তি লিক ্াওমিইঁ ইয়া‘লামূন।	
তরজমা	অতঃপর তাহারা যদি তওবা করে, সালাত কায়েম করে ও যাকাত দেয় তবে তাহারা তোমাদের দীনী ভাই ; জ্ঞানী সম্প্রদায়ের জন্য আমি নিদর্শন স্পষ্টরূপে বিবৃত করি।	
	وَاِنۡ نَّكَثُوۡۤا اَيۡمَانَهُمۡ مِّنۡۢ بَعۡدِ عَهۡدِهِمۡ وَطَعَنُوۡا فِىۡ دِيۡنِكُمۡ فَقَاتِلُوۡۤا اَئِمَّةَ الۡكُفۡرِ ۙ اِنَّهُمۡ لَاۤ اَيۡمَانَ لَهُمۡ لَعَلَّهُمۡ يَنۡتَهُوۡنَ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্ নাকাছূ ্ ~আইমা–নাহুম মিম বা‘দি ‘আহদিহিম ওয়া ত ্া‘আনূ ফী দীনিকুম ফাক ্া–তিলূ আইম্মাতাল কুফরি (ﻻ) ইন্নাহুম লা– আইমা–না লাহুম লা‘আল্লাহুম ইয়াংতাহূন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	তাহাদের চুক্তির পর তাহারা যদি তাহাদের প্রতিশ্রুতি ভঙ্গ করে এবং তোমাদের দীন সম্বন্ধে বিদ্রূপ করে তবে কাফিরদের প্রধানদের সঙ্গে যুদ্ধ কর; ইহারা এমন লোক যাহাদের কোন প্রতিশ্রুতি রহিল না; যেন তাহারা নিবৃত্ত হয়।	
	اَلَا تُقَاتِلُوْنَ قَوْمًا نَّكَثُوْٓا اَيْمَانَهُمْ وَهَمُّوْا بِاِخْرَاجِ الرَّسُوْلِ وَهُمْ بَدَءُوْكُمْ اَوَّلَ مَرَّةٍ ؕ اَتَخْشَوْنَهُمْ ۚ فَاللّٰهُ اَحَقُّ اَنْ تَخْشَوْهُ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	আলা-তুক'া-তিলূনা ক'াওমান্নাকাছু ˜আইমা-নাহুম ওয়া হাম্মূ বিইখরা-জির্ রাছূলি ওয়া হুম বাদাউকুম আওওয়ালা মাররাতিন (ؕ) আতাখশাওনাহুম ফাল্লা-হু আহ'াক্কু আংতাখশাওহু (ج) ইং কুংতুম মু'মিনীন।	
তরজমা	তোমরা কি সেই সম্প্রদায়ের সঙ্গে যুদ্ধ করিবে না, যাহারা নিজেদের প্রতিশ্রুতি ভঙ্গ করিয়াছে ও রাসূলকে বহিষ্কারের জন্য সংকল্প করিয়াছে? উহারাই প্রথম তোমাদের বিরুদ্ধাচরণ করিয়াছে। তোমরা কি তাহাদেরকে ভয় কর ? আল্লাহ্‌কে ভয় করাই তোমাদের পক্ষে অধিক সমীচীন, যদি তোমরা মু'মিন হও।	
	قَاتِلُوْهُمْ يُعَذِّبْهُمُ اللّٰهُ بِاَيْدِيْكُمْ وَيُخْزِهِمْ وَيَنْصُرْكُمْ عَلَيْهِمْ وَيَشْفِ صُدُوْرَ قَوْمٍ مُّؤْمِنِيْنَ ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	ক'া-তিলূহুম ইউ'আয'যি'ব্হুমুল্লা-হু বিআইদীকুম ওয়া ইউখঝিহিম ওয়াইয়াংসুরকুম 'আলাইহিম ওয়া ইয়াশফি সুদূরা ক'াওমিম্ মু'মিনীন।	
তরজমা	তোমরা তাহাদের সঙ্গে যুদ্ধ করিবে। তোমাদের হাতে আল্লাহ্ উহাদেরকে শাস্তি দিবেন, উহাদেরকে লাঞ্ছিত করিবেন, উহাদের উপর তোমাদেরকে বিজয়ী করিবেন ও মু'মিনদের চিত্ত প্রশান্ত করিবেন,	
	وَيُذْهِبْ غَيْظَ قُلُوْبِهِمْ ؕ وَيَتُوْبُ اللّٰهُ عَلٰى مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া ইউয'হিব গাইজ'া ক'ুলূবিহিম (ط) ওয়া ইয়াতূবুল্লা-হু 'আলা-মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু 'আলীমুন হ'াকীম।	
তরজমা	এবং তিনি উহাদের অন্তরের ক্ষোভ দূর করিবেন। আল্লাহ্ যাহাকে ইচ্ছা তাহার প্রতি ক্ষমাপরায়ণ হন, আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	اَمْ حَسِبْتُمْ اَنْ تُتْرَكُوْا وَلَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا مِنْكُمْ وَلَمْ يَتَّخِذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ وَلَا رَسُوْلِهٖ وَلَا الْمُؤْمِنِيْنَ وَلِيْجَةً ؕ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	আম হ'াছিবতুম আং তুতরাকূ ওয়া লাম্মা- ইয়া'লামিল্লা-হুল্লায'ীনা জা-হাদূ মিংকুম ওয়া লাম ইয়াত্তাখিয'ূ মিং দূনিল্লা-হি ওয়ালা- রাছূলিহী ওয়ালাল মু'মিনীনা ওয়ালীজাতাওঁ (ط) ওয়াল্লা-হু খাবীরুম বিমা-তা'মালূন।	

তরজমা	তোমরা কি মনে কর যে, তোমাদেরকে এমনি ছাড়িয়া দেওয়া হইবে যখন পর্যন্ত আল্লাহ্ না প্রকাশ করেন তোমাদের মধ্যে কাহারা মুজাহিদ এবং কাহারা আল্লাহ্, তাঁহার রাসূল ও মু'মিনগণ ব্যতীত অন্য কাহাকেও অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করে নাই ? তোমরা যাহা কর, সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত।	
	مَا كَانَ لِلْمُشْرِكِيْنَ اَنْ يَّعْمُرُوْا مَسٰجِدَ اللّٰهِ شٰهِدِيْنَ عَلٰٓى اَنْفُسِهِمْ بِالْكُفْرِ ؕ اُولٰٓئِكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ ۚۖ وَفِى النَّارِ هُمْ خٰلِدُوْنَ ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	মা-কা-না লিলমুশরিকীনা আইঁ ইয়া'মুরূ মাছা-জিদাল্লা-হি শা-হিদীনা 'আলা˜আংফুছিহিম বিলকুফ্‌রি (ط) উলা~ইকা হ'াবিত 'াত্ আ'মা-লুহুম (ج) ওয়াফিন্‌না-রি হুম খা-লিদূন।	
তরজমা	মুশরিকরা যখন নিজেরাই নিজেদের কুফরী স্বীকার করে তখন তাহারা আল্লাহ্‌র মসজিদের রক্ষণাবেক্ষণ করিবে- এমন হইতে পারে না। উহারা এমন, যাহাদের সমস্ত কর্ম ব্যর্থ হইয়াছে এবং উহারা দোজখেই স্থায়িভাবে অবস্থান করিবে।	
	اِنَّمَا يَعْمُرُ مَسٰجِدَ اللّٰهِ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَاَقَامَ الصَّلٰوةَ وَاٰتَى الزَّكٰوةَ وَلَمْ يَخْشَ اِلَّا اللّٰهَ فَعَسٰٓى اُولٰٓئِكَ اَنْ يَّكُوْنُوْا مِنَ الْمُهْتَدِيْنَ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ইন্নামা-ইয়া'মুরু মাছা-জিদাল্লা-হি মান আ-মানা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া আক'া-মাসসালা-তা ওয়া আ-তাঝঝাকা-তা ওয়ালাম ইয়াখশা ইল্লাল্লা-হা (قف) ফা'আছা˜উলা~ইকা আইঁ ইয়াকূনূ মিনাল মুহতাদীন।	
তরজমা	তাহারাই তো আল্লাহ্‌র মসজিদের রক্ষণাবেক্ষণ করিবে, যাহারা ঈমান আনে আল্লাহ্ ও আখিরাতে এবং সালাত কায়েম করে, যাকাত দেয় এবং আল্লাহ্ ব্যতীত অন্য কাহাকেও ভয় করে না। অতএব আশা করা যায়, তাহারা হইবে সৎপথপ্রাপ্তদের অন্তর্ভুক্ত।	
	اَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَآجِّ وَعِمَارَةَ الْمَسْجِدِ الْحَرَامِ كَمَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَجٰهَدَ فِىْ سَبِيْلِ اللّٰهِ ؕ لَا يَسْتَوٗنَ عِنْدَ اللّٰهِ ؕ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	আজা'আল্‌তুম ছিক'া-ইয়াতাল হ'া~জ্জি ওয়া 'ইমা-রাতাল মাছজিদিল হ'ারা-মি কামান আ-মানা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া জা-হাদা ফী ছাবীলিল্লা-হি (ط) লা-ইয়াছতাউনা 'ইংদাল্লা-হি (ط) ওয়াল্লা-হু লা-ইয়াহদিল ক'াওমাজ্'জ'া-লিমীন।	

তরজমা	হাজীদের জন্য পানি সরবরাহ এবং মসজিদুল হারামের রক্ষণাবেক্ষণ করাকে তোমরা কি তাহাদের পুণ্যের সমজ্ঞান কর, যাহারা আল্লাহ্ ও আখিরাতে ঈমান আনে এবং আল্লাহ্‌র পথে জিহাদ করে ? আল্লাহ্‌র নিকট উহারা সমতুল্য নয়। আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সৎপথ প্রদর্শন করেন না।	
	اَلَّذِيْنَ اٰمَنُوْا وَهَاجَرُوْا وَجٰهَدُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ۙ اَعْظَمُ دَرَجَةً عِنْدَ اللّٰهِ ؕ وَاُولٰٓئِكَ هُمُ الْفَآئِزُوْنَ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা আ-মানূ ওয়া হা-জারূ ওয়া জা-হাদূ ফী ছাবীলিল্লা-হি বিআমওয়া-লিহিম ওয়া আংফুছিহিম (ج) আ'জ ামু দারাজাতান 'ইংদাল্লা-হি (ط) ওয়া উলা~ইকা হুমুল ফা~ইযূন।	
তরজমা	যাহারা ঈমান আনে, হিজরত করে এবং নিজেদের সম্পদ ও নিজেদের জীবন দ্বারা আল্লাহ্‌র পথে জিহাদ করে তাহারা আল্লাহ্‌র নিকট মর্যাদায় শ্রেষ্ঠ, আর তাহারাই সফলকাম।	
	يُبَشِّرُهُمْ رَبُّهُمْ بِرَحْمَةٍ مِّنْهُ وَرِضْوَانٍ وَّجَنّٰتٍ لَّهُمْ فِيْهَا نَعِيْمٌ مُّقِيْمٌ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	ইউবাশ্শিরুহুম রাব্বুহুম বিরাহ মাতিম্ মিনহু ওয়া রিদ ওয়া-নিওঁ ওয়া জান্না-তিল লাহুম ফীহা-না'ঈমুম মুক ীম।	
তরজমা	উহাদের প্রতিপালক উহাদেরকে সুসংবাদ দিতেছেন স্বীয় দয়া ও সন্তোষের এবং জান্নাতের, যেখানে আছে তাহাদের জন্য স্থায়ী সুখ-শান্তি।	
	خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ اِنَّ اللّٰهَ عِنْدَهٗٓ اَجْرٌ عَظِيْمٌ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	খা-লিদীনা ফীহা-আবাদান (ط) ইন্নাল্লা-হা 'ইংদাহূ আজরুন 'আজ ীম।	
তরজমা	সেখানে তাহারা চিরস্থায়ী হইবে। নিশ্চয়ই আল্লাহ্‌র নিকট আছে মহাপুরস্কার।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْٓا اٰبَآءَكُمْ وَاِخْوَانَكُمْ اَوْلِيَآءَ اِنِ اسْتَحَبُّوا الْكُفْرَ عَلَى الْاِيْمَانِ ؕ وَمَنْ يَّتَوَلَّهُمْ مِّنْكُمْ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তাত্তাখিযূ ~আ-বা~আকুম ওয়া ইখওয়া-নাকুম আওলিয়া~আ ইনিছ্তাহ াব্বুল কুফরা 'আলাল ঈমা-নি (ط) ওয়া মাই ইয়াতাওয়াল্লাহুম মিংকুম ফাউলা~ইকা হুমুজ জ া-লিমূন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমাদের পিতা ও ভ্রাতা যদি ঈমানের মুকাবিলায় কুফরীকে শ্রেয় জ্ঞান করে, তবে উহাদেরকে অন্তরঙ্গরূপে গ্রহণ করিও না। তোমাদের মধ্যে যাহারা উহাদেরকে অন্তরঙ্গরূপে গ্রহণ করে, তাহারাই জালিম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قُلْ اِنْ كَانَ اٰبَآؤُكُمْ وَاَبْنَآؤُكُمْ وَاِخْوَانُكُمْ وَاَزْوَاجُكُمْ وَعَشِيْرَتُكُمْ وَاَمْوَالُ ۨاقْتَرَفْتُمُوْهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسٰكِنُ تَرْضَوْنَهَآ اَحَبَّ اِلَيْكُمْ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖ وَجِهَادٍ فِىْ سَبِيْلِهٖ فَتَرَبَّصُوْا حَتّٰى يَاْتِىَ اللّٰهُ بِاَمْرِهٖ ؕ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	কু˙ল ইং কা–না আ-বা~উকুম ওয়া আবনা~উকুম ওয়া ইখওয়া–নুকুম ওয়া আঝওয়া–জুকুম ওয়া ‘আশীরাতুকুম ওয়া আমওয়া–লুনিক˙তারাফতুমূহা– ওয়া তিজা–রাতুং তাখশাওনা কাছা–দাহা– ওয়া মাছা–কিনু তারদ˙াওনাহা– আহ˙াব্বা ইলাইকুম মিনাল্লা–হি ওয়া রাছূলিহী ওয়া জিহা–দিং ফী ছাবীলিহী ফাতারাব্বাসূ হ˙াত্তা–ইয়া’তিয়াল্লা–হু বিআমরিহী (ط) ওয়াল্লা–হু লা–ইয়াহদিল ক˙াওমাল ফা–ছিক˙ীন।	
তরজমা	বল, ‘তোমাদের নিকট যদি আল্লাহ্, তাঁহার রাসূল এবং আল্লাহ্র পথে জিহাদ করা অপেক্ষা অধিক প্রিয় হয় তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের স্ত্রী, তোমাদের স্বগোষ্ঠী, তোমাদের অর্জিত সম্পদ, তোমাদের ব্যবসা-বাণিজ্য-যাহার মন্দা পড়ার আশংকা কর এবং তোমাদের বাসস্থান -যাহা তোমরা ভালবাস, তবে অপেক্ষা কর আল্লাহ্র নির্দেশ আসা পর্যন্ত।’ আল্লাহ্ সত্যত্যাগী সম্প্রদায়কে সৎপথ প্রদর্শন করেন না।	
	لَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ فِىْ مَوَاطِنَ كَثِيْرَةٍ ۙ وَّيَوْمَ حُنَيْنٍ ۙ اِذْ اَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنْكُمْ شَيْـًٔا وَّضَاقَتْ عَلَيْكُمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ ثُمَّ وَلَّيْتُمْ مُّدْبِرِيْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	লাক˙াদ নাসারাকুমুল্লা–হু ফী মাওয়া–তি˙না কাছ˙ীরতিওঁ (ۙ) ওয়া ইয়াওমা হু˙নাইনিন (ۙ) ইয˙ আ‘জাবাতকুম কাছ˙রাতুকুম ফালাম তুগনি ‘আংকুম শাইআওঁ ওয়া দ˙া–ক˙াত ‘আলাইকুমুল আরদু˙ বিমা–রাহু˙বাত ছু˙ম্মা ওয়াল্লাইতুম মুদবিরীন।	
তরজমা	আল্লাহ্ তোমাদেরকে তো সাহায্য করিয়াছেন বহু ক্ষেত্রে এবং হুনায়নের যুদ্ধের দিনে যখন তোমাদেরকে উৎফুল্ল করিয়াছিল তোমাদের সংখ্যাধিক্য; কিন্তু উহা তোমাদের কোন কাজে আসে নাই এবং বিস্তৃত হওয়া সত্ত্বেও পৃথিবী তোমাদের জন্য সংকুচিত হইয়াছিল, পরে তোমরা পৃষ্ঠপ্রদর্শন করিয়া পলায়ন করিয়াছিলে।	
	ثُمَّ اَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلٰى رَسُوْلِهٖ وَعَلَى الْمُؤْمِنِيْنَ وَاَنْزَلَ جُنُوْدًا لَّمْ تَرَوْهَا وَعَذَّبَ الَّذِيْنَ كَفَرُوْا ؕ وَذٰلِكَ جَزَآءُ الْكٰفِرِيْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ছু˙ম্মা আংঝালাল্লা–হু ছাকীনাতাহূ ‘আলা–রাছূলিহী ওয়া ‘আলাল মু’মিনীনা ওয়া আংঝালা জুনূদাল লাম তারাওহা– (ج) ওয়া ‘আয˙যা˙বাল্লায˙ীনা কাফারূ (ط) ওয়া যা˙–লিকা জাঝা~উল কা–ফিরীন।	

তরজমা	অতঃপর আল্লাহ্ তাঁহার নিকট হইতে তাঁহার রাসূল ও মু'মিনদের উপর প্রশান্তি বর্ষণ করেন এবং এমন এক সৈন্যবাহিনী অবতীর্ণ করেন যাহা তোমরা দেখিতে পাও নাই এবং তিনি কাফিরদেরকে শাস্তি প্রদান করেন; ইহাই কাফিরদের কর্মফল।	
	ثُمَّ يَتُوْبُ اللّٰهُ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَلٰى مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ইয়াতূবুল্লা-হু মিম বা'দি য া-লিকা 'আলা-মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু গাফূরুর্ রাহ ীম।	
তরজমা	ইহার পরও যাহার প্রতি ইচ্ছা আল্লাহ্ ক্ষমাপরায়ণ হইবেন; আল্লাহ্ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنَّمَا الْمُشْرِكُوْنَ نَجَسٌ فَلَا يَقْرَبُوا الْمَسْجِدَ الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هٰذَا ۚ وَاِنْ خِفْتُمْ عَيْلَةً فَسَوْفَ يُغْنِيْكُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖۤ اِنْ شَآءَ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ ইন্নামাল মুশরিকূনা নাজাছুং ফালা-ইয়াক রাবুল মাছজিদাল হ ারা-মা বা'দা 'আ-মিহিম হা-য া- (ج) ওয়া ইন খিফতুম 'আইলাতাং ফাছাওফা ইউগনীকুমুল্লা-হু মিং ফাদ লিহী ইং শা~আ (ط) ইন্নাল্লা-হা 'আলীমুন হ াকীম।	
তরজমা	হে মু'মিনগণ! মুশরিকরা তো অপবিত্র; সুতরাং এই বৎসরের পর তাহারা যেন মসজিদুল হারামের নিকট না আসে। যদি তোমরা দারিদ্র্যের আশংকা কর তবে আল্লাহ্ ইচ্ছা করিলে তাঁহার নিজ করুণায় তোমাদেরকে অভাবমুক্ত করিবেন। নিশ্চয়ই আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	قَاتِلُوا الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَلَا بِالْيَوْمِ الْاٰخِرِ وَلَا يُحَرِّمُوْنَ مَا حَرَّمَ اللّٰهُ وَرَسُوْلُهٗ وَلَا يَدِيْنُوْنَ دِيْنَ الْحَقِّ مِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ حَتّٰى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَّدٍ وَّهُمْ صٰغِرُوْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ক া-তিলুল্লায ীনা লা-ইউ'মিনূনা বিল্লা-হি ওয়ালা-বিল ইয়াওমিল আ-খিরি ওয়ালা-ইউহ াররিমূনা মা-হ াররামাল্লা-হু ওয়া রাছূলুহূ ওয়ালা-ইয়াদীনূনা দীনাল হ াক্কি মিনাল্লায ীনা উতুল কিতা-বা হ াত্তা-ইউ'তুল জিঝইয়াতা 'আইঁ ইয়াদিওঁ ওয়া হুম সা-গিরূন।	
তরজমা	যাহাদের প্রতি কিতাব অবতীর্ণ হইয়াছে তাহাদের মধ্যে যাহারা আল্লাহর প্রতি ঈমান আনে না, শেষদিনেও নয় এবং আল্লাহ্ ও তাঁহার রাসূল যাহা হারাম করিয়াছেন তাহা হারাম গণ্য করে না এবং সত্য দীন অনুসরণ করে না, তাহাদের সঙ্গে যুদ্ধ করিবে, যে পর্যন্ত না তাহারা নত হইয়া স্বহস্তে জিযিয়া দেয়।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالَتِ الْيَهُودُ عُزَيْرٌ ابْنُ اللَّهِ وَقَالَتِ النَّصَارَى الْمَسِيحُ ابْنُ اللَّهِ ۖ ذَٰلِكَ قَوْلُهُمْ بِأَفْوَاهِهِمْ ۖ يُضَاهِئُونَ قَوْلَ الَّذِينَ كَفَرُوا مِنْ قَبْلُ ۚ قَاتَلَهُمُ اللَّهُ ۚ أَنَّىٰ يُؤْفَكُونَ ﴿٣٠﴾	**30**
প্রতিবর্ণায়ন	ওয়া ক়া-লাতিল ইয়াহূদু 'উঝাইরুনিবনুল্লা-হি ওয়াক়া-লাতিন্ নাসা-রাল মাছীহু্বনুল্লা-হি (ط) যা-লিকা ক়াওলুহুম বিআফওয়া-হিহিম (ج) ইউদা-হিউনা ক়াওলাল্লাযীনা কাফারূ মিং ক়াবলু (ط) ক়া-তালাহুমুল্লা-হু; আন্না-ইউ'ফাকূন।	
তরজমা	ইয়াহূদীরা বলে, 'উযায়র আল্লাহ্‌র পুত্র' এবং খ্রিস্টানরা বলে, 'মসীহ্ আল্লাহ্‌র পুত্র।' উহা তাহাদের মুখের কথা। পূর্বে যাহারা কুফরী করিয়াছিল উহারা তাহাদের মত কথা বলে। আল্লাহ্ উহাদেরকে ধ্বংস করুন। আর কোন্ দিকে উহাদেরকে ফিরাইয়া দেওয়া হইয়াছে!	
	اتَّخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ وَالْمَسِيحَ ابْنَ مَرْيَمَ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا إِلَٰهًا وَاحِدًا ۖ لَا إِلَٰهَ إِلَّا هُوَ ۚ سُبْحَانَهُ عَمَّا يُشْرِكُونَ ﴿٣١﴾	**31**
প্রতিবর্ণায়ন	ইত্তাখায়ূ~আহ্বা-রাহুম ও রুহ্বা-নাহুম আরবা-বাম মিং দূনিল্লা-হি ওয়াল মাছীহাবনা মারইয়ামা (ج) ওয়ামা~ উমিরূ~ ইল্লা- লিয়া'বুদূ~ ইলা-হাওঁ ওয়াহিদাল্ (ج) লা~ইলা-হা ইল্লা-হুওয়া; ছুবহা-নাহূ 'আম্মা- ইউশরিকূন।	
তরজমা	তাহারা আল্লাহ্ ব্যতীত তাহাদের পণ্ডিতগণকে ও সংসার-বিরাগিগণকে তাহাদের প্রভুরূপে গ্রহণ করিয়াছে এবং মারইয়াম-তনয় মসীহ্‌কেও। কিন্তু উহারা এক ইলাহের 'ইবাদত করিবার জন্যই আদিষ্ট হইয়াছিল। তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। তাহারা যাহাকে শরীক করে তাহা হইতে তিনি কত পবিত্র!	
	يُرِيدُونَ أَنْ يُطْفِئُوا نُورَ اللَّهِ بِأَفْوَاهِهِمْ وَيَأْبَى اللَّهُ إِلَّا أَنْ يُتِمَّ نُورَهُ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ ﴿٣٢﴾	**32**
প্রতিবর্ণায়ন	ইউরীদূনা আইঁ ইউত্ফিউ নূরাল্লা-হি বিআফওয়া-হিহিম ওয়া ইয়া'বাল্লা-হু ইল্লা~আইঁ ইউতিম্মা নূরাহূ ওয়া লাও কারিহাল কা-ফিরূন।	
তরজমা	তাহারা তাহাদের মুখের ফুৎকারে আল্লাহ্‌র জ্যোতি নির্বাপিত করিতে চায়। কাফিররা অপ্রীতিকর মনে করিলেও আল্লাহ্ তাঁহার জ্যোতির পূর্ণ উদ্ভাসন ব্যতীত অন্য কিছু চান না।	
	هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَىٰ وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ ﴿٣٣﴾	**33**
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী~আরছালা রাছূলাহূ বিল হুদা-ওয়া দীনিল হাক্কি লিইউজহিরাহূ 'আলাদ্দীনি কুল্লিহী (ﻻ) ওয়া লাও কারিহাল মুশরিকূন।	

তরজমা	মুশরিকরা অপ্রীতিকর মনে করিলেও অপর সমস্ত দীনের উপর জয়যুক্ত করিবার জন্য তিনিই পথনির্দেশ ও সত্য দীনসহ তাঁহার রাসূল প্রেরণ করিয়াছেন।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنَّ كَثِيْرًا مِّنَ الْاَحْبَارِ وَالرُّهْبَانِ لَيَاْكُلُوْنَ اَمْوَالَ النَّاسِ بِالْبَاطِلِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ وَالَّذِيْنَ يَكْنِزُوْنَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُوْنَهَا فِىْ سَبِيْلِ اللّٰهِ ۙ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ اَلِيْمٍ ۝	34
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ-মানূ˜ইন্না কাছ ীরাম মিনাল আহ বা-রি ওয়াররুহবা-নি লাইয়া'কুলূনা আমওয়া-লান্না-ছি বিল বা-তি লি ওয়া ইয়াসুদ্দূনা 'আং ছাবীলিল্লা-হি (ط) ওয়াল্লায ীনা ইয়াকনিঝূনায য াহাবা ওয়াল ফিদ দ াতা ওয়ালা- ইউংফিকূ নাহা-ফী ছাবীলিল্লা-হি (ۚ) ফাবাশশির্হুম বি'আয া-বিন আলীম।	
তরজমা	হে মু'মিনগণ! পণ্ডিত এবং সংসার বিরাগীদের মধ্যে অনেকেই লোকের ধন-সম্পদ অন্যায়ভাবে ভোগ করিয়া থাকে এবং লোককে আল্লাহ্র পথ হইতে নিবৃত্ত করে। আর যাহারা স্বর্ণ ও রৌপ্য পুঞ্জীভূত করে এবং উহা আল্লাহ্র পথে ব্যয় করে না উহাদেরকে মর্মন্তুদ শাস্তির সংবাদ দাও।	
	يَّوْمَ يُحْمٰى عَلَيْهَا فِىْ نَارِ جَهَنَّمَ فَتُكْوٰى بِهَا جِبَاهُهُمْ وَجُنُوْبُهُمْ وَظُهُوْرُهُمْ ؕ هٰذَا مَا كَنَزْتُمْ لِاَنْفُسِكُمْ فَذُوْقُوْا مَا كُنْتُمْ تَكْنِزُوْنَ ۝	35
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইউহ্ মা- 'আলাইহা-ফী না-রি জাহান্নামা ফাতুক্ওয়া-বিহা- জিবা-হুহুম ওয়া জুনূবুহুম ওয়া জু হূরুহুম (ط) হা-য া- মা-কানাঝ্তুম লিআংফুছিকুম ফায়ূ কূ মা-কুংতুম তাকনিঝূন।	
তরজমা	যেদিন জাহান্নামের অগ্নিতে উহা উত্তপ্ত করা হইবে এবং উহা দ্বারা তাহাদের ললাট, পার্শ্বদেশ ও পৃষ্ঠদেশে দাগ দেওয়া হইবে সেদিন বলা হইবে, 'ইহাই উহা যাহা তোমরা নিজেদের জন্য পুঞ্জীভূত করিতে। সুতরাং তোমরা যাহা পুঞ্জীভূত করিয়াছিলে তাহা আস্বাদন কর।'	
	اِنَّ عِدَّةَ الشُّهُوْرِ عِنْدَ اللّٰهِ اثْنَا عَشَرَ شَهْرًا فِىْ كِتٰبِ اللّٰهِ يَوْمَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ مِنْهَاۤ اَرْبَعَةٌ حُرُمٌ ؕ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ ۙ فَلَا تَظْلِمُوْا فِيْهِنَّ اَنْفُسَكُمْ وَقَاتِلُوا الْمُشْرِكِيْنَ كَاۤفَّةً كَمَا يُقَاتِلُوْنَكُمْ كَاۤفَّةً ؕ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ۝	36

প্রতিবর্ণায়ন	ইন্না ‘ইদ্দাতাশশুহূরি ‘ইংদাল্লা-হিছ না-‘আশারা শাহ্‌রাং ফী কিতা-বিল্লা-হি ইয়াওমা খালাক াছ্‌ছামা-ওয়া-তি ওয়াল আরদ া মিনহা-আরবা‘আতুন হু রুমুং (ط) য া-লিকাদ্‌দীনুল ক াইয়িমু (ۙ) ফালা-তাজ লিমূ ফীহিন্না আংফুছাকুম ওয়া ক া-তিলুল্ মুশরিকীনা কা~ফফাতাং কামা-ইউক া-তিলূনাকুম কা~ফফাতাওঁ (ط) ওয়া‘লামূ আন্নাল্লা-হা মা‘আল মুত্তাক ীন।	
তরজমা	নিশ্চয়ই আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টির দিন হইতেই আল্লাহ্‌র বিধানে আল্লাহ্‌র নিকট মাস গণনায় মাস বারটি; তন্মধ্যে চারটি নিষিদ্ধ মাস, ইহাই সুপ্রতিষ্ঠিত বিধান। সুতরাং ইহার মধ্যে তোমরা নিজেদের প্রতি জুলুম করিও না এবং তোমরা মুশরিকদের সঙ্গে সর্বাত্মকভাবে যুদ্ধ করিবে, যেমন তাহারা তোমাদের বিরুদ্ধে সর্বাত্মকভাবে যুদ্ধ করিয়া থাকে। এবং জানিয়া রাখ, আল্লাহ্ তো মুত্তাকীদের সঙ্গে আছেন।	
	اِنَّمَا النَّسِيْٓءُ زِيَادَةٌ فِي الْكُفْرِ يُضَلُّ بِهِ الَّذِيْنَ كَفَرُوْا يُحِلُّوْنَهٗ عَامًا وَّ يُحَرِّمُوْنَهٗ عَامًا لِّيُوَاطِـُٔوْا عِدَّةَ مَا حَرَّمَ اللّٰهُ فَيُحِلُّوْا مَا حَرَّمَ اللّٰهُ ؕ زُيِّنَ لَهُمْ سُوْٓءُ اَعْمَالِهِمْ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿۳۷﴾	37
প্রতিবর্ণায়ন	ইন্নামান নাছী~উ ঝিয়া-দাতুং ফিল কুফরি ইউদ াল্লু বিহিল্লায ীনা কাফারূ ইউহি ল্লূনাহূ ‘আ-মাওঁ ওয়া ইউহ াররিমূনাহূ ‘আ-মাল্ লিইউওয়া-তি উ ‘ইদ্দাতা মা-হ া‌র্‌রামাল্লা-হু ফাইউহি ল্লূ মা-হ া‌র্‌রামাল্লা-হু (ط) ঝুইয়িনা লাহুম ছূ~উ আ‘মা-লিহিম (ط) ওয়াল্লা-হু লা-ইয়াহদিল ক াওমাল্ কা-ফিরীন।	
তরজমা	এই যে মাসকে পিছাইয়া দেওয়া কেবল কুফরী বৃদ্ধি করা, যাহা দ্বারা কাফিরদেরকে বিভ্রান্ত করা হয়। তাহারা উহাকে কোন বৎসর বৈধ করে এবং কোন বৎসর অবৈধ করে যাহাতে তাহারা আল্লাহ্ যেইগুলিকে নিষিদ্ধ করিয়াছেন, সেইগুলির গণনা পূর্ণ করিতে পারে ; অনন্তর আল্লাহ্ যাহা হারাম করিয়াছেন তাহা হালাল করিতে পারে। তাহাদের মন্দ কাজগুলি তাহাদের জন্য শোভনীয় করা হইয়াছে। আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সৎপথ প্রদর্শন করেন না।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا مَا لَكُمْ اِذَا قِيْلَ لَكُمُ انْفِرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ اثَّاقَلْتُمْ اِلَى الْاَرْضِ ؕ اَرَضِيْتُمْ بِالْحَيٰوةِ الدُّنْيَا مِنَ الْاٰخِرَةِ ۚ فَمَا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا فِي الْاٰخِرَةِ اِلَّا قَلِيْلٌ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ মা-লাকুম ইয া-ক ীলা লাকুমুং ফিরূ ফী ছাবীলিল্লা-হিছ ছ া-ক াল্‌তুম ইলাল আরদি (ط) আরাদ ীতুম বিলহ াইয়া-তিদ্‌দুনইয়া- মিনাল আ-খিরাতি (ط) ফামা-মাতা-‘উল্ হ ায়া-তিদ্‌দুনইয়া-ফিল আ-খিরাতি ইল্লা-ক ালীল।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে মু'মিনগণ! তোমাদের কী হইল যে, তোমাদেরকে যখন আল্লাহ্‌র পথে অভিযানে বাহির হইতে বলা হয় তখন তোমরা ভারাক্রান্ত হইয়া ভূতলে ঝুঁকিয়া পড় ? তোমরা কি আখিরাতের পরিবর্তে পার্থিব জীবনে পরিতুষ্ট হইয়াছ ? আখিরাতের তুলনায় পার্থিব জীবনের ভোগের উপকরণ তো অকিঞ্চিৎকর!	
	إِلَّا تَنفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْئًا ۗ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٣٩﴾	**39**
প্রতিবর্ণায়ন	ইল্লা– তাংফিরূ ইউ‘আয`যি`বকুম ‘আয`া–বান আলীমাওঁ (ْلا) ওয়া ইয়াছতাবদিল ক`াওমান গাইরাকুম ওয়ালা–তাদু`র্‌রূহু শাইআওঁ (ْلا) ওয়াল্লা–হু ‘আলা–কুল্লি শাইয়িং ক`াদির।	
তরজমা	যদি তোমরা অভিযানে বাহির না হও, তবে তিনি তোমাদেরকে মর্মন্তুদ শাস্তি দিবেন এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করিবেন এবং তোমরা তাঁহার কোনই ক্ষতি করিতে পারিবে না। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	إِلَّا تَنصُرُوهُ فَقَدْ نَصَرَهُ اللَّهُ إِذْ أَخْرَجَهُ الَّذِينَ كَفَرُوا ثَانِيَ اثْنَيْنِ إِذْ هُمَا فِي الْغَارِ إِذْ يَقُولُ لِصَاحِبِهِ لَا تَحْزَنْ إِنَّ اللَّهَ مَعَنَا ۖ فَأَنزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ وَأَيَّدَهُ بِجُنُودٍ لَّمْ تَرَوْهَا وَجَعَلَ كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَىٰ ۗ وَ كَلِمَةُ اللَّهِ هِيَ الْعُلْيَا ۗ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ ﴿٤٠﴾	**40**
প্রতিবর্ণায়ন	ইল্লা–তাংসুরূহু ফাক`াদ নাসারাহুল্লা–হু ইয` আখরাজাহুল্লায`ীনা কাফারূ ছ`া–নিয়াছ`নাইনি ইয` হুমা–ফিল গা–রি ইয` ইয়াকূ`লু লিসা–হি`বিহী লা–তাহ`ঝান ইন্নাল্লা–হা মা‘আনা– (ج) ফাআংঝাল্লা–হু ছাকীনাতাহূ ‘আলাইহি ওয়া আইইয়াদাহূ বিজুনূদিল লাম তারাওহা–ওয়া জা‘আলা কালিমাতাল্লায`ীনা কাফারুছ্ছুফলা– (ط) ওয়া কালিমাতুল্লা–হি হিয়াল ‘উলইয়া– (ط) ওয়াল্লা–হু ‘আঝীঝুন হ`াকীম।	
তরজমা	যদি তোমরা তাহাকে সাহায্য না কর, তবে আল্লাহ্ তো তাহাকে সাহায্য করিয়াছিলেন যখন কাফিররা তাহাকে বহিষ্কার করিয়াছিল এবং সে ছিল দুইজনের দ্বিতীয় জন, যখন তাহারা উভয়ে গুহার মধ্যে ছিল ; সে তখন তাহার সঙ্গীকে বলিয়াছিল, ‘বিষণ্ন হইও না, আল্লাহ্ তো আমাদের সঙ্গে আছেন।’ অতঃপর আল্লাহ্ তাঁহার উপর তাঁহার প্রশান্তি বর্ষণ করেন এবং তাহাকে শক্তিশালী করেন এমন এক সৈন্যবাহিনী দ্বারা যাহা তোমরা দেখ নাই; এবং তিনি কাফিরদের কথা হেয় করেন। আল্লাহ্‌র কথাই সর্বোপরি এবং আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اِنْفِرُوْا خِفَافًا وَّثِقَالًا وَّجَاهِدُوْا بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۗ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ইংফিরূ খিফা–ফাওঁ ওয়া ছি ক া–লাওঁ ওয়া জা–হিদূ বিআমওয়া–লিকুম ওয়া আংফুছিকুম ফী ছাবীলিল্লা–হি (ط) য া–লিকুম খাইরুল্লাকুম ইং কুংতুম তা'লামূন।	
তরজমা	অভিযানে বাহির হইয়া পড়, হালকা অবস্থায় হউক অথবা ভারি অবস্থায়, এবং সংগ্রাম কর আল্লাহ্‌র পথে তোমাদের সম্পদ ও জীবন দ্বারা। উহাই তোমাদের জন্য শ্রেয়, যদি তোমরা জানিতে !	
	لَوْ كَانَ عَرَضًا قَرِيْبًا وَّسَفَرًا قَاصِدًا لَّاتَّبَعُوْكَ وَلٰكِنْۢ بَعُدَتْ عَلَيْهِمُ الشُّقَّةُ ۗ وَسَيَحْلِفُوْنَ بِاللّٰهِ لَوِ اسْتَطَعْنَا لَخَرَجْنَا مَعَكُمْ ۚ يُهْلِكُوْنَ اَنْفُسَهُمْ ۚ وَاللّٰهُ يَعْلَمُ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	লাও কা–না 'আরাদ াং ক ারীবাওঁ ওয়া ছাফারাং ক া–সিদাল্ লাত্তাবা'ঊকা ওয়ালা–কিম বা'উদাত 'আলাইহিমুশ' শুক্ক াতু (ط) ওয়া ছাইয়াহ্ লিফূনা বিল্লা–হি লাবি ছতাত া'না–লাখারাজনা–মা'আকুম (ج) ইউহলিকূনা আংফুছাহুম (ج) ওয়াল্লা–হু ইয়া'লামু ইন্নাহুম লাকা–যি বূন।	
তরজমা	আশু সম্পদ লাভের সম্ভাবনা থাকিলে ও সফর সহজ হইলে উহারা নিশ্চয়ই তোমার অনুসরণ করিত; কিন্তু উহাদের নিকট যাত্রাপথ সুদীর্ঘ মনে হইল। উহারা অচিরেই আল্লাহ্‌র নামে শপথ করিয়া বলিবে, 'পারিলে আমরা নিশ্চয়ই তোমাদের সঙ্গে বাহির হইতাম।' উহারা নিজেদেরকেই ধ্বংস করে। আল্লাহ্ জানেন উহারা অবশ্যই মিথ্যাচারী।	
	عَفَا اللّٰهُ عَنْكَ ۚ لِمَ اَذِنْتَ لَهُمْ حَتّٰى يَتَبَيَّنَ لَكَ الَّذِيْنَ صَدَقُوْا وَتَعْلَمَ الْكٰذِبِيْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	'আফাল্লা–হু 'আংকা (ج) লিমা আযি ংতা লাহুম হ াত্তা-ইয়াতাবাইইয়ানা লাকাল্লায ীনা সাদাকূ ওয়া তা'লামাল কা–যি বীন।	
তরজমা	আল্লাহ্ তোমাকে ক্ষমা করিয়াছেন। কাহারা সত্যবাদী তাহা তোমার নিকট স্পষ্ট না হওয়া পর্যন্ত এবং কাহারা মিথ্যাবাদী তাহা না জানা পর্যন্ত তুমি কেন উহাদেরকে অব্যাহতি দিলে ?	
	لَا يَسْتَاْذِنُكَ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ اَنْ يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ۗ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ ﴿٤٤﴾	44

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	লা–ইয়াছতা'যি নুকাল্লায ীনা ইউ'মিনূনা বিল্লা–হি ওয়াল ইয়াওমিল আ–খিরি আই ইউজা–হিদূ বিআমওয়া–লিহিম ওয়া আংফুছিহিম (ط) ওয়াল্লা–হু 'আলীমুম বিলমুত্তাক ীন।	
তরজমা	যাহারা আল্লাহে ও শেষ দিবসে ঈমান আনে তাহারা নিজ সম্পদ ও জীবন দ্বারা জিহাদে অব্যাহতি পাইবার প্রার্থনা তোমার নিকট করে না। আল্লাহ্ মুত্তাকীদের সম্বন্ধে সবিশেষ অবহিত।	
	إِنَّمَا يَسْتَأْذِنُكَ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَارْتَابَتْ قُلُوبُهُمْ فَهُمْ فِي رَيْبِهِمْ يَتَرَدَّدُونَ ۝	45
প্রতিবর্ণায়ন	ইন্নামা–ইয়াছতা'যি নুকাল্লায ীনা লা–ইউ'মিনূনা বিল্লা–হি ওয়াল ইয়াওমিল আ–খিরি ওয়ারতা–বাত্ কু লূবুহুম ফাহুম ফী রাইবিহিম ইয়াতারাদ্দাদূন।	
তরজমা	তোমার নিকট অব্যাহতি প্রার্থনা করে কেবল উহারাই যাহারা আল্লাহ্ ও শেষ দিবসে ঈমান আনে না এবং যাহাদের চিত্ত সংশয়যুক্ত। উহারা তো আপন সংশয়ে দ্বিধাগ্রস্ত।	
	وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً وَلَٰكِنْ كَرِهَ اللَّهُ انْبِعَاثَهُمْ فَثَبَّطَهُمْ وَقِيلَ اقْعُدُوا مَعَ الْقَاعِدِينَ ۝	46
প্রতিবর্ণায়ন	ওয়া লাও আরা–দুল খুরূজা লাআ'আদ্দূ লাহূ 'উদ্দাতাওঁ ওয়ালা–কিং কারিহাল্লা–হুম বি'আ–ছ াহুম ফাছ াব্বাতাহুম ওয়া ক ীলাক ''উদূ মা'আল ক া–'ইদীন।	
তরজমা	উহারা বাহির হইতে চাহিলে উহারা নিশ্চয়ই ইহার জন্য প্রস্তুতির ব্যবস্থা করিত, কিন্তু উহাদের অভিযাত্রা আল্লাহ্‌র মনঃপূত ছিল না। সুতরাং তিনি উহাদেরকে বিরত রাখেন এবং উহাদেরকে বলা হয়, 'যাহারা বসিয়া আছে তাহাদের সঙ্গে বসিয়া থাক।'	
	لَوْ خَرَجُوا فِيكُمْ مَا زَادُوكُمْ إِلَّا خَبَالًا وَلَأَوْضَعُوا خِلَالَكُمْ يَبْغُونَكُمُ الْفِتْنَةَ وَفِيكُمْ سَمَّاعُونَ لَهُمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ ۝	47
প্রতিবর্ণায়ন	লাও খারাজূ ফীকুম মা–ঝা–দুকুম ইল্লা–খাবা–লাওঁ ওয়ালা আও দ া'ঊ খিলা–লাকুম ইয়াবগূনাকুমুল ফিতনাতা (ج) ওয়া ফীকুম ছাম্মা–'ঊনা লাহুম (ط) ওয়াল্লা–হু 'আলীমুম বিজ জ া–লিমীন।	
তরজমা	উহারা তোমাদের সঙ্গে বাহির হইলে তোমাদের বিভ্রান্তিই বৃদ্ধি করিত এবং তোমাদের মধ্যে ফিতনা সৃষ্টির উদ্দেশ্যে তোমাদের মধ্যে ছুটাছুটি করিত। তোমাদের মধ্যে উহাদের জন্য কথা শুনিবার লোক আছে। আল্লাহ্ জালিমদের সম্বন্ধে সবিশেষ অবহিত।	

	لَقَدِ ابْتَغَوُا الْفِتْنَةَ مِنْ قَبْلُ وَقَلَّبُوا لَكَ الْأُمُورَ حَتَّىٰ جَاءَ الْحَقُّ وَظَهَرَ أَمْرُ اللَّهِ وَهُمْ كَارِهُونَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	লাকাদিব্ তাগাউল ফিতনাতা মিং কাবলু ওয়া কাল্লাবূ লাকাল উমূরা হাত্তা-জা~আল হাক্কু ওয়া জাহারা আমরুল্লা-হি ওয়া হুম কা-রিহূন।	
তরজমা	পূর্বেও উহারা ফিত্না সৃষ্টি করিতে চাহিয়াছিল এবং উহারা তোমার বহু কর্মে উলট-পালট করিয়াছিল যতক্ষণ না উহাদের ইচ্ছার বিরুদ্ধে সত্য আসিল এবং আল্লাহ্র আদেশ বিজয়ী হইল।	
	وَمِنْهُمْ مَنْ يَقُولُ ائْذَنْ لِي وَلَا تَفْتِنِّي ۚ أَلَا فِي الْفِتْنَةِ سَقَطُوا ۗ وَإِنَّ جَهَنَّمَ لَمُحِيطَةٌ بِالْكَافِرِينَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম মাইঁ ইয়াকূলু'য়াল্লী ওয়ালা-তাফতিন্নী (ط) আলা-ফিল ফিতনাতি ছাকাতূ (ط) ওয়া ইন্না জাহান্নামা লামুহীতাতুম বিলকা-ফিরীন।	
তরজমা	এবং উহাদের মধ্যে এমন লোক আছে যে বলে, 'আমাকে অব্যাহতি দাও এবং আমাকে ফিত্নায় ফেলিও না।' সাবধান! উহারাই ফিতনাতে পড়িয়া আছে। জাহান্নাম তো কাফিরদেরকে বেষ্টন করিয়াই আছে।	
	إِنْ تُصِبْكَ حَسَنَةٌ تَسُؤْهُمْ ۖ وَإِنْ تُصِبْكَ مُصِيبَةٌ يَقُولُوا قَدْ أَخَذْنَا أَمْرَنَا مِنْ قَبْلُ وَيَتَوَلَّوْا وَهُمْ فَرِحُونَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ইং তুসিবকা হাছানাতুং তাছু'হুম (ج) ওয়াইং তুসিব্কা মুসিবাতুইঁ ইয়াকূলূ কাদ আখাযনা~আমরানা-মিং কাবলু ওয়া ইয়াতাওয়াল্লাও ওয়া হুম ফারিহূন।	
তরজমা	তোমার মঙ্গল হইলে তাহা উহাদেরকে পীড়া দেয় এবং তোমার বিপদ ঘটিলে উহারা বলে, 'আমরা তো পূর্বাহ্নেই আমাদের ব্যাপারে সতর্কতা অবলম্বন করিয়াছিলাম' এবং উহারা উৎফুল্লচিত্তে সরিয়া পড়ে।	
	قُلْ لَنْ يُصِيبَنَا إِلَّا مَا كَتَبَ اللَّهُ لَنَا هُوَ مَوْلَانَا ۚ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	কুল লাইঁ ইউসীবানা~ইল্লা-মা- কাতাবাল্লা-হু লানা- (ج) হুওয়া মাওলা-না- (ج) ওয়া 'আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনূন।	
তরজমা	বল, 'আমাদের জন্য আল্লাহ্ যাহা নির্দিষ্ট করিয়াছেন তাহা ব্যতীত আমাদের অন্য কিছু হইবে না ; তিনি আমাদের কর্মবিধায়ক এবং আল্লাহ্র উপরই মু'মিনদের নির্ভর করা উচিত।'	

আয়াতের ধরণ	আয়াত	আয়াত নং
	قُلْ هَلْ تَرَبَّصُوْنَ بِنَآ اِلَّآ اِحْدَى الْحُسْنَيَيْنِ ؕ وَنَحْنُ نَتَرَبَّصُ بِكُمْ اَنْ يُّصِيْبَكُمُ اللّٰهُ بِعَذَابٍ مِّنْ عِنْدِهٖۤ اَوْ بِاَيْدِيْنَا ۖؗ فَتَرَبَّصُوْۤا اِنَّا مَعَكُمْ مُّتَرَبِّصُوْنَ ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	কু্ল হাল তারাব্বাসূনা বিনা˜ইল্লা-ইহ্দাল হু্ছনাইয়াইনি (ط) ওয়া নাহ্নু নাতারাব্বাসু বিকুম আইঁ ইউসীবাকুমুল্লা-হু বি‘আয্া-বিম মিন ‘ইংদিহী- আও বিআইদীনা- (ز) ফাতারাব্বাসূ˜ইন্না- মা‘আকুম মুতারাব্বিসূন।	
তরজমা	বল, ‘তোমরা আমাদের দুইটি মঙ্গলের একটির প্রতীক্ষা করিতেছ এবং আমরা প্রতীক্ষা করিতেছি, আল্লাহ্ তোমাদেরকে শাস্তি দিবেন সরাসরি নিজ পক্ষ হইতে অথবা আমাদের হস্ত দ্বারা। অতএব তোমরা প্রতীক্ষা কর, আমরাও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।’	
	قُلْ اَنْفِقُوْا طَوْعًا اَوْ كَرْهًا لَّنْ يُّتَقَبَّلَ مِنْكُمْ ؕ اِنَّكُمْ كُنْتُمْ قَوْمًا فٰسِقِيْنَ ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	কু্ল আংফিকূ্ তাও‘আন আও কারহাল লাইঁ ইউতাক্াব্বালা মিংকুম (ط) ইন্নাকুম কুংতুম ক্াওমাং ফা-ছিক্ীন।	
তরজমা	বল, ‘তোমরা স্বেচ্ছায় ব্যয় কর অথবা অনিচ্ছায়, তোমাদের নিকট হইতে তাহা কিছুতেই গৃহীত হইবে না ; তোমরা তো সত্যত্যাগী সম্প্রদায়।’	
	وَمَا مَنَعَهُمْ اَنْ تُقْبَلَ مِنْهُمْ نَفَقٰتُهُمْ اِلَّآ اَنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَبِرَسُوْلِهٖ وَلَا يَاْتُوْنَ الصَّلٰوةَ اِلَّا وَهُمْ كُسَالٰى وَلَا يُنْفِقُوْنَ اِلَّا وَهُمْ كٰرِهُوْنَ ﴿۵۴﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়া মা-মানা‘আহুম আং তুক্বালা মিনহুম নাফাক্া-তুহুম ইল্লা˜আন্নাহুম কাফারু বিল্লা-হি ওয়া বিরাছূলিহী ওয়ালা-ইয়া’তূনাসসালা-তা ইল্লা-ওয়া হুম কুছা-লা- ওয়ালা- ইউংফিকূ্না ইল্লা- ওয়া হুম কা-রিহূন।	
তরজমা	উহাদের অর্থসাহায্য গ্রহণ করা নিষেধ করা হইয়াছে এইজন্য যে, উহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলকে অস্বীকার করে, সালাতে শৈথিল্যের সঙ্গে উপস্থিত হয় এবং অনিচ্ছাকৃতভাবে অর্থ সাহায্য করে।	
	فَلَا تُعْجِبْكَ اَمْوَالُهُمْ وَلَاۤ اَوْلَادُهُمْ ؕ اِنَّمَا يُرِيْدُ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ بِهَا فِى الْحَيٰوةِ الدُّنْيَا وَتَزْهَقَ اَنْفُسُهُمْ وَهُمْ كٰفِرُوْنَ ﴿۵۵﴾	55
প্রতিবর্ণায়ন	ফালা-তু‘জিব্কা আমওয়া-লুহুম ওয়ালা˜আওলা-দুহুম (ط) ইন্নামা-ইউরীদুল্লা-হু লিইউ‘আয্যি্বাহুম বিহা-ফিল হ্ায়া-তিদ্দুনইয়া- ওয়া তাঝহাক্া আংফুছুহুম ওয়া হুম কা-ফিরূন ।	

তরজমা	সুতরাং উহাদের সম্পদ ও সন্তান-সন্ততি তোমাকে যেন বিমুগ্ধ না করে, আল্লাহ্ তো উহার দ্বারাই উহাদেরকে পার্থিব জীবনে শাস্তি দিতে চান। উহারা কাফির থাকা অবস্থায় উহাদের আত্মা দেহ ত্যাগ করিবে।	
	وَيَحْلِفُونَ بِاللَّهِ إِنَّهُمْ لَمِنكُمْ وَمَا هُم مِّنكُمْ وَلَٰكِنَّهُمْ قَوْمٌ يَفْرَقُونَ ۝٥٦	56
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াহ্‌লিফূনা বিল্লা–হি ইন্নাহুম লামিংকুম (ط) ওয়ামা–হুম মিংকুম ওয়ালা–কিন্নাহুম ক্বাওমুইঁ ইয়াফরাকূ্‌ন।	
তরজমা	উহারা আল্লাহ্‌র নামে শপথ করে যে, উহারা তোমাদেরই অন্তর্ভুক্ত, কিন্তু উহারা তোমাদের অন্তর্ভুক্ত নয়, বস্তুত উহারা এমন এক সম্প্রদায় যাহারা ভয় করিয়া থাকে।	
	لَوْ يَجِدُونَ مَلْجَأً أَوْ مَغَارَاتٍ أَوْ مُدَّخَلًا لَّوَلَّوْا إِلَيْهِ وَهُمْ يَجْمَحُونَ ۝٥٧	57
প্রতিবর্ণায়ন	লাও ইয়াজিদূনা মালজাআন আও মাগা–রা–তিন আও মুদ্দাখালাল লাওয়াল্লাও ইলাইহি ওয়াহুম ইয়াজমাহূ্‌ন।	
তরজমা	উহারা কোন আশ্রয়স্থল, কোন গিরিগুহা অথবা কোন প্রবেশস্থল পাইলে উহার দিকে পলায়ন করিবে ক্ষিপ্রগতিতে।	
	وَمِنْهُم مَّن يَلْمِزُكَ فِي الصَّدَقَاتِ فَإِنْ أُعْطُوا مِنْهَا رَضُوا وَإِن لَّمْ يُعْطَوْا مِنْهَا إِذَا هُمْ يَسْخَطُونَ ۝٥٨	58
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম মাইঁ ইয়ালমিঝুকা ফিসসাদাক্বা–তি (ج) ফাইন উ'তূ মিনহা– রাদূ ওয়াইল্লাম ইউ'ত্বাও মিনহা– ইযা–হুম ইয়াছখাতূ্‌ন।	
তরজমা	উহাদের মধ্যে এমন লোক আছে, যে সাদাকা বণ্টন সম্পর্কে তোমাকে দোষারোপ করে ; অতঃপর ইহার কিছু উহাদেরকে দেওয়া হইলে উহারা পরিতুষ্ট হয়, আর ইহার কিছু উহাদেরকে না দেওয়া হইলে তৎক্ষণাৎ উহারা বিক্ষুব্ধ হয়।	
	وَلَوْ أَنَّهُمْ رَضُوا مَا آتَاهُمُ اللَّهُ وَرَسُولُهُ وَقَالُوا حَسْبُنَا اللَّهُ سَيُؤْتِينَا اللَّهُ مِن فَضْلِهِ وَرَسُولُهُ إِنَّا إِلَى اللَّهِ رَاغِبُونَ ۝٥٩	59
প্রতিবর্ণায়ন	ওয়ালাও আন্নাহুম রাদূ মা~আ–তা–হুমুল্লা–হু ওয়া রাছূলুহূ (ۙ) ওয়া ক্বা–লূ হাছবুনাল্লা–হু ছাইউ'তীনাল্লা–হু মিং ফাদ্‌লিহী ওয়া রাছূলুহূ~ (ۙ) ইন্না~ইলাল্লা–হি রা–গিবূন।	
তরজমা	ভাল হইত যদি উহারা আল্লাহ্ ও তাঁহার রাসূল উহাদেরকে যাহা দিয়াছেন তাহাতে পরিতুষ্ট হইত এবং বলিত, 'আল্লাহ্‌ই আমাদের জন্য যথেষ্ট, অচিরেই আল্লাহ্ আমাদেরকে দিবেন নিজ করুণায় এবং তাঁহার রাসূলও ; আমরা আল্লাহ্‌রই প্রতি অনুরক্ত।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّمَا الصَّدَقٰتُ لِلْفُقَرَآءِ وَالْمَسٰكِيْنِ وَالْعٰمِلِيْنَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةِ قُلُوْبُهُمْ وَفِى الرِّقَابِ وَالْغٰرِمِيْنَ وَفِىْ سَبِيْلِ اللّٰهِ وَابْنِ السَّبِيْلِ ؕ فَرِيْضَةً مِّنَ اللّٰهِ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿۶۰﴾	60
প্রতিবর্ণায়ন	ইন্নামাসসাদাক্বা-তু লিলফুক্বারা~ই ওয়ালা মাছা-কীনি ওয়াল 'আ-মিলীনা 'আলাইহা-ওয়াল মুআল্লাফাতি কু্লূবুহুম ওয়া ফিররিক্বা-বি ওয়াল গা-রিমীনা ওয়া ফী ছাবীলিল্লা-হি ওয়াবনিছ্ ছাবীলি (ط) ফারীদাতাম্ মিনাল্লা-হি; ওয়াল্লা-হু 'আলীমুন হাকীম।	
তরজমা	সাদাকা তো কেবল নিঃস্ব, অভাবগ্রস্ত ও তৎসংশ্লিষ্ট কর্মচারীদের জন্য, যাহাদের চিত্ত আকর্ষণ করা হয় তাহাদের জন্য, দাসমুক্তির জন্য, ঋণ ভারাক্রান্তদের, আল্লাহ্‌র পথে ও মুসাফিরদের জন্য। ইহা আল্লাহ্‌র বিধান। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَمِنْهُمُ الَّذِيْنَ يُؤْذُوْنَ النَّبِىَّ وَيَقُوْلُوْنَ هُوَ اُذُنٌ ؕ قُلْ اُذُنُ خَيْرٍ لَّكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَيُؤْمِنُ لِلْمُؤْمِنِيْنَ وَرَحْمَةٌ لِّلَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ ؕ وَالَّذِيْنَ يُؤْذُوْنَ رَسُوْلَ اللّٰهِ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿۶۱﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুমুল্লাযীনা ইউ'যূনান্নাবিইইয়া ওয়া ইয়াকূলূনা হুওয়া উযুনুং (ط) কুল উযুনু খাইরিল্লাকুম ইউ'মিনু বিল্লা-হি ওয়া ইউ'মিনু লিলমু'মিনীনা ওয়া রাহমাতুল্ লিল্লাযীনা আ-মানূ মিংকুম (ط) ওয়াল্লাযীনা ইউ'যূনা রাছুলাল্লা-হি লাহুম 'আযা-বুন আলীম।	
তরজমা	এবং উহাদের মধ্যে এমনও লোক আছে যাহারা নবীকে ক্লেশ দেয় এবং বলে, 'সে তো কর্ণপাতকারী।' বল, 'তাহার কান তোমাদের জন্য যাহা মঙ্গল তাহাই শুনে।' সে আল্লাহে ঈমান আনে এবং মু'মিনদেরকে বিশ্বাস করে ; তোমাদের মধ্যে যাহারা মু'মিন সে তাহাদের জন্য রহমত এবং যাহারা আল্লাহ্‌র রাসূলকে ক্লেশ দেয় তাহাদের জন্য আছে মর্মন্তুদ শাস্তি।	
	يَحْلِفُوْنَ بِاللّٰهِ لَكُمْ لِيُرْضُوْكُمْ ۚ وَاللّٰهُ وَرَسُوْلُهٗۤ اَحَقُّ اَنْ يُّرْضُوْهُ اِنْ كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿۶۲﴾	62
প্রতিবর্ণায়ন	ইয়াহলিফূনা বিল্লা-হি লাকুম লিইউরদূকুম (ج) ওয়াল্লা-হু ওয়া রাছূলুহূ আহাক্কু আইঁ ইউরদূহু ইং কা-নূ মু'মিনীন।	
তরজমা	উহারা তোমাদেরকে সন্তুষ্ট করিবার জন্য তোমাদের নিকট আল্লাহ্‌র শপথ করে। আল্লাহ্ ও তাঁহার রাসূল ইহারই অধিক হকদার যে, উহারা তাহাদেরকেই সন্তুষ্ট করে, যদি উহারা মু'মিন হয়।	
	اَلَمْ يَعْلَمُوْۤا اَنَّهٗ مَنْ يُّحَادِدِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَاَنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خَالِدًا فِيْهَا ؕ ذٰلِكَ الْخِزْىُ الْعَظِيْمُ ﴿۶۳﴾	63
প্রতিবর্ণায়ন	আলাম ইয়া'লামূ আন্নাহূ মাইঁ ইউহা-দিদিল্লা-হা ওয়া রাছূলাহূ ফাআন্না লাহূ না-রা জাহান্নামা খা-লিদাং ফীহা- (ط) যা- লিকাল খিঝইউল 'আজীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহারা কি জানে না, যে ব্যক্তি আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরোধিতা করে তাহার জন্য তো আছে জাহান্নামের অগ্নি, যেখানে সে স্থায়ী হইবে ? উহাই চরম লাঞ্ছনা।	
	يَحْذَرُ الْمُنٰفِقُوْنَ اَنْ تُنَزَّلَ عَلَيْهِمْ سُوْرَةٌ تُنَبِّئُهُمْ بِمَا فِيْ قُلُوْبِهِمْ ؕ قُلِ اسْتَهْزِءُوْا ۚ اِنَّ اللّٰهَ مُخْرِجٌ مَّا تَحْذَرُوْنَ ﴿٦٤﴾	**64**
প্রতিবর্ণায়ন	ইয়াহ্‌যারুল মুনা–ফিকূনা আং তুনাঝঝালা ‘আলাইহিম ছূরাতুং তুনাব্বিউহুম বিমা–ফী কূলূবিহিম (ط) কুলিছ তাহঝিউ (ج) ইন্নাল্লা–হা মুখরিজুম মা–তাহ্‌যারূন।	
তরজমা	মুনাফিকেরা ভয় করে, তাহাদের সম্পর্কে এমন এক সূরা না অবতীর্ণ হয়, যাহা উহাদের অন্তরের কথা ব্যক্ত করিয়া দিবে ! বল, ‘বিদ্রূপ করিতে থাক ; তোমরা যাহা ভয় কর আল্লাহ্ তাহা প্রকাশ করিয়া দিবেন।’	
	وَلَئِنْ سَاَلْتَهُمْ لَيَقُوْلُنَّ اِنَّمَا كُنَّا نَخُوْضُ وَنَلْعَبُ ؕ قُلْ اَبِاللّٰهِ وَاٰيٰتِهٖ وَرَسُوْلِهٖ كُنْتُمْ تَسْتَهْزِءُوْنَ ﴿٦٥﴾	**65**
প্রতিবর্ণায়ন	ওয়া লাইং ছাআলতাহুম লাইয়াকূলুন্না ইন্নামা–কুন্না– নাখূদু ওয়া নাল‘আবু (ط) কুল আবিল্লা–হি ওয়া আ–য়া–তিহী ওয়া রাছূলিহী কুংতুম তাছ্‌তাহঝিউন।	
তরজমা	এবং তুমি উহাদেরকে প্রশ্ন করিলে উহারা নিশ্চয়ই বলিবে, ‘আমরা তো আলাপ-আলোচনা ও ক্রীড়া-কৌতুক করিতেছিলাম।’ বল, ‘তোমরা কি আল্লাহ্, তাঁহার নিদর্শন ও তাঁহার রাসূলকে বিদ্রূপ করিতেছিলে ?’	
	لَا تَعْتَذِرُوْا قَدْ كَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ ؕ اِنْ نَّعْفُ عَنْ طَآئِفَةٍ مِّنْكُمْ نُعَذِّبْ طَآئِفَةً بِاَنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ﴿٦٦﴾	**66**
প্রতিবর্ণায়ন	লা- তা‘তাযিরূ কাদ কাফারতুম বা‘দা ঈমা-নিকুম (ط) ইন্ না‘ফু ‘আং তাূইফাতিম মিংকুম নুআ‘যযিব্ তাূইফাতাম্ বিআন্নাহুম কা-নূ মুজরিমীন।	
তরজমা	‘তোমরা দোষ স্খালনের চেষ্টা করিও না। তোমরা তো ঈমান আনার পর কুফরী করিয়াছ। তোমাদের মধ্যে কোন দলকে ক্ষমা করিলেও অন্য দলকে শাস্তি দিব-কারণ তাহারা অপরাধী।’	
	اَلْمُنٰفِقُوْنَ وَالْمُنٰفِقٰتُ بَعْضُهُمْ مِّنْۢ بَعْضٍ ۘ يَاْمُرُوْنَ بِالْمُنْكَرِ وَيَنْهَوْنَ عَنِ الْمَعْرُوْفِ وَيَقْبِضُوْنَ اَيْدِيَهُمْ ؕ نَسُوا اللّٰهَ فَنَسِيَهُمْ ؕ اِنَّ الْمُنٰفِقِيْنَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٦٧﴾	**67**

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	আল মুনা–ফিকূ না ওয়াল মুনা–ফিক া–তু বা'দু হুম মিম বা'দ্ (م)। ইয়া'মুরূনা বিল মুংকারি ওয়া ইয়ানহাওনা 'আনিল মা'রূফি ওয়া ইয়াক বিদূ না আইদিয়াহুম (ط) নাছুল্লা–হা ফানাছিয়াহুম (ط) ইন্নাল মুনা–ফিক ীনা হুমুল ফা–ছিকূ ন।	
তরজমা	মুনাফিক নর ও মুনাফিক নারী একে অপরের অনুরূপ, উহারা অসৎকর্মের নির্দেশ দেয় এবং সৎকর্ম নিষেধ করে, উহারা হাতবদ্ধ করিয়া রাখে, উহারা আল্লাহ্‌কে বিস্মৃত হইয়াছে, ফলে তিনিও উহাদেরকে বিস্মৃত হইয়াছেন; মুনাফিকেরা তো পাপাচারী।	
	وَعَدَ اللّٰهُ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْكُفَّارَ نَارَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ۗ هِيَ حَسْبُهُمْ ۚ وَلَعَنَهُمُ اللّٰهُ ۚ وَلَهُمْ عَذَابٌ مُّقِيْمٌ ﴿٦٨﴾	**68**
প্রতিবর্ণায়ন	ওয়া'আদাল্লা–হুল মুনা–ফিক ীনা ওয়াল মুনা–ফিক া–তি ওয়াল কুফফা–রা না–রা জাহান্নামা খা–লিদীনা ফীহা– (ط) হিয়া হ াছবুহুম (ج) ওয়া লা'আনাহুমুল্লা–হু (ج) ওয়া লাহুম 'আয া–বুম মুক ীম।	
তরজমা	মুনাফিক নর, মুনাফিক নারী ও কাফিরদেরকে আল্লাহ্ প্রতিশ্রুতি দিয়াছেন জাহান্নামের অগ্নির, যেখানে উহারা স্থায়ী হইবে, ইহাই উহাদের জন্য যথেষ্ট এবং আল্লাহ্ উহাদেরকে লা'নত করিয়াছেন এবং উহাদের জন্য রহিয়াছে স্থায়ী শাস্তি ;	
	كَالَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ كَانُوْۤا اَشَدَّ مِنْكُمْ قُوَّةً وَّاَكْثَرَ اَمْوَالًا وَّاَوْلَادًا ۗ فَاسْتَمْتَعُوْا بِخَلَاقِهِمْ فَاسْتَمْتَعْتُمْ بِخَلَاقِكُمْ كَمَا اسْتَمْتَعَ الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ بِخَلَاقِهِمْ وَخُضْتُمْ كَالَّذِيْ خَاضُوْا ۗ اُولٰٓئِكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٦٩﴾	**69**
প্রতিবর্ণায়ন	কাল্লায ীনা মিং ক াবলিকুম কা–নূ ~আশাদ্দা মিংকুম কু ওওয়াতাওঁ ওয়া আকছ ারা আমওয়া–লাওঁ ওয়া আওলা–দাং (ط) ফাছতামতা'উ বিখালা–কি হিম ফাছতামতা'তুম বিখালা–কি কুম কামাছতামতা'আল্লায ীনা মিং ক াবলিকুম বিখালা–কি হিম ওয়া খুদ তুম কাল্লায ী খা–দূ (ط) উলা~ইকা হ াবিত াত আ'মা–লুহুম ফিদ দুনইয়া–ওয়াল আ–খিরাতি (ج) ওয়া উলা~ইকা হুমুল খা–ছিরূন।	
তরজমা	তোমরাও তোমাদের পূর্ববর্তীদের মত যাহারা শক্তিতে তোমাদের অপেক্ষা প্রবল ছিল এবং যাহাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি ছিল তোমাদের অপেক্ষা অধিক, এবং উহারা উহাদের ভাগ্যে যাহা ছিল তাহা ভোগ করিয়াছে ; তোমাদের ভাগ্যে যাহা ছিল তোমরাও তাহা ভোগ করিলে, যেমন তোমাদের পূর্ববর্তীরা উহাদের ভাগ্যে যাহা ছিল তাহা ভোগ করিয়াছে। উহারা যেইরূপ অনর্থক আলাপ-আলোচনায় লিপ্ত ছিল তোমরাও সেইরূপ আলাপ-আলোচনায় লিপ্ত রহিয়াছ। উহারাই তাহারা যাহাদের কর্ম দুনিয়া ও আখিরাতে ব্যর্থ এবং উহারাই ক্ষতিগ্রস্ত।	

	اَلَمۡ یَاۡتِهِمۡ نَبَاُ الَّذِیۡنَ مِنۡ قَبۡلِهِمۡ قَوۡمِ نُوۡحٍ وَّ عَادٍ وَّ ثَمُوۡدَ ۬ۙ وَ قَوۡمِ اِبۡرٰهِیۡمَ وَ اَصۡحٰبِ مَدۡیَنَ وَ الۡمُؤۡتَفِکٰتِ ؕ اَتَتۡهُمۡ رُسُلُهُمۡ بِالۡبَیِّنٰتِ ۚ فَمَا کَانَ اللّٰهُ لِیَظۡلِمَهُمۡ وَ لٰکِنۡ کَانُوۡۤا اَنۡفُسَهُمۡ یَظۡلِمُوۡنَ ﴿۷۰﴾	70
প্রতিবর্ণায়ন	আলাম ইয়া'তিহিম নাবাউল্লায ীনা মিং ক াবলিহিম ক াওমি নূহি ওঁ ওয়া 'আ-দিওঁ ওয়া ছ ামূদা (ۙ) ওয়া ক াওমি ইবরা-হীমা ওয়া আসহ া-বি মাদইয়ানা ওয়াল মু'তাফিকা-তি (ط) আতাতহুম রুছুলুহুম বিলবাইয়িনা-তি (ج) ফামা-কা-নাল্লা-হু লিইয়াজ লিমাহুম ওয়ালা-কিং কা-নূ˜ আংফুছাহুম ইয়াজ লিমূন।	
তরজমা	উহাদের পূর্ববর্তী নূহ্, 'আদ ও সামূদের সম্প্রদায়, ইব্‌রাহীমের সম্প্রদায় এবং মাদ্‌ইয়ান ও বিধ্বস্ত নগরের অধিবাসীদের সংবাদ কি উহাদের নিকট আসে নাই ? উহাদের নিকট স্পষ্ট নিদর্শনসহ উহাদের রাসূলগণ আসিয়াছিল। আল্লাহ্ এমন নন যে, তাহাদের উপর জুলুম করেন, কিন্তু উহারা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করে।	
	وَ الۡمُؤۡمِنُوۡنَ وَ الۡمُؤۡمِنٰتُ بَعۡضُهُمۡ اَوۡلِیَآءُ بَعۡضٍ ۘ یَاۡمُرُوۡنَ بِالۡمَعۡرُوۡفِ وَ یَنۡهَوۡنَ عَنِ الۡمُنۡکَرِ وَ یُقِیۡمُوۡنَ الصَّلٰوۃَ وَ یُؤۡتُوۡنَ الزَّکٰوۃَ وَ یُطِیۡعُوۡنَ اللّٰهَ وَ رَسُوۡلَهٗ ؕ اُولٰٓئِکَ سَیَرۡحَمُهُمُ اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ عَزِیۡزٌ حَکِیۡمٌ ﴿۷۱﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়াল মু'মিনূনা ওয়াল মু'মিনা-তু বা'দ ুহুম আওলিয়া~উ বা'দ্ (م)। ইয়া'মুরূনা বিল মা'রূফি ওয়া ইয়ানহাওনা 'আনিল মুংকারি ওয়া ইউক ীমূনাসসালা-তা ওয়া ইউ'তূনাঝঝাকা-তা ওয়া ইউত ী'উনাল্লা-হা ওয়া রাছূলাহূ (ط) উলা~ইকা ছাইয়ারহ ামুহুমুল্লা-হু (ط) ইন্নাল্লা-হা 'আঝীঝুন হ াকীম।	
তরজমা	মু'মিন নর ও মু'মিন নারী একে অপরের বন্ধু, ইহারা সৎকাজের নির্দেশ দেয় এবং অসৎকাজ নিষেধ করে, সালাত কায়েম করে, যাকাত দেয় এবং আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য করে; ইহাদেরকেই আল্লাহ্ কৃপা করিবেন। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	وَعَدَ اللّٰهُ الۡمُؤۡمِنِیۡنَ وَ الۡمُؤۡمِنٰتِ جَنّٰتٍ تَجۡرِیۡ مِنۡ تَحۡتِهَا الۡاَنۡهٰرُ خٰلِدِیۡنَ فِیۡهَا وَ مَسٰکِنَ طَیِّبَۃً فِیۡ جَنّٰتِ عَدۡنٍ ؕ وَ رِضۡوَانٌ مِّنَ اللّٰهِ اَکۡبَرُ ؕ ذٰلِکَ هُوَ الۡفَوۡزُ الۡعَظِیۡمُ ﴿۷۲﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়া 'আদাল্লা-হুল মু'মিনীনা ওয়াল মু'মিনা-তি জান্না-তিং তাজরী মিং তাহ তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা-ওয়া মাছা-কিনা ত াইয়িবাতাং ফী জান্না-তি 'আদনিওঁ (ط) ওয়া রিদ ওয়া-নুম মিনাল্লা-হি আকবারু (ط) য া-লিকা হুওয়াল ফাওঝুল 'আজ ীম।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	আল্লাহ্ মু'মিন নর ও মু'মিন নারীকে প্রতিশ্রুতি দিয়াছেন জান্নাতের- যাহার নিম্নদেশে নদী প্রবাহিত, যেখানে তাহারা স্থায়ী হইবে এবং স্থায়ী জান্নাতে উত্তম বাসস্থানের। আল্লাহ্‌র সন্তুষ্টিই সর্বশ্রেষ্ঠ এবং উহাই মহাসাফল্য।	
	يَاَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنٰفِقِيْنَ وَاغْلُظْ عَلَيْهِمْ ؕ وَمَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	ইয়া ˜আইয়ুহান্নাবিইয়ু জা–হিদিল কুফফা–রা ওয়াল মুনা–ফিক ˜ীনা ওয়াগলুজ ˙ 'আলাইহিম (ط) ওয়া মা'ওয়া-হুম জাহান্নামু (ط) ওয়া বি'ছাল মাসীর।	
তরজমা	হে নবী ! কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ কর ও উহাদের প্রতি কঠোর হও ; উহাদের আবাসস্থল জাহান্নাম, উহা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল!	
	يَحْلِفُوْنَ بِاللّٰهِ مَا قَالُوْا ؕ وَلَقَدْ قَالُوْا كَلِمَةَ الْكُفْرِ وَكَفَرُوْا بَعْدَ اِسْلَامِهِمْ وَهَمُّوْا بِمَا لَمْ يَنَالُوْا ۚ وَمَا نَقَمُوْۤا اِلَّاۤ اَنْ اَغْنٰىهُمُ اللّٰهُ وَرَسُوْلُهٗ مِنْ فَضْلِهٖ ۚ فَاِنْ يَّتُوْبُوْا يَكُ خَيْرًا لَّهُمْ ۚ وَاِنْ يَّتَوَلَّوْا يُعَذِّبْهُمُ اللّٰهُ عَذَابًا اَلِيْمًا ۙ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَمَا لَهُمْ فِى الْاَرْضِ مِنْ وَّلِىٍّ وَّلَا نَصِيْرٍ ﴿۷۴﴾	74
প্রতিবর্ণায়ন	ইয়াহ ˙লিফূনা বিল্লা–হি মা–ক ˙া–লূ (ط) ওয়া লাক ˙াদ ক ˙া–লূ কালিমাতাল কুফরি ওয়া কাফারূ বা'দা ইছলা–মিহিম ওয়া হাম্মূ বিমা–লাম ইয়ানা–লূ (ج) ওয়া মা– নাক ˙ামূ ˜ইল্লা ˜আন আগনা–হুমুল্লা–হু ওয়া রাছূলুহূ মিং ফাদ ˙লিহী (ج) ফাইয়ঁ ইয়াতূবূ ইয়াকু খাইরাল্লাহুম (ج) ওয়াইয়ঁ ইয়াতাওয়াল্লাও ইউ'আয ˙যি ˙বহুমুল্লা–হু 'আয ˙া–বান আলীমাং (لا) ফিদ্দুনইয়া–ওয়াল আ–খিরাতি (ج) ওয়ামা–লাহুম ফিলআরদি ˙ মিওঁ ওয়ালিওয়িওঁ ওয়ালা–নাসীর।	
তরজমা	উহারা আল্লাহ্‌র শপথ করে যে, উহারা কিছু বলে নাই ; কিন্তু উহারা তো কুফরীর কথা বলিয়াছে এবং ইসলাম গ্রহণের পর উহারা কাফির হইয়াছে ; উহারা যাহা সংকল্প করিয়াছিল তাহা পায় নাই। আল্লাহ্ ও তাঁহার রাসূল নিজ কৃপায় উহাদেরকে অভাবমুক্ত করিয়াছিলেন বলিয়াই উহারা বিরোধিতা করিয়াছিল। উহারা তওবা করিলে উহাদের জন্য ভাল হইবে, কিন্তু উহারা মুখ ফিরাইয়া লইলে আল্লাহ্ দুনিয়ায় ও আখিরাতে উহাদেরকে মর্মন্তুদ শাস্তি দিবেন; পৃথিবীতে উহাদের কোন অভিভাবক নাই এবং কোন সাহায্যকারীও নাই।	
	وَمِنْهُمْ مَّنْ عٰهَدَ اللّٰهَ لَئِنْ اٰتٰىنَا مِنْ فَضْلِهٖ لَنَصَّدَّقَنَّ وَلَنَكُوْنَنَّ مِنَ الصّٰلِحِيْنَ ﴿۷۵﴾	75
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুমঁ মান 'আ–হাদাল্লা–হা লাইন আ–তা–না– মিং ফাদ ˙লিহী লানাসসাদ্দাক ˙ান্না ওয়া লানাকূনান্না মিনাসসা–লিহ ˙ীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহাদের মধ্যে কেহ কেহ আল্লাহ্‌র নিকট অঙ্গীকার করিয়াছিল, 'আল্লাহ্ নিজ কৃপায় আমাদেরকে দান করিলে আমরা নিশ্চয়ই সাদাকা দিব এবং অবশ্যই সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত হইব।'	
	فَلَمَّآ اٰتٰىهُمْ مِّنْ فَضْلِهٖ بَخِلُوْا بِهٖ وَتَوَلَّوْا وَّهُمْ مُّعْرِضُوْنَ ﴿٧٦﴾	**76**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~আ-তা-হুম মিং ফাদ্ লিহী বাখিলূ বিহী ওয়া তাওয়াল্লাওঁ ওয়াহুম মু'রিদূন।	
তরজমা	অতঃপর যখন তিনি নিজ কৃপায় উহাদেরকে দান করিলেন, তখন উহারা এই বিষয়ে কার্পণ্য করিল এবং বিরুদ্ধভাবাপন্ন হইয়া মুখ ফিরাইল।	
	فَاَعْقَبَهُمْ نِفَاقًا فِيْ قُلُوْبِهِمْ اِلٰى يَوْمِ يَلْقَوْنَهٗ بِمَآ اَخْلَفُوا اللّٰهَ مَا وَعَدُوْهُ وَبِمَا كَانُوْا يَكْذِبُوْنَ ﴿٧٧﴾	**77**
প্রতিবর্ণায়ন	ফাআ'ক্বাবাহুম নিফা-ক্বাং ফী কুলূবিহিম ইলা-ইয়াওমি ইয়ালক্বাওনাহূ বিমা~আখলাফুল্লা-হা মা-ওয়া'আদূহু ওয়া বিমা-কা-নূ ইয়াকযিবূন।	
তরজমা	পরিণামে তিনি উহাদের অন্তরে কপটতা স্থিত করিলেন, আল্লাহ্‌র সঙ্গে উহাদের সাক্ষাৎ-দিবস পর্যন্ত, কারণ উহারা আল্লাহ্‌র নিকট যে অঙ্গীকার করিয়াছিল উহা ভঙ্গ করিয়াছিল; কারণ উহারা ছিল মিথ্যাচারী।	
	اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَعْلَمُ سِرَّهُمْ وَنَجْوٰىهُمْ وَاَنَّ اللّٰهَ عَلَّامُ الْغُيُوْبِ ﴿٧٨﴾	**78**
প্রতিবর্ণায়ন	আলাম ইয়া'লামূ~আন্নাল্লা-হা ইয়া'লামু ছিররাহুম ওয়া নাজওয়া- হুম ওয়া আন্নাল্লা-হা 'আল্লা-মুল গুইউব।	
তরজমা	উহারা কি জানিত না যে, উহাদের অন্তরের গোপন কথা ও উহাদের গোপন পরামর্শ আল্লাহ্ অবশ্যই জানেন এবং যাহা অদৃশ্য তাহাও তিনি বিশেষভাবে জানেন ?	
	اَلَّذِيْنَ يَلْمِزُوْنَ الْمُطَّوِّعِيْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ فِي الصَّدَقٰتِ وَالَّذِيْنَ لَا يَجِدُوْنَ اِلَّا جُهْدَهُمْ فَيَسْخَرُوْنَ مِنْهُمْ ؕ سَخِرَ اللّٰهُ مِنْهُمْ ۫ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٩﴾	**79**
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা ইয়ালমিঝূনাল মুত্ত ্ওবি ্'ঈনা মিনাল মু'মিনীনা ফিসসাদাক্বা-তি ওয়াল্লাযীনা লা-ইয়াজিদূনা ইল্লা-জুহদাহুম ফাইয়াছখারূনা মিনহুম (ط) ছাখিরাল্লা-হু মিনহুম (ز) ওয়া লাহুম 'আযা-বুন আলীম।	
তরজমা	মু'মিনদের মধ্যে যাহারা স্বতঃস্ফূর্তভাবে সাদাকা দেয় এবং যাহারা নিজ শ্রম ব্যতিরেকে কিছুই পায় না, তাহাদেরকে যাহারা দোষারোপ করে ও বিদ্রূপ করে, আল্লাহ্ উহাদেরকে বিদ্রূপ করেন, উহাদের জন্য আছে মর্মন্তুদ শাস্তি।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اِسْتَغْفِرْ لَهُمْ اَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ ۗ اِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِيْنَ مَرَّةً فَلَنْ يَّغْفِرَ اللّٰهُ لَهُمْ ۗ ذٰلِكَ بِاَنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ۗ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ۝٨٠	80
প্রতিবর্ণায়ন	ইছতাগফির লাহুম আও লা–তাছতাগফির লাহুম (ط) ইং তাছতাগফির্ লাহুম ছাব‘ঈনা মাররাতাং ফালাই ইয়াগফিরাল্লা–হু লাহুম (ط) য়া–লিকা বিআন্নাহুম কাফারূ বিল্লা–হি ওয়া রাছূলিহী (ط) ওয়াল্লা–হু লা–ইয়াহদিল ক়াওমাল ফা–ছিক়ীন।	
তরজমা	তুমি উহাদের জন্য ক্ষমা প্রার্থনা কর অথবা উহাদের জন্য ক্ষমা প্রার্থনা না কর একই কথা; তুমি সত্তর বার উহাদের জন্য ক্ষমা প্রার্থনা করিলেও আল্লাহ্ উহাদেরকে কখনই ক্ষমা করিবেন না। ইহা এইজন্য যে, উহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের সঙ্গে কুফরী করিয়াছে। আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়কে সৎপথ প্রদর্শন করেন না।	
	فَرِحَ الْمُخَلَّفُوْنَ بِمَقْعَدِهِمْ خِلٰفَ رَسُوْلِ اللّٰهِ وَكَرِهُوْٓا اَنْ يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ وَقَالُوْا لَا تَنْفِرُوْا فِى الْحَرِّ ۗ قُلْ نَارُ جَهَنَّمَ اَشَدُّ حَرًّا ۗ لَوْ كَانُوْا يَفْقَهُوْنَ ۝٨١	81
প্রতিবর্ণায়ন	ফারিহ়াল মুখাল্লাফূনা বিমাক়‘আদিহিম খিলা–ফা রাছূলিল্লা–হি ওয়া কারিহূ আইঁ ইউজা–হিদূ বিআমওয়া–লিহিম ওয়া আংফুছিহিম ফী ছাবীলিল্লা–হি ওয়া ক়া–লূ লা–তাংফিরূ ফিল হ়াররি (ط) কু়ল না–রু জাহান্নামা আশাদ্দু হ়াররাল্ (ط) লাও কা–নু ইয়াফক়াহূন।	
তরজমা	যাহারা পশ্চাতে রহিয়া গেল তাহারা আল্লাহ্‌র রাসূলের বিরুদ্ধাচরণ করিয়া বসিয়া থাকাতেই আনন্দবোধ করিল এবং তাহাদের ধন-সম্পদ ও জীবন দ্বারা আল্লাহ্‌র পথে জিহাদ করা অপছন্দকরিল এবং তাহারা বলিল, ‘গরমের মধ্যে অভিযানে বাহির হইও না।’ বল, ‘উত্তাপে জাহান্নামের আগু ন প্রচণ্ডতম’, যদি তাহারা বুঝিত!	
	فَلْيَضْحَكُوْا قَلِيْلًا وَّلْيَبْكُوْا كَثِيْرًا ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ۝٨٢	82
প্রতিবর্ণায়ন	ফালইয়াদ়হ়াকূ ক়ালীলাওঁ ওয়াল ইয়াবকূ কাছ়ীরাং (ج) জাঝা~আম বিমা–কা–নূ ইয়াকছিবূন।	
তরজমা	অতএব তাহারা কিঞ্চিৎ হাসিয়া লউক, তাহারা প্রচুর কাঁদিবে, তাহাদের কৃতকর্মের ফলস্বরূপ।	
	فَاِنْ رَّجَعَكَ اللّٰهُ اِلٰى طَآئِفَةٍ مِّنْهُمْ فَاسْتَاْذَنُوْكَ لِلْخُرُوْجِ فَقُلْ لَّنْ تَخْرُجُوْا مَعِىَ اَبَدًا وَّلَنْ تُقَاتِلُوْا مَعِىَ عَدُوًّا ۗ اِنَّكُمْ رَضِيْتُمْ بِالْقُعُوْدِ اَوَّلَ مَرَّةٍ فَاقْعُدُوْا مَعَ الْخٰلِفِيْنَ ۝٨٣	83

প্রতিবর্ণায়ন	ফাইরঁ রাজা'আকাল্লা–হু ইলা–ত'া~ইফাতিম মিনহুম ফাছতা'য'ানূকা লিলখুরূজি ফাকু'ল্ লাং তাখরুজূ মা'ইয়া আবাদাওঁ ওয়া লাং তুক'া–তিলূ মা'ইয়া 'আদুওওয়ান (ط) ইন্নাকুম রাদ'িতুম বিল কু'ঊদি আওওয়ালা মার্‌রাতিং ফাক''উদূ মা'আল খা–লিফীন।	
তরজমা	আল্লাহ্ যদি তোমাকে উহাদের কোন দলের নিকট ফেরত আনেন এবং উহারা অভিযানে বাহির হইবার জন্য তোমার অনুমতি প্রার্থনা করে, তখন তুমি বলিবে, 'তোমরা তো আমার সঙ্গে কখনও বাহির হইবে না এবং তোমরা আমার সঙ্গী হইয়া কখনও শত্রুর সঙ্গে যুদ্ধ করিবে না। তোমরা তো প্রথমবার বসিয়া থাকাই পছন্দকরিয়াছিলে ; সুতরাং যাহারা পিছনে থাকে তাহাদের সঙ্গে বসিয়াই থাক।'	
	وَلَا تُصَلِّ عَلٰٓى اَحَدٍ مِّنْهُمْ مَّاتَ اَبَدًا وَّلَا تَقُمْ عَلٰى قَبْرِهٖ ؕ اِنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَمَاتُوْا وَهُمْ فٰسِقُوْنَ ﴿۸۴﴾	**84**
প্রতিবর্ণায়ন	ওয়ালা–তুসাল্লি 'আলা~আহ'াদিম মিনহুম মা–তা আবাদাওঁ ওয়ালা–তাকু'ম 'আলা– ক'াবরিহী (ط) ইন্নাহুম কাফারূ বিল্লা–হি ওয়া রাছূলিহী ওয়ামা–তূ ওয়াহুম ফা–ছিকূ'ন।	
তরজমা	উহাদের মধ্যে কাহারও মৃত্যু হইলে তুমি কখনও উহার জন্য জানাযার সালাত পড়িবে না এবং উহার কবর-পার্শ্বে দাঁড়াইবে না ; উহারা তো আল্লাহ্ ও তাঁহার রাসূলকে অস্বীকার করিয়াছিল এবং পাপাচারী অবস্থায় উহাদের মৃত্যু হইয়াছে।	
	وَلَا تُعْجِبْكَ اَمْوَالُهُمْ وَاَوْلَادُهُمْ ؕ اِنَّمَا يُرِيْدُ اللّٰهُ اَنْ يُّعَذِّبَهُمْ بِهَا فِى الدُّنْيَا وَتَزْهَقَ اَنْفُسُهُمْ وَهُمْ كٰفِرُوْنَ ﴿۸۵﴾	**85**
প্রতিবর্ণায়ন	ওয়ালা–তু'জিবকা আমওয়া–লুহুম ওয়া~আওলা–দুহুম (ط) ইন্নামা–ইউরীদুল্লা–হু আইঁ ইউ'আয'যি'বাহুম বিহা–ফিদ্দুনইয়া– ওয়া তাঝহাক'া আংফুছুহুম ওয়া হুম কা–ফিরূন।	
তরজমা	সুতরাং উহাদের সম্পদ ও সন্তান-সন্ততি তোমাকে যেন বিমুগ্ধ না করে ; আল্লাহ্ তো উহার দ্বারাই উহাদেরকে পার্থিব জীবনে শাস্তি দিতে চান ; উহারা কাফির থাকা অবস্থায় উহাদের আত্মা দেহত্যাগ করিবে।	
	وَاِذَآ اُنْزِلَتْ سُوْرَةٌ اَنْ اٰمِنُوْا بِاللّٰهِ وَجَاهِدُوْا مَعَ رَسُوْلِهِ اسْتَاْذَنَكَ اُولُوا الطَّوْلِ مِنْهُمْ وَقَالُوْا ذَرْنَا نَكُنْ مَّعَ الْقٰعِدِيْنَ ﴿۸۶﴾	**86**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া~উংঝিলাত ছূরাতুন আন আ–মিনূ বিল্লা–হি ওয়া জা–হিদূ মা'আ রাছূলিহিছ তা'য'ানাকা উলুত্'ত'াওলি মিনহুম ওয়া ক'া–লূ য'ারনা–নাকুম মা'আল ক'া–'ইদীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	'আল্লাহ্‌র উপর ঈমান আন এবং রাসূলের সঙ্গী হইয়া জিহাদ কর'-এই মর্মে যখন কোন সূরা অবতীর্ণ হয় তখন উহাদের মধ্যে যাহাদের শক্তি-সামর্থ্য আছে তাহারা তোমার নিকট অব্যাহতি চায় এবং বলে, 'আমাদেরকে রেহাই দাও, যাহারা বসিয়া থাকে আমরা তাহাদের সঙ্গেই থাকিব।'	
	رَضُوْا بِاَنْ يَّكُوْنُوْا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُوْنَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	রাদূ বিআইঁ ইয়াকূনূ মা'আল খাওয়া-লিফি ওয়া তু'বি'আ আলা-কু'লূবিহিম ফাহুম লা-ইয়াফক'াহূন।	
তরজমা	উহারা অন্তঃপুরবাসিনীদের সঙ্গে অবস্থান করাই পছন্দকরিয়াছে এবং উহাদের অন্তর মোহর করা হইয়াছে ; ফলে উহারা বুঝিতে পারে না।	
	لٰكِنِ الرَّسُوْلُ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ جٰهَدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ؕ وَاُولٰٓئِكَ لَهُمُ الْخَيْرٰتُ ۫ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	লা-কিনির্ রাছূলু ওয়াল্লায ীনা আ-মানূ মা'আহূ জা-হাদূ বিআমওয়া-লিহিম ওয়া আংফুছিহিম (ط) ওয়া উলা~ইকা লাহুমুল খাইরা-তু (ز) ওয়া উলা~ইকা হুমুল মুফলিহূ ন।	
তরজমা	কিন্তু রাসূল এবং যাহারা তাহার সঙ্গে ঈমান আনিয়াছিল তাহারা নিজ সম্পদ ও জীবন দ্বারা আল্লাহ্‌র পথে জিহাদ করিয়াছে ; উহাদের জন্যই কল্যাণ আছে এবং উহারাই সফলকাম।	
	اَعَدَّ اللّٰهُ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	আ'আদ্দাল্লা-হু লাহুম জান্না-তিং তাজরী মিং তাহ িতহাল আনহা-রু খা-লিদীনা ফীহা- য া-লিকাল ফাওঝুল 'আজ ীম।	
তরজমা	আল্লাহ্‌ উহাদের জন্য প্রস্তুত করিয়া রাখিয়াছেন জান্নাত, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত, যেখানে তাহারা স্থায়ী হইবে; ইহাই মহাসাফল্য।	
	وَجَآءَ الْمُعَذِّرُوْنَ مِنَ الْاَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ وَقَعَدَ الَّذِيْنَ كَذَبُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ سَيُصِيْبُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	ওয়া জা~আল মু'আয যি রূনা মিনাল আ'রা-বি লিইউ'য ানা লাহুম ওয়া ক া'আদাল্লায ীনা ক ায াবুল্লা-হা ওয়া রাছূলাহূ (ط) ছাইউসীবুল্লায ীনা কাফারূ মিনহুম 'আয া-বুন আলীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	মরুবাসীদের মধ্যে কিছু লোক অজুহাত পেশ করিতে আসিল যেন ইহাদেরকে অব্যাহতি দেওয়া হয় এবং যাহারা বসিয়া রহিল তাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের সঙ্গে মিথ্যা বলিয়াছিল, উহাদের মধ্যে যাহারা কুফরী করিয়াছে তাহাদের মর্মন্তুদ শাস্তি হইবেই।	
	لَيْسَ عَلَى الضُّعَفَآءِ وَلَا عَلَى الْمَرْضٰى وَلَا عَلَى الَّذِيْنَ لَا يَجِدُوْنَ مَا يُنْفِقُوْنَ حَرَجٌ اِذَا نَصَحُوْا لِلّٰهِ وَرَسُوْلِهٖ ؕ مَا عَلَى الْمُحْسِنِيْنَ مِنْ سَبِيْلٍ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۹۱﴾	91
প্রতিবর্ণায়ন	লাইছা ‘আলাদ্ দু‘আফা~ই ওয়ালা–‘আলাল মারদা–ওয়ালা–‘আলাল্লাযীনা লা–ইয়াজিদূনা–মা–ইউংফিকূনা হারাজুন ইযা–নাসাহূ লিল্লা–হি ওয়া রাছূলিহী (ط) মা–‘আলাল মুহছিনীনা মিং ছাবীলিওঁ (ط) ওয়াল্লা–হু গাফূরুর রাহীম।	
তরজমা	যাহারা দুর্বল, যাহারা পীড়িত এবং যাহারা অর্থসাহায্যে অসমর্থ, তাহাদের কোন অপরাধ নাই, যদি আল্লাহ্ ও রাসূলের প্রতি তাহাদের অবিমিশ্র অনুরাগ থাকে। যাহারা সৎকর্মপরায়ণ তাহাদের বিরুদ্ধে অভিযোগের কোন হেতু নাই ; আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَّلَا عَلَى الَّذِيْنَ اِذَا مَاۤ اَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لَاۤ اَجِدُ مَاۤ اَحْمِلُكُمْ عَلَيْهِ ۪ تَوَلَّوْا وَّ اَعْيُنُهُمْ تَفِيْضُ مِنَ الدَّمْعِ حَزَنًا اَلَّا يَجِدُوْا مَا يُنْفِقُوْنَ ﴿۹۲﴾	92
প্রতিবর্ণায়ন	ওয়ালা–‘আলাল্লাযীনা ইযা–মা~আতাওকা লিতাহমিলাহুম কুলতা লা~আজিদু মা–আহমিলুকুম ‘আলাইহি (ص) তাওয়াল্লাওঁ ওয়া আ‘ইউনুহুম তাফীদু মিনাদ দাম‘ই হাঝানান আল্লা–ইয়াজিদূ মা–ইউংফিকূন্ ।	
তরজমা	উহাদেরও কোন অপরাধ নাই যাহারা তোমার নিকট বাহনের জন্য আসিলে তুমি বলিয়াছিলে, ‘তোমাদের জন্য কোন বাহন আমি পাইতেছি না’; উহারা অর্থব্যয়ে অসামর্থ্যজনিত দুঃখে অশ্রুবিগলিত নেত্রে ফিরিয়া গেল।	
	اِنَّمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ يَسْتَاْذِنُوْنَكَ وَهُمْ اَغْنِيَآءُ ۚ رَضُوْا بِاَنْ يَّكُوْنُوْا مَعَ الْخَوَالِفِ ۙ وَطَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿۹۳﴾	93
প্রতিবর্ণায়ন	ইন্নামাছ্ছাবীলু ‘আলাল লাযীনা ইয়াছতা’যিনূনাকা ওয়াহুম আগনিয়া~উ (ج) রাদূ বিআইঁ ইয়াকূনূ মা‘আল খাওয়া–লিফি (ۙ) ওয়া তাবা‘আল্লা–হু ‘আলা–কুলূবিহিম ফাহুম লা–ইয়া‘লামূন।	
তরজমা	যাহারা অভাবমুক্ত হইয়াও অব্যাহতি প্রার্থনা করিয়াছে, অবশ্যই উহাদের বিরুদ্ধে অভিযোগের হেতু আছে। উহারা অন্তঃপুরবাসিনীদের সঙ্গে থাকাই পছন্দকরিয়াছিল ; আল্লাহ্ উহাদের অন্তর মোহর করিয়া দিয়াছেন, ফলে উহারা বুঝিতে পারে না!	

	يَعْتَذِرُوْنَ اِلَيْكُمْ اِذَا رَجَعْتُمْ اِلَيْهِمْ ؕ قُلْ لَّا تَعْتَذِرُوْا لَنْ نُّؤْمِنَ لَكُمْ قَدْ نَبَّاَنَا اللّٰهُ مِنْ اَخْبَارِكُمْ ؕ وَ سَيَرَى اللّٰهُ عَمَلَكُمْ وَرَسُوْلُهٗ ثُمَّ تُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ইয়া‘তাযি`রূনা ইলাইকুম ইযা–রাজা‘তুম ইলাইহিম (ط) কু`ল্ লা–তা‘তাযি`রূ লান্ নু’মিনা লাকুম ক`াদ নাব্বাআনাল্লা–হু মিন আখবা–রিকুম (ط) ওয়া ছাইয়ারাল্লা–হু ‘আমালাকুম ওয়া রাছূলুহূ ছু`ম্মা তুরাদ্দূনা ইলা– ‘আ–লিমিল গাইবি ওয়াশশাহা–দাতি ফাইউনাব্বিউকুম বিমা–কুংতুম তা‘মালূন।	
তরজমা	তোমরা উহাদের নিকট ফিরিয়া আসিলে উহারা তোমাদের নিকট অজুহাত পেশ করিবে। বলিও, ‘অজুহাত পেশ করিও না, আমরা তোমাদেরকে কখনও বিশ্বাস করিব না ; আল্লাহ্ আমাদেরকে তোমাদের খবর জানাইয়া দিয়াছেন এবং আল্লাহ্ অবশ্যই তোমাদের কার্যকলাপ লক্ষ্য করিবেন এবং তাঁহার রাসূলও। অতঃপর যিনি অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা তাঁহার নিকট তোমাদেরকে প্রত্যাবর্তিত করা হইবে এবং তিনি তোমরা যাহা করিতে, তাহা তোমাদেরকে জানাইয়া দিবেন।’	
	سَيَحْلِفُوْنَ بِاللّٰهِ لَكُمْ اِذَا انْقَلَبْتُمْ اِلَيْهِمْ لِتُعْرِضُوْا عَنْهُمْ ؕ فَاَعْرِضُوْا عَنْهُمْ ؕ اِنَّهُمْ رِجْسٌ ؗ وَّمَاْوٰىهُمْ جَهَنَّمُ ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿٩٥﴾	95
প্রতিবর্ণায়ন	ছাইয়াহ`লিফূনা বিল্লা–হি লাকুম ইয`াং ক`ালাবতুম ইলাইহিম লিতু‘রিদূ ‘আনহুম (ط) ফাআ‘রিদূ ‘আনহুম (ط) ইন্নাহুম রিজছুওঁ (ز) ওয়ামা’ওয়া–হুম জাহান্নামু (ج) জাঝা~আম বিমা কা–নূ ইয়াকছিবূন।	
তরজমা	তোমরা উহাদের নিকট ফিরিয়া আসিলে অচিরেই উহারা আল্লাহ্‌র শপথ করিবে যাহাতে তোমরা উহাদের উপেক্ষা কর। সুতরাং তোমরা উহাদেরকে উপেক্ষা করিবে; উহারা অপবিত্র এবং উহাদের কৃতকর্মের ফলস্বরূপ জাহান্নাম উহাদের আবাসস্থল।	
	يَحْلِفُوْنَ لَكُمْ لِتَرْضَوْا عَنْهُمْ ۚ فَاِنْ تَرْضَوْا عَنْهُمْ فَاِنَّ اللّٰهَ لَا يَرْضٰى عَنِ الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	ইয়াহ`লিফূনা লাকুম লিতারদ`াও ‘আনহুম (ج) ফাইং তারদ`াও ‘আনহুম ফাইন্নাল্লা–হা লা–ইয়ারদ`া– ‘আনিল ক`াওমিল ফা–ছিক`ীন।	
তরজমা	উহারা তোমাদের নিকট শপথ করিবে যাহাতে তোমরা উহাদের প্রতি তুষ্ট হও। তোমরা উহাদের প্রতি তুষ্ট হইলেও আল্লাহ্ তো সত্যত্যাগী সম্প্রদায়ের প্রতি তুষ্ট হইবেন না।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اَلْاَعْرَابُ اَشَدُّ كُفْرًا وَّ نِفَاقًا وَّ اَجْدَرُ اَلَّا يَعْلَمُوْا حُدُوْدَ مَاۤ اَنْزَلَ اللّٰهُ عَلٰى رَسُوْلِهٖ ؕ وَ اللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿۹۷﴾	97
প্রতিবর্ণায়ন	আল্‌আ'রা–বু আশাদ্দু কুফরাওঁ ওয়ানিফা–ক'াওঁ ওয়াআজ্‌দারু আল্লা–ইয়া'লামূ হু'দূদা মা~আংঝালাল্লা–হু 'আলা–রাছূলিহী (ط) ওয়াল্লা–হু 'আলীমুন হ'াকীম।	
তরজমা	কুফরী ও কপটতায় মরুবাসীরা কঠোরতর; এবং আল্লাহ্ তাঁহার রাসূলের প্রতি যাহা অবতীর্ণ করিয়াছেন, তাহার সীমারেখা সম্পর্কে অজ্ঞ থাকার যোগ্যতা ইহাদের অধিক। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَ مِنَ الْاَعْرَابِ مَنْ يَّتَّخِذُ مَا يُنْفِقُ مَغْرَمًا وَّ يَتَرَبَّصُ بِكُمُ الدَّوَآئِرَ ؕ عَلَيْهِمْ دَآئِرَةُ السَّوْءِ ؕ وَ اللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿۹۸﴾	98
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল আ'রা–বি মাইঁ ইয়াত্তাখিযু মা–ইউংফিকু মাগরামাওঁ ওয়া ইয়াতারাব্বাসু বিকুমুদ্‌দাওয়া~ইরা (ط) 'আলাইহিম দা~ইরাতুছছাওই (ط) ওয়াল্লা–হু ছামী'উন আলীম।	
তরজমা	মরুবাসীদের কেহ কেহ, যাহা তাহারা আল্লাহ্‌র পথে ব্যয় করে তাহা অর্থদণ্ড বলিয়া গণ্য করে এবং তোমাদের ভাগ্য বিপর্যয়ের প্রতীক্ষা করে। মন্দ ভাগ্যচক্র উহাদেরই হউক। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَ مِنَ الْاَعْرَابِ مَنْ يُّؤْمِنُ بِاللّٰهِ وَ الْيَوْمِ الْاٰخِرِ وَ يَتَّخِذُ مَا يُنْفِقُ قُرُبٰتٍ عِنْدَ اللّٰهِ وَ صَلَوٰتِ الرَّسُوْلِ ؕ اَلَاۤ اِنَّهَا قُرْبَةٌ لَّهُمْ ؕ سَيُدْخِلُهُمُ اللّٰهُ فِيْ رَحْمَتِهٖ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۹۹﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল আ'রা–বি মাইঁ ইউ'মিনু বিল্লা–হি ওয়াল ইয়াওমিল আ–খিরি ওয়া ইয়াত্তাখিযু মা–ইউংফিকু কু'রুবা–তিন 'ইংদাল্লা–হি ওয়া সালাওয়া–তির্‌রাছূলি (ط) আলা~ ইন্নাহা কুরবাতুল্লাহুম (ط) ছাইউদখিলুহুমুল্লা–হু ফী রাহ'মাতিহী (ط) ইন্নাল্লা–হা গাফূরুর রাহ'ীম।	
তরজমা	মরুবাসীদের কেহ কেহ আল্লাহে ও পরকালে ঈমান রাখে এবং যাহা ব্যয় করে তাহাকে আল্লাহ্‌র সান্নিধ্য ও রাসূলের দু'আ লাভের উপায় মনে করে। বাস্তবিকই উহা তাহাদের জন্য আল্লাহ্‌র সান্নিধ্য লাভের উপায় ; আল্লাহ্ তাহাদেরকে নিজ রহমতে দাখিল করিবেন। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَ السّٰبِقُوْنَ الْاَوَّلُوْنَ مِنَ الْمُهٰجِرِيْنَ وَ الْاَنْصَارِ وَ الَّذِيْنَ اتَّبَعُوْهُمْ بِاِحْسَانٍ ۙ رَّضِيَ اللّٰهُ عَنْهُمْ وَ رَضُوْا عَنْهُ وَ اَعَدَّ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ تَحْتَهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَاۤ اَبَدًا ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿۱۰۰﴾	100

প্রতিবর্ণায়ন	ওয়াছ্ছা–বিকূ নাল আওওয়ালূনা মিনাল মুহা–জিরীনা ওয়াল আংসা–রি ওয়াল্লায ীনাত্তাবা‘উহুম বিইহ ছা–নির রাদি য়াল্লা–হু ‘আনহুম ওয়ারাদূ ‘আনহু ওয়া আ‘আদ্দালাহুম জান্না–তিং তাজরী তাহ তাহাল আনহা–রু খা–লিদীনা ফীহা আবাদাং (ط) য া–লিকাল ফাওঝুল ‘আজ ীম।	
তরজমা	মুহাজির ও আনসারদের মধ্যে যাহারা প্রথম অগ্রগামী এবং যাহারা নিষ্ঠার সঙ্গে তাহাদের অনুসরণ করে আল্লাহ্ তাহাদের প্রতি প্রসন্ন এবং তাহারাও তাহাতে সন্তুষ্ট এবং তিনি তাহাদের জন্য প্রস্তুত করিয়াছেন জান্নাত, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত, যেখানে তাহারা চিরস্থায়ী হইবে। ইহা মহাসাফল্য।	
	وَمِمَّنْ حَوْلَكُمْ مِّنَ الْاَعْرَابِ مُنٰفِقُوْنَ ؕ وَمِنْ اَهْلِ الْمَدِيْنَةِ ۛؔ مَرَدُوْا عَلَى النِّفَاقِ لَا تَعْلَمُهُمْ ؕ نَحْنُ نَعْلَمُهُمْ ؕ سَنُعَذِّبُهُمْ مَّرَّتَيْنِ ثُمَّ يُرَدُّوْنَ اِلٰى عَذَابٍ عَظِيْمٍ ﴿۱۰۱﴾	101
প্রতিবর্ণায়ন	ওয়া মিম্মান হ াওলাকুম মিনাল আ‘রা–বি মুনা–ফিকূ না (ط) ওয়া মিন আহলিল মাদীনাতি (قف) মারাদূ ‘আলান্নিফা–কি (قف) লা–তা‘লামুহুম (ط) নাহ নু না‘লামুহুম (ط) ছানু‘আয যি বুহুম মাররাতাইনি ছু ম্মা ইউরাদ্দূনা ইলা–‘আয া–বিন ‘আজ ীম।	
তরজমা	মরুবাসীদের মধ্যে যাহারা তোমাদের আশেপাশে আছে তাহাদের কেহ কেহ মুনাফিক এবং মদীনাবাসীদের মধ্যেও কেহ কেহ, উহারা কপটতায় সিদ্ধ। তুমি উহাদেরকে জান না; আমি উহাদেরকে জানি। আমি উহাদেরকে দুইবার শাস্তি দিব ও পরে উহারা প্রত্যাবর্তিত হইবে মহাশাস্তির দিকে।	
	وَاٰخَرُوْنَ اعْتَرَفُوْا بِذُنُوْبِهِمْ خَلَطُوْا عَمَلًا صَالِحًا وَّاٰخَرَ سَيِّئًا ؕ عَسَى اللّٰهُ اَنْ يَّتُوْبَ عَلَيْهِمْ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۱۰۲﴾	102
প্রতিবর্ণায়ন	ওয়া আ–খারূনা‘তারাফু বিযু নূবিহিম খালাতূ ‘আমালাং সা–লিহ াওঁ ওয়া আ–খারা ছাইয়িআন (ط) ‘আছাল্লা–হু আইঁ ইয়াতূবা ‘আলাইহিম (ط) ইন্নাল্লা–হা গাফূরুর রাহ ীম।	
তরজমা	এবং অপর কতক লোকে নিজেদের অপরাধ স্বীকার করিয়াছে, উহারা এক সৎকর্মের সঙ্গে অপর অসৎকর্ম মিশ্রিত করিয়াছে; আল্লাহ্ হয়ত উহাদেরকে ক্ষমা করিবেন; নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	خُذْ مِنْ اَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيْهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ ؕ اِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَّهُمْ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿۱۰۳﴾	103

প্রতিবর্ণায়ন	খুয্‌ মিন আমওয়া-লিহিম সাদাক্বাতাং তুত্বাহ্‌হিরুহুম ওয়া তুঝাক্কীহিম বিহা-ওয়া সাল্লি ‘আলাইহিম (ط) ইন্না সালা-তাকা ছাকানুল্লাহুম (ط) ওয়াল্লা-হু ছামী‘উন ‘আলীম।	
তরজমা	উহাদের সম্পদ হইতে ‘সাদাকা’ গ্রহণ করিবে। ইহার দ্বারা তুমি উহাদেরকে পবিত্র করিবে এবং পরিশোধিত করিবে। তুমি উহাদেরকে দু‘আ করিবে। তোমার দু‘আ তো উহাদের জন্য চিত্ত স্বস্তিকর। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	اَلَمۡ يَعۡلَمُوۡۤا اَنَّ اللّٰهَ هُوَ يَقۡبَلُ التَّوۡبَةَ عَنۡ عِبَادِهٖ وَيَاۡخُذُ الصَّدَقٰتِ وَاَنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيۡمُ ﴿۱۰۴﴾	**104**
প্রতিবর্ণায়ন	আলাম ইয়া‘লামূ˜ আন্নাল্লা-হা হুওয়া ইয়াক্বালুত্ তাওবাতা ‘আন ‘ইবা-দিহী ওয়া ইয়া’খুযুস্‌সাদাক্বা-তি ওয়া আন্নাল্লা-হা হুওয়াত্ তাওওয়া-বুর রাহ্বীম।	
তরজমা	উহারা কি জানে না যে, আল্লাহ্ তো তাঁহার বান্দাদের তওবা কবুল করেন এবং ‘সাদাকা’ গ্রহণ করেন, নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু ?	
	وَقُلِ اعۡمَلُوۡا فَسَيَرَى اللّٰهُ عَمَلَكُمۡ وَرَسُوۡلُهٗ وَالۡمُؤۡمِنُوۡنَ ؕ وَسَتُرَدُّوۡنَ اِلٰى عٰلِمِ الۡغَيۡبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمۡ بِمَا كُنۡتُمۡ تَعۡمَلُوۡنَ ﴿۱۰۵﴾	**105**
প্রতিবর্ণায়ন	ওয়া কুলি‘মালূ ফাছাইয়ারাল্লা-হু ‘আমালাকুম ওয়া রাছূলুহূ ওয়াল মু’মিনূনা (ط) ওয়া ছাতুরাদ্দূনা ইলা- ‘আ-লিমিল গাইবি ওয়াশশাহা-দাতি ফাইউনাব্বিউকুম বিমা-কুংতুম তা‘লামূন।	
তরজমা	এবং বল, ‘তোমরা কর্ম করিতে থাক ; আল্লাহ্ তো তোমাদের কার্যকলাপ লক্ষ্য করিবেন এবং তাঁহার রাসূল ও মু’মিনগণও করিবে এবং অচিরেই তোমরা প্রত্যাবর্তিত হইবে অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতার নিকট, অতঃপর তিনি তোমরা যাহা করিতে তাহা তোমাদেরকে জানাইয়া দিবেন।’	
	وَاٰخَرُوۡنَ مُرۡجَوۡنَ لِاَمۡرِ اللّٰهِ اِمَّا يُعَذِّبُهُمۡ وَاِمَّا يَتُوۡبُ عَلَيۡهِمۡ ؕ وَاللّٰهُ عَلِيۡمٌ حَكِيۡمٌ ﴿۱۰۶﴾	**106**
প্রতিবর্ণায়ন	ওয়া আ-খারুনা মুরজাওনা লিআমরিল্লা-হি ইম্মা-ইউ‘আয্‌যিবুহুম ওয়া ইম্মা-ইয়াতূব ‘আলাইহিম (ط) ওয়াল্লা-হু ‘আলীমুন হ্বাকীম।	
তরজমা	এবং আল্লাহ্‌র আদেশের প্রতীক্ষায় অপর কতকের সম্পর্কে সিদ্ধান্ত স্থগিত রহিল তিনি উহাদেরকে শাস্তি দিবেন, না ক্ষমা করিবেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَالَّذِيۡنَ اتَّخَذُوۡا مَسۡجِدًا ضِرَارًا وَّكُفۡرًا وَّتَفۡرِيۡقًا بَيۡنَ الۡمُؤۡمِنِيۡنَ وَاِرۡصَادًا لِّمَنۡ حَارَبَ اللّٰهَ وَرَسُوۡلَهٗ مِنۡ قَبۡلُ ؕ وَلَيَحۡلِفُنَّ اِنۡ اَرَدۡنَاۤ اِلَّا الۡحُسۡنٰى ؕ وَاللّٰهُ يَشۡهَدُ اِنَّهُمۡ لَكٰذِبُوۡنَ ﴿۱۰۷﴾	**107**

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনাত তাখায ূ মাছজিদাং দি রা–রাওঁ ওয়া কুফরাওঁ ওয়া তাফরীক াম বাইনাল মু'মিনীনা ওয়া ইরসা–দাল্ লিমান হ া–রাবাল্লা–হা ওয়া রাছূলাহূ মিং ক াবলু (ط) ওয়ালাইয়াহ লিফুন্না ইন আরাদনা ~ইল্লাল হু ছনা– (ط) ওয়াল্লা–হু ইয়াশহাদু ইন্নাহুম লাকা–যি বূন।	
তরজমা	এবং যাহারা মসজিদ নির্মাণ করিয়াছে ক্ষতিসাধন, কুফরী ও মু'মিনদের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে এবং ইতিপূর্বে আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরুদ্ধে যে ব্যক্তি সংগ্রাম করিয়াছে তাহার গোপন ঘাঁটিস্বরূপ ব্যবহারের উদ্দেশ্যে, তাহারা অবশ্যই শপথ করিবে, 'আমরা সদুদ্দেশ্যেই উহা করিয়াছি'; আল্লাহ্ সাক্ষী, তাহারা তো মিথ্যাবাদী।	
	لَا تَقُمْ فِيهِ أَبَدًا ۚ لَمَسْجِدٌ أُسِّسَ عَلَى التَّقْوَىٰ مِنْ أَوَّلِ يَوْمٍ أَحَقُّ أَنْ تَقُومَ فِيهِ ۚ فِيهِ رِجَالٌ يُحِبُّونَ أَنْ يَتَطَهَّرُوا ۚ وَاللَّهُ يُحِبُّ الْمُطَّهِّرِينَ ﴿١٠٨﴾	108
প্রতিবর্ণায়ন	লা–তাকু ম ফীহি আবাদাল্ (ط) লামাছজিদুন উছ্ছিছা 'আলাত্তাক ওয়া–মিন আওওয়ালি ইয়াওমিন আহ াক্কু আং তাকূ মা ফীহি (ط) ফীহি রিজা–লুইঁ ইউহি ব্বূনা আইঁ ইয়াতাত াহ্হারু (ط) ওয়াল্লা–হু ইউহি ব্বুল মুত াত াহ্হিরীন।	
তরজমা	তুমি ইহাতে কখনও দাঁড়াইও না। যে মসজিদের ভিত্তি প্রথম দিন হইতেই স্থাপিত হইয়াছে তাক্ওয়ার উপর, উহাই তোমার সালাতের জন্য অধিক যোগ্য। সেখানে এমন লোক আছে যাহারা পবিত্রতা অর্জন ভালবাসে এবং পবিত্রতা অর্জনকারীদেরকে আল্লাহ্ পছন্দকরেন।	
	أَفَمَنْ أَسَّسَ بُنْيَانَهُ عَلَىٰ تَقْوَىٰ مِنَ اللَّهِ وَرِضْوَانٍ خَيْرٌ أَمْ مَنْ أَسَّسَ بُنْيَانَهُ عَلَىٰ شَفَا جُرُفٍ هَارٍ فَانْهَارَ بِهِ فِي نَارِ جَهَنَّمَ ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	আফামান আছ্ছাছা বুনইয়া–নাহূ 'আলা–তাক ওয়া–মিনাল্লা–হি ওয়া রিদ াওয়া–নিন খাইরুন আম্মান আছ্ছাআ বুনইয়া–নাহূ 'আলা–শাফা– জুরুফিন হা–রিং ফানহা–রা বিহী ফী না–রি জাহান্নামা (ط) ওয়াল্লা–হু লা–ইয়াহদিল ক াওমাজ্ জ া–লিমীন।	
তরজমা	যে ব্যক্তি তাহার গৃহের ভিত্তি আল্লাহ্ভীতি ও আল্লাহ্র সন্তুষ্টির উপর স্থাপন করে সে উত্তম, না ঐ ব্যক্তি উত্তম যে তাহার গৃহের ভিত্তি স্থাপন করে এক খাদের ধসোন্মুখ কিনারায়, ফলে যাহা উহাকেসহ জাহান্নামের অগ্নিতে পতিত হয় ? আল্লাহ্ জালিম সম্প্রদায়কে পথ প্রদর্শন করেন না।	
	لَا يَزَالُ بُنْيَانُهُمُ الَّذِي بَنَوْا رِيبَةً فِي قُلُوبِهِمْ إِلَّا أَنْ تَقَطَّعَ قُلُوبُهُمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	লা–ইঝা–লু বুনইয়া–নুহুমুল্লায ী বানাও রীবাতাং ফী কু লূবিহিম ইল্লা–আং তাক াত্ত া'আ কু লূবুহুম (ط) ওয়াল্লা–হু 'আলীমুন হ াকীম।	

তরজমা	উহাদের গৃহ যাহা উহারা নির্মাণ করিয়াছে তাহা উহাদের অন্তরে সন্দেহের কারণ হইয়া থাকিবে। যে পর্যন্ত না উহাদের অন্তর ছিন্ন-বিচ্ছিন্ন হইয়া যায়। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	اِنَّ اللّٰهَ اشْتَرٰى مِنَ الْمُؤْمِنِيْنَ اَنْفُسَهُمْ وَاَمْوَالَهُمْ بِاَنَّ لَهُمُ الْجَنَّةَ ؕ يُقَاتِلُوْنَ فِىْ سَبِيْلِ اللّٰهِ فَيَقْتُلُوْنَ وَيُقْتَلُوْنَ ۫ وَعْدًا عَلَيْهِ حَقًّا فِى التَّوْرٰىةِ وَالْاِنْجِيْلِ وَالْقُرْاٰنِ ؕ وَمَنْ اَوْفٰى بِعَهْدِهٖ مِنَ اللّٰهِ فَاسْتَبْشِرُوْا بِبَيْعِكُمُ الَّذِىْ بَايَعْتُمْ بِهٖ ؕ وَذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١١١﴾	111
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হাশতারা- মিনাল মু’মিনীনা আংফুছাহুম ওয়া আমওয়া-লাহুম বিআন্না লাহুমুল্ জান্নাতা (ط) ইউক া-তিলূনা ফী ছাবীলিল্লা-হি ফাইয়াক তুলূনা ওয়া ইউক তালূনা (قف) ওয়া‘দান আলাইহি হ াক ক াং ফিত্তাওরা-তি ওয়াল ইংজীলি ওয়াল কু রআ-নি (ط) ওয়া মান আওফা-বি‘আহদিহী মিনাল্লা-হি ফাছতাবশিরূ বিবাই‘ইকুমুল্লায ী বা-ইয়া‘তুম বিহী (ط) ওয়া য া-লিকা হুওয়াল ফাওঝুল ‘আজ ীম।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ মু’মিনদের নিকট হইতে তাহাদের জীবন ও সম্পদ ক্রয় করিয়া লইয়াছেন, তাহাদের জন্য জান্নাত আছে ইহার বিনিময়ে। তাহারা আল্লাহ্র পথে যুদ্ধ করে, নিধন করে ও নিহত হয়। তাওরাত, ইনজীল ও কুরআনে এই সম্পর্কে তাহাদের দৃঢ় প্রতিশ্রুতি রহিয়াছে। নিজ প্রতিজ্ঞা পালনে আল্লাহ্ অপেক্ষা শ্রেষ্ঠতর কে আছে ? তোমরা যে সওদা করিয়াছ সেই সওদার জন্য আনন্দিত হও এবং উহাই তো মহাসাফল্য।	
	اَلتَّآئِبُوْنَ الْعٰبِدُوْنَ الْحٰمِدُوْنَ السَّآئِحُوْنَ الرّٰكِعُوْنَ السّٰجِدُوْنَ الْاٰمِرُوْنَ بِالْمَعْرُوْفِ وَالنَّاهُوْنَ عَنِ الْمُنْكَرِ وَالْحٰفِظُوْنَ لِحُدُوْدِ اللّٰهِ ؕ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿١١٢﴾	112
প্রতিবর্ণায়ন	আত্তা~ইবূনাল ‘আ-বিদূনাল হ া-মিদূনাছ্ছা-ইহু নার রা-কি‘উনাছ্ছা-জিদূনাল আ-মিরূনা বিলামা‘রূফি ওয়াননা-হুনা ‘আনিল মুংকারি ওয়াল হ া-ফিজূ না লিহু দূদিল্লা-হি (ط) ওয়া বাশশিরিল মু’মিনীন।	
তরজমা	উহারা তওবাকারী, ‘ইবাদতকারী, আল্লাহ্র প্রশংসাকারী, সিয়াম পালনকারী, রুকূ‘কারী, সিজ্দাকারী, সৎকাজের নির্দেশদাতা, অসৎকাজে নিষেধকারী এবং আল্লাহ্র নির্ধারিত সীমারেখা সংরক্ষণকারী; এই মু’মিনদেরকে তুমি শুভ সংবাদ দাও।	
	مَا كَانَ لِلنَّبِىِّ وَالَّذِيْنَ اٰمَنُوْۤا اَنْ يَّسْتَغْفِرُوْا لِلْمُشْرِكِيْنَ وَلَوْ كَانُوْۤا اُولِىْ قُرْبٰى مِنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ اَنَّهُمْ اَصْحٰبُ الْجَحِيْمِ ﴿١١٣﴾	113

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মা–কা–না লিন্নাবিইয়ি ওয়াল্লায ীনা আ–মানূ˜ আইঁ ইয়াছতাগফিরূ লিলমুশরিকীনা ওয়ালাও কা–নূ˜উলী কু রবা–মিম বা‘দি মা–তাবাইইয়ানা লাহুম আন্নাহুম আসহ া–বুল জাহ ীম।	
তরজমা	আত্মীয়-স্বজন হইলেও মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করা নবী এবং মু'মিনদের জন্য সংগত নয় যখন ইহা সুস্পষ্ট হইয়া গিয়াছে যে, নিশ্চিতই উহারা জাহান্নামী।	
	وَمَا كَانَ اسْتِغْفَارُ اِبْرٰهِيْمَ لِاَبِيْهِ اِلَّا عَنْ مَّوْعِدَةٍ وَّعَدَهَآ اِيَّاهُ ۚ فَلَمَّا تَبَيَّنَ لَهٗٓ اَنَّهٗ عَدُوٌّ لِّلّٰهِ تَبَرَّاَ مِنْهُ ؕ اِنَّ اِبْرٰهِيْمَ لَاَوَّاهٌ حَلِيْمٌ ﴿۱۱۴﴾	114
প্রতিবর্ণায়ন	ওয়া মা–কানাছ্তিগফা–রু ইবরা–হীমা লিআবীহি ইল্লা–‘আম মাও ‘ইদাতিওঁ ওয়া‘আদহা–ইইয়া–হু (ج) ফালাম্মা–তাবাইইয়ানা লাহূ আন্নাহূ ‘আদুওউল্ লিল্লা–হি তাবার্‌রাআমিনহু (ط) ইন্না ইবরা–হীমা লা আওওয়া–হুন হ ালীম।	
তরজমা	ইব্‌রাহীম তাহার পিতার জন্য ক্ষমা প্রার্থনা করিয়াছিল, তাহাকে ইহার প্রতিশ্রুতি দিয়াছিল বলিয়া ; অতঃপর যখন ইহা তাহার নিকট সুস্পষ্ট হইল যে, সে আল্লাহ্‌র শত্রু তখন ইব্‌রাহীম উহার সম্পর্ক ছিন্ন করিল। ইব্‌রাহীম তো কোমল হৃদয় ও সহনশীল।	
	وَمَا كَانَ اللّٰهُ لِيُضِلَّ قَوْمًا بَعْدَ اِذْ هَدٰىهُمْ حَتّٰى يُبَيِّنَ لَهُمْ مَّا يَتَّقُوْنَ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿۱۱۵﴾	115
প্রতিবর্ণায়ন	ওয়া মা–কা–নাল্লা–হু লিইউদি ল্লা ক াওমাম বা‘দা ইয হাদা–হুম হ াত্তা– ইউবাইয়িনা লাহুম মা–ইয়াত্তাকূ ন্না (ط) ইন্নাল্লা–হা বিকুল্লি শাইয়িন ‘আলীম।	
তরজমা	আল্লাহ্ এমন নন যে, তিনি কোন সম্প্রদায়কে পথপ্রদর্শন করিবার পর উহাদেরকে বিভ্রান্ত করিবেন-উহাদেরকে কী বিষয়ে তাক্‌ওয়া অবলম্বন করিতে হইবে, ইহা সুস্পষ্টরূপে ব্যক্ত না করা পর্যন্ত ; নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ে সবিশেষ অবহিত।	
	اِنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يُحْيٖ وَيُمِيْتُ ؕ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿۱۱۶﴾	116
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা লাহূ মুলকুছ্ছামা–ওয়া–তি ওয়াল আরদি (ط) ইউহ য়ী ওয়া ইউমীতু (ط) ওয়া মা লাকুম মিং দূনিল্লা–হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা–নাসীর।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর সার্বভৌম ক্ষমতা আল্লাহরই; তিনিই জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান। আল্লাহ্ ব্যতীত তোমাদের কোন অভিভাবক নাই, সাহায্যকারীও নাই।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	لَقَدْ تَّابَ اللّٰهُ عَلَى النَّبِيِّ وَالْمُهٰجِرِيْنَ وَالْاَنْصَارِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ فِيْ سَاعَةِ الْعُسْرَةِ مِنْۢ بَعْدِ مَا كَادَ يَزِيْغُ قُلُوْبُ فَرِيْقٍ مِّنْهُمْ ثُمَّ تَابَ عَلَيْهِمْ ؕ اِنَّهٗ بِهِمْ رَءُوْفٌ رَّحِيْمٌ ۝١١٧	**117**
প্রতিবর্ণায়ন	লাক াত্তা–বাল্লা–হু ‘আলান্নাবিইয়ি ওয়াল মুহা–জিরীনা ওয়াল আংসা–রিল্লায ীনাত্ তাবা‘উহু ফী ছা–‘আতিল ‘উছরাতি মিম বা‘দি মা–কা–দা ইয়াঝীগু কু লূবু ফারীকি ম মিনহুম ছু ম্মা তা–বা ‘আলাইহিম (ط) ইন্নাহূ বিহিমি রাউফুর রাহ ীম।	
তরজমা	আল্লাহ্ অবশ্যই অনুগ্রহপরায়ণ হইলেন নবীর প্রতি এবং মুহাজির ও আনসারদের প্রতি যাহারা তাহার অনুসরণ করিয়াছিল সংকটকালে-এমনকি যখন তাহাদের একদলের চিত্ত-বৈকল্যের উপক্রম হইয়াছিল। পরে আল্লাহ্ উহাদেরকে ক্ষমা করিলেন; তিনি তো উহাদের প্রতি দয়ার্দ্র, পরম দয়ালু।	
	وَّعَلَى الثَّلٰثَةِ الَّذِيْنَ خُلِّفُوْا ؕ حَتّٰۤى اِذَا ضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ وَضَاقَتْ عَلَيْهِمْ اَنْفُسُهُمْ وَظَنُّوْۤا اَنْ لَّا مَلْجَاَ مِنَ اللّٰهِ اِلَّاۤ اِلَيْهِ ؕ ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوْبُوْا ؕ اِنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ۝١١٨	**118**
প্রতিবর্ণায়ন	ওয়া ‘আলাছ্ ছ ালা–ছাতিল্লায ীনা খুল্লিফূ (ط) হ াত্তা–ইয া–দ া–ক াত ‘আলাইহিমুল আরদু বিমা–রাহু বাত ওয়াদ া–ক াত ‘আলাইহিম আংফুছুহুম ওয়া জ ান্নূ ~আল্‌লা–মালজাআ মিনাল্লা–হি ইল্লা ~ইলাইহি (ط) ছু ম্মা তা–বা ‘আলাইহিম লিইয়াতূবূ (ط) ইন্নাল্লা–হু হুওয়াত্তাওওয়া–বুর রাহ ীম।	
তরজমা	এবং তিনি ক্ষমা করিলেন অপর তিনজনকেও, যাহাদের সম্পর্কে সিদ্ধান্ত স্থগিত রাখা হইয়াছিল, যে পর্যন্ত না পৃথিবী বিস্তৃত হওয়া সত্ত্বেও তাহাদের জন্য উহা সংকুচিত হইয়াছিল এবং তাহাদের জীবন তাহাদের জন্য দুর্বিষহ হইয়াছিল এবং তাহারা উপলব্ধি করিয়াছিল যে, আল্লাহ্ ব্যতীত কোন আশ্রয়স্থল নাই, তাঁহার দিকে প্রত্যাবর্তন ব্যতীত, পরে তিনি উহাদের তওবা কবুল করিলেন যাহাতে উহারা তওবায় স্থির থাকে। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَكُوْنُوْا مَعَ الصّٰدِقِيْنَ ۝١١٩	**119**
প্রতিবর্ণায়ন	ইয়া ~আইয়ুহাল্লায ীনা আ–মানুত্তাকু ল্লা–হা ওয়াকূনূ মা‘আসসা–দিক ীন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مَا كَانَ لِأَهْلِ الْمَدِينَةِ وَمَنْ حَوْلَهُم مِّنَ الْأَعْرَابِ أَن يَتَخَلَّفُوا عَن رَّسُولِ اللَّهِ وَلَا يَرْغَبُوا بِأَنفُسِهِمْ عَن نَّفْسِهِ ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ لَا يُصِيبُهُمْ ظَمَأٌ وَلَا نَصَبٌ وَلَا مَخْمَصَةٌ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَطَئُونَ مَوْطِئًا يَغِيظُ الْكُفَّارَ وَلَا يَنَالُونَ مِنْ عَدُوٍّ نَّيْلًا إِلَّا كُتِبَ لَهُم بِهِ عَمَلٌ صَالِحٌ ۚ إِنَّ اللَّهَ لَا يُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ﴿١٢٠﴾	**120**
প্রতিবর্ণায়ন	মা–কা–না লিআহ্‌লিল মাদীনাতি ওয়া মান হ ়াওলাহুম মিনাল আ'রা–বি আইঁ ইয়াতাখাল্লাফূ 'আর রাছূলিল্লা–হি ওয়ালা–ইয়ারগাবূ বিআংফুছিহিম 'আং নাফছিহী (ط) য ়া–লিকা বিআন্নাহুম লা–ইউসীবুহুম জ ়ামাউওঁ ওয়ালা–নাসাবুওঁ ওয়ালা–মাখমাসাতুং ফী ছাবীলিল্লাহি ওয়লা ইয়াত ়ঊনা মাওতি ়আইঁ ইয়াগিজু ়ল কুফ্‌ফারা ওয়ালা ইয়ানালূনা মিন 'আদুবি ়ন্ নাইলান ইল্লা কুতিবা লাহুম বিহী 'আমালুং সা-লিহু ়ন (ط) ইন্নাল্লা–হা লা–ইউদ ়ী'উ আজারাল মহ্ ়ছিনীন।	
তরজমা	মদীনাবাসী ও উহাদের পার্শ্ববর্তী মরুবাসীদের জন্য সঙ্গত নয় আল্লাহর রাসূলের সহগামী না হইয়া পিছনে রহিয়া যাওয়া এবং তাহার জীবন অপেক্ষা তাহাদের নিজেদের জীবনকে প্রিয় জ্ঞান করা ; কারণ আল্লাহ্‌র পথে উহাদের তৃষ্ণা, ক্লান্তি এবং ক্ষুধায় ক্লিষ্ট হওয়া এবং কাফিরদের ক্রোধ উদ্রেক করে এমন পদক্ষেপ গ্রহণ করা এবং শত্রুদের নিকট হইতে কিছু প্রাপ্ত হওয়া উহাদের সৎকর্মরূপে গণ্য হয়। নিশ্চয়ই আল্লাহ্ সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেন না।	
	وَلَا يُنفِقُونَ نَفَقَةً صَغِيرَةً وَلَا كَبِيرَةً وَلَا يَقْطَعُونَ وَادِيًا إِلَّا كُتِبَ لَهُمْ لِيَجْزِيَهُمُ اللَّهُ أَحْسَنَ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٢١﴾	**121**
প্রতিবর্ণায়ন	ওয়ালা–ইউংফিকূ ়না নাফাক ়াতাং সাগীরাতাওঁ ওয়ালা– কাবীরাতাওঁ ওয়ালা– ইয়াক ়তা'ঊনা ওয়া–দিয়ান ইল্লা–কুতিবা লাহুম লিইয়াজ্‌ঝিয়াহুমুল্লা–হু আহ ়ছানা মা–কা–নূ ইয়া'মালূন।	
তরজমা	এবং উহারা ক্ষুদ্র অথবা বৃহৎ যাহাই ব্যয় করে এবং যে কোন প্রান্তরই অতিক্রম করে তাহা উহাদের অনুকূলে লিপিবদ্ধ হয়-যাহাতে উহারা যাহা করে আল্লাহ তাহা অপেক্ষা উৎকৃষ্টতর পুরস্কার উহাদেরকে দিতে পারেন।	
	وَمَا كَانَ الْمُؤْمِنُونَ لِيَنفِرُوا كَافَّةً ۚ فَلَوْلَا نَفَرَ مِن كُلِّ فِرْقَةٍ مِّنْهُمْ طَائِفَةٌ لِّيَتَفَقَّهُوا فِي الدِّينِ وَلِيُنذِرُوا قَوْمَهُمْ إِذَا رَجَعُوا إِلَيْهِمْ لَعَلَّهُمْ يَحْذَرُونَ ﴿١٢٢﴾	**122**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ামা–কা–নাল মু'মিনূনা লিইয়াংফিরু কা~ফফাতাং (ط) ফালাওলা–নাফারা মিং কুল্লি ফিরক়াতিম মিনহুম ত়া~ইফাতুল লিইয়াতাফাক্কাহূ ফিদ্দীনি ওয়ালিইউংযিরূ ক়াওমাহুম ইযা–রাজা'উ~ইলাইহিম লা'আল্লাহুম ইয়াহ্যারূন।	
তরজমা	মু'মিনদের সকলের একসঙ্গে অভিযানে বাহির হওয়া সংগত নয়, উহাদের প্রত্যেক দলের এক অংশ বহির্গত হয় না কেন, যাহাতে তাহারা দীন সম্বন্ধে জ্ঞানানুশীলন করিতে পারে এবং উহাদের সম্প্রদায়কে সতর্ক করিতে পারে, যখন তাহারা তাহাদের নিকট ফিরিয়া আসিবে যাহাতে তাহারা সতর্ক হয়।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ قَٰتِلُوا۟ ٱلَّذِينَ يَلُونَكُم مِّنَ ٱلْكُفَّارِ وَلْيَجِدُوا۟ فِيكُمْ غِلْظَةً ۚ وَٱعْلَمُوٓا۟ أَنَّ ٱللَّهَ مَعَ ٱلْمُتَّقِينَ ١٢٣	123
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লাযীনা আ–মানূ ক়া–তিলুল্লাযীনা ইয়ালূনাকুম মিনাল কুফ্ফা–রি ওয়াল ইয়াজিদূ ফীকুম গিলজাতাওঁ (ط) ওয়া'লামূ~আন্নাল্লা–হা মা'আল মুত্তাক়ীন।	
তরজমা	হে মু'মিনগণ! কাফিরদের মধ্যে যাহারা তোমাদের নিকটবর্তী তাহাদের সঙ্গে যুদ্ধ কর এবং উহারা যেন তোমাদের মধ্যে কঠোরতা দেখিতে পায়। জানিয়া রাখ, আল্লাহ্ তো মুত্তাকীদের সঙ্গে আছেন।	
	وَإِذَا مَآ أُنزِلَتْ سُورَةٌ فَمِنْهُم مَّن يَقُولُ أَيُّكُمْ زَادَتْهُ هَٰذِهِۦٓ إِيمَٰنًا ۚ فَأَمَّا ٱلَّذِينَ ءَامَنُوا۟ فَزَادَتْهُمْ إِيمَٰنًا وَهُمْ يَسْتَبْشِرُونَ ١٢٤	124
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা–মাদ উংঝিলাত ছূরাতুং ফামিনহুম মাইঁ ইয়াক়ূলু আইয়ুকুম ঝা-দাতহু হা-যিহীদ ঈমানাং (ج) ফাআম্মাল্লাযীনা আ-মানূ ফাঝা-দাতহুম ঈমা-নাওঁ ওয়াহুম ইয়াছতাবশিরূন।	
তরজমা	যখনই কোন সূরা অবতীর্ণ হয় তখন উহাদের কেহ কেহ বলে, 'ইহা তোমাদের মধ্যে কাহার ঈমান বৃদ্ধি করিল ?' যাহারা মু'মিন ইহা তাহাদেরই ঈমান বৃদ্ধি করে এবং তাহারাই আনন্দিত হয়।	
	وَأَمَّا ٱلَّذِينَ فِى قُلُوبِهِم مَّرَضٌ فَزَادَتْهُمْ رِجْسًا إِلَىٰ رِجْسِهِمْ وَمَاتُوا۟ وَهُمْ كَٰفِرُونَ ١٢٥	125
প্রতিবর্ণায়ন	ওয়াআম্মাল্লাযীনা ফী কুলূবিহিম মারাদুন ফাঝা-দাতহুম রিজছান ইলা-রিজছিহিম ওয়ামা-তূ ওয়াহুম কা-ফিরূন।	
তরজমা	এবং যাহাদের অন্তরে ব্যাধি আছে, ইহা তাহাদের কলুষের সঙ্গে আরও কলুষ যুক্ত করে এবং উহাদের মৃত্যু ঘটে কাফির অবস্থায়।	
	أَوَلَا يَرَوْنَ أَنَّهُمْ يُفْتَنُونَ فِى كُلِّ عَامٍ مَّرَّةً أَوْ مَرَّتَيْنِ ثُمَّ لَا يَتُوبُونَ وَلَا هُمْ يَذَّكَّرُونَ ١٢٦	126

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আওয়ালা-ইয়ারাওনা আন্নাহুম ইউফ্তানূনা ফী কুল্লি ‘আমিম মার্‌রাতান আও মাররাতাইনি ছু ম্মা লা-ইয়াতূবূনা ওয়ালা-হুম ইয়ায যাক্কারূন।	
তরজমা	উহারা কি দেখে না যে, ‘উহাদেরকে প্রতি বৎসর একবার বা দুইবার বিপর্যস্ত করা হয় ?’ ইহার পরও উহারা তওবা করে না এবং উপদেশ গ্রহণ করে না,	
	وَإِذَا مَآ أُنزِلَتْ سُورَةٌ نَّظَرَ بَعْضُهُمْ إِلَىٰ بَعْضٍ ۖ هَلْ يَرَىٰكُم مِّنْ أَحَدٍ ثُمَّ انصَرَفُوا ۚ صَرَفَ اللَّهُ قُلُوبَهُم بِأَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُونَ ﴿١٢٧﴾	127
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-মা~উংঝিলাত ছূরাতুং নাজারা বা‘দুহুম ইলা-বা‘দি ন (ط) হাল ইয়ারা-কুম মিন আহাদিং ছু ম্মাং সারাফূ (ط) সারাফাল্লা-হু কু লূবাহুম বিআন্নাহুম কাওমুল্ লা-ইয়াফকাহূন।	
তরজমা	এবং যখনই কোন সূরা অবতীর্ণ হয়, তখন উহারা একে অপরের দিকে তাকায় এবং ইশারায় জিজ্ঞাসা করে ‘তোমাদেরকে কেহ লক্ষ্য করিতেছে কি ?’ অতঃপর উহারা সরিয়া পড়ে। আল্লাহ্ উহাদের হৃদয়কে সত্যবিমুখ করিয়াছেন, কারণ উহারা এমন এক সম্প্রদায় যাহাদের বোধশক্তি নাই।	
	لَقَدْ جَآءَكُمْ رَسُولٌ مِّنْ أَنفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُم بِالْمُؤْمِنِينَ رَءُوفٌ رَّحِيمٌ ﴿١٢٨﴾	128
প্রতিবর্ণায়ন	লাকাদ জা~আকুম রাছূলুম মিন আংফুছিকুম ‘আঝীঝুন ‘আলাইহি মা-‘আনিত্তুম হারীসুন ‘আলাইকুম বিল মু’মিনীন রাঊফুর রাহীম।	
তরজমা	অবশ্যই তোমাদের মধ্য হইতেই তোমাদের নিকট এক রাসূল আসিয়াছে। তোমাদেরকে যাহা বিপন্ন করে উহা তাহার জন্য কষ্টদায়ক। সে তোমাদের মঙ্গলকামী, মু’মিনদের প্রতি সে দয়ার্দ্র ও পরম দয়ালু।	
	فَإِن تَوَلَّوْا فَقُلْ حَسْبِيَ اللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ۖ عَلَيْهِ تَوَكَّلْتُ ۖ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ ﴿١٢٩﴾	129
প্রতিবর্ণায়ন	ফাইং তাওয়াল্লাও ফাকু ল হাছবিয়াল্লা-হু (ق) লা~ইলা-হুওয়া (ط) ‘আলাইহি তাওয়াক্কালতু ওয়া হুওয়া রাব্বুল ‘আরশিল ‘আজীম।	
তরজমা	অতঃপর উহারা যদি মুখ ফিরাইয়া নেয় তবে তুমি বলিও, ‘আমার জন্য আল্লাহই যথেষ্ট, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। আমি তাহারই উপর নির্ভর করি এবং তিনি মহাআর্‌শের অধিপতি।’	

10 - Yunus-ইউনুস -يونس

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	الٓرٰ ۚ تِلۡكَ اٰيٰتُ الۡكِتٰبِ الۡحَكِيۡمِ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম রা- (قف) তিলকা আ-য়া-তুল কিতা-বিল হ াকীম।	
তরজমা	আলিফ-লাম-রা। এইগুলি জ্ঞানগর্ভ কিতাবের আয়াত।	
	اَكَانَ لِلنَّاسِ عَجَبًا اَنۡ اَوۡحَيۡنَاۤ اِلٰى رَجُلٍ مِّنۡهُمۡ اَنۡ اَنۡذِرِ النَّاسَ وَبَشِّرِ الَّذِيۡنَ اٰمَنُوۡۤا اَنَّ لَهُمۡ قَدَمَ صِدۡقٍ عِنۡدَ رَبِّهِمۡ ؔؕ قَالَ الۡكٰفِرُوۡنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ مُّبِيۡنٌ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	আকা-না লিন্না-ছি ‘আজাবান আন আওহ াইনা ~ইলা-রাজুলিম মিনহুম আন আংযি রিন্না-ছা ওয়া বাশশিরিল্লায ীনা আ-মানূ আন্না লাহুম্ ক াদামা সিদ্কি ন ‘ইংদা রাব্বিহিম্ (ط) ক া-লাল কা-ফিরূনা ইন্না হা-য া-লাছা-হি রুম মুবীন।	
তরজমা	মানুষের জন্য ইহা কি আশ্চর্যের বিষয় যে, আমি তাহাদেরই একজনের নিকট ওহী প্রেরণ করিয়াছি এই মর্মে যে, তুমি মানুষকে সতর্ক কর এবং মু’মিনদেরকে সুসংবাদ দাও, তাহাদের জন্য তাহাদের প্রতিপালকের নিকট আছে উচ্চ মর্যাদা! কাফিররা বলে, ‘এ তো এক সুস্পষ্ট জাদুকর!’	
	اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِىۡ خَلَقَ السَّمٰوٰتِ وَالۡاَرۡضَ فِىۡ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسۡتَوٰى عَلَى الۡعَرۡشِ يُدَبِّرُ الۡاَمۡرَ ؕ مَا مِنۡ شَفِيۡعٍ اِلَّا مِنۡۢ بَعۡدِ اِذۡنِهٖ ؕ ذٰ لِكُمُ اللّٰهُ رَبُّكُمۡ فَاعۡبُدُوۡهُ ؕ اَفَلَا تَذَكَّرُوۡنَ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ইন্না রাব্বাকুমুল্লা-হুল্লায ী খালাক াছ্ ছামা-ওয়া-তি ওয়াল আরদ া ফী ছিত্তাতি আইয়া-মিং ছু ম্মাছতাওয়া-‘আলাল ‘আরশি ইউদাব্বিরুল আমরা (ط) মা-মিং শাফী‘ইন ইল্লা-মিম বা‘দি ইয নিহী (ط) য া-লিকুমুল্লা-হু রাব্বুকুম ফা‘বুদূহু (ط) আফালা-তায াক্কারূন।	
তরজমা	তোমাদের প্রতিপালক আল্লাহ্, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন, অতঃপর তিনি আর্‌শে সমাসীন হন। তিনি সকল বিষয় পরিচালনা করেন। তাহার অনুমতি লাভ না করিয়া সুপারিশ করিবার কেহ নাই। ইনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক, সুতরাং তাহার ‘ইবাদত কর। তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ?	

	اِلَيْهِ مَرْجِعُكُمْ جَمِيْعًا ؕ وَعْدَ اللّٰهِ حَقًّا ؕ اِنَّهٗ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ لِيَجْزِىَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ بِالْقِسْطِ ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ شَرَابٌ مِّنْ حَمِيْمٍ وَّعَذَابٌ اَلِيْمٌۢ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ۝	4
প্রতিবর্ণায়ন	ইলাইহি মারজি‘উকুম জামী‘আওঁ ওয়া‘দাল্লা-হি হাক্কান (ط) ইন্নাহূ ইয়াবদাউল খালক া ছু ম্মা ইউ‘ঈদুহূ লিইয়াজঝিয়াল্লায ীনা আ-মানূ ওয়া আ‘মিলুসসা-লিহ া-তি বিলকি ছতি (ط) ওয়াল্লায ীনা কাফারূ লাহুম শারা-বুম্ মিন্ হ ামীমিওঁ ওয়া ‘আয া-বুন আলীমুম বিমা-কা-নূ ইয়াকফুরূন।	
তরজমা	তাঁহারই নিকট তোমাদের সকলের প্রত্যাবর্তন; আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য। সৃষ্টিকে তিনিই প্রথম অস্তিত্বে আনেন, অতঃপর উহার পুনরাবর্তন ঘটান, যাহারা মু'মিন ও সৎকর্মপরায়ণ তাহাদেরকে ন্যায়বিচারের সঙ্গে কর্মফল প্রদানের জন্য। এবং যাহারা কাফির তাহারা কুফরী করিত বলিয়া তাহাদের জন্য রহিয়াছে অত্যুষ্ণ পানীয় ও মর্মন্তুদ শাস্তি।	
	هُوَ الَّذِىْ جَعَلَ الشَّمْسَ ضِيَآءً وَّالْقَمَرَ نُوْرًا وَّقَدَّرَهٗ مَنَازِلَ لِتَعْلَمُوْا عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابَ ؕ مَا خَلَقَ اللّٰهُ ذٰلِكَ اِلَّا بِالْحَقِّ ۚ يُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ۝	5
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায ী জা‘আলাশ্‌শামছা দি য়া~আওঁ ওয়ালক ামারা নূরাওঁ ওয়াক াদ্দারাহূ মানা-ঝিলা লিতা‘লামূ ‘আদাদাছ ছিনীনা ওয়ালহি ছা-বা (ط) মা-খালাক াল্লা-হু য া-লিকা ইল্লা-বিলহ াক্কি (ج) ইউফাসসিলুল আ-য়া-তি লিক াওমিইঁ ইয়া‘লামূন।	
তরজমা	তিনিই সূর্যকে তেজস্কর ও চন্দ্রকে জ্যোতির্ময় করিয়াছেন এবং উহার মন্‌যিল নির্দিষ্ট করিয়াছেন যাহাতে তোমরা বৎসর গণনা ও সময়ের হিসাব জানিতে পার। আল্লাহ্ ইহা নিরর্থক সৃষ্টি করেন নাই। জ্ঞানী সম্প্রদায়ের জন্য তিনি এই সমস্ত নিদর্শন বিশদভাবে বিবৃত করেন।	
	اِنَّ فِى اخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ وَمَا خَلَقَ اللّٰهُ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَّقُوْنَ ۝	6
প্রতিবর্ণায়ন	ইন্না ফিখতিলা-ফিল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়ামা-খালাক াল্লা-হু ফিছছামা-ওয়া-তি ওয়াল আরদি লাআ-য়া-তিল লিক াওমিইঁ ইয়াত্তাকূ ন।	
তরজমা	নিশ্চয়ই দিবস ও রাত্রির পরিবর্তনে এবং আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা সৃষ্টি করিয়াছেন তাহাতে নিদর্শন রহিয়াছে মুত্তাকী সম্প্রদায়ের জন্য।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اِنَّ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا وَرَضُوْا بِالْحَيٰوةِ الدُّنْيَا وَاطْمَاَنُّوْا بِهَا وَالَّذِيْنَ هُمْ عَنْ اٰيٰتِنَا غٰفِلُوْنَ ۟ۙ	7
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা লা-ইয়ারজূনা লিকা~আনা-ওয়া রাদূ বিলহায়া-তিদ দুনইয়া-ওয়াত মাআন্নূ বিহা-ওয়াল্লাযীনা হুম 'আন আ-য়া-তিনা- গা-ফিলূন।	
তরজমা	নিশ্চয়ই যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না এবং পার্থিব জীবনেই সন্তুষ্ট এবং ইহাতেই পরিতৃপ্ত থাকে এবং যাহারা আমার নিদর্শনাবলী সম্বন্ধে গাফিল।	
	اُولٰٓئِكَ مَاْوٰىهُمُ النَّارُ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ۝	8
প্রতিবর্ণায়ন	উলা~ইকা মা'ওয়া-হুমুন্না-রু বিমা-কা-নূ ইয়াকছিবূন।	
তরজমা	উহাদেরই আবাস দোজখ, উহাদের কৃতকর্মের জন্য।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ يَهْدِيْهِمْ رَبُّهُمْ بِاِيْمَانِهِمْ ۚ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ۝	9
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহা-তি ইয়াহদীহিম রাব্বুহুম বিঈমা-নিহিম (ج) তাজরী মিং তাহতিহিমুল আনহা-রু ফী জান্না-তিং না'ঈম।	
তরজমা	যাহারা মু'মিন ও সৎকর্মপরায়ণ তাহাদের প্রতিপালক তাহাদের ঈমান হেতু তাহাদেরকে পথনির্দেশ করিবেন; সুখদ কাননে তাহাদের পাদদেশে নহরসমূহ প্রবাহিত হইবে।	
	دَعْوٰىهُمْ فِيْهَا سُبْحٰنَكَ اللّٰهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ۚ وَاٰخِرُ دَعْوٰىهُمْ اَنِ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ۝	10
প্রতিবর্ণায়ন	দা'ওয়া-হুম ফীহা-ছুবহা-নাকাল্লা-হুম্মা ওয়া তাহিইয়াতুহুম ফীহা-ছালা-মুওঁ (ج) ওয়া আ-খিরু দা'ওয়া-হুম 'আনিল হামদুলিল্লা-হি রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	সেখানে তাহাদের ধ্বনি হইবে : 'হে আল্লাহ্! তুমি মহান, পবিত্র !' এবং সেখানে তাহাদের অভিবাদন হইবে 'সালাম' এবং তাহাদের শেষ ধ্বনি হইবে এই : 'সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক আল্লাহ্র প্রাপ্য!'	
	وَلَوْ يُعَجِّلُ اللّٰهُ لِلنَّاسِ الشَّرَّ اسْتِعْجَالَهُمْ بِالْخَيْرِ لَقُضِيَ اِلَيْهِمْ اَجَلُهُمْ ۭ فَنَذَرُ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ۝	11

প্রতিবর্ণায়ন	ওয়া লাও ইউআজ্‌জিলুল্লা-হু লিন্না-ছিশশার্‌রাছতি'জা-লাহুম বিলখাইরি লাকুদি'য়া ইলাইহিম আজালুহুম (ط) ফানায'রুল্লায'ীনা লা-ইয়ারজুনা লিক'া~আনা-ফী তুগইয়া-নিহিম ইয়া'মাহূন।	
তরজমা	আল্লাহ্ যদি মানুষের অকল্যাণ ত্বরান্বিত করিতেন, যেভাবে তাহারা তাহাদের কল্যাণ ত্বরান্বিত করিতে চায়, তবে অবশ্যই তাহাদের মৃত্যু ঘটিত। সুতরাং যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না তাহাদেরকে আমি তাহাদের অবাধ্যতায় উদ্‌ভ্রান্তের ন্যায় ঘুরিয়া বেড়াইতে দেই।	
	وَإِذَا مَسَّ الْإِنسَانَ الضُّرُّ دَعَانَا لِجَنبِهِ أَوْ قَاعِدًا أَوْ قَائِمًا فَلَمَّا كَشَفْنَا عَنْهُ ضُرَّهُ مَرَّ كَأَن لَّمْ يَدْعُنَا إِلَىٰ ضُرٍّ مَّسَّهُ ۚ كَذَٰلِكَ زُيِّنَ لِلْمُسْرِفِينَ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-মাছ্‌ছাল ইংছা-নাদ্'দু'র্‌রু দা'আ-না-লিজামবিহী আও ক'া-'ইদান আও ক'া~ইমাং (ج) ফালাম্মা-কাশাফনা-'আনহু দ'ুররাহূ মার্‌রা কাআল্লামা ইয়াদ'উনা~ ইলা-দু'ররিম্ মাছছাহূ (ط) কায'া-লিকা ঝুইয়িনা লিলমুছরিফীনা মা-কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	আর মানুষকে যখন দুঃখ-দৈন্য স্পর্শ করে তখন সে শুইয়া, বসিয়া অথবা দাঁড়াইয়া আমাকে ডাকিয়া থাকে। অতঃপর আমি যখন তাহার দুঃখ-দৈন্য দূরীভূত করি, সে এমন পথ অবলম্বন করে, যেন তাহাকে যে দুঃখ-দৈন্য স্পর্শ করিয়াছিল তাহার জন্য সে আমাকে ডাকেই নাই। যাহারা সীমালংঘন করে তাহাদের কর্ম তাহাদের নিকট এইভাবে শোভনীয় করিয়া দেওয়া হইয়াছে।	
	وَلَقَدْ أَهْلَكْنَا الْقُرُونَ مِن قَبْلِكُمْ لَمَّا ظَلَمُوا ۙ وَجَاءَتْهُمْ رُسُلُهُم بِالْبَيِّنَاتِ وَمَا كَانُوا لِيُؤْمِنُوا ۚ كَذَٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِينَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আহলাকনাল ক'ুরূনা মিং ক'াবলিকুম লাম্মা-জ'ালামূ (لا) ওয়া জা~আতহুম রুছুলুহুম বিলবাইয়িনা-তি ওয়ামা-কা-নূ লিইউ'মিনূ (ط) কায'া-লিকা নাজঝিল ক'াওমাল মুজরিমীন।	
তরজমা	তোমাদের পূর্বে বহু মানবগোষ্ঠীকে আমি তো ধ্বংস করিয়াছি যখন তাহারা সীমা অতিক্রম করিয়াছিল। স্পষ্ট নিদর্শনসহ তাহাদের নিকট তাহাদের রাসূলগণ আসিয়াছিল, কিন্তু তাহারা ঈমান আনিবার জন্য প্রস্তুত ছিল না। এইভাবে আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দিয়া থাকি।	
	ثُمَّ جَعَلْنَاكُمْ خَلَائِفَ فِي الْأَرْضِ مِن بَعْدِهِمْ لِنَنظُرَ كَيْفَ تَعْمَلُونَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা জা'আলনা-কুম খালা~ইফা ফিল আরদি' মিম বা'দিহিম লিনাংজু'রা কাইফা তা'মালূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর আমি উহাদের পর পৃথিবীতে তোমাদেরকে স্থলাভিষিক্ত করিয়াছি, তোমরা কিরূপ কর্ম কর তাহা দেখিবার জন্য।	
	وَإِذَا تُتْلَىٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ ۙ قَالَ الَّذِينَ لَا يَرْجُونَ لِقَاءَنَا ائْتِ بِقُرْآنٍ غَيْرِ هَٰذَا أَوْ بَدِّلْهُ ۗ قُلْ مَا يَكُونُ لِي أَنْ أُبَدِّلَهُ مِنْ تِلْقَاءِ نَفْسِي ۚ إِنْ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰ إِلَيَّ ۚ إِنِّي أَخَافُ إِنْ عَصَيْتُ رَبِّي عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা– তুত্‌লা–‘আলাইহিম আ–য়া–তুনা– বাইয়িনা–তিং (ﻻ) কা–লাল্লাযীনা লা–ইয়ারজূনা লিকা~আনা’তি বিকুরআ–নিন গাইরি হা–যা–আও বাদ্দিলহু (ط) কুল মা–ইয়াকূনু লী~ আন উবাদ্দিলাহূ মিন তিলকা~ই নাফছী (ج) ইন্ আত্তাবি‘উ ইল্লা–মা–ইউহা~ইলাইইয়া (ج) ইন্নী~ আখা–ফু ইন ‘আসাইতু রাব্বী ‘আযা–বা ইয়াওমিন ‘আজীম।	
তরজমা	যখন আমার আয়াত, যাহা সুস্পষ্ট, তাহাদের নিকট পাঠ করা হয় তখন যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না তাহারা বলে, ‘অন্য এক কুরআন আন ইহা ছাড়া, অথবা ইহাকে বদলাও।’ বল, ‘নিজ হইতে ইহা বদলান আমার কাজ নয়। আমার প্রতি যাহা ওহী হয়, আমি কেবল তাহারই অনুসরণ করি। আমি আমার প্রতিপালকের অবাধ্যতা করিলে অবশ্যই আমি মহাদিবসের শাস্তির আশংকা করি।	
	قُلْ لَوْ شَاءَ اللَّهُ مَا تَلَوْتُهُ عَلَيْكُمْ وَلَا أَدْرَاكُمْ بِهِ ۖ فَقَدْ لَبِثْتُ فِيكُمْ عُمُرًا مِنْ قَبْلِهِ ۗ أَفَلَا تَعْقِلُونَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	কুল লাও শা~আল্লা–হু মা–তালাওতুহূ ‘আলাইকুম ওয়ালা~আদরা–কুম বিহী (ز) ফাকাদ লাবিছ্‌তু ফীকুম ‘উমুরাম মিং কাবলিহী (ط) আফালা– তা‘কিলূন।	
তরজমা	বল, ‘আল্লাহ্ যদি চাহিতেন আমিও তোমাদের নিকট ইহা তিলাওয়াত করিতাম না এবং তিনিও তোমাদেরকে এ বিষয়ে অবহিত করিতেন না। আমি তো ইহার পূর্বে তোমাদের মধ্যে জীবনের দীর্ঘকাল অবস্থান করিয়াছি; তবুও কি তোমরা বুঝিতে পার না ?’	
	فَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِآيَاتِهِ ۗ إِنَّهُ لَا يُفْلِحُ الْمُجْرِمُونَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ফামান আজ্‌লামু মিম্মানিফ্‌তারা–‘আলাল্লা–হি কাযিবান আও কায্‌যাবা বিআ–য়া–তিহী (ط) ইন্নাহূ লা–ইউফলিহুল মুজরিমূন।	
তরজমা	যে ব্যক্তি আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে অথবা আল্লাহ্‌র নিদর্শনকে অস্বীকার করে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? নিশ্চয়ই অপরাধিগণ সফলকাম হয় না।	

	وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَقُوْلُوْنَ هٰٓؤُلَآءِ شُفَعَآؤُنَا عِنْدَ اللّٰهِ ؕ قُلْ اَتُنَبِّـُٔوْنَ اللّٰهَ بِمَا لَا يَعْلَمُ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿۱۸﴾	**18**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া‘বুদূনা মিং দূনিল্লা–হি মা–লা–ইয়াদু্‌রুহুম ওয়ালা–ইয়াংফা‘উহুম ওয়াইয়াকূ্‌লূনা হা~উলা~ই শুফা‘আ~উনা–‘ইংদাল্লা–হি (ط) কু্‌ল আতুনাব্বিউনাল্লা–হা বিমা– লা–ইয়া‘লামু ফিছ্ছামা–ওয়া–তি ওয়ালা–ফিলআরদি্‌ ছুবহা্‌–নাহূ ওয়া তা‘আ–লা–‘আম্মা–ইউশরিকূন।	
তরজমা	উহারা আল্লাহ্ ব্যতীত যাহার ‘ইবাদত করে তাহা উহাদের ক্ষতিও করিতে পারে না, উপকারও করিতে পারে না। উহারা বলে, ‘এইগুলি আল্লাহ্‌র নিকট আমাদের সুপারিশকারী।’ বল, ‘তোমরা কি আল্লাহ্‌কে আকাশমণ্ডলী ও পৃথিবীর এমন কিছুর সংবাদ দিবে যাহা তিনি জানেন না ? তিনি মহান, পবিত্র’ এবং তাহারা যাহাকে শরীক করে তাহা হইতে তিনি ঊর্ধ্বে।	
	وَمَا كَانَ النَّاسُ اِلَّآ اُمَّةً وَّاحِدَةً فَاخْتَلَفُوْا ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ فِيْمَا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿۱۹﴾	**19**
প্রতিবর্ণায়ন	ওয়া মা–কা–নান্‌না–ছু ইল্লা~উম্মাতাওঁ ওয়া হি্‌দাতাং ফাখতালাফূ (ط) ওয়া লাওলা–কালিমাতুং ছাবাক্‌াত মির রাব্বিকা লাকুদি্‌য়া বাইনাহুম ফীমা–ফীহি ইয়াখতালিফূন।	
ZiRgv	মানুষ ছিল একই উম্মত, পরে উহারা মতভেদ সৃষ্টি করে। তোমার প্রতিপালকের পূর্ব-ঘোষণা না থাকিলে তাহারা যে বিষয়ে মতভেদ ঘটায় তাহার মীমাংসা তো হইয়াই যাইত।	
	وَيَقُوْلُوْنَ لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۚ فَقُلْ اِنَّمَا الْغَيْبُ لِلّٰهِ فَانْتَظِرُوْا ۚ اِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿۲۰﴾	**20**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ্‌লূনা লাওলা~উংঝিলা ‘আলাইহি আ–য়াতুম্ মির রাব্বিহী (ج) ফাকু্‌ল ইন্নামাল গাইবু লিল্লা–হি ফাংতাজি্‌রু (ج) ইন্নী মা‘আকুম মিনাল মুংতাজি্‌রীন।	
তরজমা	উহারা বলে, ‘তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?’ বল, ‘অদৃশ্যের জ্ঞান তো কেবল আল্লাহরই আছে। সুতরাং তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।’	
	وَاِذَآ اَذَقْنَا النَّاسَ رَحْمَةً مِّنْۢ بَعْدِ ضَرَّآءَ مَسَّتْهُمْ اِذَا لَهُمْ مَّكْرٌ فِيْٓ اٰيَاتِنَا ؕ قُلِ اللّٰهُ اَسْرَعُ مَكْرًا ؕ اِنَّ رُسُلَنَا يَكْتُبُوْنَ مَا تَمْكُرُوْنَ ﴿۲۱﴾	**21**

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা ~আযাক্বনান্না-ছা রাহ্মাতাম মিম বা'দি দাররা~আ মাছ্ছাতহুম ইযা-লাহুম মাকরুং ফী-আ-য়া-তিনা- (ط) কুলিল্লা-হু আছরা'উ মাকরা- (ط) ইন্না রুছুলানা- ইয়াকতুবূনা মা-তামকুরূন।	
তরজমা	আর দুঃখ-দৈন্য তাহাদেরকে স্পর্শ করিবার পর, যখন আমি মানুষকে অনুগ্রহের আস্বাদন করাই তাহারা তখনই আমার নিদর্শনের বিরুদ্ধে অপকৌশল করে। বল, 'আল্লাহ্ অপকৌশলের শাস্তিদানে দ্রুততর।' তোমরা যে অপকৌশল কর তাহা অবশ্যই আমার ফিরিশ্তাগণ লিখিয়া রাখে।	
	هُوَ الَّذِىۡ يُسَيِّرُكُمۡ فِى الۡبَرِّ وَالۡبَحۡرِ‌ؕ حَتّٰٓى اِذَا كُنۡتُمۡ فِى الۡفُلۡكِ‌ۚ وَجَرَيۡنَ بِهِمۡ بِرِيۡحٍ طَيِّبَةٍ وَّفَرِحُوۡا بِهَا جَآءَتۡهَا رِيۡحٌ عَاصِفٌ وَّجَآءَهُمُ الۡمَوۡجُ مِنۡ كُلِّ مَكَانٍ وَّظَنُّوۡۤا اَنَّهُمۡ اُحِيۡطَ بِهِمۡ‌ۙ دَعَوُا اللّٰهَ مُخۡلِصِيۡنَ لَهُ الدِّيۡنَ ۚ لَـئِنۡ اَنۡجَيۡتَنَا مِنۡ هٰذِهٖ لَنَكُوۡنَنَّ مِنَ الشّٰكِرِيۡنَ‏ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী ইউছাইয়িরুকুম ফিল বাররি ওয়াল বাহ্রি (ط) হাত্তা~ ইযা- কুংতুম ফিল ফুলকি (ج) ওয়া জারাইনা বিহিম বিরীহিং তাইয়িবাতিওঁ ওয়াফারিহূ বিহা-জা~আতহা-রীহুন 'আ-সিফুওঁ ওয়া জা~আহুমুল মাওজু মিং কুল্লি মাকা-নিও ওয়াজান্নূ~ আন্নাহুম উহীত বিহিম (لا) দা'আউল্লা-হা মুখলিসীনা লাহুদ্দীনা (ج) লাইন আংজাইতানা-মিন হা-যিহী লানাকূনান্না মিনাশ্শা-কিরীন।	
তরজমা	তিনিই তোমাদেরকে জলেস্থলে ভ্রমণ করান এবং তোমরা যখন নৌকারোহী হও এবং এইগুলি আরোহী লইয়া অনুকূল বাতাসে বহিয়া যায় এবং তাহারা উহাতে আনন্দিত হয়; অতঃপর এইগুলি বাত্যাহত এবং সর্বদিক হইতে তরঙ্গাহত হয় এবং তাহারা উহা দ্বারা পরিবেষ্টিত হইয়া পড়িয়াছে মনে করে, তখন তাহারা আনুগত্যে বিশুদ্ধচিত্ত হইয়া আল্লাহ্কে ডাকিয়া বলে : 'তুমি আমাদেরকে ইহা হইতে ত্রাণ করিলে আমরা অবশ্যই কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হইব।'	
	فَلَمَّاۤ اَنۡجٰٮهُمۡ اِذَا هُمۡ يَبۡغُوۡنَ فِى الۡاَرۡضِ بِغَيۡرِ الۡحَـقِّ‌ؕ يٰۤاَيُّهَا النَّاسُ اِنَّمَا بَغۡيُكُمۡ عَلٰٓى اَنۡفُسِكُمۡ‌ۙ مَّتَاعَ الۡحَيٰوةِ الدُّنۡيَا‌ ثُمَّ اِلَـيۡنَا مَرۡجِعُكُمۡ فَنُـنَبِّئُكُمۡ بِمَا كُنۡتُمۡ تَعۡمَلُوۡنَ‏ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~আংজা-হুম ইযা-হুম ইয়াবগুনা ফিল আরদি বিগাইরিল হাক্কি (ط) ইয়া~আইয়ুহান্না-ছু ইন্নামা-বাগইউকুম 'আলা~আংফুছিকুম মাতা-'আল হায়া-তিদ্দুনইয়া- (ز) ছুম্মা ইলাইনা-মারজি'উকুম ফানুনাব্বিউকুম বিমা- কুংতুম তা'মালূন।	

তরজমা	অতঃপর তিনি যখনই উহাদেরকে বিপদমুক্ত করেন তখনই উহারা পৃথিবীতে অন্যায়ভাবে জুলুম করিতে থাকে। হে মানুষ! তোমাদের জুলুম বস্তুত তোমাদের নিজেদের প্রতিই হইয়া থাকে; পার্থিব জীবনের সুখ ভোগ করিয়া নাও, পরে আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন। তখন আমি তোমাদেরকে জানাইয়া দিব তোমরা যাহা করিতে।	
	اِنَّمَا مَثَلُ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَآءٍ اَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْاَرْضِ مِمَّا يَاْكُلُ النَّاسُ وَ الْاَنْعَامُ ؕ حَتّٰۤى اِذَاۤ اَخَذَتِ الْاَرْضُ زُخْرُفَهَا وَازَّيَّنَتْ وَظَنَّ اَهْلُهَاۤ اَنَّهُمْ قٰدِرُوْنَ عَلَيْهَاۤ ۙ اَتٰىهَاۤ اَمْرُنَا لَيْلًا اَوْ نَهَارًا فَجَعَلْنٰهَا حَصِيْدًا كَاَنْ لَّمْ تَغْنَ بِالْاَمْسِ ؕ كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	ইন্নামা–মাছ ালুল হ ায়া–তিদ্‌দুনইয়া–কামা~ইন আংঝালনা–হু মিনাছছামা~ই ফাখতালাত া বিহী নাবা–তুল আরদি মিম্মা–ইয়া'কুলুন্‌না–ছু ওয়াল আন'আ–মু (ط) হ াত্তা–ইয া ~আখায াতিল আরদ ু ঝুখরুফাহা– ওয়াঝ্‌ঝাইয়ানাত ওয়াজ ান্না আহলুহা– আন্নাহুম ক া–দিরূনা 'আলাইহা~ (ۙ) আতা–হা ~আমরুনা–লাইলান আও নাহা–রাং ফাজা'আলনা–হা–হ াসীদাং কাআল্লাম তাগনা বিলআমছি (ط) কায া–লিকা নুফাসসিলুল আ–য়া–তি লিক াওমিইঁ ইয়াতাফাক্কারূন।	
তরজমা	বস্তুত পার্থিব জীবনের দৃষ্টান্ত এইরূপ : যেমন আমি আকাশ হইতে বারি বর্ষণ করি যদ্দ্বারা ভূমিজ উদ্ভিদ ঘন-সন্নিবিষ্ট হইয়া উদ্‌গত হয়, যাহা হইতে মানুষ ও জীবজন্তু আহার করিয়া থাকে। অতঃপর যখন ভূমি তাহার শোভা ধারণ করে ও নয়নাভিরাম হয় এবং উহার অধিকারিগণ মনে করে উহা তাহাদের আয়ত্তাধীন, তখন দিবসে অথবা রজনীতে আমার নির্দেশ আসিয়া পড়ে ও আমি উহা এমনভাবে নির্মূল করিয়া দেই, যেন গতকালও উহার অস্তিত্ব ছিল না। এইভাবে আমি নিদর্শনাবলী বিশদভাবে বিবৃত করি চিন্তাশীল সম্প্রদায়ের জন্য।	
	وَاللّٰهُ يَدْعُوْۤا اِلٰى دَارِ السَّلٰمِ ؕ وَيَهْدِىْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা–হু ইয়াদ'উ ~ইলা–দা–রিছ্‌ ছালা–মি (ط) ওয়া ইয়াহদী মাইঁ ইয়াশা~উ ইলা–সিরা–তি ম মুছতাক ীম।	
তরজমা	আল্লাহ্‌ শান্তির আবাসের দিকে আহ্বান করেন এবং যাহাকে ইচ্ছা সরল পথে পরিচালিত করেন।	

| --- | --- | --- |
	لِلَّذِينَ أَحْسَنُوا الْحُسْنَىٰ وَزِيَادَةٌ ۖ وَلَا يَرْهَقُ وُجُوهَهُمْ قَتَرٌ وَلَا ذِلَّةٌ ۚ أُولَٰئِكَ أَصْحَابُ الْجَنَّةِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	লিল্লাযীনা আহছানুল হুছনা-ওয়া ঝিয়া-দাতুওঁ (ط) ওয়ালা ইয়ারহাকু উজূহাহুম কাতারুওঁ ওয়ালা- যিল্লাতুন (ط) উলা~ইকা আসহা-বুল জান্নাতি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	যাহারা কল্যাণকর কাজ করে তাহাদের জন্য আছে কল্যাণ এবং আরও অধিক। কালিমা ও হীনতা উহাদের মুখমণ্ডলকে আচ্ছন্ন করিবে না। উহারাই জান্নাতের অধিবাসী, সেখানে উহারা স্থায়ী হইবে।	
	وَالَّذِينَ كَسَبُوا السَّيِّئَاتِ جَزَاءُ سَيِّئَةٍ بِمِثْلِهَا وَتَرْهَقُهُمْ ذِلَّةٌ ۖ مَا لَهُمْ مِنَ اللَّهِ مِنْ عَاصِمٍ ۖ كَأَنَّمَا أُغْشِيَتْ وُجُوهُهُمْ قِطَعًا مِنَ اللَّيْلِ مُظْلِمًا ۚ أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা কাছাবুছ্ছাইয়িআ-তি জাঝা~উ ছাইয়িআতিম বিমিছলিহা- (لا) ওয়া তারহাকুহুম যিল্লাতুন (ط) মা-লাহুম মিনাল্লা-হি মিন ‘আ-সিমিং (ج) কাআন্নামা-উগশিয়াত উজুহুম কিতা‘আম মিনাল্লাইলি মুজলিমান (ط) উলা~ইকা আসহা-বুন্না-রি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	যাহারা মন্দ কাজ করে তাহাদের প্রতিফল অনুরূপ মন্দ এবং তাহাদেরকে হীনতা আচ্ছন্ন করিবে; আল্লাহ্ হইতে উহাদেরকে রক্ষা করিবার কেহ নাই; উহাদের মুখমণ্ডল যেন রাত্রির অন্ধকার আস্তরণে আচ্ছাদিত। উহারা দোজখের অধিবাসী, সেখানে উহারা স্থায়ী হইবে।	
	وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيعًا ثُمَّ نَقُولُ لِلَّذِينَ أَشْرَكُوا مَكَانَكُمْ أَنْتُمْ وَشُرَكَاؤُكُمْ ۚ فَزَيَّلْنَا بَيْنَهُمْ ۖ وَقَالَ شُرَكَاؤُهُمْ مَا كُنْتُمْ إِيَّانَا تَعْبُدُونَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা নাহশুরুহুম জামী‘আং ছুম্মা নাকূলু লিল্লাযীনা আশরাকূ মাকা-নাকুম আংতুম ওয়া শুরাকা~উকুম (ج) ফাঝাইইয়ালনা- বাইনাহুম ওয়া কা-লা শুরাকা~উহুম মা-কুংতুম ইয়্যা-না- তা‘বুদূন।	
তরজমা	এবং যেদিন আমি উহাদের সকলকে একত্র করিয়া, যাহারা মুশরিক তাহাদেরকে বলিব, ‘তোমরা এবং তোমরা যাহাদেরকে শরীক করিয়াছিলে তাহারা স্ব স্ব স্থানে অবস্থান কর;’ আমি উহাদেরকে পরস্পর হইতে পৃথক করিয়া দিব এবং উহারা যাহাদেরকে শরীক করিয়াছিল তাহারা বলিবে, ‘তোমরা তো আমাদের ‘ইবাদত করিতে না।’	

	فَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًاۢ بَيْنَنَا وَبَيْنَكُمْ اِنْ كُنَّا عَنْ عِبَادَتِكُمْ لَغٰفِلِيْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ফাকাফা–বিল্লা–হি শাহীদাম বাইনানা–ওয়া বাইনাকুম ইং কুন্না–‘আন ‘ইবা–দাতিকুম লাগা–ফিলীন।	
তরজমা	‘আল্লাহই আমাদের ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে যথেষ্ট যে, তোমরা আমাদের ‘ইবাদত করিতে এ বিষয়ে আমরা তো গাফিল ছিলাম।’	
	هُنَالِكَ تَبْلُوْا كُلُّ نَفْسٍ مَّاۤ اَسْلَفَتْ وَرُدُّوْۤا اِلَى اللّٰهِ مَوْلٰىهُمُ الْحَقِّ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	হুনা–লিকা তাবলূ কুল্লু নাফ্ছিম্ মা–আছলাফাত ওয়া রুদ্দূ˜ ইলাল্লা–হি মাওলা–হুমুল হাক্কি˙ ওয়া দ˙াল্লা ‘আনহুম মা–কা–নূ ইয়াফতারূন।	
তরজমা	সেখানে তাহাদের প্রত্যেকে তাহার পূর্বকৃত কর্ম পরীক্ষা করিয়া লইবে এবং উহাদেরকে উহাদের প্রকৃত অভিভাবক আল্লাহ্‌র নিকট ফিরাইয়া আনা হইবে এবং উহাদের উদ্ভাবিত মিথ্যা উহাদের নিকট হইতে অন্তর্হিত হইবে।	
	قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ اَمَّنْ يَّمْلِكُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَمَنْ يُّخْرِجُ الْحَیَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَمَنْ يُّدَبِّرُ الْاَمْرَ ؕ فَسَيَقُوْلُوْنَ اللّٰهُ ۚ فَقُلْ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	কু˙ল মাইঁ ইয়ারঝুকু˙কুম মিনাছছামা~ই ওয়াল আরদি˙ আম্মাইঁ ইয়ামলিকুছছাম‘আ ওয়াল আবসা–রা ওয়া মাইঁ ইউখরিজুল হ˙াইইয়া মিনাল মাইয়িতি ওয়া ইউখরিজুল মাইয়িতা মিনাল হ˙াইয়ি ওয়ামাইঁ ইউদাব্বিরুল আমরা (ط) ফাছাইয়াকূ˙লূনাল্লা–হু (ج) ফাকু˙ল আফালা–তাত্তাকূ˙ন।	
তরজমা	বল, ‘কে তোমাদেরকে আকাশ ও পৃথিবী হইতে জীবনোপকরণ সরবরাহ করে অথবা শ্রবণ ও দৃষ্টিশক্তি কাহার কর্তৃত্বাধীন, জীবিতকে মৃত হইতে কে বাহির করে এবং মৃতকে জীবিত হইতে কে বাহির করে এবং সকল বিষয় কে নিয়ন্ত্রণ করে ? তখন তাহারা বলিবে, ‘আল্লাহ্’। বল, ‘তবুও কি তোমরা সাবধান হইবে না ?’	
	فَذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمُ الْحَقُّ ۚ فَمَاذَا بَعْدَ الْحَقِّ اِلَّا الضَّلٰلُ ۚۖ فَاَنّٰى تُصْرَفُوْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ফায˙া–লিকুমুল্লা–হু রাব্বুকুমুল হ˙াক্কু˙ (ج) ফামা–য˙া– বা‘দাল হ˙াক্কি˙ ইল্লাদ্˙দ˙ালা–লু (ج) ফাআন্না–তুস্‌রাফূন।	
তরজমা	তিনিই আল্লাহ্, তোমাদের সত্য প্রতিপালক। সত্য ত্যাগ করিবার পর বিভ্রান্তি ব্যতীত আর কী থাকে ? সুতরাং তোমরা কোথায় চালিত হইতেছ ?	

|---|---|---|
	كَذٰلِكَ حَقَّتْ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِيْنَ فَسَقُوْۤا اَنَّهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝٣٣	33
প্রতিবর্ণায়ন	কায া–লিকা হ াক্ক াত কালিমাতু রাব্বিকা 'আলাল্লায ীনা ফাছাকূ ˜ আন্নাহুম লা–ইউ'মিনূন।	
তরজমা	এইভাবে সত্যত্যাগীদের সম্পর্কে তোমার প্রতিপালকের এই বাণী সত্য প্রতিপন্ন হইয়াছে যে, তাহারা তো ঈমান আনিবে না।	
	قُلْ هَلْ مِنْ شُرَكَآئِكُمْ مَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ؕ قُلِ اللّٰهُ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ۝٣٤	34
প্রতিবর্ণায়ন	কু ল হাল মিং শুরাকা~ইকুম মাইঁ ইয়াবদাউল খালক া ছু ম্মা ইউ'ঈদুহূ (ط) কু লিল্লা–হু ইয়াবদাউল খালক া ছু ম্মা ইউ'ঈদুহূ ফাআন্না–তু'ফাকূন।	
তরজমা	বল, 'তোমরা যাহাদের শরীক কর তাহাদের মধ্যে কি এমন কেহ আছে, যে সৃষ্টিকে অস্তিত্বে আনয়ন করে ও পরে উহার পুনরাবর্তন ঘটায় ?' বল, 'আল্লাহ্ই সৃষ্টিকে অস্তিত্বে আনয়ন করেন ও পরে উহার পুনরাবর্তন ঘটান,' সুতরাং তোমরা কেমন করিয়া সত্য-বিচ্যুত হইতেছ ?	
	قُلْ هَلْ مِنْ شُرَكَآئِكُمْ مَّنْ يَّهْدِيْۤ اِلَى الْحَقِّ ؕ قُلِ اللّٰهُ يَهْدِيْ لِلْحَقِّ ؕ اَفَمَنْ يَّهْدِيْۤ اِلَى الْحَقِّ اَحَقُّ اَنْ يُّتَّبَعَ اَمَّنْ لَّا يَهِدِّيْۤ اِلَّاۤ اَنْ يُّهْدٰى ۚ فَمَا لَكُمْ ۟ كَيْفَ تَحْكُمُوْنَ ۝٣٥	35
প্রতিবর্ণায়ন	কু ল হাল মিং শুরাকা~ইকুম মাইঁ ইয়াহদী ইলাল হ াক্কি (ط) কু লিল্লা–হু ইয়াহদী লিলহ াক্কি (ط) আফামাইঁ ইয়াহদী ইলাল হ াক্কি আহ াক্কু আইঁ ইউত্তাবা'আ আম্মাল্ লা–ইয়াহিদ্দী˜ইল্লা˜আইঁ ইউহদা– (ج) ফামা–লাকুম (قف) কাইফা তাহ কুমূন।	
তরজমা	বল, 'তোমরা যাহাদেরকে শরীক কর তাহাদের মধ্যে কি এমন কেহ আছে, যে সত্যের পথ নির্দেশ করে ?' বল, 'আল্লাহ্ই সত্যের পথ নির্দেশ করেন। যিনি সত্যের পথ নির্দেশ করেন তিনি আনুগত্যের অধিকতর হক্দার, না যাহাকে পথ না দেখাইলে পথ পায় না-সে ? তোমাদের কী হইয়াছে ? তোমরা কীভাবে সিদ্ধান্ত করিয়া থাক ?'	
	وَمَا يَتَّبِعُ اَكْثَرُهُمْ اِلَّا ظَنًّا ؕ اِنَّ الظَّنَّ لَا يُغْنِيْ مِنَ الْحَقِّ شَيْـًٔا ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِمَا يَفْعَلُوْنَ ۝٣٦	36
প্রতিবর্ণায়ন	ওয়ামা– ইয়াত্তাবি'উ আকছ ারুহুম ইল্লা–জ ান্নান (ط) ইন্নাজ্ জ ান্না লা– ইউগনী মিনাল হ াক্কি শাইআন (ط) ইন্নাল্লা–হা 'আলীমুম বিমা– ইয়াফ'আলূন।	
তরজমা	উহাদের অধিকাংশ অনুমানেরই অনুসরণ করে, সত্যের পরিবর্তে অনুমান কোন কাজে আসে না, উহারা যাহা করে নিশ্চয়ই আল্লাহ্ সে বিষয়ে সবিশেষ অবহিত।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَمَا كَانَ هٰذَا الْقُرْاٰنُ اَنْ يُّفْتَرٰى مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ تَصْدِيْقَ الَّذِىْ بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيْلَ الْكِتٰبِ لَا رَيْبَ فِيْهِ مِنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়া মা-কা-না হা-য'াল কু'রআ-নু আইঁ ইউফতারা-মিং দূনিল্লা-হি ওয়ালা-কিং তাসদীক'াল্লায'ী বাইনা ইয়াদাইহি ওয়া তাফসীলাল কিতা-বি লা-রাইবা ফীহি মির্ রাব্বিল ‘আ-লামীন।	
তরজমা	এই কুরআন আল্লাহ ব্যতীত অপর কাহারও রচনা নয়। পক্ষান্তরে, ইহার পূর্বে যাহা অবতীর্ণ হইয়াছে ইহা তাহার সমর্থন এবং ইহা বিধানসমূহের বিশদ ব্যাখ্যা। ইহাতে কোন সন্দেহ নাই যে, ইহা জগতসমূহের প্রতিপালকের পক্ষ হইতে।	
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ فَاْتُوْا بِسُوْرَةٍ مِّثْلِهٖ وَادْعُوْا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	আম ইয়াকূ'লূনাফ তারা-হু (ط) কু'ল ফা'তূ বিছূরাতিম্ মিছ'লিহী ওয়াদ'উ মানিছ্তাত'া'আতুম মিং দূনিল্লা-হি ইং কুংতুম সা-দ্বিক'ীন।	
তরজমা	তাহারা কি বলে, ‘সে ইহা রচনা করিয়াছে ?’ বল, ‘তবে তোমরা ইহার অনুরূপ একটি সূরা আনয়ন কর এবং আল্লাহ্ ব্যতীত অপর যাহাকে পার আহ্বান কর, যদি তোমরা সত্যবাদী হও।’	
	بَلْ كَذَّبُوْا بِمَا لَمْ يُحِيْطُوْا بِعِلْمِهٖ وَلَمَّا يَاْتِهِمْ تَاْوِيْلُهٗ ؕ كَذٰلِكَ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	বাল কায'য'াবূ বিমা-লাম ইউহ'ীতু বি'ইলমিহী ওয়ালাম্মা- ইয়া'তিহিম তা'ব'ীলুহূ (ط) কায'া-লিকা কায'য'াবাল্লায'ীনা মিং ক'াবলিহিম ফাংজু'র কাইফা কা-না ‘আ-কি'বাতুজ্'জ'া-লিমীন।	
তরজমা	পরন্তু উহারা যে বিষয়ের জ্ঞান আয়ত্ত করে নাই তাহা অস্বীকার করে এবং এখনও ইহার পরিণাম উহাদের নিকট উপস্থিত হয় নাই। এইভাবে উহাদের পূর্ববর্তীগণও মিথ্যা আরোপ করিয়াছিল, সুতরাং দেখ, জালিমদের পরিণাম কী হইয়াছে।	
	وَمِنْهُمْ مَّنْ يُّؤْمِنُ بِهٖ وَمِنْهُمْ مَّنْ لَّا يُؤْمِنُ بِهٖ ؕ وَرَبُّكَ اَعْلَمُ بِالْمُفْسِدِيْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম মাইঁ ইউ'মিনু বিহী ওয়া মিনহুম মাল্ লা-ইউ'মিনু বিহী (ط) ওয়া রাব্বুকা আ'লামু বিল মুফছিদীন।	
তরজমা	উহাদের মধ্যে কেহ ইহাতে বিশ্বাস করে এবং কেহ ইহাতে বিশ্বাস করে না এবং তোমার প্রতিপালক অশান্তি সৃষ্টিকারীদের সম্বন্ধে সম্যক অবহিত।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَاِنۡ كَذَّبُوۡكَ فَقُلْ لِّىۡ عَمَلِىۡ وَلَـكُمۡ عَمَلُكُمۡ‌ ۚ اَنۡـتُمۡ بَرِيۡٓـــُٔوۡنَ مِمَّاۤ اَعۡمَلُ وَاَنَا بَرِىۡٓءٌ مِّمَّا تَعۡمَلُوۡنَ ﴿۴۱﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কায্‌য্‌াবূকা ফাকু্ল লী আমালী ওয়া লাকুম ‘আমালুকুম (ج) আংতুম বারী~উনা মিম্মা˜ আ‘মালু ওয়া আনা– বারী~উম মিম্মা– তা‘মালূন।	
তরজমা	এবং তাহারা যদি তোমার প্রতি মিথ্যা আরোপ করে তবে তুমি বলিও, ‘আমার কর্মের দায়িত্ব আমার এবং তোমাদের কর্মের দায়িত্ব তোমাদের। আমি যাহা করি সে বিষয়ে তোমরা দায়মুক্ত এবং তোমরা যাহা কর সে বিষয়ে আমিও দায়মুক্ত।’	
	وَمِنۡـهُمۡ مَّنۡ يَّسۡتَمِعُوۡنَ اِلَيۡكَ‌ؕ اَفَاَنۡتَ تُسۡمِعُ الصُّمَّ وَلَوۡ كَانُوۡا لَا يَعۡقِلُوۡنَ ﴿۴۲﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম মাইঁ ইয়াছতামি‘উনা ইলাইকা (ط) আফাআংতা তুছমিউস সুম্মা ওয়া লাও কা–নূ লা–ইয়া‘কি্লূন।	
তরজমা	উহাদের মধ্যে কেহ কেহ তোমার দিকে কান পাতিয়া রাখে। তুমি কি বধিরকে শুনাইবে, তাহারা না বুঝিলেও ?	
	وَمِنۡـهُمۡ مَّنۡ يَّنۡظُرُ اِلَيۡكَ‌ؕ اَفَاَنۡتَ تَهۡدِى الۡعُمۡىَ وَلَوۡ كَانُوۡا لَا يُبۡصِرُوۡنَ ﴿۴۳﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম মাইঁ ইয়াংজু্রু ইলাইকা (ط) আফাআংতা তাহদিল ‘উমইয়া ওয়ালাও কা–নূ লা–ইউবসিরূন।	
তরজমা	উহাদের মধ্যে কেহ কেহ তোমার দিকে তাকাইয়া থাকে। তুমি কি অন্ধকে পথ দেখাইবে, তাহারা না দেখিলেও?	
	اِنَّ اللّٰهَ لَا يَظۡلِمُ النَّاسَ شَيۡـًٔـا وَّلٰـكِنَّ النَّاسَ اَنۡفُسَهُمۡ يَظۡلِمُوۡنَ ﴿۴۴﴾	44
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা লা–ইয়াজ্‌লিমুন্না–ছা শাইয়াওঁ ওয়ালা–কিন্নান্না–ছা আংফুছাহুম ইয়াজ্‌লিমূন।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি কোন জুলুম করেন না, বরং মানুষই নিজেদের প্রতি জুলুম করিয়া থাকে।	
	وَيَوۡمَ يَحۡشُرُهُمۡ كَاَنۡ لَّمۡ يَلۡبَثُوۡۤا اِلَّا سَاعَةً مِّنَ النَّهَارِ يَتَعَارَفُوۡنَ بَيۡنَهُمۡ‌ؕ قَدۡ خَسِرَ الَّذِيۡنَ كَذَّبُوۡا بِلِقَآءِ اللّٰهِ وَمَا كَانُوۡا مُهۡتَدِيۡنَ ﴿۴۵﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইয়াহ্‌শুরুহুম কাআল্লাম ইয়ালবাছূ˜ ইল্লা–ছা–‘আতাম মিনান্নাহা–রি ইয়াতা‘আ–রাফূনা বাইনাহুম (ط) ক্বাদ খাছিরাল লায্‌ীনা কায্‌য্‌াবূ বিলিক্বা~ইল্লা–হি ওয়ামা–কা–নূ মুহতাদীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	যেদিন তিনি উহাদেরকে একত্র করিবেন সেদিন উহাদের মনে হইবে, উহাদের অবস্থিতি দিবসের মুহূর্তকাল মাত্র ছিল; উহারা পরস্পরকে চিনিবে। আল্লাহ্র সাক্ষাৎ যাহারা অস্বীকার করিয়াছে তাহারা ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং তাহারা সৎপথপ্রাপ্ত ছিল না।	
	وَاِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِىْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ اللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا يَفْعَلُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া ইম্মা-নুরিইয়ান্নাকা বা'দ াল্লায ী না'ইদুহুম আও নাতাওয়াফফাইয়ান্নাকা ফাইলাইনা-মারজি'উহুম ছু ম্মাল্লা-হু শাহীদুন 'আলা-মা-ইয়াফ'আলূন।	
তরজমা	আমি উহাদেরকে যে ভীতি প্রদর্শন করিয়াছি তাহার কিছু যদি তোমাকে দেখাইয়াই দেই অথবা তোমার কাল পূর্ণ করিয়াই দেই, উহাদের প্রত্যাবর্তন তো আমারই নিকট; এবং উহারা যাহা করে আল্লাহ্ তাহার সাক্ষী।	
	وَلِكُلِّ اُمَّةٍ رَّسُوْلٌ ۚ فَاِذَا جَآءَ رَسُوْلُهُمْ قُضِىَ بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া লিকুল্লি উম্মাতির্ রাছূলুং (ج) ফাইযা-জা~আ রাছূলুহুম কু দি য়া বাইনাহুম বিলকি ছতি ওয়াহুম লা-ইউজ লামূন।	
তরজমা	প্রত্যেক জাতির জন্য আছে একজন রাসূল এবং যখন উহাদের রাসূল আসিয়াছে তখন ন্যায়বিচারের সঙ্গে উহাদের মীমাংসা হইয়াছে এবং উহাদের প্রতি জুলুম করা হয় নাই।	
	وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ লূনা মাতা-হা-য াল ওয়া'দু ইং কুংতুম সা-দিক ীন।	
তরজমা	উহারা বলে, 'যদি তোমরা সত্যবাদী হও, তবে 'বল এই প্রতিশ্রুতি কবে ফলিবে ?'	
	قُلْ لَّاۤ اَمْلِكُ لِنَفْسِىْ ضَرًّا وَّلَا نَفْعًا اِلَّا مَا شَآءَ اللّٰهُ ؕ لِكُلِّ اُمَّةٍ اَجَلٌ ؕ اِذَا جَآءَ اَجَلُهُمْ فَلَا يَسْتَاْخِرُوْنَ سَاعَةً وَّلَا يَسْتَقْدِمُوْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	কু ল লা~আমলিকু লিনাফছী দ াররাওঁ ওয়ালা-নাফ'আন ইল্লা-মা~শা-আল্লা-হু (ط) লিকুল্লি উম্মাতিন আজালুন (ط) ইযা-জা~আ আজালুহুম্ ফালা-ইয়াছতা'খিরূনা ছা-'আতাওঁ ওয়ালা-ইয়াছতাক দিমূন।	
তরজমা	বল, 'আল্লাহ্ যাহা ইচ্ছা করেন তাহা ব্যতীত আমার নিজের ভালমন্দের উপর আমার কোন অধিকার নাই।' প্রত্যেক জাতির এক নির্দিষ্ট সময় আছে; যখন তাহাদের সময় আসিবে তখন তাহারা মুহূর্তকালও বিলম্ব বা ত্বরা করিতে পারিবে না।	
	قُلْ اَرَءَيْتُمْ اِنْ اَتٰىكُمْ عَذَابُهٗ بَيَاتًا اَوْ نَهَارًا مَّاذَا يَسْتَعْجِلُ مِنْهُ الْمُجْرِمُوْنَ ﴿٥٠﴾	50

প্রতিবর্ণায়ন	কু`ল আরাআইতুম ইন্ আতা-কুম 'আযা`-বুহূ বায়া-তান আও নাহা-রাম্ মা-যা`-ইয়াছতা'জিলু মিনহুল মুজরিমূন।	
তরজমা	বল, 'তোমরা কি ভাবিয়া দেখিয়াছ, যদি তাঁহার শাস্তি তোমাদের উপর রজনীতে অথবা দিবসে আসিয়া পড়ে তবে অপরাধীরা উহার কী ত্বরান্বিত করিতে চায় ?'	
	اَثُمَّ اِذَا مَا وَقَعَ اٰمَنۡتُمۡ بِهٖ ؕ آٰلۡـٰٔنَ وَقَدۡ كُنۡتُمۡ بِهٖ تَسۡتَعۡجِلُوۡنَ ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	আছু`ম্মা ইযা`-মা-ওয়াকা`'আ আ-মাংতুম বিহী (ط) আ~ল্আ-না ওয়া কা`দ কুংতুম বিহী তাছতা'জিলূন।	
তরজমা	তোমরা কি ইহা ঘটিবার পর ইহা বিশ্বাস করিবে ? এখন ? তোমরা তো ইহাই ত্বরান্বিত করিতে চাহিয়াছিলে!	
	ثُمَّ قِيۡلَ لِلَّذِيۡنَ ظَلَمُوۡا ذُوۡقُوۡا عَذَابَ الۡخُلۡدِ ۚ هَلۡ تُجۡزَوۡنَ اِلَّا بِمَا كُنۡتُمۡ تَكۡسِبُوۡنَ ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	ছু`ম্মা কী`লা লিল্লাযী`না জা`লামূ যূ`কূ` 'আযা`-বাল খুলদি (ج) হাল তুজঝাওনা ইল্লা-বিমা-কুংতুম তাকছিবূন।	
তরজমা	পরে জালিমদেরকে বলা হইবে, 'স্থায়ী শাস্তি আস্বাদন কর; তোমরা যাহা করিতে, তোমাদেরকে তাহারই প্রতিফল দেওয়া হইতেছে।'	
	وَيَسۡتَنۡۢبِـُٔوۡنَكَ اَحَقٌّ هُوَ ؕ قُلۡ اِىۡ وَرَبِّىۡۤ اِنَّهٗ لَحَقٌّ ؕ وَمَاۤ اَنۡتُمۡ بِمُعۡجِزِيۡنَ ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছতামবিউনাকা আহা`ক্কু`ন হুওয়া (ج) কুল ঈ ওয়ারাব্বী ইন্নাহূ লাহা`ক্কু`ওঁ (ج) ওয়া মা~আংতুম বিমু'জিঝীন।	
তরজমা	উহারা তোমার নিকট জানিতে চায়, 'ইহা কি সত্য ?' বল, 'হ্যাঁ, আমার প্রতিপালকের শপথ ! ইহা অবশ্যই সত্য। এবং তোমরা ইহা ব্যর্থ করিতে পারিবে না।'	
	وَلَوۡ اَنَّ لِكُلِّ نَفۡسٍ ظَلَمَتۡ مَا فِى الۡاَرۡضِ لَافۡتَدَتۡ بِهٖ ؕ وَاَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَاَوُا الۡعَذَابَ ۚ وَقُضِىَ بَيۡنَهُمۡ بِالۡقِسۡطِ وَهُمۡ لَا يُظۡلَمُوۡنَ ﴿۵۴﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়া লাও আন্না লিকুল্লি নাফছিং জা`লামাত মা-ফিল আরদি` লাফতাদাত বিহী (ط) ওয়া আছাররুন্ নাদা-মাতা লাম্মা-রাআউল 'আযা`-বা (ج) ওয়া কুদি`য়া বাইনাহুম বিলকি`ছতি` ওয়া হুম লা-ইউজ`লামূন।	
তরজমা	প্রত্যেক সীমালংঘনকারীই পৃথিবীতে যাহা কিছু আছে তাহা যদি তাহার হইত তবে সে মুক্তির বিনিময়ে উহা দিয়া দিত ; এবং যখন উহারা শাস্তি প্রত্যক্ষ করিবে তখন মনস্তাপ গোপন করিবে। উহাদের মীমাংসা ন্যায়বিচারের সঙ্গে করা হইবে এবং উহাদের প্রতি জুলুম করা হইবে না।	
	اَلَاۤ اِنَّ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ ؕ اَلَاۤ اِنَّ وَعۡدَ اللّٰهِ حَقٌّ وَّلٰـكِنَّ اَكۡثَرَهُمۡ لَا يَعۡلَمُوۡنَ ﴿۵۵﴾	55

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আলা˜ইন্না লিল্লা–হি মা–ফিছছামা–ওয়া–তি ওয়াল আরদি· (ط) আলা˜ইন্না ওয়া'দাল্লা–হি হ˙াক্কু˙ওঁ ওয়া লা–কিন্না আকছ˙ারাহুম লা–ইয়া'লামূন।	
তরজমা	সাবধান! আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা আল্লাহ্‌রই। সাবধান! আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য, কিন্তু উহাদের অধিকাংশই অবগত নয়।	
	هُوَ يُحْيِۦ وَيُمِيتُ وَإِلَيْهِ تُرْجَعُونَ ٥٦	56
প্রতিবর্ণায়ন	হুওয়া ইউহ˙য়ী ওয়া ইউমীতু ওয়া ইলাইহি তুরজা'উন।	
তরজমা	তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান এবং তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে।	
	يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ قَدْ جَآءَتْكُم مَّوْعِظَةٌ مِّن رَّبِّكُمْ وَشِفَآءٌ لِّمَا فِى ٱلصُّدُورِ ۙ وَهُدًى وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ ٥٧	57
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহান্না–ছু ক˙াদ জা~আতকুম মাও'ইজ˙াতুম মির রাব্বিকুম ওয়া শিফা~উল লিমা–ফিস্‌সুদূরি (ۙ) ওয়াহুদাওঁ ওয়া রাহ˙মাতুল লিলমু'মিনীন।	
তরজমা	হে মানুষ! তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের নিকট হইতে আসিয়াছে উপদেশ ও তোমাদের অন্তরে যাহা আছে তাহার আরোগ্য এবং মু'মিনদের জন্য হিদায়াত ও রহমত।	
	قُلْ بِفَضْلِ ٱللَّهِ وَبِرَحْمَتِهِۦ فَبِذَٰلِكَ فَلْيَفْرَحُوا۟ ۖ هُوَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُونَ ٥٨	58
প্রতিবর্ণায়ন	কু˙ল বিফাদ˙লিল্লা–হি ওয়া বিরাহ˙মাতিহী ফাবিয˙া–লিকা ফালইয়াফরাহূ˙ (ط) হুওয়া খাইরুম্‌ মিম্মা–ইয়াজমা'উন।	
তরজমা	বল, 'ইহা আল্লাহ্‌র অনুগ্রহে ও তাঁহার দয়ায়; সুতরাং ইহাতে উহারা আনন্দিত হউক।' উহারা যাহা পুঞ্জীভূত করে তাহা অপেক্ষা ইহা শ্রেয়।	
	قُلْ أَرَءَيْتُم مَّآ أَنزَلَ ٱللَّهُ لَكُم مِّن رِّزْقٍ فَجَعَلْتُم مِّنْهُ حَرَامًا وَحَلَٰلًا قُلْ ءَآللَّهُ أَذِنَ لَكُمْ ۖ أَمْ عَلَى ٱللَّهِ تَفْتَرُونَ ٥٩	59
প্রতিবর্ণায়ন	কু˙ল আরাআইতুম মা˜আংঝালাল্লা–হু লাকুম মির রিঝকি˙ং ফাজা'আলতুম মিনহু হ˙ারা–মাওঁ ওয়া হ˙ালা–লাং (ط) কু˙ল আ~ল্লা–হু আযি˙না লাকুম আম 'আলাল্লা–হি তাফতারূন।	
তরজমা	বল, 'তোমরা কি ভাবিয়া দেখিয়াছ, আল্লাহ্ তোমাদের যে রিযিক দিয়াছেন তোমরা যে তাহার কিছু হালাল ও কিছু হারাম করিয়াছ ? বল, 'আল্লাহ্ কি তোমাদেরকে ইহার অনুমতি দিয়াছেন, না তোমরা আল্লাহ্‌র প্রতি মিথ্যা আরোপ করিতেছ ?'	

	وَمَا ظَنُّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ يَوْمَ الْقِيٰمَةِ ؕ اِنَّ اللّٰهَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَشْكُرُوْنَ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ওয়া মা– জ ান্নুল্লায ীনা ইয়াফতারূনা ‘আলাল্লা–হিল কাযি বা ইয়াওমাল কি য়া–মাতি (ط) ইন্নাল্লা–হা লাযূ ফাদ লিন ‘আলান্না–ছি ওয়ালা–কিন্না আকছ ারাহুম লা–ইয়াশকুরূন।	
তরজমা	যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করে, কিয়ামত দিবস সম্বন্ধে তাহাদের কী ধারণা ? নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি অনুগ্রহপরায়ণ, কিন্তু উহাদের অধিকাংশই কৃতজ্ঞতা প্রকাশ করে না।	
	وَمَا تَكُوْنُ فِيْ شَاْنٍ وَّمَا تَتْلُوْا مِنْهُ مِنْ قُرْاٰنٍ وَّلَا تَعْمَلُوْنَ مِنْ عَمَلٍ اِلَّا كُنَّا عَلَيْكُمْ شُهُوْدًا اِذْ تُفِيْضُوْنَ فِيْهِ ؕ وَمَا يَعْزُبُ عَنْ رَّبِّكَ مِنْ مِّثْقَالِ ذَرَّةٍ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَآءِ وَلَاۤ اَصْغَرَ مِنْ ذٰلِكَ وَلَاۤ اَكْبَرَ اِلَّا فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া মা–তাকূনু ফী শা’নিওঁ ওয়া মা–তাতলূ মিনহু মিং কু রআ–নিওঁ ওয়ালা– তা‘মালূনা মিন ‘আমালিন ইল্লা–কুন্না–‘আলাইকুম শুহূদান ইয ্ তুফীদূনা ফীহি (ط) ওয়া মা– ইয়া‘ঝুবু ‘আর রাব্বিকা মিম্ মিছ ক া–লি য াররাতিং ফিল আরদি ওয়ালা– ফিছছামা~ই ওয়ালা~আসগারা মিং য া–লিকা ওয়ালা~আকবারা ইল্লা–ফী কিতা–বিম মুবীন।	
তরজমা	তুমি যে কোন অবস্থায় থাক এবং তুমি তৎসম্পর্কে কুরআন হইতে যাহা তিলাওয়াত কর এবং তোমরা যে কোন কাজ কর, আমি তোমাদের পরিদর্শক-যখন তোমরা উহাতে প্রবৃত্ত হও। আকাশমণ্ডলী ও পৃথিবীর অণু পরিমাণও তোমার প্রতিপালকের অগোচর নয় এবং উহা অপেক্ষা ক্ষুদ্রতর অথবা বৃহত্তর কিছুই নাই যাহা সুস্পষ্ট কিতাবে নাই।	
	اَلَاۤ اِنَّ اَوْلِيَآءَ اللّٰهِ لَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	আলা~ইন্না আওলিয়া~আল্লা–হি লা–খাওফুন ‘আলাইহিম ওয়ালা–হুম ইয়াহ ঝানূন।	
তরজমা	জানিয়া রাখ! আল্লাহ্‌র বন্ধুদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	الَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা আ–মানূ ওয়া কা–নূ ইয়াত্তাকূ ন।	
তরজমা	যাহারা ঈমান আনে এবং তাক্ওয়া অবলম্বন করে,	
	لَهُمُ الْبُشْرٰى فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ ؕ لَا تَبْدِيْلَ لِكَلِمٰتِ اللّٰهِ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٦٤﴾	64

প্রতিবর্ণায়ন	লাহুমুল বুশরা– ফিল হ ায়া–তিদ দুন্ইয়া– ওয়াফিল আ–খিরাতি (ط) লা–তাবদীলা লিকালিমা–তিল্লা–হি (ط) য া–লিকা হুওয়াল ফাওঝুল ‘আজ ীম।	
তরজমা	তাহাদের জন্য আছে সুসংবাদ দুনিয়ার জীবনে ও আখিরাতে, আল্লাহ্‌র বাণীর কোন পরিবর্তন নাই ; উহাই মহাসাফল্য।	
	وَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ إِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا ۚ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ওয়ালা– ইয়াহ ঝুংকা ক াওলুহুম (م)। ইন্নাল ‘ইঝ্ঝাতা লিল্লা–হি জামী‘আন (ط) হুওয়াছ ছামী‘উল ‘আলীম।	
তরজমা	উহাদের কথা তোমাকে যেন দুঃখ না দেয়। সমস্ত শক্তিই আল্লাহ্‌র; তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	أَلَا إِنَّ لِلَّهِ مَنْ فِي السَّمَاوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ ۗ وَمَا يَتَّبِعُ الَّذِينَ يَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ شُرَكَاءَ ۚ إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَإِنْ هُمْ إِلَّا يَخْرُصُونَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	আলা ~ইন্না লিল্লা–হি মাং ফিছ ছামা–ওয়া তি ওয়া মাং ফিল আরদি (ط) ওয়া মা–ইয়াত্তাবি‘উল্লায ীনা ইয়াদ‘উনা মিং দূনিল্লা–হি শুরাকা~আ (ط) ইয়ঁ ইয়াত্তাবি‘উনা ইল্লাজ্ জ ান্না ওয়াইন হুম ইল্লা–ইয়াখরুসূন।	
তরজমা	জানিয়া রাখ! যাহারা আকাশমণ্ডলে আছে এবং যাহারা পৃথিবীতে আছে তাহারা আল্লাহ্‌রই। যাহারা আল্লাহ্ ব্যতীত অপরকে শরীকরূপে ডাকে, তাহারা কিসের অনুসরণ করে ? তাহারা তো শুধু অনুমানেরই অনুসরণ করে এবং তাহারা শুধু মিথ্যাই বলে।	
	هُوَ الَّذِي جَعَلَ لَكُمُ اللَّيْلَ لِتَسْكُنُوا فِيهِ وَالنَّهَارَ مُبْصِرًا ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِقَوْمٍ يَسْمَعُونَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায ী জা‘আলা লাকুমুল লাইলা লিতাছকুনূ ফীহি ওয়ান্নাহা–রা মুবসিরান (ط) ইন্না ফী য া–লিকা লাআ–য়া–তিল্ লিক াওমিইঁ ইয়াছমা‘উন।	
তরজমা	তিনিই সৃষ্টি করিয়াছেন তোমাদের জন্য রাত্রি, যেন উহাতে তোমরা বিশ্রাম করিতে পার এবং দিবস দেখিবার জন্য। যে সম্প্রদায় কথা শুনে নিশ্চয়ই তাহাদের জন্য ইহাতে আছে নিদর্শন।	
	قَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا سُبْحَانَهُ ۖ هُوَ الْغَنِيُّ ۖ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۚ إِنْ عِنْدَكُمْ مِنْ سُلْطَانٍ بِهَٰذَا ۚ أَتَقُولُونَ عَلَى اللَّهِ مَا لَا تَعْلَمُونَ ﴿٦٨﴾	68

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ক্বা-লুত্তাখায াল্লা-হু ওয়ালাদাং ছুবহ া-নাহূ (ط) হুওয়াল গানিইইয়ু (ط) লাহূ মা-ফিছ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) ইন ‘ইংদাকুম মিং ছুলত া-নিম বিহা-য া- (ط) আতাক্ব লূনা ‘আলাল্লা-হি মা-লা তা‘লামূন।	
তরজমা	তাহারা বলে ‘আল্লাহ্ সন্তান গ্রহণ করিয়াছেন।’ তিনি মহান পবিত্র! তিনি অভাবমুক্ত! যাহা কিছু আছে আকাশমণ্ডলে ও যাহা কিছু আছে পৃথিবীতে তাহা তাঁহারই। এ বিষয়ে তোমাদের নিকট কোন সনদ নাই। তোমরা কি আল্লাহ্ সম্বন্ধে এমন কিছু বলিতেছ, যে বিষয়ে তোমাদের কোন জ্ঞান নাই ?	
	قُلْ إِنَّ الَّذِينَ يَفْتَرُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ لَا يُفْلِحُونَ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ক্ব ল ইন্নাল্লায ীনা ইয়াফ্তারূনা ‘আলাল্লা-হিল কাযি বা লা- ইউফ্লিহূ ন।	
তরজমা	বল, ‘যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করিবে তাহারা সফলকাম হইবে না।’	
	مَتَاعٌ فِي الدُّنْيَا ثُمَّ إِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ نُذِيقُهُمُ الْعَذَابَ الشَّدِيدَ بِمَا كَانُوا يَكْفُرُونَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	মাতা-‘উং ফিদ্দুনইয়া- ছু ম্মা ইলাইনা- মারজি‘উহুম ছু ম্মা নুয ীকু হুমুল ‘আয া-বাশ্শাদীদা বিমা-কা-নূ ইয়াক্ফুরূন।	
তরজমা	পৃথিবীতে ইহাদের জন্য আছে কিছু সুখ-সম্ভোগ ; পরে আমারই নিকট উহাদের প্রত্যাবর্তন। অতঃপর কুফরী হেতু উহাদেরকে আমি কঠোর শাস্তির আস্বাদ গ্রহণ করাইব।	
	وَاتْلُ عَلَيْهِمْ نَبَأَ نُوحٍ ۘ إِذْ قَالَ لِقَوْمِهِ يَا قَوْمِ إِنْ كَانَ كَبُرَ عَلَيْكُمْ مَقَامِي وَتَذْكِيرِي بِآيَاتِ اللَّهِ فَعَلَى اللَّهِ تَوَكَّلْتُ فَأَجْمِعُوا أَمْرَكُمْ وَشُرَكَاءَكُمْ ثُمَّ لَا يَكُنْ أَمْرُكُمْ عَلَيْكُمْ غُمَّةً ثُمَّ اقْضُوا إِلَيَّ وَلَا تُنْظِرُونِ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়াতলু ‘আলাইহিম নাবাআ নূহ্ (م)। ইয ক্বা-লা লিক্বাওমিহী ইয়া-ক্বাওমি ইং কা-না কাবুরা ‘আলাইকুম মাক্বা-মী ওয়া তায কীরী বিআ-য়া-তিল্লা-হি ফা‘আলাল্লা-হি তাওয়াক্কাল্তু ফাআজমি‘উ আমরাকুম ওয়া শুরাকা~আকুম ছু ম্মা লা-ইয়াকুন আমরুকুম ‘আলাইকুম গুম্মাতাং ছু ম্মাক্ দূ ~ইলাইইয়া ওয়ালা-তুংজি রূন।	
তরজমা	উহাদেরকে নূহ্-এর বৃত্তান্ত শোনাও। সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায়! আমার অবস্থিতি ও আল্লাহ্র নিদর্শন দ্বারা আমার উপদেশদান তোমাদের নিকট যদি দুঃসহ হয় তবে আমি তো আল্লাহ্র উপর নির্ভর করি। তোমরা যাহাদেরকে শরীক করিয়াছ তৎসহ তোমাদের কর্তব্য স্থির করিয়া নাও, পরে যেন কর্তব্য বিষয়ে তোমাদের কোন সংশয় না থাকে। আমার সম্বন্ধে তোমাদের কর্ম নিষ্পন্ন করিয়া ফেল এবং আমাকে অবকাশ দিও না।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	فَاِنۡ تَوَلَّيۡتُمۡ فَمَا سَاَلۡتُكُمۡ مِّنۡ اَجۡرٍ‌ؕ اِنۡ اَجۡرِىَ اِلَّا عَلَى اللّٰهِ‌ۙ وَاُمِرۡتُ اَنۡ اَكُوۡنَ مِنَ الۡمُسۡلِمِيۡنَ ﴿۷۲﴾	72
প্রতিবর্ণায়ন	ফাইং তাওয়াল্লাইতুম ফামা–ছাআলতুকুম মিন আজরিন (ط) ইন আজরিয়া ইল্লা– ‘আলাল্লা–হি (ۙ) ওয়া উমিরতু আন আকূনা মিনাল মুছলিমীন।	
তরজমা	‘অতঃপর তোমরা মুখ ফিরাইয়া লইলে লইতে পার, তোমাদের নিকট আমি তো কোন পারিশ্রমিক চাই নাই, আমার পারিশ্রমিক আছে আল্লাহ্‌র নিকট, আমি তো আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত হইতে আদিষ্ট হইয়াছি।’	
	فَكَذَّبُوۡهُ فَنَجَّيۡنٰهُ وَمَنۡ مَّعَهٗ فِى الۡـفُلۡكِ وَجَعَلۡنٰهُمۡ خَلٰٓـئِفَ وَاَغۡرَقۡنَا الَّذِيۡنَ كَذَّبُوۡا بِاٰيٰتِنَا‌ۚ فَانْظُرۡ كَيۡفَ كَانَ عَاقِبَةُ الۡمُنۡذَرِيۡنَ ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	ফাকায যাবূহু ফানাজ্জাইনা–হু ওয়ামাম্ মা‘আহূ ফিল ফুলকি ওয়া জা‘আলনা–হুম খালা~ইফা ওয়া আগরাকনাল্লায ীনা কায যাবূ বিআ–য়া–তিনা– (ج) ফাংজু র কাইফা কা–না ‘আ–কি বাতুল মুংয ারীন।	
তরজমা	আর উহারা তাহাকে মিথ্যাবাদী বলে; অতঃপর তাহাকে ও তাহার সঙ্গে যাহারা তরণীতে ছিল তাহাদেরকে আমি উদ্ধার করি এবং তাহাদেরকে স্থলাভিষিক্ত করি ও যাহারা আমার নিদর্শনকে প্রত্যাখ্যান করিয়াছিল তাহাদেরকে নিমজ্জিত করি। সুতরাং দেখ, যাহাদেরকে সতর্ক করা হইয়াছিল তাহাদের পরিণাম কী হইয়াছিল!	
	ثُمَّ بَعَثۡنَا مِنۡۢ بَعۡدِهٖ رُسُلًا اِلٰى قَوۡمِهِمۡ فَجَآءُوۡهُمۡ بِالۡبَيِّنٰتِ فَمَا كَانُوۡا لِيُـؤۡمِنُوۡا بِمَا كَذَّبُوۡا بِهٖ مِنۡ قَبۡلُ‌ؕ كَذٰلِكَ نَطۡبَعُ عَلٰى قُلُوۡبِ الۡمُعۡتَدِيۡنَ ﴿۷۴﴾	74
প্রতিবর্ণায়ন	ছু ম্মা বা‘আছ না–মিম বা‘দিহী রুছুলান ইলা–ক ওমিহিম ফাজা~উহুম বিলবাইয়িনা–তি ফামা–কা–নূ লিইউ’মিনূ বিমা–কায যাবূ বিহী মিং ক বলু (ط) কায া–লিকা নাত বা‘উ ‘আলা–কু লূবিল মু‘তাদীন।	
তরজমা	অনন্তর তাহার পরে আমি রাসূলগণকে প্রেরণ করি, তাহাদের সম্প্রদায়ের নিকট; তাহারা উহাদের নিকট সুস্পষ্ট নিদর্শনসহ আসিয়াছিল। কিন্তু উহারা পূর্বে যাহা প্রত্যাখ্যান করিয়াছিল তাহার প্রতি ঈমান আনিবার জন্য প্রস্তুত ছিল না। এইভাবে আমি সীমালংঘনকারীদের হৃদয় মোহর করিয়া দেই।	
	ثُمَّ بَعَثۡنَا مِنۡۢ بَعۡدِهِمۡ مُّوۡسٰى وَهٰرُوۡنَ اِلٰى فِرۡعَوۡنَ وَمَلَا۟ـئِهٖ بِاٰيٰتِنَا فَاسۡتَكۡبَرُوۡا وَكَانُوۡا قَوۡمًا مُّجۡرِمِيۡنَ ﴿۷۵﴾	75

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ছু ম্মা বা'আছ না–মিম বা'দিহিম মূছা– ওয়া হা–রূনা ইলা–ফির'আওনা ওয়া মালাইহী বিআ–য়া–তিনা– ফাছতাক্‌বারূ ওয়া কা–নূ ক াওমাম মুজরিমীন।	
তরজমা	পরে আমার নিদর্শনসহ মূসা ও হারূনকে ফির'আওন ও তাহার পারিষদবর্গের নিকট প্রেরণ করি। কিন্তু উহারা অহংকার করে এবং উহারা ছিল অপরাধী সম্প্রদায়।	
	فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْٓا اِنَّ هٰذَا لَسِحْرٌ مُّبِيْنٌ ۝٧٦	**76**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা–জা~আহুমুল হ াক্কু মিন 'ইংদিনা–ক া–লূ ˜ইন্না হা–য া– লাছিহ রুম মুবীন।	
তরজমা	অতঃপর যখন উহাদের নিকট আমার নিকট হইতে সত্য আসিল তখন উহারা বলিল, 'ইহা তো নিশ্চয়ই স্পষ্ট জাদু।'	
	قَالَ مُوْسٰٓى اَتَقُوْلُوْنَ لِلْحَقِّ لَمَّا جَآءَكُمْ ۭ اَسِحْرٌ هٰذَا ۭ وَلَا يُفْلِحُ السّٰحِرُوْنَ ۝٧٧	**77**
প্রতিবর্ণায়ন	ক া–লা মূছা–আতাকূ লূনা লিলহ াক্কি লাম্মা–জা~আকুম (ط) আছিহ রুন হা–য া– (ط) ওয়ালা–ইউফলিহু ছ্ছা–হি রুন।	
তরজমা	মূসা বলিল, 'সত্য যখন তোমাদের নিকট আসিল তখন তৎসম্পর্কে তোমরা এইরূপ বলিতেছ? ইহা কি জাদু ? জাদুকরেরা তো সফলকাম হয় না।'	
	قَالُوْٓا اَجِئْتَنَا لِتَلْفِتَنَا عَمَّا وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا وَتَكُوْنَ لَكُمَا الْكِبْرِيَآءُ فِي الْاَرْضِ ۭ وَمَا نَحْنُ لَكُمَا بِمُؤْمِنِيْنَ ۝٧٨	**78**
প্রতিবর্ণায়ন	ক া–লূ আজি'তানা– লিতালফিতানা–'আম্মা–ওয়াজাদনা–'আলাইহি আ–বা~আনা–ওয়াতাকূনা লাকুমাল কিবরিয়া~উ ফিল আরদি (ط) ওয়া মা–নাহ নু লাকুমা–বিমু'মিনীন।	
তরজমা	উহারা বলিল, 'আমরা আমাদের পিতৃপুরুষগণকে যাহাতে পাইয়াছি তুমি কি তাহা হইতে আমাদেরকে বিচ্যুত করিবার জন্য আমাদের নিকট আসিয়াছ এবং যাহাতে দেশে তোমাদের দুইজনের প্রতিপত্তি হয়, এইজন্য ? আমরা তোমাদের প্রতি বিশ্বাসী নই।'	
	وَقَالَ فِرْعَوْنُ ائْتُوْنِيْ بِكُلِّ سٰحِرٍ عَلِيْمٍ ۝٧٩	**79**
প্রতিবর্ণায়ন	ওয়া ক া–লা ফির'আওনু'তূনী বিকুল্লি ছা–হি রিন 'আলীম।	
তরজমা	ফির'আওন বলিল, 'তোমরা আমার নিকট সকল সুদক্ষ জাদুকরকে লইয়া আস।'	
	فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالَ لَهُمْ مُّوْسٰٓى اَلْقُوْا مَآ اَنْتُمْ مُّلْقُوْنَ ۝٨٠	**80**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা–জা~আ ছ্ছাহ ারাতু ক া–লা লাহুম মূছা˜আলকূ মা˜আংতুম মুলকূ ন।	

তরজমা	অতঃপর যখন জাদুকরেরা আসিল তখন উহাদেরকে মূসা বলিল, 'তোমাদের যাহা নিক্ষেপ করিবার, নিক্ষেপ কর।'	
	فَلَمَّآ اَلْقَوْا قَالَ مُوْسٰى مَا جِئْتُمْ بِهِ ۙ السِّحْرُ ؕ اِنَّ اللّٰهَ سَيُبْطِلُهٗ ؕ اِنَّ اللّٰهَ لَا يُصْلِحُ عَمَلَ الْمُفْسِدِيْنَ ﴿۸۱﴾	**81**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~ আলকা'ও কা'-লা মূছা- মা-জি'তুম বিহিছ্‌ছিহ'রু (ط) ইন্নাল্লা-হা ছাইউবতি'লুহূ~ (ط) ইন্নাল্লা-হা লা-ইউসলিহু' 'আমালাল মুফছিদীন।	
তরজমা	অতঃপর যখন তাহারা নিক্ষেপ করিল তখন মূসা বলিল, 'তোমরা যাহা আনিয়াছ তাহা জাদু, নিশ্চয়ই আল্লাহ্ উহাকে অসার করিয়া দিবেন। আল্লাহ্ অবশ্যই অশান্তি সৃষ্টিকারীদের কর্ম সার্থক করেন না।'	
	وَيُحِقُّ اللّٰهُ الْحَقَّ بِكَلِمٰتِهٖ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ ﴿۸۲﴾	**82**
প্রতিবর্ণায়ন	ওয়া ইউহি'ক্কু'ল্লা-হুল হা'ক্কা' বিকালিমা-তিহী ওয়ালাও কারিহাল মুজরিমূন।	
তরজমা	অপরাধীরা অপ্রীতিকর মনে করিলেও আল্লাহ্ তাঁহার বাণী অনুযায়ী সত্যকে প্রতিষ্ঠিত করিবেন।	
	فَمَآ اٰمَنَ لِمُوْسٰٓى اِلَّا ذُرِّيَّةٌ مِّنْ قَوْمِهٖ عَلٰى خَوْفٍ مِّنْ فِرْعَوْنَ وَمَلَا۟ئِهِمْ اَنْ يَّفْتِنَهُمْ ؕ وَاِنَّ فِرْعَوْنَ لَعَالٍ فِى الْاَرْضِ ۚ وَاِنَّهٗ لَمِنَ الْمُسْرِفِيْنَ ﴿۸۳﴾	**83**
প্রতিবর্ণায়ন	ফামা~ আ-মানা লিমূছা~ইল্লা-যু'ররিইয়াতুম মিং কা'ওমিহী 'আলা- খাওফিম মিং ফির'আওনা ওয়া মালাইহিম আইঁ ইয়াফতিনাহুম (ط) ওয়াইন্না ফির'আওনা লা'আ-লিং ফিল আরদি' (ج) ওয়া ইন্নাহূ লামিনাল মুছরিফীন।	
তরজমা	ফির'আওন ও তাহার পারিষদবর্গ নির্যাতন করিবে এই আশংকায় মূসার সম্প্রদায়ের একদল ব্যতীত আর কেহ তাহার প্রতি ঈমান আনে নাই। বস্তুত ফির'আওন ছিল দেশে পরাক্রমশালী এবং সে অবশ্যই সীমালংঘনকারীদের অন্তর্ভুক্ত।	
	وَقَالَ مُوْسٰى يٰقَوْمِ اِنْ كُنْتُمْ اٰمَنْتُمْ بِاللّٰهِ فَعَلَيْهِ تَوَكَّلُوْٓا اِنْ كُنْتُمْ مُّسْلِمِيْنَ ﴿۸۴﴾	**84**
প্রতিবর্ণায়ন	ওয়া কা'-লা মূছা- ইয়া কা'ওমি ইং কুংতুম আ-মাংতুম বিল্লা-হি ফা'আলাইহি তাওয়াক্কালূ~ ইং কুংতুম মুছলিমীন।	
তরজমা	মূসা বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহ্‌তে ঈমান আনিয়া থাক, যদি তোমরা আত্মসমর্পণকারী হও তবে তোমরা তাঁহারই উপর নির্ভর কর।'	
	فَقَالُوْا عَلَى اللّٰهِ تَوَكَّلْنَا ۚ رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿۸۵﴾	**85**

প্রতিবর্ণায়ন	ফাক া-লূ 'আলাল্লা-হি তাওয়াক্কাল্‌না- (ج) রাব্বানা-লা-তাজ'আলনা- ফিতনাতাল লিল্‌ক াওমিজ জ া-লিমীন।	
তরজমা	অতঃপর তাহারা বলিল, 'আমরা আল্লাহ্‌র উপর নির্ভর করিলাম। হে আমাদের প্রতিপালক! আমাদেরকে জালিম সম্প্রদায়ের উৎপীড়নের পাত্র করিও না;	
	وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	ওয়া নাজজিনা- বিরাহ মাতিকা মিনাল ক াওমিল কা-ফিরীন।	
তরজমা	'এবং আমাদেরকে তোমার অনুগ্রহে কাফির সম্প্রদায় হইতে রক্ষা কর।'	
	وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰى وَاَخِيْهِ اَنْ تَبَوَّاٰ لِقَوْمِكُمَا بِمِصْرَ بُيُوْتًا وَّاجْعَلُوْا بُيُوْتَكُمْ قِبْلَةً وَّاَقِيْمُوا الصَّلٰوةَ ؕ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ওয়া আওহ াইনা~ ইলা- মূছা- ওয়া আখীহি আং তাবাওওয়াআ- লিক াওমিকুমা- বিমিসরা বুইউতাওঁ ওয়াজ'আলূ বুইউতাকুম কি বলাতাওঁ ওয়াআক ীমুসসালা-তা (ط) ওয়া বাশশিরিল মু'মিনীন।	
তরজমা	আমি মূসা ও তাহার ভ্রাতাকে প্রত্যাদেশ করিলাম, 'মিসরে তোমাদের সম্প্রদায়ের জন্য গৃহ স্থাপন কর এবং তোমাদের গৃহগুলিকে 'ইবাদতগৃহ কর, সালাত কায়েম কর এবং মু'মিনদেরকে সুসংবাদ দাও।'	
	وَقَالَ مُوْسٰى رَبَّنَآ اِنَّكَ اٰتَيْتَ فِرْعَوْنَ وَمَلَاَهٗ زِيْنَةً وَّاَمْوَالًا فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۙ رَبَّنَا لِيُضِلُّوْا عَنْ سَبِيْلِكَ ۚ رَبَّنَا اطْمِسْ عَلٰٓى اَمْوَالِهِمْ وَاشْدُدْ عَلٰى قُلُوْبِهِمْ فَلَا يُؤْمِنُوْا حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	ওয়া ক া-লা মূছা- রাব্বানা~ ইন্নাকা আ-তাইতা ফির'আওনা ওয়া মালাআহূ ঝীনাতাওঁ ওয়া আমওয়া-লাং ফিল হ ায়া-তিদ্‌দুনইয়া- (لا) রাব্বানা-লিইউদি ল্লূ 'আং ছাবীলিকা (ج) রাব্বানাত মিছ 'আলা~আমওয়া-লিহিম ওয়াশদুদ 'আলা- কূ লূবিহিম ফালা- ইউ'মিনূ হ াত্তা- ইয়ারাউল 'আয া-বাল 'আলীম।	
তরজমা	মূসা বলিল, 'হে আমাদের প্রতিপালক! তুমি তো ফির'আওন ও তাহার পারিষদবর্গকে পার্থিব জীবনে শোভা ও সম্পদ দান করিয়াছ যদ্দ্বারা, হে আমাদের প্রতিপালক! উহারা মানুষকে তোমার পথ হইতে ভ্রষ্ট করে। হে আমাদের প্রতি-পালক! উহাদের সম্পদ বিনষ্ট কর, উহাদের হৃদয় কঠিন করিয়া দাও, উহারা তো মর্মন্তুদ শাস্তি প্রত্যক্ষ না করা পর্যন্ত ঈমান আনিবে না।'	
	قَالَ قَدْ اُجِيْبَتْ دَّعْوَتُكُمَا فَاسْتَقِيْمَا وَلَا تَتَّبِعٰٓنِّ سَبِيْلَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ﴿٨٩﴾	89

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক্বা-লা ক্বাদ উজীবাদ্ দা‘ওয়াতুকুমা- ফাছতাক্বীমা- ওয়ালা-তাত্তাবি‘আ~ন্নি ছাবীলাল্লাযীনা লা-ইয়া‘লামূন।	
তরজমা	তিনি বলিলেন, ‘তোমাদের দুইজনের দু‘আ কবূল হইল, সুতরাং তোমরা দৃঢ় থাক এবং তোমরা কখনও অজ্ঞদের পথ অনুসরণ করিও না।’	
	وَجٰوَزْنَا بِبَنِيْٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ فَاَتْبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُوْدُهٗ بَغْيًا وَّعَدْوًا ؕ حَتّٰٓى اِذَآ اَدْرَكَهُ الْغَرَقُ ۙ قَالَ اٰمَنْتُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا الَّذِيْٓ اٰمَنَتْ بِهٖ بَنُوْٓا اِسْرَآءِيْلَ وَاَنَا مِنَ الْمُسْلِمِيْنَ ﴿۹۰﴾	90
প্রতিবর্ণায়ন	ওয়া জা~ওয়াঝনা- বিবানী~ইছরা~ঈলাল বাহ্‌রা ফাআতবা‘আহুম ফির‘আওনু ওয়াজুনূদুহূ বাগইয়াওঁ ওয়া ‘আদওয়ান (ط) হাত্তা~ ইযা-আদরাকাহুল গারাকু (لا) ক্বা-লা আ-মাংতু আন্নাহূ লা~ইলা-হা ইল্লাল্লাযী~ আ-মানত বিহী বানূ~ ইছরা~ঈলা ওয়া আনা-মিনাল মুছলিমীন।	
তরজমা	আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করাইলাম এবং ফির‘আওন ও তাহার সৈন্যবাহিনী ঔদ্ধত্য সহকারে সীমালংঘন করিয়া তাহাদের পশ্চাদ্ধাবন করিল। পরিশেষে যখন সে নিমজ্জমান হইল তখন বলিল, ‘আমি বিশ্বাস করিলাম বনী ইসরাঈল যাহাতে বিশ্বাস করে। নিশ্চয়ই তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই এবং আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।’	
	آٰلْـٰٔنَ وَقَدْ عَصَيْتَ قَبْلُ وَكُنْتَ مِنَ الْمُفْسِدِيْنَ ﴿۹۱﴾	91
প্রতিবর্ণায়ন	আ~ল্আ-না ওয়া ক্বাদ ‘আসাইতা ক্বাবলু ওয়া কুংতা মিনাল মুফছিদীন।	
তরজমা	‘এখন! ইতিপূর্বে তো তুমি অমান্য করিয়াছ এবং তুমি অশান্তি সৃষ্টিকারীদের অন্তর্ভুক্ত ছিলে।	
	فَالْيَوْمَ نُنَجِّيْكَ بِبَدَنِكَ لِتَكُوْنَ لِمَنْ خَلْفَكَ اٰيَةً ؕ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ عَنْ اٰيٰتِنَا لَغٰفِلُوْنَ ﴿۹۲﴾	92
প্রতিবর্ণায়ন	ফালইয়াওমা নুনাজ্জীকা বিবাদানিকা লিতাকূনা লিমান খালফাকা আ-য়াতাওঁ (ط) ওয়া ইন্না কাছীরাম মিনান্ না-ছি ‘আন আ-য়া-তিনা-লাগা-ফিলূন।	
তরজমা	‘আজ আমি তোমার দেহটি রক্ষা করিব যাহাতে তুমি তোমার পরবর্তীদের জন্য নিদর্শন হইয়া থাক। অবশ্যই মানুষের মধ্যে অনেকে আমার নিদর্শন সম্বন্ধে গাফিল।’	
	وَلَقَدْ بَوَّاْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ مُبَوَّاَ صِدْقٍ وَّرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ ۚ فَمَا اخْتَلَفُوْا حَتّٰى جَآءَهُمُ الْعِلْمُ ؕ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿۹۳﴾	93

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া লাক়াদ বাওওয়া'না-বানী~ইছরা~ঈলা মুবাওওয়াআ সিদকি়ওঁ ওয়া-রাঝাক়্না-হুম মিনাত্ত্বাইয়িবা-তি (ج) ফামাখ তালাফূ হ়াত্তা- জা~আহুমুল 'ইলমু (ط) ইন্না রাব্বাকা ইয়াক়দ্বী বাইনাহুম ইয়াওমাল কি়য়া-মাতি ফীমা-কা-নূ ফীহি ইয়াখতালিফূন।	
তরজমা	আমি তো বনী ইসরাঈলকে উৎকৃষ্ট আবাসভূমিতে বসবাস করাইলাম এবং আমি উহাদেরকে উত্তম জীবনোপকরণ দিলাম, অতঃপর উহাদের নিকট জ্ঞান আসিলে উহারা বিভেদ সৃষ্টি করিল। উহারা যে বিষয়ে বিভেদ সৃষ্টি করিয়াছিল তোমার প্রতিপালক অবশ্যই তাহাদের মধ্যে কিয়ামতের দিন উহার ফয়সালা করিয়া দিবেন।	
	فَاِنۡ كُنۡتَ فِىۡ شَكٍّ مِّمَّاۤ اَنۡزَلۡنَاۤ اِلَيۡكَ فَسۡـَٔلِ الَّذِيۡنَ يَقۡرَءُوۡنَ الۡـكِتٰبَ مِنۡ قَبۡلِكَ ۚ لَقَدۡ جَآءَكَ الۡحَـقُّ مِنۡ رَّبِّكَ فَلَا تَكُوۡنَنَّ مِنَ الۡمُمۡتَرِيۡنَ ۙ﴿۹۴﴾	94
প্রতিবর্ণায়ন	ফাইং কুংতা ফী শাক্কিম মিম্মা~ আংঝালনা~ ইলাইকা ফাছআলিল্লাযীনা ইয়াক়রাউনাল কিতা-বা মিং ক়াবলিকা (ج) লাক়াদ জা~আকাল্ হ়াক্কু মির রাব্বিকা ফালা- তাকূনান্না মিনাল মুমতারীন।	
তরজমা	আমি তোমার প্রতি যাহা অবতীর্ণ করিয়াছি উহাতে যদি তুমি সন্দেহে থাক তবে তোমার পূর্বের কিতাব যাহারা পাঠ করে তাহাদেরকে জিজ্ঞাসা কর ; তোমার প্রতিপালকের নিকট হইতে তোমার নিকট সত্য অবশ্যই আসিয়াছে। তুমি কখনও সন্দিগ্ধচিত্তদের অন্তর্ভুক্ত হইও না,	
	وَلَا تَكُوۡنَنَّ مِنَ الَّذِيۡنَ كَذَّبُوۡا بِاٰيٰتِ اللّٰهِ فَتَكُوۡنَ مِنَ الۡخٰسِرِيۡنَ ﴿۹۵﴾	95
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাকূনান্না মিনাল্লাযীনা কায্যাবূ বিআ-য়া-তিল্লা-হি ফাতাকূনা মিনাল খা-ছিরীন।	
তরজমা	এবং যাহারা আল্লাহ্‌র নিদর্শন প্রত্যাখ্যান করিয়াছে তুমি কখনও তাহাদের অন্তর্ভুক্ত হইও না- তাহা হইলে তুমিও ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হইবে।	
	اِنَّ الَّذِيۡنَ حَقَّتۡ عَلَيۡهِمۡ كَلِمَتُ رَبِّكَ لَا يُؤۡمِنُوۡنَ ۙ﴿۹۶﴾	96
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা হ়াক্কা়ত 'আলাইহিম কালিমাতু রাব্বিকা লা-ইউ'মিনূন।	
তরজমা	নিশ্চয়ই যাহাদের বিরুদ্ধে তোমার প্রতিপালকের বাক্য সাব্যস্ত হইয়া গিয়াছে, তাহারা ঈমান আনিবে না,	
	وَلَوۡ جَآءَتۡهُمۡ كُلُّ اٰيَةٍ حَتّٰى يَرَوُا الۡعَذَابَ الۡاَلِيۡمَ ﴿۹۷﴾	97
প্রতিবর্ণায়ন	ওয়ালাও জা~আতহুম কুল্লু আ-য়াতিন হ়াত্তা-ইয়ারাউল 'আযা-বাল আলীম।	
তরজমা	যদিও উহাদের নিকট প্রত্যেকটি নিদর্শন আসে যতক্ষণ না উহারা মর্মন্তুদ শাস্তি প্রত্যক্ষ করিবে।	

	فَلَوْلَا كَانَتْ قَرْيَةٌ اٰمَنَتْ فَنَفَعَهَاۤ اِيْمَانُهَاۤ اِلَّا قَوْمَ يُوْنُسَ ؕ لَمَّاۤ اٰمَنُوْا كَشَفْنَا عَنْهُمْ عَذَابَ الْخِزْيِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَمَتَّعْنٰهُمْ اِلٰى حِيْنٍ ﴿۹۸﴾	98
প্রতিবর্ণায়ন	ফালাওলা– কা–নাত ক'রইয়াতুন আ–মানাত ফানাফ'আহা˜ ঈমা–নুহা˜ ইল্লা–ক'াওমা ইউনুছা (ط) লাম্মা˜ আ–মানূ কাশাফ্না–'আনহুম 'আয'া–বাল খিঝ্য়ি ফিল হ'ায়া–তিদ্দুনইয়া–ওয়ামাত্তা'না–হুম ইলা–হ'ীন।	
তরজমা	তবে ইউনুসের সম্প্রদায় ব্যতীত কোন জনপদবাসী কেন এমন হইল না যাহারা ঈমান আনিত এবং তাহাদের ঈমান তাহাদের উপকারে আসিত ? তাহারা যখন ঈমান আনিল তখন আমি তাহাদের নিকট হইতে পার্থিব জীবনের হীনতাজনক শাস্তি দূর করিলাম এবং উহাদেরকে কিছুকালের জন্য জীবনোপভোগ করিতে দিলাম।	
	وَلَوْ شَآءَ رَبُّكَ لَاٰمَنَ مَنْ فِي الْاَرْضِ كُلُّهُمْ جَمِيْعًا ؕ اَفَاَنْتَ تُكْرِهُ النَّاسَ حَتّٰى يَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿۹۹﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়ালাও শা~আ রাব্বুকা লাআ–মানা মাং ফিল আরদি' কুল্লুহুম জামী'আন (ط) আফাআংতা তুকরিহুন্না–ছা হ'াত্তা– ইয়াকূনূ মু'মিনীন।	
তরজমা	তোমার প্রতিপালক ইচ্ছা করিলে পৃথিবীতে যাহারা আছে তাহারা সকলেই অবশ্যই ঈমান আনিত; তবে কি তুমি মু'মিন হইবার জন্য মানুষের উপর জবরদস্তি করিবে ?	
	وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تُؤْمِنَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ وَيَجْعَلُ الرِّجْسَ عَلَى الَّذِيْنَ لَا يَعْقِلُوْنَ ﴿۱۰۰﴾	100
প্রতিবর্ণায়ন	ওয়া মা–কা–না লিনাফছিন আন তু'মিনা ইল্লা– বিইয'নিল্লা–হি (ط) ওয়া ইয়াজ'আলুর রিজছা 'আলাল্লায'ীনা লা–ইয়া'কি'লূন।	
তরজমা	আল্লাহ্‌র অনুমতি ব্যতীত ঈমান আনা কাহারও সাধ্য নয় এবং যাহারা অনুধাবন করে না আল্লাহ্ তাহাদেরকে কলুষলিপ্ত করেন।	
	قُلِ انْظُرُوْا مَاذَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَمَا تُغْنِي الْاٰيٰتُ وَالنُّذُرُ عَنْ قَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ ﴿۱۰۱﴾	101
প্রতিবর্ণায়ন	কু' লিংজু'রূ মা–য'া– ফিছছামা–ওয়া–তি ওয়াল আরদি' (ط) ওয়া মা–তুগনিল আ–য়া–তু ওয়াননুযু'রু 'আং ক'াওমিল্ লা–ইউ'মিনূন।	
তরজমা	বল, 'আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহার প্রতি লক্ষ্য কর।' নিদর্শনাবলী ও ভীতি প্রদর্শন অবিশ্বাসী সম্প্রদায়ের উপকারে আসে না।	
	فَهَلْ يَنْتَظِرُوْنَ اِلَّا مِثْلَ اَيَّامِ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِهِمْ ؕ قُلْ فَانْتَظِرُوْۤا اِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿۱۰۲﴾	102

প্রতিবর্ণায়ন	ফাহাল ইয়াংতাজি ̇রূনা ইল্লা– মিছ ̇লা আইইয়া–মিল্লায ̇ীনা খালাও মিং ক ̇াবলিহিম (ط) কু ̇ল ফাংতাজি ̇রূ˜ ইন্নী মা‘আকুম মিনাল মুংতাজি ̇রীন।	
তরজমা	ইহারা কি ইহাদের পূর্বে যাহা ঘটিয়াছে উহার অনুরূপ ঘটনারই প্রতীক্ষা করে ? বল, ‘তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।’	
	ثُمَّ نُنَجِّىْ رُسُلَنَا وَالَّذِيْنَ اٰمَنُوْا كَذٰلِكَ ۚ حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	ছুম্মা নুনাজ্জী রুছুলানা– ওয়াল্লায ̇ীনা আ–মানূ (ج) কায ̇া–লিকা হ ̇াক্ক ̇ান ‘আলাইনা– নুনজিল মু’মিনীন।	
তরজমা	পরিশেষে আমি আমার রাসূলগণকে এবং মু’মিনগণকেও উদ্ধার করি। এইভাবে আমার দায়িত্ব মু’মিনগণকে উদ্ধার করা।	
	قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ فِىْ شَكٍّ مِّنْ دِيْنِىْ فَلَاۤ اَعْبُدُ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰـكِنْ اَعْبُدُ اللّٰهَ الَّذِىْ يَتَوَفّٰٮكُمْ ‌ۖ وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	কু ̇ল ইয়া˜ আইয়ুহান্না–ছু ইং কুংতুম ফী শাক্কিম মিং দীনী ফালা– আ‘বুদুল্লায ̇ীনা তা‘বুদূনা মিং দূনিল্লা–হি ওয়ালা–কিন আ‘বুদুল্লা–হা ল্লায ̇ী ইয়াতাওয়াফ্‌ফা–কুম (ج) ওয়া উমিরতু আন আকূনা মিনাল মু’মিনীন।	
তরজমা	বল, ‘হে মানুষ! তোমরা যদি আমার দীনের প্রতি সংশয়যুক্ত হও তবে জানিয়া রাখ, তোমরা আল্লাহ্‌ ব্যতীত যাহাদের ‘ইবাদত কর আমি উহাদের ‘ইবাদত করি না। পরন্তু আমি ‘ইবাদত করি আল্লাহ্‌র যিনি তোমাদের মৃত্যু ঘটান এবং আমি মু’মিনদের অন্তর্ভুক্ত হইবার জন্য আদিষ্ট হইয়াছি,	
	وَاَنْ اَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا ۚ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	ওয়া আন আকি ̇ম ওয়াজহাকা লিদ্দীনি হ ̇ানীফাওঁ (ج) ওয়ালা– তাকূনান্না মিনাল মুশরিকীন।	
তরজমা	আর উহাও এই যে, ‘তুমি একনিষ্ঠভাবে দীনে প্রতিষ্ঠিত হও এবং কখনই মুশরিকদের অন্তর্ভুক্ত হইও না,	
	وَلَا تَدْعُ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ۚ فَاِنْ فَعَلْتَ فَاِنَّكَ اِذًا مِّنَ الظّٰلِمِيْنَ ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তাদ‘উ মিং দূনিল্লা–হি মা–লা– ইয়াংফা‘উকা ওয়ালা–ইয়াদু ̇র্‌রুকা (ج) ফাইং ফা‘আলতা ফাইন্নাকা ইয ̇াম্‌ মিনাজ ̇ জ ̇া–লিমীন।	

তরজমা	'এবং আল্লাহ্ ব্যতীত অন্য কাহাকেও ডাকিবে না, যাহা তোমার উপকারও করে না, অপকারও করে না, কারণ ইহা করিলে তখন তুমি অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হইবে।'	
	وَإِنْ يَمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗٓ إِلَّا هُوَ ۚ وَإِنْ يُّرِدْكَ بِخَيْرٍ فَلَا رَآدَّ لِفَضْلِهٖ ۚ يُصِيْبُ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ۚ وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿١٠٧﴾	**107**
প্রতিবর্ণায়ন	ওয়াইয়ঁ ইয়ামছাছ্কাল্লা-হু বিদু˙ররিং ফালা- কা-শিফা লাহূ˜ ইল্লা-হুওয়া (ج) ওয়া ইয়ঁ ইউরিদ্কা বিখাইরিং ফালা-রা~দ্দা লিফাদ˙লিহী (ط) ইউসীবু বিহী মাইঁ ইয়াশা~উ মিন 'ইবা-দিহী (ط) ওয়া হুওয়াল গাফূরুর রাহ˙ীম।	
তরজমা	'এবং আল্লাহ্ তোমাকে ক্লেশ দিলে তিনি ব্যতীত ইহা মোচনকারী আর কেহ নাই এবং আল্লাহ্ যদি তোমার মঙ্গল চান তবে তাঁহার অনুগ্রহ রদ করিবার কেহ নাই। তাঁহার বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা তিনি মঙ্গল দান করেন। তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।'	
	قُلْ يَٰٓأَيُّهَا النَّاسُ قَدْ جَآءَكُمُ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ ۚ فَمَنِ اهْتَدٰى فَإِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ وَمَآ أَنَا عَلَيْكُمْ بِوَكِيْلٍ ﴿١٠٨﴾	**108**
প্রতিবর্ণায়ন	কু˙ল ইয়া˜আইয়ুহান্না-ছু কা˙দ জা~আকুমুল হা˙ক্কু˙ মির রাব্বিকুম (ج) ফামানিহতাদা-ফাইন্নামা- ইয়াহতাদী লিনাফছিহী (ج) ওয়া মাং দা˙ল্লা ফাইন্নামা- ইয়াদিল্লু 'আলাইহা- (ج) ওয়ামা˜আনা- 'আলাইকুম বিওয়াকীল।	
তরজমা	বল, 'হে মানুষ! তোমাদের প্রতিপালকের নিকট হইতে তোমাদের নিকট সত্য আসিয়াছে। সুতরাং যাহারা সৎপথ অবলম্বন করিবে তাহারা তো নিজেদেরই মঙ্গলের জন্য সৎপথ অবলম্বন করিবে এবং যাহারা পথভ্রষ্ট হইবে তাহারা তো পথভ্রষ্ট হইবে নিজেদেরই ধ্বংসের জন্য এবং আমি তোমাদের কর্মবিধায়ক নই।'	
	وَاتَّبِعْ مَا يُوْحٰٓى إِلَيْكَ وَاصْبِرْ حَتّٰى يَحْكُمَ اللّٰهُ ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ﴿١٠٩﴾	**109**
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাবি' মা ইউহ˙া˜ ইলাইকা ওয়াস্‌বির হ˙াত্তা- ইয়াহ˙কুমাল্লা-হু (ج) ওয়া হুওয়া খাইরুল হ˙া-কিমীন।	
তরজমা	তোমার প্রতি যে ওহী অবতীর্ণ হইয়াছে তুমি তাহার অনুসরণ কর এবং তুমি ধৈর্য ধারণ কর, যে পর্যন্ত না আল্লাহ্ ফয়সালা করেন এবং আল্লাহ্ই সর্বোত্তম বিধানকর্তা।	

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	الٓرٰ ۟ كِتٰبٌ اُحۡكِمَتۡ اٰيٰتُهٗ ثُمَّ فُصِّلَتۡ مِنۡ لَّدُنۡ حَكِيۡمٍ خَبِيۡرٍ ۙ﴿۱﴾	**1**
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম রা–, কিতা–বুন উহ্‌কিমাত আ–য়া–তুহূ ছু ম্মা ফুসসিলাত মিল্লাদুন হ াকীমিন খাবীর।	
তরজমা	আলিফ-লাম-রা, এই কিতাব প্রজ্ঞাময়, সর্বজ্ঞের নিকট হইতে; ইহার আয়াতসমূহ সুস্পষ্ট, সুবিন্যস্ত ও পরে বিশদভাবে বিবৃত যে,	
	اَلَّا تَعۡبُدُوۡۤا اِلَّا اللّٰهَ ؕ اِنَّنِیۡ لَکُمۡ مِّنۡهُ نَذِیۡرٌ وَّ بَشِیۡرٌ ۙ﴿۲﴾	**2**
প্রতিবর্ণায়ন	আল্লা তা‘বুদূ~ ইল্লাল্লা–হা (ط) ইন্নানী লাকুম মিনহু নায ীরুওঁ ওয়াবাশীর।	
তরজমা	তোমরা আল্লাহ্ ব্যতীত অন্যের ‘ইবাদত করিবে না, অবশ্যই আমি তাঁহার পক্ষ হইতে তোমাদের জন্য সতর্ককারী ও সুসংবাদদাতা।	
	وَّ اَنِ اسۡتَغۡفِرُوۡا رَبَّکُمۡ ثُمَّ تُوۡبُوۡۤا اِلَیۡهِ یُمَتِّعۡکُمۡ مَّتَاعًا حَسَنًا اِلٰۤی اَجَلٍ مُّسَمًّی وَّ یُؤۡتِ کُلَّ ذِیۡ فَضۡلٍ فَضۡلَهٗ ؕ وَ اِنۡ تَوَلَّوۡا فَاِنِّیۡۤ اَخَافُ عَلَیۡکُمۡ عَذَابَ یَوۡمٍ کَبِیۡرٍ ﴿۳﴾	**3**
প্রতিবর্ণায়ন	ওয়া আনিছ্‌তাগফিরূ রাব্বাকুম ছু ম্মা তূবূ ইলাইহি ইউমাত্তি‘কুম মাতা–‘আন হ াছানান ইলা~ আজালিম মুছাম্মাওঁ ওয়াইউ’তি কুল্লা য ী ফাদলিং ফাদ লাহূ (ط) ওয়া ইং তাওয়াল্লাও ফাইন্নী~ আখা–ফু ‘আলাইকুম ‘আয া–বা ইয়াওমিং কাবীর।	
তরজমা	আরও যে, তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা কর ও তাঁহার দিকে প্রত্যাবর্তন কর, তিনি তোমাদেরকে এক নির্দিষ্ট কালের জন্য উত্তম জীবন উপভোগ করিতে দিবেন এবং তিনি প্রত্যেক গু ণীজনকে তাহার প্রাপ্য মর্যাদা দান করিবেন। যদি তোমরা মুখ ফিরাইয়া নাও তবে আমি তোমাদের জন্য আশংকা করি মহাদিবসের শাস্তির।	
	اِلَی اللّٰهِ مَرۡجِعُکُمۡ ۚ وَ هُوَ عَلٰی کُلِّ شَیۡءٍ قَدِیۡرٌ ﴿۴﴾	**4**
প্রতিবর্ণায়ন	ইলাল্লা–হি মারজি‘উকুম (ج) ওয়া হুওয়া ‘আলা–কুল্লি শাইইং ক াদীর।	
তরজমা	আল্লাহ্‌রই নিকট তোমাদের প্রত্যাবর্তন এবং তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	اَلَاۤ اِنَّهُمۡ یَثۡنُوۡنَ صُدُوۡرَهُمۡ لِیَسۡتَخۡفُوۡا مِنۡهُ ؕ اَلَا حِیۡنَ یَسۡتَغۡشُوۡنَ ثِیَابَهُمۡ ۙ یَعۡلَمُ مَا یُسِرُّوۡنَ وَ مَا یُعۡلِنُوۡنَ ۚ اِنَّهٗ عَلِیۡمٌۢ بِذَاتِ الصُّدُوۡرِ ﴿۵﴾	**5**

প্রতিবর্ণায়ন	আলা~ ইন্নাহুম ইয়াছ্‌ নূনা সুদূরাহুম লিইয়াছতাখফূ মিনহু (ط) আলা-হ ীনা ইয়াছতাগশূনা ছি য়া-বাহুম (ﻻ) ইয়া‘লামু মা-ইউছিররূনা ওয়ামা- ইউ‘লিনূনা (ج) ইন্নাহূ ‘আলীমুম বিয া- তিসসুদূর।	
তরজমা	সাবধান! নিশ্চয়ই উহারা তাঁহার নিকট গোপন রাখিবার জন্য উহাদের বক্ষ দ্বিভাঁজ করে। সাবধান! উহারা যখন নিজেদেরকে বস্ত্রে আচ্ছাদিত করে তখন উহারা যাহা গোপন করে ও প্রকাশ করে, তিনি তাহা জানেন। অন্তরে যাহা আছে, নিশ্চয়ই তিনি তাহা সবিশেষ অবহিত।	
	وَمَا مِنْ دَآبَّةٍ فِي الْاَرْضِ اِلَّا عَلَى اللّٰهِ رِزْقُهَا وَيَعْلَمُ مُسْتَقَرَّهَا وَمُسْتَوْدَعَهَا ؕ كُلٌّ فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ۝	6
প্রতিবর্ণায়ন	ওয়ামা-মিং দা~ববাতিং ফিল আরদি ইল্লা- ‘আলাল্লা-হি রিঝকু হা- ওয়া ইয়া‘লামু মুছতাক াররাহা-ওয়া মুছতাওদা‘আহা- (ط) কুল্লুং ফী কিতা-বিম মুবীন।	
তরজমা	ভূপৃষ্ঠে বিচরণকারী সকলের জীবিকার দায়িত্ব আল্লাহ্‌রই। তিনি উহাদের স্থায়ী ও অস্থায়ী অবস্থিতি সম্বন্ধে অবহিত; সুস্পষ্ট কিতাবে সব কিছুই আছে।	
	وَهُوَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ وَّكَانَ عَرْشُهٗ عَلَى الْمَآءِ لِيَبْلُوَكُمْ اَيُّكُمْ اَحْسَنُ عَمَلًا ؕ وَلَئِنْ قُلْتَ اِنَّكُمْ مَّبْعُوْثُوْنَ مِنْۢ بَعْدِ الْمَوْتِ لَيَقُوْلَنَّ الَّذِيْنَ كَفَرُوْۤا اِنْ هٰذَاۤ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ۝	7
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায ী খালাক াছছামা-ওয়া-তি ওয়াল আরদ া ফী ছিত্তাতি আইয়া-মিওঁ ওয়া কা-না ‘আরশুহূ ‘আলাল মা~ই লিইয়াবলুওয়াকুম আইয়ুকুম আহ ছানু ‘আমালাওঁ (ط) ওয়ালাইং কু লতা ইন্নাকুম মাব‘ঊছূ না মিম বা‘দিল মাওতি লাইয়াকূ লান্নাল্লায ীনা কাফারূ~ ইন হা-য া- ইল্লা- ছিহ রুম মুবীন।	
তরজমা	আর তিনিই আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন, তখন তাঁহার আরশ ছিল পানির উপর, তোমাদের মধ্যে কে কর্মে শ্রেষ্ঠ তাহা পরীক্ষা করিবার জন্য। তুমি যদি বল, ‘মৃত্যুর পর তোমরা অবশ্যই উত্থিত হইবে,’ কাফিররা নিশ্চয়ই বলিবে, ‘ইহা তো সুস্পষ্ট জাদু।’	
	وَلَئِنْ اَخَّرْنَا عَنْهُمُ الْعَذَابَ اِلٰۤى اُمَّةٍ مَّعْدُوْدَةٍ لَّيَقُوْلُنَّ مَا يَحْبِسُهٗ ؕ اَلَا يَوْمَ يَاْتِيْهِمْ لَيْسَ مَصْرُوْفًا عَنْهُمْ وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ۝	8

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া লাইন আখখারনা-‘আনহুমুল ‘আয া-বা ইলা~উম্মাতিম্ মা‘দূদাতিল লাইয়াকূ লুন্না মা-ইয়াহ বিছুহূ (ط) আলা- ইয়াওমা ইয়া’তীহিম লাইছা মাছরূফান ‘আনহুম ওয়া হ া-ক া বিহীম মা-কা-নূ বিহী ইয়াছতাহঝিউ-ন।	
তরজমা	নির্দিষ্ট কালের জন্য আমি যদি উহাদের হইতে শাস্তি স্থগিত রাখি তবে উহারা নিশ্চয় বলিবে, ‘কিসে উহা নিবারণ করিতেছে ?’ সাবধান! যে দিন উহাদের নিকট ইহা আসিবে সেদিন উহাদের নিকট হইতে উহা নিবৃত্ত করা হইবে না এবং যাহা লইয়া উহারা ঠাট্টা-বিদ্রূপ করে তাহা উহাদেরকে পরিবেষ্টন করিবে।	
	وَلَئِنْ اَذَقْنَا الْاِنْسَانَ مِنَّا رَحْمَةً ثُمَّ نَزَعْنٰهَا مِنْهُ ۚ اِنَّهٗ لَيَـُٔوْسٌ كَفُوْرٌ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়ালাইন আয াক নাল ইংছা-না মিন্না-রাহ মাতাং ছু ম্মা নাঝা‘না-হা-মিনহু (ج) ইন্নাহূ লাইয়াঊছুং কাফূর।	
তরজমা	যদি আমি মানুষকে আমার নিকট হইতে অনুগ্রহ আস্বাদন করাই ও পরে তাহার নিকট হইতে উহা প্রত্যাহার করি তখন সে অবশ্যই হতাশ ও অকৃতজ্ঞ হইবে।	
	وَلَئِنْ اَذَقْنٰهُ نَعْمَآءَ بَعْدَ ضَرَّآءَ مَسَّتْهُ لَيَقُوْلَنَّ ذَهَبَ السَّيِّاٰتُ عَنِّيْ ؕ اِنَّهٗ لَفَرِحٌ فَخُوْرٌ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়ালাই আয াক না-হু না‘মা~আ বা‘দা দ াররা~আ মাছছাতহু লাইয়াকূ লান্না য াহাবাছ ছাইয়িআ-তু ‘আন্নী (ط) ইন্নাহূ লাফারিহু ং ফাখূর।	
তরজমা	আর যদি দুঃখ-দৈন্য স্পর্শ করিবার পর আমি তাহাকে সুখ-সম্পদ আস্বাদন করাই তখন সে অবশ্যই বলিবে, ‘আমার বিপদ-আপদ কাটিয়া গিয়াছে’, আর সে তো হয় উৎফুল্ল ও অহংকারী।	
	اِلَّا الَّذِيْنَ صَبَرُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ؕ اُولٰٓئِكَ لَهُمْ مَّغْفِرَةٌ وَّ اَجْرٌ كَبِيْرٌ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লায ীনা সাবারূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি (ط) উলা~ইকা লাহুম মাগফিরাতুওঁ ওয়া আজরুং কাবীর।	
তরজমা	কিন্তু যাহারা ধৈর্যশীল ও সৎকর্মপরায়ণ তাহাদেরই জন্য আছে ক্ষমা ও মহাপুরস্কার।	
	فَلَعَلَّكَ تَارِكٌۢ بَعْضَ مَا يُوْحٰۤى اِلَيْكَ وَضَآئِقٌۢ بِهٖ صَدْرُكَ اَنْ يَّقُوْلُوْا لَوْلَاۤ اُنْزِلَ عَلَيْهِ كَنْزٌ اَوْ جَآءَ مَعَهٗ مَلَكٌ ؕ اِنَّمَاۤ اَنْتَ نَذِيْرٌ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ وَّكِيْلٌ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ফালা‘আল্লাকা তা-রিকুম্ বা‘দ া মা-ইউহ া~ ইলাইকা ওয়া দ া~ইকু ম বিহী সাদরুকা আইঁ ইয়াকূ লূ লাওলা~ উংঝিলা ‘আলাইহি কাংঝুন আও জা~আ মা‘আহূ মালাকুন (ط) ইন্নামা~ আংতা নায ীরুওঁ (ط) ওয়াল্লা-হু ‘আলা-কুল্লি শাইইওঁ ওয়াকীল।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তবে কি তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহার কিছু তুমি বর্জন করিবে এবং ইহাতে তোমার মন সংকুচিত হইবে এইজন্য যে, তাহারা বলে, 'তাহার নিকট ধনভাণ্ডার প্রেরিত হয় না কেন অথবা তাহার সঙ্গে ফিরিশতা আসে না কেন ?' তুমি তো কেবল সতর্ককারী এবং আল্লাহ্ সর্ববিষয়ের কর্মবিধায়ক।	
	أَمْ يَقُولُونَ افْتَرَاهُ ۖ قُلْ فَأْتُوا بِعَشْرِ سُوَرٍ مِّثْلِهِ مُفْتَرَيَاتٍ وَادْعُوا مَنِ اسْتَطَعْتُم مِّن دُونِ اللَّهِ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	আম ইয়াকূ লুনাফ্ তারা-হু (ط) কু ল ফা'তূ বি'আশরি ছুওয়ারিম মিছ লিহী মুফতারাইয়া-তিওঁ ওয়াদ'ঊ মানিছ্তাত া'তুম মিংদূনিল্লা-হি ইং কুংতুম সা-দিক ীন।	
তরজমা	তাহারা কি বলে, 'সে ইহা নিজে রচনা করিয়াছে ?' বল, 'তোমরা যদি সত্যবাদী হও তবে তোমরা ইহার অনুরূপ দশটি স্বরচিত সূরা আনয়ন কর এবং আল্লাহ্ ব্যতীত অপর যাহাকে পার, ডাকিয়া নাও।'	
	فَإِلَّمْ يَسْتَجِيبُوا لَكُمْ فَاعْلَمُوا أَنَّمَا أُنزِلَ بِعِلْمِ اللَّهِ وَأَن لَّا إِلَٰهَ إِلَّا هُوَ ۖ فَهَلْ أَنتُم مُّسْلِمُونَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ফাইল্লাম ইয়াছতাজীবূ লাকুম ফা'লামূ~আন্নামা~উংঝিলা বি'ইলমিল্লা-হি ওয়া আল্লা~ইলা-হা ইল্লা- হুওয়া (ج) ফাহাল আংতুম মুছলিমূন।	
তরজমা	যদি তাহারা তোমাদের আহ্বানে সাড়া না দেয় তবে জানিয়া রাখ, ইহা তো আল্লাহ্র ইল্ম মুতাবিক অবতীর্ণ এবং তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। তাহা হইলে তোমরা আত্মসমর্পণকারী হইবে কি ?	
	مَن كَانَ يُرِيدُ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا نُوَفِّ إِلَيْهِمْ أَعْمَالَهُمْ فِيهَا وَهُمْ فِيهَا لَا يُبْخَسُونَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	মাং কা-না ইউরীদুল হ ায়া-তাদ্দুনইয়া- ওয়াঝীনাতাহা- নুওয়াফফি ইলাইহিম আ'মা-লাহুম ফীহা- ওয়াহুম ফীহা- লা-ইউব্খাছূন।	
তরজমা	যে কেহ পার্থিব জীবন ও উহার শোভা কামনা করে, দুনিয়ায় আমি উহাদের কর্মের পূর্ণফল দান করি এবং সেখানে তাহাদেরকে কম দেওয়া হইবে না।	
	أُولَٰئِكَ الَّذِينَ لَيْسَ لَهُمْ فِي الْآخِرَةِ إِلَّا النَّارُ ۖ وَحَبِطَ مَا صَنَعُوا فِيهَا وَبَاطِلٌ مَّا كَانُوا يَعْمَلُونَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা লাইছা লাহুম ফিল আ-খিরাতি ইল্লান্না-রু (ز) ওয়া হ াবিত া মা-সানা'উ ফীহা-ওয়া বা-তি লুম মা-কা-নূ ইয়া'মালূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহাদের জন্য আখিরাতে দোযখ ব্যতীত অন্য কিছুই নাই এবং উহারা যাহা করে আখিরাতে তাহা নিষ্ফল হইবে এবং উহারা যাহা করিয়া থাকে তাহা নিরর্থক।	
	اَفَمَنْ كَانَ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّهٖ وَيَتْلُوْهُ شَاهِدٌ مِّنْهُ وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰٓى اِمَامًا وَّرَحْمَةً ؕ اُولٰٓئِكَ يُؤْمِنُوْنَ بِهٖ ؕ وَمَنْ يَّكْفُرْ بِهٖ مِنَ الْاَحْزَابِ فَالنَّارُ مَوْعِدُهٗ ۚ فَلَا تَكُ فِىْ مِرْيَةٍ مِّنْهُ ۗ اِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّكَ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُوْنَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	আফামাং কা–না ‘আলা– বাইয়িনাতিম মির রাব্বিহী ওয়া ইয়াতলূহু শা–হিদুম মিনহু ওয়ামিং ক াবলিহী কিতা–বু মূছা– ইমা–মাওঁ ওয়া রাহ মাতান (ط) উলা~ইকা ইউ’মিনূনা বিহী (ط) ওয়া মাইঁ ইয়াকফুর বিহী মিনাল আহ ঝা–বি ফান্না–রু মাও‘ইদুহূ (ج) ফালা–তাকু ফী মিরইয়াতিম মিনহু (ق) ইন্নাহুল হ াক্কু মির রাব্বিকা ওয়ালা–কিন্না আকছ ারান্না–ছি লা–ইউ’মিনূন।	
তরজমা	তাহারা কি উহাদের সমতুল্য যাহারা প্রতিষ্ঠিত উহাদের প্রতিপালক-প্রেরিত স্পষ্ট প্রমাণের উপর, যাহার অনুসরণ করে তাঁহার প্রেরিত সাক্ষী এবং যাহার পূর্বে ছিল মূসার কিতাব আদর্শ ও অনুগ্রহস্বরূপ ? উহারাই ইহাতে বিশ্বাসী। অন্যান্য দলের যাহারা ইহাকে অস্বীকার করে, দোযখই তাহাদের প্রতিশ্রুত স্থান। সুতরাং তুমি ইহাতে সন্দিগ্ধ হইও না। ইহা তো তোমার প্রতিপালক-প্রেরিত সত্য, কিন্তু অধিকাংশ মানুষ বিশ্বাস করে না।	
	وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ؕ اُولٰٓئِكَ يُعْرَضُوْنَ عَلٰى رَبِّهِمْ وَيَقُوْلُ الْاَشْهَادُ هٰٓؤُلَآءِ الَّذِيْنَ كَذَبُوْا عَلٰى رَبِّهِمْ ۚ اَلَا لَعْنَةُ اللّٰهِ عَلَى الظّٰلِمِيْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া মান আজ লামূ মিম্মানিফতারা–‘আলাল্লা–হি কাযি বান (ط) উলা~ইকা ইউ‘রাদ্ূনা ‘আলা–রাব্বিহিম্ ওয়া ইয়াকূ লুল আশহা–দু হা~উলা~ইল্লায ীনা কায াবূ ‘আলা–রাব্বিহিম (ج) আলা–লা‘নাতুল্লা–হি ‘আলাজ্জ া–লিমীন।	
তরজমা	যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে তাহাদের অপেক্ষা অধিক জালিম আর কে ? উহাদেরকে উপস্থিত করা হইবে উহাদের প্রতিপালকের সম্মুখে এবং সাক্ষিগণ বলিবে, ‘ইহারাই ইহাদের প্রতিপালকের বিরুদ্ধে মিথ্যা আরোপ করিয়াছিল।’ সাবধান ! আল্লাহ্র লা‘নত জালিমদের উপর,	
	الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ؕ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়াসুদ্দূনা ‘আং ছাবীলিল্লা–হি ওয়া ইয়াবগূনাহা–‘ইওয়াজাওঁ (ط) ওয়াহুম বিলআ–খিরাতি হুম কা–ফিরূন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	যাহারা আল্লাহ্‌র পথে বাধা দেয় এবং উহাতে বক্রতা অনুসন্ধান করে; এবং ইহারাই আখিরাত প্রত্যাখ্যান করে।	
	اُولٰٓئِكَ لَمْ يَكُوْنُوْا مُعْجِزِيْنَ فِى الْاَرْضِ وَمَا كَانَ لَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ۘ يُضٰعَفُ لَهُمُ الْعَذَابُ ؕ مَا كَانُوْا يَسْتَطِيْعُوْنَ السَّمْعَ وَمَا كَانُوْا يُبْصِرُوْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	উলা~ইকা লাম ইয়াকূনূ মু‘জিঝীনা ফিল আরদি ওয়ামা–কা–না লাহুম মিং দূনিল্লা–হি মিন আওলিয়া~আ(م)। ইউদা–‘আফু লাহুমুল ‘আযা–বু (ط) মা–কা–নূ ইয়াছতাত ী‘উনাছ্ছাম‘আ ওয়ামা–কা–নূ ইউবসিরূন।	
তরজমা	উহারা পৃথিবীতে আল্লাহ্‌কে অপারগ করিতে পারিত না এবং আল্লাহ্ ব্যতীত উহাদের অপর কোন অভিভাবক ছিল না ; উহাদের শাস্তি দ্বিগু ণ করা হইবে ; উহাদের শুনিবার সামর্থ্যও ছিল না এবং উহারা দেখিতও না।	
	اُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লাযীনা খাছিরূ আংফুছাহুম ওয়াদাল্লা ‘আনহুম মা–কা–নূ ইয়াফতারূন।	
তরজমা	উহারা নিজেদেরই ক্ষতি করিল এবং উহারা যে অলীক কল্পনা করিত তাহা উহাদের নিকট হইতে উধাও হইয়া গেল।	
	لَا جَرَمَ اَنَّهُمْ فِى الْاٰخِرَةِ هُمُ الْاَخْسَرُوْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	লা–জারামা আন্নাহুম ফিল আ–খিরাতি হুমুল আখছারূন।	
তরজমা	নিঃসন্দেহে উহারাই আখিরাতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاَخْبَتُوْٓا اِلٰى رَبِّهِمْ ۙ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা আ–মানূ ওয়া ‘আমিলুসসা–লিহা–তি ওয়া আখবাতূ~ইলা–রাব্বিহিম (ۙ) উলা~ইকা আসহা–বুল জান্নাতি (ج) হুম ফীহা–খা–লিদূন।	
তরজমা	যাহারা মু'মিন, সৎকর্মপরায়ণ এবং তাহাদের প্রতিপালকের প্রতি বিনয়াবনত, তাহারাই জান্নাতের অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	مَثَلُ الْفَرِيْقَيْنِ كَالْاَعْمٰى وَالْاَصَمِّ وَالْبَصِيْرِ وَالسَّمِيْعِ ؕ هَلْ يَسْتَوِيٰنِ مَثَلًا ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	মাছালুল ফারীকাইনি কালআ‘মা–ওয়াল আসাম্মি ওয়াল বাসীরি ওয়াছছামী‘ই (ط) হাল ইয়াছতাবিইয়া–নি মাছালান– (ط) আফালা–তাযাক্কারূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	দল দুইটির উপমা অন্ধ ও বধিরের এবং চক্ষুষ্মান ও শ্রবণ শক্তিসম্পন্নের ন্যায়, তুলনায় এই দুই কি সমান? তবুও কি তোমরা শিক্ষা গ্রহণ করিবে না?	
	وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖٓ ۡ اِنِّىْ لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ۝٢٥	**25**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক৾দ আরছালনা– নূহ৾ান ইলা–ক৾াওমিহী˜ (ز) ইন্নী লাকুম নায৾ীরুম মুবীন।	
তরজমা	আমি তো নূহ্‌কে তাহার সম্প্রদায়ের নিকট পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, 'আমি অবশ্যই তোমাদের জন্য প্রকাশ্য সতর্ককারী,	
	اَنْ لَّا تَعْبُدُوْٓا اِلَّا اللّٰهَ ؕ اِنِّىْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ اَلِيْمٍ ۝٢٦	**26**
প্রতিবর্ণায়ন	আল্লা– তা'বুদূ ইল্লাল্লা–হা (ط) ইন্নী˜আখা–ফু 'আলাইকুম 'আয৾া–বা ইয়াওমিন আলীম।	
তরজমা	যেন তোমরা আল্লাহ্ ব্যতীত অপর কিছুর 'ইবাদত না কর; আমি তো তোমাদের জন্য এক মর্মন্তুদ দিবসের শাস্তি আশংকা করি।'	
	فَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ مَا نَرٰىكَ اِلَّا بَشَرًا مِّثْلَنَا وَمَا نَرٰىكَ اتَّبَعَكَ اِلَّا الَّذِيْنَ هُمْ اَرَاذِلُنَا بَادِىَ الرَّاْىِ ۚ وَمَا نَرٰى لَكُمْ عَلَيْنَا مِنْ فَضْلٍۭ بَلْ نَظُنُّكُمْ كٰذِبِيْنَ ۝٢٧	**27**
প্রতিবর্ণায়ন	ফাক৾ালাল মালাউল্লায৾ীনা কাফারূ মিং ক৾াওমিহী মা–নারা–কা ইল্লা– বাশারাম মিছ্‌লানা– ওয়ামা– নারা–কাত্তাবা'আকা ইল্লাল্লায৾ীনা হুম আরা–যি৾লুনা– বা–দিয়ার্‌রা'ই (ج) ওয়ামা– নারা–লাকুম 'আলাইনা– মিং ফাদ৾লিম্ বাল নাজু৾ন্নুকুম কা–যি৾বীন।	
তরজমা	তাহার সম্প্রদায়ের প্রধানেরা, যাহারা ছিল কাফির তাহারা বলিল, 'আমরা তোমাকে তো আমাদের মত মানুষ ব্যতীত কিছু দেখিতেছি না; আমরা তো দেখিতেছি, তোমার অনুসরণ করিতেছে তাহারাই, যাহারা আমাদের মধ্যে বাহ্য দৃষ্টিতেই অধম এবং আমরা আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব দেখিতেছি না; বরং আমরা তোমাদেরকে মিথ্যাবাদী মনে করি।'	
	قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّىْ وَاٰتٰىنِىْ رَحْمَةً مِّنْ عِنْدِهٖ فَعُمِّيَتْ عَلَيْكُمْ ؕ اَنُلْزِمُكُمُوْهَا وَاَنْتُمْ لَهَا كٰرِهُوْنَ ۝٢٨	**28**
প্রতিবর্ণায়ন	ক৾া–লা ইয়া–ক৾াওমি আরাআইতুম ইং কুংতু 'আলা– বাইয়িনাতিম মির্ রাব্বী ওয়া আ–তা–নী রাহ৾মাতাম্ মিন 'ইংদিহী ফা'উম্মিয়াত 'আলাইকুম (ط) আনুল্‌ঝিমুকুমূহা– ওয়া আংতুম লাহা– কা–রিহূন।	

তরজমা	সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আমাকে বল, আমি যদি আমার প্রতিপালক প্রেরিত স্পষ্ট নিদর্শনে প্রতিষ্ঠিত থাকি এবং তিনি যদি আমাকে তাঁহার নিজ অনুগ্রহ হইতে দান করিয়া থাকেন, আর ইহা তোমাদের নিকট গোপন রাখা হইয়াছে; আমি কি এই বিষয়ে তোমাদেরকে বাধ্য করিতে পারি, যখন তোমরা ইহা অপছন্দকর ?	
	وَيٰقَوْمِ لَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مَالًا ؕ اِنْ اَجْرِىَ اِلَّا عَلَى اللّٰهِ وَمَآ اَنَا بِطَارِدِ الَّذِيْنَ اٰمَنُوْا ؕ اِنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَلٰكِنِّيْۤ اَرٰٮكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ۝٢٩	29
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া-ক্বাওমি লা ~আছআলুকুম 'আলাইহি মা-লান (ط) ইন আজরিয়া ইল্লা-'আলাল্লা-হি ওয়ামা ~আনা-বিত্বা-রিদিল্লাযীনা আ-মানূ (ط) ইন্নাহুম মুলা-কূ রাব্বিহিম ওয়ালা-কিন্নী ~আরা-কুম ক্বাওমাং তাজহালূন।	
তরজমা	'হে আমার সম্প্রদায় ! ইহার পরিবর্তে আমি তোমাদের নিকট ধনসম্পদ যাচঞা করি না। আমার পারিশ্রমিক তো আল্লাহ্‌রই নিকট এবং মু'মিনদেরকে তাড়াইয়া দেওয়া আমার কাজ নয় ; তাহারা নিশ্চিতভাবে তাহাদের প্রতিপালকের সাক্ষাৎ লাভ করিবে। কিন্তু আমি তো দেখিতেছি তোমরা এক অজ্ঞ সম্প্রদায়।	
	وَيٰقَوْمِ مَنْ يَّنْصُرُنِىْ مِنَ اللّٰهِ اِنْ طَرَدْتُّهُمْ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ۝٣٠	30
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া- ক্বাওমি মাইঁ ইয়াংসুরুনী মিনাল্লা-হি ইং ত্বারাততুহুম (ط) আফালা- তাযাক্কারূন।	
তরজমা	'হে আমার সম্প্রদায়! আমি যদি তাহাদেরকে তাড়াইয়া দেই, তবে আল্লাহ্ হইতে আমাকে কে রক্ষা করিবে ? তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ?	
	وَلَآ اَقُوْلُ لَكُمْ عِنْدِىْ خَزَآٮِٕنُ اللّٰهِ وَلَآ اَعْلَمُ الْغَيْبَ وَلَآ اَقُوْلُ اِنِّىْ مَلَكٌ وَّلَآ اَقُوْلُ لِلَّذِيْنَ تَزْدَرِىْۤ اَعْيُنُكُمْ لَنْ يُّؤْتِيَهُمُ اللّٰهُ خَيْرًا ؕ اَللّٰهُ اَعْلَمُ بِمَا فِىْۤ اَنْفُسِهِمْ ۖۚ اِنِّىْۤ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ۝٣١	31
প্রতিবর্ণায়ন	ওয়ালা~ আকূ্লু লাকুম 'ইংদী খাঝা~ইনুল্লা-হি ওয়ালা ~আ'লামুল গাইবা ওয়ালা ~আকূ্লু ইন্নী মালাকুওঁ ওয়ালা ~আকূ্লু লিল্লাযীনা তাঝদারী~ আ'ইউনুকুম লাইঁ ইউতিয়াহুমুল্লা-হু খাইরান (ط) আল্লা-হু আ'লামু বিমা-ফী ~আংফুছিহিম (ج) ইন্নী ~ইযাল্ লামিনাজ্জা-লিমীন।	

তরজমা	'আমি তোমাদেরকে বলি না, 'আমার নিকট আল্লাহ্‌র ধনভাণ্ডার আছে,' আর না অদৃশ্য সম্বন্ধে আমি অবগত এবং আমি ইহাও বলি না যে, আমি ফিরিশ্‌তা। তোমাদের দৃষ্টিতে যাহারা হেয় তাহাদের সম্বন্ধে আমি বলি না যে, আল্লাহ্‌ তাহাদেরকে কখনই মঙ্গল দান করিবেন না ; তাহাদের অন্তরে যাহা আছে তাহা আল্লাহ্‌ সম্যক অবগত। তাহা হইলে আমি অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হইব।'	
	قَالُوْا يٰنُوْحُ قَدْ جٰدَلْتَنَا فَاَكْثَرْتَ جِدَالَنَا فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	কা-লূ ইয়া-নূহু কাদ জা-দালতানা ফাআকছারতা জিদা-লানা- ফা'তিনা- বিমা- তা'ইদুনা~ইং কুংতা মিনাসসা-দিকীন।	
তরজমা	তাহারা বলিল, 'হে নূহ্‌ ! তুমি তো আমাদের সঙ্গে বিতণ্ডা করিয়াছ-তুমি বিতণ্ডা করিয়াছ আমাদের সঙ্গে অতি মাত্রায়; সুতরাং তুমি সত্যবাদী হইলে আমাদেরকে যাহার ভয় দেখাইতেছ তাহা আনয়ন কর।'	
	قَالَ اِنَّمَا يَاْتِيْكُمْ بِهِ اللّٰهُ اِنْ شَآءَ وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	কা-লা ইন্নামা- ইয়া'তীকুম বিহিল্লা-হু ইং শা~আ ওয়ামা~আংতুম বিমু'জিঝীন।	
তরজমা	সে বলিল, 'ইচ্ছা করিলে আল্লাহ্‌ই উহা তোমাদের নিকট উপস্থিত করিবেন এবং তোমরা উহা ব্যর্থ করিতে পারিবে না।	
	وَلَا يَنْفَعُكُمْ نُصْحِيْٓ اِنْ اَرَدْتُّ اَنْ اَنْصَحَ لَكُمْ اِنْ كَانَ اللّٰهُ يُرِيْدُ اَنْ يُّغْوِيَكُمْ ؕ هُوَ رَبُّكُمْ ۟ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ইয়াংফা'উকুম নুসহী~ইন আরাততু আন আংসাহা লাকুম ইং কা-নাল্লা-হু ইউরীদু আইঁ ইউগবিয়াকুম (ط) হুওয়া রাব্বুকুম (قف) ওয়া ইলাইহি তুরজা'উন।	
তরজমা	'আমি তোমাদেরকে উপদেশ দিতে চাহিলেও আমার উপদেশ তোমাদের উপকারে আসিবে না, যদি আল্লাহ্‌ তোমাদেরকে বিভ্রান্ত করিতে চান। তিনিই তোমাদের প্রতিপালক এবং তাঁহারই নিকট তোমাদের প্রত্যাবর্তন।'	
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَعَلَيَّ اِجْرَامِيْ وَاَنَا بَرِيْٓءٌ مِّمَّا تُجْرِمُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	আম ইয়াকূলূনাফ তারা-হু (ط) কুল ইনিফ তারাইতুহূ ফা'আলাইয়া ইজরা-মী ওয়া আনা বারী~উম মিম্মা-তুজরিমূন।	
তরজমা	তাহারা কি বলে যে, সে ইহা রচনা করিয়াছে ? বল, 'আমি যদি ইহা রচনা করিয়া থাকি, তবে আমিই আমার অপরাধের জন্য দায়ী হইব। তোমরা যে অপরাধ করিতেছ তাহা হইতে আমি দায়মুক্ত।'	

| --- | --- | --- |
	وَاُوْحِیَ اِلٰی نُوْحٍ اَنَّهٗ لَنْ یُّؤْمِنَ مِنْ قَوْمِكَ اِلَّا مَنْ قَدْ اٰمَنَ فَلَا تَبْتَىِٕسْ بِمَا كَانُوْا یَفْعَلُوْنَ ۝۳۶	36
তরজমা	এক যাত্রীদল আসিল, উহারা উহাদের পানি সংগ্রাহককে প্রেরণ করিল। সে তাহার পানির ডোল নামাইয়া দিল। সে বলিয়া উঠিল, ‘কী সুখবর! এ যে এক কিশোর!’ অতঃপর উহারা তাহাকে পণ্যরূপে লুকাইয়া রাখিল। উহারা যাহা করিতেছিল সে বিষয়ে আল্লাহ্ সবিশেষ অবহিত ছিলেন।	
	وَشَرَوْهُ بِثَمَنٍۢ بَخْسٍ دَرَاهِمَ مَعْدُوْدَةٍ ۚ وَكَانُوْا فِيْهِ مِنَ الزّٰهِدِيْنَ ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া শারাওহু বিছামানিম্ বাখছিং দারা-হিমা মা‘দূদাতিওঁ (ج) ওয়া কা-নূ ফীহি মিনাঝ্ঝা-হিদীন।	
তরজমা	এবং উহারা তাহাকে বিক্রয় করিল স্বল্প মূল্যে-মাত্র কয়েক দিরহামের বিনিময়ে, উহারা ছিল তাহার ব্যাপারে নির্লোভ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالَ الَّذِي اشْتَرَاهُ مِن مِّصْرَ لِامْرَأَتِهِ أَكْرِمِي مَثْوَاهُ عَسَىٰ أَن يَنفَعَنَا أَوْ نَتَّخِذَهُ وَلَدًا ۚ وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ وَلِنُعَلِّمَهُ مِن تَأْوِيلِ الْأَحَادِيثِ ۚ وَاللَّهُ غَالِبٌ عَلَىٰ أَمْرِهِ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٢١﴾	**21**
প্রতিবর্ণায়ন	ওয়া ক˙া–লাল্লাযি˙শ তারা–হু মিম্ মিসরা লিম্রাআতিহী˜আকরিমী মাছ˙ ওয়াহু ‘আছা˜আইঁ ইয়াংফা‘আনা˜আও নাত্তাখিয˙াহূ ওয়ালাদাওঁ (ط) ওয়া কায˙া–লিকা মাক্কান্না–লিইউছুফা ফিল আরদি˙ (ز) ওয়া লিনু‘আল্লিমাহূ মিং তা’ব˙ীলিল আহ˙া–দীছি˙ (ط) ওয়াল্লা–হু গা–লিবুন ‘আলা˜আমরিহী ওয়ালা–কিন্না আকছ˙ারা–ন্না–ছি লা–ইয়া‘লামূন।	
তরজমা	মিসরের যে ব্যক্তি তাহাকে ক্রয় করিয়াছিল, সে তাহার স্ত্রীকে বলিল, ‘ইহার থাকিবার সম্মানজনক ব্যবস্থা কর, সম্ভবত সে আমাদের উপকারে আসিবে অথবা আমরা ইহাকে পুত্ররূপেও গ্রহণ করিতে পারি।’ এবং এইভাবে আমি ইউসুফকে সেই দেশে প্রতিষ্ঠিত করিলাম তাহাকে স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিবার জন্য। আল্লাহ্ তাঁহার কার্য সম্পাদনে অপ্রতিহত; কিন্তু অধিকাংশ মানুষ ইহা অবগত নয়।	
	وَلَمَّا بَلَغَ أَشُدَّهُ آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ﴿٢٢﴾	**22**
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা–বালাগা আশুদ্দাহূ˜ আ–তাইনা–হু হু˙কমাওঁ ওয়া ‘ইলমাওঁ (ط) ওয়া কায˙া–লিকা নাজঝিল্ মুহ˙ছিনীন।	
তরজমা	সে যখন পূর্ণ যৌবনে উপনীত হইল তখন আমি তাহাকে হিক্‌মত ও জ্ঞান দান করিলাম এবং এইভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করি।	
	وَرَاوَدَتْهُ الَّتِي هُوَ فِي بَيْتِهَا عَن نَّفْسِهِ وَغَلَّقَتِ الْأَبْوَابَ وَقَالَتْ هَيْتَ لَكَ ۚ قَالَ مَعَاذَ اللَّهِ ۖ إِنَّهُ رَبِّي أَحْسَنَ مَثْوَايَ ۖ إِنَّهُ لَا يُفْلِحُ الظَّالِمُونَ ﴿٢٣﴾	**23**
প্রতিবর্ণায়ন	ওয়ারা–ওয়াদাত হুল্লাতী হুওয়া ফী বাইতিহা–‘আং নাফছিহী ওয়া গাল্লাক˙াতিল আবওয়া–বা ওয়াক˙া–লাত হাইতা লাকা (ط) ক˙া–লা মা‘আ–য˙াল্লা–হি ইন্নাহূ রাব্বী– আহ˙ছানা মাছ˙ ওয়া–ইয়া; ইন্নাহূ লা–ইউফলিহু˙জ˙জ˙া–লিমূন।	
তরজমা	সে যে স্ত্রীলোকের গৃহে ছিল সে তাহা হইতে অসৎকর্ম কামনা করিল এবং দরজাগুলি বন্ধ করিয়া দিল ও বলিল, ‘আস।’ সে বলিল, ‘আমি আল্লাহ্‌র শরণ লইতেছি, তিনি আমার প্রভু; তিনি আমার থাকিবার সুন্দর ব্যবস্থা করিয়াছেন। নিশ্চয়ই সীমালংঘনকারীরা সফলকাম হয় না।’	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَقَدْ هَمَّتْ بِهٖ ۚ وَهَمَّ بِهَا لَوْلَآ اَنْ رَّاٰ بُرْهَانَ رَبِّهٖ ؕ كَذٰلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوْٓءَ وَالْفَحْشَآءَ ؕ اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُخْلَصِيْنَ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়া লাক˙াদ হাম্মাত বিহী (ج) ওয়া হাম্মা বিহা– লাওলা–আর রাআ–বুরহা–না রাব্বিহী (ط) কায˙া–লিকা লিনাসরিফা ‘আনহুছ্ছূ~আ ওয়াল ফাহ˙শা~আ (ط) ইন্নাহূ মিন ‘ইবা–দিনাল মুখলাসীন।	
তরজমা	সেই রমণী তো তাহার প্রতি আসক্ত হইয়াছিল এবং সেও উহার প্রতি আসক্ত হইয়া পড়িত যদি না সে তাহার প্রতিপালকের নিদর্শন প্রত্যক্ষ করিত। আমি তাহাকে মন্দ কর্ম ও অশ্লীলতা হইতে বিরত রাখিবার জন্য এইভাবে নিদর্শন দেখাইয়াছিলাম। সে তো ছিল আমার বিশুদ্ধচিত্ত বান্দাদের অন্তর্ভুক্ত।	
	وَاسْتَبَقَا الْبَابَ وَقَدَّتْ قَمِيْصَهٗ مِنْ دُبُرٍ وَّاَلْفَيَا سَيِّدَهَا لَدَا الْبَابِ ؕ قَالَتْ مَا جَزَآءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْٓءًا اِلَّآ اَنْ يُّسْجَنَ اَوْ عَذَابٌ اَلِيْمٌ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়াছ তাবাক˙াল বা–বা ওয়া ক˙াদ্দাত ক˙ামীসাহূ মিং দুবুরিওঁ ওয়া আলফাইয়া–ছাইয়িদাহা–লাদাল বা–বি (ط) ক˙া–লাত মা– জাঝা~উ মান আরা–দা বিআহলিকা ছূ~আন ইল্লা˜আঁই ইউছজানা আও ‘আয˙া–বুন আলীম।	
তরজমা	উহারা উভয়ে দৌড়াইয়া দরজার দিকে গেল এবং স্ত্রীলোকটি পিছন হইতে তাহার জামা ছিঁড়িয়া ফেলিল, তাহারা স্ত্রীলোকটির স্বামীকে দরজার নিকট পাইল। স্ত্রীলোকটি বলিল, ‘যে তোমার পরিবারের সঙ্গে কুকর্ম কামনা করে তাহার জন্য কারাগারে প্রেরণ অথবা অন্য কোন মর্মন্তুদ শাস্তি ব্যতীত আর কী দণ্ড হইতে পারে ?’	
	قَالَ هِيَ رَاوَدَتْنِيْ عَنْ نَّفْسِيْ وَشَهِدَ شَاهِدٌ مِّنْ اَهْلِهَا ۚ اِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ قُبُلٍ فَصَدَقَتْ وَهُوَ مِنَ الْكٰذِبِيْنَ ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	ক˙া–লা হিয়া রা–ওয়াদাতনী ‘আং নাফছী ওয়া শাহিদা শা–হিদুম মিন আহলিহা– (ج) ইং কা–না কামীসুহূ কু˙দ্দা মিং কু˙বুলিং ফাসাদাক˙াত ওয়া হুওয়া মিনাল কা–যি˙বীন।	
তরজমা	ইউসুফ বলিল, ‘সে-ই আমা হইতে অসৎকর্ম কামনা করিয়াছিল।’ স্ত্রীলোকটির পরিবারের একজন সাক্ষী সাক্ষ্য দিল, ‘যদি উহার জামার সম্মুখ দিক ছিন্ন করা হইয়া থাকে তবে স্ত্রীলোকটি সত্য কথা বলিয়াছে এবং পুরুষটি মিথ্যাবাদী,	
	وَاِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ دُبُرٍ فَكَذَبَتْ وَهُوَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কা–না ক˙ামীসুহূ কু˙দ্দা মিং দুবুরিং ফাকায˙াবাত ওয়া হুওয়া মিনাস্‌সা–দিক˙ীন।	

তরজমা	‘কিন্তু উহার জামা যদি পিছন দিক হইতে ছিন্ন করা হইয়া থাকে তবে স্ত্রীলোকটি মিথ্যা বলিয়াছে এবং পুরুষটি সত্যবাদী।’	
	فَلَمَّا رَاٰ قَمِيْصَهٗ قُدَّ مِنْ دُبُرٍ قَالَ اِنَّهٗ مِنْ كَيْدِكُنَّ ۭ اِنَّ كَيْدَكُنَّ عَظِيْمٌ ۝٢٨	**28**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা–রাআ–ক ামীসাহূ কু দ্দা মিং দুবরিং ক া–লা ইন্নাহূ মিং কাইদিকুন্ন (ط) ইন্না কাইদাকুন্না ‘আজ ীম।	
তরজমা	গৃহস্বামী যখন দেখিল যে, তাহার জামা পিছন দিক হইতে ছিন্ন করা হইয়াছে তখন সে বলিল, ‘নিশ্চয়ই ইহা তোমাদের নারীদের ছলনা, তোমাদের ছলনা তো ভীষণ।’	
	يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا ۫ وَاسْتَغْفِرِيْ لِذَنْۢبِكِ ښ اِنَّكِ كُنْتِ مِنَ الْخٰطِـِٕيْنَ ۝٢٩	**29**
প্রতিবর্ণায়ন	ইউছুফু আ‘রিদ ‘আন হা–য া– (سكتة) ওয়াছতাগফিরী লিয ামবিকি (ج) ইন্নাকি কুংতি মিনাল খা–তি ঈন।	
তরজমা	‘হে ইউসুফ! তুমি ইহা উপেক্ষা কর এবং হে নারী! তুমি তোমার অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা কর; তুমিই তো অপরাধী।’	
	وَقَالَ نِسْوَةٌ فِي الْمَدِيْنَةِ امْرَاَتُ الْعَزِيْزِ تُرَاوِدُ فَتٰىهَا عَنْ نَّفْسِهٖ ۚ قَدْ شَغَفَهَا حُبًّا ۭ اِنَّا لَنَرٰىهَا فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝٣٠	**30**
প্রতিবর্ণায়ন	ওয়া ক া–লা নিছওয়াতুং ফিল মাদীনাতিম রাআতুল ‘আঝীঝি তুরা–বি দু ফাতা–হা– ‘আং নাফছিহী (ج) ক াদ শাগাফাহা–হু ব্বান (ط) ইন্না লানারা–হা–ফী দ ালা–লিম মুবীন।	
তরজমা	নগরে কতিপয় নারী বলিল, ‘আযীযের স্ত্রী তাহার যুবক দাস হইতে অসৎ কর্ম কামনা করিতেছে, প্রেম তাহাকে উন্মত্ত করিয়াছে, আমরা তো তাহাকে দেখিতেছি স্পষ্ট বিভ্রান্তিতে।’	
	فَلَمَّا سَمِعَتْ بِمَكْرِهِنَّ اَرْسَلَتْ اِلَيْهِنَّ وَاَعْتَدَتْ لَهُنَّ مُتَّكَاً وَّاٰتَتْ كُلَّ وَاحِدَةٍ مِّنْهُنَّ سِكِّيْنًا وَّقَالَتِ اخْرُجْ عَلَيْهِنَّ ۚ فَلَمَّا رَاَيْنَهٗٓ اَكْبَرْنَهٗ وَقَطَّعْنَ اَيْدِيَهُنَّ وَقُلْنَ حَاشَ لِلّٰهِ مَا هٰذَا بَشَرًا ۭ اِنْ هٰذَآ اِلَّا مَلَكٌ كَرِيْمٌ ۝٣١	**31**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা–ছামি‘আত বিমাকরিহিন্না আরছালাত ইলাইহিন্না ওয়া আ‘তাদাত লাহুন্না মুত্তাকাআওঁ ওয়া আ–তাত কুল্লা ওয়াহি দাতিম মিনহুন্না ছিক্কীনাওঁ ওয়া ক া–লাতিখরুজ ‘আলাইহিন্না (ج) ফালাম্মা–রাআইনাহূ ˜আকবারনাহূ ওয়া ক াত্ত া‘না আইদিয়াহুন্না ওয়াকু লনা হ া–শা লিল্লা–হি মা– হা–য া–বাশারান (ط) ইন হা–য া˜ ইল্লা– মালাকুং কারীম।	

তরজমা	স্ত্রীলোকটি যখন উহাদের ষড়যন্ত্রের কথা শুনিল, তখন সে উহাদেরকে ডাকিয়া পাঠাইল, উহাদের জন্য আসন প্রস্তুত করিল, উহাদের প্রত্যেককে একটি করিয়া ছুরি দিল এবং ইউসুফকে বলিল, 'উহাদের সম্মুখে বাহির হও।' অতঃপর উহারা যখন তাহাকে দেখিল তখন উহারা তাহার গরিমায় অভিভূত হইল এবং নিজেদের হাত কাটিয়া ফেলিল। উহারা বলিল, 'অদ্ভুত আল্লাহ্‌র মাহাত্ম্য! এ তো মানুষ নয়, এ তো এক মহিমান্বিত ফিরিশ্‌তা!'	
	قَالَتْ فَذٰلِكُنَّ الَّذِىْ لُمْتُنَّنِىْ فِيْهِ ؕ وَلَقَدْ رَاوَدْتُّهٗ عَنْ نَّفْسِهٖ فَاسْتَعْصَمَ ؕ وَلَئِنْ لَّمْ يَفْعَلْ مَاۤ اٰمُرُهٗ لَيُسْجَنَنَّ وَلَيَكُوْنًا مِّنَ الصّٰغِرِيْنَ ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	ক্বা-লাত ফাযা-লিকুন্নাল্লাযী লুমতুন্নানী ফীহি (ط) ওয়া লাক্বাদ রা-ওয়াততুহূ 'আং নাফছিহী ফাছতা'সামা (ط) ওয়া লাইল্লাম ইয়াফ'আল মা~আ-মুরুহূ লাইউছজানান্না ওয়া লাইয়াকূনাম মিনাসসা-গিরীন।	
তরজমা	সে বলিল, 'এ-ই সে যাহার সম্বন্ধে তোমরা আমার নিন্দা করিয়াছ। আমি তো তাহা হইতে অসৎ কর্ম কামনা করিয়াছি। কিন্তু সে নিজেকে পবিত্র রাখিয়াছে; আমি তাহাকে যাহা আদেশ করিয়াছি সে যদি তাহা না করে, তবে সে কারারুদ্ধ হইবেই এবং হীনদের অন্তর্ভুক্ত হইবে।	
	قَالَ رَبِّ السِّجْنُ اَحَبُّ اِلَىَّ مِمَّا يَدْعُوْنَنِىْۤ اِلَيْهِ ۚ وَاِلَّا تَصْرِفْ عَنِّىْ كَيْدَهُنَّ اَصْبُ اِلَيْهِنَّ وَاَكُنْ مِّنَ الْجٰهِلِيْنَ ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	ক্বা-লা রাব্বিছ্ছিজনু আহাব্বু ইলাইইয়া মিম্মা-ইয়াদ'উনানী~ইলাইহি (ج) ওয়া ইল্লা-তাসরিফ 'আন্নী কাইদাহুন্না আসবু ইলাইহিন্না ওয়াআকুম মিনাল জা-হিলীন।	
তরজমা	ইউসুফ বলিল, 'হে আমার প্রতিপালক! এই নারীগণ আমাকে যাহার প্রতি আহ্বান করিতেছে তাহা অপেক্ষা কারাগার আমার নিকট অধিক প্রিয়। আপনি যদি উহাদের ছলনা হইতে আমাকে রক্ষা না করেন তবে আমি উহাদের প্রতি আকৃষ্ট হইয়া পড়িব এবং অজ্ঞদের অন্তর্ভুক্ত হইব।'	
	فَاسْتَجَابَ لَهٗ رَبُّهٗ فَصَرَفَ عَنْهُ كَيْدَهُنَّ ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ফাছতাজা-বা লাহূ রাব্বুহূ ফাসারাফা 'আনহু কাইদাহুন্না (ط) ইন্নাহূ হুওয়াছছামী'উল 'আলীম।	
তরজমা	অতঃপর তাহার প্রতিপালক তাহার আহ্বানে সাড়া দিলেন এবং তাহাকে উহাদের ছলনা হইতে রক্ষা করিলেন। তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	ثُمَّ بَدَا لَهُمْ مِّنْۢ بَعْدِ مَا رَاَوُا الْاٰيٰتِ لَيَسْجُنُنَّهٗ حَتّٰى حِيْنٍ ﴿۳۵﴾	35

প্রতিবর্ণায়ন	ছু ম্মা বাদা-লাহুম মিম বা'দি মা-রাআউল আ-য়া-তি লাইয়াছজুনুন্নাহূ হ াত্তা-হ ীন।	
তরজমা	নিদর্শনাবলী দেখিবার পর উহাদের মনে হইল যে, তাহাকে কিছু কালের জন্য কারারুদ্ধ করিতেই হইবে।	
	وَدَخَلَ مَعَهُ السِّجْنَ فَتَيٰنِ ؕ قَالَ اَحَدُهُمَاۤ اِنِّیۡۤ اَرٰىنِیۡۤ اَعۡصِرُ خَمۡرًا ۚ وَقَالَ الۡاٰخَرُ اِنِّیۡۤ اَرٰىنِیۡۤ اَحۡمِلُ فَوۡقَ رَاۡسِیۡ خُبۡزًا تَاۡكُلُ الطَّیۡرُ مِنۡهُ ؕ نَبِّئۡنَا بِتَاۡوِیۡلِهٖ ۚ اِنَّا نَرٰىكَ مِنَ الۡمُحۡسِنِیۡنَ ﴿۳۶﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়া দাখালা মা'আহুছ ছিজনা ফাতাইয়া-ন (ط) কা-লা আহ াদুহুমা~ ইন্নী~ আরা-নী~ আ'সিরু খামরা- (ج) ওয়া কা-লাল আ-খারু ইন্নী~আরা-নী আহ মিলু ফাওকা রা'ছী খুবঝাং তা'কুলুত ত াইরু মিনহু (ط) নাব্বি'না-বিতা'ওয়ীলিহী (ج) ইন্না- নারা-কা মিনাল মুহ ছিনীন।	
তরজমা	তাহার সঙ্গে দুইজন যুবক কারাগারে প্রবেশ করিল। উহাদের একজন বলিল, 'আমি স্বপ্নে দেখিলাম, আমি আঙ্গুর নিংড়াইয়া রস বাহির করিতেছি', এবং অপরজন বলিল, 'আমি স্বপ্নে দেখিলাম, আমি আমার মস্তকে রুটি বহন করিতেছি এবং পাখি উহা হইতে খাইতেছে। আমাদেরকে তুমি ইহার তাৎপর্য জানাইয়া দাও, আমরা তো তোমাকে সৎকর্মপরায়ণ দেখিতেছি।'	
	قَالَ لَا یَاۡتِیۡكُمَا طَعَامٌ تُرۡزَقٰنِهٖۤ اِلَّا نَبَّاۡتُكُمَا بِتَاۡوِیۡلِهٖ قَبۡلَ اَنۡ یَّاۡتِیَكُمَا ؕ ذٰلِكُمَا مِمَّا عَلَّمَنِیۡ رَبِّیۡ ؕ اِنِّیۡ تَرَكۡتُ مِلَّةَ قَوۡمٍ لَّا یُؤۡمِنُوۡنَ بِاللّٰهِ وَهُمۡ بِالۡاٰخِرَةِ هُمۡ كٰفِرُوۡنَ ﴿۳۷﴾	37
প্রতিবর্ণায়ন	কা-লা লা-ইয়া'তীকুমা- ত া'আ-মুং তুরঝাকা-নিহী~ইল্লা-নাব্বা'তুকুমা- বিতা'ব ীলিহী কাবলা আইঁ ইয়া'তিয়াকুমা- (ط) যা-লিকুমা-মিম্মা-'আল্লামানী রাব্বী (ط) ইন্নী তারাকতু মিল্লাতা কাওমিল লা-ইউ'মিনূনা বিল্লা-হি ওয়াহুম বিলআ-খিরাতি হুম কা-ফিরূন।	
তরজমা	ইউসুফ বলিল, 'তোমাদেরকে যে খাদ্য দেওয়া হয় তাহা আসিবার পূর্বেই আমি তোমাদেরকে স্বপ্নের তাৎপর্য জানাইয়া দিব। আমি যাহা তোমাদেরকে বলিব তাহা, আমার প্রতিপালক আমাকে যাহা শিক্ষা দিয়াছেন তাহা হইতে বলিব। যে সম্প্রদায় আল্লাহে বিশ্বাস করে না ও আখিরাতে অবিশ্বাসী আমি তাহাদের মতবাদ বর্জন করিয়াছি।	
	وَاتَّبَعۡتُ مِلَّةَ اٰبَآءِیۡۤ اِبۡرٰهِیۡمَ وَاِسۡحٰقَ وَیَعۡقُوۡبَ ؕ مَا كَانَ لَنَاۤ اَنۡ نُّشۡرِكَ بِاللّٰهِ مِنۡ شَیۡءٍ ؕ ذٰلِكَ مِنۡ فَضۡلِ اللّٰهِ عَلَیۡنَا وَعَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكۡثَرَ النَّاسِ لَا یَشۡكُرُوۡنَ ﴿۳۸﴾	38

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাবা'তু মিল্লাতা আ-বা~ঈ˜ ইবরা-হীমা ওয়া ইছহা-ক়া ওয়া ইয়া'ক়ূবা (ط) মা-কা-না লানা˜আং নুশরিকা বিল্লা-হি মিং শাইইং (ط) যা-লিকা মিং ফাদ্বলিল্লা-হি আলাইনা-ওয়া'আলান্না-ছি ওয়ালা-কিন্না আকছারান্না-ছি লা-ইয়াশকুরূন।	
তরজমা	'আমি আমার পিতৃপুরুষ ইব্‌রাহীম, ইস্‌হাক এবং ইয়া'কূবের মতবাদ অনুসরণ করি। আল্লাহ্‌র সঙ্গে কোন বস্তুকে শরীক করা আমাদের কাজ নয়। ইহা আমাদের ও সমস্ত মানুষের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ; কিন্তু অধিকাংশ মানুষই কৃতজ্ঞতা প্রকাশ করে না।	
	يَٰصَٰحِبَيِ ٱلسِّجْنِ ءَأَرْبَابٌ مُّتَفَرِّقُونَ خَيْرٌ أَمِ ٱللَّهُ ٱلْوَٰحِدُ ٱلْقَهَّارُ ۝٣٩	39
প্রতিবর্ণায়ন	ইয়া-সা-হিবাইছ্‌ছিজনি আ আরবা-বুম মুতাফাররিকূনা খাইরুন আমিল্লা-হুল ওয়া-হিদুল ক়াহ্‌হা-র।	
তরজমা	'হে কারা-সঙ্গীদ্বয়! ভিন্ন ভিন্ন বহু প্রতিপালক শ্রেয়, না পরাক্রমশালী এক আল্লাহ্ ?	
	مَا تَعْبُدُونَ مِن دُونِهِۦٓ إِلَّآ أَسْمَآءً سَمَّيْتُمُوهَآ أَنتُمْ وَءَابَآؤُكُم مَّآ أَنزَلَ ٱللَّهُ بِهَا مِن سُلْطَٰنٍ ۚ إِنِ ٱلْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوٓا۟ إِلَّآ إِيَّاهُ ۚ ذَٰلِكَ ٱلدِّينُ ٱلْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ ٱلنَّاسِ لَا يَعْلَمُونَ ۝٤٠	40
প্রতিবর্ণায়ন	মা-তা'বুদূনা মিং দূনিহী˜ইল্লা˜আছমা~আং ছাম্মাইতুমূহা˜ আংতুম ওয়া আ-বা~উকুম মা-আংঝালাল্লা-হু বিহা-মিং ছুলত়া-নিন (ط) ইনিল হুক্‌ম ইল্লা-লিল্লা-হি (ط) আমারা আল্লা-তা'বুদূ˜ইল্লা-ইইয়া-হু (ط) যা-লিকাদ্দীনুল ক়াইয়িমু ওয়ালা-কিন্না আকছারান্না-ছি লা-ইয়া'লামূন।	
তরজমা	'তাঁহাকে ছাড়িয়া তোমরা কেবল কতকগুলি নামের 'ইবাদত করিতেছ, যেই নামগুলি তোমাদের পিতৃপুরুষ ও তোমরা রাখিয়াছ; এইগুলির কোন প্রমাণ আল্লাহ্ পাঠান নাই। বিধান দিবার অধিকার কেবল আল্লাহ্‌রই। তিনি আদেশ দিয়াছেন অন্য কাহারও 'ইবাদত না করিতে, কেবল তাঁহার ব্যতীত; ইহাই শাশ্বত দীন, কিন্তু অধিকাংশ মানুষ ইহা অবগত নয়।	
	يَٰصَٰحِبَيِ ٱلسِّجْنِ أَمَّآ أَحَدُكُمَا فَيَسْقِى رَبَّهُۥ خَمْرًا ۖ وَأَمَّا ٱلْءَاخَرُ فَيُصْلَبُ فَتَأْكُلُ ٱلطَّيْرُ مِن رَّأْسِهِۦ ۚ قُضِىَ ٱلْأَمْرُ ٱلَّذِى فِيهِ تَسْتَفْتِيَانِ ۝٤١	41
প্রতিবর্ণায়ন	ইয়া- সা-হিবাইছ ছিজনি আম্মা˜আহাদুকুমা-ফাইয়াছক়ী রাব্বাহূ খামরাও (ج) ওয়াআম্মাল আ-খারু ফাইউসলাবু ফাতা'কুলুত্ব ত্বাইরু মির্‌রা'ছিহী (ط) কুদিয়াল আমরুল্লাযী ফীহি তাছতাফতিয়া-ন।	

তরজমা	‘হে কারা-সঙ্গীদ্বয়! তোমাদের দুইজনের একজন তাহার প্রভুকে মদ্য পান করাইবে এবং অপরজন শূলবিদ্ধ হইবে; অতঃপর তাহার মস্তক হইতে পাখি আহার করিবে। যে বিষয়ে তোমরা জানিতে চাহিয়াছ তাহার সিদ্ধান্ত হইয়া গিয়াছে।’	
	وَقَالَ لِلَّذِىْ ظَنَّ اَنَّهٗ نَاجٍ مِّنْهُمَا اذْكُرْنِىْ عِنْدَ رَبِّكَ ؗ فَاَنْسٰىهُ الشَّيْطٰنُ ذِكْرَ رَبِّهٖ فَلَبِثَ فِى السِّجْنِ بِضْعَ سِنِيْنَ ۟ؕ	42
প্রতিবর্ণায়ন	ওয়া ক়া-লা লিল্লাযী জ়ান্না আন্নাহূ না-জিম মিনহুমায্ কুরনী ‘ইংদা রাব্বিকা (ز) ফাআংছা-হুশ্‌শাইত়া-নু যিকরা রাব্বিহী ফালাবিছা ফিছ্‌ছিজনি বিদ্‌‘আ ছিনীন।	
তরজমা	ইউসুফ উহাদের মধ্যে যে মুক্তি পাইবে মনে করিল, তাহাকে বলিল, ‘তোমার প্রভুর নিকট আমার কথা বলিও’, কিন্তু শয়তান উহাকে উহার প্রভুর নিকট তাহার বিষয় বলিবার কথা ভুলাইয়া দিল; সুতরাং ইউসুফ কয়েক বৎসর কারাগারে রহিল।	
	وَقَالَ الْمَلِكُ اِنِّىْۤ اَرٰى سَبْعَ بَقَرٰتٍ سِمَانٍ يَّاْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَّسَبْعَ سُنْۢبُلٰتٍ خُضْرٍ وَّاُخَرَ يٰبِسٰتٍ ؕ يٰۤاَيُّهَا الْمَلَاُ اَفْتُوْنِىْ فِىْ رُءْيَاىَ اِنْ كُنْتُمْ لِلرُّءْيَا تَعْبُرُوْنَ ۟	43
প্রতিবর্ণায়ন	ওয়া ক়া-লাল মালিকু ইন্নী~আরা-ছাব‘আ বাক়ারা-তিং ছিমা-নিইঁ ইয়া’কুলুহুন্না ছাব‘উন ‘ইজা-ফুওঁ ওয়া ছাব‘আ ছুমবুলা-তিন খুদ্‌রিওঁ ওয়া উখারা ইয়া-বিছা-তিন (ط) ইয়া~আইয়ুহাল মালাউ আফতূনী ফী রু’ইয়া-ইয়া ইং কুংতুম লিররু’ইয়া- তা‘বুরূন।	
তরজমা	রাজা বলিল, ‘আমি স্বপ্নে দেখিলাম, সাতটি স্থূলকায় গাভী, উহাদেরকে সাতটি শীর্ণকায় গাভী ভক্ষণ করিতেছে এবং দেখিলাম সাতটি সবুজ শীষ ও অপর সাতটি শুষ্ক। হে প্রধানগণ! যদি তোমরা স্বপ্নের ব্যাখ্যা করিতে পার তবে আমার স্বপ্ন সম্বন্ধে অভিমত দাও।’	
	قَالُوْۤا اَضْغَاثُ اَحْلَامٍ ۚ وَمَا نَحْنُ بِتَاْوِيْلِ الْاَحْلَامِ بِعٰلِمِيْنَ ۟	44
প্রতিবর্ণায়ন	ক়া-লূ আদ়গা-ছু আহ়লা-মিন (ج) ওয়ামা নাহ়নু বিতা’বীলিল আহ়লা-মি বি‘আ-লিমীন।	
তরজমা	উহারা বলিল, ‘ইহা অর্থহীন স্বপ্ন এবং আমরা এইরূপ স্বপ্ন ব্যাখ্যায় অভিজ্ঞ নই।’	
	وَقَالَ الَّذِىْ نَجَا مِنْهُمَا وَادَّكَرَ بَعْدَ اُمَّةٍ اَنَا اُنَبِّئُكُمْ بِتَاْوِيْلِهٖ فَاَرْسِلُوْنِ ۟	45
প্রতিবর্ণায়ন	ওয়া ক়া-লাল্লাযী নাজা- মিনহুমা- ওয়াদ্‌দাকারা বা‘দা উম্মাতিন আনা-উনাব্বিউকুম বিতাবীলিহী ফাআরছিলূন।	

তরজমা	দুইজন কারারুদ্ধের মধ্যে যে মুক্তি পাইয়াছিল এবং দীর্ঘকাল পরে যাহার স্মরণ হইল সে বলিল, 'আমি ইহার তাৎপর্য তোমাদেরকে জানাইয়া দিব। সুতরাং তোমরা আমাকে পাঠাও।'	
	يُوْسُفُ اَيُّهَا الصِّدِّيْقُ اَفْتِنَا فِيْ سَبْعِ بَقَرٰتٍ سِمَانٍ يَّاْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَّسَبْعِ سُنْۢبُلٰتٍ خُضْرٍ وَّاُخَرَ يٰبِسٰتٍ لَّعَلِّيْٓ اَرْجِعُ اِلَى النَّاسِ لَعَلَّهُمْ يَعْلَمُوْنَ ﴿٤٦﴾	**46**
প্রতিবর্ণায়ন	ইউছুফু আইয়ুহাস্ সিদ্দীকু আফতিনা–ফী ছাব'ই বাক'রা–তিং ছিমা–নিইঁ ইয়া'কুলুহুন্না ছাব'উন 'ইজা–ফুওঁ ওয়া ছাব'ই ছুমবুলা–তিন খুদ্'রিওঁ ওয়া উখারা ইয়া–বিছা–তিল্ (ٌ) লা'আল্লী˜ আরজি'উ ইলান্না–ছি লা'আল্লাহুম ইয়া'লামূন।	
তরজমা	সে বলিল, 'হে ইউসুফ! হে সত্যবাদী! সাতটি স্থূলকায় গাভী, উহাদেরকে সাতটি শীর্ণকায় গাভী ভক্ষণ করিতেছে এবং সাতটি সবুজ শীষ ও অপর সাতটি শুষ্ক শীষ সম্বন্ধে তুমি আমাদেরকে ব্যাখ্যা দাও, যাহাতে আমি লোকদের নিকট ফিরিয়া যাইতে পারি ও যাহাতে তাহারা অবগত হইতে পারে।'	
	قَالَ تَزْرَعُوْنَ سَبْعَ سِنِيْنَ دَاَبًا ۚ فَمَا حَصَدْتُّمْ فَذَرُوْهُ فِيْ سُنْۢبُلِهٖٓ اِلَّا قَلِيْلًا مِّمَّا تَاْكُلُوْنَ ﴿٤٧﴾	**47**
প্রতিবর্ণায়ন	ক'া–লা তাঝরা'ঊনা ছাব'আ ছিনীনা দাআ–বা– (ج) ফামা–হ'াসাততুম ফায'ারূহু ফী ছুমবুলিহী–ইল্লা– ক'ালীলাম মিম্মা–তা'কুলূন।	
তরজমা	ইউসুফ বলিল, 'তোমরা সাত বৎসর একাদিক্রমে চাষ করিবে, অতঃপর তোমরা যে শস্য কর্তন করিবে উহার মধ্যে যে সামান্য পরিমাণ তোমরা ভক্ষণ করিবে, তাহা ব্যতীত সমস্ত শীষসমেত রাখিয়া দিবে;	
	ثُمَّ يَاْتِيْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ سَبْعٌ شِدَادٌ يَّاْكُلْنَ مَا قَدَّمْتُمْ لَهُنَّ اِلَّا قَلِيْلًا مِّمَّا تُحْصِنُوْنَ ﴿٤٨﴾	**48**
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইয়া'তী মিম্ বা'দি য'া-লিকা ছাব'উং শিদা-দুইঁ ইয়া'কুলনা মা-ক'াদ্দামতুম লাহুন্না ইল্লা-ক'ালীলাম মিম্মা-তুহ'সিনূন।	
তরজমা	'ইহার পর আসিবে সাতটি কঠিন বৎসর, এই সাত বৎসর, যাহা পূর্বে সঞ্চয় করিয়া রাখিবে, লোকে তাহা খাইবে; কেবল সামান্য কিছু যাহা তোমরা সংরক্ষণ করিবে, তাহা ব্যতীত।	
	ثُمَّ يَاْتِيْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَامٌ فِيْهِ يُغَاثُ النَّاسُ وَفِيْهِ يَعْصِرُوْنَ ﴿٤٩﴾	**49**
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইয়া'তী মিম বা'দি য'া–লিকা 'আ–মুং ফীহি ইউগা–ছু'ন্না–ছু ওয়া ফীহি ইয়া'সিরূন।	
তরজমা	'অতঃপর আসিবে এক বৎসর, সেই বৎসর মানুষের জন্য প্রচুর বৃষ্টিপাত হইবে এবং সেই বৎসর মানুষ প্রচুর ফলের রস নিংড়াইবে।'	

	وَقَالَ الْمَلِكُ ائْتُوْنِيْ بِهٖ ۚ فَلَمَّا جَآءَهُ الرَّسُوْلُ قَالَ ارْجِعْ اِلٰى رَبِّكَ فَسْئَلْهُ مَا بَالُ النِّسْوَةِ الّٰتِيْ قَطَّعْنَ اَيْدِيَهُنَّ ؕ اِنَّ رَبِّيْ بِكَيْدِهِنَّ عَلِيْمٌ ﴿۵۰﴾	50
প্রতিবর্ণায়ন	ওয়া ক়া-লাল মালিকু’তূনী বিহী (ج) ফালাম্মা-জা~আহুর রাছূলু ক়া-লারজি‘ ইলা-রাব্বিকা ফাছআলহু মা-বা-লুন্ নিছওয়াতিল্লা-তী ক়াত্ত়া‘না আইদিয়াহুন্না (ط) ইন্না রাব্বী বিকাইদিহিন্না ‘আলীম।	
তরজমা	রাজা বলিল, ‘তোমরা ইউসুফকে আমার নিকট লইয়া আস।’ যখন দূত তাহার নিকট উপস্থিত হইল তখন সে বলিল, ‘তুমি তোমার প্রভুর নিকট ফিরিয়া যাও এবং তাহাকে জিজ্ঞাসা কর, যে নারীগণ হাত কাটিয়া ফেলিয়াছিল তাহাদের অবস্থা কী! নিশ্চয়ই আমার প্রতিপালক তাহাদের ছলনা সম্যক অবগত।’	
	قَالَ مَا خَطْبُكُنَّ اِذْ رَاوَدْتُّنَّ يُوْسُفَ عَنْ نَّفْسِهٖ ؕ قُلْنَ حَاشَ لِلّٰهِ مَا عَلِمْنَا عَلَيْهِ مِنْ سُوْٓءٍ ؕ قَالَتِ امْرَاَتُ الْعَزِيْزِ الْـٰٔنَ حَصْحَصَ الْحَقُّ ۫ اَنَا رَاوَدْتُّهٗ عَنْ نَّفْسِهٖ وَاِنَّهٗ لَمِنَ الصّٰدِقِيْنَ ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	ক়া-লা মা-খাত়্বুকুন্না ইয্ রা-ওয়াত্তুন্না ইউছুফা ‘আং নাফছিহী (ط) ক়ুলনা হ়া-শা লিল্লা-হি মা-‘আলিমনা-‘আলাইহি মিং ছূ~ইং (ط) ক়া-লাতিম রাআতুল ‘আঝীঝিল্আ-না হ়াসহ়াসাল্ হ়াক্কু (ز) আনা-রা-ওয়াত্তুহূ ‘আং নাফছিহী ওয়া ইন্নাহূ লামিনাস্সা-দিক়ীন।	
তরজমা	রাজা নারীগণকে বলিল, ‘যখন তোমরা ইউসুফ হইতে অসৎ কর্ম কামনা করিয়াছিলে, তখন তোমাদের কী হইয়াছিল ?’ তাহারা বলিল, ‘অদ্ভুত আল্লাহ্‌র মাহাত্ম্য! আমরা উহার মধ্যে কোন দোষ দেখি নাই।’ ‘আযীযের স্ত্রী বলিল, ‘এক্ষণে সত্য প্রকাশ হইল, আমিই তাহাকে ফুসলাইয়াছিলাম, নিশ্চয়ই সে তো সত্যবাদী।’	
	ذٰلِكَ لِيَعْلَمَ اَنِّيْ لَمْ اَخُنْهُ بِالْغَيْبِ وَاَنَّ اللّٰهَ لَا يَهْدِيْ كَيْدَ الْخَآئِنِيْنَ ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	য়া-লিকা লিইয়া‘লামা আন্নী লাম আখুনহু বিলগাইবি ওয়া আন্নাল্লা-হা লা-ইয়াহদী কাইদাল খা~ইনীন।	
তরজমা	ইহা এইজন্য যে, যাহাতে সে জানিতে পারে, তাহার অনুপস্থিতিতে আমি তাহার প্রতি বিশ্বাসঘাতকতা করি নাই এবং নিশ্চয়ই আল্লাহ্ বিশ্বাসঘাতকদের ষড়যন্ত্র সফল করেন না।’	
	وَمَآ اُبَرِّئُ نَفْسِيْ ۚ اِنَّ النَّفْسَ لَاَمَّارَةٌۢ بِالسُّوْٓءِ اِلَّا مَا رَحِمَ رَبِّيْ ؕ اِنَّ رَبِّيْ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ উবাররিউ নাফছী (ج) ইন্নান্নাফছা লাআম্মা-রাতুম বিছ্ছূ~ই ইল্লা-মা- রাহি়মা রাব্বী (ط) ইন্না রাব্বী গাফূরুর রাহ়ীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সে বলিল, 'আমি নিজেকে নির্দোষ মনে করি না, মানুষের মন অবশ্যই মন্দ কর্মপ্রবণ, কিন্তু সে নয়, যাহার প্রতি আমার প্রতিপালক দয়া করেন। আমার প্রতিপালক তো অতি ক্ষমাশীল, পরম দয়ালু।'	
	وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ أَسْتَخْلِصْهُ لِنَفْسِي ۖ فَلَمَّا كَلَّمَهُ قَالَ إِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ ﴿٥٤﴾	**54**
প্রতিবর্ণায়ন	ওয়া ক া-লাল মালিকু'তূনী বিহী˜ আছতাখলিসহু লিনাফছী (ج) ফালাম্মা-কাল্লামাহূ ক া-লা ইন্নাকাল ইয়াওমা লাদাইনা- মাকীনুন আমীন।	
তরজমা	রাজা বলিল, 'ইউসুফকে আমার নিকট লইয়া আস; আমি তাহাকে আমার একান্ত সহচর নিযুক্ত করিব।' অতঃপর রাজা যখন তাহার সঙ্গে কথা বলিল, তখন রাজা বলিল, 'আজ তুমি তো আমাদের নিকট মর্যাদাশীল, বিশ্বাসভাজন হইলে।'	
	قَالَ اجْعَلْنِي عَلَىٰ خَزَائِنِ الْأَرْضِ ۖ إِنِّي حَفِيظٌ عَلِيمٌ ﴿٥٥﴾	**55**
প্রতিবর্ণায়ন	ক া-লাজ'আলনী 'আলা-খাঝা~ইনিল আরদি (ج) ইন্নী হ াফীজু ন 'আলীম।	
তরজমা	ইউসুফ বলিল, 'আমাকে দেশের ধনভাণ্ডারের উপর কর্তৃত্ব প্রদান করুন; আমি তো উত্তম রক্ষক, সুবিজ্ঞ।'	
	وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ ۚ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ يَشَاءُ ۚ نُصِيبُ بِرَحْمَتِنَا مَنْ نَشَاءُ ۖ وَلَا نُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ﴿٥٦﴾	**56**
প্রতিবর্ণায়ন	ওয়া কায া-লিকা মাক্কান্না-লিইউছুফা ফিল আরদি (ج) ইয়াতাবাওওয়াউ মিনহা- হ াইছু ইয়াশা~উ (ط) নুসীবু বিরাহ মাতিনা-মান্নাশা~উ ওয়ালা- নুদ ী'উ আজরাল মুহ ছিনীন।	
তরজমা	এইভাবে ইউসুফকে আমি সেই দেশে প্রতিষ্ঠিত করিলাম; সে সেই দেশে যথা ইচ্ছা অবস্থান করিতে পারিত। আমি যাহাকে ইচ্ছা তাহার প্রতি দয়া করি; আমি সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করি না।	
	وَلَأَجْرُ الْآخِرَةِ خَيْرٌ لِلَّذِينَ آمَنُوا وَكَانُوا يَتَّقُونَ ﴿٥٧﴾	**57**
প্রতিবর্ণায়ন	ওয়ালাআজরুল আ-খিরাতি খাইরুল্ লিল্লায ীনা আ-মানূ ওয়া কা-নূ ইয়াত্তাক্ ন।	
তরজমা	যাহারা মু'মিন এবং মুত্তাকী তাহাদের আখিরাতের পুরস্কারই উত্তম।	
	وَجَاءَ إِخْوَةُ يُوسُفَ فَدَخَلُوا عَلَيْهِ فَعَرَفَهُمْ وَهُمْ لَهُ مُنْكِرُونَ ﴿٥٨﴾	**58**
প্রতিবর্ণায়ন	ওয়াজা~আ ইখওয়াতু ইউছুফা ফাদাখালূ 'আলাইহি ফা'আরাফাহুম ওয়াহুম লাহূ মুংকিরূন।	

তরজমা	ইউসুফের ভ্রাতাগণ আসিল এবং তাহার নিকট উপস্থিত হইল। সে উহাদেরকে চিনিল, কিন্তু উহারা তাহাকে চিনিতে পারিল না।	
	وَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ قَالَ ائْتُونِي بِأَخٍ لَّكُم مِّنْ أَبِيكُمْ ۚ أَلَا تَرَوْنَ أَنِّي أُوفِي الْكَيْلَ وَأَنَا خَيْرُ الْمُنزِلِينَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-জাহহাঝাহুম বিজাহা-ঝিহিম ক া-লা'তূনী বিআখিল্লাকুম মিন আবীকুম (ج) আলা-তারাওনা আন্নী˜ ঊফিল কাইলা ওয়া আনা-খাইরুল মুংঝিলীন।	
তরজমা	এবং সে যখন উহাদের সামগ্রীর ব্যবস্থা করিয়া দিল তখন সে বলিল, 'তোমরা আমার নিকট তোমাদের বৈমাত্রেয় ভ্রাতাকে লইয়া আস। তোমরা কি দেখিতেছ না যে, আমি মাপে পূর্ণমাত্রায় দেই এবং আমি উত্তম অতিথিপরায়ণ।	
	فَإِن لَّمْ تَأْتُونِي بِهِ فَلَا كَيْلَ لَكُمْ عِندِي وَلَا تَقْرَبُونِ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ফাইল্লাম তা'তূনী বিহী ফালা-কাইলা লাকুম 'ইংদী ওয়ালা তাক ্রাবূন।	
তরজমা	'কিন্তু তোমরা যদি তাহাকে আমার নিকট লইয়া না আস তবে আমার নিকট তোমাদের জন্য কোন বরাদ্দ থাকিবে না এবং তোমরা আমার নিকটবর্তী হইবে না।	
	قَالُوا سَنُرَاوِدُ عَنْهُ أَبَاهُ وَإِنَّا لَفَاعِلُونَ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ক া-লূ ছানুরা-ওয়িদু 'আনহু আবা-হু ওয়া ইন্না-লাফা-'ইলূন।	
তরজমা	উহারা বলিল, 'উহার বিষয়ে আমরা উহার পিতাকে সম্মত করিবার চেষ্টা করিব এবং আমরা নিশ্চয়ই ইহা করিব।'	
	وَقَالَ لِفِتْيَانِهِ اجْعَلُوا بِضَاعَتَهُمْ فِي رِحَالِهِمْ لَعَلَّهُمْ يَعْرِفُونَهَا إِذَا انقَلَبُوا إِلَىٰ أَهْلِهِمْ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ওয়া ক া-লা লিফিতইয়া-নিহিজ'আলূ বিদ া-'আতাহুম ফী রিহ া-লিহিম লা'আল্লাহুম ইয়া'রিফূনাহা˜ ইয ্াংক ালাবূ˜ ইলা˜ আহলিহিম লা'আল্লাহুম ইয়ারজি'উন।	
তরজমা	ইউসুফ তাহার ভৃত্য-গণকে বলিল, 'উহারা যে পণ্যমূল্য দিয়াছে তাহা উহাদের মালপত্রের মধ্যে রাখিয়া দাও-যাহাতে স্বজনদের নিকট প্রত্যাবর্তনের পর উহারা তাহা চিনিতে পারে, তাহা হইলে উহারা পুনরায় আসিতে পারে।'	
	فَلَمَّا رَجَعُوا إِلَىٰ أَبِيهِمْ قَالُوا يَا أَبَانَا مُنِعَ مِنَّا الْكَيْلُ فَأَرْسِلْ مَعَنَا أَخَانَا نَكْتَلْ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ ﴿٦٣﴾	63

প্রতিবর্ণায়ন	ফালাম্মা- রাজা‘উ˜ ইলা˜আবীহিম ক্বা–লূ ইয়া˜আবা–না–মুনি‘আ মিন্নাল কাইলু ফাআরছিল মা‘আনা˜ আখা–না–নাকতাল ওয়া ইন্না–লাহূ লাহ্বা–ফিজূ্বন।	
তরজমা	অতঃপর উহারা যখন উহাদের পিতার নিকট ফিরিয়া আসিল, তখন উহারা বলিল, ‘হে আমাদের পিতা! আমাদের জন্য বরাদ্দ নিষিদ্ধ করা হইয়াছে। সুতরাং আমাদের ভ্রাতাকে আমাদের সঙ্গে পাঠাইয়া দিন যাহাতে আমরা রসদ পাইতে পারি। আমরা অবশ্যই তাহার রক্ষণা-বেক্ষণ করিব।’	
	قَالَ هَلْ اٰمَنُكُمْ عَلَيْهِ اِلَّا كَمَاۤ اَمِنْتُكُمْ عَلٰۤى اَخِيْهِ مِنْ قَبْلُ ؕ فَاللّٰهُ خَيْرٌ حٰفِظًا ۪ وَّهُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ক্বা–লা হাল আ–মানুকুম ‘আলাইহি ইল্লা–কামা˜আমিংতুকুম ‘আলা˜আখীহি মিং ক্বাবলু (ط) ফাল্লা–হু খাইরুন হ্বা–ফিজ্বাওঁ (ص) ওয়াহুওয়া আরহ্বামুর রা–হি্বমীন।	
তরজমা	সে বলিল, ‘আমি কি তোমাদেরকে উহার সম্বন্ধে সেইরূপ বিশ্বাস করিব, যেরূপ বিশ্বাস পূর্বে তোমাদেরকে করিয়া-ছিলাম উহার ভ্রাতা সম্বন্ধে ? আল্লাহ্‌ই রক্ষণাবেক্ষণে শ্রেষ্ঠ এবং তিনি সর্বশ্রেষ্ঠ দয়ালু।’	
	وَلَمَّا فَتَحُوْا مَتَاعَهُمْ وَجَدُوْا بِضَاعَتَهُمْ رُدَّتْ اِلَيْهِمْ ؕ قَالُوْا يٰۤاَبَانَا مَا نَبْغِيْ ؕ هٰذِهٖ بِضَاعَتُنَا رُدَّتْ اِلَيْنَا ۚ وَ نَمِيْرُ اَهْلَنَا وَنَحْفَظُ اَخَانَا وَنَزْدَادُ كَيْلَ بَعِيْرٍ ؕ ذٰلِكَ كَيْلٌ يَّسِيْرٌ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা–ফাতাহূ্ মাতা–‘আহুম ওয়াজাদূ বিদ্বা–‘আতাহুম রুদ্দাত ইলাইহিম (ط) ক্বা–লূ ইয়া˜ আবা–না–মা–নাবগী হা–যি্বহী বিদ্বা–‘আতুনা– রুদ্দাত ইলাইনা– (ج) ওয়া নামীরু আহলানা– ওয়া নাহ্‌ফাজু্ আখা–না–ওয়া নাঝদা–দু কাইলা বা‘ঈরিং (ط) য্বা–লিকা কাইলুইঁ ইয়াছীর।	
তরজমা	যখন উহারা উহাদের মালপত্র খুলিল তখন উহারা দেখিতে পাইল উহাদের পণ্যমূল্য উহাদেরকে প্রত্যর্পণ করা হইয়াছে। উহারা বলিল, ‘হে আমাদের পিতা! আমরা আর কি প্রত্যাশা করিতে পারি ? ইহা আমাদের প্রদত্ত পণ্যমূল্য, আমাদেরকে প্রত্যর্পণ করা হইয়াছে। পুনরায় আমরা আমাদের পরিবারবর্গকে খাদ্য-সামগ্রী আনিয়া দিব এবং আমরা আমাদের ভ্রাতার রক্ষণাবেক্ষণ করিব এবং আমরা অতিরিক্ত আর এক উষ্ট্রবোঝাই পণ্য আনিব; যাহা আনিয়াছি তাহা পরিমাণে অল্প।’	
	قَالَ لَنْ اُرْسِلَهٗ مَعَكُمْ حَتّٰى تُؤْتُوْنِ مَوْثِقًا مِّنَ اللّٰهِ لَتَاْتُنَّنِيْ بِهٖۤ اِلَّاۤ اَنْ يُّحَاطَ بِكُمْ ۚ فَلَمَّاۤ اٰتَوْهُ مَوْثِقَهُمْ قَالَ اللّٰهُ عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿٦٦﴾	66

প্রতিবর্ণায়ন	ক্বা-লা লান উরছিলাহূ মা‘আকুম হ্বাত্তা-তু’তূনি মাওছিক্বাম মিনাল্লা-হি লাতা’তুন্নানী বিহী~ ইল্লা~ আইঁ ইউহ্বা-ত্বা বিকুম (ج) ফালাম্মা~ আ-তাওহু মাওছিক্বাহুম ক্বা-লাল্লা-হু ‘আলা-মা-নাকূ্বলু ওয়াকীল।	
তরজমা	পিতা বলিল, ‘আমি উহাকে কখনই তোমাদের সঙ্গে পাঠাইব না যতক্ষণ না তোমরা আল্লাহ্‌র নামে অঙ্গীকার কর যে, তোমরা উহাকে আমার নিকট লইয়া আসিবেই, অবশ্য যদি তোমরা একান্ত অসহায় হইয়া না পড়।’ অতঃপর যখন উহারা তাহার নিকট প্রতিজ্ঞা করিল তখন সে বলিল, ‘আমরা যে বিষয়ে কথা বলিতেছি, আল্লাহ্‌ তাহার বিধায়ক।’	
	وَقَالَ يٰبَنِيَّ لَا تَدْخُلُوْا مِنْۢ بَابٍ وَّاحِدٍ وَّادْخُلُوْا مِنْ اَبْوَابٍ مُّتَفَرِّقَةٍ ؕ وَمَاۤ اُغْنِيْ عَنْكُمْ مِّنَ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ ۚ وَعَلَيْهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُوْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ওয়া ক্বা-লা ইয়া-বানিইইয়া লা-তাদখুলূ মিম বা-বিওঁ ওয়া-হিদিওঁ ওয়াদখুলূ মিন আবওয়া-বিম মুতাফাররিক্বাতিওঁ (ط) ওয়ামা~উগনী ‘আংকুম মিনাল্লা-হি মিং শাইইন (ط) ইনিল হুকমু ইল্লা-লিল্লা-হি (ط) ‘আলাইহি তাওয়াক্কালতু (ج) ওয়া ‘আলাইহি ফালইয়াতাওয়াক্কালিল মুতাওয়াক্কিলূন।	
তরজমা	সে বলিল, ‘হে আমার পুত্রগণ! তোমরা এক দ্বার দিয়া প্রবেশ করিও না, ভিন্ন ভিন্ন দ্বার দিয়া প্রবেশ করিবে। আল্লাহ্‌র বিধানের বিরুদ্ধে আমি তোমাদের জন্য কিছু করিতে পারি না। বিধান আল্লাহ্‌রই। আমি তাঁহারই উপর নির্ভর করি এবং যাহারা নির্ভর করিতে চাহে তাহারা আল্লাহ্‌রই উপর নির্ভর করুক।’	
	وَلَمَّا دَخَلُوْا مِنْ حَيْثُ اَمَرَهُمْ اَبُوْهُمْ ؕ مَا كَانَ يُغْنِيْ عَنْهُمْ مِّنَ اللّٰهِ مِنْ شَيْءٍ اِلَّا حَاجَةً فِيْ نَفْسِ يَعْقُوْبَ قَضٰىهَا ؕ وَاِنَّهٗ لَذُوْ عِلْمٍ لِّمَا عَلَّمْنٰهُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-দাখালূ মিন হ্বাইছু আমারাহুম আবূহুম (ط) মা-কা-না ইউগনী ‘আনহুম মিনাল্লা-হি মিং শাইঁইন ইল্লা- হ্বা-জাতাং ফী নাফছি ইয়া‘কুবা ক্বাদ্বা-হা- (ط) ওয়া ইন্নাহূ লাযূ ‘ইলমিল লিমা-‘আল্লামনা-হু ওয়ালা-কিন্না আকছারান্না-ছি লা-ইয়া‘লামূন।	
তরজমা	যখন তাহারা, তাহাদের পিতা তাহাদেরকে যেভাবে আদেশ করিয়াছিল, সেইভাবেই প্রবেশ করিল, তখন আল্লাহ্‌র বিধানের বিরুদ্ধে উহা তাহাদের কোন কাজে আসিল না; ইয়া‘কূব কেবল তাহার মনের একটি অভিপ্রায় পূর্ণ করিয়াছিল এবং সে অবশ্যই জ্ঞানী ছিল, কারণ আমি তাহাকে শিক্ষা দিয়াছিলাম। কিন্তু অধিকাংশ মানুষ ইহা অবগত নয়।	
	وَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ اٰوٰۤى اِلَيْهِ اَخَاهُ قَالَ اِنِّيْۤ اَنَا اَخُوْكَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٦٩﴾	69

প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা–দাখালূ 'আলা–ইউছুফা আ–ওয়া˜ইলাইহি আখা–হু ক˙া–লা ইন্নী˜ আনা আখূকা ফালা– তাবতাইছ বিমা–কা–নূ ইয়া'মালূন।	
তরজমা	উহারা যখন ইউসুফের সম্মুখে উপস্থিত হইল, তখন ইউসুফ তাহার সহোদরকে নিজের কাছে রাখিল এবং বলিল, 'নিশ্চয়ই আমিই তোমার সহোদর, সুতরাং উহারা যাহা করিত তাহার জন্য দুঃখ করিও না।'	
	فَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ جَعَلَ السِّقَايَةَ فِي رَحْلِ أَخِيهِ ثُمَّ أَذَّنَ مُؤَذِّنٌ أَيَّتُهَا الْعِيرُ إِنَّكُمْ لَسَارِقُونَ ۝	**70**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা– জাহহাঝাহুম বিজাহা–ঝিহিম জা'আলাছছিক˙া–য়াতা ফী রাহ˙লি আখীহি ছু˙ম্মা আয্˙য˙ানা মুআয˙যি˙নুন আইয়াতুহাল 'ঈরু ইন্নাকুম লাছা–রিকূ˙ন।	
তরজমা	অতঃপর সে যখন উহাদের সামগ্রীর ব্যবস্থা করিয়া দিল, তখন সে তাহার সহোদরের মালপত্রের মধ্যে পানপাত্র রাখিয়া দিল। অতঃপর এক আহ্বায়ক চিৎকার করিয়া বলিল, 'হে যাত্রীদল! তোমরা নিশ্চয়ই চোর।'	
	قَالُوا وَأَقْبَلُوا عَلَيْهِمْ مَاذَا تَفْقِدُونَ ۝	**71**
প্রতিবর্ণায়ন	ক˙া–লূ ওয়া আক˙বালূ 'আলাইহিম মা–য˙া–তাফকি˙দূন।	
তরজমা	উহারা তাহাদের দিকে ফিরিয়া বলিল, 'তোমরা কী হারাইয়াছ ?'	
	قَالُوا نَفْقِدُ صُوَاعَ الْمَلِكِ وَلِمَنْ جَاءَ بِهِ حِمْلُ بَعِيرٍ وَأَنَا بِهِ زَعِيمٌ ۝	**72**
প্রতিবর্ণায়ন	ক˙া–লূ নাফকি˙দু সুওয়া–'আল মালিকি ওয়া লিমাং জা~আ বিহী হি˙মলু বা'ঈরিওঁ ওয়া আনা বিহী ঝা'ঈম।	
তরজমা	তাহারা বলিল, 'আমরা রাজার পানপাত্র হারাইয়াছি; যে উহা আনিয়া দিবে সে এক উষ্ট্রবোঝাই মাল পাইবে এবং আমি উহার জামিন।'	
	قَالُوا تَاللَّهِ لَقَدْ عَلِمْتُمْ مَا جِئْنَا لِنُفْسِدَ فِي الْأَرْضِ وَمَا كُنَّا سَارِقِينَ ۝	**73**
প্রতিবর্ণায়ন	ক˙া–লূ তাল্লা–হি লাক˙াদ 'আলিমতুম মা–জি'না–লিনুফছিদা ফিল আরদি˙ ওয়ামা– কুন্না – ছা রিক˙ীন।	
তরজমা	উহারা বলিল, 'আল্লাহ্‌র শপথ! তোমরা তো জান আমরা এই দেশে দুষ্কৃতি করিতে আসি নাই এবং আমরা চোরও নই।'	
	قَالُوا فَمَا جَزَاؤُهُ إِنْ كُنْتُمْ كَاذِبِينَ ۝	**74**
প্রতিবর্ণায়ন	ক˙া–লূ ফামা–জাঝা~উহূ˜ ইং কুংতুম কা–যি˙বীন।	
তরজমা	তাহারা বলিল, 'যদি তোমরা মিথ্যাবাদী হও তবে তাহার শাস্তি কী ?	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قَالُوْا جَزَآؤُهٗ مَنْ وُّجِدَ فِيْ رَحْلِهٖ فَهُوَ جَزَآؤُهٗ ؕ كَذٰلِكَ نَجْزِى الظّٰلِمِيْنَ ﴿۷۵﴾	**75**
প্রতিবর্ণায়ন	ক়া-লূ জাঝা~উহূ মাওঁ উজিদা ফী রাহ়লিহী ফাহুওয়া জাঝা~উহূ (ط) কাযা-লিকা নাজঝিজ় জ়া-লিমীন।	
তরজমা	উহারা বলিল, 'ইহার শাস্তি যাহার মালপত্রের মধ্যে পাত্রটি পাওয়া যাইবে, সে-ই তাহার বিনিময়।' এইভাবে আমরা সীমালংঘনকারীদেরকে শাস্তি দিয়া থাকি।	
	فَبَدَاَ بِاَوْعِيَتِهِمْ قَبْلَ وِعَآءِ اَخِيْهِ ثُمَّ اسْتَخْرَجَهَا مِنْ وِّعَآءِ اَخِيْهِ ؕ كَذٰلِكَ كِدْنَا لِيُوْسُفَ ؕ مَا كَانَ لِيَاْخُذَ اَخَاهُ فِيْ دِيْنِ الْمَلِكِ اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ؕ وَفَوْقَ كُلِّ ذِيْ عِلْمٍ عَلِيْمٌ ﴿۷۶﴾	**76**
প্রতিবর্ণায়ন	ফাবাদাআ বিআও'ইইয়াতিহিম ক়াবলা বি'আ~ই আখীহি (ط) ছুম্মাছ্‌তাখরাজাহা-মিওঁ বি'আ~ই আখীহি (ط) কায়া-লিকা কিদনা-লিইউছুফা (ط) মা-কা-না লিইয়া'খুয়া আখা-হু ফী দীনিল মালিকি ইল্লা~ আইঁ ইয়াশা~আল্লা-হু (ط) নারফা'উ দারাজা-তিম্‌ মান্‌নাশা~উ (ط) ওয়া ফাওক়া কুল্লি য়ী 'ইলমিন 'আলীম।	
তরজমা	অতঃপর সে তাহার সহোদরের মালপত্র তল্লাশির পূর্বে উহাদের মালপত্র তল্লাশি করিতে লাগিল, পরে তাহার সহোদরের মালপত্রের মধ্য হইতে পাত্রটি বাহির করিল। এইভাবে আমি ইউসুফের জন্য কৌশল করিয়াছিলাম। রাজার আইনে তাহার সহোদরকে সে আটক করিতে পারিত না, আল্লাহ্ ইচ্ছা না করিলে। আমি যাহাকে ইচ্ছা মর্যাদায় উন্নীত করি। প্রত্যেক জ্ঞানবান ব্যক্তির উপর আছেন সর্বজ্ঞানী।	
	قَالُوْۤا اِنْ يَّسْرِقْ فَقَدْ سَرَقَ اَخٌ لَّهٗ مِنْ قَبْلُ ۚ فَاَسَرَّهَا يُوْسُفُ فِيْ نَفْسِهٖ وَلَمْ يُبْدِهَا لَهُمْ ۚ قَالَ اَنْتُمْ شَرٌّ مَّكَانًا ۚ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا تَصِفُوْنَ ﴿۷۷﴾	**77**
প্রতিবর্ণায়ন	ক়া-লূ~ ইয়ঁ ইয়াছরিক় ফাক়াদ ছারাক়া আখুল্লাহূ মিং ক়াবলু (ج) ফাআছাররাহা-ইউছুফু ফী নাফছিহী ওয়ালাম ইউবদিহা-লাহুম (ج) ক়া-লা আংতুম শাররুম মা-কা-নাওঁ- (ج) ওয়াল্লা-হু আ'লামু বিমা-তাসিফূন।	
তরজমা	উহারা বলিল, 'সে যদি চুরি করিয়া থাকে তবে তাহার সহোদরও তো পূর্বে চুরি করিয়াছিল।' কিন্তু ইউসুফ প্রকৃত ব্যাপার নিজের মনে গোপন রাখিল এবং উহাদের নিকট প্রকাশ করিল না; সে মনে মনে বলিল, 'তোমাদের অবস্থা তো হীনতর এবং তোমরা যাহা বলিতেছ সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত।'	
	قَالُوْا يٰۤاَيُّهَا الْعَزِيْزُ اِنَّ لَهٗۤ اَبًا شَيْخًا كَبِيْرًا فَخُذْ اَحَدَنَا مَكَانَهٗ ۚ اِنَّا نَرٰىكَ مِنَ الْمُحْسِنِيْنَ ﴿۷۸﴾	**78**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া–লূ ইয়া˜ আইয়ুহাল 'আঝীঝু ইন্না লাহূ˜ আবাং শাইখাং কাবীরাং ফাখুয ˙ আহ˙াদানা–মাকা–নাহূ (ج) ইন্না–নারা–কা মিনাল মুহ˙ছিনীন।	
তরজমা	উহারা বলিল, 'হে 'আযীয! ইহার পিতা তো অতিশয় বৃদ্ধ; সুতরাং ইহার স্থলে আপনি আমাদের একজনকে রাখুন। আমরা তো আপনাকে দেখিতেছি মহানুভব ব্যক্তিদের একজন।'	
	قَالَ مَعَاذَ اللَّهِ أَنْ نَأْخُذَ إِلَّا مَنْ وَجَدْنَا مَتَاعَنَا عِنْدَهُ إِنَّا إِذًا لَظَالِمُونَ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ক'া–লা মা'আয ˙াল্লা–হি আন না'খুয'া ইল্লা– মাওঁ ওয়াজাদনা–মাতা–'আনা– 'ইংদাহূ˜ (لا) ইন্না˜ ইয'াল্ লাজ'া–লিমূন।	
তরজমা	সে বলিল, 'যাহার নিকট আমরা আমাদের মাল পাইয়াছি, তাহাকে ছাড়া অন্যকে রাখার অপরাধ হইতে আমরা আল্লাহ্‌র শরণ লইতেছি। এইরূপ করিলে আমরা অবশ্যই সীমালংঘনকারী হইব।'	
	فَلَمَّا اسْتَيْأَسُوا مِنْهُ خَلَصُوا نَجِيًّا ۖ قَالَ كَبِيرُهُمْ أَلَمْ تَعْلَمُوا أَنَّ أَبَاكُمْ قَدْ أَخَذَ عَلَيْكُمْ مَوْثِقًا مِنَ اللَّهِ وَمِنْ قَبْلُ مَا فَرَّطْتُمْ فِي يُوسُفَ ۖ فَلَنْ أَبْرَحَ الْأَرْضَ حَتَّىٰ يَأْذَنَ لِي أَبِي أَوْ يَحْكُمَ اللَّهُ لِي ۖ وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ফালাম্মাছ তাইআছূ মিনহু খালাসূ নাজিইইয়াং (ط) ক'া–লা কাবীরুহুম আলাম তা'লামূ˜ আন্না আবা–কুম ক'াদ আখায'া 'আলাইকুম মাওছি˙ক'াম মিনাল্লা–হি ওয়া মিং ক'াবলু মা–ফার্‌রাত্‌তু˙ম ফী ইউছুফা (ج) ফালান আবরাহ˙াল আরদ˙া হ˙াত্তা–ইয়া'য˙ানা লী˜ আবী˜ আও ইয়াহ˙কুমাল্লা–হু লী (ج) ওয়া হুওয়া খাইরুল হ˙া–কিমীন।	
তরজমা	যখন উহারা তাহার নিকট হইতে সম্পূর্ণ নিরাশ হইল, তখন উহারা নির্জনে গিয়া পরামর্শ করিতে লাগিল। উহাদের বয়োজ্যেষ্ঠ ব্যক্তি বলিল, 'তোমরা কি জান না যে, তোমাদের পিতা তোমাদের নিকট হইতে আল্লাহ্‌র নামে অঙ্গীকার লইয়াছেন এবং পূর্বেও তোমরা ইউসুফের ব্যাপারে ত্রুটি করিয়াছিলে ? সুতরাং আমি কিছুতেই এই দেশ ত্যাগ করিব না, যতক্ষণ না আমার পিতা আমাকে অনুমতি দেন অথবা আল্লাহ্ আমার জন্য কোন ব্যবস্থা করেন এবং তিনিই শ্রেষ্ঠ বিচারক।	
	ارْجِعُوا إِلَىٰ أَبِيكُمْ فَقُولُوا يَا أَبَانَا إِنَّ ابْنَكَ سَرَقَ ۚ وَمَا شَهِدْنَا إِلَّا بِمَا عَلِمْنَا وَمَا كُنَّا لِلْغَيْبِ حَافِظِينَ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ইরজি'উ˜ ইলা˜ আবীকুম ফাকূ˙লূ ইয়া˜ আবা–না˜ ইন্নাবনাকা ছারাক'া (ج) ওয়ামা–শাহিদনা˜ ইল্লা–বিমা–'আলিমনা– ওয়ামা– কুন্না–লিলগাইবি হ˙া–ফিজ˙ীন।	

তরজমা	‘তোমরা তোমাদের পিতার নিকট ফিরিয়া যাও এবং বল, ‘হে আমাদের পিতা! আপনার পুত্র তো চুরি করিয়াছে এবং আমরা যাহা জানি তাহারই প্রত্যক্ষ বিবরণ দিলাম। আর অজানা ব্যাপারে আমরা সংরক্ষণকারী নই।	
	وَسۡـَٔلِ الۡقَرۡيَةَ الَّتِىۡ كُنَّا فِيۡهَا وَالۡعِيۡرَ الَّتِىۡۤ اَقۡبَلۡنَا فِيۡهَا ؕ وَاِنَّا لَصٰدِقُوۡنَ ﴿۸۲﴾	**82**
প্রতিবর্ণায়ন	ওয়াছ আলিল ক়ারয়াতাল্লাতী কুন্না–ফীহা–ওয়াল ‘ঈরাল্লাতী˜ আক়বালনা–ফীহা– (ط) ওয়া ইন্না–লাসা–দিক়ূন।	
তরজমা	‘যে জনপদে আমরা ছিলাম উহার অধিবাসিগণকে জিজ্ঞাসা করুন এবং যে যাত্রীদলের সঙ্গে আমরা আসিয়াছি তাহাদেরকেও। আমরা অবশ্যই সত্য বলিতেছি।’	
	قَالَ بَلۡ سَوَّلَتۡ لَـكُمۡ اَنۡفُسُكُمۡ اَمۡرًا ؕ فَصَبۡرٌ جَمِيۡلٌ ؕ عَسَى اللّٰهُ اَنۡ يَّاۡتِيَنِىۡ بِهِمۡ جَمِيۡعًا ؕ اِنَّهٗ هُوَ الۡعَلِيۡمُ الۡحَكِيۡمُ ﴿۸۳﴾	**83**
প্রতিবর্ণায়ন	ক়া–লা বাল ছাওওয়ালাত লাকুম আংফুছুকুম আমরাং (ط) ফাসাবরুং জামীলুন (ط) ‘আছাল্লা–হু আইঁ ইয়া’তিয়ানী বিহিম জামী‘আন (ط) ইন্নাহূ হুওয়াল ‘আলীমুল হ়াকীম।	
তরজমা	ইয়া‘কূব বলিল, ‘না, তোমাদের মন তোমাদের জন্য একটি কাহিনী সাজাইয়া দিয়াছে, সুতরাং পূর্ণ ধৈর্যই শ্রেয়; হয়তো আল্লাহ্ উহাদেরকে একসঙ্গে আমার নিকট আনিয়া দিবেন। অবশ্য তিনিই সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।’	
	وَتَوَلّٰى عَنۡهُمۡ وَقَالَ يٰۤاَسَفٰى عَلٰى يُوۡسُفَ وَابۡيَـضَّتۡ عَيۡنٰهُ مِنَ الۡحُـزۡنِ فَهُوَ كَظِيۡمٌ ﴿۸۴﴾	**84**
প্রতিবর্ণায়ন	ওয়া তাওয়াল্লা–‘আনহুম ওয়া ক়া–লা ইয়া˜আছাফা–‘আলা–ইউছুফা ওয়াবইয়াদ়্দ়াত ‘আইনা–হু মিনাল হ়ুঝনি ফাহুওয়া কাজ়ীম।	
তরজমা	সে উহাদের হইতে মুখ ফিরাইয়া লইল এবং বলিল, ‘আফসোস ইউসুফের জন্য।’ শোকে তাহার চক্ষুদ্বয় সাদা হইয়া গিয়াছিল এবং সে ছিল অসহনীয় মনস্তাপে ক্লিষ্ট।	
	قَالُوۡا تَاللّٰهِ تَفۡتَؤُا تَذۡكُرُ يُوۡسُفَ حَتّٰى تَكُوۡنَ حَرَضًا اَوۡ تَكُوۡنَ مِنَ الۡهٰلِكِيۡنَ ﴿۸۵﴾	**85**
প্রতিবর্ণায়ন	ক়া–লূ তাল্লা–হি তাফতাউ তায্কুরু ইউছুফা হ়াত্তা–তাকূনা হ়ারাদ়ান আও তাকূনা মিনাল হা–লিকীন।	
তরজমা	উহারা বলিল, ‘আল্লাহ্র শপথ! আপনি তো ইউসুফের কথা সদা স্মরণ করিতে থাকিবেন যতক্ষণ না আপনি মুমূর্ষু হইবেন, অথবা মৃত্যুবরণ করিবেন।’	
	قَالَ اِنَّمَاۤ اَشۡكُوۡا بَثِّـىۡ وَحُزۡنِىۡۤ اِلَى اللّٰهِ وَاَعۡلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعۡلَمُوۡنَ ﴿۸۶﴾	**86**
প্রতিবর্ণায়ন	ক়া–লা ইন্নামা˜আশকূ বাছ্ছী ওয়া হ়ুঝনী˜ইলাল্লা–হি ওয়া আ‘লামু মিনাল্লা–হি মা–লা–তা‘লামূন।	

তরজমা	সে বলিল, 'আমি আমার অসহনীয় বেদনা, আমার দুঃখ শুধু আল্লাহ্‌র নিকট নিবেদন করিতেছি এবং আমি আল্লাহ্‌র নিকট হইতে জানি যাহা তোমরা জান না।	
	يٰبَنِيَّ اذْهَبُوْا فَتَحَسَّسُوْا مِنْ يُّوْسُفَ وَاَخِيْهِ وَلَا تَايْـَٔسُوْا مِنْ رَّوْحِ اللّٰهِ ؕ اِنَّهٗ لَا يَايْـَٔسُ مِنْ رَّوْحِ اللّٰهِ اِلَّا الْقَوْمُ الْكٰفِرُوْنَ ﴿۸۷﴾	87
প্রতিবর্ণায়ন	ইয়া-বানিইইয়ায্‌ হাবূ ফাতাহ্‌ছ্ছাছূ মিইঁ ইউছুফা ওয়া আখীহি ওয়ালা-তাইআছূ মির রাওহি ল্লা-হি; ইন্নাহূ লা-ইয়াইআছু মির্‌রাওহি ল্লা-হি (ط) ইল্লাল ক্বাওমুল কা-ফিরূন।	
তরজমা	'হে আমার পুত্রগণ! তোমরা যাও, ইউসুফ ও তাহার সহোদরের অনুসন্ধান কর এবং আল্লাহ্‌র আশিস হইতে তোমরা নিরাশ হইও না। কারণ আল্লাহ্‌র আশিস্ হইতে কেহই নিরাশ হয় না, কাফির সম্প্রদায় ব্যতীত।'	
	فَلَمَّا دَخَلُوْا عَلَيْهِ قَالُوْا يٰۤاَيُّهَا الْعَزِيْزُ مَسَّنَا وَاَهْلَنَا الضُّرُّ وَجِئْنَا بِبِضَاعَةٍ مُّزْجٰىةٍ فَاَوْفِ لَنَا الْكَيْلَ وَتَصَدَّقْ عَلَيْنَا ؕ اِنَّ اللّٰهَ يَجْزِى الْمُتَصَدِّقِيْنَ ﴿۸۸﴾	88
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-দাখালূ 'আলাইহি ক্বা-লূ ইয়া~আইয়ুহাল 'আঝীঝু মাছছানা- ওয়াআহলানাদ্‌ দু্‌ররু ওয়া জি'না-বিবিদ্বা-'আতিম মুঝজা-তিং ফাআওফি লানাল কাইলা ওয়া তাসাদ্দাক্‌ 'আলাইনা- (ط) ইন্নাল্লা-হা ইয়াজঝিল মুতাসাদ্দিক্বীন।	
তরজমা	যখন উহারা তাহার নিকট উপস্থিত হইল তখন বলিল, 'হে 'আযীয! আমরা ও আমাদের পরিবার-পরিজন বিপন্ন হইয়া পড়িয়াছি এবং আমরা তুচ্ছ পুঁজি লইয়া আসিয়াছি; আপনি আমাদের রসদ পূর্ণমাত্রায় দিন এবং আমাদেরকে দান করুন; আল্লাহ্ অবশ্যই দাতাগণকে পুরস্কৃত করিয়া থাকেন।'	
	قَالَ هَلْ عَلِمْتُمْ مَّا فَعَلْتُمْ بِيُوْسُفَ وَاَخِيْهِ اِذْ اَنْتُمْ جٰهِلُوْنَ ﴿۸۹﴾	89
প্রতিবর্ণায়ন	ক্বা-লা হাল 'আলিমতুম মা-ফা'আলতুম বিইউছুফা ওয়া আখীহি ইয্‌ আংতুম জা-হিলূন।	
তরজমা	সে বলিল, 'তোমরা কি জান, তোমরা ইউসুফ ও তাহার সহোদরের প্রতি কিরূপ আচরণ করিয়াছিলে, যখন তোমরা ছিলে অজ্ঞ ?'	
	قَالُوْۤا ءَاِنَّكَ لَاَنْتَ يُوْسُفُ ؕ قَالَ اَنَا يُوْسُفُ وَهٰذَاۤ اَخِيْ ۫ قَدْ مَنَّ اللّٰهُ عَلَيْنَا ؕ اِنَّهٗ مَنْ يَّتَّقِ وَيَصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ﴿۹۰﴾	90

প্রতিবর্ণায়ন	ক'া-লূ˜আ ইন্নাকা লাআংতা ইউছুফু (ط) ক'া-লা আনা ইউছুফু ওয়া হা-য'া˜আখী (ز) ক'াদ মান্নাল্লা-হু 'আলাইনা- (ط) ইন্নাহূ মাইঁ ইয়াত্তাকি' ওয়া ইয়াসবির ফাইন্নাল্লা-হা লা-ইউদ'ী'উ আজরাল মুহ'ছিনীন।	
তরজমা	উহারা বলিল, 'তবে কি তুমিই ইউসুফ?' সে বলিল, 'আমিই ইউসুফ এবং এই আমার সহোদর; আল্লাহ্ তো আমাদের প্রতি অনুগ্রহ করিয়াছেন। নিশ্চয়ই যে ব্যক্তি মুত্তাকী এবং ধৈর্যশীল, আল্লাহ্ তো সেইরূপ সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেন না।'	
	قَالُوْا تَاللّٰهِ لَقَدْ اٰثَرَكَ اللّٰهُ عَلَيْنَا وَاِنْ كُنَّا لَخٰطِـِٕيْنَ ﴿۹۱﴾	91
প্রতিবর্ণায়ন	ক'া-লূ তাল্লা-হি লাক'াদ আ-ছ'ারাকাল্লা-হু 'আলাইনা-ওয়া ইং কুন্না-লাখা-তি'ঈন।	
তরজমা	উহারা বলিল, আল্লাহ্‌র শপথ! আল্লাহ্ নিশ্চয়ই তোমাকে আমাদের উপর প্রাধান্য দিয়াছেন এবং আমরা তো অপরাধী ছিলাম।'	
	قَالَ لَا تَثْرِيْبَ عَلَيْكُمُ الْيَوْمَ ؕ يَغْفِرُ اللّٰهُ لَكُمْ ۫ وَهُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ﴿۹۲﴾	92
প্রতিবর্ণায়ন	ক'া-লা লা-তাছ'রীবা 'আলাইকুমুল ইয়াওমা (ط) ইয়াগফিরুল্লা-হু লাকুম (ز) ওয়া হুওয়া আরহ'ামুর রা-হি'মীন।	
তরজমা	সে বলিল, 'আজ তোমাদের বিরুদ্ধে কোন অভিযোগ নাই। আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করুন এবং তিনিই শ্রেষ্ঠ দয়ালু।'	
	اِذْهَبُوْا بِقَمِيْصِيْ هٰذَا فَاَلْقُوْهُ عَلٰى وَجْهِ اَبِيْ يَاْتِ بَصِيْرًا ۚ وَاْتُوْنِيْ بِاَهْلِكُمْ اَجْمَعِيْنَ ﴿۹۳﴾	93
প্রতিবর্ণায়ন	ইয'হাবূ বিক'ামীসী হা-য'া-ফাআলকূ'হু 'আলা-ওয়াজহি আবী ইয়া'তি বাসীরা- (ج) ওয়া'তূনী বিআহলিকুম আজমা'ঈন।	
তরজমা	তোমরা আমার এই জামাটি লইয়া যাও এবং ইহা আমার পিতার মুখমণ্ডলের উপর রাখিও; তিনি দৃষ্টিশক্তি ফিরিয়া পাইবেন। আর তোমাদের পরিবারের সকলকেই আমার নিকট লইয়া আসিও।'	
	وَلَمَّا فَصَلَتِ الْعِيْرُ قَالَ اَبُوْهُمْ اِنِّيْ لَاَجِدُ رِيْحَ يُوْسُفَ لَوْلَآ اَنْ تُفَنِّدُوْنِ ﴿۹۴﴾	94
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-ফাসালাতিল 'ঈরু ক'া-লা আবূহুম ইন্নী লাআজিদু রীহ'া ইউছুফা লাওলা˜ আং তুফান্নিদূন।	
তরজমা	অতঃপর যাত্রীদল যখন বাহির হইয়া পড়িল তখন উহাদের পিতা বলিল, 'তোমরা যদি আমাকে অপ্রকৃতিস্থ মনে না কর তবে বলি, আমি ইউসুফের ঘ্রাণ পাইতেছি।'	
	قَالُوْا تَاللّٰهِ اِنَّكَ لَفِيْ ضَلٰلِكَ الْقَدِيْمِ ﴿۹۵﴾	95
প্রতিবর্ণায়ন	ক'া-লূ তাল্লা-হি ইন্নাকা লাফী দ'ালা-লিকাল ক'াদীম।	
তরজমা	তাহারা বলিল, 'আল্লাহ্‌র শপথ! আপনি তো আপনার পূর্ব-বিভ্রান্তিতেই রহিয়াছেন	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَلَمَّآ اَنْ جَآءَ الْبَشِيْرُ اَلْقٰىهُ عَلٰى وَجْهِهٖ فَارْتَدَّ بَصِيْرًا ۚ قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ ۚ اِنِّيْٓ اَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~ আং জা~আল বাশীরু আলক্বা-হু 'আলা-ওয়াজহিহী ফারতাদ্দা বাসীরাং (ج) ক্বা-লা আলাম আকু্ল্লাকুম (ج) ইন্নী~আ'লামু মিনাল্লা-হি মা-লা-তা'লামূন।	
তরজমা	অতঃপর যখন সুসংবাদবাহক উপস্থিত হইল এবং তাহার মুখমণ্ডলের উপর জামাটি রাখিল তখন সে দৃষ্টিশক্তি ফিরিয়া পাইল। সে বলিল, 'আমি কি তোমাদেরকে বলি নাই যে, আমি আল্লাহ্‌র নিকট হইতে জানি যাহা তোমরা জান না?'	
	قَالُوْا يٰٓاَبَانَا اسْتَغْفِرْ لَنَا ذُنُوْبَنَآ اِنَّا كُنَّا خٰطِـِٕيْنَ ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	ক্বা-লূ ইয়া~আবা-নাছ্তাগফির্লানা-যু্নূবানা~ইন্না-কুন্না-খা-তি্ঈন।	
তরজমা	উহারা বলিল, 'হে আমাদের পিতা! আমাদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করুন; আমরা তো অপরাধী।'	
	قَالَ سَوْفَ اَسْتَغْفِرُ لَكُمْ رَبِّيْ ؕ اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ক্বা-লা ছাওফা আছতাগফিরু লাকুম রাব্বী (ط) ইন্নাহূ হুওয়াল গাফূরুর রাহ্ীম।	
তরজমা	সে বলিল, 'আমি আমার প্রতিপালকের নিকট তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করিব। তিনি তো অতি ক্ষমাশীল, পরম দয়ালু।'	
	فَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ اٰوٰٓى اِلَيْهِ اَبَوَيْهِ وَقَالَ ادْخُلُوْا مِصْرَ اِنْ شَآءَ اللّٰهُ اٰمِنِيْنَ ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-দাখালূ 'আলা-ইউছুফা আ-ওয়া~ইলাইহি আবাওয়াইহি ওয়া ক্বা-লাদ খুলূ মিসরা ইং শা~আল্লা-হু আ-মিনীন।	
তরজমা	অতঃপর উহারা যখন ইউসুফের নিকট উপস্থিত হইল, তখন সে তাহার পিতা-মাতাকে আলিংগন করিল এবং বলিল, 'আপনারা আল্লাহ্‌র ইচ্ছায় নিরাপদে মিসরে প্রবেশ করুন।'	
	وَرَفَعَ اَبَوَيْهِ عَلَى الْعَرْشِ وَخَرُّوْا لَهٗ سُجَّدًا ۚ وَقَالَ يٰٓاَبَتِ هٰذَا تَاْوِيْلُ رُءْيَايَ مِنْ قَبْلُ ۫ قَدْ جَعَلَهَا رَبِّيْ حَقًّا ؕ وَقَدْ اَحْسَنَ بِيْٓ اِذْ اَخْرَجَنِيْ مِنَ السِّجْنِ وَجَآءَ بِكُمْ مِّنَ الْبَدْوِ مِنْۢ بَعْدِ اَنْ نَّزَغَ الشَّيْطٰنُ بَيْنِيْ وَبَيْنَ اِخْوَتِيْ ؕ اِنَّ رَبِّيْ لَطِيْفٌ لِّمَا يَشَآءُ ؕ اِنَّهٗ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿١٠٠﴾	100

প্রতিবর্ণায়ন	ওয়া রাফা'আ আবাওয়াইহি 'আলাল 'আরশি ওয়া খার্রূ লাহূ ছুজ্জদাওঁ (ج) ওয়া কা-লা ইয়া~আবাতি হা-যা-তা'বীলু রু'ইয়া-ইয়া মিং কাবলু (ز) কাদ জা'আলাহা-রাব্বী হাক্কাওঁ (ط) ওয়া কাদ আহছানা বী~ ইয আখরাজানী মিনাছছিজ্নি ওয়া জা~আ বিকুম মিনাল বাদবি মিম বা'দি আন্ নাঝাগাশ্শাইতা-নু বাইনী ওয়া বাইনা ইখওয়াতী (ط) ইন্না রাব্বী লাতীফুল্ লিমা-ইয়াশা~উ (ط) ইন্নাহূ হুওয়াল 'আলীমুল হাকীম।	
তরজমা	এবং ইউসুফ তাহার মাতা-পিতাকে উচ্চাসনে বসাইল এবং উহারা সকলে তাহার সম্মানে সিজ্‌দায় লুটাইয়া পড়িল। সে বলিল, 'হে আমার পিতা! ইহাই আমার পূর্বেকার স্বপ্নের ব্যাখ্যা; আমার প্রতিপালক উহা সত্যে পরিণত করিয়াছেন এবং তিনি আমাকে কারাগার হইতে মুক্ত করিয়া এবং শয়তান আমার ও আমার ভ্রাতাদের সম্পর্ক নষ্ট করিবার পরও আপনাদেরকে মরু অঞ্চল হইতে এখানে আনিয়া দিয়া আমার প্রতি অনুগ্রহ করিয়াছেন। আমার প্রতিপালক যাহা ইচ্ছা তাহা নিপুণতার সঙ্গে করেন। তিনি তো সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।'	
	رَبِّ قَدْ اٰتَيْتَنِيْ مِنَ الْمُلْكِ وَعَلَّمْتَنِيْ مِنْ تَاْوِيْلِ الْاَحَادِيْثِ ۚ فَاطِرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۟ اَنْتَ وَلِيّٖ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ تَوَفَّنِيْ مُسْلِمًا وَّاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ ﴿١٠١﴾	**101**
প্রতিবর্ণায়ন	রাব্বি কাদ আ-তাইতানী মিনাল মুলকি ওয়া 'আল্লামতানী মিং তা'বীলিল আহা-দীছি (ج) ফা-তিরাছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি (قف) আংতা ওয়ালিইঈয়ী ফিদ্দুনইয়া-ওয়াল আ-খিরাতি (ج) তাওয়াফফানী মুছলিমাওঁ ওয়া আলহিকনী বিসসা-লিহীন।	
তরজমা	'হে আমার প্রতিপালক! তুমি আমাকে রাজ্য দান করিয়াছ এবং স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিয়াছ। হে আকাশমণ্ডলী ও পৃথিবীর স্রষ্টা! তুমিই ইহলোক ও পরলোকে আমার অভিভাবক। তুমি আমাকে মুসলিম হিসাবে মৃত্যু দাও এবং আমাকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত কর।'	
	ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ نُوْحِيْهِ اِلَيْكَ ۚ وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ اَجْمَعُوْٓا اَمْرَهُمْ وَهُمْ يَمْكُرُوْنَ ﴿١٠٢﴾	**102**
প্রতিবর্ণায়ন	যা-লিকা মিন আমবা~ইল গাইবি নূহীহি ইলাইকা (ج) ওয়ামা-কুংতা লাদাইহিম ইয আজমা'উ~ আমরাহুম ওয়া হুম ইয়ামকুরূন।	
তরজমা	ইহা অদৃশ্যলোকের সংবাদ যাহা তোমাকে আমি ওহী দ্বারা অবহিত করিতেছি; ষড়যন্ত্রকালে যখন উহারা মতৈক্যে পৌঁছিয়াছিল, তখন তুমি উহাদের সঙ্গে ছিলে না।	
	وَمَآ اَكْثَرُ النَّاسِ وَلَوْ حَرَصْتَ بِمُؤْمِنِيْنَ ﴿١٠٣﴾	**103**
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আকছারুন্না-ছি ওয়ালাও হারাসতা বিমু'মিনীন।	
তরজমা	তুমি যতই চাও না কেন, অধিকাংশ লোকই বিশ্বাস করিবার নয়।	

	وَمَا تَسْـَٔلُهُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ؕ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	ওয়ামা তাছআলুহুম ‘আলাইহি মিন আজরিন (ط) ইন হুওয়া ইল্লা-যি`করুল্ লিল‘আ-লামীন।	
তরজমা	এবং তুমি তাহাদের নিকট ইহার জন্য কোন পারিশ্রমিক দাবি করিতেছ না। ইহা তো বিশ্বজগতের জন্য উপদেশ ব্যতীত কিছু নয়।	
	وَكَاَيِّنْ مِّنْ اٰيَةٍ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَمُرُّوْنَ عَلَيْهَا وَهُمْ عَنْهَا مُعْرِضُوْنَ ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	ওয়া কাআইয়িম মিন আ-য়াতিং ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি` ইয়ামুররূনা ‘আলাইহা-ওয়াহুম ‘আনহা-মু‘রিদূ`ন।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে অনেক নিদর্শন রহিয়াছে; তাহারা এই সমস্ত প্রত্যক্ষ করে, কিন্তু তাহারা এই সকলের প্রতি উদাসীন।	
	وَمَا يُؤْمِنُ اَكْثَرُهُمْ بِاللّٰهِ اِلَّا وَهُمْ مُّشْرِكُوْنَ ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	ওয়ামা-ইউ’মিনু আকছ`ারুহুম বিল্লা-হি ইল্লা-ওয়াহুম মুশরিকূন।	
তরজমা	তাহাদের অধিকাংশ আল্লাহে বিশ্বাস করে, কিন্তু তাঁহার শরীক করে।	
	اَفَاَمِنُوْٓا اَنْ تَاْتِيَهُمْ غَاشِيَةٌ مِّنْ عَذَابِ اللّٰهِ اَوْ تَاْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿١٠٧﴾	107
প্রতিবর্ণায়ন	আফাআমিনূ˜আং তা’তিয়াহুম গা-শিয়াতুম মিন ‘আয`া-বিল্লা-হি আও তা‘তিয়াহুমুছছা-‘আতু বাগতাতাওঁ ওয়াহুম লা-ইয়াশ‘উরূন।	
তরজমা	তবে কি তাহারা আল্লাহ্‌র সর্বগ্রাসী শাস্তি হইতে অথবা তাহাদের অজ্ঞাতসারে কিয়ামতের আকস্মিক উপস্থিতি হইতে নিরাপদ?	
	قُلْ هٰذِهٖ سَبِيْلِىْٓ اَدْعُوْٓا اِلَى اللّٰهِ ؔ عَلٰى بَصِيْرَةٍ اَنَا وَمَنِ اتَّبَعَنِىْ ؕ وَسُبْحٰنَ اللّٰهِ وَمَآ اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٠٨﴾	108
প্রতিবর্ণায়ন	কু`ল হা-যি`হী ছ`াবীলী˜আদ‘উ˜ ইলাল্লা-হি (قف) ‘আলা-বাসীরাতিন আনা ওয়া মানিত্তাবা‘আনী (ط) ওয়া ছুবহ`া-নাল্লা-হি ওয়ামা˜আনা মিনাল মুশরিকীন।	
তরজমা	বল, ‘ইহাই আমার পথ : আল্লাহ্‌র প্রতি মানুষকে আমি আহ্বান করি সজ্ঞানে-আমি এবং আমার অনুসারিগণও। আল্লাহ্ মহিমান্বিত এবং যাহারা আল্লাহ্‌র শরীক করে আমি তাহাদের অন্তর্ভুক্ত নই।’	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَمَآ اَرۡسَلۡنَا مِنۡ قَبۡلِكَ اِلَّا رِجَالًا نُّوۡحِىۡۤ اِلَيۡهِمۡ مِّنۡ اَهۡلِ الۡقُرٰى ؕ اَفَلَمۡ يَسِيۡرُوۡا فِى الۡاَرۡضِ فَيَنۡظُرُوۡا كَيۡفَ كَانَ عَاقِبَةُ الَّذِيۡنَ مِنۡ قَبۡلِهِمۡ ؕ وَلَدَارُ الۡاٰخِرَةِ خَيۡرٌ لِّلَّذِيۡنَ اتَّقَوۡا ؕ اَفَلَا تَعۡقِلُوۡنَ ﴿۱۰۹﴾	109
প্রতিবর্ণায়ন	ওয়ামা ˜আরছালনা–মিং ক ˙াবলিকা ইল্লা–রিজা–লান্নূহ ˙ী ˜ ইলাইহিম মিন আহলিল কু ˙রা– (ط) আফালাম ইয়াছীরূ ফিল আরদি ˙ ফাইয়াংজু ˙রূ কাইফা কা–না ‘আ–কি ˙বাতুল্লায ˙ীনা মিং ক ˙াবলিহিম (ط) ওয়ালাদা–রুল আ–খিরাতি খাইরুল্ লিল্লায ˙ী নাত্তাক ˙াও (ط) আফালা– তা‘কি ˙লূন।	
তরজমা	তোমার পূর্বেও জনপদবাসীদের মধ্য হইতে পুরুষগণকেই প্রেরণ করিয়াছিলাম, যাহাদের নিকট ওহী পাঠাইতাম। তাহারা কি পৃথিবীতে ভ্রমণ করে নাই এবং তাহাদের পূর্ববর্তীদের কি পরিণাম হইয়াছিল তাহা কি দেখে নাই ? যাহারা মুত্তাকী তাহাদের জন্য পরলোকই শ্রেয়; তোমরা কি বুঝ না ?	
	حَتّٰٓى اِذَا اسۡتَيۡـَٔسَ الرُّسُلُ وَظَنُّوۡۤا اَنَّهُمۡ قَدۡ كُذِبُوۡا جَآءَهُمۡ نَصۡرُنَا ۙ فَنُجِّىَ مَنۡ نَّشَآءُ ؕ وَلَا يُرَدُّ بَاۡسُنَا عَنِ الۡقَوۡمِ الۡمُجۡرِمِيۡنَ ﴿۱۱۰﴾	110
প্রতিবর্ণায়ন	হ ˙াত্তা ˜ ইয ˙াছ্তাইআছার্‌রুছুলু ওয়া জ ˙ান্নূ ˜ আন্নাহুম কাদ কুযি ˙বূ জা~আহুম নাসরুনা– (ﻻ) ফানুজ্জিয়া মান্নাশা~উ (ط) ওয়ালা–ইউরাদ্দু বা’ছুনা– ‘আনিল ক ˙াওমিল মুজরিমীন।	
তরজমা	অবশেষে যখন রাসূলগণ নিরাশ হইল এবং লোকে ভাবিল যে, রাসূলগণকে মিথ্যা আশ্বাস দেওয়া হইয়াছে তখন তাহাদের নিকট আমার সাহায্য আসিল। এইভাবে আমি যাহাকে ইচ্ছা করি সে উদ্ধার পায়। অপরাধী সম্প্রদায় হইতে আমার শাস্তি রদ করা যায় না।	
	لَقَدۡ كَانَ فِىۡ قَصَصِهِمۡ عِبۡرَةٌ لِّاُولِى الۡاَلۡبَابِ ؕ مَا كَانَ حَدِيۡثًا يُّفۡتَرٰى وَلٰـكِنۡ تَصۡدِيۡقَ الَّذِىۡ بَيۡنَ يَدَيۡهِ وَتَفۡصِيۡلَ كُلِّ شَىۡءٍ وَّهُدًى وَّرَحۡمَةً لِّقَوۡمٍ يُّؤۡمِنُوۡنَ ﴿۱۱۱﴾	111
প্রতিবর্ণায়ন	লাক ˙াদ কা–না ফী ক ˙াসাসিহিম ‘ইবরাতুল্ লিউলিল আলবা–বি (ط) মা–কা–না হ ˙াদীছ ˙াইঁ ইউফতারা–ওয়া লা–কিং তাসদাক ˙াল্লায ˙ী বাইনা ইয়াদইহি ওয়া তাফসীলা কু ˙ল্লি শাইইওঁ ওয়া হুদাও ওয়া রাহ ˙মাতাল লিক ˙াওমিইঁ ইউ’মিনূন।	
তরজমা	উহাদের বৃত্তান্তে বোধশক্তিসম্পন্ন ব্যক্তিদের জন্য আছে শিক্ষা। ইহা এমন বাণী যাহা মিথ্যা রচনা নয়। কিন্তু মু’মিনদের জন্য ইহা পূর্বগ্রন্থে যাহা আছে তাহার প্রত্যয়ন এবং সমস্ত কিছুর বিশদ বিবরণ, হিদায়াত ও রহমত।	

13 - Ar-Ra`d-রা'দ -الرعد

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

	الٓمّٓرٰ ۟ تِلۡکَ اٰیٰتُ الۡکِتٰبِ ؕ وَ الَّذِیۡۤ اُنۡزِلَ اِلَیۡکَ مِنۡ رَّبِّکَ الۡحَقُّ وَ لٰکِنَّ اَکۡثَرَ النَّاسِ لَا یُؤۡمِنُوۡنَ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম্ মী-ম্ রা- (قف) তিলকা আ-য়া-তুল কিতা-বি (ط) ওয়াল্লায ী ~উংঝিলা ইলাইকা মির্ রাব্বিকাল হ াক্কু ওয়ালা-কিন্না আকছ ারান্না-ছি লা-ইউ'মিনূন।	
তরজমা	আলিফ্-লাম-মীম্-রা, এইগুলি কুরআনের আয়াত, যাহা তোমার প্রতিপালক হইতে তোমার প্রতি অবতীর্ণ হইয়াছে তাহাই সত্য; কিন্তু অধিকাংশ মানুষ ইহাতে ঈমান আনে না।	
	اَللّٰہُ الَّذِیۡ رَفَعَ السَّمٰوٰتِ بِغَیۡرِ عَمَدٍ تَرَوۡنَہَا ثُمَّ اسۡتَوٰی عَلَی الۡعَرۡشِ وَ سَخَّرَ الشَّمۡسَ وَ الۡقَمَرَ ؕ کُلٌّ یَّجۡرِیۡ لِاَجَلٍ مُّسَمًّی ؕ یُدَبِّرُ الۡاَمۡرَ یُفَصِّلُ الۡاٰیٰتِ لَعَلَّکُمۡ بِلِقَآءِ رَبِّکُمۡ تُوۡقِنُوۡنَ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	আল্লা-হুল্লায ী রাফা'আছ্ছামা-ওয়া-তি বিগাইরি 'আমাদিং তারাওনাহা- ছু ম্মাছ তাওয়া 'আলাল্ 'আরশি ওয়া ছাখখারাশশাম্ছা ওয়াল্ ক ামারা (ط) কুল্লুইঁ ইয়াজরী লিআজালিম মুছাম্মা- (ط) ইউদাব্বিরুল আমরা ইউফাসসিলুল আ-য়া-তি লা'আল্লাকুম বিলিক া~ই রাব্বিকুম তূকি ূনূন।	
তরজমা	আল্লাহ্ই ঊর্ধ্বদেশে আকাশমণ্ডলী স্থাপন করিয়াছেন স্তম্ভ ব্যতীত-তোমরা ইহা দেখিতেছ। অতঃপর তিনি আর্‌শে সমাসীন হইলেন এবং সূর্য ও চন্দ্রকে নিয়মাধীন করিলেন; প্রত্যেকে নির্দিষ্ট কাল পর্যন্ত আবর্তন করে। তিনি সকল বিষয় নিয়ন্ত্রণ করেন এবং নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করেন, যাহাতে তোমরা তোমাদের প্রতিপালকের সঙ্গে সাক্ষাৎ সম্বন্ধে নিশ্চিত বিশ্বাস করিতে পার।	
	وَ ہُوَ الَّذِیۡ مَدَّ الۡاَرۡضَ وَ جَعَلَ فِیۡہَا رَوَاسِیَ وَ اَنۡہٰرًا ؕ وَ مِنۡ کُلِّ الثَّمَرٰتِ جَعَلَ فِیۡہَا زَوۡجَیۡنِ اثۡنَیۡنِ یُغۡشِی الَّیۡلَ النَّہَارَ ؕ اِنَّ فِیۡ ذٰلِکَ لَاٰیٰتٍ لِّقَوۡمٍ یَّتَفَکَّرُوۡنَ ﴿۳﴾	3

প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লাযী মাদ্দাল আরদ্বা ওয়া জা‘আলা ফীহা–রাওয়া–ছিয়া ওয়াআন্‌হা–রাওঁ (ط) ওয়া মিং কুল্লিছ ছামারা–তি জা‘আলা ফীহা– ঝাওজাইনিছ্‌নাইনি ইউগ্‌শিল্‌ লাইলান্‌নাহা–র (ط) ইন্না ফী যা–লিকা লা আ–য়া–তিল্‌ লিকাওমিইঁ ইয়াতাফাক্কারূন।	
তরজমা	তিনিই ভূতলকে বিস্তৃত করিয়াছেন এবং উহাতে পর্বত ও নদী সৃষ্টি করিয়াছেন এবং প্রত্যেক প্রকারের ফল সৃষ্টি করিয়াছেন জোড়ায় জোড়ায়। তিনি দিবসকে রাত্রি দ্বারা আচ্ছাদিত করেন। ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য।	
	وَفِي الْأَرْضِ قِطَعٌ مُّتَجٰوِرٰتٌ وَّجَنّٰتٌ مِّنْ اَعْنَابٍ وَّزَرْعٌ وَّنَخِيْلٌ صِنْوَانٌ وَّغَيْرُ صِنْوَانٍ يُّسْقٰى بِمَآءٍ وَّاحِدٍ ۙ وَنُفَضِّلُ بَعْضَهَا عَلٰى بَعْضٍ فِي الْاُكُلِ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়া ফিল্‌ আরদ্বি কিত্বা‘উম মুতাজা–বিরা–তুওঁ ওয়া জান্না–তুম্‌ মিন্‌ আ‘না–বিওঁ ওয়া ঝার‘উওঁ ওয়া নাখীলুং সিনওয়া–নুওঁ ওয়া গাইরু সিনওয়া–নিইঁ ইউছক্বা– বিমা~ইওঁ ওয়াহিদিওঁ (قف) ওয়া নুফাদ্দিলু বা‘দাহা– ‘আলা–বা‘দিং ফিল্‌ উকুলি (ط) ইন্না ফী যা–লিকা লাআ–য়া–তিল লিকাওমিইঁ ইয়া‘কিলূন।	
তরজমা	পৃথিবীতে রহিয়াছে পরস্পর-সংলগ্ন ভূখণ্ড, উহাতে আছে দ্রাক্ষা কানন, শস্যক্ষেত্র, একাধিক শিরবিশিষ্ট অথবা এক শিরবিশিষ্ট খর্জুর-বৃক্ষ সিঞ্চিত একই পানিতে, এবং ফল হিসাবে উহাদের কতককে কতকের উপর আমি শ্রেষ্ঠত্ব দিয়া থাকি। অবশ্যই বোধশক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য ইহাতে রহিয়াছে নিদর্শন।	
	وَاِنْ تَعْجَبْ فَعَجَبٌ قَوْلُهُمْ ءَاِذَا كُنَّا تُرٰبًا ءَاِنَّا لَفِيْ خَلْقٍ جَدِيْدٍ ۗ اُولٰٓئِكَ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ ۚ وَاُولٰٓئِكَ الْاَغْلٰلُ فِيْٓ اَعْنَاقِهِمْ ۚ وَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়া ইং তা‘জাব ফা‘আজাবুং ক্বাওলুহুম আইযা–কুন্না–তুরা–বান আইন্না–লাফী খালক্বিং জাদীদিন (ط) উলা~ইকাল্লাযীনা কাফারু বিরাব্বিহিম্‌ (ج) ওয়া উলা~ইকাল্‌ আগ্‌লা–লু ফী~আ‘না–ক্বিহিম (ج) ওয়া উলা~ইকা আসহা–বুন্‌না–রি (ج) হুম ফীহা– খা–লিদূন।	
তরজমা	যদি তুমি বিস্মিত হও, তবে বিস্ময়ের বিষয় উহাদের কথা-‘মাটিতে পরিণত হওয়ার পরও কি আমরা নূতন জীবন লাভ করিব ?’ উহারাই উহাদের প্রতিপালককে অস্বীকার করে এবং উহাদেরই গলদেশে থাকিবে লৌহশৃঙ্খল। উহারাই দোযখবাসী ও সেখানে উহারা স্থায়ী হইবে।	
	وَيَسْتَعْجِلُوْنَكَ بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ وَقَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمُ الْمَثُلٰتُ ۗ وَاِنَّ رَبَّكَ لَذُوْ مَغْفِرَةٍ لِّلنَّاسِ عَلٰى ظُلْمِهِمْ ۚ وَاِنَّ رَبَّكَ لَشَدِيْدُ الْعِقَابِ ﴿٦﴾	6

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছ্তা‘জিলূনাকা বিছ্ছাইয়িআতি ক্বাবলাল্ হ্বাছানাতি ওয়া ক্বাদ খালাত মিং ক্বাবলিহিমুল মাছু্লা–তু (ط) ওয়া ইন্না রাব্বাকা লাযূ্ মাগফিরাতিল্লিন্না–ছি ‘আলা–জু্লমিহিম্ (ج) ওয়া ইন্না রাব্বাকা লাশাদীদুল্ ‘ইক্বা–ব।	
তরজমা	মঙ্গলের পূর্বে উহারা তোমাকে শাস্তি ত্বরান্বিত করিতে বলে, যদিও উহাদের পূর্বে ইহার বহু দৃষ্টান্ত গত হইয়াছে। মানুষের সীমালংঘন সত্ত্বেও তোমার প্রতিপালক তো মানুষের প্রতি ক্ষমাশীল এবং তোমার প্রতিপালক শাস্তিদানে তো কঠোর।	
	وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ؕ اِنَّمَآ اَنْتَ مُنْذِرٌ وَّلِكُلِّ قَوْمٍ هَادٍ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ্লুল্লায ীনা কাফারূ লাওলা~ উংঝিলা ‘আলাইহি আ–য়াতুম্ মির্ রাব্বিহী (ط) ইন্নামা আংতা মুন্যি্রুওঁ ওয়া লিকুল্লি ক্বাওমিন্ হা–দ্।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তাহারা বলে, ‘তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?’ তুমি তো কেবল সতর্ককারী এবং প্রত্যেক সম্প্রদায়ের জন্য আছে পথপ্রদর্শক।	
	اَللّٰهُ يَعْلَمُ مَا تَحْمِلُ كُلُّ اُنْثٰى وَمَا تَغِيْضُ الْاَرْحَامُ وَمَا تَزْدَادُ ؕ وَكُلُّ شَيْءٍ عِنْدَهٗ بِمِقْدَارٍ ۝٨	8
প্রতিবর্ণায়ন	আল্লা–হু ইয়া‘লামু মা–তাহ্বমিলু কুল্লু উংছ া– ওয়ামা– তাগীদ্বুল আরহ া–মু ওয়ামা– তাঝদা–দু (ط) ওয়া কুল্লু শাইইন্ ‘ইংদাহূ বিমিক্বদা–র্।	
তরজমা	প্রত্যেক নারী যাহা গর্ভে ধারণ করে এবং জরায়ুতে যাহা কিছু কমে ও বাড়ে আল্লাহ্ তাহা জানেন এবং তাঁহার বিধানে প্রত্যেক বস্তুরই এক নির্দিষ্ট পরিমাণ আছে।	
	عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيْرُ الْمُتَعَالِ ۝٩	9
প্রতিবর্ণায়ন	‘আ–লিমুল্ গাইবি ওয়াশ্শাহা–দাতিল্ কাবীরুল মুতা‘আ–ল্।	
তরজমা	যাহা অদৃশ্য ও যাহা দৃশ্যমান তিনি তাহা অবগত; তিনি মহান, সর্বোচ্চ মর্যাদাবান।	
	سَوَآءٌ مِّنْكُمْ مَّنْ اَسَرَّ الْقَوْلَ وَمَنْ جَهَرَ بِهٖ وَمَنْ هُوَ مُسْتَخْفٍۭ بِالَّيْلِ وَسَارِبٌۢ بِالنَّهَارِ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ছাওয়া~উম্ মিংকুম্ মান্ আছার্রাল্ ক্বাওলা ওয়া মাং জাহারা বিহী ওয়া মান্ হুওয়া মুছ্তাখ্ফিম্ বিল্লাইলি ওয়া ছা–রিবুম্ বিন্নাহা–র্।	
তরজমা	তোমাদের মধ্যে যে কথা গোপন রাখে অথবা যে উহা প্রকাশ করে, রাত্রিতে যে আত্মগোপন করে এবং দিবসে যে প্রকাশ্যে বিচরণ করে, তাহারা সমভাবে আল্লাহ্র জ্ঞানগোচর।	
	لَهٗ مُعَقِّبٰتٌ مِّنْۢ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖ يَحْفَظُوْنَهٗ مِنْ اَمْرِ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتّٰى يُغَيِّرُوْا مَا بِاَنْفُسِهِمْ ؕ وَاِذَآ اَرَادَ اللّٰهُ بِقَوْمٍ سُوْٓءًا فَلَا مَرَدَّ لَهٗ ۚ وَمَا لَهُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّالٍ ۝١١	11

প্রতিবর্ণায়ন	লাহূ মু‘আক্কি ̇বা–তুম্ মিম্ বাইনি ইয়াদাইহি ওয়া মিন্ খাল্‌ফিহী ইয়াহ্ ̇ফাজ্ ̇নাহূ মিন্ আম্‌রিল্লা–হি (ط) ইন্নাল্লা–হা লা–ইউগাইয়্যিরু মা–বিক ̇াওমিন্ হ ̇াত্তা–ইউগাইয়্যির়ূ মা–বিআংফুছিহিম্ (ط) ওয়া ইয ̇া ˜ আরা–দাল্লা–হু বিক ̇াওমিং ছূ~আং ফালা–মারাদ্দা লাহূ (ج) ওয়ামা– লাহুম্ মিং দূনিহী মিওঁ ওয়া–ল্।	
তরজমা	মানুষের জন্য তাহার সম্মুখে ও পশ্চাতে একের পর এক প্রহরী থাকে; উহারা আল্লাহ্‌র আদেশে তাহার রক্ষণাবেক্ষণ করে। এবং আল্লাহ্ কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না যতক্ষণ না উহারা নিজ অবস্থা নিজে পরিবর্তন করে। কোন সম্প্রদায় সম্পর্কে যদি আল্লাহ্ অশুভ কিছু ইচ্ছা করেন তবে তাহা রদ হইবার নহে এবং তিনি ব্যতীত উহাদের কোন অভিভাবক নাই।	
	هُوَ الَّذِيْ يُرِيْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّ طَمَعًا وَّ يُنْشِئُ السَّحَابَ الثِّقَالَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায ̇ী ইউরীকুমুল্ বারক ̇া খাওফাওঁ ওয়াত ̇আমাওঁ ওয়া ইউংশিউছ্‌ছাহ ̇া – বাছ্ ̇ ছি ̇ ব ল্।	
তরজমা	তিনিই তোমাদেরকে দেখান বিজলী, ভয় ও ভরসা সঞ্চার করান এবং তিনিই সৃষ্টি করেন ভারী মেঘ;	
	وَيُسَبِّحُ الرَّعْدُ بِحَمْدِهٖ وَالْمَلٰٓئِكَةُ مِنْ خِيْفَتِهٖ ۚ وَيُرْسِلُ الصَّوَاعِقَ فَيُصِيْبُ بِهَا مَنْ يَّشَآءُ وَهُمْ يُجَادِلُوْنَ فِي اللّٰهِ ۚ وَهُوَ شَدِيْدُ الْمِحَالِ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ইউছাব্‌বিহু ̇র্ রা‘দু বিহ্ ̇াম্‌দিহী ওয়াল মালা~ইকাতু মিন্ খীফাতিহী (ج) ওয়া ইউর্‌ছিলুস সাওয়া–‘ইক ̇া ফাইউসীবু বিহা– মাইঁ ইয়াশা~উ ওয়া হুম্ ইউজা–দিলূনা ফিল্লা–হি (ج) ওয়া হুওয়া শাদীদুল্ মিহ ̇া–ল্।	
তরজমা	বজ্রধ্বনি তাঁহার সপ্রশংস মহিমা ও পবিত্রতা ঘোষণা করে, ফিরিশ্‌তাগণও করে তাহার ভয়ে। তিনি বজ্রপাত করেন এবং যাহাকে ইচ্ছা উহা দ্বারা আঘাত করেন। আর উহারা আল্লাহ্ সম্বন্ধে বিতণ্ডা করে, অথচ তিনি মহাশক্তিশালী।	
	لَهٗ دَعْوَةُ الْحَقِّ ؕ وَالَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ لَا يَسْتَجِيْبُوْنَ لَهُمْ بِشَيْءٍ اِلَّا كَبَاسِطِ كَفَّيْهِ اِلَى الْمَآءِ لِيَبْلُغَ فَاهُ وَمَا هُوَ بِبَالِغِهٖ ؕ وَمَا دُعَآءُ الْكٰفِرِيْنَ اِلَّا فِيْ ضَلٰلٍ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	লাহূ দা‘ওয়াতুল্ হ ̇াক্কি ̇ (ط) ওয়াল্লায ̇ীনা ইয়াদ্‘উনা মিং দূনিহী লা– ইয়াছতাজীবূনা লাহুম্ বিশাইইন্ ইল্লা– কাবা–ছিতি ̇ কাফ্‌ফাইহি ইলাল্ মা~ই লিইয়াব্‌লুগা–ফা–হু ওয়ামা– হুওয়া বিবা–লিগিহী (ط) ওয়ামা– দু‘আ~উল্ কা–ফিরীনা ইল্লা– ফী দ ̇ালা–ল্।	

তরজমা	সত্যের আহ্বান তাঁহারই। যাহারা তাঁহাকে ব্যতীত আহ্বান করে অপরকে, তাহাদেরকে কোনই সাড়া দেয় না উহারা; তাহাদের দৃষ্টান্ত সেই ব্যক্তির মত, যে তাহার মুখে পানি পৌঁছিবে-এই আশায় তাহার হস্তদ্বয় প্রসারিত করে পানির দিকে, অথচ উহা তাহার মুখে পৌঁছিবার নয়, কাফিরদের আহ্বান নিষ্ফল।	
	وَلِلّٰهِ يَسْجُدُ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّظِلٰلُهُمْ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ ۩ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা–হি ইয়াছ্‌জুদু মাং ফিছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আরদি ত ্াও‘আওঁ ওয়াকারহাওঁ ওয়া জি ্লা–লুহুম্ বিল্ গুদুওবি ্ ওয়াল্ আ–সা–ল্। (*ছিজদাহ*-২)	
তরজমা	আল্লাহ্‌র প্রতি সিজ্‌দাবনত হয় আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে ইচ্ছায় অথবা অনিচ্ছায় এবং তাহাদের ছায়াগুলিও সকাল ও সন্ধ্যায়।	
	قُلْ مَنْ رَّبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ؕ قُلْ اَفَاتَّخَذْتُمْ مِّنْ دُوْنِهٖۤ اَوْلِيَآءَ لَا يَمْلِكُوْنَ لِاَنْفُسِهِمْ نَفْعًا وَّلَا ضَرًّا ؕ قُلْ هَلْ يَسْتَوِى الْاَعْمٰى وَالْبَصِيْرُ ۙ اَمْ هَلْ تَسْتَوِى الظُّلُمٰتُ وَالنُّوْرُ ۚ اَمْ جَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ خَلَقُوْا كَخَلْقِهٖ فَتَشَابَهَ الْخَلْقُ عَلَيْهِمْ ؕ قُلِ اللّٰهُ خَالِقُ كُلِّ شَىْءٍ وَّهُوَ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	কু্ল্ মার্ রাব্বুছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আরদি ্ কু্লিল্লা–হু (ط) কু্ল আফাত্তাখায ্তুম্ মিং দূনিহী˜ আওলিয়া~আ লা–ইয়াম্‌লিকূনা লিআংফুছিহিম্ নাফ্‘আওঁ ওয়ালা–দ ্ার্‌রাং (ط) কু্ল্ হাল্ ইয়াছ্‌তাবি ্ল্ আ‘মা– ওয়াল্ বাসীরু (ۙ) আম্ হাল্ তাছতাবি ্জ ্জু ্লুমা–তু ওয়ান্‌নূরু (ج) আম জা‘আলূ লিল্লা–হি শুরাকা~আ খালাকূ ্ কাখাল্‌কি ্হী ফাতাশা–বাহাল্ খাল্‌কু ্ ‘আলাইহিম্ (ط) কু্লিল্লা–হু খা–লিকু ্ কুল্লি শাইয়িওঁ ওয়া হুওয়াল্ ওয়া–হি্দুল্ ক ্াহ্‌হা–র্।	
তরজমা	বল, ‘কে আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রতিপালক ?’ বল, ‘আল্লাহ্’। বল, ‘তবে কি তোমরা অভিভাবকরূপে গ্রহণ করিয়াছ আল্লাহ্‌র পরিবর্তে অপরকে যাহারা নিজেদের লাভ বা ক্ষতি সাধনে সক্ষম নয় ?’ বল, ‘অন্ধ ও চক্ষুষ্মান কি সমান অথবা অন্ধকার ও আলো কি এক ?’ তবে কী তাহারা আল্লাহ্‌র এমন শরীক করিয়াছে, যাহারা আল্লাহ্‌র সৃষ্টির মত সৃষ্টি করিয়াছে, যে কারণে সৃষ্টি উহাদের নিকট সদৃশ মনে হইয়াছে ? বল, ‘আল্লাহ্ সকল বস্তুর স্রষ্টা; তিনি এক, পরাক্রমশালী।’	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَنۡزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَسَالَتۡ اَوۡدِيَةٌۢ بِقَدَرِهَا فَاحۡتَمَلَ السَّيۡلُ زَبَدًا رَّابِيًا ؕ وَمِمَّا يُوۡقِدُوۡنَ عَلَيۡهِ فِى النَّارِ ابۡتِغَآءَ حِلۡيَةٍ اَوۡ مَتَاعٍ زَبَدٌ مِّثۡلُهٗ ؕ كَذٰلِكَ يَضۡرِبُ اللّٰهُ الۡحَـقَّ وَالۡبَاطِلَ ؕ فَاَمَّا الزَّبَدُ فَيَذۡهَبُ جُفَآءً ۚ وَاَمَّا مَا يَنۡفَعُ النَّاسَ فَيَمۡكُثُ فِى الۡاَرۡضِ ؕ كَذٰلِكَ يَضۡرِبُ اللّٰهُ الۡاَمۡثَالَ ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং ফাছা-লাত্ আওদিয়াতুম্ বিক াদারিহা- ফাহ্তামালাছ ছাইলু ঝাবাদার্ রা-বিয়াওঁ (ط) ওয়া মিম্মা- ইউকি দূনা 'আলাইহি ফিন্না-রিব্ তিগা~আ হি লয়াতিন্ আও মাতা-'ইং ঝাবাদুম মিছ লুহূ (ط) কায া-লিকা ইয়াদ রিবুল্লা-হুল্ হ াক্ক া ওয়াল বা-তি লা (ط) ফাআম্মাঝ ঝাবাদু ফাইয়ায হাবু জুফা~আওঁ (ج) ওয়া আম্মা- মা-ইয়াংফাউন্না-ছা ফাইয়াম্কুছু ফিল আর্দি (ط) কায া-লিকা ইয়াদ রিবুল্লা-হুল্ আম্ছ া-ল।	
তরজমা	তিনি আকাশ হইতে বৃষ্টিপাত করেন, ফলে উপত্যকাসমূহ উহাদের পরিমাণ অনুযায়ী প্লাবিত হয় এবং প্লাবন তাহার উপরিস্থিত আবর্জনা বহন করে, এইরূপে আবর্জনা উপরিভাগে আসে যখন অলংকার অথবা তৈজসপত্র নির্মাণ উদ্দেশ্যে কিছু অগ্নিতে উত্তপ্ত করা হয়। এইভাবে আল্লাহ্ সত্য ও অসত্যের দৃষ্টান্ত দিয়া থাকেন। যাহা আবর্জনা তাহা ফেলিয়া দেওয়া হয় এবং যাহা মানুষের উপকারে আসে তাহা জমিতে থাকিয়া যায়। এইভাবে আল্লাহ্ উপমা দিয়া থাকেন।	
	لِلَّذِيۡنَ اسۡتَجَابُوۡا لِرَبِّهِمُ الۡحُسۡنٰىؕ وَالَّذِيۡنَ لَمۡ يَسۡتَجِيۡبُوۡا لَهٗ لَوۡ اَنَّ لَهُمۡ مَّا فِى الۡاَرۡضِ جَمِيۡعًا وَّمِثۡلَهٗ مَعَهٗ لَافۡتَدَوۡا بِهٖ ؕ اُولٰۤـئِكَ لَهُمۡ سُوۡۤءُ الۡحِسَابِ ۙ وَمَاۡوٰٮهُمۡ جَهَنَّمُ ؕ وَبِئۡسَ الۡمِهَادُ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	লিল্লায ীনাছ্তাজা-বূ লিরাব্বিহিমুল্ হু ছ্না- (ط) ওয়াল্লায ীনা লাম্ ইয়াছ্তাজীবূ লাহূ লাও আন্না লাহুম্ মা-ফিল্ আর্দি জামী'আওঁ ওয়া মিছ্ লাহূ মা'আহূ লাফ্তাদাওঁ (ط) বিহী উলা~ইকা লাহুম্ ছূ~উল্ হি ছা-ব্ (ۙ) ওয়ামা'ওয়া-হুম্ জাহান্নামু (ط) ওয়া বি'ছাল্ মিহা-দ্।	
তরজমা	মঙ্গল তাহাদের যাহারা তাহাদের প্রতিপালকের আহ্বানে সাড়া দেয়। এবং যাহারা তাঁহার ডাকে সাড়া দেয় না, তাহাদের যদি পৃথিবীতে যাহা কিছু আছে তাহা সমস্তই থাকিত এবং তাহার সঙ্গে সমপরিমাণ আরো থাকিত উহারা মুক্তিপণস্বরূপ তাহা দিত। উহাদের হিসাব হইবে কঠোর এবং জাহান্নাম হইবে উহাদের আবাস, উহা কত নিকৃষ্ট আশ্রয়স্থল।	
	اَفَمَنۡ يَّعۡلَمُ اَنَّمَاۤ اُنۡزِلَ اِلَيۡكَ مِنۡ رَّبِّكَ الۡحَـقُّ كَمَنۡ هُوَ اَعۡمٰىؕ اِنَّمَا يَتَذَكَّرُ اُولُوا الۡاَلۡبَابِۙ ﴿۱۹﴾	19

প্রতিবর্ণায়ন	আফামাইঁ ইয়া'লামু আন্নামা~উংঝিলা ইলাইকা মির্ রাব্বিকাল্ হ্াক্কু কামান্ হুওয়া আ'মা- (ط) ইন্নামা- ইয়াতায াক্কারু উলুল্ আল্বা-ব্।	
তরজমা	তোমার প্রতিপালক হইতে তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহা যে ব্যক্তি সত্য বলিয়া জানে আর যে অন্ধ তাহারা কি সমান ? উপদেশ গ্রহণ করে শুধু বিবেকশক্তিসম্পন্নগণই,	
	الَّذِيْنَ يُوْفُوْنَ بِعَهْدِ اللّٰهِ وَلَا يَنْقُضُوْنَ الْمِيْثَاقَ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইউফূনা বি'আহ্দিল্লা-হি ওয়ালা- ইয়াংকুদ্ নাল্ মীছ া-ক ।	
তরজমা	যাহারা আল্লাহ্কে প্রদত্ত অঙ্গীকার রক্ষা করে এবং প্রতিজ্ঞা ভঙ্গ করে না,	
	وَالَّذِيْنَ يَصِلُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيَخْشَوْنَ رَبَّهُمْ وَيَخَافُوْنَ سُوْٓءَ الْحِسَابِ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা ইয়াসিলূনা মা~ আমারাল্লা-হু বিহী~ আইঁ ইউসালা ওয়া ইয়াখ্শাওনা রাব্বাহুম্ ওয়া ইয়া খা-ফূনা ছূ~আল্ হি ছা-ব্।	
তরজমা	এবং আল্লাহ্ যে সম্পর্ক অক্ষুণ্ন রাখিতে আদেশ করিয়াছেন যাহারা তাহা অক্ষুণ্ন রাখে, ভয় করে তাহাদের প্রতিপালককে এবং ভয় করে কঠোর হিসাবকে,	
	وَالَّذِيْنَ صَبَرُوا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِمْ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً وَّيَدْرَءُوْنَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ اُولٰٓئِكَ لَهُمْ عُقْبَى الدَّارِ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা সাবারুব্ তিগা~আ ওয়াজহি রাব্বিহিম ওয়া আক া-মুসসালা-তা ওয়া আংফাকূ মিম্মা-রাঝাক না-হুম্ ছিররাওঁ ওয়া 'আলা-নিয়াতাওঁ ওয়া ইয়াদ্রাউনা বিলহ্াছানাতিছ্ ছাইয়িআতা উলা~ইকা লাহুম্ 'উক বাদ্দা-র্।	
তরজমা	এবং যাহারা তাহাদের প্রতিপালকের সন্তুষ্টি লাভের জন্য ধৈর্য ধারণ করে, সালাত কায়েম করে, আমি তাহাদেরকে যে জীবনোপকরণ দিয়াছি তাহা হইতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে এবং যাহারা ভাল দ্বারা মন্দ দূরীভূত করে, ইহাদের জন্য শুভ পরিণাম-	
	جَنّٰتُ عَدْنٍ يَّدْخُلُوْنَهَا وَمَنْ صَلَحَ مِنْ اٰبَآئِهِمْ وَاَزْوَاجِهِمْ وَذُرِّيّٰتِهِمْ وَالْمَلٰٓئِكَةُ يَدْخُلُوْنَ عَلَيْهِمْ مِّنْ كُلِّ بَابٍ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	জান্না-তু 'আদ্নিইঁ ইয়াদ্খুলূনাহা- ওয়া মাং সালাহ্া মিন্ আ-বা~ইহিম্ ওয়াআঝওয়া-জিহিম্ ওয়াযু র্রিইইয়া-তিহিম্ ওয়াল্ মালা~ইকাতু ইয়াদ্খুলূনা 'আলাইহিম মিং কুল্লি বা-ব্।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	স্থায়ী জান্নাত, উহাতে তাহারা প্রবেশ করিবে এবং তাহাদের পিতা-মাতা, পতি-পত্নী ও সন্তান-সন্ততিদের মধ্যে যাহারা সৎকর্ম করিয়াছে তাহারাও এবং ফিরিশ্‌তাগণ তাহাদের নিকট উপস্থিত হইবে প্রত্যেক দ্বার দিয়া,	
	سَلٰمٌ عَلَيْكُمْ بِمَا صَبَرْتُمْ فَنِعْمَ عُقْبَى الدَّارِ ۝٢٤	**24**
প্রতিবর্ণায়ন	ছালা–মুন্ ‘আলাইকুম্ বিমা– সাবার্‌তুম্ ফানি‘মা ‘উক্‌বাদ্‌দা–র্।	
তরজমা	এবং বলিবে, ‘তোমরা ধৈর্য ধারণ করিয়াছ বলিয়া তোমাদের প্রতি শান্তি; কত উত্তম এই পরিণাম।	
	وَالَّذِيْنَ يَنْقُضُوْنَ عَهْدَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مِيْثَاقِهٖ وَيَقْطَعُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيُفْسِدُوْنَ فِى الْاَرْضِ ۙ اُولٰٓئِكَ لَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوْٓءُ الدَّارِ ۝٢٥	**25**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায্‌ীনা ইয়াংকু্‌দূ্‌না ‘আহ্‌দাল্লা–হি মিম্ বা‘দি মীছা–কি্‌হী ওয়া ইয়াক্‌তা‘ঊনা মা~আমারাল্লা–হু বিহী~আইঁ ইউসালা ওয়াইউফ্‌ছিদূনা ফিল্ আর্‌দি (ۙ) উলা~ইকা লাহুমুল্ লা‘নাতু ওয়া লাহুম্ ছূ~উদ্‌দা–র্।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র সঙ্গে দৃঢ় অঙ্গীকারে আবদ্ধ হইবার পর উহা ভঙ্গ করে, যে সম্পর্ক অক্ষুণ্ন রাখিতে আল্লাহ্ আদেশ করিয়াছেন, তাহা ছিন্ন করে এবং পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিয়া বেড়ায়, তাহাদের জন্য আছে লা‘নত এবং তাহাদের জন্য আছে মন্দ আবাস।	
	اَللّٰهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ ۭ وَفَرِحُوْا بِالْحَيٰوةِ الدُّنْيَا ۭ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَا فِى الْاٰخِرَةِ اِلَّا مَتَاعٌ ۝٢٦	**26**
প্রতিবর্ণায়ন	আল্লা–হু ইয়াব্‌ছুতু্‌র্ রিঝ্‌কা্‌লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াক্‌দিরু (ط) ওয়া ফারিহূ্‌ বিলহা্‌য়া–তিদ্‌দুন্‌ইয়া– ওয়ামাল্ হা্‌য়া–তুদ্‌দুন্‌ইয়া– (ط) ফিল্ আ–খিরাতি ইল্লা–মাতা–‘উ।	
তরজমা	আল্লাহ্ যাহার জন্য ইচ্ছা তাহার জীবনোপকরণ বর্ধিত করেন এবং সংকুচিত করেন; কিন্তু ইহারা পার্থিব জীবনে উল্লসিত, অথচ দুনিয়ার জীবন তো আখিরাতের তুলনায় ক্ষণস্থায়ী ভোগমাত্র।	
	وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۭ قُلْ اِنَّ اللّٰهَ يُضِلُّ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْٓ اِلَيْهِ مَنْ اَنَابَ ۝٢٧	**27**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ্‌লুল্লায্‌ীনা কাফারূ লাওলা~উংঝিলা ‘আলাইহি আ–য়াতুম্ মির্ রাব্বিহী (ط) কু্‌ল্ ইন্নাল্লা–হা ইউদি্‌ল্লু মাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াহদী~ ইলাইহি মান্ আনা–ব্।	

তরজমা	যাহারা কুফ্‌রী করিয়াছে তাহারা বলে, 'তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?' বল, 'আল্লাহ্ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং তিনি তাহাদেরকে তাঁহার পথ দেখান যাহারা তাঁহার অভিমুখী,	
	اَلَّذِيْنَ اٰمَنُوْا وَتَطْمَىِٕنُّ قُلُوْبُهُمْ بِذِكْرِ اللّٰهِ ؕ اَلَا بِذِكْرِ اللّٰهِ تَطْمَىِٕنُّ الْقُلُوْبُ ؕ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা আ-মানূ ওয়া তাত্‌মাইন্নু কু্‌লূবুহুম্ বিযি্‌করিল্লা-হি (ط) 'আলা- বিযি্‌ক্‌রিল্লা-হি তাত্‌মাইন্নুল্ কু্‌লূব্।	
তরজমা	'যাহারা ঈমান আনে এবং আল্লাহ্‌র স্মরণে যাহাদের চিত্ত প্রশান্ত হয় ; জানিয়া রাখ, আল্লাহ্‌র স্মরণেই চিত্ত প্রশান্ত হয়;	
	اَلَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ طُوْبٰى لَهُمْ وَحُسْنُ مَاٰبٍ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহা-তি তূবা-লাহুম্ ওয়া হুস্‌নু মাআ-ব্।	
তরজমা	'যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, পরম আনন্দ এবং শুভ পরিণাম তাহাদেরই।'	
	كَذٰلِكَ اَرْسَلْنٰكَ فِيْٓ اُمَّةٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهَآ اُمَمٌ لِّتَتْلُوَا۟ عَلَيْهِمُ الَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ وَهُمْ يَكْفُرُوْنَ بِالرَّحْمٰنِ ؕ قُلْ هُوَ رَبِّيْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ مَتَابِ ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	কাযা-লিকা আর্‌ছাল্‌না-কা ফী~উম্মাতিং কা্‌দ খালাত্ মিং কা্‌ব্‌লিহা~উমামুল্ লিতাত্‌লুওয়া 'আলাইহিমুল্লাযী~ আওহাইনা~ইলাইকা ওয়াহুম্ ইয়াক্‌ফুরূনা বির্‌রাহ্‌মা-নি (ط) কু্‌ল্ হুওয়া রাব্বী লা~ইলা-হা ইল্লা হুওয়া (ج) 'আলাইহি তাওয়াক্কাল্‌তু ওয়া ইলাইহি মাতা-ব্।	
তরজমা	এইভাবে আমি তোমাকে পাঠাইয়াছি এক জাতির প্রতি যাহার পূর্বে বহু জাতি গত হইয়াছে, উহাদের নিকট তিলাওয়াত করিবার জন্য, যাহা আমি তোমার প্রতি প্রত্যাদেশ করিয়াছি। তথাপি উহারা দয়াময়কে অস্বীকার করে। বল, 'তিনিই আমার প্রতিপালক; তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। তাঁহারই উপর আমি নির্ভর করি এবং আমার প্রত্যাবর্তন তাঁহারই নিকট।'	
	وَلَوْ اَنَّ قُرْاٰنًا سُيِّرَتْ بِهِ الْجِبَالُ اَوْ قُطِّعَتْ بِهِ الْاَرْضُ اَوْ كُلِّمَ بِهِ الْمَوْتٰى ؕ بَلْ لِّلّٰهِ الْاَمْرُ جَمِيْعًا ؕ اَفَلَمْ يَاْيْـَٔسِ الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْ لَّوْ يَشَآءُ اللّٰهُ لَهَدَى النَّاسَ جَمِيْعًا ؕ وَلَا يَزَالُ الَّذِيْنَ كَفَرُوْا تُصِيْبُهُمْ بِمَا صَنَعُوْا قَارِعَةٌ اَوْ تَحُلُّ قَرِيْبًا مِّنْ دَارِهِمْ حَتّٰى يَاْتِيَ وَعْدُ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ﴿۳۱﴾	31

প্রতিবর্ণায়ন	ওয়া লাও আন্না কু'রআ-নাং ছুইয়িরাত্ বিহিল্ জিবা-লু আও কুত্তি''আত্ বিহিল্ আর্দু' আও কুল্লিমা বিহিল্ মাওতা- (ط) বাল্ লিল্লা-হিল্ আমরু জামী'আন্ (ط) আফালাম্ ইয়াইআছিল্লায' ীনা আ-মানূ˜আল্লাওঁ ইয়াশা~উল্লা-হু লাহাদান্না-ছা জামী'আওঁ (ط) ওয়ালা-ইয়াঝা-লুল্লায' ীনা কাফারূ তুসীবুহুম বিমা-সানা'উ ক'া-রি'আতুন্ আও তাহু'ল্লু ক'ারীবাম্ মিং দা-রিহিম্ হ'াত্তা-ইয়া'তিয়া ওয়া'দুল্লা-হি (ط) ইন্নাল্লা-হা লা-ইউখলিফুল্ মী'আ-দ্।	
তরজমা	যদি কোন কুরআন এমন হইত যদ্দ্বারা পর্বতকে গতিশীল করা যাইত অথবা পৃথিবীকে বিদীর্ণ করা যাইত অথবা মৃতের সঙ্গে কথা বলা যাইত, তবুও উহারা উহাতে বিশ্বাস করিত না। কিন্তু সমস্ত বিষয়ই আল্লাহ্‌র ইখ্‌তিয়ারভুক্ত। তবে কি যাহারা ঈমান আনিয়াছে তাহাদের প্রত্যয় হয় নাই যে, আল্লাহ্ ইচ্ছা করিলে নিশ্চয়ই সকলকে সৎপথে পরিচালিত করিতে পারিতেন ? যাহারা কুফরী করিয়াছে তাহাদের কর্মফলের জন্য তাহাদের বিপর্যয় ঘটিতেই থাকিবে, অথবা বিপর্যয় তাহাদের আশেপাশে আপতিত হইতেই থাকিবে যতক্ষণ পর্যন্ত না আল্লাহ্‌র প্রতিশ্রুতি আসিয়া পড়িবে। নিশ্চয়ই আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।	
	وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّنْ قَبْلِكَ فَاَمْلَيْتُ لِلَّذِيْنَ كَفَرُوْا ثُمَّ اَخَذْتُهُمْ ۗ فَكَيْفَ كَانَ عِقَابِ ۝٣٢	32
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদিছ্‌তুহঝিআ বিরুছুলিম্ মিং ক'াব্‌লিকা ফাআমলাইতু লিল্লায' ীনা কাফারূ ছু'ম্মা আখায্'তুহুম (قف) ফাকাইফা কা-না 'ইক'া-ব্।	
তরজমা	তোমার পূর্বেও অনেক রাসূলকে ঠাট্টা-বিদ্রূপ করা হইয়াছে এবং যাহারা কুফরী করিয়াছে তাহাদেরকে আমি কিছু অবকাশ দিয়াছিলাম, তাহার পর উহাদেরকে শাস্তি দিয়াছিলাম। কেমন ছিল আমার শাস্তি!	
	اَفَمَنْ هُوَ قَآئِمٌ عَلٰى كُلِّ نَفْسٍۢ بِمَا كَسَبَتْ ۚ وَجَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ ۗ قُلْ سَمُّوْهُمْ ۗ اَمْ تُنَبِّئُوْنَهٗ بِمَا لَا يَعْلَمُ فِى الْاَرْضِ اَمْ بِظَاهِرٍ مِّنَ الْقَوْلِ ۗ بَلْ زُيِّنَ لِلَّذِيْنَ كَفَرُوْا مَكْرُهُمْ وَصُدُّوْا عَنِ السَّبِيْلِ ۗ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ هَادٍ ۝٣٣	33
প্রতিবর্ণায়ন	আফামান্ হুওয়া ক'া~ইমুন্ 'আলা-কুল্লি নাফছিম্ বিমা কাছাবাত্ (ج) ওয়া জা'আলূ লিল্লা-হি শুরাকা~আ (ط) কু'ল ছাম্মূহুম্ (ط) আম্ তুনাব্বিউনাহূ বিমা-লা-ইয়া'লামু ফিল্ আরদি' আম্ বিজ'াহিরিম্ মিনাল্ ক'াওলি (ط) বাল্ ঝুইয়িনা লিল্লায' ীনা কাফারূ মাকরুহুম্ ওয়াসুদ্দূ 'আনিছ্ ছাবীলি (ط) ওয়ামাইঁ ইউদ্'লিলিল্লা-হু ফামা-লাহূ মিন হা-দ্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তবে কি প্রত্যেক মানুষ যাহা করে তাহার যিনি পর্যবেক্ষক তিনি ইহাদের অক্ষম ইলাহ্গুলির মত ? অথচ উহারা আল্লাহ্র বহু শরীক করিয়াছে। বল, 'উহাদের পরিচয় দাও।' তোমরা কি পৃথিবীর মধ্যে এমন কিছুর সংবাদ দিতে চাও-যাহা তিনি জানেন না ? অথবা ইহা বাহ্যিক কথা মাত্র ? না, কাফিরদের নিকট উহাদের ছলনা শোভন প্রতীয়মান হইয়াছে এবং উহাদেরকে সৎপথ হইতে নিবৃত্ত করা হইয়াছে, আর আল্লাহ্ যাহাকে বিভ্রান্ত করেন তাহার কোন পথপ্রদর্শক নাই।	
	لَهُمْ عَذَابٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَشَقُّ ۚ وَمَا لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ وَّاقٍ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	লাহুম্ 'আয-া-বুং ফিল্ হ-া়া-তিদ্দুন্ইয়া- ওয়ালা 'আয-া-বুল্ আ-খিরাতি আশাক্ক- (ج) ওয়ামা-লাহুম্ মিনাল্লা-হি মিওঁ ওয়া-ক- ।	
তরজমা	উহাদের জন্য দুনিয়ার জীবনে আছে শাস্তি এবং আখিরাতের শাস্তি তো আরো কঠোর! এবং আল্লাহ্র শাস্তি হইতে রক্ষা করিবার উহাদের কেহ নাই।	
	مَثَلُ الْجَنَّةِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ۭ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۭ اُكُلُهَا دَاۗىِٕمٌ وَّظِلُّهَا ۭ تِلْكَ عُقْبَى الَّذِيْنَ اتَّقَوْا ڰ وَّعُقْبَى الْكٰفِرِيْنَ النَّارُ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	মাছ-ালুল্ জান্নাতিল লাতী উ'ইদাল্ মুত্তাকূ-না (ط) তাজরী মিং তাহ-তিহাল্ আন্হা-রু (ط) উকুলুহা-দা~ইমুওঁ ওয়াজি-ল্লুহা- (ط) তিল্কা 'উক-বাল্লায-ী নাত্তাক-াওঁ ওয়া 'উক-বাল্ কা-ফিরীনান্না-র্ ।	
তরজমা	মুত্তাকীদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে, তাহার উপমা এইরূপ : উহার পাদদেশে নদী প্রবাহিত, উহার ফলসমূহ ও ছায়া চিরস্থায়ী। যাহারা মুত্তাকী ইহা তাহাদের কর্মফল এবং কাফিরদের কর্মফল দোযখ।	
	وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَفْرَحُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمِنَ الْاَحْزَابِ مَنْ يُّنْكِرُ بَعْضَهٗ ۭ قُلْ اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ اللّٰهَ وَلَآ اُشْرِكَ بِهٖ ۭ اِلَيْهِ اَدْعُوْا وَاِلَيْهِ مَاٰبِ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায-ীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা ইয়াফ্রাহূ-না বিমা~উংঝিলা ইলাইকা ওয়া মিনাল আহ-ঝা-বি মাইঁ ইউংকিরু বা'দ-াহূ (ط) ক-ুল্ ইন্নামা~উমির্তু আন্ আ'বুদাল্লা-হা ওয়ালা~উশ্রিকা বিহী (ط) ইলাইহি আদ্'উ ওয়া ইলাইহি মাআ-ব্ ।	
তরজমা	আমি যাহাদেরকে কিতাব দিয়াছি তাহারা যাহা তোমার প্রতি অবতীর্ণ হইয়াছে তাহাতে আনন্দ পায়, কিন্তু কোন কোন দল উহার কতক অংশ অস্বীকার করে। বল, 'আমি তো আল্লাহ্র 'ইবাদত করিতে ও তাঁহার কোন শরীক না করিতে আদিষ্ট হইয়াছি। আমি তাঁহারই প্রতি আহ্বান করি এবং তাঁহারই নিকট আমার প্রত্যাবর্তন।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ حُكْمًا عَرَبِيًّا ؕ وَلَئِنِ اتَّبَعْتَ اَهْوَآءَهُمْ بَعْدَ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا وَاقٍ ﴿٣٧﴾	**37**
প্রতিবর্ণায়ন	ওয়া কায া–লিকা আংঝাল্না–হু হু ক্মান্ ‘আরাবিইইয়াওঁ (ط) ওয়ালাইনিত্তাবা‘তা আহওয়া~আহুম্ বা‘দা মা–জা~আকা মিনাল্ (ۙ) ‘ইল্মি মা–লাকা মিনাল্লা–হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা– ওয়া–ক ।	
তরজমা	এইভাবে আমি কুরআন অবতীর্ণ করিয়াছি বিধানরূপে আরবী ভাষায়। জ্ঞান প্রাপ্তির পর তুমি যদি তাহাদের খেয়াল-খুশির অনুসরণ কর তবে আল্লাহ্‌র বিরুদ্ধে তোমার কোন অভিভাবক ও রক্ষক থাকিবে না।	
	وَلَقَدْ اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ وَجَعَلْنَا لَهُمْ اَزْوَاجًا وَّذُرِّيَّةً ؕ وَمَا كَانَ لِرَسُوْلٍ اَنْ يَّاْتِيَ بِاٰيَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ لِكُلِّ اَجَلٍ كِتَابٌ ﴿٣٨﴾	**38**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ্ আরছাল্না– রুছুলাম্ মিং ক াব্লিকা ওয়া জা‘আলনা–লাহুম্ আঝওয়া–জাওঁ ওয়া য ুর্‌রিইয়াতাওঁ (ط) ওয়ামা–কা–না লিরাছূলিন্ আইঁ ইয়া’তিয়া বিআ–য়াতিন ইল্লা– বিইয ্নিল্লা–হি (ط) লিকুল্লি আজালিং কিতা–ব্ ।	
তরজমা	তোমার পূর্বে আমি তো অনেক রাসূল প্রেরণ করিয়াছিলাম এবং তাহাদেরকে স্ত্রী ও সন্তান-সন্ততি দিয়াছিলাম। আল্লাহ্‌র অনুমতি ব্যতীত কোন নিদর্শন উপস্থিত করা কোন রাসূলের কাজ নয়। প্রত্যেক বিষয়ের নির্ধারিত কাল লিপিবদ্ধ।	
	يَمْحُوا اللّٰهُ مَا يَشَآءُ وَيُثْبِتُ ۖۚ وَعِنْدَهٗۤ اُمُّ الْكِتٰبِ ﴿٣٩﴾	**39**
প্রতিবর্ণায়ন	ইয়ামহু ল্লা–হু মা– ইয়াশা~উ ওয়া ইউছ্ বিতু (ج) ওয়া ‘ইংদাহূ~ উম্মুল্ কিতা–ব্ ।	
তরজমা	আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা নিশ্চিহ্ন করেন এবং যাহা ইচ্ছা তাহা প্রতিষ্ঠিত রাখেন এবং তাঁহারই নিকট আছে উম্মুল কিতাব।	
	وَاِنْ مَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِيْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴿٤٠﴾	**40**
প্রতিবর্ণায়ন	ওয়া ইম্মা– নুরিইয়ান্নাকা বা‘দ াল্লায ী না‘ইদুহুম্ আও নাতাওয়াফ্ফাইয়ান্নাকা ফাইন্নামা– ‘আলাইকাল্ বালা–গু ওয়া ‘আলাইনাল হি ছা–ব্ ।	
তরজমা	উহাদেরকে যে শাস্তির প্রতিশ্রুতি দিয়াছি তাহার কিছু যদি তোমাকে দেখাই অথবা যদি ইহার পূর্বে তোমার কাল পূর্ণ করিয়া দেই-তোমার কর্তব্য তো কেবল প্রচার করা এবং হিসাব-নিকাশ তো আমার কাজ।	

	اَوَلَمۡ یَرَوۡا اَنَّا نَاۡتِی الۡاَرۡضَ نَنۡقُصُهَا مِنۡ اَطۡرَافِهَا ؕ وَ اللّٰهُ یَحۡکُمُ لَا مُعَقِّبَ لِحُکۡمِهٖ ؕ وَ هُوَ سَرِیۡعُ الۡحِسَابِ ﴿۴۱﴾	**41**
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্ ইয়ারাও আন্না-না'তিল্ আর্দ্বা নাংকুসুহা-মিন্ আত্বা-রা-ফিহা- (ط) ওয়াল্লা-হু ইয়াহ্কুমূ লা-মু'আক্কিবা লিহুক্‌মিহী (ط) ওয়া হুওয়া ছারী'উল্ হিছা-ব।	
তরজমা	উহারা কি দেখে না যে, আমি উহাদের দেশকে চতুর্দিক হইতে সংকুচিত করিয়া আনিতেছি ? আল্লাহ্ আদেশ করেন, তাঁহার আদেশ রদ করিবার কেহ নাই এবং তিনি হিসাব গ্রহণে তৎপর।	
	وَ قَدۡ مَکَرَ الَّذِیۡنَ مِنۡ قَبۡلِهِمۡ فَلِلّٰهِ الۡمَکۡرُ جَمِیۡعًا ؕ یَعۡلَمُ مَا تَکۡسِبُ کُلُّ نَفۡسٍ ؕ وَ سَیَعۡلَمُ الۡکُفّٰرُ لِمَنۡ عُقۡبَی الدَّارِ ﴿۴۲﴾	**42**
প্রতিবর্ণায়ন	ওয়া কাদ্ মাকারা ল্লাযীনা মিং কাব্লিহিম্ ফালিল্লা-হিল্ মাকরু জামী'আঁ (ط) ইয়া'লামু মা-তাকছিবু কুল্লু নাফ্ছিওঁ (ط) ওয়া ছাইয়া'লামুল্ কুফ্ফা-রু লিমান্ 'উকবাদ্ দা-র্।	
তরজমা	উহাদের পূর্বে যাহারা ছিল তাহারাও চক্রান্ত করিয়াছিল; কিন্তু সমস্ত চক্রান্ত আল্লাহ্র ইখতিয়ারে। প্রত্যেক ব্যক্তি যাহা করে তাহা তিনি জানেন এবং কাফিররা শীঘ্রই জানিবে শুভ পরিণাম কাহাদের জন্য।	
	وَ یَقُوۡلُ الَّذِیۡنَ کَفَرُوۡا لَسۡتَ مُرۡسَلًا ؕ قُلۡ کَفٰی بِاللّٰهِ شَهِیۡدًۢا بَیۡنِیۡ وَ بَیۡنَکُمۡ ۙ وَ مَنۡ عِنۡدَهٗ عِلۡمُ الۡکِتٰبِ ﴿۴۳﴾	**43**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূলুল্লাযীনা কাফারূ লাছতা মুরছালাং (ط) কুল্ কাফা-বিল্লা-হি শাহীদাম্ বাইনী ওয়া বাইনাকুম্ (৺) ওয়া মান্ 'ইংদাহূ 'ইল্মুল্ কিতা-ব্।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তাহারা বলে, 'তুমি আল্লাহ্র প্রেরিত নও।' বল, 'আল্লাহ্ এবং যাহাদের নিকট কিতাবের জ্ঞান আছে, তাহারা আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে যথেষ্ট।'	

14 - 'Ibrahim-ইবরাহীম -إبراهيم

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	الٓرٰ ۟ كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۙ بِاِذْنِ رَبِّهِمْ اِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ۟ۙ	1
প্রতিবর্ণায়ন	আলিফ্ লা~ম্ রা- (قف) কিতা-বুন্ আংঝাল্না-হু ইলাইকা লিতুখ্‌রিজান্না-ছা মিনাজ্ জু্ লুমা-তি ইলান্নূরি, বিইয্‌নি রাব্বিহিম্ ইলা- সিরা-তি্ল্ 'আঝীঝিল্ হ্‌ামীদ।	
তরজমা	আলিফ-লাম্-রা, এই কিতাব, ইহা তোমার প্রতি অবতীর্ণ করিয়াছি যাহাতে তুমি মানবজাতিকে তাহাদের প্রতিপালকের নির্দেশক্রমে বাহির করিয়া আনিতে পার অন্ধকার হইতে আলোকে, তাঁহার পথে যিনি পরাক্রমশালী, প্রশংসার্হ,	
	اللّٰهِ الَّذِيْ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَوَيْلٌ لِّلْكٰفِرِيْنَ مِنْ عَذَابٍ شَدِيْدِ ۟ۙ	2
প্রতিবর্ণায়ন	আল্লাহিল্লায্‌ী লাহূ মা- ফিছ্‌ছামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদি্ (ط) ওয়া ওয়াইলুল্লিল্ কা-ফিরীনা মিন্ 'আয্‌া-বিং শাদীদ।	
তরজমা	আল্লাহ্-আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা তাঁহারই। কঠিন শাস্তির দুর্ভোগ কাফিরদের জন্য,	
	الَّذِيْنَ يَسْتَحِبُّوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا عَلَى الْاٰخِرَةِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ؕ اُولٰٓئِكَ فِيْ ضَلٰلٍۭ بَعِيْدٍ ۟	3
প্রতিবর্ণায়ন	আল্লায্‌ীনা ইয়াছ্‌তাহি্ব্বূনাল্ হ্‌ায়া-তাদ্দুন্‌ইয়া-'আলাল্ আ-খিরাতি ওয়াইয়াসুদ্দূনা 'আং ছাবীলিল্লা-হি ওয়া ইয়াব্‌গূনাহা- 'ইওয়াজান (ط) উলা~ইকা ফী দ্‌ালা-লিম্ বা'ঈদ্।	
তরজমা	যাহারা দুনিয়ার জীবনকে আখিরাতের চেয়ে ভালবাসে, মানুষকে নিবৃত্ত করে আল্লাহ্‌র পথ হইতে এবং আল্লাহ্‌র পথ বক্র করিতে চাহে ; উহারাই তো ঘোর বিভ্রান্তিতে রহিয়াছে।	
	وَمَآ اَرْسَلْنَا مِنْ رَّسُوْلٍ اِلَّا بِلِسَانِ قَوْمِهٖ لِيُبَيِّنَ لَهُمْ ؕ فَيُضِلُّ اللّٰهُ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۟	4
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আর্‌ছাল্‌না- মির্ রাছূলিন্ ইল্লা- বিলিছা-নি ক্‌াওমিহী লিইউবাইয়্যিনা লাহুম্ (ط) ফাইউদি্ল্লুল্লা-হু মাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়া-হুওয়াল্ 'আঝীঝুল্ হ্‌াকীম্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আমি প্রত্যেক রাসূলকেই তাহার স্বজাতির ভাষাভাষী করিয়া পাঠাইয়াছি তাহাদের নিকট পরিষ্কারভাবে ব্যাখ্যা করিবার জন্য, আল্লাহ্ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	وَلَقَدۡ اَرۡسَلۡنَا مُوۡسٰى بِاٰيٰتِنَاۤ اَنۡ اَخۡرِجۡ قَوۡمَكَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوۡرِ ۙ وَذَكِّرۡهُمۡ بِاَيّٰٮمِ اللّٰهِ ؕ اِنَّ فِىۡ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوۡرٍ ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ আর্ছাল্না– মূছা– বিআ–ইয়া–তিনা ˜আন্ আখ্রিজ ক াওমাকা মিনাজ্ জু লুমা–তি ইলান্নূরি (৺) ওয়া য াক্কির্ হুম্ বিআইইয়া–মিল্লা–হি ইন্না ফী য া–লিকা লাআ–য়া–তিল লিকুল্লি সাব্বা–রিং শাকূর্।	
তরজমা	মূসাকে আমি তো আমার নিদর্শনসহ প্রেরণ করিয়াছিলাম এবং বলিয়াছিলাম, 'তোমার সম্প্রদায়কে অন্ধকার হইতে আলোতে আনয়ন কর, এবং উহাদেরকে আল্লাহ্র দিবসগুলির দ্বারা উপদেশ দাও।' ইহাতে তো নিদর্শন রহিয়াছে প্রত্যেক পরম ধৈর্যশীল ও পরম কৃতজ্ঞ ব্যক্তির জন্য।	
	وَاِذۡ قَالَ مُوۡسٰى لِقَوۡمِهِ اذۡكُرُوۡا نِعۡمَةَ اللّٰهِ عَلَيۡكُمۡ اِذۡ اَنۡجٰٮكُمۡ مِّنۡ اٰلِ فِرۡعَوۡنَ يَسُوۡمُوۡنَكُمۡ سُوۡۤءَ الۡعَذَابِ وَيُذَبِّحُوۡنَ اَبۡنَآءَكُمۡ وَيَسۡتَحۡيُوۡنَ نِسَآءَكُمۡ ؕ وَفِىۡ ذٰلِكُمۡ بَلَاۤءٌ مِّنۡ رَّبِّكُمۡ عَظِيۡمٌ ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ক া–লা মূছা– লিক াওমিহিয্ কুরূ নি'মাতাল্লা–হি 'আলাইকুম্ ইয আংজা–কুম্ মিন্ আ–লি ফির্'আওনা ইয়াছূমূনাকুম্ ছূ~আল্ 'আয া–বি ওয়া ইউয াব্বিহূ না আব্না~আকুম্ ওয়া ইয়াছ্তাহ ইউনা নিছা~আকুম্ ; ওয়া ফী য া–লিকুম বালা~উম্ মির রাব্বিকুম 'আজ ীম্।	
তরজমা	স্মরণ কর, মূসা তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, 'তোমরা আল্লাহ্র অনুগ্রহ' স্মরণ কর যখন তিনি তোমাদেরকে রক্ষা করিয়াছিলেন ফির'আওনী সম্প্রদায়ের কবল হইতে, যাহারা তোমাদেরকে নিকৃষ্ট শাস্তি দিত, তোমাদের পুত্রগণকে যবেহ্ করিত ও তোমাদের নারীগণকে জীবিত রাখিত; এবং ইহাতে ছিল তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে এক মহাপরীক্ষা।'	
	وَاِذۡ تَاَذَّنَ رَبُّكُمۡ لَـئِنۡ شَكَرۡتُمۡ لَاَزِيۡدَنَّـكُمۡ وَلَـئِنۡ كَفَرۡتُمۡ اِنَّ عَذَابِىۡ لَشَدِيۡدٌ ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ তাআয য ানা রাব্বুকুম লাইং শাকারতুম্ লাআঝীদান্নাকুম্ ওয়া লাইং কাফারতুম্ ইন্না 'আয া–বী লাশাদীদ্।	
তরজমা	স্মরণ কর, তোমাদের প্রতিপালক ঘোষণা করেন, 'তোমরা কৃতজ্ঞ হইলে তোমাদেরকে অবশ্যই অধিক দিব আর অকৃতজ্ঞ হইলে অবশ্যই আমার শাস্তি হইবে কঠোর।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالَ مُوسَىٰٓ إِن تَكْفُرُوٓا أَنتُمْ وَمَن فِى ٱلْأَرْضِ جَمِيعًا فَإِنَّ ٱللَّهَ لَغَنِىٌّ حَمِيدٌ ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ওয়া ক্বা-লা মূছা~ ইং তাক্ফুরূ~ আংতুম্ ওয়া মাং ফিল্ আর্দি জামী'আং ফাইন্নাল্লা-হা লাগানিইয়ুন হ ামীদ্।	
তরজমা	মূসা বলিয়াছিল, 'তোমরা এবং পৃথিবীর সকলেই যদি অকৃতজ্ঞ হও তথাপি আল্লাহ্ অভাবমুক্ত এবং প্রশংসার্হ।	
	أَلَمْ يَأْتِكُمْ نَبَؤُا ٱلَّذِينَ مِن قَبْلِكُمْ قَوْمِ نُوحٍ وَعَادٍ وَثَمُودَ ۛ وَٱلَّذِينَ مِنۢ بَعْدِهِمْ ۛ لَا يَعْلَمُهُمْ إِلَّا ٱللَّهُ ۚ جَآءَتْهُمْ رُسُلُهُم بِٱلْبَيِّنَٰتِ فَرَدُّوٓا أَيْدِيَهُمْ فِىٓ أَفْوَٰهِهِمْ وَقَالُوٓا إِنَّا كَفَرْنَا بِمَآ أُرْسِلْتُم بِهِۦ وَإِنَّا لَفِى شَكٍّ مِّمَّا تَدْعُونَنَآ إِلَيْهِ مُرِيبٍ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	আলাম্ ইয়া'তিকুম্ নাবাউল্লায ীনা মিং ক াব্লিকুম্ ক াওমি নূহি ওঁ ওয়া 'আ-দিওঁ ওয়া ছ ামূদা ওয়াল্লায ীনা মিম্ বা'দিহিম্ লা-ইয়া'লামুহুম্ ইল্লাল্লা-হু জা~আত্হুম্ রুছুলুহুম্ বিল্বাইয়িনা-তি ফারাদ্দু~আইদিইয়াহুম্ ফী~আফওয়া-হিহিম্ ওয়াক া-লূ~ ইন্না- কাফার্না- বিমা~উরছিল্তুম্ বিহী ওয়া ইন্না- লাফী শাক্কিম্ মিম্মা- তাদ্'উনানা~ইলাইহি মুরীব্।	
তরজমা	'তোমাদের নিকট কি সংবাদ আসে নাই তোমাদের পূর্ববর্তীদের, নূহের সম্প্রদায়ের, 'আদের ও সামূদের এবং তাহাদের পরবর্তীদের? উহাদের বিষয় আল্লাহ্ ব্যতীত অন্য কেহ জানে না।' উহাদের নিকট স্পষ্ট নিদর্শনসহ উহাদের রাসূল আসিয়াছিল, উহারা উহাদের হাত উহাদের মুখে স্থাপন করিত এবং বলিত, 'যাহাসহ তোমরা প্রেরিত হইয়াছ তাহা আমরা অবশ্যই অস্বীকার করি এবং আমরা অবশ্যই বিভ্রান্তিকর সন্দেহে রহিয়াছি সে বিষয়ে, যাহার প্রতি তোমরা আমাদেরকে আহ্বান করিতেছ।'	
	قَالَتْ رُسُلُهُمْ أَفِى ٱللَّهِ شَكٌّ فَاطِرِ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ ۖ يَدْعُوكُمْ لِيَغْفِرَ لَكُم مِّن ذُنُوبِكُمْ وَيُؤَخِّرَكُمْ إِلَىٰٓ أَجَلٍ مُّسَمًّى ۚ قَالُوٓا إِنْ أَنتُمْ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا تُرِيدُونَ أَن تَصُدُّونَا عَمَّا كَانَ يَعْبُدُ ءَابَآؤُنَا فَأْتُونَا بِسُلْطَٰنٍ مُّبِينٍ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ক া-লাত্ রুছুলুহুম্ আফিল্লা-হি শাক্কুং ফা-তি রিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি (ط) ইয়াদ্'উকুম্ লিইয়াগফিরা লাকুম্ মিং যু নূবিকুম্ ওয়া ইউআখ্খিরাকুম্ ইলা~ আজালিম্ মুছাম্মাং (ط) ক া-লূ~ ইন্ আংতুম্ ইল্লা-বাশারুম্ মিছ লুনা- (ط) তুরীদূনা আং তাসুদ্দূনা 'আম্মা- কা-না ইয়া'বুদু আ-বা~উনা- ফা'তূনা বিছুল্ত া-নিম্ মুবীন্।	

তরজমা	উহাদের রাসূলগণ বলিয়াছিল, 'আল্লাহ্ সম্বন্ধে কি কোন সন্দেহ আছে, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিকর্তা ? তিনি তোমাদেরকে আহ্বান করেন তোমাদের পাপ মার্জনা করিবার জন্য এবং নির্দিষ্ট কাল পর্যন্ত তোমাদেরকে অবকাশ দিবার জন্য।' উহারা বলিত, 'তোমরা তো আমাদেরই মত মানুষ। আমাদের পিতৃপুরুষগণ যাহাদের 'ইবাদত করিত তোমরা তাহাদের 'ইবাদত হইতে আমাদেরকে বিরত রাখিতে চাও। অতএব তোমরা আমাদের নিকট কোন অকাট্য প্রমাণ উপস্থিত কর।'	
	قَالَتْ لَهُمْ رُسُلُهُمْ إِنْ نَّحْنُ إِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ وَلٰكِنَّ اللّٰهَ يَمُنُّ عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ وَمَا كَانَ لَنَآ أَنْ نَّأْتِيَكُمْ بِسُلْطٰنٍ إِلَّا بِإِذْنِ اللّٰهِ ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ক্বা-লাত্ লাহুম্ রুছুলুহুম্ ইন্ নাহ্নু ইল্লা- বাশারুম্ মিছ্লুকুম্ ওয়ালা-কিন্নাল্লা-হা ইয়ামুন্নু 'আলা- মাইঁ ইয়াশা~উ মিন্ 'ইবা-দিহী (ط) ওয়ামা- কা-না লানা~আন্ না'তিয়াকুম বিছুল্ত্বা-নিন্ ইল্লা- বিইয্নিল্লা-হি (ط) ওয়া 'আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনূন্।	
তরজমা	উহাদের রাসূলগণ উহাদেরকে বলিত, 'সত্য বটে, আমরা তোমাদের মত মানুষই কিন্তু আল্লাহ্ তাঁহার বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা অনুগ্রহ করেন। আল্লাহ্র অনুমতি ব্যতীত তোমাদের নিকট প্রমাণ উপস্থিত করা আমাদের কাজ নয়। আল্লাহ্র উপরই মু'মিনগণের নির্ভর করা উচিত।	
	وَمَا لَنَآ أَلَّا نَتَوَكَّلَ عَلَى اللّٰهِ وَقَدْ هَدٰىنَا سُبُلَنَا ؕ وَلَنَصْبِرَنَّ عَلٰى مَآ اٰذَيْتُمُوْنَا ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُوْنَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়ামা- লানা~আল্লা- নাতাওয়াক্কাল 'আলাল্লা-হি ওয়া ক্বাদ হাদা-না- ছুবুলানা- (ط) ওয়া লানাসবিরান্না 'আলা- মা~আ-যাইতুমূনা- (ط) ওয়া 'আলাল্লা-হি ফাল্ইয়াতাওয়াক্কালিল্ মুতাওয়াক্কিলূন্।	
তরজমা	আমাদের কি হইয়াছে যে, 'আমরা আল্লাহ্র উপর নির্ভর করিব না ? তিনিই তো আমাদেরকে পথ প্রদর্শন করিয়াছেন। তোমরা আমাদেরকে যে ক্লেশ দিতেছ, আমরা তাহাতে অবশ্যই ধৈর্য ধারণ করিব এবং আল্লাহ্রই উপর নির্ভরকারিগণ নির্ভর করুক।'	
	وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِرُسُلِهِمْ لَنُخْرِجَنَّكُمْ مِّنْ أَرْضِنَآ أَوْ لَتَعُوْدُنَّ فِيْ مِلَّتِنَا ؕ فَأَوْحٰٓى إِلَيْهِمْ رَبُّهُمْ لَنُهْلِكَنَّ الظّٰلِمِيْنَ ﴿١٣﴾	13

প্রতিবর্ণায়ন	ওয়া ক া-লাল্লায ীনা কাফারূ লিরুছুলিহিম্ লানুখরিজান্নাকুম্ মিন্ আর্‌দি না ~আও লাতা‘উদুন্না ফী মিল্লাতিনা- (ط) ফাআওহ া ~ইলাইহিম্ রাব্বুহুম্ লানুহলিকান্নাজ্ জ া-লিমীন্।	
তরজমা	কাফিররা উহাদের রাসূলগণকে বলিয়াছিল, ‘আমরা তোমাদেরকে আমাদের দেশ হইতে অবশ্যই বহিষ্কার করিব অথবা তোমাদেরকে আমাদের ধর্মাদর্শে ফিরিয়া আসিতেই হইবে।’ অতঃপর রাসূলগণকে তাহাদের প্রতিপালক ওহী প্রেরণ করিলেন, জালিমদেরকে আমি অবশ্যই বিনাশ করিব;	
	وَلَنُسْكِنَنَّكُمُ الْأَرْضَ مِنْ بَعْدِهِمْ ۚ ذَٰلِكَ لِمَنْ خَافَ مَقَامِي وَخَافَ وَعِيدِ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া লানুছকিনান্নাকুমুল্ আর্‌দ া মিম্ বা‘দিহিম্ (ط) য া-লিকা লিমান্ খা-ফা মাক া-মী ওয়া খা-ফা ওয়া ‘ঈদ্।	
তরজমা	‘উহাদের পরে আমি তোমাদেরকে দেশে প্রতিষ্ঠিত করিবই; ইহা তাহাদের জন্য যাহারা ভয় রাখে আমার সম্মুখে উপস্থিত হওয়ার এবং ভয় রাখে আমার শাস্তির।’	
	وَاسْتَفْتَحُوا وَخَابَ كُلُّ جَبَّارٍ عَنِيدٍ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়াছ্‌তাফ্‌তাহূ ওয়াখা-বা কুল্লু জাব্বা-রিন্ ‘আনীদ্।	
তরজমা	উহারা বিজয় কামনা করিল এবং প্রত্যেক উদ্ধত স্বৈরাচারী ব্যর্থমনোরথ হইল।	
	مِنْ وَرَائِهِ جَهَنَّمُ وَيُسْقَىٰ مِنْ مَاءٍ صَدِيدٍ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	মিওঁ ওয়ারা~ইহী জাহান্নামু ওয়া ইউছ্‌ক া-মিম্ মা~ইং সাদীদ্।	
তরজমা	উহাদের প্রত্যেকের জন্য পরিণামে জাহান্নাম রহিয়াছে এবং পান করানো হইবে গলিত পুঁজ;	
	يَتَجَرَّعُهُ وَلَا يَكَادُ يُسِيغُهُ وَيَأْتِيهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ وَمَا هُوَ بِمَيِّتٍ ۖ وَمِنْ وَرَائِهِ عَذَابٌ غَلِيظٌ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ইয়াতাজার্‌রা‘উহূ ওয়ালা- ইয়া-কা-দূ ইউছীগুহূ ওয়া ইয়া’তীহিল্ মাওতু মিং কুল্লি মাকা-নিওঁ ওয়ামা-হুওয়া বিমাইয়িতিওঁ (ط) ওয়ামিওঁ ওয়ারা~ইহী ‘আয া-বুন্ গালীজ্।	
তরজমা	যাহা সে অতি কষ্টে একেক ঢোক করিয়া গলাধঃকরণ করিবে এবং উহা গলাধঃকরণ করা প্রায় সহজ হইবে না। সর্বদিক হইতে তাহার নিকট আসিবে মৃত্যুযন্ত্রণা, কিন্তু তাহার মৃত্যু ঘটিবে না এবং ইহার পর কঠোর শাস্তি ভোগ করিতেই থাকিবে।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	مَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ اَعْمَالُهُمْ كَرَمَادِ ِاشْتَدَّتْ بِهِ الرِّيْحُ فِيْ يَوْمٍ عَاصِفٍ ؕ لَا يَقْدِرُوْنَ مِمَّا كَسَبُوْا عَلٰى شَيْءٍ ؕ ذٰلِكَ هُوَ الضَّلٰلُ الْبَعِيْدُ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	মাছ`ালুল্লায`ীনা কাফারূ বিরাব্বিহিম্ আ'মা-লুহুম্ কারামা-দিনিশ্‌তাদ্দাত্ বিহির্ রীহু` ফী ইয়াওমিন্ 'আ-সিফিল্ (ط) লা-ইয়াক`দিরূনা মিম্মা-কাছাবূ 'আলা-শাইইং (ط) য`া-লিকা হুওয়াদ`দ`ালা-লুল্ বা'ঈদ্।	
তরজমা	যাহারা তাহাদের প্রতিপালককে অস্বীকার করে তাহাদের উপমা-তাহাদের কর্মসমূহ ভস্মসদৃশ যাহা ঝড়ের দিনের বাতাস প্রচণ্ড বেগে উড়াইয়া লইয়া যায়। যাহা তাহারা উপার্জন করে তাহার কিছুই তাহারা তাহাদের কাজে লাগাইতে পারে না। ইহা তো ঘোর বিভ্রান্তি।	
	اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ۝١٩	19
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা আন্নাল্লা-হা খালাক`াছছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ`া বিল্ হ`াক্কি`(ط) ইয়ঁ ইয়াশা' ইউয`হিবকুম্ ওয়া ইয়া'তি বিখালকি`ং জাদীদ্।	
তরজমা	তুমি কি লক্ষ্য কর না যে, আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবী যথাবিধি সৃষ্টি করিয়াছেন ? তিনি ইচ্ছা করিলে তোমাদের অস্তিত্ব বিলোপ করিতে পারেন এবং এক নূতন সৃষ্টি অস্তিত্বে আনিতে পারেন,	
	وَّ مَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	ওয়ামা-য`া-লিকা 'আলাল্লা-হি বি'আঝীঝ।	
তরজমা	আর ইহা আল্লাহ্‌র জন্য আদৌ কঠিন নয়।	
	وَبَرَزُوْا لِلّٰهِ جَمِيْعًا فَقَالَ الضُّعَفٰٓؤُا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ اَنْتُمْ مُّغْنُوْنَ عَنَّا مِنْ عَذَابِ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ قَالُوْا لَوْ هَدٰىنَا اللّٰهُ لَهَدَيْنٰكُمْ ؕ سَوَآءٌ عَلَيْنَآ اَجَزِعْنَآ اَمْ صَبَرْنَا مَا لَنَا مِنْ مَّحِيْصٍ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	ওয়া বারাঝূ লিল্লা-হি জামী'আং ফাক`ালাদ্`দ`ু'আফা~উ লিল্লায`ীনাছ্ তাক্‌বারূ~ইন্না- কুন্না-লাকুম্ তাবা'আং ফাহাল্ আংতুম্ মুগ্‌নূনা 'আন্না-মিন্ 'আয`া-বিল্লা-হি মিং শাইইং (ط) ক`া-লূ লাও হাদা-নাল্লা-হু লাহাদাইনা-কুম্ ছাওয়া~উন্ 'আলাইনা~ আজাঝি'না~ আম সাবার্‌না- মা-লানা-মিম্ মাহ`ীস।	

তরজমা	সকলে আল্লাহ্‌র নিকট উপস্থিত হইবে। যাহারা অহংকার করিত তখন দুর্বলেরা তাহাদেরকে বলিবে, 'আমরা তো তোমাদের অনুসারী ছিলাম; এখন তোমরা আল্লাহ্‌র শাস্তি হইতে আমাদেরকে কিছুমাত্র রক্ষা করিতে পারিবে ?' উহারা বলিবে, 'আল্লাহ্ আমাদেরকে সৎপথে পরিচালিত করিলে আমরাও তোমাদেরকে সৎপথে পরিচালিত করিতাম। এখন আমরা ধৈর্যচ্যুত হই অথবা ধৈর্যশীল হই একই কথা; আমাদের কোন নিষ্কৃতি নাই।'	
	وَقَالَ الشَّيْطٰنُ لَمَّا قُضِيَ الْاَمْرُ اِنَّ اللّٰهَ وَعَدَكُمْ وَعْدَ الْحَقِّ وَوَعَدْتُّكُمْ فَاَخْلَفْتُكُمْ ؕ وَمَا كَانَ لِيَ عَلَيْكُمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّاۤ اَنْ دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِيْ ۚ فَلَا تَلُوْمُوْنِيْ وَلُوْمُوْۤا اَنْفُسَكُمْ ؕ مَاۤ اَنَا بِمُصْرِخِكُمْ وَمَاۤ اَنْتُمْ بِمُصْرِخِيَّ ؕ اِنِّيْ كَفَرْتُ بِمَاۤ اَشْرَكْتُمُوْنِ مِنْ قَبْلُ ؕ اِنَّ الظّٰلِمِيْنَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া ক়া-লাশ্‌শাইত়া-নু লাম্মা- কুদ়িয়াল্ আমরু ইন্নাল্লা-হা ওয়া'আদাকুম্ ওয়া'আদাল্ হ়াক্কি ওয়া ওয়াআত্‌তুকুম্ ফাআখ্‌লাফ্‌তুকুম্ (ط) ওয়ামা- কা-না লিয়া 'আলাইকুম্ মিং ছুলত়া-নিন্ ইল্লা˜ আং দা'আওতুকুম্ ফাছ্‌তাজাবতুম্ লী (ج) ফালা-তালূমূনী ওয়া লূমূ˜আংফুছাকুম্ (ط) মা˜আনা-বিমুসরিখিকুম্‌ওয়ামা˜আংতুম্ বিমুসরিখিইইয়া (ط) ইন্নী কাফার্‌তু বিমা˜ আশরাক্‌তুমূনি মিং ক়াব্‌লু (ط) ইন্নাজ়্ জ়া-লিমীনা লাহুম্ 'আয়া-বুন্ আলীম্।	
তরজমা	যখন বিচারকার্য সম্পন্ন হইবে তখন শয়তান বলিবে, 'আল্লাহ্ তো তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছিলেন সত্য প্রতিশ্রুতি, আমিও তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছিলাম, কিন্তু আমি তোমাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি ভঙ্গ করিয়াছি। আমার তো তোমাদের উপর কোন আধিপত্য ছিল না, আমি কেবল তোমাদেরকে আহ্বান করিয়াছিলাম এবং তোমরা আমার আহ্বানে সাড়া দিয়াছিলে। সুতরাং তোমরা আমার প্রতি দোষারোপ করিও না, তোমরা নিজেদেরই প্রতি দোষারোপ কর। আমি তোমাদের উদ্ধারে সাহায্য করিতে সক্ষম নই এবং তোমরাও আমার উদ্ধারে সাহায্য করিতে সক্ষম নও। তোমরা যে পূর্বে আমাকে আল্লাহ্‌র শরীক করিয়াছিলে আমি তাহা অস্বীকার করিতেছি, জালিমদের জন্য তো মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	وَاُدْخِلَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ؕ تَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ﴿۲۳﴾	23

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ওয়া উদ্‌খিলাল্লায ীনা আ–মানূ ওয়া 'আমিলুসসা–লিহ া–তি জান্না–তিং তাজরী মিং তাহ তিহাল্ আন্‌হা–রু খা–লিদীনা ফীহা– বিইয নি রাব্বিহিম্ (ط) তাহি ইইয়াতুহুম্ ফীহা– ছালা–ম্ ।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদেরকে দাখিল করা হইবে জান্নাতে যাহার পাদদেশে নদী প্রবাহিত। সেখানে তাহারা স্থায়ী হইবে, তাহাদের প্রতিপালকের অনুমতিক্রমে, সেখানে তাহাদের অভিবাদন হইবে 'সালাম'।	
	اَلَمْ تَرَ كَيْفَ ضَرَبَ اللّٰهُ مَثَلًا كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ اَصْلُهَا ثَابِتٌ وَّفَرْعُهَا فِي السَّمَآءِ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা কাইফা দ্বারাবাল্লা–হু মাছ ালাং কালিমাতাং ত াইয়িবাতাং কাশাজারাতিং ত াইয়িবাতিং আসলুহা–ছ া–বিতুওঁ ওয়া ফার'উহা– ফিছছামা~ই।	
তরজমা	তুমি কি লক্ষ্য কর না আল্লাহ্ কিভাবে উপমা দিয়া থাকেন ? সৎবাক্যের তুলনা উৎকৃষ্ট বৃক্ষ যাহার মূল সুদৃঢ় ও যাহার শাখা-প্রশাখা ঊর্ধ্বে বিস্তৃত,	
	تُؤْتِيْٓ اُكُلَهَا كُلَّ حِيْنٍۢ بِاِذْنِ رَبِّهَا ؕ وَيَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	তু'তী˜ উকুলাহা– কুল্লা হ ীনিম্ বিইয্ নি রাব্বিহা– (ط) ওয়া ইয়াদ রিবুল্লা–হুল্ আম্‌ছ া–লা লিন্‌না–ছি লা'আল্লাহুম্ ইয়াতায াক্কারূন্।	
তরজমা	যাহা প্রত্যেক মওসুমে উহার ফলদান করে উহার প্রতিপালকের অনুমতিক্রমে। এবং আল্লাহ্ মানুষের জন্য উপমা দিয়া থাকেন, যাহাতে তাহারা শিক্ষা গ্রহণ করে।	
	وَمَثَلُ كَلِمَةٍ خَبِيْثَةٍ كَشَجَرَةٍ خَبِيْثَةِ ࣙاجْتُثَّتْ مِنْ فَوْقِ الْاَرْضِ مَا لَهَا مِنْ قَرَارٍ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া মাছ ালু কালিমাতিন খাবীছ াতিং কাশাজারাতিন খাবীছ াতি নিজতুছ্ ছ াত্ মিং ফাওকি ল্ আর্‌দি মা–লাহা– মিং ক ারা–র্।	
তরজমা	কুবাক্যের তুলনা এক মন্দ বৃক্ষ যাহার মূল ভূপৃষ্ঠ হইতে বিচ্ছিন্ন, যাহার কোন স্থায়িত্ব নাই।	
	يُثَبِّتُ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ ۚ وَيُضِلُّ اللّٰهُ الظّٰلِمِيْنَ ۙ وَيَفْعَلُ اللّٰهُ مَا يَشَآءُ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ইউছ াব্বিতুল্লা–হুল্লায ীনা আ–মানূ বিল্‌ক াওলিছ্ ছ া–বিতি ফিল্ হ ায়া–তিদ্‌দুন্‌ইয়া–ওয়া ফিল্ আ–খিরাতি (ج) ওয়া ইউদি ল্লা–হুজ্ জ া–লিমীনা (قف) ওয়াইয়াফ্'আলুল্লাহু মা–ইয়াশা~উ।	
তরজমা	যাহারা শাশ্বত বাণীতে বিশ্বাসী তাহাদেরকে দুনিয়ার জীবনে ও আখিরাতে আল্লাহ্ সুপ্রতিষ্ঠিত রাখিবেন এবং যাহারা জালিম আল্লাহ্ উহাদেরকে বিভ্রান্তিতে রাখিবেন। আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা করেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ بَدَّلُوا نِعْمَتَ اللَّهِ كُفْرًا وَأَحَلُّوا قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ ۝٢٨	**28**
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা ইলাল্লায ীনা বাদ্দালূ নি‘মাতাল্লা–হি কুফ্রাওঁ ওয়া আহ াল্লূ ক াওমাহুম্ দা–রাল্ বাওয়া–র্ ।	
তরজমা	তুমি কি উহাদেরকে লক্ষ্য কর না, যাহারা আল্লাহ্‌র অনুগ্রহের বদলে অকৃতজ্ঞতা প্রকাশ করে এবং উহারা উহাদের সম্প্রদায়কে নামাইয়া আনে ধ্বংসের ক্ষেত্রে–	
	جَهَنَّمَ ۚ يَصْلَوْنَهَا ۖ وَبِئْسَ الْقَرَارُ ۝٢٩	**29**
প্রতিবর্ণায়ন	জাহান্নামা (ج) ইয়াসলাওনাহা– (ط) ওয়াবি’ছাল্ ক ারা–র।	
তরজমা	জাহান্নামে, যাহার মধ্যে উহারা প্রবেশ করিবে, কত নিকৃষ্ট এই আবাসস্থল!	
	وَجَعَلُوا لِلَّهِ أَندَادًا لِّيُضِلُّوا عَن سَبِيلِهِ ۗ قُلْ تَمَتَّعُوا فَإِنَّ مَصِيرَكُمْ إِلَى النَّارِ ۝٣٠	**30**
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আলূ লিল্লা–হি আংদা–দাল্ লিইউদি াল্লূ ‘আং ছাবীলিহী (ط) কু ল্ তামাত্তা‘উ ফাইন্না মাসীরাকুম্ ইলান্না–র।	
তরজমা	এবং উহারা আল্লাহ্‌র সমকক্ষ নির্ধারণ করে তাঁহার পথ হইতে বিভ্রান্ত করিবার জন্য। বল, ‘ভোগ করিয়া লও, পরিণামে দোযখই তোমাদের প্রত্যাবর্তনস্থল।’	
	قُل لِّعِبَادِيَ الَّذِينَ آمَنُوا يُقِيمُوا الصَّلَاةَ وَيُنفِقُوا مِمَّا رَزَقْنَاهُمْ سِرًّا وَعَلَانِيَةً مِّن قَبْلِ أَن يَأْتِيَ يَوْمٌ لَّا بَيْعٌ فِيهِ وَلَا خِلَالٌ ۝٣١	**31**
প্রতিবর্ণায়ন	ক ুল লি‘ইবা–দিয়াল্লায ীনা আ–মানূ ইউক িমুস্‌সালা–তা ওয়া ইউংফিকূ মিম্মা– রাঝাক না হুম্ ছির্‌রাওঁ ওয়া ‘আলা–নিয়াতাম্ মিং ক াব্‌লি আইঁ ইয়া’তিয়া ইয়াওমুল্ লা–বাই‘উং ফীহি ওয়ালা– খিলা–ল্।	
তরজমা	আমার বান্দাদের মধ্যে যাহারা মু’মিন তাহাদেরকে তুমি বল, সালাত কায়েম করিতে এবং আমি তাহাদেরকে জীবিকা হিসাবে যাহা দিয়াছি তাহা হইতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করিতে– সেই দিনের পূর্বে যেদিন ক্রয়–বিক্রয় ও বন্ধুত্ব থাকিবে না।’	
	اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَأَنزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَخْرَجَ بِهِ مِنَ الثَّمَرَاتِ رِزْقًا لَّكُمْ ۖ وَسَخَّرَ لَكُمُ الْفُلْكَ لِتَجْرِيَ فِي الْبَحْرِ بِأَمْرِهِ ۖ وَسَخَّرَ لَكُمُ الْأَنْهَارَ ۝٣٢	**32**
প্রতিবর্ণায়ন	আল্লা–হুল্লায ী খালাক াছ্‌ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দ া ওয়া আংঝালা মিনাছ্‌ছামা~ই মা~আং ফাআখ্‌রাজা বিহী মিনাছ ছ ামারা–তি রিঝক াল্ লাকুম্ (ج) ওয়াছাখ্‌খারা লাকুমুল্ ফুল্‌কা লিতাজরিয়া ফিল্ বাহ রি বিআম্‌রিহী ওয়া ছাখ্‌খারা লাকুমুল্ আন্‌হা–র্।	

তরজমা	তিনিই আল্লাহ্ যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন, যিনি আকাশ হইতে পানি বর্ষণ করিয়া তদ্দ্বারা তোমাদের জীবিকার জন্য ফলমূল উৎপাদন করেন, যিনি নৌযানকে তোমাদের অধীন করিয়া দিয়াছেন যাহাতে তাঁহার বিধানে উহা সমুদ্রে বিচরণ করে এবং যিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন নদীসমূহকে।	
	وَسَخَّرَ لَكُمُ الشَّمْسَ وَالْقَمَرَ دَآئِبَيْنِ ۚ وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া ছাখ্খারা লকুমুশ্শাম্ছা ওয়াল্ ক্বামারা দা~ইবাইনি (ج) ওয়া ছাখ্খারা লাকুমুল্ লাইলা ওয়ান্ নাহা–র্।	
তরজমা	তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন সূর্য ও চন্দ্রকে, যাহারা অবিরাম একই নিয়মের অনুবর্তী এবং তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন রাত্রি ও দিবসকে।	
	وَاٰتٰىكُمْ مِّنْ كُلِّ مَا سَاَلْتُمُوْهُ ؕ وَاِنْ تَعُدُّوْا نِعْمَتَ اللّٰهِ لَا تُحْصُوْهَا ؕ اِنَّ الْاِنْسَانَ لَظَلُوْمٌ كَفَّارٌ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া আ–তা–কুম্ মিং কুল্লি মা–ছাআল্তুমূহু (ط) ওয়া ইং তা'উদ্দূ নি'মাতাল্লা–হি লা–তুহ্ সূহা–(ط) ইন্নাল্ ইংছা–না লাজ্ব লূমুং কাফ্ফা–র্।	
তরজমা	এবং তিনি তোমাদেরকে দিয়াছেন তোমরা তাঁহার নিকট যাহা কিছু চাহিয়াছ তাহা হইতে। তোমরা আল্লাহ্‌র অনুগ্রহ গণনা করিলে উহার সংখ্যা নির্ণয় করিতে পারিবে না। মানুষ অবশ্যই অতিমাত্রায় জালিম, অকৃতজ্ঞ।	
	وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّاجْنُبْنِيْ وَبَنِيَّ اَنْ نَّعْبُدَ الْاَصْنَامَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ ক্বা–লা ইবরা–হীমু রাব্বিজ্'আল হা–যাল্ বালাদা আ–মিনাওঁ ওয়াজ্নুবনী ওয়া বানিইইয়া আন্না'বুদাল্ আসনা–ম্।	
তরজমা	স্মরণ কর, ইব্‌রাহীম বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক! এই নগরীকে নিরাপদ করিও এবং আমাকে ও আমার পুত্রগণকে প্রতিমা পূজা হইতে দূরে রাখিও।	
	رَبِّ اِنَّهُنَّ اَضْلَلْنَ كَثِيْرًا مِّنَ النَّاسِ ۚ فَمَنْ تَبِعَنِيْ فَاِنَّهٗ مِنِّيْ ۚ وَمَنْ عَصَانِيْ فَاِنَّكَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	রাব্বি ইন্নাহুন্না আদ্বলাল্না কাছ্বীরাম্ মিনান্না–ছি (ج) ফামাং তাবি'আনী ফাইন্নাহূ মিন্নী (ج) ওয়ামান্ 'আসা–নী ফাইন্নাকা গাফূরুর রাহ্বীম্।	
তরজমা	'হে আমার প্রতিপালক! এই সকল প্রতিমা তো বহু মানুষকে বিভ্রান্ত করিয়াছে। সুতরাং যে আমার অনুসরণ করিবে সে-ই আমার দলভুক্ত, কিন্তু কেহ আমার অবাধ্য হইলে তুমি তো ক্ষমাশীল, পরম দয়ালু।	

	رَبَّنَآ اِنِّيْٓ اَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِيْ بِوَادٍ غَيْرِ ذِيْ زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ ۙ رَبَّنَا لِيُقِيْمُوا الصَّلٰوةَ فَاجْعَلْ اَفْئِدَةً مِّنَ النَّاسِ تَهْوِيْٓ اِلَيْهِمْ وَارْزُقْهُمْ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَشْكُرُوْنَ ﴿٣٧﴾	**37**
প্রতিবর্ণায়ন	রাব্বানা˜ ইন্নী˜ আছ্কাংতু মিং য্ু্রিইইয়াতী বিওয়া–দিন্ গাইরি য ী ঝার্‘ইন্ ‘ইংদা বাইতিকাল্ মুহ ার্রামি (ۙ) রাব্বানা–লিইউক ীমুসসালা–তা ফাজ‘আল্ আফ্ইদাতাম্ মিনান্না–ছি তাহ ্ব ী˜ইলাইহিম্ ওয়ার্ঝুক হুম্ মিনাছ্ ছ ামারা–তি লা‘আল্লাহুম্ ইয়াশ্কুরূন।	
তরজমা	‘হে আমাদের প্রতিপালক! আমি আমার বংশধরদের কতককে বসবাস করাইলাম অনুর্বর উপত্যকায় তোমার পবিত্র গৃহের নিকট, হে আমাদের প্রতিপালক! এইজন্য যে, উহারা যেন সালাত কায়েম করে। অতএব তুমি কিছু লোকের অন্তর উহাদের প্রতি অনুরাগী করিয়া দাও এবং ফলাদি দ্বারা উহাদের রিযিকের ব্যবস্থা করিও, যাহাতে উহারা কৃতজ্ঞতা প্রকাশ করে।	
	رَبَّنَآ اِنَّكَ تَعْلَمُ مَا نُخْفِيْ وَمَا نُعْلِنُ ۭ وَمَا يَخْفٰى عَلَى اللّٰهِ مِنْ شَيْءٍ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَاۗءِ ﴿٣٨﴾	**38**
প্রতিবর্ণায়ন	রাব্বানা˜ইন্নাকা তা‘লামু মা–নুখ্ফী ওয়ামা– নু‘লিনু (ط) ওয়ামা–ইয়াখ্ফা– ‘আলাল্লা–হি মিং শাইইং ফিল্ আর্দি ওয়ালা–ফিছ্ছামা~ই।	
তরজমা	‘হে আমাদের প্রতিপালক! তুমি তো জান যাহা আমরা গোপন করি ও যাহা আমরা প্রকাশ করি; আকাশমণ্ডলী ও পৃথিবীর কিছুই আল্লাহ্র নিকট গোপন থাকে না।	
	اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ وَهَبَ لِيْ عَلَي الْكِبَرِ اِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ ۭ اِنَّ رَبِّيْ لَسَمِيْعُ الدُّعَاۗءِ ﴿٣٩﴾	**39**
প্রতিবর্ণায়ন	আল্হ াম্দু লিল্লা–হিল্লায ী ওয়াহাবালী ‘আলাল্ কিবারি ইছ্মা–‘ঈলা ওয়া ইছ্হ া–ক (ط) ইন্না রাব্বী লাছামী‘উদ্দু‘আ~ই।	
তরজমা	সমস্ত প্রশংসা আল্লাহ্রই, যিনি আমাকে আমার বার্ধক্যে ইস্মাঈল ও ইস্হাককে দান করিয়াছেন। আমার প্রতিপালক অবশ্যই প্রার্থনা শুনিয়া থাকেন।	
	رَبِّ اجْعَلْنِيْ مُقِيْمَ الصَّلٰوةِ وَمِنْ ذُرِّيَّتِيْ ڰ رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاۗءِ ﴿٤٠﴾	**40**
প্রতিবর্ণায়ন	রাব্বিজ ‘আল্নী মুক ীমাসসালা–তি ওয়া মিং যু ্রিইইয়াতী (ق) রাব্বানা– ওয়া তাক াব্বাল্ দু‘আ~ই।	
তরজমা	‘হে আমার প্রতিপালক! আমাকে সালাত কায়েমকারী কর এবং আমার বংশধরদের মধ্য হইতেও। হে আমাদের প্রতিপালক! আমার প্রার্থনা কবূল কর।	
	رَبَّنَا اغْفِرْ لِيْ وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُوْمُ الْحِسَابُ ﴿٤١﴾	**41**
প্রতিবর্ণায়ন	রাব্বানাগফিরলী ওয়া লিওয়ালিদাইয়া ওয়ালিল্মু’মিনীনা ইয়াওমা ইয়াকূ মুল্ হি ছা–ব্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	‘হে আমাদের প্রতিপালক! যেই দিন হিসাব অনুষ্ঠিত হইবে সেই দিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু’মিনগণকে ক্ষমা করিও।’	
	وَلَا تَحْسَبَنَّ اللّٰهَ غَافِلًا عَمَّا يَعْمَلُ الظّٰلِمُوْنَ ۬ؕ اِنَّمَا يُؤَخِّرُهُمْ لِيَوْمٍ تَشْخَصُ فِيْهِ الْاَبْصَارُ ﴿٤٢﴾	**42**
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাহ্ ছাবান্নাল্লা-হা গা-ফিলান্ ‘আম্মা-ইয়া‘মালুজ্ জ্বা-লিমূনা (ط) ইন্নামা-ইউআখ্খিরুহুম্ লিইয়াওমিং তাশখাসু ফীহিল্ আব্সা-র ।	
তরজমা	তুমি কখনও মনে করিও না যে, জালিমরা যাহা করে সে বিষয়ে আল্লাহ্ গাফিল, তবে তিনি উহাদেরকে সেই দিন পর্যন্ত অবকাশ দেন যেদিন তাহাদের চক্ষু হইবে স্থির।	
	مُهْطِعِيْنَ مُقْنِعِيْ رُءُوْسِهِمْ لَا يَرْتَدُّ اِلَيْهِمْ طَرْفُهُمْ ۚ وَاَفْـِٕدَتُهُمْ هَوَآءٌ ﴿٤٣﴾	**43**
প্রতিবর্ণায়ন	মুহ্ তি্ ‘ঈনা মুক্ নি‘ঈ রুউছিহিম্ লা-ইয়ারতাদ্দু ইলাইহিম্ ত্বারফুহুম (ج) ওয়া আফইদাতুহুম্ হাওয়া~উ।	
তরজমা	ভীত-বিহ্বল চিত্তে আকাশের দিকে চাহিয়া উহারা ছুটাছুটি করিবে, নিজেদের প্রতি উহাদের দৃষ্টি ফিরিবে না এবং উহাদের অন্তর হইবে উদাস।	
	وَاَنْذِرِ النَّاسَ يَوْمَ يَاْتِيْهِمُ الْعَذَابُ فَيَقُوْلُ الَّذِيْنَ ظَلَمُوْا رَبَّنَاۤ اَخِّرْنَاۤ اِلٰۤى اَجَلٍ قَرِيْبٍ ۙ نُّجِبْ دَعْوَتَكَ وَنَتَّبِعِ الرُّسُلَ ؕ اَوَلَمْ تَكُوْنُوْۤا اَقْسَمْتُمْ مِّنْ قَبْلُ مَا لَكُمْ مِّنْ زَوَالٍ ﴿٤٤﴾	**44**
প্রতিবর্ণায়ন	ওয়াআংযি্ রিন্না-ছা ইয়াওমা ইয়া’তীহিমুল্ ‘আয্বা-বু ফাইয়াকূলুল্লায্ ীনা জ্বালামূ রাব্বানা~আখ্খিরনা~ইলা~আজালিং ক্বারীবিন্ (ۙ) নুজিব দা‘ওয়াতাকা ওয়া নাত্তাবি‘ইর্রুছুলা (ط) আওয়ালাম্ তাকূনূ~ আক্ ছাম্তুম্ মিং ক্বাবলু মা-লাকুম্ মিং ঝাওয়া-ল্।	
তরজমা	যেদিন তাহাদের শাস্তি আসিবে সেই দিন সম্পর্কে তুমি মানুষকে সতর্ক কর, তখন জালিমরা বলিবে, ‘হে আমাদের প্রতিপালক! আমাদেরকে কিছু কালের জন্য অবকাশ দাও, আমরা তোমার আহ্বানে সাড়া দিব এবং রাসূলগণের অনুসরণ করিব।’ তোমরা কি পূর্বে শপথ করিয়া বলিতে না যে, তোমাদের পতন নাই ?	
	وَّسَكَنْتُمْ فِيْ مَسٰكِنِ الَّذِيْنَ ظَلَمُوْۤا اَنْفُسَهُمْ وَتَبَيَّنَ لَكُمْ كَيْفَ فَعَلْنَا بِهِمْ وَضَرَبْنَا لَكُمُ الْاَمْثَالَ ﴿٤٥﴾	**45**
প্রতিবর্ণায়ন	ওয়া ছাকাংতুম্ ফী মাছা-কিনিল্লায্ ীনা জ্বালামূ~ আংফুছাহুম্ ওয়া তাবাইইয়ানা লাকুম্ কাইফা ফা‘আল্না- বিহিম্ ওয়াদ্বারাব্না-লাকুমুল্ আমছ্বা-ল্।	
তরজমা	অথচ তোমরা বাস করিতে তাহাদের বাসভূমিতে, যাহারা নিজেদের প্রতি জুলুম করিয়াছিল এবং তাহাদের প্রতি আমি কি করিয়াছিলাম তাহাও তোমাদের নিকট সুবিদিত ছিল এবং তোমাদের নিকট আমি উহাদের দৃষ্টান্তও উপস্থিত করিয়াছিলাম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَدْ مَكَرُوا مَكْرَهُمْ وَعِنْدَ اللّٰهِ مَكْرُهُمْ ۗ وَإِنْ كَانَ مَكْرُهُمْ لِتَزُولَ مِنْهُ الْجِبَالُ ﴿٤٦﴾	**46**
প্রতিবর্ণায়ন	ওয়া ক্বা'দ মাকারূ মাক্‌রাহুম্ ওয়া 'ইংদাল্লা–হি মাক্‌রুহুম্ (ط) ওয়া ইং কা–না মাকরুহুম্ লিতাঝূলা মিন্‌হুল্ জিবা–ল্।	
তরজমা	উহারা ভীষণ চক্রান্ত করিয়াছিল, কিন্তু উহাদের চক্রান্ত আল্লাহ্ রহিত করিয়াছেন, যদিও উহাদের চক্রান্ত এমন ছিল, যাহাতে পর্বত টলিয়া যাইত।	
	فَلَا تَحْسَبَنَّ اللّٰهَ مُخْلِفَ وَعْدِهٖ رُسُلَهٗ ۗ إِنَّ اللّٰهَ عَزِيزٌ ذُو انْتِقَامٍ ﴿٤٧﴾	**47**
প্রতিবর্ণায়ন	ফালা– তাহ'ছাবান্নাল্লা–হা মুখ্‌লিফা ওয়া'দিহী রুছুলাহূ (ط) ইন্নাল্লা–হা 'আঝীঝুং যু'ংতিক্বা–ম্।	
তরজমা	তুমি কখনও মনে করিও না যে, আল্লাহ্ তাঁহার রাসূলগণের প্রতি প্রদত্ত প্রতিশ্রুতি ভঙ্গ করেন। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী, দণ্ড-বিধায়ক।	
	يَوْمَ تُبَدَّلُ الْأَرْضُ غَيْرَ الْأَرْضِ وَالسَّمٰوٰتُ وَبَرَزُوا لِلّٰهِ الْوَاحِدِ الْقَهَّارِ ﴿٤٨﴾	**48**
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তুবাদ্দালুল্ আর্‌দু গাইরাল্ আরদি' ওয়াছ্‌ছামা–ওয়া–তু ওয়া বারাঝূ লিল্লা–হিল্ ওয়া–হি'দিল্ ক্বা'হ'হা–র্।	
তরজমা	যেদিন এই পৃথিবী পরিবর্তিত হইয়া অন্য পৃথিবী হইবে এবং আকাশমণ্ডলীও; এবং মানুষ উপস্থিত হইবে আল্লাহ্‌র সম্মুখে-যিনি এক পরাক্রমশালী।	
	وَتَرَى الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ مُقَرَّنِينَ فِي الْأَصْفَادِ ﴿٤٩﴾	**49**
প্রতিবর্ণায়ন	ওয়া তারাল্ মুজরিমীনা ইয়াওমাইযি'ম্ মুক্বা'র্‌রানীনা ফিল্ আস্‌ফা–দ্।	
তরজমা	সেই দিন তুমি অপরাধীদেরকে দেখিবে শৃঙ্খলিত অবস্থায়,	
প্রতিবর্ণায়ন	ওয়া লাও ইউআ-খিযু'ল্লা-হুন্না-ছা বিজু'ল্মিহিম্ মা-তারাকা 'আলাইহা- মিং দা~ব্বাতিওঁ ওয়ালা-কিইঁ ইউআখ্খিরুহুম্ ইলা˜ আজালিম্ মুছাম্মাং (ج) ফাইয'া- জা~আ আজালুহুম্ লা-ইয়াছ্তা'খিরূনা ছা-'আতাওঁ ওয়ালা-ইয়াছ্তাক'দিমূন।	
তরজমা	আল্লাহ্ যদি মানুষকে তাহাদের সীমালংঘনের জন্য শাস্তি দিতেন তবে ভূপৃষ্ঠে কোন জীব-জন্তুকেই রেহাই দিতেন না; কিন্তু তিনি এক নির্দিষ্ট কাল পর্যন্ত তাহাদেরকে অবকাশ দিয়া থাকেন। অতঃপর যখন তাহাদের সময় আসে তখন তাহারা মুহূর্তকাল বিলম্ব অথবা ত্বরা করিতে পারে না।	
	وَيَجْعَلُوْنَ لِلّٰهِ مَا يَكْرَهُوْنَ وَتَصِفُ اَلْسِنَتُهُمُ الْكَذِبَ اَنَّ لَهُمُ الْحُسْنٰى ؕ لَا جَرَمَ اَنَّ لَهُمُ النَّارَ وَاَنَّهُمْ مُّفْرَطُوْنَ ﴿۶۲﴾	62
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াজ আলূনা লিল্লা-হি মা ইয়াকরাহূনা ওয়া তাসিফু আল্ছিনাতুহুমুল কাযি'বা আন্না লাহুমুল্ হু'ছ্না (ط) লা-জারামা আন্না লাহুমুন্ না-রা ওয়া আন্নাহুম্ মুফ্রাতূ'ন্।	
তরজমা	যাহা তাহারা অপছন্দকরে তাহাই তাহারা আল্লাহ্র প্রতি আরোপ করে। তাহাদের জিহ্বা মিথ্যা বর্ণনা করে যে, মঙ্গল তাহাদেরই জন্য। নিঃসন্দেহে তাহাদের জন্য আছে দোযখ এবং তাহাদেরকেই সর্বাগ্রে উহাতে নিক্ষেপ করা হইবে।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	تَاللّٰهِ لَقَدۡ اَرۡسَلۡنَاۤ اِلٰۤى اُمَمٍ مِّنۡ قَبۡلِكَ فَزَيَّنَ لَهُمُ الشَّيۡطٰنُ اَعۡمَالَهُمۡ فَهُوَ وَلِيُّهُمُ الۡيَوۡمَ وَلَهُمۡ عَذَابٌ اَلِيۡمٌ ﴿۶۳﴾	63
প্রতিবর্ণায়ন	তাল্লা–হি লাক াদ্ আরছাল্না˜ ইলা˜ উমামিম্ মিং ক াব্লিকা ফাঝাইইয়ানা লাহুমুশ্ শাইত া–নু আ'মা–লাহুম্ ফাহুওয়া ওয়ালিইয়ুহুমুল্ ইয়াওমা ওয়া লাহুম্ 'আয া–বুন্ আলীম্।	
তরজমা	শপথ আল্লাহ্‌র ! আমি তোমার পূর্বেও বহু জাতির নিকট রাসূল প্রেরণ করিয়াছি; কিন্তু শয়তান ঐসব জাতির কার্যকলাপ উহাদের দৃষ্টিতে শোভন করিয়াছিল; সুতরাং সে-ই আজ উহাদের অভিভাবক এবং উহাদেরই জন্য মর্মন্তুদ শাস্তি।	
	وَمَاۤ اَنۡزَلۡنَا عَلَيۡكَ الۡكِتٰبَ اِلَّا لِتُبَيِّنَ لَهُمُ الَّذِى اخۡتَلَفُوۡا فِيۡهِ ۙ وَهُدًى وَّرَحۡمَةً لِّقَوۡمٍ يُّؤۡمِنُوۡنَ ﴿۶۴﴾	64
প্রতিবর্ণায়ন	ওয়ামা˜ আংঝাল্না– 'আলাইকাল্ কিতা–বা ইল্লা লিতুবাইয়িনা লাহুমুল্ লায ীখ্ তালাফূ ফীহি (ﻻ) ওয়াহুদাওঁ ওয়া রাহ মাতাল্ লিক াওমিইঁ ইউ'মিনূন্।	
তরজমা	আমি তো তোমার প্রতি কিতাব অবতীর্ণ করিয়াছি যাহারা এ বিষয়ে মতভেদ করে তাহাদেরকে সুস্পষ্টভাবে বুঝাইয়া দিবার জন্য এবং মু'মিনদের জন্য পথনির্দেশ ও দয়াস্বরূপ।	
	وَاللّٰهُ اَنۡزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَحۡيَا بِهِ الۡاَرۡضَ بَعۡدَ مَوۡتِهَا ؕ اِنَّ فِىۡ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوۡمٍ يَّسۡمَعُوۡنَ ﴿۶۵﴾	65
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা–হু আন্ঝালা মিনাছ্ছামা–ই মা–আং ফাআহ ইয়া–বিহিল্ আর্দ া বা'দা মাওতিহা– (ط) ইন্না ফী য া–লিকা লাআ–ইয়াতাল্ লিক াওমিইঁ ইয়াছ্মা'উন্।	
তরজমা	আল্লাহ্ আকাশ হইতে বারি বর্ষণ করেন এবং তদ্দ্বারা তিনি ভূমিকে উহার মৃত্যুর পর পুনর্জীবিত করেন। অবশ্যই ইহাতে নিদর্শন আছে, যে সম্প্রদায় কথা শুনে তাহাদের জন্য।	
	وَاِنَّ لَـكُمۡ فِى الۡاَنۡعَامِ لَعِبۡرَةً ؕ نُسۡقِيۡكُمۡ مِّمَّا فِىۡ بُطُوۡنِهٖ مِنۡۢ بَيۡنِ فَرۡثٍ وَّدَمٍ لَّبَنًا خَالِصًا سَآئِغًا لِّلشّٰرِبِيۡنَ ﴿۶۶﴾	66
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না লাকুম্ ফিল্ আন্'আ–মি লা'ইব্‌রাতান্ (ط) নুছ্‌ক ীকুম্ মিম্মা–ফী বুতূনিহী মিম্ বাইনি ফার্‌ছি ওঁ ওয়া দামিল্ লাবানান্ খা–লিসাং ছা~ইগাল লিশ্‌শা–রিবীন্ ।	

|---|---|---|
তরজমা	অবশ্যই গবাদিপশুর মধ্যে তোমাদের জন্য শিক্ষা রহিয়াছে। উহাদের উদরস্থিত গোবর ও রক্তের মধ্য হইতে তোমাদেরকে পান করাই বিশুদ্ধ দুগ্ধ, যাহা পানকারীদের জন্য সুস্বাদু।	
	وَمِنْ ثَمَرٰتِ النَّخِيْلِ وَالْاَعْنَابِ تَتَّخِذُوْنَ مِنْهُ سَكَرًا وَّرِزْقًا حَسَنًا ؕ اِنَّ فِیْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿۶۷﴾	67
প্রতিবর্ণায়ন	ওয়া মিং ছা্মারা-তিন্ নাখীলি ওয়াল্ আ'না-বি তাত্তাখিযূ্না মিনহু ছাকারাওঁ ওয়ারিঝক্ান্ হা্ছানান (ط) ইন্না ফী য্া-লিকা লাআ-ইয়াতাল্ লিক্াওমিইঁ ইয়া'কি্লূন।	
তরজমা	এবং খর্জুর-বৃক্ষের ফল ও আঙ্গুর হইতে তোমরা মাদক ও উত্তম খাদ্য গ্রহণ করিয়া থাক; ইহাতে অবশ্যই বোধশক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য রহিয়াছে নিদর্শন।	
	وَاَوْحٰى رَبُّكَ اِلَى النَّحْلِ اَنِ اتَّخِذِیْ مِنَ الْجِبَالِ بُيُوْتًا وَّمِنَ الشَّجَرِ وَمِمَّا يَعْرِشُوْنَ ﴿۶۸﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়া আওহ্া- রাব্বুকা ইলান্ নাহ্লি আনিত্তাখিয্ী মিনাল্ জিবা-লি বুইউতাও ওয়া মিনাশ্শাজারি ওয়া মিম্মা-ইয়া'রিশূন্।	
তরজমা	তোমার প্রতিপালক মৌমাছিকে উহার অন্তরে ইঙ্গিত দ্বারা নির্দেশ দিয়াছেন, 'গৃহ নির্মাণ কর পাহাড়ে, বৃক্ষে ও মানুষ যে গৃহ নির্মাণ করে তাহাতে;	
	ثُمَّ كُلِیْ مِنْ كُلِّ الثَّمَرٰتِ فَاسْلُكِیْ سُبُلَ رَبِّكِ ذُلُلًا ؕ يَخْرُجُ مِنْۢ بُطُوْنِهَا شَرَابٌ مُّخْتَلِفٌ اَلْوَانُهٗ فِيْهِ شِفَآءٌ لِّلنَّاسِ ؕ اِنَّ فِیْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿۶۹﴾	69
প্রতিবর্ণায়ন	ছু্ম্মা কুলী মিং কুল্লিছ্ ছ্ামারা-তি ফাছ্লুকী ছুবুলা রাব্বিকি য্ুলুলান (ط) ইয়াখরুজু মিম্ বুতূনিহা-শারা-বুম্ মুখ্তালিফুন্ আল্ওয়া-নুহূ ফীহি শিফা~উললিন্না-ছি (ط) ইন্না ফী য্া-লিকা লাআ-ইয়াতাল্ লিক্াওমিইঁ ইয়াতাফাক্কারূন্।	
তরজমা	'ইহার পর প্রত্যেক ফল হইতে কিছু কিছু আহার কর, অতঃপর তোমার প্রতিপালকের সহজ পথ অনুসরণ কর।' উহার উদর হইতে নির্গত হয় বিবিধ বর্ণের পানীয়; যাহাতে মানুষের জন্য রহিয়াছে আরোগ্য। অবশ্যই ইহাতে রহিয়াছে নিদর্শন চিন্তাশীল সম্প্রদায়ের জন্য।	
	وَاللّٰهُ خَلَقَكُمْ ثُمَّ يَتَوَفّٰىكُمْ ؕۙ وَمِنْكُمْ مَّنْ يُّرَدُّ اِلٰٓى اَرْذَلِ الْعُمُرِ لِكَیْ لَا يَعْلَمَ بَعْدَ عِلْمٍ شَيْـًٔا ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ قَدِيْرٌ ﴿۷۰﴾	70

প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু খালাক াকুম্ ছু ম্মা ইয়াতাওয়াফ্ফা-কুম্ (ۚ) ওয়া মিংকুম্ মাইঁ ইউরাদ্দু ইলা˜ আর্‌য ালিল্ 'উমুরি লিকাই লা-ইয়া'লামা বা'দা 'ইল্‌মিং শাইআন (ط) ইন্নাল্লা-হা 'আলীমুং ক াদীর।	
তরজমা	আল্লাহ্ই তোমাদেরকে সৃষ্টি করিয়াছেন; অতঃপর তিনি তোমাদের মৃত্যু ঘটাইবেন এবং তোমাদের মধ্যে কাহাকেও কাহাকেও উপনীত করা হইবে নিকৃষ্টতম বয়সে; ফলে উহারা যাহা কিছু জানিত সে সম্বন্ধে উহারা সজ্ঞান থাকিবে না। নিশ্চয়ই আল্লাহ্ সর্বজ্ঞ, সর্বশক্তিমান।	
	وَاللّٰهُ فَضَّلَ بَعْضَكُمْ عَلٰى بَعْضٍ فِى الرِّزْقِ ۚ فَمَا الَّذِيْنَ فُضِّلُوْا بِرَآدِّىْ رِزْقِهِمْ عَلٰى مَا مَلَكَتْ اَيْمَانُهُمْ فَهُمْ فِيْهِ سَوَآءٌ ؕ اَفَبِنِعْمَةِ اللّٰهِ يَجْحَدُوْنَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু ফাদ্দ ালা বা'দ াকুম্ 'আলা- বা'দি ং ফির্ রিঝকি (ج) ফামাল্লায ীনা ফুদ্দি লূ বিরা~দ্দী রিঝকি হিম্ 'আলা-মা-মালাকাত্ আইমা-নুহুম ফাহুম ফীহি ছাওয়া~উন্ (ط) আফাবিনি'মাতিল্লা-হি ইয়াজহ াদূন্।	
তরজমা	আল্লাহ্ জীবনোপকরণে তোমাদের কাহাকেও কাহারও উপর শ্রেষ্ঠত্ব দিয়াছেন। যাহাদেরকে শ্রেষ্ঠত্ব দেওয়া হইয়াছে তাহারা তাহাদের অধীনস্থ দাস-দাসীদেরকে নিজেদের জীবনোপকরণ হইতে এমন কিছু দেয় না যাহাতে উহারা এ বিষয়ে তাহাদের সমান হইয়া যায়। তবে কি উহারা আল্লাহ্র অনুগ্রহ অস্বীকার করে ?	
	وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا وَّجَعَلَ لَكُمْ مِّنْ اَزْوَاجِكُمْ بَنِيْنَ وَحَفَدَةً وَّرَزَقَكُمْ مِّنَ الطَّيِّبٰتِ ؕ اَفَبِالْبَاطِلِ يُؤْمِنُوْنَ وَبِنِعْمَتِ اللّٰهِ هُمْ يَكْفُرُوْنَ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু জা'আলা লাকুম্ মিন্ আংফুছিকুম্ আঝওয়া-জাওঁ ওয়া জা'আলা লাকুম্ মিন্ আঝওয়া-জিকুম্ বানীনা ওয়া হ াফাদাতাওঁ ওয়া রাঝাক াকুম্ মিনাত ত াইয়িবা-তি (ط) আফাবিল্‌বা-তিলি ইউ'মিনূনা ওয়া বিনি'মাতিল্লা-হি হুম্ ইয়াক্‌ফুরূন্।	
তরজমা	এবং আল্লাহ্ তোমাদের হইতেই তোমাদের জোড়া সৃষ্টি করিয়াছেন এবং তোমাদের যুগল হইতে তোমাদের জন্য পুত্র-পৌত্রাদি সৃষ্টি করিয়াছেন এবং তোমাদেরকে উত্তম জীবনোপকরণ দান করিয়াছেন। তবুও কি উহারা মিথ্যায় বিশ্বাস করিবে এবং উহারা কি আল্লাহ্র অনুগ্রহ অস্বীকার করিবে ?-	
	وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَمْلِكُ لَهُمْ رِزْقًا مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ شَيْـًٔا وَّلَا يَسْتَطِيْعُوْنَ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া'বুদূনা মিং দূনিল্লা-হি মা-লা-ইয়াম্‌লিকু লাহুম্ রিঝক াম্ মিনাছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দি শাইআওঁ ওয়ালা-ইয়াছ্‌তাত ী'উন্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং উহারা কি 'ইবাদত করিবে আল্লাহ্ ব্যতীত অপরের যাহাদের আকাশমণ্ডলী অথবা পৃথিবী হইতে কোন জীবনোপকরণ সরবরাহ করিবার শক্তি নাই!- এবং উহারা কিছুই করিতে সক্ষম নয়।	
	فَلَا تَضْرِبُوا لِلّٰهِ الْاَمْثَالَ ؕ اِنَّ اللّٰهَ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿۷۴﴾	74
প্রতিবর্ণায়ন	ফালা-তাদ্বরিবূ লিল্লা-হিল্ আম্ছা-লা (ط) ইন্নাল্লা-হা ইয়া'লামু ওয়া আংতুম্ লা-তা'লামূন্।	
তরজমা	সুতরাং তোমরা আল্লাহ্র কোন সদৃশ স্থির করিও না। আল্লাহ্ জানেন এবং তোমরা জান না।	
	ضَرَبَ اللّٰهُ مَثَلًا عَبْدًا مَّمْلُوْكًا لَّا يَقْدِرُ عَلٰى شَيْءٍ وَّمَنْ رَّزَقْنٰهُ مِنَّا رِزْقًا حَسَنًا فَهُوَ يُنْفِقُ مِنْهُ سِرًّا وَّجَهْرًا ؕ هَلْ يَسْتَوٗنَ ؕ اَلْحَمْدُ لِلّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿۷۵﴾	75
প্রতিবর্ণায়ন	দ্বারাবাল্লা-হু মাছালান্ 'আবদাম মাম্লূকাল্ লা-ইয়াক্বদিরু 'আলা-শাইইওঁ ওয়া মার্ রাঝাক্বনা-হু মিন্না-রিঝকান্ হাছানাং ফাহুওয়া ইউংফিক্বু মিন্হু ছির্রাওঁ ওয়া জাহরান (ط) হাল্ ইয়াছ্তাউনা (ط) আল্হামদু লিল্লা-হি (ط) বাল্ আক্ছারুহুম্ লা-ইয়া'লামূন্।	
তরজমা	আল্লাহ্ উপমা দিতেছেন অপরের অধিকারভুক্ত এক দাসের, যে কোন কিছুর উপর শক্তি রাখে না এবং এমন এক ব্যক্তির যাহাকে তিনি নিজ হইতে উত্তম রিযিক দান করিয়াছেন এবং সে উহা হইতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে; উহারা কি একে অপরের সমান ? সকল প্রশংসা আল্লাহ্রই প্রাপ্য; অথচ উহাদের অধিকাংশই ইহা জানে না।	
	وَضَرَبَ اللّٰهُ مَثَلًا رَّجُلَيْنِ اَحَدُهُمَاۤ اَبْكَمُ لَا يَقْدِرُ عَلٰى شَيْءٍ وَّهُوَ كَلٌّ عَلٰى مَوْلٰىهُ ۙ اَيْنَمَا يُوَجِّهْهُّ لَا يَاْتِ بِخَيْرٍ ؕ هَلْ يَسْتَوِيْ هُوَ ۙ وَمَنْ يَّاْمُرُ بِالْعَدْلِ ۙ وَهُوَ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿۷۶﴾	76
প্রতিবর্ণায়ন	ওয়া দ্বারাবাল্লা-হু মাছালার রাজুলাইনি আহাদুহুমা~ আবকামু লা-ইয়াক্বদিরু 'আলা-শাইইওঁ ওয়া হুওয়া কাল্লুন্ 'আলা- মাওলা-হু (ۙ) আইনামা- ইউওয়াজজিহ্হু লা-ইয়া'তি বিখাইরিন্ (ط) হাল্ ইয়াছ্তাবী হুওয়া (ۙ) ওয়া মাইঁ ইয়া'মরু বিল'আদ্লি (ۙ) ওয়া হুওয়া 'আলা- সিরা-তিম্ মুছ্তাক্বীম্।	
তরজমা	আল্লাহ্ আরও উপমা দিতেছেন দুই ব্যক্তির : উহাদের একজন মূক, কোন কিছুরই শক্তি রাখে না এবং সে তাহার প্রভুর ভারস্বরূপ; তাহাকে যেখানেই পাঠান হউক না কেন সে ভাল কিছুই করিয়া আসিতে পারে না ; সে কি সমান হইবে ঐ ব্যক্তির, যে ন্যায়ের নির্দেশ দেয় এবং যে আছে সরল পথে ?	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلِلّٰهِ غَيۡبُ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ ؕ وَمَاۤ اَمۡرُ السَّاعَةِ اِلَّا كَلَمۡحِ الۡبَصَرِ اَوۡ هُوَ اَقۡرَبُ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ﴿۷۷﴾	**77**
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি গাইবুছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দি (ط) ওয়ামাদ আমরুছ্ ছা-‘আতি ইল্লা-কালামহি্ল বাসারি আও হুওয়া আক্‌রাবু (ط) ইন্নাল্লা-হা ‘আলা-কুল্লি শাইয়িং ক্বাদীর।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর অদৃশ্য বিষয়ের জ্ঞান আল্লাহ্‌রই এবং কিয়ামতের ব্যাপার তো চক্ষুর পলকের ন্যায়, বরং উহা অপেক্ষাও সত্বর। নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَاللّٰهُ اَخۡرَجَكُمۡ مِّنۡۢ بُطُوۡنِ اُمَّهٰتِكُمۡ لَا تَعۡلَمُوۡنَ شَيۡـًٔا ۙ وَّجَعَلَ لَـكُمُ السَّمۡعَ وَالۡاَبۡصَارَ وَالۡاَفۡـِٕدَةَ ۙ لَعَلَّكُمۡ تَشۡكُرُوۡنَ ﴿۷۸﴾	**78**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা–হু আখরাজাকুম্ মিম্ বুতূ্‌নি উম্মাহা–তিকুম্ লা–তা‘লামূনা শাইআওঁ (৲) ওয়া জা‘আলা লাকুমুছ্ ছাম্‘আ ওয়াল্ আব্‌সা–রা ওয়াল্ আফইদাতা (৲) লা‘আল্লাকুম্ তাশ্‌কুরূন্।	
তরজমা	এবং আল্লাহ্ তোমাদেরকে বাহির করিয়াছেন তোমাদের মাতৃগর্ভ হইতে এমন অবস্থায় যে, তোমরা কিছুই জানিতে না। তিনি তোমাদেরকে দিয়াছেন শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি এবং হৃদয়, যাহাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।	
	اَلَمۡ يَرَوۡا اِلَى الطَّيۡرِ مُسَخَّرٰتٍ فِىۡ جَوِّ السَّمَآءِ ؕ مَا يُمۡسِكُهُنَّ اِلَّا اللّٰهُ ؕ اِنَّ فِىۡ ذٰ لِكَ لَاٰيٰتٍ لِّقَوۡمٍ يُّؤۡمِنُوۡنَ ﴿۷۹﴾	**79**
প্রতিবর্ণায়ন	আলাম্ ইয়ারাও ইলাত্‌ত্বাইরি মুছাখ্‌খারা–তিং ফী জাওবি্‌ছ্ ছামা~ই (ط) মা–ইউম্‌ছিকুহুন্না ইল্লাল্লা–হু (ط) ইন্নাফী য্বা–লিকা লাআ–য়া–তিল্ লিক্বাওমিইঁ ইউ’মিনূন্।	
তরজমা	তাহারা কি লক্ষ্য করে না আকাশের শূন্যগর্ভে নিয়ন্ত্রণাধীন বিহংগের প্রতি ? আল্লাহ্ ব্যতীত অন্য কেহই সেইগুলিকে স্থির রাখে না। অবশ্যই ইহাতে নিদর্শন রহিয়াছে মু’মিন সম্প্রদায়ের জন্য।	
	وَاللّٰهُ جَعَلَ لَـكُمۡ مِّنۡۢ بُيُوۡتِكُمۡ سَكَنًا وَّجَعَلَ لَـكُمۡ مِّنۡ جُلُوۡدِ الۡاَنۡعَامِ بُيُوۡتًا تَسۡتَخِفُّوۡنَهَا يَوۡمَ ظَعۡنِكُمۡ وَيَوۡمَ اِقَامَتِكُمۡ ۙ وَمِنۡ اَصۡوَافِهَا وَاَوۡبَارِهَا وَاَشۡعَارِهَاۤ اَثَاثًا وَّمَتَاعًا اِلٰى حِيۡنٍ ﴿۸۰﴾	**80**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু জা‘আলা লাকুম্ মিম্ বুইউতিকুম ছাকানাওঁ ওয়া জা‘আলা লাকুম্ মিং জূলূদিল্ আন্‘আ-মি বুইউতাং তাছ্তাখিফ্ফূনাহা- ইয়াওমা জ া‘নিকুম্ ওয়া ইয়াওমা ইক া-মাতিকুম্ (۷) ওয়া মিন্ আসওয়া-ফিহা-ওয়া আওবা-রিহা-ওয়া আশ্‘আ-রিহা˜ আছ া-ছ াওঁ ওয়া মাতা‘আন ইলা-হ ীন।	
তরজমা	এবং আল্লাহ্ তোমাদের গৃহকে করেন তোমাদের আবাসস্থল এবং তিনি তোমাদের জন্য পশুচর্মের তাঁবুর ব্যবস্থা করেন, তোমরা উহাকে সহজ মনে কর ভ্রমণকালে এবং অবস্থানকালে। এবং তিনি তোমাদের জন্য ব্যবস্থা করেন উহাদের পশম, লোম ও কেশ হইতে কিছু কালের গৃহ-সামগ্রী ও ব্যবহার-উপকরণ।	
	وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّمَّا خَلَقَ ظِلٰلًا وَّجَعَلَ لَكُمْ مِّنَ الْجِبَالِ اَكْنَانًا وَّجَعَلَ لَكُمْ سَرَابِيْلَ تَقِيْكُمُ الْحَرَّ وَسَرَابِيْلَ تَقِيْكُمْ بَاْسَكُمْ ۚ كَذٰلِكَ يُتِمُّ نِعْمَتَهٗ عَلَيْكُمْ لَعَلَّكُمْ تُسْلِمُوْنَ ﴿٨١﴾	**81**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু জা‘আলা লাকুম্ মিম্মা-খালাক া জি লা-লাওঁ ওয়া জা‘আলা লাকুম্ মিনাল্ জিবা-লি আক্না-নাওঁ ওয়া জা‘আলা লাকুম্ ছারা-বীলা তাক ীকুমুল হ ার্‌রা ওয়া ছারা-বীলা তাক ীকুম্ বা’ছাকুম্ (ط) কায া-লিকা ইউতিম্মু নি‘মাতাহূ ‘আলাইকুম্ লা‘আল্লাকুম্ তুছ্লিমূন্।	
তরজমা	এবং আল্লাহ্ যাহা কিছু সৃষ্টি করিয়াছেন তাহা হইতে তিনি তোমাদের জন্য ছায়ার ব্যবস্থা করেন এবং তোমাদের জন্য পাহাড়ে আশ্রয়ের ব্যবস্থা করেন এবং তোমাদের জন্য ব্যবস্থা করেন পরিধেয় বস্ত্রের; উহা তোমাদেরকে তাপ হইতে রক্ষা করে এবং তিনি ব্যবস্থা করেন তোমাদের জন্য বর্মের, উহা তোমাদেরকে যুদ্ধে রক্ষা করে। এইভাবে তিনি তোমাদের প্রতি তাঁহার অনুগ্রহ পূর্ণ করেন যাহাতে তোমরা আত্মসমর্পণ কর।	
	فَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٨٢﴾	**82**
প্রতিবর্ণায়ন	ফাইং তাওয়াল্লাও ফাইন্নামা- ‘আলাইকাল্ বালা-গুল্ মুবীন্।	
তরজমা	অতঃপর উহারা যদি মুখ ফিরাইয়া নেয় তবে তোমার কর্তব্য তো কেবল স্পষ্টভাবে বাণী পৌঁছাইয়া দেওয়া।	
	يَعْرِفُوْنَ نِعْمَتَ اللّٰهِ ثُمَّ يُنْكِرُوْنَهَا وَاَكْثَرُهُمُ الْكٰفِرُوْنَ ﴿٨٣﴾	**83**
প্রতিবর্ণায়ন	ইয়া‘রিফূনা নি‘মাতাল্লা-হি ছু ম্মা ইউংকিরূনাহা- ওয়া আক্ছারুহুমুল্ কা-ফিরূন্।	
তরজমা	উহারা আল্লাহ্‌র নিয়ামত চিনিতে পারে; তারপরও সেগুলি উহারা অস্বীকার করে এবং উহাদের অধিকাংশই কাফির।	
	وَيَوْمَ نَبْعَثُ مِنْ كُلِّ اُمَّةٍ شَهِيْدًا ثُمَّ لَا يُؤْذَنُ لِلَّذِيْنَ كَفَرُوْا وَلَا هُمْ يُسْتَعْتَبُوْنَ ﴿٨٤﴾	**84**

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা নাব্‘আছু মিং কুল্লি উম্মাতিং শাহীদাং ছু ম্মা লা-ইউ’য ানু লিল্লায ীনা কাফারূ ওয়ালা-হুম্ ইউছ্‌তা‘তাবূন্ ।	
তরজমা	যেদিন আমি প্রত্যেক সম্প্রদায় হইতে এক একজন সাক্ষী উত্থিত করিব সেদিন কাফিরদেরকে অনুমতি দেওয়া হইবে না এবং উহাদের কোন ওযরও গৃহীত হইবে না।	
	وَإِذَا رَاَ الَّذِيْنَ ظَلَمُوا الْعَذَابَ فَلَا يُخَفَّفُ عَنْهُمْ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ۝٨٥	85
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া-রাআল্লায ীনা জ ালামুল্ ‘আয া-বা ফালা-ইউখাফ্‌ফাফু আনহুম্ ওয়ালা-হুম্ ইউংজ ারূন্ ।	
তরজমা	যখন জালিমরা শাস্তি প্রত্যক্ষ করিবে তখন উহাদের শাস্তি লঘু করা হইবে না এবং উহাদেরকে কোন অবকাশ দেওয়া হইবে না।	
	وَإِذَا رَاَ الَّذِيْنَ اَشْرَكُوْا شُرَكَاۤءَهُمْ قَالُوْا رَبَّنَا هٰۤؤُلَاۤءِ شُرَكَاۤؤُنَا الَّذِيْنَ كُنَّا نَدْعُوْا مِنْ دُوْنِكَ ۚ فَاَلْقَوْا اِلَيْهِمُ الْقَوْلَ اِنَّكُمْ لَكٰذِبُوْنَ ۝٨٦	86
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া-রাআল্লায ীনা আশ্‌রাকূ শুরাকা~আহুম্ ক া-লূ রাব্বানা-হা ~উলা~ই শুরাকা~উনাল্‌লায ীনা কুন্না- নাদ্‘উ মিং দূনিকা (ج) ফাআল্‌ক াও ইলাইহিমুল্ ক াওলা ইন্নাকুম্ লাকা-যি বূন্ ।	
তরজমা	মুশরিকরা যাহাদেরকে আল্লাহ্‌র শরীক করিয়াছিল, তাহাদেরকে যখন দেখিবে তখন তাহারা বলিবে, ‘হে আমাদের প্রতিপালক! ইহারাই তাহারা, যাহাদেরকে আমরা তোমার শরীক করিয়াছিলাম, যাহাদেরকে আমরা আহ্বান করিতাম তোমার পরিবর্তে; অতঃপর তদুত্তরে উহারা বলিবে, ‘তোমরা অবশ্যই মিথ্যাবাদী।’	
	وَاَلْقَوْا اِلَى اللّٰهِ يَوْمَىِٕذِ ۨالسَّلَمَ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ۝٨٧	87
প্রতিবর্ণায়ন	ওয়া আল্‌ক াও ইলাল্লা-হি ইয়াওমাইযি নিছ্‌ছালামা ওয়াদ াল্লা ‘আনহুম মা-কা-নূ ইয়াফ্‌তারূন্ ।	
তরজমা	সেই দিন তাহারা আল্লাহ্‌র নিকট আত্মসমর্পণ করিবে এবং তাহারা যে মিথ্যা উদ্ভাবন করিত তাহা তাহাদের জন্য নিষ্ফল হইবে।	
	اَلَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ زِدْنٰهُمْ عَذَابًا فَوْقَ الْعَذَابِ بِمَا كَانُوْا يُفْسِدُوْنَ ۝٨٨	88
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা কাফারূ ওয়াসাদ্দূ ‘আং ছাবীলিল্লা-হি ঝিদ্‌না-হুম্ ‘আয া-বাং ফাওক াল্ ‘আয া-বি বিমা-কা-নূ ইউফ্‌ছিদূন ।	
তরজমা	আমি শাস্তির পর শাস্তি বৃদ্ধি করিব কাফিরদের ও আল্লাহ্‌র পথে বাধাদানকারীদের; কারণ তাহারা অশান্তি সৃষ্টি করিত।	

	وَيَوْمَ نَبْعَثُ فِيْ كُلِّ اُمَّةٍ شَهِيْدًا عَلَيْهِمْ مِّنْ اَنْفُسِهِمْ وَجِئْنَا بِكَ شَهِيْدًا عَلٰى هٰٓؤُلَآءِ ؕ وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتٰبَ تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ وَّهُدًى وَّرَحْمَةً وَّبُشْرٰى لِلْمُسْلِمِيْنَ ﴿٨٩﴾	**89**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা নাব্‘আছু ফী কুল্লি উম্মাতিং শাহীদান্ ‘আলাইহিম্ মিন্ আংফুছিহিম্ ওয়া জি’না-বিকা শাহীদান্ ‘আলা- হা˜উলা~ই (ط) ওয়া নাঝঝাল্না ‘আলাইকাল্ কিতা-বা তিব্ইয়া-নাল্ লিকুল্লি শাইইওঁ ওয়া হুদাওঁ ওয়া রাহ্‌মাতাওঁ ওয়া বুশ্রা- লিল্মুছ্লিমীন্।	
তরজমা	সেই দিন আমি উত্থিত করিব প্রত্যেক সম্প্রদায়ে তাহাদেরই মধ্য হইতে তাহাদের বিষয়ে এক একজন সাক্ষী এবং তোমাকে আমি আনিব সাক্ষীরূপে ইহাদের বিষয়ে। আমি আত্ম-সমর্পণকারীদের জন্য প্রত্যেক বিষয়ে স্পষ্ট ব্যাখ্যাস্বরূপ, পথনির্দেশ, দয়া ও সুসংবাদস্বরূপ তোমার প্রতি কিতাব অবতীর্ণ করিলাম।	
	اِنَّ اللّٰهَ يَاْمُرُ بِالْعَدْلِ وَالْاِحْسَانِ وَاِيْتَآئِ ذِى الْقُرْبٰى وَيَنْهٰى عَنِ الْفَحْشَآءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ ۚ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿٩٠﴾	**90**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা ইয়া’মুরু বিল্‘আদ্লি ওয়াল্ ইহ্‌ছা-নি ওয়া ঈতা~ইযি্‌ল্ কু্‌র্বা- ওয়া ইয়ানহা-‘আনিল্ ফাহ্‌শা~ই ওয়াল্ মুংকারি ওয়াল বাগই (ج) ইয়া‘ইজু্‌কুম্ লা‘আল্লাকুম তায্‌াক্কারূন্।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ ন্যায়পরায়ণতা, সদাচরণ ও আত্মীয়-স্বজনকে দানের নির্দেশ দেন এবং তিনি নিষেধ করেন অশ্লীলতা, অসৎকর্ম ও সীমালংঘন; তিনি তোমাদেরকে উপদেশ দেন যাহাতে তোমরা শিক্ষা গ্রহণ কর।	
	وَاَوْفُوْا بِعَهْدِ اللّٰهِ اِذَا عٰهَدْتُّمْ وَلَا تَنْقُضُوا الْاَيْمَانَ بَعْدَ تَوْكِيْدِهَا وَقَدْ جَعَلْتُمُ اللّٰهَ عَلَيْكُمْ كَفِيْلًا ؕ اِنَّ اللّٰهَ يَعْلَمُ مَا تَفْعَلُوْنَ ﴿٩١﴾	**91**
প্রতিবর্ণায়ন	ওয়া আওফূ বি‘আহদিল্লা-হি ইয্‌া-‘আ-হাত্‌তুম্ ওয়ালা-তাংকু্‌দু্‌ল আইমা-না বা‘দা তাওকীদিহা- ওয়া ক্‌াদ্ জা‘আল্তুমুল্লা-হা ‘আলাইকুম্ কাফীলান (ط) ইন্নাল্লা-হা ইয়া‘লামু মা-তাফ্‘আলূন্।	
তরজমা	তোমরা আল্লাহ্র অঙ্গীকার পূর্ণ করিও যখন পরস্পর অঙ্গীকার কর এবং তোমরা আল্লাহ্কে তোমাদের যামিন করিয়া শপথ দৃঢ় করিবার পর উহা ভঙ্গ করিও না। তোমরা যাহা কর নিশ্চয়ই আল্লাহ তাহা জানেন।	

	وَلَا تَكُونُوا كَالَّتِي نَقَضَتْ غَزْلَهَا مِنْ بَعْدِ قُوَّةٍ أَنْكَاثًا ۖ تَتَّخِذُونَ أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ أَنْ تَكُونَ أُمَّةٌ هِيَ أَرْبَىٰ مِنْ أُمَّةٍ ۚ إِنَّمَا يَبْلُوكُمُ اللَّهُ بِهِ ۚ وَلَيُبَيِّنَنَّ لَكُمْ يَوْمَ الْقِيَامَةِ مَا كُنْتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٩٢﴾	92
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাকূনূ কাল্লাতী নাক`াদ`াত্ গাঝলাহা-মিম্ বা'দি ক`ুওওয়াতিন্ আংকা-ছ`াং (ط) তাত্তাখিয`ূনা আইমা-নাকুম্ দাখালাম বাইনাকুম্ আং তাকূনা উম্মাতুন্ হিয়া আরবা-মিন্ উম্মাতিন (ط) ইন্নামা-ইয়াব্‌লূকুমুল্লা-হু বিহী (ط) ওয়ালা ইউবাইয়িনান্না লাকুম্ ইয়াওমাল্ কি`য়া-মাতি মা-কুংতুম্ ফীহি তাখতালিফূন্।	
তরজমা	তোমরা সেই নারীর মত হইও না, যে তাহার সূতা মযবুত করিয়া পাকাইবার পর উহার পাক খুলিয়া নষ্ট করিয়া দেয়। তোমাদের শপথ তোমরা পরস্পরকে প্রবঞ্চনা করিবার জন্য ব্যবহার করিয়া থাক, যাহাতে একদল অন্যদল অপেক্ষা অধিক লাভবান হও। আল্লাহ্ তো ইহা দ্বারা কেবল তোমাদেরকে পরীক্ষা করেন। আল্লাহ্ কিয়ামতের দিন তাহা নিশ্চয়ই স্পষ্টভাবে প্রকাশ করিয়া দিবেন যে বিষয়ে তোমরা মতভেদ করিতে।	
	وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً وَلَٰكِنْ يُضِلُّ مَنْ يَشَاءُ وَيَهْدِي مَنْ يَشَاءُ ۚ وَلَتُسْأَلُنَّ عَمَّا كُنْتُمْ تَعْمَلُونَ ﴿٩٣﴾	93
প্রতিবর্ণায়ন	ওয়া লাও শা~আল্লা-হু লাজা'আলাকুম উম্মাতাওঁ ওয়া-হি`দাতাওঁ ওয়ালা-কিইঁ ইউদি`ল্লু মাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়ালা তুছ্‌আলুন্না 'আম্মা-কুংতুম্ তা'মালূন্।	
তরজমা	ইচ্ছা করিলে আল্লাহ্ তোমাদেরকে এক জাতি করিতে পারিতেন, কিন্তু তিনি যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন। তোমরা যাহা কর সে বিষয়ে অবশ্যই তোমাদেরকে প্রশ্ন করা হইবে।	
	وَلَا تَتَّخِذُوا أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ فَتَزِلَّ قَدَمٌ بَعْدَ ثُبُوتِهَا وَتَذُوقُوا السُّوءَ بِمَا صَدَدْتُمْ عَنْ سَبِيلِ اللَّهِ ۖ وَلَكُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাত্তাখিযূ`~ আইমা-নাকুম্ দাখালাম্ বাইনাকুম্ ফাতাঝিল্লা ক`াদামুম্ বা'দা ছু`বূতিহা-ওয়া তাযূ`কু`ছ্ছূ~আ বিমা-সাদাত্‌তুম্ 'আং ছাবীলিল্লা-হি (ج) ওয়ালাকুম্ 'আয`া-বুন্ 'আজ`ীম্।	

তরজমা	পরস্পর প্রবঞ্চনা করিবার জন্য তোমরা তোমাদের শপথকে ব্যবহার করিও না ; করিলে পা স্থির হওয়ার পর পিছলাইয়া যাইবে এবং আল্লাহ্‌র পথে বাধা দেওয়ার কারণে তোমরা শাস্তির আস্বাদ গ্রহণ করিবে; তোমাদের জন্য রহিয়াছে মহাশাস্তি।	
	وَلَا تَشْتَرُوْا بِعَهْدِ اللّٰهِ ثَمَنًا قَلِيْلًا ؕ اِنَّمَا عِنْدَ اللّٰهِ هُوَ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿۹۵﴾	95
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাশ্‌তারূ বি‘আহদিল্লা-হি ছামানাং ক়ালীলান (ط) ইন্নামা- ‘ইংদাল্লা-হি হুওয়া খাইরুল্লাকুম্ ইং কুংতুম্ তা‘লামূন্।	
তরজমা	তোমরা আল্লাহ্‌র সঙ্গে কৃত অঙ্গীকার তুচ্ছ মূল্যে বিক্রয় করিও না। আল্লাহর নিকট যাহা আছে কেবল তাহাই তোমাদের জন্য উত্তম-যদি তোমরা জানিতে!	
	مَا عِنْدَكُمْ يَنْفَدُ وَمَا عِنْدَ اللّٰهِ بَاقٍ ؕ وَلَنَجْزِيَنَّ الَّذِيْنَ صَبَرُوْۤا اَجْرَهُمْ بِاَحْسَنِ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۹۶﴾	96
প্রতিবর্ণায়ন	মা- ‘ইংদাকুম্ ইয়াংফাদু ওয়ামা- ‘ইংদাল্লা-হি বা-কি়ওঁ (ط) ওয়ালা নাজঝিয়ান্নাল্লায ীনা স়াবারূ~ আজরাহুম্ বিআহ়ছানি মা-কা-নূ ইয়া‘মালূন্।	
তরজমা	তোমাদের নিকট যাহা আছে তাহা নিঃশেষ হইবে এবং আল্লাহ্‌র নিকট যাহা আছে তাহা স্থায়ী। যাহারা ধৈর্য ধারণ করে আমি নিশ্চয়ই তাহাদেরকে তাহারা যাহা করে তাহা অপেক্ষা শ্রেষ্ঠ পুরস্কার দান করিব।	
	مَنْ عَمِلَ صَالِحًا مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهٗ حَيٰوةً طَيِّبَةً ۚ وَلَنَجْزِيَنَّهُمْ اَجْرَهُمْ بِاَحْسَنِ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۹۷﴾	97
প্রতিবর্ণায়ন	মান্ ‘আমিলা সা-লিহ়াম্ মিং য়াকারিন্ আও উংছ়া- ওয়া হুওয়া মু’মিনুং ফালা নুহ়য়িইয়ান্নাহূ হ়ায়া-তাং ত়াইয়িবাতাওঁ (ج) ওয়া লানাজঝিয়ান্নাহুম আজরাহুম্ বিআহ়ছানি মা- কানূ ইয়া‘মালূন্।	
তরজমা	মু’মিন হইয়া পুরুষ ও নারীর মধ্যে যে কেউ সৎকর্ম করিবে তাহাকে আমি নিশ্চয়ই পবিত্র জীবন দান করিব এবং তাহাদেরকে তাহাদের কর্মের শ্রেষ্ঠ পুরস্কার দান করিব।	
	فَاِذَا قَرَاْتَ الْقُرْاٰنَ فَاسْتَعِذْ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ﴿۹۸﴾	98
প্রতিবর্ণায়ন	ফাইয়া- ক়ারা’তাল্ কু়রআ-না ফাছ্‌তা‘ইয্ বিল্লা-হি মিনাশ্‌শাইত়া-নির্ রাজীম্।	
তরজমা	যখন কুরআন পাঠ করিবে তখন অভিশপ্ত শয়তান হইতে আল্লাহ্‌র শরণ লইবে	
	اِنَّهٗ لَيْسَ لَهٗ سُلْطٰنٌ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ﴿۹۹﴾	99

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ লাইছা লাহূ ছুলত ়া–নুন্ ‘আলাল্লায ীনা আ–মানূ ওয়া ‘আলা রাব্বিহীম্ ইয়াতাওয়াক্কালূন্।	
তরজমা	নিশ্চয়ই উহার কোন আধিপত্য নাই তাহাদের উপর যাহারা ঈমান আনে ও তাহাদের প্রতিপালকেরই উপর নির্ভর করে।	
	إِنَّمَا سُلْطٰنُهٗ عَلَى الَّذِيْنَ يَتَوَلَّوْنَهٗ وَالَّذِيْنَ هُمْ بِهٖ مُشْرِكُوْنَ ۝١٠٠	**100**
প্রতিবর্ণায়ন	ইন্নামা– ছুল্ত ়া–নুহূ ‘আলাল্লায ীনা ইয়াতাওয়াল্লাওনাহূ ওয়াল্লায ীনা হুম্ বিহী মুশ্রিকূন্।	
তরজমা	উহার আধিপত্য তো কেবল তাহাদেরই উপর যাহারা উহাকে অভিভাবকরূপে গ্রহণ করে এবং যাহারা আল্লাহ্‌র শরীক করে।	
	وَاِذَا بَدَّلْنَآ اٰيَةً مَّكَانَ اٰيَةٍ ۙ وَّاللّٰهُ اَعْلَمُ بِمَا يُنَزِّلُ قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مُفْتَرٍ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ۝١٠١	**101**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ়া– বাদ্দাল্না˜ আ–য়াতাম্ মাকা–না আ–য়াতিওঁ (ۙ) ওয়াল্লা–হু ‘আলামু বিমা– ইউনাঝঝিলু ক ়া–লূ˜ ইন্নামা˜ আংতা মুফ্তারিম (ط) বাল্ আক্ছ ়ারুহুম্ লা–ইয়া‘লামূন্।	
তরজমা	আমি যখন এক আয়াতের পরিবর্তে অন্য এক আয়াত উপস্থিত করি-আল্লাহ্ যাহা অবতীর্ণ করেন তাহা তিনিই ভাল জানেন, তখন তাহারা বলে, ‘তুমি তো কেবল মিথ্যা উদ্ভাবনকারী’; কিন্তু উহাদের অধিকাংশই জানে না।	
	قُلْ نَزَّلَهٗ رُوْحُ الْقُدُسِ مِنْ رَّبِّكَ بِالْحَقِّ لِيُثَبِّتَ الَّذِيْنَ اٰمَنُوْا وَهُدًى وَّبُشْرٰى لِلْمُسْلِمِيْنَ ۝١٠٢	**102**
প্রতিবর্ণায়ন	কু ়ল্ নাঝঝালাহূ রূহু ়ল কু ়দুছি মির্ রাব্বিকা বিল্হ ়াক্কি ় লিইউছ ়াব্বিতাল্লায ীনা আ–মানূ ওয়া হুদাওঁ ওয়া বুশ্রা– লিল্মুছলিমীন্।	
তরজমা	বল, ‘তোমার প্রতিপালকের নিকট হইতে রুহুল-কুদুস জিব্রাঈল সত্যসহ কুরআন অবতীর্ণ করিয়াছে, যাহারা মু’মিন তাহাদেরকে দৃঢ় প্রতিষ্ঠিত করিবার জন্য এবং হিদায়াত ও সুসংবাদস্বরূপ মুসলিমদের জন্য।’	
	وَلَقَدْ نَعْلَمُ اَنَّهُمْ يَقُوْلُوْنَ اِنَّمَا يُعَلِّمُهٗ بَشَرٌ ؕ لِسَانُ الَّذِيْ يُلْحِدُوْنَ اِلَيْهِ اَعْجَمِيٌّ وَّهٰذَا لِسَانٌ عَرَبِيٌّ مُّبِيْنٌ ۝١٠٣	**103**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক ়াদ্ না‘লামু আন্নাহুম্ ইয়াকূ ়লূনা ইন্নামা– ইউ‘আল্লিমুহূ বাশারুল্ (ط) লিছা–নুল্লায ী ইউল্হি ়দূনা ইলাইহি আ ়জামিইয়ুওঁ ওয়া হা–য ়া–লিছা–নুন্ ‘আরাবিইয়ুম্ মুবীন্।	

তরজমা	আমি তো জানি, তাহারা বলে, 'তাহাকে শিক্ষা দেয় এক মানুষ।' উহারা যাহার প্রতি ইহা আরোপ করে তাহার ভাষা তো আরবী নয়; কিন্তু কুরআনের ভাষা স্পষ্ট আরবী ভাষা।	
	اِنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۙ لَا يَهْدِيْهِمُ اللّٰهُ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٠٤﴾	**104**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা লা-ইউ'মিনূনা বিআ-য়া-তিল্লা-হি (ㄥ) লা- ইয়াহ্দীহিমুল্লা-হু ওয়া লাহুম্ 'আয া-বুন্ আলীম্।	
তরজমা	যাহারা আল্লাহ্র নিদর্শনে বিশ্বাস করে না, তাহাদেরকে আল্লাহ্ হিদায়াত করেন না এবং তাহাদের জন্য আছে মর্মন্তুদ শাস্তি।	
	اِنَّمَا يَفْتَرِى الْكَذِبَ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الْكٰذِبُوْنَ ﴿١٠٥﴾	**105**
প্রতিবর্ণায়ন	ইন্নামা- ইয়াফ্তারিল্ কাযি বাল্লায ীনা লা-ইউ'মিনূনা বিআ-য়া-তিল্লা-হি (ج) ওয়া উলা~ইকা হুমুল্ কা-যি বূন্।	
তরজমা	যাহারা আল্লাহ্র নিদর্শনে বিশ্বাস করে না তাহারা তো কেবল মিথ্যা উদ্ভাবন করে এবং তাহারাই মিথ্যাবাদী।	
	مَنْ كَفَرَ بِاللّٰهِ مِنْۢ بَعْدِ اِيْمَانِهٖٓ اِلَّا مَنْ اُكْرِهَ وَقَلْبُهٗ مُطْمَئِنٌّۢ بِالْاِيْمَانِ وَلٰكِنْ مَّنْ شَرَحَ بِالْكُفْرِ صَدْرًا فَعَلَيْهِمْ غَضَبٌ مِّنَ اللّٰهِ ۚ وَلَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿١٠٦﴾	**106**
প্রতিবর্ণায়ন	মাং কাফারা বিল্লা-হি মিম্ বা'দি ঈমা-নিহী~ ইল্লা- মান্ উক্রিহা ওয়া ক াল্বুহূ মুত মাইন্নুম্ বিল্ঈমা-নি ওয়ালা-কিম্ মাং শারাহ া বিল্কুফ্রি সাদ্রাং ফা'আলাইহিম্ গাদ াবুম্ মিনাল্লা-হি (ج) ওয়ালাহুম্ 'আয া-বুন্ 'আজ ীম্।	
তরজমা	কেহ তাহার ঈমান আনার পর আল্লাহ্কে অস্বীকার করিলে এবং কুফরীর জন্য হৃদয় উন্মুক্ত রাখিলে তাহার উপর আপতিত হইবে আল্লাহ্র গযব এবং তাহার জন্য আছে মহাশাস্তি ; তবে তাহার জন্য নয়, যাহাকে কুফরীর জন্য বাধ্য করা হয় কিন্তু তাহার চিত্ত ঈমানে অবিচলিত।	
	ذٰلِكَ بِاَنَّهُمُ اسْتَحَبُّوا الْحَيٰوةَ الدُّنْيَا عَلَى الْاٰخِرَةِ ۙ وَاَنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿١٠٧﴾	**107**
প্রতিবর্ণায়ন	য া-লিকা বিআন্নাহুমুছ তাহ াব্বুল্ হ ায়া-তাদ্দুন্ইয়া- 'আলাল্ আ-খিরাতি (ㄥ) ওয়া আন্নাল্লা-হা লা-ইয়াহ্দিল্ ক াওমাল্ কা-ফিরীন্।	
তরজমা	ইহা এইজন্য যে, তাহারা দুনিয়ার জীবনকে আখিরাতের উপর প্রাধান্য দেয় এবং আল্লাহ কাফির সম্প্রদায়কে হিদায়াত করেন না।	
	اُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ وَسَمْعِهِمْ وَاَبْصَارِهِمْ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الْغٰفِلُوْنَ ﴿١٠٨﴾	**108**

প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা ত াবা‘আল্লা-হু ‘আলা- ক ুলূবিহিম্ ওয়া ছাম্‘ইহিম্ ওয়া আব্সা-রিহিম্ (ج) ওয়া উলা~ইকা হুমুল্ গা-ফিলূন্।	
তরজমা	উহারাই তাহারা, আল্লাহ্ যাহাদের অন্তর, কর্ণ ও চক্ষু মোহর করিয়া দিয়াছেন এবং উহারাই গাফিল।	
	لَاجَرَمَ اَنَّهُمْ فِى الْاٰخِرَةِ هُمُ الْخٰسِرُوْنَ ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	লা-জারামা আন্নাহুম্ ফিল্ আ-খিরাতি হুমুল্ খা-ছিরূন্।	
তরজমা	নিশ্চয়ই উহারা তো আখিরাতে হইবে ক্ষতিগ্রস্ত।	
	ثُمَّ اِنَّ رَبَّكَ لِلَّذِيْنَ هَاجَرُوْا مِنْۢ بَعْدِ مَا فُتِنُوْا ثُمَّ جٰهَدُوْا وَصَبَرُوْٓا ۙ اِنَّ رَبَّكَ مِنْۢ بَعْدِهَا لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ইন্না রাব্বাকা লিল্লায ীনা হা-জারূ মিম্ বা‘দি মা- ফুতিনূ ছু ম্মা জা-হাদূ ওয়া সাবারূ~ (ۙ) ইন্না রাব্বাকা মিম্ বা‘দিহা- লাগাফূরুর্ রাহ ীম্।	
তরজমা	যাহারা নির্যাতিত হইবার পর হিজরত করে, পরে জিহাদ করে এবং ধৈর্য ধারণ করেন, তোমার প্রতিপালক এই সবের পর, তাহাদের প্রতি অবশ্যই ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يَوْمَ تَاْتِىْ كُلُّ نَفْسٍ تُجَادِلُ عَنْ نَّفْسِهَا وَتُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿١١١﴾	111
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তা’তী কুল্লু নাফ্ছিং তুজা-দিলু ‘আন্ নাফ্ছিহা- ওয়া তুওয়াফ্ফা-কুল্লু নাফ্ছিম্ মা-‘আমিলাত্ ওয়া হুম্ লা- ইউজ্ লামূন্।	
তরজমা	স্মরণ কর সেই দিনকে, যেদিন প্রত্যেক ব্যক্তি আত্মসমর্থনে যুক্তি উপস্থিত করিতে আসিবে এবং প্রত্যেককে তাহার কৃতকর্মের পূর্ণফল দেওয়া হইবে। এবং তাহাদের প্রতি জুলুম করা হইবে না।	
	وَضَرَبَ اللّٰهُ مَثَلًا قَرْيَةً كَانَتْ اٰمِنَةً مُّطْمَئِنَّةً يَّاْتِيْهَا رِزْقُهَا رَغَدًا مِّنْ كُلِّ مَكَانٍ فَكَفَرَتْ بِاَنْعُمِ اللّٰهِ فَاَذَاقَهَا اللّٰهُ لِبَاسَ الْجُوْعِ وَالْخَوْفِ بِمَا كَانُوْا يَصْنَعُوْنَ ﴿١١٢﴾	112
প্রতিবর্ণায়ন	ওয়া দ ারাবাল্লা-হু মাছালাং ক ার্ইয়াতাং কা-নাত্ আ-মিনাতাম্ মুত মাইন্নাতাইঁ ইয়া’তীহা-রিঝক ুহা- রাগাদাম্ মিং কুল্লি মাকা-নিং ফাকাফারাত্ বিআন্‘উমিল্লা-হি ফাআয া-ক াহাল্লা-হু লিবা-ছাল জূ‘ই ওয়াল্ খাওফি বিমা-কা-নূ ইয়াসনা‘উন।	
তরজমা	আল্লাহ্ দৃষ্টান্ত দিতেছেন এক জনপদের যাহা ছিল নিরাপদ ও নিশ্চিন্ত, যেখানে আসিত সর্বদিক হইতে উহার প্রচুর জীবনোপকরণ; অতঃপর উহা আল্লাহ্‌র অনুগ্রহ অস্বীকার করিল, ফলে তাহারা যাহা করিত তজ্জন্য আল্লাহ্ তাহাদেরকে স্বাদ গ্রহণ করাইলেন ক্ষুধা ও ভীতির আচ্ছাদনের।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَقَدْ جَآءَهُمْ رَسُوْلٌ مِّنْهُمْ فَكَذَّبُوْهُ فَاَخَذَهُمُ الْعَذَابُ وَهُمْ ظٰلِمُوْنَ ﴿١١٣﴾	**113**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক া্দ জা~আহুম্ রাছূলুম্ মিন্‌হুম্ ফাকায্‌য া্বূহু ফাআখায া্হুমুল ‘আয া্–বু ওয়া হুম্ জ া্–লিমূন্।	
তরজমা	তাহাদের নিকট তো আসিয়াছিল এক রাসূল তাহা-দেরই মধ্য হইতে, কিন্তু তাহারা তাহাকে অস্বীকার করিয়াছিল। ফলে সীমালংঘন করা অবস্থায় শাস্তি তাহাদেরকে গ্রাস করিল।	
	فَكُلُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ حَلٰلًا طَيِّبًا ۖ وَّاشْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ﴿١١٤﴾	**114**
প্রতিবর্ণায়ন	ফাকুলূ মিম্মা– রাঝাক া্কুমুল্লা–হু হ া্লা–লাং ত া্ইয়িবাওঁ (ص) ওয়াশ্‌কুরূ নি‘মাতাল্লা–হি ইং কুংতুম্ ইয়্যা–হু তা‘বুদূন।	
তরজমা	আল্লাহ্ তোমাদেরকে হালাল ও পবিত্র যাহা দিয়াছেন তাহা হইতে তোমরা আহার কর এবং আল্লাহ্‌র অনুগ্রহের জন্য কৃতজ্ঞতা প্রকাশ কর, যদি তোমরা কেবল তাঁহারই ‘ইবাদত কর।	
	اِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ وَمَآ اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ بِهٖ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١١٥﴾	**115**
প্রতিবর্ণায়ন	ইন্নামা– হ া্র্‌রামা ‘আলাইকুমুল্ মাইতাতা ওয়াদ্দামা ওয়া লাহ া্মাল্ খিংঝীরি ওয়ামা~ উহিল্লা লিগাইরিল্লা–হি বিহী (ج) ফামানিদ্ া্তুর্‌রা গাইরা বা–গিওঁ ওয়ালা–‘আদিং ফাইন্নাল্লা–হা গাফূরুর্ রাহ ী্ম্।	
তরজমা	আল্লাহ তো কেবল মৃত জন্তু, রক্ত, শূকর-মাংস এবং যাহা যবেহ্‌কালে আল্লাহ্‌র পরিবর্তে অন্যের নাম লওয়া হইয়াছে তাহাই তোমাদের জন্য হারাম করিয়াছেন, কিন্তু কেহ অবাধ্য কিংবা সীমালংঘনকারী না হইয়া অনন্যোপায় হইলে আল্লাহ্ তো ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَلَا تَقُوْلُوْا لِمَا تَصِفُ اَلْسِنَتُكُمُ الْكَذِبَ هٰذَا حَلٰلٌ وَّهٰذَا حَرَامٌ لِّتَفْتَرُوْا عَلَى اللّٰهِ الْكَذِبَ ؕ اِنَّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ لَا يُفْلِحُوْنَ ﴿١١٦﴾	**116**
প্রতিবর্ণায়ন	ওয়ালা–তাকূ া্লূ লিমা–তাসিফু আলছিনাতুকুমুল্ কাযি া্বা হা–য া্–হ া্লা–লুওঁ ওয়া হা–য া্–হ া্রামুল্ লিতাফ্‌তারূ ‘আলাল্লা–হিল্ কাযি া্বা (ط) ইন্নাল্লায ী্না ইয়াফ্‌তারূনা ‘আলাল্লা–হিল্ কাযি া্বা লা–ইউফ্‌লিহূ া্ন্।	
তরজমা	তোমাদের জিহ্বা মিথ্যা আরোপ করে বলিয়া আল্লাহ্‌র প্রতি মিথ্যা আরোপ করিবার জন্য তোমরা বলিও না, ‘ইহা হালাল এবং উহা হারাম।’ নিশ্চয়ই যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করিবে তাহারা সফলকাম হইবে না।	

	مَتَاعٌ قَلِيلٌ ۖ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١١٧﴾	117
প্রতিবর্ণায়ন	মাতা–‘উং ক'ালীলুওঁ (ص) ওয়া লাহুম্ ‘আয'া–বুন্ আলীম্।	
তরজমা	উহাদের সুখ-সম্ভোগ সামান্যই এবং উহাদের জন্য রহিয়াছে মর্মন্তুদ শাস্তি।	
	وَعَلَى الَّذِينَ هَادُوا حَرَّمْنَا مَا قَصَصْنَا عَلَيْكَ مِنْ قَبْلُ ۖ وَمَا ظَلَمْنَاهُمْ وَلَٰكِنْ كَانُوا أَنْفُسَهُمْ يَظْلِمُونَ ﴿١١٨﴾	118
প্রতিবর্ণায়ন	ওয়া ‘আলাল্লায'ীনা হা–দূ হ'ার্‌রাম্‌না– মা–ক'াসাসনা– ‘আলাইকা মিং ক'াব্‌লু (ج) ওয়ামা– জ'ালাম্‌না–হুম্ ওয়ালা–কিং কা–নূ˜ আংফুছাহুম্ ইয়জ'লিমূন্।	
তরজমা	ইয়াহূদীদের জন্য আমি তো কেবল তাহাই হারাম করিয়াছিলাম যাহা তোমার নিকট আমি পূর্বে উল্লেখ করিয়াছি এবং আমি উহাদের উপর কোন জুলুম করি নাই, কিন্তু উহারাই জুলুম করিত নিজেদের প্রতি।	
	ثُمَّ إِنَّ رَبَّكَ لِلَّذِينَ عَمِلُوا السُّوءَ بِجَهَالَةٍ ثُمَّ تَابُوا مِنْ بَعْدِ ذَٰلِكَ وَأَصْلَحُوا إِنَّ رَبَّكَ مِنْ بَعْدِهَا لَغَفُورٌ رَحِيمٌ ﴿١١٩﴾	119
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইন্না রাব্বাকা লিল্লায'ীনা ‘আমিলুছ্‌ছূ~আ বিজাহা–লাতিং ছু'ম্মা তা–বূ মিম্ বা‘দি য'া–লিকা ওয়া আসলাহূ˜ (ۚ) ইন্না রাব্বাকা মিম্ বা‘দিহা– লাগাফরুর্ রাহ'ীম।	
তরজমা	অতঃপর যাহারা অজ্ঞতাবশত মন্দ কর্ম করে তাহারা পরে তওবা করিলে ও নিজেদেরকে সংশোধন করিলে তাহাদের জন্য তোমার প্রতিপালক অবশ্য অতি ক্ষমাশীল, পরম দয়ালু।	
	إِنَّ إِبْرَاهِيمَ كَانَ أُمَّةً قَانِتًا لِلَّهِ حَنِيفًا وَلَمْ يَكُ مِنَ الْمُشْرِكِينَ ﴿١٢٠﴾	120
প্রতিবর্ণায়ন	ইন্না ইবরা–হীমা কা–না উম্মাতাং ক'া–নিতাল্ লিল্লা–হি হ'ানীফাওঁ (ط) ওয়ালাম্ ইয়াকু মিনাল্ মুশ্‌রিকীন্।	
তরজমা	ইব্‌রাহীম ছিল এক ‘উম্মত’, আল্লাহ্‌র অনুগত, একনিষ্ঠ এবং সে ছিল না মুশরিকদের অন্তর্ভুক্ত;	
	شَاكِرًا لِأَنْعُمِهِ ۚ اجْتَبَاهُ وَهَدَاهُ إِلَىٰ صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿١٢١﴾	121
প্রতিবর্ণায়ন	শা–কিরাল্ লিআন্‘উমিহী (ط) ইজতাবা–হু ওয়াহাদা–হু ইলা–সিরা–তি'ম্ মুছ্‌তাক'ীম্।	
তরজমা	সে ছিল আল্লাহ্‌র অনুগ্রহের জন্য কৃতজ্ঞ; আল্লাহ্ তাহাকে মনোনীত করিয়াছিলেন এবং তাহাকে পরিচালিত করিয়াছিলেন সরল পথে।	

	وَاٰتَيۡنٰهُ فِى الدُّنۡيَا حَسَنَةً ؕ وَاِنَّهٗ فِى الۡاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيۡنَ ؕ﴿۱۲۲﴾	122
প্রতিবর্ণায়ন	ওয়া আ-তাইনা-হু ফিদ্দুন্ইয়া-হ াছানাতাওঁ (ط) ওয়া ইন্নাহূ ফিল্ আ-খিরাতি লামিনাসসা-লিহ ীন্।	
তরজমা	আমি তাহাকে দুনিয়ায় দিয়াছিলাম মঙ্গল এবং আখিরাতেও, সে নিশ্চয়ই সৎকর্মপরায়ণদের অন্যতম।	
	ثُمَّ اَوۡحَيۡنَاۤ اِلَيۡكَ اَنِ اتَّبِعۡ مِلَّةَ اِبۡرٰهِيۡمَ حَنِيۡفًا ؕ وَمَا كَانَ مِنَ الۡمُشۡرِكِيۡنَ ﴿۱۲۳﴾	123
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আওহ াইনা ~ ইলাইকা আনিত্তাবি' মিল্লাতা ইবরা-হীমা হ ানীফাওঁ (ط) ওয়ামা- কা-না মিনাল্ মুশ্রিকীন্।	
তরজমা	এখন আমি তোমাদের প্রতি প্রত্যাদেশ করিলাম, 'তুমি একনিষ্ঠ ইব্রাহীমের ধর্মাদর্শ অনুসরণ কর; এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।	
	اِنَّمَا جُعِلَ السَّبۡتُ عَلَى الَّذِيۡنَ اخۡتَلَفُوۡا فِيۡهِ ؕ وَاِنَّ رَبَّكَ لَيَحۡكُمُ بَيۡنَهُمۡ يَوۡمَ الۡقِيٰمَةِ فِيۡمَا كَانُوۡا فِيۡهِ يَخۡتَلِفُوۡنَ ﴿۱۲۴﴾	124
প্রতিবর্ণায়ন	ইন্নামা- জু'ইলাছ্ছাব্তু 'আলাল্লায ীনাখ তালাফূ ফীহি (ط) ওয়া ইন্না রাব্বাকা লাইয়াহ কুমু বাইনাহুম্ ইয়াওমাল্ কি য়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখাতালিফূন্।	
তরজমা	শনিবার পালন তো কেবল তাহাদের জন্য বাধ্যতামূলক করা হইয়াছিল, যাহারা এ সম্বন্ধে মতভেদ করিত। যে বিষয়ে উহারা মতভেদ করিত তোমার প্রতিপালক তো অবশ্যই কিয়ামতের দিন সে বিষয়ে উহাদের বিচার-মীমাংসা করিয়া দিবেন।	
	اُدۡعُ اِلٰى سَبِيۡلِ رَبِّكَ بِالۡحِكۡمَةِ وَالۡمَوۡعِظَةِ الۡحَسَنَةِ وَجَادِلۡهُمۡ بِالَّتِىۡ هِىَ اَحۡسَنُ ؕ اِنَّ رَبَّكَ هُوَ اَعۡلَمُ بِمَنۡ ضَلَّ عَنۡ سَبِيۡلِهٖ وَهُوَ اَعۡلَمُ بِالۡمُهۡتَدِيۡنَ ﴿۱۲۵﴾	125
প্রতিবর্ণায়ন	উদ্'উ ইলা- ছাবীলি রাব্বিকা বিল্হি ক্মাতি ওয়াল মাও'ইজ াতিল্ হ াছানাতি ওয়া জা-দিল্হুম্ বিল্লাতী হিয়া আহ ছানু (ط) ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিমাং দ াল্লা 'আং ছাবীলিহী ওয়া হুওয়া আ'লামু বিল্মুহ্তাদীন্।	
তরজমা	তুমি মানুষকে তোমার প্রতিপালকের পথে আহ্বান কর হিক্মত ও সদুপদেশ দ্বারা এবং উহাদের সঙ্গে তর্ক করিবে উত্তম পন্থায়। তোমার প্রতিপালক, তাঁহার পথ ছাড়িয়া কে বিপথগামী হয়, সে সম্বন্ধে সবিশেষ অবহিত এবং কাহারা সৎপথে আছে তাহাও তিনি সবিশেষ অবহিত।	
	وَاِنۡ عَاقَبۡتُمۡ فَعَاقِبُوۡا بِمِثۡلِ مَا عُوۡقِبۡتُمۡ بِهٖ ؕ وَلَئِنۡ صَبَرۡتُمۡ لَهُوَ خَيۡرٌ لِّلصّٰبِرِيۡنَ ﴿۱۲۶﴾	126

প্রতিবর্ণায়ন	ওয়া ইন্ ‘আ–ক˙াব্তুম্ ফা‘আকি˙বূ বিমিছ˙্লি মা–‘উকি˙ব্তুম্ বিহী (ط) ওয়া লাইং সাবার্তুম্ লাহুওয়া খাইরুল্ লিসসা–বিরীন্।	
তরজমা	যদি তোমরা শাস্তি দাওই, তবে ঠিক ততখানি শাস্তি দিবে যতখানি অন্যায় তোমাদের প্রতি করা হইয়াছে। তবে তোমরা ধৈর্য ধারণ করিলে ধৈর্যশীলদের জন্য উহাই তো উত্তম।	
	وَاصۡبِرۡ وَمَا صَبۡرُكَ اِلَّا بِاللّٰهِ وَلَا تَحۡزَنۡ عَلَيۡهِمۡ وَلَا تَكُ فِىۡ ضَيۡقٍ مِّمَّا يَمۡكُرُوۡنَ ﴿۱۲۷﴾	**127**
প্রতিবর্ণায়ন	ওয়াসবির্ ওয়ামা–সাবরুকা ইল্লা–বিল্লা–হি ওয়ালা–তাহ˙ঝান্ ‘আলাইহিম্ ওয়ালা–তাকু ফী দ˙াইকি˙ম্ মিম্মা– ইয়াম্কুরূন্।	
তরজমা	তুমি ধৈর্য ধারণ কর, তোমার ধৈর্য তো আল্লাহ্রই সাহায্যে। উহাদের দরুন দুঃখ করিও না এবং উহাদের ষড়যন্ত্রে তুমি মনঃক্ষুণ্ন হইও না।	
	اِنَّ اللّٰهَ مَعَ الَّذِيۡنَ اتَّقَوْا وَّالَّذِيۡنَ هُمۡ مُّحۡسِنُوۡنَ ﴿۱۲۸﴾	**128**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা মা‘আল্লায˙ী নাত্তাক˙াওঁ ওয়াল্লায˙ীনা হুম্ মুহ˙ছিনূন।	
তরজমা	আল্লাহ্ তাহাদেরই সঙ্গে আছেন যাহারা তাকওয়া অবলম্বন করে এবং যাহারা সৎকর্মপরায়ণ।	

17 - Al-'Isra'-বনী ইসরাঈল -الإسراء

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	سُبۡحٰنَ الَّذِىۡۤ اَسۡرٰى بِعَبۡدِهٖ لَيۡلًا مِّنَ الۡمَسۡجِدِ الۡحَـرَامِ اِلَى الۡمَسۡجِدِ الۡاَقۡصَا الَّذِىۡ بٰرَكۡنَا حَوۡلَهٗ لِنُرِيَهٗ مِنۡ اٰيٰتِنَا ؕ اِنَّهٗ هُوَ السَّمِيۡعُ الۡبَصِيۡرُ ﴿۱﴾	**1**
প্রতিবর্ণায়ন	ছুব্হ˙া–নাল্লায˙ী˜ আছ্রা– বিআ‘ব্দিহী লাইলাম মিনাল মাছজিদিল হ˙ারা–মি ইলাল্ মাছ্জিদিল আক˙সাল্লায˙ী বা–রাক্না– হ˙াওলাহূ লিনুরিয়াহূ মিন আ–য়া–তিনা– (ط) ইন্নাহূ হুওয়াছ্ছামী‘উল্ বাসীর্।	
তরজমা	পবিত্র ও মহিমময় তিনি যিনি তাঁহার বান্দাকে রজনীতে ভ্রমণ করাইয়াছিলেন আল-মসজিদুল হারাম হইতে আল-মসজিদুল আক্সা পর্যন্ত, যাহার পরিবেশ আমি করিয়াছিলাম বরকতময়, তাহাকে আমার নিদর্শন দেখাইবার জন্য; তিনিই সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।	
	وَاٰتَيۡنَا مُوۡسَى الۡكِتٰبَ وَجَعَلۡنٰهُ هُدًى لِّبَنِىۡۤ اِسۡرَاۤءِيۡلَ اَلَّا تَتَّخِذُوۡا مِنۡ دُوۡنِىۡ وَكِيۡلًا ؕ ﴿۲﴾	**2**
প্রতিবর্ণায়ন	ওয়া আ–তাইনা–মূছাল্ কিতা–বা ওয়া জা‘আলনা–হু হুদাল্ লিবানী˜ ইছ্রা~ঈলা আল্লা–তাত্তাখিযূ˙ মিং দূনী ওয়াকীলা–।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আমি মূসাকে কিতাব দিয়াছিলাম ও উহাকে করিয়াছিলাম বনী ইস্‌রাঈলের জন্য পথনির্দেশক। আমি আদেশ করিয়াছিলাম 'তোমরা আমাকে ব্যতীত অপর কাহাকেও কর্মবিধায়করূপে গ্রহণ করিও না;	
	ذُرِّيَّةَ مَنْ حَمَلْنَا مَعَ نُوحٍ ۚ إِنَّهُ كَانَ عَبْدًا شَكُورًا ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	যু`র্‌রিইইয়াতা মান হ`ামাল্‌না- মা'আ নূহি`ন (ط) ইন্নাহূ কা-না 'আব্‌দাং শাকূরা- ।	
তরজমা	'হে তাহাদের বংশধর! যাহাদেরকে আমি নূহের সঙ্গে আরোহণ করাইয়াছিলাম ; সে তো ছিল পরম কৃতজ্ঞ বান্দা।'	
	وَقَضَيْنَا إِلَىٰ بَنِي إِسْرَائِيلَ فِي الْكِتَابِ لَتُفْسِدُنَّ فِي الْأَرْضِ مَرَّتَيْنِ وَلَتَعْلُنَّ عُلُوًّا كَبِيرًا ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়া ক`াদ`াইনা~ ইলা-বানী~ ইছ্‌রা~ঈলা ফিল্‌ কিতা-বি লাতুফ্‌ছিদুন্না ফিল্‌ আর্‌দি` মার্‌রাতাইনি ওয়া লাতা'লুন্না 'উলুওওয়াং কাবীরা- ।	
তরজমা	এবং আমি কিতাবে প্রত্যাদেশ দ্বারা বনী ইস্‌রাঈলকে জানাইয়াছিলাম, 'নিশ্চয়ই তোমরা পৃথিবীতে দুইবার বিপর্যয় সৃষ্টি করিবে এবং তোমরা অতিশয় অহংকারস্ফীত হইবে।'	
	فَإِذَا جَاءَ وَعْدُ أُولَاهُمَا بَعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَنَا أُولِي بَأْسٍ شَدِيدٍ فَجَاسُوا خِلَالَ الدِّيَارِ ۚ وَكَانَ وَعْدًا مَفْعُولًا ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ফাইয`া-জা~আ ওয়া'দু ঊলা-হুমা- বা'আছ`্‌না- 'আলাইকুম্‌ 'ইবা-দাল্লানা~উলী বা'ছিং শাদীদিং ফাজা-ছূ খিলা-লাদ্‌ দিয়া-রি (ط) ওয়া কা-না ওয়া'দাম্‌ মাফ্‌'উলা- ।	
তরজমা	অতঃপর এই দুইয়ের প্রথমটির নির্ধারিত কাল যখন উপস্থিত হইল তখন আমি তোমাদের বিরুদ্ধে প্রেরণ করিয়াছিলাম আমার বান্দাদেরকে, যুদ্ধে অতিশয় শক্তিশালী; উহারা ঘরে ঘরে প্রবেশ করিয়া সমস্ত ধ্বংস করিয়াছিল। আর প্রতিশ্রুতি কার্যকরী হইয়াই থাকে।	
	ثُمَّ رَدَدْنَا لَكُمُ الْكَرَّةَ عَلَيْهِمْ وَأَمْدَدْنَاكُمْ بِأَمْوَالٍ وَبَنِينَ وَجَعَلْنَاكُمْ أَكْثَرَ نَفِيرًا ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ছু`ম্মা রাদাদ্‌না-লাকুমুল্‌ কার্‌রাতা 'আলাইহিম ওয়া আম্‌দাদ্‌না-কুম্‌ বিআম্‌ওয়া-লিওঁ ওয়া বানীনা ওয়া জা'আলনা-কুম্‌ আক্‌ছ`ারা নাফীরা- ।	
তরজমা	অতঃপর আমি তোমাদেরকে পুনরায় উহাদের উপর প্রতিষ্ঠিত করিলাম, তোমাদেরকে ধন ও সন্তান-সন্ততি দ্বারা সাহায্য করিলাম ও সংখ্যায় গরিষ্ঠ করিলাম।	
	إِنْ أَحْسَنْتُمْ أَحْسَنْتُمْ لِأَنْفُسِكُمْ ۖ وَإِنْ أَسَأْتُمْ فَلَهَا ۚ فَإِذَا جَاءَ وَعْدُ الْآخِرَةِ لِيَسُوءُوا وُجُوهَكُمْ وَلِيَدْخُلُوا الْمَسْجِدَ كَمَا دَخَلُوهُ أَوَّلَ مَرَّةٍ وَلِيُتَبِّرُوا مَا عَلَوْا تَتْبِيرًا ﴿٧﴾	7

প্রতিবর্ণায়ন	ইন্ আহ্‌ছাংতুম্ আহ্‌ছাংতুম লিআংফুছিকুম্ (قف) ওয়া ইন্ আছা'তুম্ ফালাহা– (ط) ফাইযা– জা~আ ওয়া'দুল আ–খিরাতি লিইয়াছু~উ উজূহাকুম্ ওয়ালিইয়াদ্‌খুলুল্ মাছ্‌জিদা কামা– দাখালূহু আওওয়ালা মার্‌রাতিওঁ ওয়া লিইউতাব্বিরূ মা– 'আলাও তাত্‌বীরা– ।	
তরজমা	তোমরা সৎকর্ম করিলে সৎকর্ম নিজেদের জন্য করিবে এবং মন্দ কর্ম করিলে তাহাও করিবে নিজেদের জন্য। অতঃপর পরবর্তী নির্ধারিত কাল উপস্থিত হইলে আমি আমার বান্দাদেরকে প্রেরণ করিলাম তোমাদের মুখমণ্ডল কালিমাচ্ছন্ন করিবার জন্য, প্রথমবার তাহারা যেভাবে মসজিদে প্রবেশ করিয়াছিল পুনরায় সেইভাবেই উহাতে প্রবেশ করিবার জন্য এবং তাহারা যাহা অধিকার করিয়াছিল তাহা সম্পূর্ণভাবে ধ্বংস করিবার জন্য।	
	عَسٰى رَبُّكُمْ اَنْ يَّرْحَمَكُمْ ۚ وَاِنْ عُدْتُّمْ عُدْنَا ۘ وَجَعَلْنَا جَهَنَّمَ لِلْكٰفِرِيْنَ حَصِيْرًا ﴿٨﴾	**8**
প্রতিবর্ণায়ন	'আছা–রাব্বুকুম্ আই ইঁয়ারহ্‌মাকুম (ج) ওয়া ইন্ 'উততুম্ 'উদ্‌না– (م) ওয়া জা'আলনা– জাহান্নামা লিল্‌কা–ফিরীনা হ্‌াসীরা– ।	
তরজমা	সম্ভবত তোমাদের প্রতিপালক তোমাদের প্রতি দয়া করিবেন কিন্তু তোমরা যদি তোমাদের পূর্ব-আচরণের পুনরাবৃত্তি কর তবে আমিও পুনরাবৃত্তি করিব। জাহান্নামকে আমি করিয়াছি কাফিরদের জন্য কারাগার।	
	اِنَّ هٰذَا الْقُرْاٰنَ يَهْدِيْ لِلَّتِيْ هِيَ اَقْوَمُ وَيُبَشِّرُ الْمُؤْمِنِيْنَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ اَجْرًا كَبِيْرًا ۙ﴿٩﴾	**9**
প্রতিবর্ণায়ন	ইন্না হা–যাল্ কু্‌রআ–না ইয়াহ্‌দী লিল্লাতী হিয়া আক্‌ওয়ামু ওয়াইউবাশ্‌শিরুল্ মু'মিনীনাল্লাযীনা ইয়া'মালূনাসসা–লিহা–তি আন্না লাহুম্ আজরাং কাবীরা– ।	
তরজমা	নিশ্চয়ই এই কুরআন হিদায়াত করে সেই পথের দিকে যাহা সুদৃঢ় এবং সৎকর্মপরায়ণ মু'মিনদেরকে সুসংবাদ দেয় যে, তাহাদের জন্য রহিয়াছে মহাপুরস্কার।	
	وَّاَنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ اَعْتَدْنَا لَهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿١٠﴾	**10**
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাল্লাযীনা লা–ইউ'মিনূনা বিল্‌আ–খিরাতি আ'তাদ্‌না– লাহুম 'আযা–বান্ আলীমা– ।	
তরজমা	এবং যাহারা আখিরাতে ঈমান আনে না তাহাদের জন্য প্রস্তুত রাখিয়াছি মর্মন্তুদ শাস্তি।	
	وَيَدْعُ الْاِنْسَانُ بِالشَّرِّ دُعَاۤءَهٗ بِالْخَيْرِ ۗ وَكَانَ الْاِنْسَانُ عَجُوْلًا ﴿١١﴾	**11**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াদ্'উল্ ইংছা–নু বিশ্‌শার্‌রি দু'আ~আহূ বিলখাইরি (ط) ওয়া কানা–ল ইংছা–নু 'আজূলা– ।	

| --- | --- | --- |
তরজমা	আর মানুষ অকল্যাণ কামনা করে; যেইভাবে কল্যাণ কামনা করে ; মানুষ তো অতি মাত্রায় ত্বরাপ্রিয়।	
	وَجَعَلْنَا الَّيْلَ وَالنَّهَارَ اٰيَتَيْنِ فَمَحَوْنَآ اٰيَةَ الَّيْلِ وَجَعَلْنَآ اٰيَةَ النَّهَارِ مُبْصِرَةً لِّتَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ وَلِتَعْلَمُوْا عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابَ ؕ وَكُلَّ شَيْءٍ فَصَّلْنٰهُ تَفْصِيْلًا ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আল্নাল্লাইলা ওয়ান্নাহা-রাআ-ইয়াতাইনি ফামা হ়াওনা˜ আ-য়াতাল্লাইলি ওয়া জা‘আলনা˜ আ-য়াতান্নাহা-রি মুবসিরাতাল্ লিতাব্তাগূ ফাদ়লাম্ মির্ রাব্বিকুম ওয়ালিতা‘লামূ ‘আদাদাছ্ ছিনীনা ওয়াল্ হ়িছা-বা (ط) ওয়া কুল্লা শাইয়িং ফাসসাল্না-হু তাফসীলা- ।	
তরজমা	আমি রাত্রি ও দিবসকে করিয়াছি দুইটি নিদর্শন, রাত্রির নিদর্শনকে অপসারিত করিয়াছি এবং দিবসের নিদর্শনকে আলোকপ্রদ করিয়াছি যাহাতে তোমরা তোমাদের প্রতিপালকের অনুগ্রহ সন্ধান করিতে পার এবং যাহাতে তোমরা বর্ষসংখ্যা ও হিসাব জানিতে পার; এবং আমি সব কিছু বিশদভাবে বর্ণনা করিয়াছি।	
	وَكُلَّ اِنْسَانٍ اَلْزَمْنٰهُ طٰٓئِرَهٗ فِيْ عُنُقِهٖ ؕ وَنُخْرِجُ لَهٗ يَوْمَ الْقِيٰمَةِ كِتٰبًا يَّلْقٰىهُ مَنْشُوْرًا ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া কুল্লা ইংছা-নিন্ আল্ঝাম্না-হু ত়া~ইরাহূ ফী ‘উনুকি়হী (ط) ওয়ানুখরিজু লাহূ ইয়াওমাল্ কি়য়া-মাতি কিতা-বাইঁ ইয়াল্ক়া-হু মাংশূরা- ।	
তরজমা	প্রত্যেক মানুষের কর্ম আমি তাহার গ্রীবালগ্ন করিয়াছি এবং কিয়ামতের দিন আমি তাহার জন্য বাহির করিব এক কিতাব, যাহা সে পাইবে উন্মুক্ত।	
	اِقْرَاْ كِتٰبَكَ ؕ كَفٰى بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ حَسِيْبًا ﴿ؕ۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	ইক়রা’ কিতা-বাকা (ط) কাফা- বিনাফ্ছিকাল ইয়াওমা ‘আলাইকা হ়াছীবা- ।	
তরজমা	‘তুমি তোমার কিতাব পাঠ কর, আজ তুমি নিজেই তোমার হিসাব-নিকাশের জন্য যথেষ্ট।’	
	مَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ؕ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ؕ وَمَا كُنَّا مُعَذِّبِيْنَ حَتّٰى نَبْعَثَ رَسُوْلًا ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	মানিহতাদা- ফাইন্নামা- ইয়াহতাদী লিনাফছিহী (ج) ওয়ামাং দ়াল্লা ফাইন্নামা- ইয়াদি়ল্লু ‘আলাইহা (ط) ওয়ালা-তাঝিরু ওয়া-ঝিরাতুওঁ বি ঝ্রা উখ্রা- (ط) ওয়ামা-কুন্না- মু‘আয্যি়বীনা হ়াত্তা-নাব্‘আছ়া রাছূলা- ।	

তরজমা	যাহারা সৎপথ অবলম্বন করিবে তাহারা তো নিজেদেরই মঙ্গলের জন্য সৎপথ অবলম্বন করিবে এবং যাহারা পথভ্রষ্ট হইবে তাহারা তো পথভ্রষ্ট হইবে নিজেদেরই ধ্বংসের জন্য এবং কেহ অন্য কাহারও ভার বহন করিবে না। আমি রাসূল না পাঠান পর্যন্ত কাহাকেও শাস্তি দেই না।	
	وَإِذَآ أَرَدْنَآ أَن نُّهْلِكَ قَرْيَةً أَمَرْنَا مُتْرَفِيهَا فَفَسَقُوا۟ فِيهَا فَحَقَّ عَلَيْهَا ٱلْقَوْلُ فَدَمَّرْنَٰهَا تَدْمِيرًا ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা˜ আরাদ্‌না˜ আন্‌নুহলিকা কারইয়াতান্‌ আমার্‌না– মুত্‌রাফীহা– ফাফাছাকূ ফীহা– ফাহাক্‌কা ‘আলাইহাল্‌ কাওলু ফাদাম্মার্‌না–হা– তাদ্‌মীরা- ।	
তরজমা	আমি যখন কোন জনপদ ধ্বংস করিতে চাই তখন উহার সমৃদ্ধিশালী ব্যক্তিদেরকে সৎকর্ম করিতে আদেশ করি, কিন্তু উহারা সেখানে অসৎকর্ম করে ; অতঃপর উহার প্রতি দণ্ডাজ্ঞা ন্যায়সংগত হইয়া যায় এবং আমি উহা সম্পূর্ণরূপে বিধ্বস্ত করি।	
	وَكَمْ أَهْلَكْنَا مِنَ ٱلْقُرُونِ مِنۢ بَعْدِ نُوحٍ ۗ وَكَفَىٰ بِرَبِّكَ بِذُنُوبِ عِبَادِهِۦ خَبِيرًۢا بَصِيرًا ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়া কাম্‌ আহলাক্‌না–মিনাল কুরূনি মিম্‌ বা‘দি নূহিওঁ (ط) ওয়া কাফা–বিরাব্বিকা বিযুনূবি ‘ইবা–দিহী খাবীরাম্‌ বাসীরা– ।	
তরজমা	নূহের পর আমি কত মানবগোষ্ঠী ধ্বংস করিয়াছি! তোমার প্রতিপালকই তাঁহার বান্দাদের পাপাচরণের সংবাদ রাখা ও পর্যবেক্ষণের জন্য যথেষ্ট।	
	مَّن كَانَ يُرِيدُ ٱلْعَاجِلَةَ عَجَّلْنَا لَهُۥ فِيهَا مَا نَشَآءُ لِمَن نُّرِيدُ ثُمَّ جَعَلْنَا لَهُۥ جَهَنَّمَ يَصْلَىٰهَا مَذْمُومًا مَّدْحُورًا ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	মাং কা–না ইউরীদুল্‌ ‘আ–জিলাতা ‘আজ্জাল্‌না–লাহূ ফীহা–মা–নাশা~উ লিমান্‌ নুরীদু ছুম্মা জা‘আল্‌না–লাহূ জাহান্নামা (ج) ইয়াসলা–হা–মায্‌মূমাম মাদ্‌হূরা– ।	
তরজমা	কেহ আশু সুখ-সম্ভোগ কামনা করিলে আমি যাহাকে যাহা ইচ্ছা এইখানেই সত্বর দিয়া থাকি ; পরে উহার জন্য জাহান্নাম নির্ধারিত করি যেখানে সে প্রবেশ করিবে নিন্দিত ও অনুগ্রহ হইতে দূরীকৃত অবস্থায়।	
	وَمَنْ أَرَادَ ٱلْءَاخِرَةَ وَسَعَىٰ لَهَا سَعْيَهَا وَهُوَ مُؤْمِنٌ فَأُو۟لَٰٓئِكَ كَانَ سَعْيُهُم مَّشْكُورًا ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া মান্‌ আরা–দাল্‌ আ–খিরাতা ওয়া ছা‘আ– লাহা– ছা‘ইয়াহা– ওয়া হুওয়া মু’মিনুন্‌ ফাউলা~ইকা কা–না ছা‘ইউহুম্‌ মাশ্‌কূরা– ।	
তরজমা	যাহারা মু’মিন হইয়া আখিরাত কামনা করে এবং উহার জন্য যথাযথ চেষ্টা করে তাহাদের প্রচেষ্টা পুরস্কারযোগ্য।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	كُلًّا نُّمِدُّ هٰٓؤُلَآءِ وَهٰٓؤُلَآءِ مِنْ عَطَآءِ رَبِّكَ ؕ وَمَا كَانَ عَطَآءُ رَبِّكَ مَحْظُوْرًا ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	কুল্লান নুমিদ্দু হা˜উলা~ই ওয়া হা˜উলা~ই মিন্ ‘আত ̣া~ই রাব্বিকা (ط) ওয়ামা– কা–না ‘আত ̣া~উ রাব্বিকা মাহ ̣জূ ̣রা– ।	
তরজমা	তোমার প্রতিপালক তাঁহার দান দ্বারা ইহাদেরকে ও উহাদেরকে সাহায্য করেন এবং তোমার প্রতিপালকের দান অবারিত।	
	اُنْظُرْ كَيْفَ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ؕ وَلَلْاٰخِرَةُ اَكْبَرُ دَرَجٰتٍ وَّاَكْبَرُ تَفْضِيْلًا ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	উংজু ̣র্ কাইফা ফাদ্দ ̣ালনা–বা‘দ ̣াহুম ‘আলা–বা‘দি ̣ওঁ (ط) ওয়ালাল আ–খিরাতু আক্বারু দারাজা–তিওঁ ওয়া আকবারু তাফ্দ ̣ীলা– ।	
তরজমা	লক্ষ্য কর, আমি কীভাবে উহাদের এক দলকে অপরের উপর শ্রেষ্ঠত্ব দিয়াছি, আখিরাত তো নিশ্চয়ই মর্যাদায় মহত্তর ও গুণে শ্রেষ্ঠতর।	
	لَا تَجْعَلْ مَعَ اللّٰهِ اِلٰـهًا اٰخَرَ فَتَقْعُدَ مَذْمُوْمًا مَّخْذُوْلًا ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	লা–তাজ‘আল্ মা‘আল্লা–হি ইলা–হান্ আ–খারা ফাতাক ̣‘উদা মায ̣মূমাম মাখ্যূ ̣লা– ।	
তরজমা	আল্লাহ্র সঙ্গে অপর কোন ইলাহ্ সাব্যস্ত করিও না ; করিলে নিন্দিত ও লাঞ্ছিত হইয়া পড়িবে।	
	وَقَضٰى رَبُّكَ اَلَّا تَعْبُدُوْٓا اِلَّآ اِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا ؕ اِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ اَحَدُهُمَآ اَوْ كِلٰهُمَا فَلَا تَقُلْ لَّهُمَآ اُفٍّ وَّلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَّهُمَا قَوْلًا كَرِيْمًا ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়া ক ̣াদ ̣া–রাব্বুকা আল্লা–তা‘বুদূ˜ইল্লা˜ইয়্যা–হু ওয়াবিল্ওয়া–লিদাইনি ইহ ̣ছা–নান (ط) ইম্মা– ইয়াব্লুগান্না ‘ইংদাকাল কিবারা আহ ̣াদুহুমা˜আও কিলা–হুমা– ফালা–তাকু ̣ল্ লাহুমা˜ উফফিওঁ ওয়ালা– তান্হারহুমা– ওয়া কু ̣ল্ লাহুমা– ক ̣াওলাং কারীমা– ।	
তরজমা	তোমার প্রতিপালক আদেশ দিয়াছেন তিনি ব্যতীত অন্য কাহারও ‘ইবাদত না করিতে ও পিতামাতার প্রতি সদ্ব্যবহার করিতে। তাহাদের একজন অথবা উভয়েই তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হইলে তাহাদেরকে ‘উফ্’ বলিও না এবং তাহাদেরকে ধমক দিও না ; তাহাদের সঙ্গে সম্মানসূচক কথা বলিও।	
	وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَّبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيٰنِيْ صَغِيْرًا ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়াখ্ফিদ ̣ লাহুমা– জানা–হ ̣ায্ যু ̣ল্লি মিনার রাহ ̣মাতি ওয়াকু ̣র্ রাব্বির্ হ ̣ামহুমা– কামা–রাব্বাইয়া–নী সাগীরা– ।	

তরজমা	মমতাবশে তাহাদের প্রতি নম্রতার পক্ষপুট অবনমিত করিও এবং বলিও, 'হে আমার প্রতিপালক! তাহাদের প্রতি দয়া কর যেভাবে শৈশবে তাহারা আমাকে প্রতিপালন করিয়াছিলেন।'	
	رَبُّكُمْ اَعْلَمُ بِمَا فِيْ نُفُوْسِكُمْ ۗ اِنْ تَكُوْنُوْا صٰلِحِيْنَ فَاِنَّهٗ كَانَ لِلْاَوَّابِيْنَ غَفُوْرًا ۝٢٥	**25**
প্রতিবর্ণায়ন	রাব্বুকুম আ'লামু বিমা ফী নুফূছিকুম (ط) ইং তাকূনূ সা–লিহ ীনা ফাইন্নাহূ কা–না লিল্ আওওয়া–বীনা গাফূরা– ।	
তরজমা	তোমাদের প্রতিপালক তোমাদের অন্তরে যাহা আছে তাহা ভাল জানেন ; যদি তোমরা সৎকর্মপরায়ণ হও তবেই তো তিনি আল্লাহ্-অভিমুখীদের প্রতি অতিশয় ক্ষমাশীল।	
	وَاٰتِ ذَا الْقُرْبٰى حَقَّهٗ وَالْمِسْكِيْنَ وَابْنَ السَّبِيْلِ وَلَا تُبَذِّرْ تَبْذِيْرًا ۝٢٦	**26**
প্রতিবর্ণায়ন	ওয়া আ–তি য াল্ কু র্বা– হ াক্ক াহূ ওয়াল মিছকীনা ওয়াব্নাছ্ ছাবীলি ওয়ালা– তুবায ্যি র তাব্য ীরা– ।	
তরজমা	আত্মীয়-স্বজনকে দিবে তাহার প্রাপ্য এবং অভাবগ্রস্ত ও মুসাফিরকেও এবং কিছুতেই অপব্যয় করিও না।	
	اِنَّ الْمُبَذِّرِيْنَ كَانُوْٓا اِخْوَانَ الشَّيٰطِيْنِ ۗ وَكَانَ الشَّيْطٰنُ لِرَبِّهٖ كَفُوْرًا ۝٢٧	**27**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্ মুবায ্যি রীনা কা–নূ˜ ইখ্ওয়া– নাশশাইয়া–ত ীনি (ط) ওয়া কা–নাশ শাইত া–নু লিরাব্বিহী কাফূরা– ।	
তরজমা	যাহারা অপব্যয় করে তাহারা তো শয়তানের ভাই এবং শয়তান তাহার প্রতিপালকের প্রতি অতিশয় অকৃতজ্ঞ।	
	وَاِمَّا تُعْرِضَنَّ عَنْهُمُ ابْتِغَآءَ رَحْمَةٍ مِّنْ رَّبِّكَ تَرْجُوْهَا فَقُلْ لَّهُمْ قَوْلًا مَّيْسُوْرًا ۝٢٨	**28**
প্রতিবর্ণায়ন	ওয়া ইম্মা– তু'রিদ ান্না 'আন্হুমুব তিগা~আ রাহ মাতিম্ মির্ রাব্বিকা তার্জূহা– ফাকু ল্ লাহুম্ ক াওলাম মাইছূরা– ।	
তরজমা	এবং যদি উহাদের হইতে তোমার মুখ ফিরাইতেই হয়, তোমার প্রতিপালকের নিকট হইতে অনুগ্রহ লাভের প্রত্যাশায়, তাহা হইলে উহাদের সঙ্গে নম্রভাবে কথা বলিও;	
	وَلَا تَجْعَلْ يَدَكَ مَغْلُوْلَةً اِلٰى عُنُقِكَ وَلَا تَبْسُطْهَا كُلَّ الْبَسْطِ فَتَقْعُدَ مَلُوْمًا مَّحْسُوْرًا ۝٢٩	**29**
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তাজ'আল ইয়াদাকা মাগ্লূলাতান্ ইলা– 'উনুকি কা ওয়ালা– তাব্ছুত হা– কুল্লাল্ বাছ্তি ফাতাক 'উদা মালূমাম মাহ ছূরা– ।	
তরজমা	তুমি তোমার হস্ত তোমার গ্রীবায় আবদ্ধ করিয়া রাখিও না এবং উহা সম্পূর্ণ প্রসারিতও করিও না, তাহা হইলে তুমি তিরস্কৃত ও নিঃস্ব হইয়া পড়িবে।	
	اِنَّ رَبَّكَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ ۗ اِنَّهٗ كَانَ بِعِبَادِهٖ خَبِيْرًۢا بَصِيْرًا ۝٣٠	**30**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্না রাব্বাকা ইয়াবছুতু্র্ রিঝক্বা লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াক্বদিরু (ط) ইন্নাহূ কা-না বি‘ইবা-দিহী খাবীরাম্ বাসীরা- ।	
তরজমা	নিশ্চয়ই তোমার প্রতিপালক যাহার জন্য ইচ্ছা তাহার রিযিক বর্ধিত করেন এবং যাহার জন্য ইচ্ছা উহা সীমিত করেন। তিনি তো তাঁহার বান্দাদের সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত, সর্বদ্রষ্টা।	
	وَلَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ خَشْيَةَ اِمْلَاقٍ ؕ نَحْنُ نَرْزُقُهُمْ وَاِيَّاكُمْ ؕ اِنَّ قَتْلَهُمْ كَانَ خِطْاً كَبِيْرًا ﴿٣١﴾	**31**
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাক্বতুলূ ̃আওলা-দাকুম্ খাশ্ইয়াতা ইম্লা-কি্ন (ط) নাহ্নু নারঝুকু্হুম্ ওয়া ইয়্যা-কুম (ط) ইন্না ক্বাতলাহুম কা-না খিত্আং কাবীরা- ।	
তরজমা	তোমাদের সন্তানদেরকে দারিদ্র্য-ভয়ে হত্যা করিও না। উহাদেরকেও আমিই রিযিক দেই এবং তোমাদেরকেও। নিশ্চয়ই উহাদেরকে হত্যা করা মহাপাপ।	
	وَلَا تَقْرَبُوا الزِّنٰٓى اِنَّهٗ كَانَ فَاحِشَةً ؕ وَسَآءَ سَبِيْلًا ﴿٣٢﴾	**32**
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাক্বরাবুঝ্ ঝিনা ̃ইন্নাহূ কা-না ফা-হি্শাতাওঁ (ط) ওয়া ছা~আ ছাবীলা- ।	
তরজমা	আর যিনার নিকটবর্তী হইও না, ইহা অশ্লীল ও নিকৃষ্ট আচরণ।	
	وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِىْ حَرَّمَ اللّٰهُ اِلَّا بِالْحَقِّ ؕ وَمَنْ قُتِلَ مَظْلُوْمًا فَقَدْ جَعَلْنَا لِوَلِيِّهٖ سُلْطٰنًا فَلَا يُسْرِفْ فِّى الْقَتْلِ ؕ اِنَّهٗ كَانَ مَنْصُوْرًا ﴿٣٣﴾	**33**
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাক্বতুলুন্নাফছাল্লাতী হ্াররামাল্লা-হু ইল্লা-বিল হ্াক্কি্ (ط) ওয়া মাং ক্ুতিলা মাজ্লূমাং ফাক্বাদ জা‘আল্না-লিওয়ালিইয়িহী ছুলত্া-নাং ফালা-ইউছ্রিফ্ ফিল ক্বাতলি (ط) ইন্নাহূ কা-না মাংসূরা- ।	
তরজমা	আল্লাহ্ যাহার হত্যা নিষিদ্ধ করিয়াছেন যথার্থ কারণ ব্যতিরেকে তাহাকে হত্যা করিও না। কেহ অন্যায়ভাবে নিহত হইলে তাহার উত্তরাধিকারীকে তো আমি উহা প্রতিকারের অধিকার দিয়াছি ; কিন্তু হত্যার ব্যাপারে সে যেন বাড়াবাড়ি না করে ; সে তো সাহায্যপ্রাপ্ত হইয়াছেই।	
	وَلَا تَقْرَبُوْا مَالَ الْيَتِيْمِ اِلَّا بِالَّتِىْ هِىَ اَحْسَنُ حَتّٰى يَبْلُغَ اَشُدَّهٗ ۖ وَاَوْفُوْا بِالْعَهْدِ ۚ اِنَّ الْعَهْدَ كَانَ مَسْـُٔوْلًا ﴿٣٤﴾	**34**
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাক্বরাবূ মা-লাল ইয়াতীমি ইল্লা-বিল্লাতী হিয়া আহ্ছানু হ্াত্তা- ইয়াব্লুগা আশুদ্দাহূ (ص) ওয়া আওফূ বিল‘আহদি (ج) ইন্নাল ‘আহদা কা-না মাছ্উলা ।	

তরজমা	ইয়াতীম বয়োপ্রাপ্ত না হওয়া পর্যন্ত সদুপায়ে ছাড়া তোমরা তাহার সম্পত্তির নিকটবর্তী হইও না এবং প্রতিশ্রুতি পালন করিও; নিশ্চয়ই প্রতিশ্রুতি সম্পর্কে কৈফিয়ত তলব করা হইবে।	
	وَاَوۡفُوا الۡكَيۡلَ اِذَا كِلۡتُمۡ وَزِنُوۡا بِالۡقِسۡطَاسِ الۡمُسۡتَقِيۡمِ ؕ ذٰلِكَ خَيۡرٌ وَّاَحۡسَنُ تَاۡوِيۡلًا ﴿۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়া আওফুল কাইলা ইযা– কিল্তুম্ ওয়াঝিনূ বিল্কি ছ্তা–ছিল মুছ্তাকীমি (ط) যা–লিকা খাইরুওঁ ওয়া আহ ছানু তা'বীলা– ।	
তরজমা	বল, 'সত্য তোমাদের প্রতিপালকের নিকট হইতে; সুতরাং যাহার ইচ্ছা বিশ্বাস করুক ও যাহার ইচ্ছা সত্য প্রত্যাখ্যান করুক।' নিশ্চয়ই আমি জালিমদের জন্য প্রস্তুত রাখিয়াছি অগ্নি, যাহার বেষ্টনী উহাদেরকে পরিবেষ্টন করিয়া থাকিবে। উহারা পানীয় চাহিলে উহাদেরকে দেওয়া হইবে গলিত ধাতুর ন্যায় পানীয়, যাহা উহাদের মুখমণ্ডল দগ্ধ করিবে; ইহা নিকৃষ্ট পানীয়। আর জাহান্নাম কত নিকৃষ্ট আশ্রয়।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اِنَّا لَا نُضِيْعُ اَجْرَ مَنْ اَحْسَنَ عَمَلًا ۚ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়া'আমিলুসসা-লিহ া-তি ইন্না-লা-নুদী'উ আজরা মান আহ ছানা 'আমালা- ।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে-আমি তো তাহার শ্রমফল নষ্ট করি না-সে উত্তমরূপে কার্য সম্পাদন করে।	
	اُولٰٓئِكَ لَهُمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ يُحَلَّوْنَ فِيْهَا مِنْ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّيَلْبَسُوْنَ ثِيَابًا خُضْرًا مِّنْ سُنْدُسٍ وَّاِسْتَبْرَقٍ مُّتَّكِـِٕيْنَ فِيْهَا عَلَى الْاَرَآئِكِ ؕ نِعْمَ الثَّوَابُ ؕ وَحَسُنَتْ مُرْتَفَقًا ۚ﴿۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	উলা~ইকা লাহুম্ জান্না-তু 'আদ্নিং তাজরী মিং তাহ তিহিমুল্ আন্হা-রু ইউহ াল্লাওনা ফীহা-মিন্ আছা-বি রা মিং য াহাবিওঁ ওয়া ইয়াল্বাছূনা ছি য়াবান্ খুদ রাম্ মিং ছুংদুছিওঁ ওয়া ইছ্তাব্রাকি ম্ মুত্তাকিঈনা ফিহা- 'আলাল্ আরা~ইকি (ط) নি'মাছ্ ছ াওয়া-বু (ط) ওয়া হ াছুনাত মুর্তাফাক া- ।	
তরজমা	উহাদেরই জন্য আছে স্থায়ী জান্নাত যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে উহাদেরকে স্বর্ণ-কংকনে অলংকৃত করা হইবে, উহারা পরিধান করিবে সূক্ষ্ম ও পুরু রেশমের সবুজ বস্ত্র ও সেখানে সমাসীন হইবে সুসজ্জিত আসনে; কত সুন্দর পুরস্কার ও উত্তম আশ্রয়স্থল!	
	وَاضْرِبْ لَهُمْ مَّثَلًا رَّجُلَيْنِ جَعَلْنَا لِاَحَدِهِمَا جَنَّتَيْنِ مِنْ اَعْنَابٍ وَّحَفَفْنٰهُمَا بِنَخْلٍ وَّجَعَلْنَا بَيْنَهُمَا زَرْعًا ؕ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়াদ রিব্ লাহুম্ মাছ ালার্ রাজুলাইনি জা'আল্না- লিআহ াদিহিমা- জান্নাতাইনি মিন্ আ'না-বিওঁ ওয়া হ াফাফ্না-হুমা বিনাখলিওঁ ওয়াজা'আল্না- বাইনাহুমা-ঝার্'আ- ।	
তরজমা	তুমি উহাদের নিকট পেশ কর দুই ব্যক্তির উপমা : উহাদের একজনকে আমি দিয়াছিলাম দুইটি দ্রাক্ষা-উদ্যান এবং এই দুইটিকে আমি খর্জুর-বৃক্ষ দ্বারা পরিবেষ্টিত করিয়াছিলাম ও এই দুইয়ের মধ্যবর্তী স্থানকে করিয়াছিলাম শস্যক্ষেত্র।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	كِلْتَا الْجَنَّتَيْنِ اٰتَتْ اُكُلَهَا وَلَمْ تَظْلِمْ مِّنْهُ شَيْـًٔا ۙ وَّفَجَّرْنَا خِلٰلَهُمَا نَهَرًا ۝٣٣	33
প্রতিবর্ণায়ন	কিল্‌তাল্‌ জান্নাতাইনি আ-তাত উকুলাহা- ওয়ালাম্‌ তাজ্‌ লিম্‌ মিনহু শাইআওঁ ওয়া ফাজ্জার্‌না-খিলা-লাহুমা-নাহারা- ।	
তরজমা	উভয় উদ্যানই ফলদান করিত এবং ইহাতে কোন ত্রুটি করিত না আর উভয়ের ফাঁকে ফাঁকে প্রবাহিত করিয়াছিলাম নহর।	
	وَّكَانَ لَهٗ ثَمَرٌ ۚ فَقَالَ لِصَاحِبِهٖ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَنَا اَكْثَرُ مِنْكَ مَالًا وَّاَعَزُّ نَفَرًا ۝٣٤	34
প্রতিবর্ণায়ন	ওয়া কা-না লাহূ ছ্‌ামারুং (ج) , ফাক্‌া-লা লিসা-হি্‌ বিহী ওয়াহুওয়া ইউহ্‌া-বি্‌রুহূ˜ আনা আক্‌ছ্‌ারু মিংকা মা-লাওঁ ওয়া আ‘আয্‌যু নাফারা- ।	
তরজমা	এবং তাহার প্রচুর ধনসম্পদ ছিল। অতঃপর কথা প্রসঙ্গে সে তাহার বন্ধুকে বলিল, ‘ধনসম্পদে আমি তোমার অপেক্ষা শ্রেষ্ঠ এবং জনবলে তোমার অপেক্ষা শক্তিশালী।’	
	وَدَخَلَ جَنَّتَهٗ وَهُوَ ظَالِمٌ لِّنَفْسِهٖ ۚ قَالَ مَآ اَظُنُّ اَنْ تَبِيْدَ هٰذِهٖٓ اَبَدًا ۝٣٥	35
প্রতিবর্ণায়ন	ওয়া দাখালা জান্নাতাহূ ওয়াহুওয়া জ্‌া-লিমুল্‌ লিনাফ্‌ছিহী (ج) ক্‌া-লা মা˜ আজু্‌ন্নু আং তাবীদা হা-যি্‌হী˜ আবাদা- ।	
তরজমা	এইভাবে নিজের প্রতি জুলুম করিয়া সে তাহার উদ্যানে প্রবেশ করিল। সে বলিল, ‘আমি মনে করি না যে, ইহা কখনও ধ্বংস হইয়া যাইবে;	
	وَّمَآ اَظُنُّ السَّاعَةَ قَآئِمَةً ۙ وَّلَئِنْ رُّدِدْتُّ اِلٰى رَبِّيْ لَاَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنْقَلَبًا ۝٣٦	36
প্রতিবর্ণায়ন	ওয়ামা˜ আজু্‌ন্নুছ্‌ছা-‘আতা ক্‌া~ইমাতাওঁ (ﻻ) ওয়ালাইর্‌ রুদিত্‌তু ইলা- রাব্বী লাআজিদান্না খাইরাম্‌ মিন্‌হা-মুংক্‌ালাবা- ।	
তরজমা	‘আমি মনে করি না যে, কিয়ামত হইবে; আর আমি যদি আমার প্রতিপালকের নিকট প্রত্যাবৃত্ত হই-ই তবে আমি তো নিশ্চয়ই ইহা অপেক্ষা উৎকৃষ্ট স্থান পাইব।’	
	قَالَ لَهٗ صَاحِبُهٗ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَكَفَرْتَ بِالَّذِيْ خَلَقَكَ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ سَوّٰىكَ رَجُلًا ۝٣٧	37
প্রতিবর্ণায়ন	ক্‌া-লা লাহূ সা-হি্‌বুহূ ওয়া হুওয়া ইউহ্‌া-বি্‌রুহ˜ আকাফার্‌তা বিল্লায্‌ী খালাক্‌াকা মিং তুরা-বিং ছু্‌ম্মা মিন নুত্‌ফাতিং ছু্‌ম্মা ছাওওয়া-কা রাজুলা- ।	
তরজমা	তদুত্তরে তাহার বন্ধু তাহাকে বলিল, ‘তুমি কি তাঁহাকে অস্বীকার করিতেছ যিনি তোমাকে সৃষ্টি করিয়াছেন মৃত্তিকা ও পরে শুক্র হইতে এবং তাহার পর পূর্ণাঙ্গ করিয়াছেন মনুষ্য-আকৃতিতে ?’	
	لٰكِنَّا۠ هُوَ اللّٰهُ رَبِّيْ وَلَآ اُشْرِكُ بِرَبِّيْٓ اَحَدًا ۝٣٨	38

প্রতিবর্ণায়ন	লা–কিন্না হুওয়াল্লা–হু রাব্বী ওয়ালা~ উশ্‌রিকু বিরাব্বী~ আহ ̣াদা– ।	
তরজমা	‘কিন্তু তিনিই আল্লাহ্‌, আমার প্রতিপালক এবং আমি কাহাকেও আমার প্রতিপালকের শরীক করি না।’	
	وَلَوْلَآ اِذْ دَخَلْتَ جَنَّتَكَ قُلْتَ مَا شَآءَ اللّٰهُ ۙ لَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ۚ اِنْ تَرَنِ اَنَا اَقَلَّ مِنْكَ مَالًا وَّ وَلَدًا ۚ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়ালাওলা~ ইয ̣ দাখাল্‌তা জান্নাতাকা কু ̣ল্‌তা মা–শা~আল্লা–হু লা–কু ̣ওওয়াতা ইল্লা–বিল্লা–হি (৺) ইং তারানি আনা আক ̣াল্লা মিংকা মা–লাওঁ ওয়া ওয়ালাদা– ।	
তরজমা	‘তুমি যখন তোমার উদ্যানে প্রবেশ করিলে তখন কেন বলিলে না, ‘আল্লাহ্‌ যাহা চাহেন তাহাই হয়, আল্লাহ্‌র সাহায্য ব্যতীত কোন শক্তি নাই ?’ তুমি যদি ধনে ও সন্তানে আমাকে তোমার অপেক্ষা নিকৃষ্টতর মনে কর–	
	فَعَسٰى رَبِّيْٓ اَنْ يُّؤْتِيَنِ خَيْرًا مِّنْ جَنَّتِكَ وَيُرْسِلَ عَلَيْهَا حُسْبَانًا مِّنَ السَّمَآءِ فَتُصْبِحَ صَعِيْدًا زَلَقًا ۙ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ফা‘আছা– রাব্বী~ আই ইউ’তিয়ানি খাইরাম্‌ মিং জান্নাতিকা ওয়া ইউর্‌ছিলা ‘আলাইহা– হু ̣ছ্‌বা–নাম্‌ মিনাছ্‌ছামা~ই ফাতুসবিহ ̣া সা‘ঈদাং ঝালাক ̣া– ।	
তরজমা	‘তবে হয়ত আমার প্রতিপালক আমাকে তোমার উদ্যান অপেক্ষা উৎকৃষ্টতর কিছু দিবেন এবং তোমার উদ্যানে আকাশ হইতে নির্ধারিত বিপর্যয় প্রেরণ করিবেন; যাহার ফলে উহা উদ্ভিদশূন্য ময়দানে পরিণত হইবে।	
	اَوْ يُصْبِحَ مَآؤُهَا غَوْرًا فَلَنْ تَسْتَطِيْعَ لَهٗ طَلَبًا ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	আও ইউসবিহ ̣া মা~উহা– গাওরাং ফালাং তাছ্‌তাত ̣ী‘আ লাহূ ত ̣ালাবা– ।	
তরজমা	‘অথবা উহার পানি ভূগর্ভে অন্তর্হিত হইবে এবং তুমি কখনও উহার সন্ধান লাভে সক্ষম হইবে না।’	
	وَاُحِيْطَ بِثَمَرِهٖ فَاَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلٰى مَآ اَنْفَقَ فِيْهَا وَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا وَيَقُوْلُ يٰلَيْتَنِيْ لَمْ اُشْرِكْ بِرَبِّيْٓ اَحَدًا ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া উহ ̣ীত ̣া বিছ ̣ামারিহী ফাআছবাহ ̣া ইউক ̣াল্লিবু কাফ্‌ফাইহি ‘আলা–মা~ আংফাক ̣া ফীহা–ওয়াহিয়া খা–বি ̣য়াতুন্‌ ‘আলা– ‘উরূশিহা– ওয়া ইয়াকূ ̣লু ইয়া– লাইতানী লাম্‌ উশ্‌রিক্‌ বিরাব্বী~ আহ ̣াদা– ।	

তরজমা	তাহার ফল-সম্পদ বিপর্যয়ে বেষ্টিত হইয়া গেল এবং সে উহাতে যাহা ব্যয় করিয়াছিল তাহার জন্য আক্ষেপ করিতে লাগিল যখন উহা মাচানসহ ভূমিসাৎ হইয়া গেল। সে বলিতে লাগিল, 'হায়, আমি যদি কাহাকেও আমার প্রতিপালকের শরীক না করিতাম!'	
	وَلَمْ تَكُنْ لَّهٗ فِئَةٌ يَّنْصُرُوْنَهٗ مِنْ دُوْنِ اللّٰهِ وَمَا كَانَ مُنْتَصِرًا ۝٤٣	43
প্রতিবর্ণায়ন	ওয়ালাম তাকুল্ লাহূ ফিয়াতুইঁ ইয়াংসুরূনাহূ মিং দূনিল্লা-হি ওয়ামা-কা-না মুংতাসিরা- ।	
তরজমা	আর আল্লাহ্ ব্যতীত তাহাকে সাহায্য করিবার কোন লোকজন ছিল না এবং সে নিজেও প্রতিকারে সমর্থ হইল না।	
	هُنَالِكَ الْوَلَايَةُ لِلّٰهِ الْحَقِّ ؕ هُوَ خَيْرٌ ثَوَابًا وَّ خَيْرٌ عُقْبًا ۝٤٤	44
প্রতিবর্ণায়ন	হুনা-লিকাল ওয়ালা-ইয়াতু লিল্লা-হিল্ হা্ক্কি (ط) হুওয়া খাইরুং ছাওয়া-বাওঁ ওয়া খাইরুন্ 'উক্বা- ।	
তরজমা	এই ক্ষেত্রে কর্তৃত্ব আল্লাহ্‌রই, যিনি সত্য। পুরস্কার দানে ও পরিণাম নির্ধারণে তিনিই শ্রেষ্ঠ।	
	وَاضْرِبْ لَهُمْ مَّثَلَ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَآءٍ اَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْاَرْضِ فَاَصْبَحَ هَشِيْمًا تَذْرُوْهُ الرِّيٰحُ ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ مُّقْتَدِرًا ۝٤٥	45
প্রতিবর্ণায়ন	ওয়াদ্‌রিব্ লাহুম্ মাছালাল্ হা্য়া-তিদ্‌দুনইয়া-কামা~ইন্ আংঝাল্‌না-হু মিনাছ্ ছামা~ই ফাখতালাত্বা বিহী নাবা-তুল্ আর্‌দি ফাআসবাহা্ হাশীমাং তায্‌রূহুর্ রিয়া-হু (ط) ওয়া কা-নাল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িম্ মুক্‌তাদিরা- ।	
তরজমা	উহাদের নিকট পেশ কর উপমা পার্থিব জীবনের : ইহা পানির ন্যায় যাহা আমি বর্ষণ করি আকাশ হইতে, যদ্দ্বারা ভূমিজ উদ্ভিদ ঘন-সন্নিবিষ্ট হইয়া উদ্‌গত হয়, অতঃপর উহা বিশুষ্ক হইয়া এমন চূর্ণ-বিচূর্ণ হয় যে, বাতাস উহাকে উড়াইয়া লইয়া যায়। আল্লাহ্ সর্ববিষয়ে শক্তিমান।	
	اَلْمَالُ وَالْبَنُوْنَ زِيْنَةُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَالْبٰقِيٰتُ الصّٰلِحٰتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَّ خَيْرٌ اَمَلًا ۝٤٦	46
প্রতিবর্ণায়ন	আল্‌মা-লু ওয়াল বানূনা ঝীনাতুল্ হা্য়া-তিদ্‌দুন্‌ইয়া- (ج) ওয়াল্ বা-ক্বিয়া-তুসসা-লিহা্-তু খাইরুন্ 'ইংদা রাব্বিকা ছাওয়া-বাওঁ ওয়া খাইরুন্ আমালা- ।	
তরজমা	ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি পার্থিব জীবনের শোভা; এবং স্থায়ী সৎকর্ম তোমার প্রতিপালকের নিকট পুরস্কার প্রাপ্তির জন্য শ্রেষ্ঠ এবং কাঙ্ক্ষিত হিসাবেও উৎকৃষ্ট।	

	وَيَوْمَ نُسَيِّرُ الْجِبَالَ وَتَرَى الْأَرْضَ بَارِزَةً ۙ وَحَشَرْنٰهُمْ فَلَمْ نُغَادِرْ مِنْهُمْ أَحَدًا ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা নুছাইয়িরুল্ জিবা–লা ওয়া তারাল্ আর্দ া বা-রিঝাতাওঁ (ঁ) ওয়া হ াশার্না–হুম্ ফালাম্ নুগা–দির মিনহুম্ আহ াদা– ।	
তরজমা	স্মরণ কর, যেদিন আমি পর্বতমালাকে করিব সঞ্চালিত এবং তুমি পৃথিবীকে দেখিবে উন্মুক্ত প্রান্তর, সেদিন তাহাদের সকলকে আমি একত্র করিব এবং উহাদের কাহাকেও অব্যাহতি দিব না,	
	وَعُرِضُوا عَلٰى رَبِّكَ صَفًّا ۗ لَقَدْ جِئْتُمُونَا كَمَا خَلَقْنٰكُمْ أَوَّلَ مَرَّةٍ ۢ بَلْ زَعَمْتُمْ أَلَّنْ نَّجْعَلَ لَكُمْ مَّوْعِدًا ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া 'উরিদূ' 'আলা– রাব্বিকা সাফ্ফাল (ط) লাক াদ্ জি'তুমূনা– কামা– খালাক না–কুম্ আও্ওয়ালা মার্রাতিম (ز) বাল্ ঝা'আমতুম্ আল্লান্ নাজ'আলা লাকুম্ মাও'ইদা– ।	
তরজমা	এবং উহাদেরকে তোমার প্রতিপালকের নিকট উপস্থিত করা হইবে সারিবদ্ধভাবে এবং বলা হইবে, 'তোমাদেরকে প্রথমবার যেভাবে সৃষ্টি করিয়াছিলাম সেইভাবেই তোমরা আমার নিকট উপস্থিত হইয়াছ, অথচ তোমরা মনে করিতে যে, তোমাদের জন্য প্রতিশ্রুত ক্ষণ আমি কখনও উপস্থিত করিব না।'	
	وَوُضِعَ الْكِتٰبُ فَتَرَى الْمُجْرِمِيْنَ مُشْفِقِيْنَ مِمَّا فِيْهِ وَيَقُوْلُوْنَ يٰوَيْلَتَنَا مَالِ هٰذَا الْكِتٰبِ لَا يُغَادِرُ صَغِيْرَةً وَّلَا كَبِيْرَةً إِلَّآ أَحْصٰهَا ۚ وَوَجَدُوْا مَا عَمِلُوْا حَاضِرًا ۗ وَلَا يَظْلِمُ رَبُّكَ أَحَدًا ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া উদি' 'আল্ কিতা–বু ফাতারাল্ মুজরিমীনা মুশ্ফিক ীনা মিম্মা–ফীহি ওয়া ইকূ লূনা ইয়া–ওয়াইলাতানা– মা–লি হা–য াল্ কিতা–বি লা– ইউগা–দিরু সাগীরাতাওঁ ওয়ালা–কাবীরাতান্ ইল্লা˜ আহ সা–হা– (ج) ওয়া ওয়াজাদূ মা–'আমিলূ হ া–দি রা– (ط) ওয়ালা–ইয়াজ লিমু রাব্বুকা আহ াদা– ।	
তরজমা	এবং উপস্থিত করা হইবে আমলনামা এবং উহাতে যাহা লিপিবদ্ধ আছে তাহার কারণে তুমি অপরাধীদেরকে দেখিবে আতংকগ্রস্ত এবং উহারা বলিবে, 'হায়, দুর্ভাগ্য আমাদের! ইহা কেমন গ্রন্থ! উহা তো ছোট-বড় কিছুই বাদ দেয় না; বরং উহা সমস্ত হিসাব রাখিয়াছে।' উহারা উহাদের কৃতকর্ম সম্মুখে উপস্থিত পাইবে ; তোমার প্রতিপালক কাহারও প্রতি জুলুম করেন না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَإِذْ قُلْنَا لِلْمَلَٰٓئِكَةِ ٱسْجُدُوا لِءَادَمَ فَسَجَدُوٓا إِلَّآ إِبْلِيسَ ۖ كَانَ مِنَ ٱلْجِنِّ فَفَسَقَ عَنْ أَمْرِ رَبِّهِۦٓ ۗ أَفَتَتَّخِذُونَهُۥ وَذُرِّيَّتَهُۥٓ أَوْلِيَآءَ مِن دُونِى وَهُمْ لَكُمْ عَدُوٌّۢ ۚ بِئْسَ لِلظَّٰلِمِينَ بَدَلًا ﴿٥٠﴾	**50**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ক্বুলনা–লিল্ মালা~ইকাতিছ্ জুদূ লিআ–দামা ফাছাজাদূ~ ইল্লা~ ইব্লীছা (ط) কা–না মিনাল্ জিন্নি ফাফাছাক্বা ‘আন্ আমরি রাব্বিহী (ط) আফাতাত্তাখিযূনাহূ ওয়া যুর্‌রিইইয়াতাহূ~ আওলিয়া~আ মিং দূনী ওয়া হুম লাকুম্ ‘আদুওউম্ (ط) বি’ছা লিজ্জা–লিমীনা বাদালা– ।	
তরজমা	এবং স্মরণ কর, আমি যখন ফিরিশ্‌তাগণকে বলিয়াছিলাম, ‘আদমের প্রতি সিজ্‌দা কর’, তখন তাহারা সকলেই সিজ্‌দা করিল ইব্‌লীস ব্যতীত; সে জিনদের একজন, সে তাহার প্রতিপালকের আদেশ অমান্য করিল। তবে কি তোমরা আমার পরিবর্তে উহাকে এবং উহার বংশধরকে অভিভাবকরূপে গ্রহণ করিতেছ ? উহারা তো তোমাদের শত্রু। জালিমদের এই বিনিময় কত নিকৃষ্ট!	
	مَّآ أَشْهَدتُّهُمْ خَلْقَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ وَلَا خَلْقَ أَنفُسِهِمْ وَمَا كُنتُ مُتَّخِذَ ٱلْمُضِلِّينَ عَضُدًا ﴿٥١﴾	**51**
প্রতিবর্ণায়ন	মা~ আশ্‌হাত্‌তুহুম্ খাল্‌ক্বাছ্‌ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দি ওয়ালা– খাল্‌ক্বা আংফুছিহিম্ (ص) ওয়ামা– কুংতু মুত্তাখিযাল্ মুদিল্লীনা ‘আদুদা– ।	
তরজমা	আকাশমণ্ডলীর ও পৃথিবীর সৃষ্টিকালে আমি উহাদেরকে ডাকি নাই এবং উহাদের সৃজনকালেও নয়, আমি বিভ্রান্তকারীদেরকে সাহায্যকারীরূপে গ্রহণ করিবার নই।	
	وَيَوْمَ يَقُولُ نَادُوا شُرَكَآءِىَ ٱلَّذِينَ زَعَمْتُمْ فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيبُوا لَهُمْ وَجَعَلْنَا بَيْنَهُم مَّوْبِقًا ﴿٥٢﴾	**52**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইয়াক্বূলু না–দূ শুরাকা~ইয়াল্লাযীনা ঝা‘আম্‌তুম্ ফাদা‘আওহুম্ ফালাম্ ইয়াছ্‌তাজীবূ লাহুম্ ওয়া জা‘আল্‌না– বাইনাহুম্ মাওবিক্বা– ।	
তরজমা	এবং সেই দিনের কথা স্মরণ কর, যেদিন তিনি বলিবেন, ‘তোমরা যাহাদেরকে আমার শরীক মনে করিতে তাহাদেরকে আহ্বান কর।’ উহারা তখন তাহাদেরকে আহ্বান করিবে কিন্তু তাহারা উহাদের আহ্বানে সাড়া দিবে না এবং উহাদের উভয়ের মধ্যস্থলে রাখিয়া দিব এক ধ্বংস-গহ্বর।	
	وَرَءَا ٱلْمُجْرِمُونَ ٱلنَّارَ فَظَنُّوٓا أَنَّهُم مُّوَاقِعُوهَا وَلَمْ يَجِدُوا عَنْهَا مَصْرِفًا ﴿٥٣﴾	**53**
প্রতিবর্ণায়ন	ওয়া রাআল্ মুজরিমূনান্না–রা ফাজান্নূ~ আন্নাহুম্ মুওয়া–কি‘উহা– ওয়ালাম্ ইয়াজিদূ ‘আনহা– মাসরিফা– ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অপরাধীরা আগু ন দেখিয়া বুঝিবে যে, উহারা সেখানে পতিত হইতেছে এবং উহারা উহা হইতে কোন পরিত্রাণস্থল পাইবে না।	
	وَلَقَدْ صَرَّفْنَا فِيْ هٰذَا الْقُرْاٰنِ لِلنَّاسِ مِنْ كُلِّ مَثَلٍ ؕ وَكَانَ الْاِنْسَانُ اَكْثَرَ شَيْءٍ جَدَلًا ﴿٥٤﴾	**54**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ্ সার্‌রাফ্‌না– ফী হা–য াল্ কু রআ–নি লিন্না–ছি মিং কুল্লি মাছ ালিওঁ (ط) ওয়া কা–নাল্ ইংছা–নু আকছ ারা শাইয়িং জাদালা– ।	
তরজমা	আমি মানুষের জন্য এই কুরআনে বিভিন্ন উপমার দ্বারা আমার বাণী বিশদভাবে বর্ণনা করিয়াছি। মানুষ অধিকাংশ ব্যাপারেই বিতর্কপ্রিয়।	
	وَمَا مَنَعَ النَّاسَ اَنْ يُّؤْمِنُوْٓا اِذْ جَآءَهُمُ الْهُدٰى وَيَسْتَغْفِرُوْا رَبَّهُمْ اِلَّآ اَنْ تَاْتِيَهُمْ سُنَّةُ الْاَوَّلِيْنَ اَوْ يَاْتِيَهُمُ الْعَذَابُ قُبُلًا ﴿٥٥﴾	**55**
প্রতিবর্ণায়ন	ওয়ামা– মানা‘আন্না–ছা আইঁ ইউ’মিনূ˜ ইয` জা~আহুমুল্ হুদা– ওয়াইয়াছতাগফিরূ রাব্বাহুম্ ইল্লা˜ আং তা’তিয়াহুম ছুন্নাতুল আওওয়ালীনা আও ইয়া’তিয়াহুমুল্ ‘আয া–বু কু বুলা– ।	
তরজমা	যখন উহাদের নিকট পথনির্দেশ আসে তখন মানুষকে ঈমান আনা এবং তাহাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা করা হইতে বিরত রাখে কেবল ইহা যে, তাহাদের নিকট পূর্ববর্তীদের বেলায় অনুসৃত রীতি আসুক অথবা আসুক তাহাদের নিকট সরাসরি আযাব।	
	وَمَا نُرْسِلُ الْمُرْسَلِيْنَ اِلَّا مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۚ وَيُجَادِلُ الَّذِيْنَ كَفَرُوْا بِالْبَاطِلِ لِيُدْحِضُوْا بِهِ الْحَقَّ وَاتَّخَذُوْٓا اٰيٰتِيْ وَمَآ اُنْذِرُوْا هُزُوًا ﴿٥٦﴾	**56**
প্রতিবর্ণায়ন	ওয়ামা– নুরছিলুল্ মুর্‌ছালীনা ইল্লা– মুবাশ্‌শিরীনা ওয়া মুংযি রীনা (ج) ওয়া ইউজা–দিলুল্লায ীনা কাফারূ বিল্‌বা–তি লি লিইউদ্‌হি দূ বিহিল হ াক্ক া ওয়াত্তাখাযূ˜ আ–য়া–তী ওয়ামা˜ উংযি রূ হুঝুওয়া– ।	
তরজমা	আমি কেবল সুসংবাদদাতা ও সতর্ককারীরূপেই রাসূলগণকে পাঠাইয়া থাকি, কিন্তু কাফিররা মিথ্যা অবলম্বনে বিতণ্ডা করে, উহা দ্বারা সত্যকে ব্যর্থ করিয়া দিবার জন্য এবং আমার নিদর্শনাবলী ও যদ্দ্বারা উহাদেরকে সতর্ক করা হইয়াছে সেই সমস্তকে উহারা বিদ্রূপের বিষয়রূপে গ্রহণ করিয়া থাকে।	
	وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ فَاَعْرَضَ عَنْهَا وَنَسِيَ مَا قَدَّمَتْ يَدٰهُ ؕ اِنَّا جَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ؕ وَاِنْ تَدْعُهُمْ اِلَى الْهُدٰى فَلَنْ يَّهْتَدُوْٓا اِذًا اَبَدًا ﴿٥٧﴾	**57**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া মান আজ্ লামু মিম্মাং য়ুক্কিরা বিআ–য়া–তি রাব্বিহী ফাআ'রাদ্ া 'আনহা– ওয়া নাছিয়া মা–ক্ াদ্দামাত্ ইয়াদা–হু (ط) ইন্না– জা'আল্না–'আলা– কু্ লূবিহিম্ আকিন্নাতান্ আইঁ ইয়াফ্ক্ াহূহু ওয়া ফী˜ আ–য ্া–নিহিম্ ওয়াক্ রাওঁ (ط) ওয়া ইং তাদ্'উহুম্ ইলাল্ হুদা– ফালাইঁ ইয়াহতাদূ˜ ইয ্ান্ আবাদা– ।	
তরজমা	কোন ব্যক্তিকে তাহার প্রতিপালকের নিদর্শনাবলী স্মরণ করাইয়া দেওয়ার পর সে যদি উহা হইতে মুখ ফিরাইয়া নেয় এবং তাহার কৃতকর্মসমূহ ভুলিয়া যায় তবে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? আমি নিশ্চয়ই উহাদের অন্তরের উপর আবরণ দিয়াছি যেন উহারা কুরআন বুঝিতে না পারে এবং উহাদের কানে বধিরতা আঁটিয়া দিয়াছি। তুমি উহাদেরকে সৎপথে আহ্বান করিলেও উহারা কখনও সৎপথে আসিবে না।	
	وَرَبُّكَ الْغَفُورُ ذُو الرَّحْمَةِ ۖ لَوْ يُؤَاخِذُهُم بِمَا كَسَبُوا لَعَجَّلَ لَهُمُ الْعَذَابَ ۚ بَل لَّهُم مَّوْعِدٌ لَّن يَجِدُوا مِن دُونِهِ مَوْئِلًا ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়া রাব্বুকাল্ গাফূরু যু্ র্ রাহ্ মাতি (ط) লাও ইউআ–খিয্ হুম্ বিমা–কাছাবূ লা'আজ্জালা লাহুমুল্ 'আয্ া–বা (ط) বাল্লাহুম্ মাও'ইদুল্ লাইঁ ইয়াজিদূ মিং দূনিহী মাওইলা– ।	
তরজমা	এবং তোমার প্রতিপালক পরম ক্ষমাশীল, দয়াবান, উহাদের কৃতকর্মের জন্য যদি তিনি উহাদেরকে পাকড়াও করিতে চাহিতেন, তবে তিনি অবশ্যই উহাদের শাস্তি ত্বরান্বিত করিতেন; কিন্তু উহাদের জন্য রহিয়াছে এক প্রতিশ্রুত মুহূর্ত, যাহা হইতে উহারা কখনই কোন আশ্রয়স্থল পাইবে না।	
	وَتِلْكَ الْقُرَىٰ أَهْلَكْنَاهُمْ لَمَّا ظَلَمُوا وَجَعَلْنَا لِمَهْلِكِهِم مَّوْعِدًا ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ওয়া তিল্কাল্ কু্ রা˜ আহলাক্না–হুম্ লাম্মা–জ্ ালামূ ওয়া জা'আলনা– লিমাহলিকিহিম্ মাও'ইদা– ।	
তরজমা	ঐসব জনপদ–উহাদের অধিবাসীবৃন্দকে আমি ধ্বংস করিয়াছিলাম, যখন উহারা সীমালংঘন করিয়াছিল এবং উহাদের ধ্বংসের জন্য আমি স্থির করিয়াছিলাম এক নির্দিষ্ট ক্ষণ।	
	وَإِذْ قَالَ مُوسَىٰ لِفَتَاهُ لَا أَبْرَحُ حَتَّىٰ أَبْلُغَ مَجْمَعَ الْبَحْرَيْنِ أَوْ أَمْضِيَ حُقُبًا ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ ক্ া–লা মূছা– লিফাতা–হু লা˜ আব্রাহু্ হ্ াত্তা˜ আব্লুগা মাজমা'আল্ বাহ্ রাইনি আও আমদি্ য়া হু্ কু্ বা– ।	
তরজমা	স্মরণ কর, যখন মূসা তাহার সঙ্গীকে বলিয়াছিল, 'দুই সমুদ্রের সংগমস্থলে না পৌঁছিয়া আমি থামিব না অথবা আমি যুগ যুগ ধরিয়া চলিতে থাকিব।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَلَمَّا بَلَغَا مَجْمَعَ بَيْنِهِمَا نَسِيَا حُوتَهُمَا فَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ سَرَبًا ﴿٦١﴾	**61**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা– বালাগা– মাজমা'আ বাইনিহিমা– নাছিয়া– হূ ̇তাহুমা– ফাত্তাখায ̇া ছাবীলাহূ ফিল্ বাহ ̇রি ছারাবা– ।	
তরজমা	উহারা উভয়ে যখন দুই সমুদ্রের সংগমস্থলে পৌঁছিল উহারা নিজেদের মৎস্যের কথা ভুলিয়া গেল; উহা সুড়ংগের মত নিজের পথ করিয়া সমুদ্রে নামিয়া গেল।	
	فَلَمَّا جَاوَزَا قَالَ لِفَتَاهُ آتِنَا غَدَاءَنَا لَقَدْ لَقِينَا مِنْ سَفَرِنَا هَٰذَا نَصَبًا ﴿٦٢﴾	**62**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা– জা–ওয়াঝা–ক ̇া–লা লিফাতা–হু আ–তিনা– গাদা~আনা–লাকাদ্ লাক ̇ীনা মিং ছাফারিনা–হা–য ̇া– নাসাবা– ।	
তরজমা	যখন উহারা আরো অগ্রসর হইল মূসা তাহার সঙ্গীকে বলিল, 'আমাদের প্রাতঃরাশ আন, আমরা তো আমাদের এই সফরে ক্লান্ত হইয়া পড়িয়াছি।'	
	قَالَ أَرَأَيْتَ إِذْ أَوَيْنَا إِلَى الصَّخْرَةِ فَإِنِّي نَسِيتُ الْحُوتَ وَمَا أَنْسَانِيهُ إِلَّا الشَّيْطَانُ أَنْ أَذْكُرَهُ ۚ وَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ ۖ عَجَبًا ﴿٦٣﴾	**63**
প্রতিবর্ণায়ন	ক ̇া–লা আরাআইতা ইয ̣ আওয়াইনা~ ইলাসসাখ্‌রাতি ফাইন্নী নাছীতুল্ হূ ̇তা (ز) ওয়ামা~ আংছা–নীহু ইল্লাশ্‌শাইত ̇া–নু আন্ আয ̇কুরাহূ (ج) ওয়াত্তাখায ̇া ছাবীলাহূ ফিল্ বাহ ̇রি (ق) 'আজাবা– ।	
তরজমা	সে বলিল, 'আপনি কি লক্ষ্য করিয়াছেন, আমরা যখন শিলাখণ্ডে বিশ্রাম করিতেছিলাম তখন আমি মৎস্যের কথা ভুলিয়া গিয়াছিলাম ? শয়তানই উহার কথা বলিতে আমাকে ভুলাইয়া দিয়াছিল; মৎস্যটি আশ্চর্যজনকভাবে নিজের পথ করিয়া নামিয়া গেল সমুদ্রে।'	
	قَالَ ذَٰلِكَ مَا كُنَّا نَبْغِ ۚ فَارْتَدَّا عَلَىٰ آثَارِهِمَا قَصَصًا ﴿٦٤﴾	**64**
প্রতিবর্ণায়ন	ক ̇া–লা য ̇া–লিকা মা–কুন্না– নাব্‌গি (ق) ফার্‌তাদ্দা– 'আলা~ আ–ছ ̇া–রিহিমা– ক ̇াসাসা– ।	
তরজমা	মূসা বলিল, 'আমরা তো সেই স্থানটিরই অনুসন্ধান করিতেছিলাম।' অতঃপর উহারা নিজেদের পদচিহ্ন ধরিয়া ফিরিয়া চলিল।	
	فَوَجَدَا عَبْدًا مِنْ عِبَادِنَا آتَيْنَاهُ رَحْمَةً مِنْ عِنْدِنَا وَعَلَّمْنَاهُ مِنْ لَدُنَّا عِلْمًا ﴿٦٥﴾	**65**
প্রতিবর্ণায়ন	ফাওয়াজাদা– 'আবদাম্ মিন্ ইবা–দিনা~ আ–তাইনা–হু রাহ ̇মাতাম্ মিন্ 'ইংদিনা ওয়া 'আল্লাম্‌না–হু মিল্লাদুন্না– 'ইল্‌মা– ।	

তরজমা	অতঃপর উহারা সাক্ষাৎ পাইল আমার বান্দাদের মধ্যে একজনের, যাহাকে আমি আমার নিকট হইতে অনুগ্রহ দান করিয়াছিলাম ও আমার নিকট হইতে শিক্ষা দিয়াছিলাম এক বিশেষ জ্ঞান।	
	قَالَ لَهٗ مُوۡسٰى هَلۡ اَتَّبِعُكَ عَلٰٓى اَنۡ تُعَلِّمَنِ مِمَّا عُلِّمۡتَ رُشۡدًا ﴿۶۶﴾	66
প্রতিবর্ণায়ন	ক্বা-লা লাহূ মূছা- হাল্ আত্তাবি'উকা 'আলা˜ আং তু'আল্লিমানি মিম্মা- 'উল্লিম্তা রুশ্দা- ।	
তরজমা	মূসা তাহাকে বলিল, 'সত্য পথের যে জ্ঞান আপনাকে দান করা হইয়াছে তাহা হইতে আমাকে শিক্ষা দিবেন, এই শর্তে আমি আপনার অনুসরণ করিব কি ?	
	قَالَ اِنَّكَ لَنۡ تَسۡتَطِيۡعَ مَعِىَ صَبۡرًا ﴿۶۷﴾	67
প্রতিবর্ণায়ন	ক্বা-লা ইন্নাকা লাং তাছ্তাত্বী'আ মা'ইয়া সাব্রা- ।	
তরজমা	সে বলিল, আপনি কিছুতেই আমার সঙ্গে ধৈর্য ধারণ করিয়া থাকিতে পারিবেন না,	
	وَكَيۡفَ تَصۡبِرُ عَلٰى مَا لَمۡ تُحِطۡ بِهٖ خُبۡرًا ﴿۶۸﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়া কাইফা তাসবিরু 'আলা- মা-লাম্ তুহি্ত্ব বিহী খুব্রা- ।	
তরজমা	'যে বিষয় আপনার জ্ঞানায়ত্ত নহে সে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করিবেন কেমন করিয়া ?'	
	قَالَ سَتَجِدُنِىۡۤ اِنۡ شَآءَ اللّٰهُ صَابِرًا وَّلَاۤ اَعۡصِىۡ لَكَ اَمۡرًا ﴿۶۹﴾	69
প্রতিবর্ণায়ন	ক্বা-লা ছাতাজিদুনী˜ ইং শা~আল্লা-হু সা-বিরাওঁ ওয়ালা˜ আ'সী লাকা আম্রা- ।	
তরজমা	মূসা বলিল, 'আল্লাহ্ চাহিলে আপনি আমাকে ধৈর্যশীল পাইবেন এবং আপনার কোন আদেশ আমি অমান্য করিব না।'	
	قَالَ فَاِنِ اتَّبَعۡتَنِىۡ فَلَا تَسۡـَٔلۡنِىۡ عَنۡ شَىۡءٍ حَتّٰٓى اُحۡدِثَ لَكَ مِنۡهُ ذِكۡرًا ﴿۷۰﴾	70
প্রতিবর্ণায়ন	ক্বা-লা ফাইনিত্ তাবা'তানী ফালা-তাছ্আল্নী 'আং শাইয়িন্ হ্বাত্তা˜ উহ্দিছা লাকা মিন্হু যিক্রা- ।	
তরজমা	সে বলিল, 'আচ্ছা, আপনি যদি আমার অনুসরণ করিবেনই তবে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করিবেন না, যতক্ষণ না আমি সে সম্বন্ধে আপনাকে কিছু বলি।'	
	فَانۡطَلَقَا ࣞ حَتّٰٓى اِذَا رَكِبَا فِى السَّفِيۡنَةِ خَرَقَهَا ؕ قَالَ اَخَرَقۡتَهَا لِتُغۡرِقَ اَهۡلَهَا ۚ لَقَدۡ جِئۡتَ شَيۡـًٔا اِمۡرًا ﴿۷۱﴾	71
প্রতিবর্ণায়ন	ফাংত্বালাক্বা- (وقفة) হ্বাত্তা˜ ইযা- রাকিবা-ফিছ্ছাফীনাতি খারাক্বাহা- (ط) ক্বা-লা আখারাক্বতাহা- লিতুগরিক্বা আহলাহা- (ج) লাক্বাদ্ জি'তা শাইআং ইম্রা- ।	

তরজমা	অতঃপর উভয়ে চলিতে লাগিল, পরে যখন উহারা নৌকায় আরোহণ করিল তখন সে উহা বিদীর্ণ করিয়া দিল। মূসা বলিল, 'আপনি কি আরোহীদেরকে নিমজ্জিত করিয়া দিবার জন্য উহা বিদীর্ণ করিলেন ? আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করিলেন।'	
	قَالَ أَلَمْ أَقُلْ إِنَّكَ لَن تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ক া-লা আলাম্ আক ুল্ ইন্নাকা লাং তাছ্তাত ী'আ মা'ইয়া সাব্রা- ।	
তরজমা	সে বলিল, 'আমি কি বলি নাই যে, আপনি আমার সঙ্গে কিছুতেই ধৈর্য ধারণ করিতে পারিবেন না ?'	
	قَالَ لَا تُؤَاخِذْنِي بِمَا نَسِيتُ وَلَا تُرْهِقْنِي مِنْ أَمْرِي عُسْرًا ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ক া-লা লা-তুআখিয ্নী বিমা- নাছীতু ওয়ালা-তুর্হিক ্নী মিন আমরী 'উছরা- ।	
তরজমা	মূসা বলিল, 'আমার ভুলের জন্য আমাকে অপরাধী করিবেন না ও আমার ব্যাপারে অত্যধিক কঠোরতা অবলম্বন করিবেন না।'	
	فَانطَلَقَا ۜ حَتَّىٰ إِذَا لَقِيَا غُلَامًا فَقَتَلَهُ ۙ قَالَ أَقَتَلْتَ نَفْسًا زَكِيَّةً بِغَيْرِ نَفْسٍ ۖ لَّقَدْ جِئْتَ شَيْئًا نُّكْرًا ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ফাংত ালাক া- (وقفة) হ াত্তা ইয া- লাকি য়া- গুলা-মাং ফাক াতালাহূ ক া-লা আক াতাল্তা নাফ্ছাং ঝাকিইইয়াতাম বিগাইরি নাফছিল্ (ط) লাক াদ জি'তা শাইআন নুক্রা- ।	
তরজমা	অতঃপর উভয়ে চলিতে লাগিল, চলিতে চলিতে উহাদের সঙ্গে এক বালকের সাক্ষাৎ হইলে সে উহাকে হত্যা করিল। তখন মূসা বলিল, 'আপনি কি এক নিষ্পাপ জীবন নাশ করিলেন, হত্যার অপরাধ ছাড়াই ? আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করিলেন।	
	قَالَ أَلَمْ أَقُل لَّكَ إِنَّكَ لَن تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	ক া- লা আলাম্ আকু ল্লাকা ইন্নাকা লাং তাছতাত ী'আ মা'ইয়া সাব্রা- ।	
তরজমা	সে বলিল, 'আমি কি আপনাকে বলি নাই যে, আপনি আমার সঙ্গে কিছুতেই ধৈর্য ধারণ করিতে পারিবেন না ?	
	قَالَ إِن سَأَلْتُكَ عَن شَيْءٍ بَعْدَهَا فَلَا تُصَاحِبْنِي ۖ قَدْ بَلَغْتَ مِن لَّدُنِّي عُذْرًا ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ক া-লা ইং ছাআলতুকা 'আং শাইয়িম্ বা'দাহা- ফালা-তুসা-হি ব্নী (ج) ক াদ বালাগ্তা মিল্লাদুন্নী 'উয রা- ।	
তরজমা	মূসা বলিল, 'ইহার পর, যদি আমি আপনাকে কোন বিষয়ে জিজ্ঞাসা করি তবে আপনি আমাকে সঙ্গে রাখিবেন না ; আমার 'ওযর-আপত্তির চূড়ান্ত হইয়াছে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَانْطَلَقَا ٚ حَتّٰۤى اِذَاۤ اَتَيَاۤ اَهْلَ قَرْيَةِ ِۣاسْتَطْعَمَاۤ اَهْلَهَا فَاَبَوْا اَنْ يُّضَيِّفُوْهُمَا فَوَجَدَا فِيْهَا جِدَارًا يُّرِيْدُ اَنْ يَّنْقَضَّ فَاَقَامَهٗ ؕ قَالَ لَوْ شِئْتَ لَتَّخَذْتَ عَلَيْهِ اَجْرًا ﴿۷۷﴾	**77**
প্রতিবর্ণায়ন	ফাংত˙ালাক˙া– (وقفة) হ˙াত্তা˜ ইযা˙˜ আতাইয়া˜ আহলা ক˙ারইয়াতিনিছ্‌তাত˙‘আমা˜ আহ্‌লাহা– ফাআবাওঁ আইঁ ইউদ˙াইয়িফূহুমা– ফাওয়াজাদা– ফীহা–জিদা–রাইঁ ইউরীদু আইঁ ইয়াংক˙াদ্‌˙দ˙া ফাআক˙া–মাহূ (ط) ক˙া–লা লাও শি’তা লাত্তাখায˙তা ‘আলাইহি আজরা– ।	
তরজমা	অতঃপর উভয়ে চলিতে লাগিল; চলিতে চলিতে উহারা এক জনপদের অধিবাসীদের নিকট পৌঁছিয়া তাহাদের নিকট খাদ্য চাহিল; কিন্তু তাহারা তাহাদের মেহমানদারী করিতে অস্বীকার করিল। অতঃপর সেখানে তাহারা এক পতনোন্মুখ প্রাচীর দেখিতে পাইল এবং সে উহাকে সুদৃঢ় করিয়া দিল। মূসা বলিল, ‘আপনি তো ইচ্ছা করিলে ইহার জন্য পারিশ্রমিক গ্রহণ করিতে পারিতেন।’	
	قَالَ هٰذَا فِرَاقُ بَيْنِىْ وَبَيْنِكَ ۚ سَاُنَبِّئُكَ بِتَاْوِيْلِ مَا لَمْ تَسْتَطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿۷۸﴾	**78**
প্রতিবর্ণায়ন	ক˙া–লা হা–যা˙– ফিরা–কু˙ বাইনী ওয়া বাইনিকা (ج) ছাউনাব্বিউকা বিতা’বি˙লি মালাম্‌ তাছ্‌তাতি˙‘ ‘আলাইহি সাব্‌রা– ।	
তরজমা	সে বলিল, ‘এইখানেই আপনার এবং আমার মধ্যে সম্পর্কচ্ছেদ হইল, যে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করিতে পারেন নাই আমি তাহার তাৎপর্য ব্যাখ্যা করিতেছি।	
	اَمَّا السَّفِيْنَةُ فَكَانَتْ لِمَسٰكِيْنَ يَعْمَلُوْنَ فِى الْبَحْرِ فَاَرَدْتُّ اَنْ اَعِيْبَهَا وَكَانَ وَرَآءَهُمْ مَّلِكٌ يَّاْخُذُ كُلَّ سَفِيْنَةٍ غَصْبًا ﴿۷۹﴾	**79**
প্রতিবর্ণায়ন	আম্মাছ্‌ ছাফীনাতু ফাকা–নাত্‌ লিমাছা–কীনা ইয়া‘মালূনা ফিল বাহ˙রি ফাআরাত্‌তু আন্‌ আ‘ঈবাহা– ওয়া কা– না ওয়ারা~আহুম্‌ মালিকুইঁ ইয়া‘খুয˙ কুল্লা ছাফীনাতিন্‌ গাসবা– ।	
তরজমা	‘নৌকাটির ব্যাপার-ইহা ছিল কতিপয় দরিদ্র ব্যক্তির, উহারা সমুদ্রে জীবিকা অন্বেষণ করিত; আমি, ইচ্ছা করিলাম নৌকাটিকে ত্রুটিযুক্ত করিতে; কারণ উহাদের পশ্চাতে ছিল এক রাজা, যে বলপ্রয়োগে নৌকাসকল ছিনাইয়া লইত।	
	وَاَمَّا الْغُلٰمُ فَكَانَ اَبَوٰهُ مُؤْمِنَيْنِ فَخَشِيْنَاۤ اَنْ يُّرْهِقَهُمَا طُغْيَانًا وَّكُفْرًا ﴿۸۰﴾ ۚ	**80**
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্‌ গুলা–মু ফাকা–না আবাওয়া–হু মু’মিনাইনি ফাখাশীনা˜ আইঁ ইউরহিক˙াহুমা– তু˙গইয়া–নাওঁ ওয়া কুফ্‌রা– ।	
তরজমা	‘আর কিশোরটি, তাহার পিতামাতা ছিল মু’মিন। আমি আশংকা করিলাম যে, সে বিদ্রোহাচরণ ও কুফরীর দ্বারা উহাদেরকে বিব্রত করিবে।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	فَاَرَدْنَآ اَنْ يُّبْدِلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِّنْهُ زَكٰوةً وَّاَقْرَبَ رُحْمًا ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ফাআরাদ্না˜ আইঁ ইউব্দিলাহুমা– রাব্বুহুমা– খাইরাম্ মিনহু ঝাকা–তাওঁ ওয়া আক˙রাবা রুহ˙মা– ।	
তরজমা	'অতঃপর আমি চাহিলাম যে, উহাদের প্রতিপালক যেন উহাদেরকে উহার পরিবর্তে এক সন্তান দান করেন, যে হইবে পবিত্রতায় মহত্তর ও ভক্তি-ভালবাসায় ঘনিষ্ঠতর।	
	وَاَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلٰمَيْنِ يَتِيْمَيْنِ فِى الْمَدِيْنَةِ وَكَانَ تَحْتَهٗ كَنْزٌ لَّهُمَا وَكَانَ اَبُوْهُمَا صَالِحًا ۚ فَاَرَادَ رَبُّكَ اَنْ يَّبْلُغَآ اَشُدَّهُمَا وَيَسْتَخْرِجَا كَنْزَهُمَا ۖ رَحْمَةً مِّنْ رَّبِّكَ ۚ وَمَا فَعَلْتُهٗ عَنْ اَمْرِىْ ؕ ذٰلِكَ تَاْوِيْلُ مَا لَمْ تَسْطِعْ عَّلَيْهِ صَبْرًا ؕ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্ জিদা–রু ফাকা–না লিগুলা–মাইনি ইয়াতীমাইনি ফিল্ মাদীনাতি ওয়া কা–না তাহ˙তাহূ কাংঝুল্লাহুমা– ওয়া কা–না আবূহুমা– সা–লিহ˙াং (ج) ফাআরা–দা রাব্বুকা আইঁ ইয়াব্লুগা˜ আশুদ্দা হুমা–ওয়া ইয়াছ্তাখ্রিজা– কাংঝাহুমা– (ق) রাহ˙মাতাম্ মির্ রাব্বিকা (ج) ওয়ামা– ফা'আল্তুহূ 'আন আম্রী (ط) য˙া–লিকা তা'ব˙ীলু মা– লাম্ তাছতি'' 'আলাইহি সাব্রা– ।	
তরজমা	'আর ঐ প্রাচীরটি, ইহা ছিল নগরবাসী দুই পিতৃহীন কিশোরের, ইহার নিম্নদেশে আছে উহাদের গুপ্তধন এবং উহাদের পিতা ছিল সৎকর্মপরায়ণ। সুতরাং আপনার প্রতিপালক দয়াপরবশ হইয়া ইচ্ছা করিলেন যে, উহারা বয়ঃপ্রাপ্ত হউক এবং উহারা উহাদের ধনভাণ্ডার উদ্ধার করুক। আমি নিজ হইতে কিছু করি নাই; আপনি যে বিষয়ে ধৈর্য ধারণে অপারগ হইয়াছিলেন, ইহাই তাহার ব্যাখ্যা।'	
	وَيَسْـَٔلُوْنَكَ عَنْ ذِى الْقَرْنَيْنِ ؕ قُلْ سَاَتْلُوْا عَلَيْكُمْ مِّنْهُ ذِكْرًا ؕ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছ্আলূনাকা আং যি˙ল্ ক˙ারনাইনি (ط) কু˙ল ছাআত্লূ 'আলাইকুম মিনহু যি˙ক্রা– ।	
তরজমা	উহারা তোমাকে যুল-কারনাইন সম্বন্ধে জিজ্ঞাসা করে। বল, 'আমি তোমাদের নিকট তাহার বিষয় বর্ণনা করিব।'	
	اِنَّا مَكَّنَّا لَهٗ فِى الْاَرْضِ وَاٰتَيْنٰهُ مِنْ كُلِّ شَىْءٍ سَبَبًا ۙ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ইন্না– মাক্কান্না–লাহূ ফিল্ আর্দি˙ ওয়া আ–তাইনা–হু মিং কুল্লি শাইয়িং ছাবাবা– ।	
তরজমা	আমি তো তাহাকে পৃথিবীতে কর্তৃত্ব দিয়াছিলাম এবং প্রত্যেক বিষয়ের উপায়-উপকরণ দান করিয়াছিলাম।	
	فَاَتْبَعَ سَبَبًا ﴿٨٥﴾	85

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাআতবা'আ ছাবাবা– ।	
তরজমা	অতঃপর সে এক পথ অবলম্বন করিল।	
	حَتّٰٓى اِذَا بَلَغَ مَغْرِبَ الشَّمْسِ وَجَدَهَا تَغْرُبُ فِىْ عَيْنٍ حَمِئَةٍ وَّوَجَدَ عِنْدَهَا قَوْمًا ؕ قُلْنَا يٰذَا الْقَرْنَيْنِ اِمَّآ اَنْ تُعَذِّبَ وَاِمَّآ اَنْ تَتَّخِذَ فِيْهِمْ حُسْنًا ﴿٨٦﴾	**86**
প্রতিবর্ণায়ন	হ'াত্তা˜ ইয'া–বালাগা মাগ্‌রিবাশ্ শাম্‌ছি ওয়া জাদাহা– তাগ্‌রুবু ফী 'আইনিন্ হ'ামিআতিওঁ ওয়া ওয়াজাদা 'ইংদাহা–ক'াওমাং (ط) ক'ুল্‌না– ইয়া–য'াল্ ক'ারনাইনি ইম্মা˜আং তু'আয'যি'বা ওয়া ইম্মা˜ আং তাত্তাখিয'া ফীহিম্ হু'ছ্‌না– ।	
তরজমা	চলিতে চলিতে সে যখন সূর্যের অস্তগমন স্থানে পৌছিল তখন সে সূর্যকে এক পংকিল জলাশয়ে অস্তগমন করিতে দেখিল এবং সে সেখানে এক সম্প্রদায়কে দেখিতে পাইল। আমি বলিলাম, 'হে যুল-কার্‌নাইন! তুমি ইহাদেরকে শাস্তি দিতে পার অথবা ইহাদের ব্যাপার সদয়ভাবে গ্রহণ করিতে পার।'	
	قَالَ اَمَّا مَنْ ظَلَمَ فَسَوْفَ نُعَذِّبُهٗ ثُمَّ يُرَدُّ اِلٰى رَبِّهٖ فَيُعَذِّبُهٗ عَذَابًا نُّكْرًا ﴿٨٧﴾	**87**
প্রতিবর্ণায়ন	ক'া–লা আম্মা–মাং জ'ালামা ফাছাওফা নু'আয'্যি'বুহূ ছু'ম্মা ইউরাদ্দু ইলা–রাব্বিহী ফাইউ'আয'্যি'বুহূ 'আয'া–বান্ নুক্‌রা– ।	
তরজমা	সে বলিল, 'যে কেহ সীমালংঘন করিবে আমি তাহাকে শাস্তি দিব, অতঃপর সে তাহার প্রতিপালকের নিকট প্রত্যাবর্তিত হইবে এবং তিনি তাহাকে কঠিন শাস্তি দিবেন।	
	وَاَمَّا مَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَلَهٗ جَزَآءَ ۨالْحُسْنٰى ۚ وَسَنَقُوْلُ لَهٗ مِنْ اَمْرِنَا يُسْرًا ﴿٨٨﴾	**88**
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা–মান আ–মানা ওয়া 'আমিলা সা–লিহ'াং ফালাহূ জাঝা~আনিল হু'ছনা–, ওয়া ছানাকূ'লু লাহূ মিন্ আমরিনা–ইউছ্‌রা– ।	
তরজমা	'তবে যে ঈমান আনে এবং সৎকর্ম করে তাহার জন্য প্রতিদানস্বরূপ আছে কল্যাণ এবং তাহার প্রতি ব্যবহারে আমি নম্র কথা বলিব।'	
	ثُمَّ اَتْبَعَ سَبَبًا ﴿٨٩﴾	**89**
প্রতিবর্ণায়ন	ছুম্মা আত্‌বা'আ ছাবাবা– ।	
তরজমা	আবার সে এক পথ ধরিল,	
	حَتّٰٓى اِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ وَجَدَهَا تَطْلُعُ عَلٰى قَوْمٍ لَّمْ نَجْعَلْ لَّهُمْ مِّنْ دُوْنِهَا سِتْرًا ﴿٩٠﴾	**90**
প্রতিবর্ণায়ন	হ'াত্তা˜ ইয'া–বালাগা মাত'লি'আশশাম্‌ছি ওয়াজাদাহা– তাত'লু'উ 'আলা– ক'াওমিল্ লাম নাজ'আল্ লাহুম্ মিং দূনিহা– ছিতরা– ।	

তরজমা	চলিতে চলিতে যখন সে সূর্যোদয়-স্থলে পৌঁছিল তখন সে দেখিল উহা এমন এক সম্প্রদায়ের উপর উদয় হইতেছে যাহাদের জন্য সূর্যতাপ হইতে কোন অন্তরাল আমি সৃষ্টি করি নাই;	
	كَذٰلِكَ ؕ وَقَدۡ اَحَطۡنَا بِمَا لَدَيۡهِ خُبۡرًا ﴿۹۱﴾	**91**
প্রতিবর্ণায়ন	কায া–লিকা (ط) ওয়া ক াদ্ আহ াত ানা–বিমা– লাদাইহি খুব্‌রা–	
তরজমা	প্রকৃত ঘটনা ইহাই, তাহার নিকট যাহা কিছু ছিল আমি সম্যক অবগত আছি।	
	ثُمَّ اَتۡبَعَ سَبَبًا ﴿۹۲﴾	**92**
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আতবা'আ ছাবাবা- ।	
তরজমা	আবার সে এক পথ ধরিল,	
	حَتّٰۤی اِذَا بَلَغَ بَیۡنَ السَّدَّیۡنِ وَجَدَ مِنۡ دُوۡنِہِمَا قَوۡمًا ۙ لَّا یَکَادُوۡنَ یَفۡقَہُوۡنَ قَوۡلًا ﴿۹۳﴾	**93**
প্রতিবর্ণায়ন	হ াত্তা˜ ইয া–বালাগা বাইনাছ্‌ছাদ্দাইনি ওয়াজাদা মিং দূনিহিমা– ক াওমাল্ লা–ইয়াকা–দূনা ইয়াফ্‌ক াহূনা ক াওলা– ।	
তরজমা	চলিতে চলিতে সে যখন দুই পর্বত-প্রাচীরের মধ্যবর্তী স্থলে পৌঁছিল তখন সেখানে সে এক সম্প্রদায়কে পাইল যাহারা কোন কথা বুঝিবার মত ছিল না।	
	قَالُوۡا یٰذَا الۡقَرۡنَیۡنِ اِنَّ یَاۡجُوۡجَ وَ مَاۡجُوۡجَ مُفۡسِدُوۡنَ فِی الۡاَرۡضِ فَہَلۡ نَجۡعَلُ لَکَ خَرۡجًا عَلٰۤی اَنۡ تَجۡعَلَ بَیۡنَنَا وَ بَیۡنَہُمۡ سَدًّا ﴿۹۴﴾	**94**
প্রতিবর্ণায়ন	ক া–লূ ইয়া– য াল্ ক ার্‌নাইনি ইন্না ইয়া'জূজা ওয়া মা'জূজা মুফ্‌ছিদূনা ফিল্ আর্‌দি ফাহাল নাজ'আলু লাকা খারজান্ 'আলা˜ আং তাজ'আলা বাইনানা– ওয়া বাইনাহুম ছাদ্দা– ।	
তরজমা	উহারা বলিল, 'হে যুল-কার্‌নাইন! ইয়াজূজ ও মাজূজ তো পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিতেছে। আমরা কি আপনাকে খরচ দিব যে, আপনি আমাদের ও উহাদের মধ্যে এক প্রাচীর গড়িয়া দিবেন' ?	
	قَالَ مَا مَکَّنِّیۡ فِیۡہِ رَبِّیۡ خَیۡرٌ فَاَعِیۡنُوۡنِیۡ بِقُوَّۃٍ اَجۡعَلۡ بَیۡنَکُمۡ وَ بَیۡنَہُمۡ رَدۡمًا ﴿۹۵﴾	**95**
প্রতিবর্ণায়ন	ক া–লা মা– মাক ান্নী ফীহি রাব্বী খাইরুন ফাআ'ঈনূনী বিকু ওওয়াতিন আজ'আল বাইনাকুম ওয়া বাইনাহুম্ রাদ্‌মা– ।	
তরজমা	সে বলিল, 'আমার প্রতিপালক আমাকে এই বিষয়ে যে ক্ষমতা দিয়াছেন, তাহাই উৎকৃষ্ট। সুতরাং তোমরা আমাকে শ্রম দ্বারা সাহায্য কর, আমি তোমাদের ও উহাদের মধ্যস্থলে এক মযবুত প্রাচীর গড়িয়া দিব।	

	اٰتُوۡنِیۡ زُبَرَ الۡحَدِیۡدِ ؕ حَتّٰۤی اِذَا سَاوٰی بَیۡنَ الصَّدَفَیۡنِ قَالَ انۡفُخُوۡا ؕ حَتّٰۤی اِذَا جَعَلَهٗ نَارًا ۙ قَالَ اٰتُوۡنِیۡۤ اُفۡرِغۡ عَلَیۡهِ قِطۡرًا ﴿ؕ۹۶﴾	96
প্রতিবর্ণায়ন	আ-তূনী ঝুবারাল হ া দীদি (ط) হ া ত্তা~ ইয া- ছা-ওয়া- বাইনাস্‌সাদাফাইনি ক া-লাংফুখূ (ط) হ া ত্তা~ ইয া- জা‘আলাহূ না-রাং (ل) ক া-লা আ-তূনী~ উফরিগ ‘আলাইহি কি ত্‌ রা- ।	
তরজমা	‘তোমরা আমার নিকট লৌহপিণ্ডসমূহ আনয়ন কর’, অতঃপর মধ্যবর্তী ফাঁকা স্থান পূর্ণ হইয়া যখন লৌহস্তূপ দুই পর্বতের সমান হইল তখন সে বলিল, ‘তোমরা হাঁপরে দম দিতে থাক।’ যখন উহা অগ্নিবৎ উত্তপ্ত হইল, তখন সে বলিল, ‘তোমরা গলিত তাম্র আনয়ন কর, আমি উহা ঢালিয়া দেই ইহার উপর।’	
	فَمَا اسۡطَاعُوۡۤا اَنۡ یَّظۡهَرُوۡهُ وَ مَا اسۡتَطَاعُوۡا لَهٗ نَقۡبًا ﴿۹۷﴾	97
প্রতিবর্ণায়ন	ফামাছ্‌ত া‘ঊ~ আইঁ ইয়াজ হারূহু ওয়া মাছ্‌তাত া-‘উ লাহূ নাক বা- ।	
তরজমা	ইহার পর তাহারা উহা অতিক্রম করিতে পারিল না এবং উহা ভেদও করিতে পারিল না।	
	قَالَ هٰذَا رَحۡمَۃٌ مِّنۡ رَّبِّیۡ ۚ فَاِذَا جَآءَ وَعۡدُ رَبِّیۡ جَعَلَهٗ دَکَّآءَ ۚ وَ کَانَ وَعۡدُ رَبِّیۡ حَقًّا ﴿ؕ۹۸﴾	98
প্রতিবর্ণায়ন	ক া-লা হা-য া-রাহ মাতুম্ মির রাব্বী (ج) ফাইয া-জা~আ ওয়া‘দু রাব্বী জা‘আলাহূ দাক্কা~আ (ج) ওয়া কা-না ওয়া‘দু রাব্বী হ াক্ক া- ।	
তরজমা	সে বলিল, ‘ইহা আমার প্রতিপালকের অনুগ্রহ। যখন আমার প্রতিপালকের প্রতিশ্রুতি পূর্ণ হইবে তখন তিনি উহাকে চূর্ণ-বিচূর্ণ করিয়া দিবেন এবং আমার প্রতিপালকের প্রতিশ্রুতি সত্য।’	
	وَ تَرَکۡنَا بَعۡضَهُمۡ یَوۡمَئِذٍ یَّمُوۡجُ فِیۡ بَعۡضٍ وَّ نُفِخَ فِی الصُّوۡرِ فَجَمَعۡنٰهُمۡ جَمۡعًا ﴿ۙ۹۹﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়া তারাকনা- বা‘দ াহুম্ ইয়াওমাইযি ইঁ ইয়ামূজু ফী বা‘দি ওঁ ওয়া নুফিখা ফিসসূরি ফাজামা‘না-হুম্ জাম্‘আ- ।	
তরজমা	সেই দিন আমি উহাদেরকে ছাড়িয়া দিব এই অবস্থায় যে, একদল আর একদলের উপর তরঙ্গের ন্যায় পতিত হইবে এবং শিংগায় ফুৎকার দেওয়া হইবে। অতঃপর আমি উহাদের সকলকেই একত্র করিব।	
	وَّ عَرَضۡنَا جَهَنَّمَ یَوۡمَئِذٍ لِّلۡکٰفِرِیۡنَ عَرۡضَا ﴿ۙ۱۰۰﴾	100
প্রতিবর্ণায়ন	ওয়া ‘আরাদ না-জাহান্নামা ইয়াওমাইযি ল্ লিল্‌কা-ফিরীনা ‘আরদ া- ।	
তরজমা	এবং সেই দিন আমি জাহান্নামকে প্রত্যক্ষভাবে উপস্থিত করিব কাফিরদের নিকট,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	الَّذِينَ كَانَتْ أَعْيُنُهُمْ فِي غِطَاءٍ عَنْ ذِكْرِي وَكَانُوا لَا يَسْتَطِيعُونَ سَمْعًا ١٠١	**101**
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা কা-নাত্ আ'ইউনুহুম্ ফী গিত া~ইন্ 'আং যি ক্রী ওয়া কা-নূ লা-ইয়াছ্তাত ী'উনা ছাম্'আ- ।	
তরজমা	যাহাদের চক্ষু ছিল অন্ধ আমার নিদর্শনের প্রতি এবং যাহারা শুনিতেও ছিল অক্ষম।	
	أَفَحَسِبَ الَّذِينَ كَفَرُوا أَنْ يَتَّخِذُوا عِبَادِي مِنْ دُونِي أَوْلِيَاءَ ۚ إِنَّا أَعْتَدْنَا جَهَنَّمَ لِلْكَافِرِينَ نُزُلًا ١٠٢	**102**
প্রতিবর্ণায়ন	আফাহ াছিবাল্লাযীনা কাফারূ~ আইঁ ইয়াত্তাখিযূ 'ইবা-দী মিং দূনী~ আওলিয়া~আ (ط) ইন্না~ আ'তাদ্‌না- জাহান্নামা লিল্‌কা-ফিরীনা নুঝুলা- ।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তাহারা কি মনে করে যে, তাহারা আমার পরিবর্তে আমার বান্দাদেরকে অভিভাবকরূপে গ্রহণ করিবে ? নিশ্চয়ই আমি কাফিরদের আপ্যায়নের জন্য প্রস্তুত রাখিয়াছি জাহান্নাম।	
	قُلْ هَلْ نُنَبِّئُكُمْ بِالْأَخْسَرِينَ أَعْمَالًا ١٠٣	**103**
প্রতিবর্ণায়ন	কু ল্ হাল নুনাব্বিউকুম বিল্‌আখ্‌ছারীনা আ'মা-লা- ।	
তরজমা	বল, 'আমি কি তোমাদেরকে সংবাদ দিব কর্মে বিশেষ ক্ষতিগ্রস্তদের ?'	
	الَّذِينَ ضَلَّ سَعْيُهُمْ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَهُمْ يَحْسَبُونَ أَنَّهُمْ يُحْسِنُونَ صُنْعًا ١٠٤	**104**
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা দ াল্লা ছা'ইউহুম ফিল হ ায়া-তিদ্‌দুন্‌ইয়া- ওয়াহুম ইয়াহ ছাবূনা আন্নাহুম ইউহ ছিনূনা সুন্'আ- ।	
তরজমা	উহারাই তাহারা, 'পার্থিব জীবনে যাহাদের প্রচেষ্টা পণ্ড হয়, যদিও তাহারা মনে করে যে, তাহারা সৎকর্মই করিতেছে,	
	أُولَٰئِكَ الَّذِينَ كَفَرُوا بِآيَاتِ رَبِّهِمْ وَلِقَائِهِ فَحَبِطَتْ أَعْمَالُهُمْ فَلَا نُقِيمُ لَهُمْ يَوْمَ الْقِيَامَةِ وَزْنًا ١٠٥	**105**
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লাযীনা কাফারূ বিআ-য়া-তি রাব্বিহিম ওয়ালিক া~ইহী ফাহ াবিত াত্ আ'মা-লুহুম ফালা- নুক ীমু লাহুম ইয়াওমাল কি য়া-মাতি ওয়াঝনা- ।	
তরজমা	'উহারাই তাহারা, যাহারা অস্বীকার করে উহাদের প্রতিপালকের নিদর্শনাবলী ও তাঁহার সঙ্গে উহাদের সাক্ষাতের বিষয়। ফলে উহাদের কর্ম নিষ্ফল হইয়া যায়; সুতরাং কিয়ামতের দিন উহাদের জন্য ওজনের কোন ব্যবস্থা রাখিব না।	
	ذَٰلِكَ جَزَاؤُهُمْ جَهَنَّمُ بِمَا كَفَرُوا وَاتَّخَذُوا آيَاتِي وَرُسُلِي هُزُوًا ١٠٦	**106**
প্রতিবর্ণায়ন	যা-লিকা জাঝা~উহুম জাহান্নামু বিমা-কাফারূ ওয়াত্তাখাযূ ~ আ-য়া-তী ওয়ারুছুলী হুঝুওয়া- ।	

তরজমা	'জাহান্নাম-ইহাই উহাদের প্রতিফল, যেহেতু উহারা কুফরী করিয়াছে এবং আমার নিদর্শনাবলী ও রাসূলগণকে গ্রহণ করিয়াছে বিদ্রূপের বিষয়স্বরূপ।'	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ كَانَتْ لَهُمْ جَنّٰتُ الْفِرْدَوْسِ نُزُلًا ۝١٠٧	**107**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ–মানূ ওয়া 'আমিলুস্‌সা–লিহ া–তি কা–নাত্ লাহুম্ জান্না–তুল্ ফিরদাওছি নুঝুলা– ।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের আপ্যায়নের জন্য আছে ফিরদাওসের উদ্যান,	
	خٰلِدِيْنَ فِيْهَا لَا يَبْغُوْنَ عَنْهَا حِوَلًا ۝١٠٨	**108**
প্রতিবর্ণায়ন	খা–লিদীনা ফীহা– লা–ইয়াবগূনা 'আন্‌হা– হি ওয়ালা– ।	
তরজমা	সেখানে উহারা স্থায়ী হইবে, উহা হইতে স্থানান্তর কামনা করিবে না।	
	قُلْ لَّوْ كَانَ الْبَحْرُ مِدَادًا لِّكَلِمٰتِ رَبِّيْ لَنَفِدَ الْبَحْرُ قَبْلَ اَنْ تَنْفَدَ كَلِمٰتُ رَبِّيْ وَلَوْ جِئْنَا بِمِثْلِهٖ مَدَدًا ۝١٠٩	**109**
প্রতিবর্ণায়ন	কু ল্ লাও কা–নাল্ বাহ রু মিদা–দাল্ লিকালিমা–তি রাব্বী লানাফিদাল বাহ রু ক াব্‌লা আং তাংফাদা কালিমা–তু রাব্বী ওয়ালাও জি'না– বিমিছ্ লিহী মাদাদা– ।	
তরজমা	বল, 'আমার প্রতিপালকের কথা লিপিবদ্ধ করিবার জন্য সমুদ্র যদি কালি হয়, তবে আমার প্রতিপালকের কথা শেষ হইবার পূর্বেই সমুদ্র নিঃশেষ হইয়া যাইবে-আমরা ইহার সাহায্যার্থে ইহার অনুরূপ আরও সমুদ্র আনিলেও।'	
	قُلْ اِنَّمَاۤ اَنَا بَشَرٌ مِّثْلُكُمْ يُوْحٰۤى اِلَيَّ اَنَّمَاۤ اِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ۚ فَمَنْ كَانَ يَرْجُوْا لِقَآءَ رَبِّهٖ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَّلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهٖۤ اَحَدًا ۝١١٠	**110**
প্রতিবর্ণায়ন	কু ল ইন্নামা˜ আনা–বাশারুম মিছ্ লুকুম ইউহ া˜ ইলাইইয়া আন্নামা˜ ইলা–হুকুম ইলা–হুওঁ ওয়া–হি দুং (ج) ফামাং কা–না ইয়ারজূ লিক া~আ রাব্বিহী ফাল্‌ইয়া'মাল্ 'আমালাং সা–লিহ াওঁ ওয়ালা–ইউশরিক্ বি'ইবা–দাতি রাব্বিহী˜ আহ াদা– ।	
তরজমা	বল, 'আমি তো তোমাদের মত একজন মানুষই, আমার প্রতি প্রত্যাদেশ হয় যে, তোমাদের ইলাহ্ একমাত্র ইলাহ্। সুতরাং যে তাহার প্রতিপালকের সাক্ষাৎ কামনা করে, সে যেন সৎকর্ম করে ও তাহার প্রতিপালকের 'ইবাদতে কাহাকেও শরীক না করে।'	

19 - Maryam-মারইয়াম -مريم

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	كٓهٰيٰعٓصٓ ۚ﴿١﴾	**1**
প্রতিবর্ণায়ন	কা~ফ্ হা-ইয়া-‘আঈ~ন্ সোয়া~দ্।	
তরজমা	কাফ্-হা-ইয়া-আইন-সোয়াদ ;	
	ذِكْرُ رَحْمَتِ رَبِّكَ عَبْدَهٗ زَكَرِيَّا ۚ﴿٢﴾	**2**
প্রতিবর্ণায়ন	যি`ক্রু রাহ`মাতি রাব্বিকা ‘আব্দাহূ ঝাকারিইইয়া-।	
তরজমা	ইহা তোমার প্রতিপালকের অনুগ্রহের বিবরণ তাঁহার বান্দা যাকারিয়্যার প্রতি,	
	اِذْ نَادٰى رَبَّهٗ نِدَآءً خَفِيًّا ﴿٣﴾	**3**
প্রতিবর্ণায়ন	ইয` না-দা-রাব্বাহূ নিদা~আন্ খাফিইইয়া-।	
তরজমা	যখন সে তাহার প্রতিপালককে আহ্বান করিয়াছিল নিভৃতে,	
	قَالَ رَبِّ اِنِّيْ وَهَنَ الْعَظْمُ مِنِّيْ وَاشْتَعَلَ الرَّاْسُ شَيْبًا وَّلَمْ اَكُنْۢ بِدُعَآئِكَ رَبِّ شَقِيًّا ﴿٤﴾	**4**
প্রতিবর্ণায়ন	ক`া-লা রাব্বি ইন্নী ওয়াহানাল্ ‘আজ`মু মিন্নী ওয়াশ্তা‘আলার্ রা’ছু শাইবাওঁ ওয়ালাম্ আকুম্ বিদু‘আ~ইকা রাব্বি শাকি`ইইয়া-।	
তরজমা	সে বলিয়াছিল, ‘হে আমার রব! আমার অস্থি দুর্বল হইয়াছে, বার্ধক্যে আমার মস্তক শুভ্রোজ্জ্বল হইয়াছে; হে আমার প্রতিপালক! তোমাকে আহ্বান করিয়া আমি কখনও ব্যর্থকাম হই নাই।	
	وَاِنِّيْ خِفْتُ الْمَوَالِيَ مِنْ وَّرَآءِيْ وَكَانَتِ امْرَاَتِيْ عَاقِرًا فَهَبْ لِيْ مِنْ لَّدُنْكَ وَلِيًّا ۙ﴿٥﴾	**5**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নী খিফ্তুল্ মাওয়া-লিয়া মিওঁ ওয়ারা~ঈ ওয়া কা-নাতিম্ রাআতী ‘আ-কি`রাং ফাহাব লী মিল্লা দুংকা ওয়ালিইইয়া-।	
তরজমা	‘আমি আশংকা করি আমার পর আমার স্বগোত্রীয়দের সম্পর্কে; আমার স্ত্রী বন্ধ্যা। সুতরাং তুমি তোমার নিকট হইতে আমাকে দান কর উত্তরাধিকারী,	
	يَّرِثُنِيْ وَيَرِثُ مِنْ اٰلِ يَعْقُوْبَ ۖۗ وَاجْعَلْهُ رَبِّ رَضِيًّا ﴿٦﴾	**6**
প্রতিবর্ণায়ন	ইয়ারিছু`নী ওয়া ইয়ারিছু` মিন আ-লি ইয়া‘কূ`বা (ق) ওয়াজ‘আল্হু রাব্বি রাদি`ইইয়া-।	
তরজমা	‘যে আমার উত্তরাধিকারিত্ব করিবে এবং উত্তরাধিকারিত্ব করিবে ইয়া‘কূবের বংশের এবং হে আমার প্রতিপালক! তাহাকে করিও সন্তোষভাজন’।	
	يٰزَكَرِيَّآ اِنَّا نُبَشِّرُكَ بِغُلٰمِ ِۨاسْمُهٗ يَحْيٰى ۙ لَمْ نَجْعَلْ لَّهٗ مِنْ قَبْلُ سَمِيًّا ﴿٧﴾	**7**
প্রতিবর্ণায়ন	ইয়া- ঝাকারিইইয়া~ ইন্না-নুবাশ্শিরুকা বিগুলা-মি নিছ্মুহূ ইয়াহ`ইয়া- (لا) লাম নাজ‘আল্ লাহূ মিং ক`াব্লু ছামিইইয়া-।	

তরজমা	তিনি বলিলেন, ‘ হে যাকারিয়্যা! আমি তোমাকে এক পুত্রের সুসংবাদ দিতেছি, তাহার নাম হইবে ইয়াহ্ইয়া; এই নামে পূর্বে আমি কাহারও নামকরণ করি নাই।’	
	قَالَ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِىْ غُلٰمٌ وَّكَانَتِ امْرَاَتِىْ عَاقِرًا وَّقَدْ بَلَغْتُ مِنَ الْكِبَرِ عِتِيًّا ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ক্বা-লা রাব্বি আন্না-ইয়াকূনু লী গুলা-মুওঁ ওয়াকা-নাতিম্‌রাআতী ‘আ-কি্বরাওঁ ওয়া ক্বাদ্ বালাগ্‌তু মিনাল কিবারি ‘ইতিইইয়া- ।	
তরজমা	সে বলিল, ‘হে আমার প্রতিপালক! কেমন করিয়া আমার পুত্র হইবে যখন আমার স্ত্রী বন্ধ্যা ও আমি বার্ধক্যের শেষ সীমায় উপনীত।’	
	قَالَ كَذٰلِكَ ۚ قَالَ رَبُّكَ هُوَ عَلَىَّ هَيِّنٌ وَّقَدْ خَلَقْتُكَ مِنْ قَبْلُ وَلَمْ تَكُ شَيْـًٔا ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	ক্বা-লা কায া-লিকা (ج) ক্বা-লা রাব্বুকা হুওয়া ‘আলাইইয়া হাইয়িনুওঁ ওয়াক্বাদ খালাক্ব্তুকা মিং ক্বাবলু ওয়া লাম্ তাকু শাইআ- ।	
তরজমা	তিনি বলিলেন, ‘এইরূপই হইবে।’ তোমার প্রতিপালক বলিলেন, ‘ইহা আমার জন্য সহজসাধ্য ; আমি তো পূর্বে তোমাকে সৃষ্টি করিয়াছি যখন তুমি কিছুই ছিলে না।’	
	قَالَ رَبِّ اجْعَلْ لِّىْٓ اٰيَةً ۗ قَالَ اٰيَتُكَ اَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلٰثَ لَيَالٍ سَوِيًّا ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ক্বা-লা রাব্বিজ‘আল্‌লী~ আ-য়াতাং (ط) ক্বা-লা আ-ইয়াতুকা আল্লা- তুকাল্লিমান্‌না-ছা ছ্বালা-ছ্বা লাইয়া-লিং ছাবি্ইইয়া-	
তরজমা	যাকারিয়্যা বলিল, ‘হে আমার প্রতিপালক! আমাকে একটি নিদর্শন দাও।’ তিনি বলিলেন, ‘তোমার নিদর্শন এই যে, তুমি সুস্থ থাকা সত্ত্বেও কাহারও সঙ্গে তিন দিন বাক্যালাপ করিবে না।’	
	فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ مِنَ الْمِحْرَابِ فَاَوْحٰٓى اِلَيْهِمْ اَنْ سَبِّحُوْا بُكْرَةً وَّعَشِيًّا ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ফাখারাজা ‘আলা- ক্বাওমিহী মিনাল্ মিহ্‌রা-বি ফাআওহ্বাদ ইলাইহিম্ আং ছাব্বিহূ বুক্‌রাতাওঁ ওয়া ‘আশিইইয়া- ।	
তরজমা	অতঃপর সে কক্ষ হইতে বাহির হইয়া তাহার সম্প্রদায়ের নিকট আসিল এবং ইঙ্গিতে তাহাদেরকে সকাল-সন্ধ্যায় আল্লাহ্‌র পবিত্রতা ও মহিমা ঘোষণা করিতে বলিল।	
	يٰيَحْيٰى خُذِ الْكِتٰبَ بِقُوَّةٍ ۗ وَاٰتَيْنٰهُ الْحُكْمَ صَبِيًّا ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ইয়া-ইয়াহ্ইয়া- খুযি্ল কিতা-বা বিকু্ওয়াতিওঁ (ط) ওয়াআ-তাইনা-হুল হু্ক্মা সাবিইইয়া- ।	
তরজমা	‘হে ইয়াহ্ইয়া! এই কিতাব দৃঢ়তার সঙ্গে গ্রহণ কর।’ আমি তাহাকে শৈশবেই দান করিয়াছিলাম জ্ঞান,	
	وَّحَنَانًا مِّنْ لَّدُنَّا وَزَكٰوةً ۗ وَكَانَ تَقِيًّا ﴿۱۳﴾	13

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াহ ানা–নাম্ মিল্লাদুন্না–ওয়াঝাকা–তাও (ط) ওয়াকা–না তাকি ইইয়া– ।	
তরজমা	এবং আমার নিকট হইতে হৃদয়ের কোমলতা ও পবিত্রতা; সে ছিল মুত্তাকী,	
	وَّبَرًّۢا بِوَالِدَيْهِ وَلَمْ يَكُنْ جَبَّارًا عَصِيًّا ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া বাররাম বিওয়া–লিদাইহি ওয়া–লাম ইয়াকুং জাব্বা–রান ‘আসিইইয়া– ।	
তরজমা	পিতা-মাতার অনুগত এবং সে ছিল না উদ্ধত ও অবাধ্য।	
	وَسَلٰمٌ عَلَيْهِ يَوْمَ وُلِدَ وَيَوْمَ يَمُوْتُ وَيَوْمَ يُبْعَثُ حَيًّا ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া ছালা–মুন্ ‘আলাইহি ইয়াওমা উলিদা ওয়া ইয়াওমা ইয়ামূতু ওয়া ইয়াওমা ইউব‘আছু হ াইইয়া– ।	
তরজমা	তাহার প্রতি শান্তি যেদিন সে জন্মলাভ করে, যেদিন তাহার মৃত্যু হইবে এবং যেদিন সে জীবিত অবস্থায় উত্থিত হইবে।	
	وَاذْكُرْ فِي الْكِتٰبِ مَرْيَمَ ۘ اِذِ انْتَبَذَتْ مِنْ اَهْلِهَا مَكَانًا شَرْقِيًّا ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়ায কুর ফিল্ কিতা–বি মারইয়াম (م) । ইযি ং তাবায াত মিন আহলিহা–মাকা–নাং শারকি ইইয়া– ।	
তরজমা	বর্ণনা কর এই কিতাবে উল্লিখিত মার্‌ইয়ামের কথা, যখন সে তাহার পরিবারবর্গ হইতে পৃথক হইয়া নিরালায় পূর্বদিকে এক স্থানে আশ্রয় লইল,	
	فَاتَّخَذَتْ مِنْ دُوْنِهِمْ حِجَابًا ۫ فَاَرْسَلْنَآ اِلَيْهَا رُوْحَنَا فَتَمَثَّلَ لَهَا بَشَرًا سَوِيًّا ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ফাত্তাখায াত মিং দূনিহিম্ হি জা–বাং (قف) ফাআরছাল্না˜ ইলাইহা– রূহ ানা– ফাতামাছ্ ছ ালা লাহা– বাশারাং ছাবি ইইয়া– ।	
তরজমা	অতঃপর উহাদের হইতে সে পর্দা করিল। অতঃপর আমি তাহার নিকট আমার রূহ্‌কে পাঠাইলাম, সে তাহার নিকট পূর্ণ মানবাকৃতিতে আত্মপ্রকাশ করিল।	
	قَالَتْ اِنِّيْٓ اَعُوْذُ بِالرَّحْمٰنِ مِنْكَ اِنْ كُنْتَ تَقِيًّا ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ক া–লাত ইন্নী˜ আ‘উয ু বির্‌রাহ মা–নি মিংকা ইং কুংতা তাকি ইইয়া– ।	
তরজমা	মার্‌ইয়াম বলিল, আল্লাহ্‌কে ভয় কর যদি তুমি ‘মুত্তাকী হও’, আমি তোমা হইতে দয়াময়ের শরণ লইতেছি।	
	قَالَ اِنَّمَآ اَنَا رَسُوْلُ رَبِّكِ ۖ لِاَهَبَ لَكِ غُلٰمًا زَكِيًّا ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ক া–লা ইন্নামা˜ আনা রাছূলু রাব্বিকি (ق) লিআহাবা লাকি গুলা–মাং ঝাকিইইয়া– ।	
তরজমা	সে বলিল, ‘আমি তো তোমার প্রতিপালক-প্রেরিত, তোমাকে এক পবিত্র পুত্র দান করিবার জন্য।’	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قَالَتۡ اَنّٰی یَکُوۡنُ لِیۡ غُلٰمٌ وَّ لَمۡ یَمۡسَسۡنِیۡ بَشَرٌ وَّ لَمۡ اَکُ بَغِیًّا ﴿۲۰﴾	**20**
প্রতিবর্ণায়ন	ক া-লাত্ আন্না-ইয়াকূনু লী গুলা-মুওঁ ওয়া লাম্ ইয়াম্‌ছাছনী বাশারুওঁ ওয়া লাম আকু বাগিইইয়া- ।	
তরজমা	মার্‌ইয়াম বলিল, ‘কেমন করিয়া আমার পুত্র হইবে যখন আমাকে কোন পুরুষ স্পর্শ করে নাই এবং আমি ব্যভিচারিণীও নই ?’	
	قَالَ كَذٰلِكِ ۚ قَالَ رَبُّكِ هُوَ عَلَيَّ هَيِّنٌ ۚ وَلِنَجْعَلَهٗۤ اٰيَةً لِّلنَّاسِ وَرَحْمَةً مِّنَّا ۚ وَكَانَ اَمْرًا مَّقْضِيًّا ﴿۲۱﴾	**21**
প্রতিবর্ণায়ন	ক া-লা কায া-লিকি (ج) ক া-লা রাব্বুকি হুওয়া ‘আলাইইয়া হাইয়িনুওঁ (ج) ওয়ালিনাজ‘আলাহূ˜ আ-য়াতাল্ লিন্না-ছি ওয়ারাহ মাতাম্ মিন্না- (ج) ওয়াকা-না আমরাম্ মাক দি ইইয়া- ।	
তরজমা	সে বলিল, ‘এইরূপই হইবে।’ তোমার প্রতিপালক বলিয়াছেন, ‘ইহা আমার জন্য সহজসাধ্য এবং আমি উহাকে এইজন্য সৃষ্টি করিব যেন সে হয় মানুষের জন্য এক নিদর্শন ও আমার নিকট হইতে এক অনুগ্রহ; ইহা তো এক স্থিরীকৃত ব্যাপার।’	
	فَحَمَلَتْهُ فَانْتَبَذَتْ بِهٖ مَكَانًا قَصِيًّا ﴿۲۲﴾	**22**
প্রতিবর্ণায়ন	ফাহ মালাতহু ফাংতাবায াত্ বিহী মাকা-নাং ক াসিইইয়া- ।	
তরজমা	তৎপর সে গর্ভে উহাকে ধারণ করিল; অতঃপর তৎসহ এক দূরবর্তী স্থানে চলিয়া গেল;	
	فَاَجَآءَهَا الْمَخَاضُ اِلٰى جِذْعِ النَّخْلَةِ ۚ قَالَتْ يٰلَيْتَنِيْ مِتُّ قَبْلَ هٰذَا وَكُنْتُ نَسْيًا مَّنْسِيًّا ﴿۲۳﴾	**23**
প্রতিবর্ণায়ন	ফাআজা~আহাল্ মাখা-দু ইলা- জিয ‘ইন্ নাখ্‌লাতি (ج) ক া-লাত্ ইয়া-লাইতানী মিত্তু ক াব্‌লা হা-য া- ওয়াকুংতু নাছ্‌ইয়াম্ মাংছিইইয়া- ।	
তরজমা	প্রসব-বেদনা তাহাকে এক খর্জুর-বৃক্ষতলে আশ্রয় লইতে বাধ্য করিল। সে বলিল, ‘হায়, ইহার পূর্বে আমি যদি মরিয়া যাইতাম ও লোকের স্মৃতি হইতে সম্পূর্ণ বিলুপ্ত হইতাম!’	
	فَنَادٰىهَا مِنْ تَحْتِهَاۤ اَلَّا تَحْزَنِيْ قَدْ جَعَلَ رَبُّكِ تَحْتَكِ سَرِيًّا ﴿۲۴﴾	**24**
প্রতিবর্ণায়ন	ফানা-দা-হা- মিং তাহ তিহা˜ আল্লা-তাহ ঝানী ক াদ জা‘আলা রাব্বুকি তাহ তাকি ছারিইইয়া- ।	
তরজমা	ফিরিশ্‌তা তাহার নিম্নপার্শ্ব হইতে আহ্‌বান করিয়া তাহাকে বলিল, ‘তুমি দুঃখ করিও না, তোমার পাদদেশে তোমার প্রতিপালক এক নহর সৃষ্টি করিয়াছেন;	
	وَهُزِّيْۤ اِلَيْكِ بِجِذْعِ النَّخْلَةِ تُسٰقِطْ عَلَيْكِ رُطَبًا جَنِيًّا ﴿۲۵﴾	**25**
প্রতিবর্ণায়ন	ওয়া হুঝ্‌ঝী˜ ইলাইকি বিজিয ‘ইন্‌নাখ্‌লাতি তুছা-কি ত্ ‘আলাইকি রুত াবাং জানিইইয়া- ।	

তরজমা	‘তুমি তোমার দিকে খর্জুর-বৃক্ষের কাণ্ডে নাড়া দাও, উহা তোমাকে সুপক্ক তাজা খর্জুর দান করিবে।	
	فَكُلِىۡ وَاشۡرَبِىۡ وَقَرِّىۡ عَيۡنًا ۚ فَاِمَّا تَرَيِنَّ مِنَ الۡبَشَرِ اَحَدًا ۙ فَقُوۡلِىۡۤ اِنِّىۡ نَذَرۡتُ لِلرَّحۡمٰنِ صَوۡمًا فَلَنۡ اُكَلِّمَ الۡيَوۡمَ اِنۡسِيًّا ۚ ٢٦	26
প্রতিবর্ণায়ন	ফাকুলী ওয়াশ্‌রাবী ওয়াক৾ার্‌রী ‘আইনাং (ج) ফাইম্মা-তারায়িন্না মিনাল্‌ বাশারি আহ৾াদাং (ۙ) ফাক্ব৾লী˜ ইন্নী নায৾ার্‌তু লির্‌রাহ৾মা-নি সাওমাং ফালান্‌ উকাল্লিমাল ইয়াওমা ইংছিইইয়া- ।	
তরজমা	সুতরাং আহার কর, পান কর ও চক্ষু জুড়াও। মানুষের মধ্যে কাহাকেও যদি তুমি দেখ তখন বলিও, ‘আমি দয়াময়ের উদ্দেশ্যে মৌনতা অবলম্বনের মানত করিয়াছি। সুতরাং আজ আমি কিছুতেই কোন মানুষের সঙ্গে বাক্যালাপ করিব না।’	
	فَاَتَتۡ بِهٖ قَوۡمَهَا تَحۡمِلُهٗ ؕ قَالُوۡا يٰمَرۡيَمُ لَقَدۡ جِئۡتِ شَيۡـًٔا فَرِيًّا ٢٧	27
প্রতিবর্ণায়ন	ফাআতাত্‌ বিহী ক৾াওমাহা- তাহ৾মিলুহূ (ط) ক৾া-লূ ইয়া-মারইয়ামু লাক৾াদ জি’তি শাইআং ফারিইইয়া- ।	
তরজমা	অতঃপর সে সন্তানকে লইয়া তাহার সম্প্রদায়ের নিকট উপস্থিত হইল; উহারা বলিল, ‘হে মার্‌ইয়াম! তুমি তো এক অদ্ভুত কাণ্ড করিয়া বসিয়াছ।	
	يٰۤاُخۡتَ هٰرُوۡنَ مَا كَانَ اَبُوۡكِ امۡرَاَ سَوۡءٍ وَّمَا كَانَتۡ اُمُّكِ بَغِيًّا ۖ ٢٨	28
প্রতিবর্ণায়ন	ইয়া˜ উখতা হা-রূনা মা-কা-না আবূকিম রাআ ছাওইওঁ ওয়ামা-কানাত্‌ উম্মুকি বাগিইইয়া- ।	
তরজমা	‘হে হারূন-ভগ্নি! তোমার পিতা অসৎ ব্যক্তি ছিল না এবং তোমার মাতাও ছিল না ব্যভিচারিণী।’	
	فَاَشَارَتۡ اِلَيۡهِ ؕ قَالُوۡا كَيۡفَ نُكَلِّمُ مَنۡ كَانَ فِى الۡمَهۡدِ صَبِيًّا ٢٩	29
প্রতিবর্ণায়ন	ফাআশা-রাত্‌ ইলাইহি (ط) ক৾া-লূ কাইফা নুকাল্লিমু মাং কা-না ফিল্‌ মাহদি সাবিইইয়া- ।	
তরজমা	অতঃপর মার্‌ইয়াম সন্তানের প্রতি ইঙ্গিত করিল। উহারা বলিল, ‘যে কোলের শিশু তাহার সঙ্গে আমরা কেমন করিয়া কথা বলিব ?’	
	قَالَ اِنِّىۡ عَبۡدُ اللّٰهِ ؕ اٰتٰىنِىَ الۡكِتٰبَ وَجَعَلَنِىۡ نَبِيًّا ۙ ٣٠	30
প্রতিবর্ণায়ন	ক৾া-লা ইন্নী ‘আব্‌দুল্লা-হি (ط) আ-তা-নিয়াল কিতা-বা ওয়া জা‘আলানী নাবিইইয়া- ।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	সে বলিল, 'আমি তো আল্লাহ্‌র বান্দা। তিনি আমাকে কিতাব দিয়াছেন, আমাকে নবী করিয়াছেন,	
	وَّ جَعَلَنِیۡ مُبٰرَکًا اَیۡنَ مَا کُنۡتُ ۪ وَ اَوۡصٰنِیۡ بِالصَّلٰوۃِ وَ الزَّکٰوۃِ مَا دُمۡتُ حَیًّا ﴿۪ۖ۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়াজা'আলানী মুবা–রাকান্ আইনা মা–কুংতু, ওয়া আওসা–নী বিসসালা–তি ওয়াঝ্‌ঝাকা–তি মা–দুম্‌তু হ'াইইয়া– ।	
তরজমা	'যেখানেই আমি থাকি না কেন তিনি আমাকে বরকতময় করিয়াছেন, তিনি আমাকে নির্দেশ দিয়াছেন যত দিন জীবিত থাকি তত দিন সালাত ও যাকাত আদায় করিতে—	
	وَّ بَرًّۢا بِوَالِدَتِیۡ ۫ وَ لَمۡ یَجۡعَلۡنِیۡ جَبَّارًا شَقِیًّا ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়াবারর্‌রাম বিওয়া–লিদাতী (ز) ওয়ালাম্ ইয়াজ'আল্‌নী জাব্বা–রাং শাকি'ইয়া– ।	
তরজমা	'আর আমাকে আমার মাতার প্রতি অনুগত করিয়াছেন এবং তিনি আমাকে করেন নাই উদ্ধত ও হতভাগ্য;	
	وَ السَّلٰمُ عَلَیَّ یَوۡمَ وُلِدۡتُّ وَ یَوۡمَ اَمُوۡتُ وَ یَوۡمَ اُبۡعَثُ حَیًّا ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়াছ্‌ছালা–মূ 'আলাইইয়া ইয়াওমা উলিত্‌তু ওয়া ইয়াওমা আমূতু ওয়া ইয়াওমা উব্'আছু হ'াইইয়া– ।	
তরজমা	'আমার প্রতি শান্তি যেদিন আমি জন্মলাভ করিয়াছি, যেদিন আমার মৃত্যু হইবে এবং যেদিন জীবিত অবস্থায় আমি উত্থিত হইব।'	
	ذٰلِکَ عِیۡسَی ابۡنُ مَرۡیَمَ ۚ قَوۡلَ الۡحَقِّ الَّذِیۡ فِیۡهِ یَمۡتَرُوۡنَ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	য'া–লিকা 'ঈছাবনু মারইয়ামা (ج) ক'াওলাল হ'াক্কি'ল্লায'ী ফীহি ইয়াম্‌তারূন ।	
তরজমা	এই-ই মার্‌ইয়াম-তনয় 'ঈসা। আমি বলিলাম সত্য কথা, যে বিষয়ে উহারা বিতর্ক করে।	
	مَا کَانَ لِلّٰهِ اَنۡ یَّتَّخِذَ مِنۡ وَّلَدٍ ۙ سُبۡحٰنَهٗ ؕ اِذَا قَضٰۤی اَمۡرًا فَاِنَّمَا یَقُوۡلُ لَهٗ کُنۡ فَیَکُوۡنُ ﴿ؕ۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	মা– কা–না লিল্লা–হি আইঁ ইয়াত্তাখিয'া মিওঁ ওয়ালাদিং (لا) ছুবহ'া–নাহূ (ط) ইয'া– ক'াদ'া˜ আমরাং ফাইন্নামা– ইয়াকূ'লু লাহূ কুং ফাইয়াকূন্ ।	
তরজমা	সন্তান গ্রহণ করা আল্লাহ্‌র কাজ নহে, তিনি পবিত্র মহিমময়। তিনি যখন কিছু স্থির করেন তখন সেই সম্পর্কে বলেন 'হও' এবং উহা হইয়া যায়।	
	وَ اِنَّ اللّٰهَ رَبِّیۡ وَ رَبُّکُمۡ فَاعۡبُدُوۡهُ ؕ هٰذَا صِرَاطٌ مُّسۡتَقِیۡمٌ ﴿۳۶﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাল্লা–হা রাব্বী ওয়ারাব্বুকুম ফা'বুদূহু (ط) হা–য'া–সিরা–তুম মুছ্‌তাক'ীম্ ।	
তরজমা	আল্লাহ্‌ই আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালক ; সুতরাং তোমরা তাঁহার 'ইবাদত কর, ইহাই সরল পথ।	

	فَاخْتَلَفَ الْأَحْزَابُ مِنْۢ بَيْنِهِمْ ۚ فَوَيْلٌ لِّلَّذِيْنَ كَفَرُوْا مِنْ مَّشْهَدِ يَوْمٍ عَظِيْمٍ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ফাখ্তালাফাল আহ্‌ঝা-বু মিম্ বাইনিহিম (ج) ফাওয়াইলুল্ লিল্লায ীনা কাফারূ মিম মাশ্হাদি ইয়াওমিন্ 'আজ ীম।	
তরজমা	অতঃপর দলগুলি নিজেদের মধ্যে মতানৈক্য সৃষ্টি করিল, সুতরাং দুর্ভোগ কাফিরদের জন্য মহাদিবস আগমনকালে।	
	اَسْمِعْ بِهِمْ وَاَبْصِرْ ۙ يَوْمَ يَاْتُوْنَنَا لٰكِنِ الظّٰلِمُوْنَ الْيَوْمَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	আছ্মি'বিহিম্ ওয়া আবসির্ (ﻻ) ইয়াওমা ইয়া'তূনানা-লা-কিনিজ জ া-লিমূনাল ইয়াওমা ফী দ ালা-লিম মুবীন্।	
তরজমা	উহারা যেদিন আমার নিকট আসিবে সেই দিন উহারা কত স্পষ্ট শুনিবে ও দেখিবে! কিন্তু জালিমরা আজ স্পষ্ট বিভ্রান্তিতে আছে।	
	وَاَنْذِرْهُمْ يَوْمَ الْحَسْرَةِ اِذْ قُضِيَ الْاَمْرُ ۘ وَهُمْ فِيْ غَفْلَةٍ وَّهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়া আংযি রহুম ইয়াওমাল হ াছ্রাতি ইয কু দি য়াল্ আম্র (م)। ওয়াহুম্ ফী গাফ্লাতিওঁ ওয়াহুম্ লা-ইউ'মিনূন্।	
তরজমা	উহাদেরকে সতর্ক করিয়া দাও পরিতাপ দিবস সম্বন্ধে, যখন সকল সিদ্ধান্ত হইয়া যাইবে। এখন উহারা গাফিল এবং উহারা বিশ্বাস করে না।	
	اِنَّا نَحْنُ نَرِثُ الْاَرْضَ وَمَنْ عَلَيْهَا وَاِلَيْنَا يُرْجَعُوْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ইন্না-নাহ নু নারিছু ল আরদ া ওয়ামান্ 'আলাইহা- ওয়া ইলাইনা-ইউরজা'উন্।	
তরজমা	নিশ্চয়ই পৃথিবীর ও উহার উপর যাহারা আছে তাহাদের চূড়ান্ত মালিকানা আমারই রহিবে এবং উহারা আমারই নিকট প্রত্যানীত হইবে।	
	وَاذْكُرْ فِي الْكِتٰبِ اِبْرٰهِيْمَ ۬ اِنَّهٗ كَانَ صِدِّيْقًا نَّبِيًّا ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়ায কুর ফিল কিতা-বি ইবরা-হীমা (ط) ইন্নাহূ কা-না সিদ্দীক ান্ নাবিইইয়া-।	
তরজমা	স্মরণ কর, এই কিতাবে উল্লিখিত ইব্রাহীমের কথা; সে ছিল সত্যনিষ্ঠ, নবী।	
	اِذْ قَالَ لِاَبِيْهِ يٰۤاَبَتِ لِمَ تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ وَلَا يُغْنِيْ عَنْكَ شَيْـًٔا ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ইয কা-লা লিআবীহি ইয়া~ আবাতি লিমা তা'বুদু মা-লা-ইয়াছ্মা'উ ওয়ালা-ইউব্সিরূ ওয়ালা- ইউগ্নী 'আংকা শাইআ-।	
তরজমা	যখন সে তাহার পিতাকে বলিল, 'হে আমার পিতা! তুমি তাহার 'ইবাদত কর কেন যে শুনে না, দেখে না এবং তোমার কোনই কাজে আসে না?'	
	يٰۤاَبَتِ اِنِّيْ قَدْ جَآءَنِيْ مِنَ الْعِلْمِ مَا لَمْ يَاْتِكَ فَاتَّبِعْنِيْۤ اَهْدِكَ صِرَاطًا سَوِيًّا ﴿٤٣﴾	43

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আবাতি ইন্নী ক˙াদ জা~আনী মিনাল ‘ইলমি মা–লাম্ ইয়া’তিকা ফাত্তাবি‘নী˜ আহ্‌দিকা সিরা–ত˙াং ছাবি˙ইইয়া–।	
তরজমা	‘হে আমার পিতা! আমার নিকট তো আসিয়াছে জ্ঞান যাহা তোমার নিকট আসে নাই; সুতরাং আমার অনুসরণ কর, আমি তোমাকে সঠিক পথ দেখাইব।	
তরজমা	অতঃপর আমি তাহার নিকট ওহী পাঠাইলাম, 'তুমি আমার তত্ত্বাবধানে ও আমার ওহী অনুযায়ী নৌযান নির্মাণ কর, অতঃপর যখন আমার আদেশ আসিবে ও উনুন উথলিয়া উঠিবে তখন উঠাইয়া লইও প্রত্যেক জীবের এক এক জোড়া এবং তোমার পরিবার-পরিজনকে, তাহাদেরকে ছাড়া তাহাদের মধ্যে যাহাদের বিরুদ্ধে পূর্বে সিদ্ধান্ত হইয়াছে। আর তাহাদের সম্পর্কে তুমি আমাকে কিছু বলিও না যাহারা জুলুম করিয়াছে। তাহারা তো নিমজ্জিত হইবে।	
	فَاِذَا اسْتَوَيْتَ اَنْتَ وَمَنْ مَّعَكَ عَلَى الْفُلْكِ فَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ نَجّٰنَا مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ফাইযা্ছ্ তাওয়াইতা আংতা ওয়া মাম মা'আকা 'আলাল ফুলকি ফাকু্লিল্ হা্ম্দু লিল্লা-হিল্লায্ী নাজজা-না-মিনাল কা্ওমিজ্ জ্া-লিমীন।	
তরজমা	যখন তুমি ও তোমার সঙ্গীরা নৌযানে আসন গ্রহণ করিবে তখন বলিও, 'সমস্ত প্রশংসা আল্লাহ্‌রই, যিনি আমাদেরকে উদ্ধার করিয়াছেন জালিম সম্প্রদায় হইতে।'	
	وَقُلْ رَّبِّ اَنْزِلْنِيْ مُنْزَلًا مُّبٰرَكًا وَّاَنْتَ خَيْرُ الْمُنْزِلِيْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ওয়া কু্র রাব্বি আংঝিলনী মুংঝালাম মুবা-রাকাওঁ ওয়া আংতা খাইরুল মুংঝিলীন।	
তরজমা	আরও বলিও, 'হে আমার প্রতিপালক! আমাকে এমনভাবে অবতরণ করাও যাহা হইবে কল্যাণকর; আর তুমিই শ্রেষ্ঠ অবতরণকারী।'	
	اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ وَّاِنْ كُنَّا لَمُبْتَلِيْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ইন্না ফী যা্-লিকা লাআ-য়া-তিওঁ ওয়া ইং কুন্না-লামুব্তালীন।	
তরজমা	ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে। আর আমি তো উহাদেরকে পরীক্ষা করিয়াছিলাম।	
	ثُمَّ اَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قَرْنًا اٰخَرِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ছু্ম্মা আ˜শা'না-মিম বা'দিহিম কা্রনান আ-খারীন।	
তরজমা	অতঃপর তাহাদের পরে অন্য এক সম্প্রদায় সৃষ্টি করিয়াছিলাম;	
	فَاَرْسَلْنَا فِيْهِمْ رَسُوْلًا مِّنْهُمْ اَنِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ফাআর্ছালনা- ফীহিম রাছূলাম মিনহুম আনি' বুদুল্লা-হা মা-লাকুম মিন ইলা-হিন গাইরুহূ (ط) আফালা-তাত্তাকূ্ন।	
তরজমা	এবং উহাদেরই একজনকে উহাদের নিকট রাসূল করিয়া পাঠাইয়াছিলাম! সে বলিয়াছিল, 'তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই, তবুও কি তোমরা সাবধান হইবে না ?'	

	وَقَالَ الْمَلَاُ مِنْ قَوْمِهِ الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِلِقَآءِ الْاٰخِرَةِ وَاَتْرَفْنٰهُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۙ مَا هٰذَاۤ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۙ يَاْكُلُ مِمَّا تَاْكُلُوْنَ مِنْهُ وَيَشْرَبُ مِمَّا تَشْرَبُوْنَ ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া ক া-লাল মালাউ মিং ক াওমিহিল্লায ীনা কাফারূ ওয়া কায্যা বূ বিলিক া~ইল আ-খিরাতি ওয়া আতরাফনা-হুম ফিল হ ায়া-তিদ্ দুনইয়া- (১) মা হা-য া~ ইল্লা- বাশারুম মিছ লুকুম ইয়া'কুলু (১) মিম্মা-তা'কুলূনা মিনহু ওয়া ইয়াশরাবু মিম্মা-তাশরাবূন।	
তরজমা	তাহার সম্প্রদায়ের প্রধানগণ, যাহারা কুফরী করিয়াছিল ও আখিরাতের সাক্ষাতকারকে অস্বীকার করিয়াছিল এবং যাহাদেরকে আমি দিয়াছিলাম পার্থিব জীবনে প্রচুর ভোগসম্ভার, তাহারা বলিয়াছিল, 'এ তো তোমাদের মতই একজন মানুষ; তোমরা যাহা আহার কর, সে তাহাই আহার করে এবং তোমরা যাহা পান কর, সেও তাহাই পান করে;	
	وَلَئِنْ اَطَعْتُمْ بَشَرًا مِّثْلَكُمْ اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া লাইন আত া'তুম বাশারাম মিছ লাকুম ইন্নাকুম ইয াল্ লাখা-ছিরূন।	
তরজমা	'যদি তোমরা তোমাদেরই মত একজন মানুষের আনুগত্য কর তবে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হইবে;	
	اَيَعِدُكُمْ اَنَّكُمْ اِذَا مِتُّمْ وَكُنْتُمْ تُرَابًا وَّعِظَامًا اَنَّكُمْ مُّخْرَجُوْنَ ﴿۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	আইয়া'ইদুকুম আন্নাকুম ইয া-মিত্তুম ওয়া কুংতুম তুরা-বাওঁ ওয়া 'ইজ া-মান আন্নাকুম মুখরাজূন।	
তরজমা	'সে কি তোমাদেরকে এই প্রতিশ্রুতিই দেয় যে, তোমাদের মৃত্যু হইলে এবং তোমরা মৃত্তিকা ও অস্থিতে পরিণত হইলেও তোমাদেরকে উত্থিত করা হইবে ?	
	هَيْهَاتَ هَيْهَاتَ لِمَا تُوْعَدُوْنَ ﴿۳۶﴾	36
প্রতিবর্ণায়ন	হাইহা-তা হাই-হাতা লিমা-তূ'আদূন।	
তরজমা	'অসম্ভব, তোমাদেরকে যে বিষয়ে প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে তাহা অসম্ভব।	
	اِنْ هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا نَحْنُ بِمَبْعُوْثِيْنَ ﴿۳۷﴾	37
প্রতিবর্ণায়ন	ইন হিয়া ইল্লা- হ ায়া-তুনাদ্ দুনইয়া- নামূতু ওয়া নাহ ইয়া- ওয়ামা- নাহ নু বিমাব'উছ ীন।	
তরজমা	'একমাত্র পার্থিব জীবনই আমাদের জীবন, আমরা মরি বাঁচি এইখানেই এবং আমরা উত্থিত হইব না।	

	إِنْ هُوَ إِلَّا رَجُلٌ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا وَمَا نَحْنُ لَهُ بِمُؤْمِنِينَ ۝٣٨	38
প্রতিবর্ণায়ন	ইন হুওয়া ইল্লা–রাজুলুনিফতারা– ‘আলাল্লা–হি কাযি`বাও ওয়ামা– নাহ`নু লাহূ বিমু’মিনীন।	
তরজমা	‘সে তো এমন ব্যক্তি যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করিয়াছে এবং আমরা তাহাকে বিশ্বাস করিবার নই।’	
	قَالَ رَبِّ انْصُرْنِي بِمَا كَذَّبُونِ ۝٣٩	39
প্রতিবর্ণায়ন	ক`া–লা রাব্বিংসুর্নী বিমা–কায`য`াবূন।	
তরজমা	সে বলিল, ‘হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য কর; কারণ উহারা আমাকে মিথ্যাবাদী বলে।’	
	قَالَ عَمَّا قَلِيلٍ لَيُصْبِحُنَّ نَادِمِينَ ۝٤٠	40
প্রতিবর্ণায়ন	ক`া–লা ‘আম্মা–ক`ালীলিল লাইউসবিহু`ন্না না–দিমীন।	
তরজমা	আল্লাহ্ বলিলেন, ‘অচিরে উহারা তো অনুতপ্ত হইবে।’	
	فَأَخَذَتْهُمُ الصَّيْحَةُ بِالْحَقِّ فَجَعَلْنَاهُمْ غُثَاءً ۚ فَبُعْدًا لِلْقَوْمِ الظَّالِمِينَ ۝٤١	41
প্রতিবর্ণায়ন	ফাআখায`াতহুমুসসাইহ`াতু বিলহ`াক্কি` ফাজা‘আলনা–হুম গুছ`া~আং (ج) ফাবু‘দাল লিলক`াওমিজ`জ`া–লিমীন।	
তরজমা	অতঃপর সত্য সত্যই এক বিকট আওয়াজ উহাদেরকে আঘাত করিল এবং আমি উহাদেরকে তরঙ্গ-তাড়িত আবর্জনাসদৃশ করিয়া দিলাম। সুতরাং ধ্বংস হইয়া গেল জালিম সম্প্রদায়।	
	ثُمَّ أَنْشَأْنَا مِنْ بَعْدِهِمْ قُرُونًا آخَرِينَ ۝٤٢	42
প্রতিবর্ণায়ন	ছু`ম্মা আংশা’না–মিম বা‘দিহিম কু`রুনান আ–খারীন।	
তরজমা	অতঃপর তাহাদের পরে আমি বহু জাতি সৃষ্টি করিয়াছি।	
	مَا تَسْبِقُ مِنْ أُمَّةٍ أَجَلَهَا وَمَا يَسْتَأْخِرُونَ ۝٤٣	43
প্রতিবর্ণায়ন	মা–তাছবিকু` মিন উম্মাতিন আজালাহা–ওয়ামা–ইয়াছতা’খিরূন।	
তরজমা	কোন জাতিই তাহার নির্ধারিত কালকে ত্বরান্বিত করিতে পারে না, বিলম্বিতও করিতে পারে না।	
	ثُمَّ أَرْسَلْنَا رُسُلَنَا تَتْرَا ۖ كُلَّمَا جَاءَ أُمَّةً رَسُولُهَا كَذَّبُوهُ فَأَتْبَعْنَا بَعْضَهُمْ بَعْضًا وَجَعَلْنَاهُمْ أَحَادِيثَ ۚ فَبُعْدًا لِقَوْمٍ لَا يُؤْمِنُونَ ۝٤٤	44

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আর্ছাল্না– রুছুলানা–তাতরা– (ط) ‘কুল্লামা–জা~আ উম্মাতার রাছুলুহা– কায য াবূহু ফাআতবা‘না– বা‘দ াহুম বা‘দ াওঁ ওয়া জা‘আলনা–হুম আহ া–দীছ া (ج) ফাবু‘দাল লিকাওমিল্ লা–ইউ’মিনূন।	
তরজমা	অতঃপর আমি একের পর এক আমার রাসূল প্রেরণ করিয়াছি। যখনই কোন জাতির নিকট তাহার রাসূল আসিয়াছে তখনই উহারা তাহাকে মিথ্যাবাদী বলিয়াছে। অতঃপর আমি উহাদের একের পর এককে ধ্বংস করিলাম। আমি উহাদেরকে কাহিনীর বিষয় করিয়াছি। সুতরাং ধ্বংস হউক অবিশ্বাসীরা!	
	ثُمَّ اَرْسَلْنَا مُوْسٰى وَاَخَاهُ هٰرُوْنَ ۙ بِاٰيٰتِنَا وَسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আর্ছাল্না–মূছা– ওয়া আখা–হু হা–রূনা (ﻻ) বিআ–য়া–তিনা– ওয়া ছুলত া–নিম মুবীন।	
তরজমা	অতঃপর আমি আমার নিদর্শন ও সুস্পষ্ট প্রমাণসহ মূসা ও তাহার ভ্রাতা হারূনকে পাঠাইলাম,	
	اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا عَالِيْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ইলা–ফিরআওনা ওয়া মালাইহী ফাছ্তাকবারূ ওয়া কা–নূ ক াওমান ‘আ–লীন।	
তরজমা	ফির‘আওন ও তাহার পারিষদবর্গের নিকট। কিন্তু উহারা অহংকার করিল; উহারা ছিল উদ্ধত সম্প্রদায়।	
	فَقَالُوْٓا اَنُؤْمِنُ لِبَشَرَيْنِ مِثْلِنَا وَقَوْمُهُمَا لَنَا عٰبِدُوْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ফাক া–লূ~ আনু’মিনু লিবাশারাইনি মিছ লিনা– ওয়া ক াওমুহুমা– লানা– ‘আ–বিদূন।	
তরজমা	উহারা বলিল, ‘আমরা কি এমন দুই ব্যক্তিতে বিশ্বাস স্থাপন করিব যাহারা আমাদেরই মত এবং যাহাদের সম্প্রদায় আমাদের দাসত্ব করে ?’	
	فَكَذَّبُوْهُمَا فَكَانُوْا مِنَ الْمُهْلَكِيْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ফাকায য াবূহুমা– ফাকা–নূ মিনাল্ মুহ্লাকীন।	
তরজমা	অতঃপর উহারা তাহাদেরকে অস্বীকার করিল, ফলে উহারা ধ্বংসপ্রাপ্ত হইল।	
	وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ لَعَلَّهُمْ يَهْتَدُوْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ আ–তাইনা– মূছাল কিতা–বা লা‘আল্লাহুম ইয়াহ্তাদূন।	
তরজমা	আমি তো মূসাকে কিতাব দিয়াছিলাম যাহাতে উহারা সৎপথ পায়।	
	وَجَعَلْنَا ابْنَ مَرْيَمَ وَاُمَّهٗٓ اٰيَةً وَّاٰوَيْنٰهُمَآ اِلٰى رَبْوَةٍ ذَاتِ قَرَارٍ وَّمَعِيْنٍ ﴿٥٠﴾	50

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আল্নাব্না মারয়ামা ওয়া উম্মাহূ˜ আ-য়াতাওঁ ওয়াআ- ওয়াইনা-হুমা˜ ইলা- রবওয়াতিং য˙া-তি ক˙ারা-রিওঁ ওয়া মা‘ঈন।	
তরজমা	এবং আমি মার্‌ইয়াম-তনয় ও তাহার জননীকে করিয়াছিলাম এক নিদর্শন, তাহাদেরকে আশ্রয় দিয়াছিলাম এক নিরাপদ ও প্রস্রবণবিশিষ্ট উচ্চ ভূমিতে।	
	يَٰٓأَيُّهَا ٱلرُّسُلُ كُلُوا۟ مِنَ ٱلطَّيِّبَٰتِ وَٱعْمَلُوا۟ صَٰلِحًا ۖ إِنِّى بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ ۝٥١	51
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহার্ রুছুলু কুলূ মিনাত˙ ত˙াইয়িবা-তি ওয়া‘মালূ সা-লিহ˙ান (ط) ইন্নী বিমা- তা‘মালূনা ‘আলীম।	
তরজমা	‘হে রাসূলগণ! তোমরা পবিত্র বস্তু হইতে আহার কর ও সৎকর্ম কর; তোমরা যাহা কর সে সম্বন্ধে আমি সবিশেষ অবহিত।	
	وَإِنَّ هَٰذِهِۦٓ أُمَّتُكُمْ أُمَّةً وَٰحِدَةً وَأَنَا۠ رَبُّكُمْ فَٱتَّقُونِ ۝٥٢	52
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না হা-যি˙হী˜ উম্মাতুকুম উম্মাতাওঁ ওয়াহি˙দাতাওঁ ওয়া আনা- রাব্বুকুম ফাত্তাকূ˙ন।	
তরজমা	‘এবং তোমাদের এই যে জাতি ইহা তো একই জাতি এবং আমিই তোমাদের প্রতিপালক; অতএব আমাকে ভয় কর।’	
	فَتَقَطَّعُوٓا۟ أَمْرَهُم بَيْنَهُمْ زُبُرًا ۖ كُلُّ حِزْبٍۭ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ ۝٥٣	53
প্রতিবর্ণায়ন	ফাতাক˙াত˙ত˙া‘উ˜ আম্‌রাহুম বাইনাহুম ঝুবুরাং (ط) কুল্লু হি˙ঝবিম্ বিমা- লাদাই্‌হিম ফারিহূ˙ন।	
তরজমা	কিন্তু তাহারা নিজেদের মধ্যে তাহাদের দীনকে বহুধা বিভক্ত করিয়াছে। প্রত্যেক দলই তাহাদের নিকট যাহা আছে তাহা লইয়া আনন্দিত।	
	فَذَرْهُمْ فِى غَمْرَتِهِمْ حَتَّىٰ حِينٍ ۝٥٤	54
প্রতিবর্ণায়ন	ফায˙ারহুম ফী গামরাতিহিম হ˙াত্তা- হ˙ীন।	
তরজমা	সুতরাং কিছুকালের জন্য উহাদেরকে স্বীয় বিভ্রান্তিতে থাকিতে দাও।	
	أَيَحْسَبُونَ أَنَّمَا نُمِدُّهُم بِهِۦ مِن مَّالٍ وَبَنِينَ ۝٥٥	55
প্রতিবর্ণায়ন	আইয়াহ˙ছাবূনা আন্নামা- নুমিদ্দুহুম বিহী মিম মা-লিওঁ ওয়া বানীন।	
তরজমা	উহারা কি মনে করে যে, আমি উহাদেরকে সাহায্যস্বরূপ যে ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি দান করি, তদ্দ্বারা	
	نُسَارِعُ لَهُمْ فِى ٱلْخَيْرَٰتِ ۚ بَل لَّا يَشْعُرُونَ ۝٥٦	56
প্রতিবর্ণায়ন	নুছা-রি‘উ লাহুম ফিল খাইরা-তি (ط) বাল লা-ইয়াশ‘উরূন।	
তরজমা	উহাদের জন্য সকল প্রকার মঙ্গল ত্বরান্বিত করিতেছি ? না, উহারা বুঝে না।	

	اِنَّ الَّذِيۡنَ هُمۡ مِّنۡ خَشۡيَةِ رَبِّهِمۡ مُّشۡفِقُوۡنَ ۝٥٧	57
প্রতিবর্ণায়ন	ইন্নাল্ লায ীনা হুম মিন খাশইয়াতি রাব্বিহিম মুশফিকূ ন।	
তরজমা	নিশ্চয় যাহারা তাহাদের প্রতিপালকের ভয়ে সন্ত্রস্ত,	
	وَالَّذِيۡنَ هُمۡ بِاٰيٰتِ رَبِّهِمۡ يُؤۡمِنُوۡنَ ۝٥٨	58
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা হুম বিআ-য়া-তি রাব্বিহিম ইউ'মিনূন।	
তরজমা	যাহারা তাহাদের প্রতিপালকের নিদর্শনাবলীতে ঈমান আনে,	
	وَالَّذِيۡنَ هُمۡ بِرَبِّهِمۡ لَا يُشۡرِكُوۡنَ ۝٥٩	59
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা হুম বিরাব্বিহিম লা-ইউশরিকূন।	
তরজমা	যাহারা তাহাদের প্রতিপালকের সঙ্গে শরীক করে না,	
	وَالَّذِيۡنَ يُؤۡتُوۡنَ مَاۤ اٰتَوْا وَّقُلُوۡبُهُمۡ وَجِلَةٌ اَنَّهُمۡ اِلٰى رَبِّهِمۡ رٰجِعُوۡنَ ۝٦٠	60
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা ইউ'তূনা মা˜ আ-তাওঁ ওয়া কু লূবুহুম ওয়াজিলাতুন আন্নাহুম ইলা- লাব্বিহিম রা-জি'উন।	
তরজমা	এবং যাহারা তাহাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন করিবে এই বিশ্বাসে তাহাদের যাহা দান করিবার তাহা দান করে ভীত-কম্পিত হৃদয়ে,	
	اُولٰٓئِكَ يُسٰرِعُوۡنَ فِى الۡخَيۡرٰتِ وَهُمۡ لَهَا سٰبِقُوۡنَ ۝٦١	61
প্রতিবর্ণায়ন	উলা~ইকা ইউছা-রি'উনা ফিল খাইরা-তি ওয়া হুম লাহা- ছা- বিকূ ন।	
তরজমা	তাহারাই দ্রুত সম্পাদন করে কল্যাণকর কাজ এবং তাহারা উহাতে অগ্রগামী হয়।	
	وَلَا نُكَلِّفُ نَفۡسًا اِلَّا وُسۡعَهَا وَلَدَيۡنَا كِتٰبٌ يَّنۡطِقُ بِالۡحَقِّ وَهُمۡ لَا يُظۡلَمُوۡنَ ۝٦٢	62
প্রতিবর্ণায়ন	ওয়ালা- নুকাল্লিফু নাফছান ইল্লা- উছ'আহা- ওয়া লাদাইনা- কিতা-বুইঁ ইয়াংতি কু বিল্হ াক্কি ওয়া হুম লা-ইউজ লামূন।	
তরজমা	আমি কাহাকেও তাহার সাধ্যাতীত দায়িত্ব অর্পণ করি না এবং আমার নিকট আছে এক কিতাব যাহা সত্য ব্যক্ত করে এবং উহাদের প্রতি জুলুম করা হইবে না।	
	بَلۡ قُلُوۡبُهُمۡ فِىۡ غَمۡرَةٍ مِّنۡ هٰذَا وَلَهُمۡ اَعۡمَالٌ مِّنۡ دُوۡنِ ذٰلِكَ هُمۡ لَهَا عٰمِلُوۡنَ ۝٦٣	63
প্রতিবর্ণায়ন	বাল কু লূবুহুম ফী গাম্‌রাতিম মিন হা-য া- ওয়া লাহুম 'আমা-লুম মিং দূনি য া-লিকা হুম লাহা- 'আ-মিলূন।	
তরজমা	বরং এই বিষয়ে উহাদের অন্তর অজ্ঞানতায় আচ্ছন্ন, এতদ্ব্যতীত তাহাদের আরও কাজ আছে যাহা উহারা করিয়া থাকে।	
	حَتّٰۤى اِذَاۤ اَخَذۡنَا مُتۡرَفِيۡهِمۡ بِالۡعَذَابِ اِذَا هُمۡ يَجۡـَٔرُوۡنَ ۝٦٤	64

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	হ্াত্তা~ ইযা~ আখায্না– মুত্রাফীহিম বিল্আযা–বি ইযা–হুম ইয়াজআরূন।	
তরজমা	আর আমি যখন উহাদের ঐশ্বর্যশালী ব্যক্তিদেরকে শাস্তি দ্বারা ধৃত করি তখনই উহারা আর্তনাদ করিয়া উঠে।	
	لَا تَجْـَٔرُوا الْيَوْمَ ۖ إِنَّكُم مِّنَّا لَا تُنصَرُونَ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	লা– তাজআরুল ইয়াওমা (قف) ইন্নাকুম মিন্না– লা– তুংসারূন।	
তরজমা	তাহাদেরকে বলা হইবে, 'আজ আর্তনাদ করিও না, তোমরা আমার সাহায্য পাইবে না।'	
	قَدْ كَانَتْ ءَايَٰتِى تُتْلَىٰ عَلَيْكُمْ فَكُنتُمْ عَلَىٰٓ أَعْقَٰبِكُمْ تَنكِصُونَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ক্াদ কা–নাত আ–য়া–তী তুতলা– আলাইকুম ফাকুংতুম 'আলা~ আ'ক্া–বিকুম তাংকিসূন।	
তরজমা	আমার আয়াত তো তোমাদের নিকট আবৃত্তি করা হইত, কিন্তু তোমরা পিছনে ফিরিয়া সরিয়া পড়িতে-	
	مُسْتَكْبِرِينَ ۖ بِهِۦ سَٰمِرًا تَهْجُرُونَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	মুছতাক্বিরীনা (ق) বিহী ছা–মিরাং তাহ্জুরূন।	
তরজমা	দম্ভভরে, এই বিষয়ে অর্থহীন গল্প-গুজব করিতে করিতে।	
	أَفَلَمْ يَدَّبَّرُوا الْقَوْلَ أَمْ جَآءَهُم مَّا لَمْ يَأْتِ ءَابَآءَهُمُ الْأَوَّلِينَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	আফালাম ইয়াদ্দাব্বারুল ক্াওলা আম জা~আহুম মা–লাম ইয়া'তি আ–বা~আ হুমুল আওওয়ালীন।	
তরজমা	তবে কি উহারা এই বাণী অনুধাবন করে না? অথবা উহাদের নিকট কি এমন কিছু আসিয়াছে যাহা উহাদের পূর্বপুরুষদের নিকট আসে নাই ?	
	أَمْ لَمْ يَعْرِفُوا رَسُولَهُمْ فَهُمْ لَهُۥ مُنكِرُونَ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	আম লাম ইয়া'রিফূ রাছুলাহুম ফাহুম লাহূ মুংকিরূন।	
তরজমা	অথবা উহারা কি উহাদের রাসূলকে চিনে না বলিয়া তাহাকে অস্বীকার করে ?	
	أَمْ يَقُولُونَ بِهِۦ جِنَّةٌۢ ۚ بَلْ جَآءَهُم بِالْحَقِّ وَأَكْثَرُهُمْ لِلْحَقِّ كَٰرِهُونَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	আম ইয়াক্ূলূনা বিহী জিন্নাতুম (ط) বাল জা~আহুম বিল্হ্াক্কি ওয়া আকছ্ারুহুম লিলহ্াক্কি কা–রিহূন।	
তরজমা	অথবা উহারা কি বলে যে, সে উন্মাদনাগ্রস্ত, বস্তুত সে উহাদের নিকট সত্য আনিয়াছে এবং উহাদের অধিকাংশ সত্যকে অপসন্দ করে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَوِ اتَّبَعَ الْحَقُّ اَهْوَآءَهُمْ لَفَسَدَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ وَمَنْ فِيْهِنَّ ؕ بَلْ اَتَيْنٰهُمْ بِذِكْرِهِمْ فَهُمْ عَنْ ذِكْرِهِمْ مُّعْرِضُوْنَ ﴿۷۱﴾	**71**
প্রতিবর্ণায়ন	ওয়ালা বি`ত্তাবা‘আল হা`ক্কু` আহ্ওয়া~আহুম লাফাছাদাতিছ্ ছামা-ওয়া–তু ওয়াল আরদ` ওয়া মাং ফীহিন্না (ط) বাল আতাইনা–হুম বিযি`করিহিম ফাহুম ‘আন যি`করিহিম মু‘রিদূ`ন।	
তরজমা	সত্য যদি উহাদের কামনা-বাসনার অনুগামী হইত তবে বিশৃংখল হইয়া পড়িত আকাশমণ্ডলী, পৃথিবী এবং উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুই। পক্ষান্তরে আমি উহাদেরকে দিয়াছি উপদেশ, কিন্তু উহারা উপদেশ হইতে মুখ ফিরাইয়া নেয়।	
	اَمْ تَسْـَٔلُهُمْ خَرْجًا فَخَرَاجُ رَبِّكَ خَيْرٌ ۖ وَّهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿۷۲﴾	**72**
প্রতিবর্ণায়ন	আম তাছ্আলুহুম খার্‌জাং ফাখারা–জু রাব্বিকা খাইরুওঁ (ق) ওয়া হুওয়া খাইরুর রা–ঝিক`ীন।	
তরজমা	অথবা তুমি কি উহাদের নিকট কোন প্রতিদান চাও ? তোমার প্রতিপালকের প্রতিদানই শ্রেষ্ঠ এবং তিনিই শ্রেষ্ঠ রিযিকদাতা।	
	وَاِنَّكَ لَتَدْعُوْهُمْ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿۷۳﴾	**73**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাকা লাতাদ‘উহুম ইলা– সিরা–তি`ম মুছ্তাক`ীম।	
তরজমা	তুমি তো উহাদেরকে সরল পথে আহ্বান করিতেছ।	
	وَاِنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ عَنِ الصِّرَاطِ لَنٰكِبُوْنَ ﴿۷۴﴾	**74**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাল্লায`ীনা লা–ইউ’মিনূনা বিলআ–খিরাতি ‘আনিস্‌সিরা–তি` লানা–কিবূন।	
তরজমা	যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহারা তো সরল পথ হইতে বিচ্যুত,	
	وَلَوْ رَحِمْنٰهُمْ وَكَشَفْنَا مَا بِهِمْ مِّنْ ضُرٍّ لَّلَجُّوْا فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿۷۵﴾	**75**
প্রতিবর্ণায়ন	ওয়া লাও রাহি`ম্‌না–হুম ওয়াকাশাফ্‌না– মা– বিহিম মিং দ`ুর্‌রিল লালাজজু ফী তু`গইয়া–নিহিম ইয়া‘মাহূন।	
তরজমা	আমি উহাদেরকে দয়া করিলেও এবং উহাদের দুঃখ-দৈন্য দূর করিলেও উহারা অবাধ্যতায় বিভ্রান্তের ন্যায় ঘুরিতে থাকিবে।	
	وَلَقَدْ اَخَذْنٰهُمْ بِالْعَذَابِ فَمَا اسْتَكَانُوْا لِرَبِّهِمْ وَمَا يَتَضَرَّعُوْنَ ﴿۷۶﴾	**76**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক`াদ আখায`না–হুম বিল’আয`া–বি ফামাছ্তা কা–নূ লিরাব্বিহিম ওয়ামা– ইয়াতাদ`াররা‘উন।	

তরজমা	আমি তো উহাদেরকে শাস্তি দ্বারা ধৃত করিলাম, কিন্তু উহারা উহাদের প্রতিপালকের প্রতি বিনত হইল না এবং কাতর প্রার্থনাও করে না।	
	حَتّٰۤی اِذَا فَتَحۡنَا عَلَیۡهِمۡ بَابًا ذَا عَذَابٍ شَدِیۡدٍ اِذَا هُمۡ فِیۡهِ مُبۡلِسُوۡنَ ﴿۷۷﴾	**77**
প্রতিবর্ণায়ন	হ'ত্তা~ ইযা'-ফাতাহ'না- 'আলাইহিম বা-বাং যা'- 'আযা'-বিং শাদীদিন ইযা'-হুম ফীহি মুব্‌লিছূন।	
তরজমা	অবশেষে যখন আমি উহাদের জন্য কঠিন শাস্তির দুয়ার খুলিয়া দেই তখনই উহারা ইহাতে হতাশ হইয়া পড়ে।	
	وَ هُوَ الَّذِیۡۤ اَنۡشَاَ لَکُمُ السَّمۡعَ وَ الۡاَبۡصَارَ وَ الۡاَفۡـِٕدَۃَ ؕ قَلِیۡلًا مَّا تَشۡکُرُوۡنَ ﴿۷۸﴾	**78**
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লাযী~ আংশাআলাকুমুছ্ ছাম'আ ওয়াল আবসা-রা ওয়াল আফইদাতা (ط) ক'লীলাম মা- তাশ্‌কুরূন।	
তরজমা	তিনিই তোমাদের জন্য কর্ণ, চক্ষু ও অন্তঃকরণ সৃষ্টি করিয়াছেন; তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ করিয়া থাক।	
	وَ هُوَ الَّذِیۡ ذَرَاَکُمۡ فِی الۡاَرۡضِ وَ اِلَیۡهِ تُحۡشَرُوۡنَ ﴿۷۹﴾	**79**
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লাযী যা'রা-আকুম ফিল আর্‌দি' ওয়া ইলাইহি তুহ'শারূন।	
তরজমা	তিনিই তোমাদেরকে পৃথিবীতে বিস্তৃত করিয়াছেন এবং তোমাদেরকে তাঁহারই নিকট একত্র করা হইবে।	
	وَ هُوَ الَّذِیۡ یُحۡیٖ وَ یُمِیۡتُ وَ لَهُ اخۡتِلَافُ الَّیۡلِ وَ النَّهَارِ ؕ اَفَلَا تَعۡقِلُوۡنَ ﴿۸۰﴾	**80**
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লাযী ইউহ'য়ী ওয়া ইউমীতু ওয়ালাহুখ্‌তিলা-ফুল্ লাইলি ওয়ান্নাহা-রি (ط) আফালা- তা'কি'লূন।	
তরজমা	তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান এবং তাঁহারই অধিকারে রাত্রি ও দিবসের পরিবর্তন। তবুও কি তোমরা বুঝিবে না ?	
	بَلۡ قَالُوۡا مِثۡلَ مَا قَالَ الۡاَوَّلُوۡنَ ﴿۸۱﴾	**81**
প্রতিবর্ণায়ন	বাল ক'া-লূ মিছ্'লা মা- ক'া-লাল আওওয়ালূন।	
তরজমা	এতদসত্ত্বেও উহারা বলে, যেমন বলিয়াছিল পূর্ববর্তীরা।	
	قَالُوۡۤا ءَاِذَا مِتۡنَا وَ کُنَّا تُرَابًا وَّ عِظَامًا ءَاِنَّا لَمَبۡعُوۡثُوۡنَ ﴿۸۲﴾	**82**
প্রতিবর্ণায়ন	কা-লূ~ আইযা'-মিতনা- ওয়া কুন্না- তুরা-বাওঁ ওয়া 'ইজা-মান আইন্না- লামাব'উছূ'ন।	
তরজমা	উহারা বলে, 'আমাদের মৃত্যু ঘটিলে ও আমরা মৃত্তিকা ও অস্থিতে পরিণত হইলেও কি আমরা উত্থিত হইব ?	

	لَقَدْ وُعِدْنَا نَحْنُ وَاٰبَآؤُنَا هٰذَا مِنْ قَبْلُ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿۸۳﴾	83
প্রতিবর্ণায়ন	লাক্বাদ উ'ইদনা- নাহ্‌নু ওয়া আ-বা~উনা- হা-যা- মিং ক্বাবলু ইন হা-যা~ ইল্লা~ আছা-ত্বীরুল আওওয়ালীন।	
তরজমা	'আমাদেরকে তো এই বিষয়েই প্রতিশ্রুতি প্রদান করা হইয়াছে এবং অতীতে আমাদের পূর্বপুরুষগণকেও। ইহা তো সে কালের উপকথা ব্যতীত আর কিছুই নয়।'	
	قُلْ لِّمَنِ الْاَرْضُ وَمَنْ فِيْهَآ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿۸۴﴾	84
প্রতিবর্ণায়ন	ক্বুল লিমানিল আর্‌দ্বু ওয়া মাং ফীহা~ ইং কুংতুম তা'লামূন।	
তরজমা	জিজ্ঞাসা কর, 'এই পৃথিবী এবং ইহাতে যাহারা আছে তাহারা কাহার, যদি তোমরা জান ?'	
	سَيَقُوْلُوْنَ لِلّٰهِ ؕ قُلْ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿۸۵﴾	85
প্রতিবর্ণায়ন	ছাইয়াক্বূলূনা লিল্লা-হি (ط) ক্বুল আফালা- তাযাক্কারূন।	
তরজমা	উহারা বলিবে, 'আল্লাহ্‌র'। বল, 'তবুও কি তোমরা শিক্ষা গ্রহণ করিবে না ?'	
	قُلْ مَنْ رَّبُّ السَّمٰوٰتِ السَّبْعِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿۸۶﴾	86
প্রতিবর্ণায়ন	ক্বুল মার রাব্বুছ্‌ছামা-ওয়া-তিছ্‌ছাব'ই ওয়া রাব্বুল 'আরশিল 'আজীম।	
তরজমা	জিজ্ঞাসা কর, 'কে সপ্ত আকাশ এবং মহা'আর্‌শের অধিপতি ?'	
	سَيَقُوْلُوْنَ لِلّٰهِ ؕ قُلْ اَفَلَا تَتَّقُوْنَ ﴿۸۷﴾	87
প্রতিবর্ণায়ন	ছাইয়াক্বূলূনা লিল্লা-হি (ط) ক্বুল আফালা- তাত্তাক্বূন।	
তরজমা	উহারা বলিবে, 'আল্লাহ্'। বল, 'তবুও কি তোমরা সাবধান হইবে না ?'	
	قُلْ مَنْۢ بِيَدِهٖ مَلَكُوْتُ كُلِّ شَيْءٍ وَّهُوَ يُجِيْرُ وَلَا يُجَارُ عَلَيْهِ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿۸۸﴾	88
প্রতিবর্ণায়ন	ক্বুল মাম বিইয়াদিহী মালাকূতু কুল্লি শাইয়িঁও ওয়া হুওয়া ইউজীরু ওয়ালা- ইউজা-রু 'আলাইহি ইং কুংতুম তা'লামূন।	
তরজমা	জিজ্ঞাসা কর, 'সকল কিছুর কর্তৃত্ব কাহার হাতে, যিনি আশ্রয় দান করেন এবং যাঁহার উপর আশ্রয়দাতা নাই, যদি তোমরা জান ?'	
	سَيَقُوْلُوْنَ لِلّٰهِ ؕ قُلْ فَاَنّٰى تُسْحَرُوْنَ ﴿۸۹﴾	89
প্রতিবর্ণায়ন	ছাইয়াক্বূলূনা লিল্লা-হি (ط) ক্বুল ফাআন্না- তুছহারূন।	
তরজমা	উহারা বলিবে, 'আল্লাহ্‌র'। বল, 'তবুও তোমরা কেমন করিয়া মোহগ্রস্ত হইতেছ ?'	
	بَلْ اَتَيْنٰهُمْ بِالْحَقِّ وَاِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿۹۰﴾	90
প্রতিবর্ণায়ন	বাল আতাইনা-হুম বিলহাক্কি ওয়া ইন্নাহুম লাকা-যিবূন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	বরং আমি তো উহাদের নিকট সত্য পৌঁছাইয়াছি; কিন্তু উহারা তো নিশ্চিত মিথ্যাবাদী।	
	مَا اتَّخَذَ اللّٰهُ مِنۡ وَّلَدٍ وَّمَا كَانَ مَعَهٗ مِنۡ اِلٰهٍ اِذًا لَّذَهَبَ كُلُّ اِلٰهٍۢ بِمَا خَلَقَ وَلَعَلَا بَعۡضُهُمۡ عَلٰى بَعۡضٍ ؕ سُبۡحٰنَ اللّٰهِ عَمَّا يَصِفُوۡنَ ۙ﴿۹۱﴾	91
প্রতিবর্ণায়ন	মাত্তাখাযাল্লা-হু মিওঁ ওয়ালাদিওঁ ওয়ামা- কা-না মা'আহূ মিন ইলা-হিন ইযাল লাযাহাবা কুল্লু ইলা-হিম বিমা- খালাকা ওয়া লা'আলা- বা'দুহুম 'আলা- বা'দিং (ط) ছুবহা-নাল্লা-হি 'আম্মা- ইয়াসিফূন।	
তরজমা	আল্লাহ্ কোন সন্তান গ্রহণ করেন নাই এবং তাঁহার সঙ্গে অপর কোন ইলাহ্ নাই; যদি থাকিত তবে প্রত্যেক ইলাহ্ স্বীয় সৃষ্টি লইয়া পৃথক হইয়া যাইত এবং একে অপরের উপর প্রাধান্য বিস্তার করিত। উহারা যাহা বলে তাহা হইতে আল্লাহ্ কত পবিত্র!	
	عٰلِمِ الۡغَيۡبِ وَالشَّهَادَةِ فَتَعٰلٰى عَمَّا يُشۡرِكُوۡنَ ﴿۹۲﴾ ࣖ	92
প্রতিবর্ণায়ন	'আ-লিমিল গাইবি ওয়াশশাহা-দাতি ফাতা'আ-লা- 'আম্মা- ইউশ্রিকূন।	
তরজমা	তিনি দৃশ্য ও অদৃশ্যের পরিজ্ঞাতা, উহারা যাহাকে শরীক করে তিনি তাহার ঊর্ধ্বে।	
	قُلۡ رَّبِّ اِمَّا تُرِيَنِّىۡ مَا يُوۡعَدُوۡنَ ۙ﴿۹۳﴾	93
প্রতিবর্ণায়ন	কুররাব্বি ইম্মা- তুরিইয়ান্নী মা-ইউ'আদূন।	
তরজমা	বল, 'হে আমার প্রতিপালক! যে বিষয়ে তাহাদেরকে প্রতিশ্রুতি প্রদান করা হইতেছে, তুমি যদি তাহা আমাকে দেখাইতে চাও,	
	رَبِّ فَلَا تَجۡعَلۡنِىۡ فِى الۡقَوۡمِ الظّٰلِمِيۡنَ ﴿۹۴﴾	94
প্রতিবর্ণায়ন	রাব্বি ফালা- তাজ'আলনী ফিল কাউমিজ্ জা-লিমীন।	
তরজমা	'তবে, হে আমার প্রতিপালক! তুমি আমাকে জালিম সম্প্রদায়ের অন্তর্ভুক্ত করিও না।'	
	وَاِنَّا عَلٰٓى اَنۡ نُّرِيَكَ مَا نَعِدُهُمۡ لَقٰدِرُوۡنَ ﴿۹۵﴾	95
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না- 'আলা~ আননুরিইয়াকা মা- না'ইদুহুম লাকা-দিরূন।	
তরজমা	আমি তাহাদেরকে যে বিষয়ে প্রতিশ্রুতি প্রদান করিতেছি আমি তাহা তোমাকে দেখাইতে অবশ্যই সক্ষম।	
	اِدۡفَعۡ بِالَّتِىۡ هِىَ اَحۡسَنُ السَّيِّئَةَ ؕ نَحۡنُ اَعۡلَمُ بِمَا يَصِفُوۡنَ ﴿۹۶﴾	96
প্রতিবর্ণায়ন	ইদফা' বিল্লাতী হিইয়া আহছানুছ ছাইয়িআতা (ط) নাহনু আ'লামু বিমা- ইয়াসিফূন।	
তরজমা	মন্দের মুকাবিলা কর যাহা উত্তম তাহা দ্বারা; উহারা যাহা বলে আমি সে সম্বন্ধে সবিশেষ অবহিত।	

	وَقُلْ رَّبِّ اَعُوْذُ بِكَ مِنْ هَمَزٰتِ الشَّيٰطِيْنِ ۝٩٧	97
প্রতিবর্ণায়ন	ওয়া কু্ল রাব্বি আ‘উযু্বিকা মিন হামাঝা–তিশ্‌শাইয়া–তী্বন।	
তরজমা	বল, ‘হে আমার প্রতি-পালক! আমি তোমার আশ্রয় প্রার্থনা করি শয়তানের প্ররোচনা হইতে,	
	وَ اَعُوْذُ بِكَ رَبِّ اَنْ يَّحْضُرُوْنِ ۝٩٨	98
প্রতিবর্ণায়ন	ওয়া আ‘উযু্বিকা রাব্বি আইঁ ইয়াহ্‌দু্রূন।	
তরজমা	‘হে আমার প্রতিপালক! আমি তোমার আশ্রয় প্রার্থনা করি আমার নিকট উহাদের উপস্থিতি হইতে।’	
	حَتّٰۤى اِذَا جَآءَ اَحَدَهُمُ الْمَوْتُ قَالَ رَبِّ ارْجِعُوْنِ ۝٩٩	99
প্রতিবর্ণায়ন	হা্ত্তা˜ ইযা্– জা~আ আহা্দাহুমুল মাওতু কা্–লা রাব্বির্‌ জি‘উন।	
তরজমা	যখন উহাদের কাহারও মৃত্যু উপস্থিত হয় তখন সে বলে, ‘হে আমার প্রতিপালক! আমাকে পুনরায় প্রেরণ কর,	
	لَعَلِّيْۤ اَعْمَلُ صَالِحًا فِيْمَا تَرَكْتُ كَلَّا ؕ اِنَّهَا كَلِمَةٌ هُوَ قَآئِلُهَا ؕ وَمِنْ وَّرَآئِهِمْ بَرْزَخٌ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ۝١٠٠	100
প্রতিবর্ণায়ন	লা‘আল্লী˜ আ‘মালু সা–লিহা্ং ফীমা– তারাক্‌তু কাল্লা– (ط) ইন্নাহা– কালিমাতুন হুওয়া কা্~ইলুহা– (ط) ওয়ামিওঁ ওয়ারা~ইহিম বারঝাখুন ইলা– ইয়াওমি ইউব‘আছূ্ন।	
তরজমা	‘যাহাতে আমি সৎকর্ম করিতে পারি যাহা আমি পূর্বে করি নাই।’ না, ইহা হইবার নয়। ইহা তো উহার একটি উক্তি মাত্র। উহাদের সম্মুখে বারযাখ থাকিবে উত্থান দিবস পর্যন্ত।	
	فَاِذَا نُفِخَ فِى الصُّوْرِ فَلَاۤ اَنْسَابَ بَيْنَهُمْ يَوْمَئِذٍ وَّلَا يَتَسَآءَلُوْنَ ۝١٠١	101
প্রতিবর্ণায়ন	ফাইযা্– নুফিখা ফিসসূরি ফালা˜ আংছা–বা বাইনাহুম ইয়াওমায়িযি্ওঁ ওয়ালা– ইয়াতাছা~আলূন।	
তরজমা	এবং যেদিন শিংগায় ফুৎকার দেওয়া হইবে সেদিন পরস্পরের মধ্যে আত্মীয়তার বন্ধন থাকিবে না, এবং একে অপরের খোঁজ-খবর লইবে না,	
	فَمَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ فَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ۝١٠٢	102
প্রতিবর্ণায়ন	ফামাং ছা্কু্লাত মাওয়া–ঝীনুহূ ফাউলা~ইকা হুমুল মুফ্‌লিহূ্ন।	
তরজমা	এবং যাহাদের পাল্লা ভারী হইবে তাহারাই হইবে সফলকাম,	

	وَمَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ فَاُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ فِيْ جَهَنَّمَ خٰلِدُوْنَ ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	ওয়া মান খাফ্‌ফাত মাওয়া–ঝীনুহূ ফাউলা~ইকাল্লায ীনা খাছিরূ˜ আংফুছাহুম ফী জাহান্নামা খা–লিদূন।	
তরজমা	এবং যাহাদের পাল্লা হাল্‌কা হইবে তাহারাই নিজেদের ক্ষতি করিয়াছে; উহারা জাহান্নামে স্থায়ী হইবে।	
	تَلْفَحُ وُجُوْهَهُمُ النَّارُ وَهُمْ فِيْهَا كٰلِحُوْنَ ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	তালফাহু ূ উজূহাহুমুন্‌না–রু ওয়া হুম ফীহা– কা–লিহূ ন।	
তরজমা	অগ্নি উহাদের মুখমণ্ডল দগ্ধ করিবে এবং উহারা সেখানে থাকিবে বীভৎস চেহারায়;	
	اَلَمْ تَكُنْ اٰيٰتِيْ تُتْلٰى عَلَيْكُمْ فَكُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	আলাম তাকুন আ–য়া–তী তুত্‌লা– ‘আলাইকুম ফাকুংতুম বিহা– তুকায্‌যি বূন।	
তরজমা	তোমাদের নিকট কি আমার আয়াতসমূহ আবৃত্তি করা হইত না ? অথচ তোমরা সেই সকল অস্বীকার করিতে।	
	قَالُوْا رَبَّنَا غَلَبَتْ عَلَيْنَا شِقْوَتُنَا وَكُنَّا قَوْمًا ضَآلِّيْنَ ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	ক া–লূ রাব্বানা– গালাবাত ‘আলাইনা– শিক ওয়াতুনা– ওয়াকুন্না– ক াওমাং দ া~ল্লীন।	
তরজমা	উহারা বলিবে, ‘হে আমাদের প্রতিপালক! দুর্ভাগ্য আমাদেরকে পাইয়া বসিয়াছিল এবং আমরা ছিলাম এক বিভ্রান্ত সম্প্রদায়;	
	رَبَّنَآ اَخْرِجْنَا مِنْهَا فَاِنْ عُدْنَا فَاِنَّا ظٰلِمُوْنَ ﴿١٠٧﴾	107
প্রতিবর্ণায়ন	রাব্বানা˜ আখ্‌রিজ্‌না–মিনহা–ফাইন ‘উদনা–ফাইন্না–জ া–লিমূন।	
তরজমা	‘হে আমাদের প্রতিপালক! এই অগ্নি হইতে আমাদেরকে উদ্ধার কর; অতঃপর আমরা যদি পুনরায় কুফরী করি তবে তো আমরা অবশ্যই সীমালংঘনকারী হইব।’	
	قَالَ اخْسَئُوْا فِيْهَا وَلَا تُكَلِّمُوْنِ ﴿١٠٨﴾	108
প্রতিবর্ণায়ন	ক া–লাখছাউ ফীহা– ওয়ালা– তুকাল্লিমূন।	
তরজমা	আল্লাহ্ বলিবেন, ‘তোরা হীন অবস্থায় এইখানে থাক্ এবং আমার সঙ্গে কোন কথা বলিস্ না।’	
	اِنَّهٗ كَانَ فَرِيْقٌ مِّنْ عِبَادِيْ يَقُوْلُوْنَ رَبَّنَآ اٰمَنَّا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰحِمِيْنَ ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ কা–না ফারীকু ম্ মিন্ ‘ইবা–দী ইয়াকূ লূনা রাব্বানা˜ আ–মান্না–ফাগফির্‌লানা–ওয়ার্‌হ াম্‌না– ওয়াআংতা খাইরুর রা–হি মীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	আমার বান্দাগণের মধ্যে একদল ছিল যাহারা বলিত, 'হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান আনিয়াছি, তুমি আমাদেরকে ক্ষমা কর ও দয়া কর, তুমি তো সর্বশ্রেষ্ঠ দয়ালু।'	
	فَاتَّخَذْتُمُوْهُمْ سِخْرِيًّا حَتّٰٓى اَنْسَوْكُمْ ذِكْرِيْ وَكُنْتُمْ مِّنْهُمْ تَضْحَكُوْنَ ﴿۱۱۰﴾	110
প্রতিবর্ণায়ন	ফাত্তাখায্‌তুমূহুম ছিখরিইইয়ান হ়াত্তা~ আংছাওকুম যিক্‌রী ওয়া কুংতুম মিন্‌হুম তাদ্‌হ়াকূন।	
তরজমা	'কিন্তু তাহাদেরকে লইয়া তোমরা এতো ঠাট্টা-বিদ্রূপ করিতে যে, উহা তোমাদেরকে আমার কথা ভুলাইয়া দিয়াছিল। তোমরা তো তাহাদেরকে লইয়া হাসি-ঠাট্টাই করিতে।'	
	اِنِّيْ جَزَيْتُهُمُ الْيَوْمَ بِمَا صَبَرُوْٓا ۙ اَنَّهُمْ هُمُ الْفَآئِزُوْنَ ﴿۱۱۱﴾	111
প্রতিবর্ণায়ন	ইন্নী জাঝাইতুহুমুল ইয়াওমা বিমা- সাবারূ~ (ۙ) আন্নাহুম হুমুল ফা~ইঝূন।	
তরজমা	'আমি আজ তাহাদেরকে তাহাদের ধৈর্যের কারণে এমনভাবে পুরস্কৃত করিলাম যে, তাহারাই হইল সফলকাম।'	
	قٰلَ كَمْ لَبِثْتُمْ فِي الْاَرْضِ عَدَدَ سِنِيْنَ ﴿۱۱۲﴾	112
প্রতিবর্ণায়ন	ক়া-লা কাম লাবিছ্‌তুম ফিল আরদি্‌ 'আদাদা ছিনীন।	
তরজমা	আল্লাহ্ বলিবেন, 'তোমরা পৃথিবীতে কত বৎসর অবস্থান করিয়াছিলে ?'	
	قَالُوْا لَبِثْنَا يَوْمًا اَوْ بَعْضَ يَوْمٍ فَسْـَٔلِ الْعَآدِّيْنَ ﴿۱۱۳﴾	113
প্রতিবর্ণায়ন	কা-লূ লাবিছ্‌না- ইয়াওমান আও বা'দা ইয়াওমিং ফাছআলিল 'আ-দ্দীন।	
তরজমা	উহারা বলিবে, 'আমরা অবস্থান করিয়াছিলাম একদিন অথবা দিনের কিছু অংশ; আপনি না হয়, গণনাকারীদেরকে জিজ্ঞাসা করুন।'	
	قٰلَ اِنْ لَّبِثْتُمْ اِلَّا قَلِيْلًا لَّوْ اَنَّكُمْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿۱۱۴﴾	114
প্রতিবর্ণায়ন	ক়া-লা ইল লাবিছ্‌তুম ইল্লা- ক়ালীলাল্ লাও আন্নাকুম কুংতুম তা'লামূন।	
তরজমা	তিনি বলিবেন, 'তোমরা অল্প কালই অবস্থান করিয়াছিলে, যদি তোমরা জানিতে!	
	اَفَحَسِبْتُمْ اَنَّمَا خَلَقْنٰكُمْ عَبَثًا وَّاَنَّكُمْ اِلَيْنَا لَا تُرْجَعُوْنَ ﴿۱۱۵﴾	115
প্রতিবর্ণায়ন	আফাহ়্‌ছিব্‌তুম আন্নামা-খালাক়্‌না-কুম আবাছ়াওঁ ওয়া আন্নাকুম ইলাইনা- লা- তুরজা'ঊন।	
তরজমা	'তোমরা কি মনে করিয়াছিলে যে, আমি তোমাদেরকে অনর্থক সৃষ্টি করিয়াছি এবং তোমরা আমার নিকট প্রত্যাবর্তিত হইবে না ?'	

|---|---|---|
	فَتَعٰلَى اللّٰهُ الْمَلِكُ الْحَقُّ ۚ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ رَبُّ الْعَرْشِ الْكَرِيْمِ ﴿۱۱۶﴾	116
প্রতিবর্ণায়ন	ফাতাআ-লাল্লা-হুল মালিকুল হাক্কু (ج) লা~ইলা-হা ইল্লা-হুওয়া, রাব্বুল ‘আরশিল কারীম।	
তরজমা	মহিমান্বিত আল্লাহ্ যিনি প্রকৃত মালিক, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই; সম্মানিত আর্‌শের তিনি অধিপতি।	
	وَمَنْ يَّدْعُ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۙ لَا بُرْهَانَ لَهٗ بِهٖ ۙ فَاِنَّمَا حِسَابُهٗ عِنْدَ رَبِّهٖ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ الْكٰفِرُوْنَ ﴿۱۱۷﴾	117
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইয়াদ্‘উ মা‘আল্লা-হি ইলা-হান্ আ-খারা (لا) লা- বুরহা-না লাহূ বিহী (لا)ফাইন্নামা-হিছা-বুহূ ‘ইংদা রাব্বিহী (ط) ইন্নাহূ লা-ইউফলিহুল্ কা-ফিরূন।	
তরজমা	যে ব্যক্তি আল্লাহ্‌র সঙ্গে ডাকে অন্য ইলাহ্‌কে, এই বিষয়ে তাহার নিকট কোন সনদ নাই; তাহার হিসাব তাহার প্রতিপালকের নিকট আছে; নিশ্চয়ই কাফিররা সফলকাম হইবে না।	
	وَقُلْ رَّبِّ اغْفِرْ وَارْحَمْ وَاَنْتَ خَيْرُ الرّٰحِمِيْنَ ﴿۱۱۸﴾	118
প্রতিবর্ণায়ন	ওয়া কুর রাব্বিগফির ওয়ার্‌হাম ওয়া আংতা খাইরুর্‌রা-হিমীন।	
তরজমা	বল, ‘হে আমার প্রতিপালক! ক্ষমা কর ও দয়া কর, তুমিই তো সর্বশ্রেষ্ঠ দয়ালু।’	

24 - An-Nur-নূর -النور

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	سُوْرَةٌ اَنْزَلْنٰهَا وَفَرَضْنٰهَا وَاَنْزَلْنَا فِيْهَاۤ اٰيٰتٍۭ بَيِّنٰتٍ لَّعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ছূরাতুন আংঝাল্‌না-হা- ওয়া ফারাদ্‌না-হা- ওয়া আংঝালনা-ফীহা~ আ-য়া-তিম বাইয়িনা-তিল লা‘আল্লাকুম তায্‌াক্কারূন।	
তরজমা	ইহা একটি সূরা, ইহা আমি অবতীর্ণ করিয়াছি এবং ইহার বিধান-কে অবশ্যপালনীয় করিয়াছি, ইহাতে আমি অবতীর্ণ করিয়াছি সুস্পষ্ট আয়াতসমূহ যাহাতে তোমরা উপদেশ গ্রহণ কর।	
	اَلزَّانِيَةُ وَالزَّانِيْ فَاجْلِدُوْا كُلَّ وَاحِدٍ مِّنْهُمَا مِائَةَ جَلْدَةٍ ۪ وَّلَا تَاْخُذْكُمْ بِهِمَا رَاْفَةٌ فِيْ دِيْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۚ وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَآئِفَةٌ مِّنَ الْمُؤْمِنِيْنَ ﴿۲﴾	2

প্রতিবর্ণায়ন	আঝঝা–নিয়াতু ওয়াঝঝা–নী ফাজলিদূ কুল্লা ওয়াহি´দিম মিনহুমা– মিআতা জাল্‌দাতিওঁ (ص) ওয়ালা–তা'খুয´কুম বিহিমা– রা'ফাতুং ফী দীনিল্লা–হি ইং কুংতুম তু'মিনূনা বিল্লা–হি ওয়াল ইয়াওমিল আ–খিরি (ج) ওয়াল ইয়াশ্‌হাদ 'আয´া–বাহুমা– ত´া~ইফাতুম মিনাল মু'মিনীন।	
তরজমা	ব্যভিচারিণী ও ব্যভিচারী-উহাদের প্রত্যেককে এক শত কশাঘাত করিবে, আল্লাহ্‌র বিধান কার্যকরীকরণে উহাদের প্রতি দয়া যেন তোমাদেরকে প্রভাবান্বিত না করে, যদি তোমরা আল্লাহে এবং পরকালে বিশ্বাসী হও; মু'মিনদের একটি দল যেন ইহাদের শাস্তি প্রত্যক্ষ করে।	
	اَلزَّانِيۡ لَا يَنۡكِحُ اِلَّا زَانِيَةً اَوۡ مُشۡرِكَةً ۖ وَّالزَّانِيَةُ لَا يَنۡكِحُهَاۤ اِلَّا زَانٍ اَوۡ مُشۡرِكٌ ۚ وَحُرِّمَ ذٰلِكَ عَلَى الۡمُؤۡمِنِيۡنَ ۝	3
প্রতিবর্ণায়ন	আঝঝা–নী লা–ইয়াংকিহু´ ইল্লা– ঝা–নিইয়াতান্ আও মুশরিকাতাওঁ (ز) ওয়াঝঝা–নিয়াতু লা–ইয়ানকিহু´হা~ ইল্লা– ঝা–নিন্ আও মুশ্‌রিকুওঁ (ج) ওয়া হু´র্‌রিমা য´া–লিকা 'আলাল মু'মিনীন।	
তরজমা	ব্যভি-চারী-ব্যভিচারিণীকে অথবা মুশরিক নারীকে ব্যতীত বিবাহ করে না এবং ব্যভিচারিণী-তাহাকে ব্যভিচারী অথবা মুশরিক ব্যতীত কেহ বিবাহ করে না, মু'মিনদের জন্য ইহা নিষিদ্ধ করা হইয়াছে।	
	وَالَّذِيۡنَ يَرۡمُوۡنَ الۡمُحۡصَنٰتِ ثُمَّ لَمۡ يَاۡتُوۡا بِاَرۡبَعَةِ شُهَدَآءَ فَاجۡلِدُوۡهُمۡ ثَمٰنِيۡنَ جَلۡدَةً وَّلَا تَقۡبَلُوۡا لَهُمۡ شَهَادَةً اَبَدًا ۚ وَاُولٰٓـئِكَ هُمُ الۡفٰسِقُوۡنَ ۝	4
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায´ীনা ইয়ারমূনাল মুহ´সানা–তি ছু´ম্মা লাম ইয়া'তূ বিআরবা'আতি শুহাদা~আ ফাজলিদূহুম ছ´ামা–নীনা জাল্‌দাতাওঁ ওয়ালা– তাক´বালূ লাহুম শাহা–দাতান আবাদা– (ج) ওয়া উলা~ইকা হুমুল ফা–ছিকূ´ন।	
তরজমা	যাহারা সাধ্বী রমণীর প্রতি অপবাদ আরোপ করে এবং চারজন সাক্ষী উপস্থিত করে না, তাহাদেরকে আশিটি কশাঘাত করিবে এবং কখনও তাহাদের সাক্ষ্য গ্রহণ করিবে না; ইহারাই তো সত্যত্যাগী।	
	اِلَّا الَّذِيۡنَ تَابُوۡا مِنۡۢ بَعۡدِ ذٰلِكَ وَاَصۡلَحُوۡا ۚ فَاِنَّ اللّٰهَ غَفُوۡرٌ رَّحِيۡمٌ ۝	5
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লায´ীনা তা–বূ মিম বা'দি য´া–লিকা ওয়া আসলাহূ´ (ج) ফাইন্নাল্লা–হা গাফূরুর রাহ´ীম।	
তরজমা	তবে যদি ইহার পর উহারা তওবা করে ও নিজেদেরকে সংশোধন করে, আল্লাহ্ তো অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।	

	وَالَّذِيْنَ يَرْمُوْنَ اَزْوَاجَهُمْ وَلَمْ يَكُنْ لَّهُمْ شُهَدَآءُ اِلَّآ اَنْفُسُهُمْ فَشَهَادَةُ اَحَدِهِمْ اَرْبَعُ شَهٰدٰتٍۢ بِاللّٰهِ ۙ اِنَّهٗ لَمِنَ الصّٰدِقِيْنَ ۝٦	**6**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযী না ইয়ারমূনা আঝওয়া-জাহুম ওয়ালাম ইয়াকুল লাহুম শুহাদা~উ ইল্লা~আংফুছুহুম ফাশাহা-দাতু আহ াদিহিম আরবা‘উ শাহা-দা-তিম বিল্লা-হি (১) ইন্নাহূ লামিনাসসা-দিক ীন।	
তরজমা	এবং যাহারা নিজেদের স্ত্রীর প্রতি অপবাদ আরোপ করে অথচ নিজেরা ব্যতীত তাহাদের কোন সাক্ষী নাই, তাহাদের প্রত্যেকের সাক্ষ্য এই হইবে যে, সে আল্লাহ্‌র নামে চারবার শপথ করিয়া বলিবে যে, সে অবশ্যই সত্যবাদী,	
	وَالْخَامِسَةُ اَنَّ لَعْنَتَ اللّٰهِ عَلَيْهِ اِنْ كَانَ مِنَ الْكٰذِبِيْنَ ۝٧	**7**
প্রতিবর্ণায়ন	ওয়াল খা-মিছাতু আন্না লা‘নাতাল্লা-হি ‘আলাইহি ইং কা-না মিনাল কা-যি বীন।	
তরজমা	এবং পঞ্চমবারে বলিবে যে, সে মিথ্যাবাদী হইলে তাহার উপর নামিয়া আসিবে আল্লাহর লা‘নত।	
	وَيَدْرَؤُا عَنْهَا الْعَذَابَ اَنْ تَشْهَدَ اَرْبَعَ شَهٰدٰتٍۢ بِاللّٰهِ ۙ اِنَّهٗ لَمِنَ الْكٰذِبِيْنَ ۝٨	**8**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াদ্‌রাউ ‘আনহাল ‘আযা-বা আং তাশহাদা আরবা‘আ শাহা-দা-তিম বিল্লা-হি ইন্নাহূ লামিনাল কা-যি বীন।	
তরজমা	তবে স্ত্রীর শাস্তি রহিত হইবে যদি সে চারবার আল্লাহ্‌র নামে শপথ করিয়া সাক্ষ্য দেয় যে, তাহার স্বামীই মিথ্যাবাদী,	
	وَالْخَامِسَةَ اَنَّ غَضَبَ اللّٰهِ عَلَيْهَآ اِنْ كَانَ مِنَ الصّٰدِقِيْنَ ۝٩	**9**
প্রতিবর্ণায়ন	ওয়াল খা-মিছাতা আন্না গাদ াবাল্লা-হি ‘আলাইহা~ ইং কা-না মিনাসসা-দিক ীন।	
তরজমা	এবং পঞ্চমবারে বলে যে, তাহার স্বামী সত্যবাদী হইলে তাহার নিজের উপর নামিয়া আসিবে আল্লাহ্‌র গযব।	
	وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ وَاَنَّ اللّٰهَ تَوَّابٌ حَكِيْمٌ ۝١٠	**10**
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা- ফাদ লুল্লা-হি ‘আলাইকুম ওয়া রাহ মাতুহূ ওয়া আন্নাল্লা-হা তাওওয়া-বুন হ াকীম।	
তরজমা	তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকিলে তোমাদের কেহই অব্যাহতি পাইতে না; এবং আল্লাহ্ তওবা গ্রহণকারী ও প্রজ্ঞাময়।	

	إِنَّ الَّذِينَ جَآءُو بِالْإِفْكِ عُصْبَةٌ مِّنكُمْ ۚ لَا تَحْسَبُوهُ شَرًّا لَّكُم ۖ بَلْ هُوَ خَيْرٌ لَّكُمْ ۚ لِكُلِّ امْرِئٍ مِّنْهُم مَّا اكْتَسَبَ مِنَ الْإِثْمِ ۚ وَالَّذِي تَوَلَّىٰ كِبْرَهُۥ مِنْهُمْ لَهُۥ عَذَابٌ عَظِيمٌ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা জা~উ বিলইফ্কি ‘উসবাতুম মিংকুম (ط) লা তাহ ছাবূহু শার্‌রাল্লাকুম (ط) বাল হুওয়া খাইরুল্ লাকুম (ط) লিকুল্লিম্‌রিয়িম মিনহুম মাকতাছাবা মিনাল ইছ মি (ج) ওয়াল্লায ী তাওয়াল্লা-কিবরাহূ মিনহুম লাহূ ‘আয া-বুন ‘আজ ীম।	
তরজমা	যাহারা এই অপবাদ রচনা করিয়াছে তাহারা তো তোমাদেরই একটি দল; ইহাকে তোমরা তোমাদের জন্য অনিষ্টকর মনে করিও না; বরং ইহা তো তোমাদের জন্য কল্যাণকর; উহাদের প্রত্যেকের জন্য আছে উহাদের কৃত পাপকর্মের ফল এবং উহাদের মধ্যে যে এই ব্যাপারে প্রধান ভূমিকা গ্রহণ করিয়াছে, তাহার জন্য আছে মহাশাস্তি।	
	لَّوْلَآ إِذْ سَمِعْتُمُوهُ ظَنَّ الْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَٰتُ بِأَنفُسِهِمْ خَيْرًا وَقَالُوا هَٰذَآ إِفْكٌ مُّبِينٌ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	লাওলা~ইয ছামি‘তুমূহু জ ান্নাল মু’মিনূনা ওয়াল মু’মিনা-তু বিআংফুছিহিম খাইরাওঁ (ﻻ) ওয়া কা-লূ হা-য া~ ইফ্কুম মুবীন।	
তরজমা	যখন তাহারা ইহা শুনিল তখন মু’মিন পুরুষ এবং মু’মিন নারীগণ আপন লোকদের সম্পর্কে কেন ভাল ধারণা করিল না এবং বলিল না, ‘ইহা তো সুস্পষ্ট অপবাদ!’	
	لَّوْلَا جَآءُو عَلَيْهِ بِأَرْبَعَةِ شُهَدَآءَ ۚ فَإِذْ لَمْ يَأْتُوا بِالشُّهَدَآءِ فَأُولَٰٓئِكَ عِندَ اللَّهِ هُمُ الْكَٰذِبُونَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	লাওলা- জা~উ ‘আলাইহি বিআরবা‘আতি শুহাদা~আ (ج) ফাইয লাম ইয়া’তূ বিশশুহাদা~ই ফাউলা~ইকা ‘ইংদাল্লা-হি হুমুল কা-যি বূন।	
তরজমা	তাহারা কেন এই ব্যাপারে চারজন সাক্ষী উপস্থিত করে নাই ? যেহেতু তাহারা সাক্ষী উপস্থিত করে নাই, সে কারণে তাহারা আল্লাহ্‌র নিকট মিথ্যাবাদী।	
	وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُۥ فِي الدُّنْيَا وَالْءَاخِرَةِ لَمَسَّكُمْ فِي مَآ أَفَضْتُمْ فِيهِ عَذَابٌ عَظِيمٌ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা- ফাদ লুল্লা-হি আলাইকুম ওয়া রাহ মাতুহূ ফিদ্‌দুনইয়া-ওয়াল আ-খিরাতি লামছ্‌ছাকুম ফী মা~ আফাদ তুম ফীহি ‘আয া-বুন ‘আজ ীম।	
তরজমা	দুনিয়া ও আখিরাতে তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকিলে, তোমরা যাহাতে লিপ্ত ছিলে তজ্জন্য মহাশাস্তি অবশ্যই তোমাদেরকে স্পর্শ করিত,	

	اِذْ تَلَقَّوْنَهٗ بِاَلْسِنَتِكُمْ وَ تَقُوْلُوْنَ بِاَفْوَاهِكُمْ مَّا لَيْسَ لَكُمْ بِهٖ عِلْمٌ وَّ تَحْسَبُوْنَهٗ هَيِّنًا ۖۗ وَّ هُوَ عِنْدَ اللّٰهِ عَظِيْمٌ ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ইয্ তালাক্ক াওনাহূ বিআল্‌ছিনাতিকুম ওয়া তাকূ লূনা বিআফ্‌ওয়া–হিকুম মা– লাইছা লাকুম বিহী ‘ইলমুওঁ ওয়া তাহ ছাবূনাহূ হাইয়িনাওঁ (ق) ওয়া হুওয়া ‘ইংদাল্লা–হি ‘আজ ীম।	
তরজমা	যখন তোমরা মুখে মুখে ইহা ছড়াইতেছিলে এবং এমন বিষয় মুখে উচ্চারণ করিতেছিলে যাহার কোন জ্ঞান তোমাদের ছিল না এবং তোমরা ইহাকে তুচ্ছ গণ্য করিয়াছিলে, যদিও আল্লাহ্‌র নিকট ইহা ছিল গুরুতর বিষয়।	
	وَلَوْلَاۤ اِذْ سَمِعْتُمُوْهُ قُلْتُمْ مَّا يَكُوْنُ لَنَاۤ اَنْ نَّتَكَلَّمَ بِهٰذَا ۖۗ سُبْحٰنَكَ هٰذَا بُهْتَانٌ عَظِيْمٌ ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা~ ইয্ ছামি‘তুমূহু কু লতুম মা–ইয়াকূনু লানা~ আন্ নাতাকাল্লামা বিহা–য া– (ق) ছুবহ া–নাকা হা–য া– বুহ্‌তা–নুন ‘আজ ীম।	
তরজমা	এবং তোমরা যখন ইহা শ্রবণ করিলে তখন কেন বলিলে না, ‘এ বিষয়ে বলাবলি করা আমাদের উচিত নয়; আল্লাহ্ পবিত্র, মহান। ইহা তো এক গুরুতর অপবাদ!’	
	يَعِظُكُمُ اللّٰهُ اَنْ تَعُوْدُوْا لِمِثْلِهٖۤ اَبَدًا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿۱۷﴾ۚ	17
প্রতিবর্ণায়ন	ইয়া‘ইজু কুমুল্লা–হু আং তা‘উদূ লিমিছ্‌লিহী~ আবাদান ইং কুংতুম মু’মিনীন।	
তরজমা	আল্লাহ্ তোমাদেরকে উপদেশ দিতেছেন, ‘তোমরা যদি মু’মিন হও তবে কখনও অনুরূপ আচরণের পুনরাবৃত্তি করিও না।’	
	وَيُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া ইউবাইয়িনুল্লা–হু লাকুমুল আ–য়া-তি (ط) ওয়াল্লা–হু ‘আলীমুন হ াকীম।	
তরজমা	আল্লাহ্ তোমাদের জন্য আয়াতসমূহ সুস্পষ্টভাবে বিবৃত করেন এবং আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	اِنَّ الَّذِيْنَ يُحِبُّوْنَ اَنْ تَشِيْعَ الْفَاحِشَةُ فِى الَّذِيْنَ اٰمَنُوْا لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۙ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা ইউহি ব্বূনা আং তাশী‘আল ফা–হি শাতু ফিল্লায ীনা আ–মানূ লাহুম ‘আয া–বুন আলিমুং (ۙ) ফিদ্‌দুনইয়া– ওয়াল আ–খিরাতি (ط) ওয়া ল্লা–হু ইয়া‘লামু ওয়া আংতুম লা–তা‘লামূন।	
তরজমা	যাহারা মু’মিনদের মধ্যে অশ্লীলতার প্রসার কামনা করে তাহাদের জন্য আছে দুনিয়া ও আখিরাতের মর্মন্তুদ শাস্তি এবং আল্লাহ্ জানেন, তোমরা জান না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ وَاَنَّ اللّٰهَ رَءُوْفٌ رَّحِيْمٌ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা–ফাদ˙লুল্লা–হি ‘আলাইকুম ওয়া রাহ˙মাতুহূ ওয়া আন্নাল্লা–হা রাঊফুর রাহ˙ীম।	
তরজমা	তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকিলে তোমাদের কেহই অব্যাহতি পাইতে না এবং আল্লাহ্ দয়ার্দ্র ও পরম দয়ালু।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ وَمَنْ يَّتَّبِعْ خُطُوٰتِ الشَّيْطٰنِ فَاِنَّهٗ يَاْمُرُ بِالْفَحْشَآءِ وَالْمُنْكَرِ ؕ وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ مَا زَكٰى مِنْكُمْ مِّنْ اَحَدٍ اَبَدًا ۙ وَّلٰكِنَّ اللّٰهَ يُزَكِّىْ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায˙ীনা আ–মানূ লা– তাত্তাবি‘উ খুতুওয়া–তিশ্‌শাইত˙া–নি (ط) ওয়া মাইঁ ইয়াত্তাবি’ খুতুওয়া–তিশ্‌শাইত˙া–নি ফাইন্নাহূ ইয়া’মরু বিল্ ফাহ˙শা~ই ওয়াল মুংকারি (ط) ওয়া লাওলা–ফাদ˙লুল্লা–হি ‘আলাইকুম ওয়া রাহ˙মাতুহূ মা–ঝাকা– মিংকুম মিন আহ˙াদিন আবাদাওঁ (ط) ওয়ালা– কিন্নাল্লা–হা ইউঝাক্কী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা–হু ছামী‘উন ‘আলীম।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা শয়তানের পদাংক অনুসরণ করিও না। কেহ শয়তানের পদাংক অনুসরণ করিলে শয়তান তো অশ্লীলতা ও মন্দ কাজের নির্দেশ দেয়। আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকিলে তোমাদের কেহই কখনও পবিত্র হইতে পারিতে না, তবে আল্লাহ্ যাহাকে ইচ্ছা পবিত্র করিয়া থাকেন এবং আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَلَا يَاْتَلِ اُولُوا الْفَضْلِ مِنْكُمْ وَالسَّعَةِ اَنْ يُّؤْتُوْۤا اُولِى الْقُرْبٰى وَالْمَسٰكِيْنَ وَالْمُهٰجِرِيْنَ فِىْ سَبِيْلِ اللّٰهِ ۖ وَلْيَعْفُوْا وَلْيَصْفَحُوْا ؕ اَلَا تُحِبُّوْنَ اَنْ يَّغْفِرَ اللّٰهُ لَكُمْ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়ালা–ইয়া’তালি উলুল ফাদ˙লি মিংকুম ওয়াছ্‌ছা‘আতি আইঁ ইউ’তূ˜ উলিল ক˙ুরবা– ওয়াল মাছা–কীনা ওয়ালমুহা–জিরীনা ফী ছাবীলিল্লা–হি (ص) ওয়াল্‌ইয়া‘ফূ ওয়ালইয়াস্‌ফাহূ˙ (ط) আলা– তুহি˙ব্বূনা আইঁ ইয়াগফিরাল্লা–হু লাকুম (ط) ওয়াল্লা–হু গাফরুর রাহ˙ীম।	
তরজমা	তোমাদের মধ্যে যাহারা ঐশ্বর্য ও প্রাচুর্যের অধিকারী তাহারা যেন শপথ গ্রহণ না করে যে, তাহারা আত্মীয়-স্বজন ও অভাবগ্রস্তকে এবং আল্লাহ্‌র রাস্তায় যাহারা হিজরত করিয়াছে তাহাদেরকে কিছুই দিবে না; তাহারা যেন উহাদেরকে ক্ষমা করে এবং উহাদের দোষক্রুটি উপেক্ষা করে। তোমরা কি চাও না যে, আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করুন ? এবং আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّ الَّذِيْنَ يَرْمُوْنَ الْمُحْصَنٰتِ الْغٰفِلٰتِ الْمُؤْمِنٰتِ لُعِنُوْا فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۠ وَلَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿٢٣﴾	**23**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা ইয়ারমূনাল মুহ্ সানা-তিল গা-ফিলা-তিল মু'মিনা-তি লু'ইনূ ফিদ্দুনইয়া- ওয়াল আ-খিরাতি (ص) ওয়া লাহুম 'আযা-বুন 'আজ ীম।	
তরজমা	যাহারা সাধ্বী, সরলমনা ও ঈমানদার নারীর প্রতি অপবাদ আরোপ করে তাহারা দুনিয়া ও আখিরাতে অভিশপ্ত এবং তাহাদের জন্য আছে মহাশাস্তি।	
	يَّوْمَ تَشْهَدُ عَلَيْهِمْ اَلْسِنَتُهُمْ وَاَيْدِيْهِمْ وَاَرْجُلُهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٢٤﴾	**24**
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তাশ্হাদু 'আলাইহিম আলছিনাতুহুম ওয়া আইদীহিম ওয়া আরজুলুহুম বিমা-কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	যেই দিন তাহাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে তাহাদের জিহ্বা, তাহাদের হস্ত ও তাহাদের চরণ তাহাদের কৃতকর্ম সম্বন্ধে-	
	يَوْمَئِذٍ يُّوَفِّيْهِمُ اللّٰهُ دِيْنَهُمُ الْحَقَّ وَيَعْلَمُوْنَ اَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ الْمُبِيْنُ ﴿٢٥﴾	**25**
প্রতিবর্ণায়ন	ইয়াওমায়িযি ইঁ ইউওয়াফ্ফীহিমুল্লা-হু দীনাহুমুল হাক্কা ওয়া ইয়া'লামূনা আন্নাল্লা-হা হুওয়াল হাক্কু ল মুবীন।	
তরজমা	সেই দিন আল্লাহ্ তাহাদের প্রাপ্য প্রতিফল পুরাপুরি দিবেন এবং তাহারা জানিবে, আল্লাহ্ই সত্য, স্পষ্ট প্রকাশক।	
	اَلْخَبِيْثٰتُ لِلْخَبِيْثِيْنَ وَالْخَبِيْثُوْنَ لِلْخَبِيْثٰتِ ۚ وَالطَّيِّبٰتُ لِلطَّيِّبِيْنَ وَالطَّيِّبُوْنَ لِلطَّيِّبٰتِ ۚ اُولٰٓئِكَ مُبَرَّءُوْنَ مِمَّا يَقُوْلُوْنَ ؕ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ﴿٢٦﴾	**26**
প্রতিবর্ণায়ন	আল্খাবীছা-তু লিল্খাবীছীনা ওয়াল খাবীছূনা লিলখাবীছা-তি (ج) ওয়াত্তাইয়িবা-তু লিত্তাইয়িবীনা ওয়াত্তাইয়িবূনা লিত্ তাইয়িবা-ত (ج) উলা~ইকা মুবাররাঊনা মিম্মা-ইয়াকূলূনা (ط) লাহুম মাগরিফাতুওঁ ওয়ারিঝকুং কারীম।	
তরজমা	দুশ্চরিত্রা নারী দুশ্চরিত্র পুরুষের জন্য; দুশ্চরিত্র পুরুষ দুশ্চরিত্রা নারীর জন্য; সচ্চরিত্রা নারী সচ্চরিত্র পুরুষের জন্য এবং সচ্চরিত্র পুরুষ সচ্চরিত্রা নারীর জন্য। লোকে যাহা বলে ইহারা তাহা হইতে পবিত্র; ইহাদের জন্য আছে ক্ষমা এবং সম্মানজনক জীবিকা।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَدْخُلُوْا بُيُوْتًا غَيْرَ بُيُوْتِكُمْ حَتّٰى تَسْتَاْنِسُوْا وَتُسَلِّمُوْا عَلٰٓى اَهْلِهَا ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿٢٧﴾	**27**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ–মানূ লা তাদ্খুলূ বুয়ূতান গাইরা বুয়ূতিকুম হ াত্তা– তাছতা’নিছূ ওয়া তুছাল্লিমূ ‘আলা˜ আহলিহা– (ط) য া–লিকুম খাউরুল্লাকুম লা‘আল্লাকুম তায াক্কারূন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা নিজেদের গৃহ ব্যতীত অন্য কাহারও গৃহে গৃহবাসীদের অনুমতি না লইয়া এবং তাহাদেরকে সালাম না করিয়া প্রবেশ করিও না। ইহাই তোমাদের জন্য শ্রেয়, যাহাতে তোমরা উপদেশ গ্রহণ কর।	
	فَإِن لَّمْ تَجِدُوا فِيهَا أَحَدًا فَلَا تَدْخُلُوهَا حَتَّىٰ يُؤْذَنَ لَكُمْ ۖ وَإِن قِيلَ لَكُمُ ارْجِعُوا فَارْجِعُوا ۖ هُوَ أَزْكَىٰ لَكُمْ ۚ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ফাইল্ লাম তাজিদূ ফীহা˜ আহ াদাং ফালা– তাদ্খুলূহা– হ াত্তা– ইউ’য ানা লাকুম (ج) ওয়া ইং ক ীলা লাকুমুর জি‘ঊ ফারজি‘ঊ হুওয়া আঝকা– লাকুম (ط) ওয়াল্লা–হু বিমা– তা‘মালূনা ‘আলীম।	
তরজমা	যদি তোমরা গৃহে কাহাকেও না পাও তাহা হইলে উহাতে প্রবেশ করিবে না যতক্ষণ না তোমাদেরকে অনুমতি দেওয়া হয়। যদি তোমাদেরকে বলা হয়, ‘ফিরিয়া যাও’, তবে তোমরা ফিরিয়া যাইবে, ইহাই তোমাদের জন্য উত্তম, এবং তোমরা যাহা কর সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত।	
	لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَن تَدْخُلُوا بُيُوتًا غَيْرَ مَسْكُونَةٍ فِيهَا مَتَاعٌ لَّكُمْ ۚ وَاللَّهُ يَعْلَمُ مَا تُبْدُونَ وَمَا تَكْتُمُونَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	লাইছা ‘আলাইকুম জুনা–হু ন আং তাদখুলূ বুয়ূতান গাইরা মাছ্কূনাতিং ফীহা– মাতা–‘উল্ লাকুম (ط) ওয়াল্লা–হু ইয়া‘লামু মা– তুবদূনা ওয়ামা–তাকতুমূন।	
তরজমা	যে গৃহে কেহ বাস করে না তাহাতে তোমাদের জন্য দ্রব্যসামগ্রী থাকিলে সেখানে তোমাদের প্রবেশে কোনও পাপ নাই এবং আল্লাহ্ জানেন যাহা তোমরা প্রকাশ কর এবং যাহা তোমরা গোপন কর।	
	قُل لِّلْمُؤْمِنِينَ يَغُضُّوا مِنْ أَبْصَارِهِمْ وَيَحْفَظُوا فُرُوجَهُمْ ۚ ذَٰلِكَ أَزْكَىٰ لَهُمْ ۗ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا يَصْنَعُونَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ক ুল লিল্মু’মিনীনা ইয়াগুদ্ দূ মিন আবসা–রিহিম ওয়া ইয়াহ ফাজূ ’ ফুরূজাহুম (ط) য া–লিকা আঝকা–লাহুম (ط) ইন্নাল্লা–হা খাবীরুম বিমা ইয়াসনা‘উন।	
ZiRgv	মু’মিনদেরকে বল, তাহারা যেন তাহাদের দৃষ্টিকে সংযত করে এবং তাহাদের লজ্জাস্থানের হিফাযত করে; ইহাই তাহাদের জন্য উত্তম। উহারা যাহা করে নিশ্চয় আল্লাহ্ সে বিষয়ে সম্যক অবহিত।	

	وَقُلْ لِّلْمُؤْمِنٰتِ يَغْضُضْنَ مِنْ اَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوْجَهُنَّ وَلَا يُبْدِيْنَ زِيْنَتَهُنَّ اِلَّا مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلٰى جُيُوْبِهِنَّ ۖ وَلَا يُبْدِيْنَ زِيْنَتَهُنَّ اِلَّا لِبُعُوْلَتِهِنَّ اَوْ اٰبَآئِهِنَّ اَوْ اٰبَآءِ بُعُوْلَتِهِنَّ اَوْ اَبْنَآئِهِنَّ اَوْ اَبْنَآءِ بُعُوْلَتِهِنَّ اَوْ اِخْوَانِهِنَّ اَوْ بَنِيْٓ اِخْوَانِهِنَّ اَوْ بَنِيْٓ اَخَوٰتِهِنَّ اَوْ نِسَآئِهِنَّ اَوْ مَا مَلَكَتْ اَيْمَانُهُنَّ اَوِ التّٰبِعِيْنَ غَيْرِ اُولِي الْاِرْبَةِ مِنَ الرِّجَالِ اَوِ الطِّفْلِ الَّذِيْنَ لَمْ يَظْهَرُوْا عَلٰى عَوْرٰتِ النِّسَآءِ ۖ وَلَا يَضْرِبْنَ بِاَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِيْنَ مِنْ زِيْنَتِهِنَّ ؕ وَتُوْبُوْٓا اِلَى اللّٰهِ جَمِيْعًا اَيُّهَ الْمُؤْمِنُوْنَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়া কু্ল লিল্মু'মিনা-তি ইয়াগ্দুদ্না মিন আব্সা-রিহিন্না ওয়া ইয়াহ্ফাজ্না ফুরূজাহুন্না ওয়ালা-ইউবদীনা ঝীনাতাহুন্না ইল্লা-মা-জ াহারা মিনহা- ওয়াল ইয়াদ্রিব্না বিখুমুরিহিন্না 'আলা-জুয়ূবিহিন্না (ص) ওয়ালা-ইউব্দীনা ঝীনাতাহুন্না ইল্লা- লিবু'উলাতিহিন্না আও আ-বা~ইহিন্না আও আ-বা~ই বু'উলাতিহিন্না আও আবনা~ইহিন্না আও আবনা~ই বু'উলাতিহিন্না আও ইখওয়া-নিহিন্না আও বানী˜ ইখওয়া-নিহিন্না আও বানী˜ আখাওয়া-তিহিন্না আও নিছা~ইহিন্না আও মা- মালাকাত আইমা-নুহুন্না আবি্ত্ তা-বি'ঈনা গাইরি উলিল্ ইরবাতি মিনার রিজা-লি আবি্ত্তি ফলিল্লায্ীনা লাম ইয়াজ্হারূ 'আলা- 'আওরা-তিন্নিছা~ই (ص) ওয়ালা- ইয়াদ্রিব্না বিআর্জুলিহিন্না লিইউ'লামা মা- ইউখ্ফীনা মিং ঝীনাতিহিন্না (ط) ওয়াতূবূ˜ ইলাল্লা-হি জামী'আন আইয়ুহাল মু'মিনূনা লা'আল্লাকুম তুফ্লিহূ্ন।	
তরজমা	আর মু'মিন নারীদেরকে বল, তাহারা যেন তাহাদের দৃষ্টিকে সংযত করে ও তাহাদের লজ্জাস্থানের হিফাযত করে; তাহারা যেন যাহা সাধারণত প্রকাশ থাকে তাহা ব্যতীত তাহাদের আভরণ প্রদর্শন না করে, তাহাদের গ্রীবা ও বক্ষদেশ যেন মাথার কাপড় দ্বারা আবৃত করে, তাহারা যেন তাহাদের স্বামী, পিতা, শ্বশুর, পুত্র, স্বামীর পুত্র, ভ্রাতা, ভ্রাতুষ্পুত্র, ভগ্নিপুত্র, আপন নারীগণ, তাহাদের মালিকানাধীন দাসী, পুরুষদের মধ্যে যৌন কামনা-রহিত পুরুষ এবং নারীদের গোপন অঙ্গ সম্বন্ধে অজ্ঞ বালক ব্যতীত কাহারও নিকট তাহাদের আভরণ প্রকাশ না করে, তাহারা যেন তাহাদের গোপন আভরণ প্রকাশের উদ্দেশ্যে সজোরে পদক্ষেপ না করে। হে মু'মিনগণ! তোমরা সকলে আল্লাহ্র দিকে প্রত্যাবর্তন কর, যাহাতে তোমরা সফলকাম হইতে পার।	
	وَاَنْكِحُوا الْاَيَامٰى مِنْكُمْ وَالصّٰلِحِيْنَ مِنْ عِبَادِكُمْ وَاِمَآئِكُمْ ؕ اِنْ يَّكُوْنُوْا فُقَرَآءَ يُغْنِهِمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ؕ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿۳۲﴾	32

প্রতিবর্ণায়ন	ওয়া আংকিহু ল আয়া–মা–মিংকুম ওয়াসসা–লিহ ীনা মিন ‘ইবা–দিকুম ওয়াইমা~ইকুম (ط) ইয়ঁ ইয়াকূনূ ফুক ারা~আ ইউগনিহিমুল্লা–হু মিং ফাদ লিহী (ط) ওয়াল্লা–হু ওয়া–ছি‘উন ‘আলীম।	
তরজমা	তোমাদের মধ্যে যাহারা ‘আয়্যিম’ তাহাদের বিবাহ সম্পাদন কর এবং তোমাদের দাস ও দাসীদের মধ্যে যাহারা সৎ তাহাদেরও। তাহারা অভাবগ্রস্ত হইলে আল্লাহ্ নিজ অনুগ্রহে তাহাদেরকে অভাবমুক্ত করিয়া দিবেন; আল্লাহ্ তো প্রাচুর্যময়, সর্বজ্ঞ।	
	وَلْيَسْتَعْفِفِ الَّذِيْنَ لَا يَجِدُوْنَ نِكَاحًا حَتّٰى يُغْنِيَهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ۗ وَالَّذِيْنَ يَبْتَغُوْنَ الْكِتٰبَ مِمَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ فَكَاتِبُوْهُمْ اِنْ عَلِمْتُمْ فِيْهِمْ خَيْرًا ۖ وَّاٰتُوْهُمْ مِّنْ مَّالِ اللّٰهِ الَّذِيْٓ اٰتٰىكُمْ ۗ وَلَا تُكْرِهُوْا فَتَيٰتِكُمْ عَلَى الْبِغَآءِ اِنْ اَرَدْنَ تَحَصُّنًا لِّتَبْتَغُوْا عَرَضَ الْحَيٰوةِ الدُّنْيَا ۗ وَمَنْ يُّكْرِهْهُّنَّ فَاِنَّ اللّٰهَ مِنْۢ بَعْدِ اِكْرَاهِهِنَّ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٣٣﴾	**33**
প্রতিবর্ণায়ন	ওয়ালইয়াছ্তা‘ফিফিল্লায ীনা লা–ইয়াজিদূনা নিকা–হ ান হ াত্তা– ইউগনিয়াহুমুল্লা–হু মিং ফাদ লিহী (ط) ওয়াল্লায ীনা ইয়াবতাগূনাল কিতা–বা মিম্মা– মালাকাত আইমা–নুকুম ফাকা–তিবূহুম ইন ‘আলিমতুম ফীহিম খাইরাওঁ (ق) ওয়াআ–তূহুম মিম্ মা–লিল্লা–হিল্লায ী~আ–তা–কুম (ط) ওয়ালা–তুকরিহূ ফাতায়া–তিকুম ‘আলাল বিগা~ই ইন আরদ্না তাহ াস্সুনাল লিতাবতাগূ ‘আরাদ াল হ ায়া–তিদ্দুনইয়া– (ط) ওয়া মাইঁ ইউক্রিহ্হুন্না ফাইন্নাল্লা–হা মিম বা‘দি ইকরা–হিহিন্না গাফূরুর রাহ ীম।	
তরজমা	যাহাদের বিবাহের সামর্থ্য নাই, আল্লাহ্ তাহাদেরকে নিজ অনুগ্রহে অভাবমুক্ত না করা পর্যন্ত তাহারা যেন সংযম অবলম্বন করে এবং তোমাদের মালিকানাধীন দাস-দাসীদের মধ্যে কেহ তাহার মুক্তির জন্য লিখিত চুক্তি চাহিলে, তাহাদের সঙ্গে চুক্তিতে আবদ্ধ হও, যদি তোমরা উহাদের মধ্যে মঙ্গলের সন্ধান পাও। আল্লাহ্ তোমাদেরকে যে সম্পদ দিয়াছেন তাহা হইতে তোমরা উহাদেরকে দান করিবে। তোমাদের দাসিগণ, সতীত্ব রক্ষা করিতে চাহিলে পার্থিব জীবনের ধনলালসায় তাহাদেরকে ব্যভিচারিণী হইতে বাধ্য করিও না, আর যে তাহাদেরকে বাধ্য করে, তবে তাহাদের উপর জবরদস্তির পর আল্লাহ্ তো ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَلَقَدْ اَنْزَلْنَآ اِلَيْكُمْ اٰيٰتٍ مُّبَيِّنٰتٍ وَّمَثَلًا مِّنَ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ وَمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ﴿٣٤﴾	**34**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ আংঝালনা~ ইলাইকুম আ–য়া–তিম মুবাইয়িনা–তিওঁ ওয়া মাছ ালাম মিনাল্লায ীনা খালাও মিং ক াবলিকুম ওয়া মাও‘ইজাতাল লিল্মুত্তাক ীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আমি তো তোমাদের নিকট অবতীর্ণ করিয়াছি সুস্পষ্ট আয়াত, তোমাদের পূর্ববর্তীদের দৃষ্টান্ত এবং মুত্তাকীদের জন্য উপদেশ।	
	اَللّٰهُ نُوۡرُ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ ؕ مَثَلُ نُوۡرِهٖ كَمِشۡكٰوةٍ فِيۡهَا مِصۡبَاحٌ ؕ اَلۡمِصۡبَاحُ فِىۡ زُجَاجَةٍ ؕ اَلزُّجَاجَةُ كَاَنَّهَا كَوۡكَبٌ دُرِّىٌّ يُّوۡقَدُ مِنۡ شَجَرَةٍ مُّبٰرَكَةٍ زَيۡتُوۡنَةٍ لَّا شَرۡقِيَّةٍ وَّلَا غَرۡبِيَّةٍ ۙ يَّكَادُ زَيۡتُهَا يُضِىۡٓءُ وَلَوۡ لَمۡ تَمۡسَسۡهُ نَارٌ ؕ نُوۡرٌ عَلٰى نُوۡرٍ ؕ يَهۡدِى اللّٰهُ لِنُوۡرِهٖ مَنۡ يَّشَآءُ ؕ وَيَضۡرِبُ اللّٰهُ الۡاَمۡثَالَ لِلنَّاسِ ؕ وَاللّٰهُ بِكُلِّ شَىۡءٍ عَلِيۡمٌ ۙ ۳۵	35
প্রতিবর্ণায়ন	আল্লা-হু নূরুছছামা-ওয়া-তি ওয়াল্ আরদি' (ط) মাছ'ালু নূরিহী কামিশকা-তিং ফীহা- মিসবা-হু'ন (ط) আলমিসবা-হু' ফী ঝুজা-জাতিন (ط) আঝঝুজা-জাতু কাআন্নাহা-কাওকাবুং দুররিইইউঁ ইউক'াদু মিং শাজারাতিম্ মুবা-রাকাতিং ঝাইতূনাতিল্ লা-শারকি'ইইয়াতিওঁ ওয়ালা-গারবিইইয়াতিইঁ (ۙ) ইয়াকা-দু ঝাইতুহা- ইউদ'ী~উ ওয়ালাও লাম তামছাছ্হু না-রুন (ط) নূরুন 'আলা-নূরিন (ط) ইয়াহ্দিল্লা-হু লিনূরিহী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়া ইয়াদ্'রিবুল্লা-হুল আমছ'া-লা লিন্না-ছি (ط) ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন 'আলীম।	
তরজমা	আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীর জ্যোতি, তাঁহার জ্যোতির উপমা যেন একটি দীপাধার যাহার মধ্যে আছে এক প্রদীপ, প্রদীপটি একটি কাচের আবরণের মধ্যে স্থাপিত, কাচের আবরণটি উজ্জ্বল নক্ষত্রসদৃশ; ইহা প্রজ্বলিত করা হয় পূত-পবিত্র যায়তূন বৃক্ষের তৈল দ্বারা যাহা প্রাচ্যের নয়, প্রতীচ্যেরও নয়, অগ্নি উহাকে স্পর্শ না করিলেও যেন উহার তৈল উজ্জ্বল আলো দিতেছে; জ্যোতির উপর জ্যোতি! আল্লাহ্ যাহাকে ইচ্ছা পথনির্দেশ করেন তাঁহার জ্যোতির দিকে। আল্লাহ্ মানুষের জন্য উপমা দিয়া থাকেন এবং আল্লাহ্ সর্ববিষয়ে সর্বজ্ঞ।	
	فِىۡ بُيُوۡتٍ اَذِنَ اللّٰهُ اَنۡ تُرۡفَعَ وَيُذۡكَرَ فِيۡهَا اسۡمُهٗ ۙ يُسَبِّحُ لَهٗ فِيۡهَا بِالۡغُدُوِّ وَالۡاٰصَالِ ۙ ۳۶	36
প্রতিবর্ণায়ন	ফী বুয়ূতিন আযি'নাল্লা-হু আং তুরফা'আ ওয়া ইউয্'কারা ফীহাছ্মুহূ (ۙ) ইউছাব্বিহু' লাহূ ফীহা- বিল্গুদুওবি' ওয়াল আ-সা-ল।	
তরজমা	সেই সকল গৃহে যাহাকে সমুন্নত করিতে এবং যাহাতে তাঁহার নাম স্মরণ করিতে আল্লাহ্ নির্দেশ দিয়াছেন, সকাল ও সন্ধ্যায় তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করে,	
	رِجَالٌ ۙ لَّا تُلۡهِيۡهِمۡ تِجَارَةٌ وَّلَا بَيۡعٌ عَنۡ ذِكۡرِ اللّٰهِ وَاِقَامِ الصَّلٰوةِ وَاِيۡتَآءِ الزَّكٰوةِ ۙ يَخَافُوۡنَ يَوۡمًا تَتَقَلَّبُ فِيۡهِ الۡقُلُوۡبُ وَالۡاَبۡصَارُ ۙ ۳۷	37

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	রিজা-লুল (﴿لا﴾) লা-তুলহীহিম তিজা-রাতুওঁ ওয়ালা- বাই‘উন ‘আং যি করিল্লা-হি ওয়া ইক া-মিসসালা-তি ওয়া ইতা~ইঝ্‌ঝাকা-তি (﴿لا﴾) ইয়াখা-ফূনা ইয়াওমাং তাতাক াল্লাবু ফীহিল কু লূবু ওয়াল আবসা-র।	
তরজমা	সেইসব লোক, যাহাদেরকে ব্যবসা-বাণিজ্য এবং ক্রয়-বিক্রয় আল্লাহ্‌র স্মরণ হইতে এবং সালাত কায়েম ও যাকাত প্রদান হইতে বিরত রাখে না, তাহারা ভয় করে সেই দিনকে যেই দিন অনেক অন্তর ও দৃষ্টি বিপর্যস্ত হইয়া পড়িবে-	
	لِيَجْزِيَهُمُ اللّٰهُ اَحْسَنَ مَا عَمِلُوْا وَيَزِيْدَهُمْ مِّنْ فَضْلِهٖ ؕ وَاللّٰهُ يَرْزُقُ مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	লিইয়াজঝিইয়াহুমুল্লা-হু আহ ছানা মা- ‘আমিলূ ওয়া ইয়াঝীদাহুম মিং ফাদ লিহী (ط) ওয়াল্লা-হু ইয়ারঝুকু মাইঁ ইয়াশা~উ বিগাইরি হি ছা-ব।	
তরজমা	যাহাতে তাহারা যে কর্ম করে তজ্জন্য আল্লাহ্ তাহাদেরকে উত্তম পুরস্কার দেন এবং নিজ অনুগ্রহে তাহাদের প্রাপ্যের অধিক দেন। আল্লাহ্ যাহাকে ইচ্ছা অপরিমিত জীবিকা দান করেন।	
	وَالَّذِيْنَ كَفَرُوْۤا اَعْمَالُهُمْ كَسَرَابٍۭ بِقِيْعَةٍ يَّحْسَبُهُ الظَّمْاٰنُ مَآءً ؕ حَتّٰۤى اِذَا جَآءَهٗ لَمْ يَجِدْهُ شَيْـًٔا وَّوَجَدَ اللّٰهَ عِنْدَهٗ فَوَفّٰىهُ حِسَابَهٗ ؕ وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা কাফারূ~ আ‘মা-লুহুম কাছারা-বিম বিক ী‘আতিইঁ ইয়াহ ছাবুহুজ জ াম্‌আ-নু মা~আন (ط) হ াত্তা~ ইয া-জা~আহূ লাম ইয়াজিদ্‌হু শাইআওঁ ওয়া ওয়াজাদাল্লা-হা ‘ইংদাহূ ফাওয়াফ্‌ফা-হু হি ছা-বাহূ (ط) ওয়াল্লা-হু ছারী‘উল হি ছা-ব।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদের কর্ম মরুভূমির মরীচিকাসদৃশ, পিপাসার্ত যাহাকে পানি মনে করিয়া থাকে, কিন্তু সে উহার নিকট উপস্থিত হইলে দেখিবে উহা কিছু নয় এবং সে পাইবে সেখানে আল্লাহ্‌কে, অতঃপর তিনি তাহার কর্মফল পূর্ণ মাত্রায় দিবেন। আল্লাহ্ হিসাব গ্রহণে তৎপর।	
তরজমা	বল, ‘আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট। আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা আছে তাহা তিনি অবগত এবং যাহারা অসত্যে বিশ্বাস করে ও আল্লাহ্‌কে অস্বীকার করে তাহারাই তো ক্ষতিগ্রস্ত।’	
	وَيَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ؕ وَلَوْلَآ اَجَلٌ مُّسَمًّى لَّجَآءَهُمُ الْعَذَابُ ؕ وَلَيَاْتِيَنَّهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছতা‘জিলূনাকা বিল্‌ ‘আয˙া–বি (ط) ওয়া লাওলা˜আজালুম্‌ মুছাম্মাল্‌ লাজা~আহুমুল ‘আয˙া–বু (ط) ওয়ালাইয়া’তিইয়ান্নাহুম বাগতাতাওঁ ওয়া হুম লা–ইয়াশ‘উরূন।	
তরজমা	উহারা তোমাকে শাস্তি ত্বরান্বিত করিতে বলে। যদি নির্ধারিত কাল না থাকিত তবে শাস্তি তাহাদের উপর অবশ্যই আসিত। নিশ্চয়ই উহাদের উপর শাস্তি আসিবে আকস্মিকভাবে, উহাদের অজ্ঞাতসারে।	
	يَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ؕ وَاِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌۢ بِالْكٰفِرِيْنَ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ইয়াছতা‘জিলূনাকা বিল‘আয˙া–বি (ط) ওয়াইন্না জাহান্নামা লামুহ˙ীত˙াতুম বিলকা–ফিরীন।	

তরজমা	উহারা তোমাকে শাস্তি ত্বরান্বিত করিতে বলে, জাহান্নাম তো কাফিরদেরকে পরিবেষ্টন করিবেই।	
	يَوْمَ يَغْشٰهُمُ الْعَذَابُ مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ اَرْجُلِهِمْ وَيَقُوْلُ ذُوْقُوْا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿۵۵﴾	**55**
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াগশা–হুমুল ‘আযা–বু মিং ফাওকিহিম ওয়া মিং তাহতি আরজুলিহিম ওয়া ইয়াকূলু যূকূ মা–কুংতুম তা‘মালূন।	
তরজমা	সেই দিন শাস্তি উহাদেরকে আচ্ছন্ন করিবে উর্ধ্ব ও অধঃদেশ হইতে এবং তিনি বলিবেন, ‘তোমরা যাহা করিতে তাহা আস্বাদন কর।’	
	يٰعِبَادِيَ الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّ اَرْضِيْ وَاسِعَةٌ فَاِيَّايَ فَاعْبُدُوْنِ ﴿۵۶﴾	**56**
প্রতিবর্ণায়ন	ইয়া–‘ইবা–দিয়াল্লাযীনা আ–মানূ ইন্না আরদী ওয়া–ছি‘আতুং ফাইইয়া–ইয়া ফা‘বুদূন।	
তরজমা	হে আমার মু’মিন বান্দাগণ ! নিশ্চয় আমার পৃথিবী প্রশস্ত ; সুতরাং তোমরা আমারই ‘ইবাদত কর।	
	كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ ثُمَّ اِلَيْنَا تُرْجَعُوْنَ ﴿۵۷﴾	**57**
প্রতিবর্ণায়ন	কুল্লু নাফছিং যা~ইকাতুল মাওতি (قف) ছুম্মা ইলাইনা–তুরজা‘উন।	
তরজমা	জীবমাত্রই মৃত্যুর স্বাদ গ্রহণকারী ; অতঃপর তোমরা আমারই নিকট প্রত্যাবর্তিত হইবে।	
	وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُبَوِّئَنَّهُمْ مِّنَ الْجَنَّةِ غُرَفًا تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ۭ نِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿۵۸﴾	**58**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা আ–মানূ ওয়া ‘আমিলুস্সা–লিহা–তি লানুবাওবি’আন্নাহুম মিনাল জান্নাতি গুরাফাং তাজরী মিং তাহতিহাল আনহা–রু খা–লিদীনা ফীহা– (ط) নি‘মা আজরুল ‘আ–মিলীন।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি অবশ্যই তাহাদের বসবাসের জন্য সুউচ্চ প্রাসাদ দান করিব জান্নাতে, যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা স্থায়ী হইবে, কত উত্তম প্রতিদান সেই সকল কর্মশীলদের জন্য,	
	الَّذِيْنَ صَبَرُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ﴿۵۹﴾	**59**
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা সাবারূ ওয়া ‘আলা–রাব্বিহিম ইয়াতাওয়াক্কালূন।	
তরজমা	যাহারা ধৈর্য ধারণ করে এবং তাহাদের প্রতিপালকের উপর নির্ভর করে।	

	وَكَاَيِّنْ مِّنْ دَآبَّةٍ لَّا تَحْمِلُ رِزْقَهَا اَللّٰهُ يَرْزُقُهَا وَاِيَّاكُمْ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ওয়া কাআইয়িম মিং দা~ব্বাতিল্ লা-তাহ্ মিলু রিঝক্বাহা- (صلے) আল্লা-হু ইয়ারঝুকু হা- ওয়া ইয়্যা-কুম (صلے) ওয়া হুওয়াছ্ ছামী'উল 'আলীম।	
তরজমা	এমন কত জীবজন্তু আছে যাহারা নিজেদের খাদ্য মওজুদ রাখে না। আল্লাহ্ই রিযিক দান করেন উহাদেরকে ও তোমাদেরকে ; এবং তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ لَيَقُوْلُنَّ اللّٰهُ ۚ فَاَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া লাইং ছাআলতাহুম মান খালাক্বাছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদ্বা ওয়াছাখখারাশ্শামছা ওয়াল ক্বামারা লাইয়াকূলুন্নাল্লা-হু (ج) ফাআন্না-ইউ'ফাকূন।	
তরজমা	যদি তুমি উহাদেরকে জিজ্ঞাসা কর, 'কে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন এবং চন্দ্র-সূর্যকে নিয়ন্ত্রিত করিয়াছেন ?' উহারা অবশ্যই বলিবে, 'আল্লাহ্'। তাহা হইলে, উহারা কোথায় ফিরিয়া যাইতেছে!	
	اَللّٰهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ لَهٗ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَیْءٍ عَلِيْمٌ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	আল্লাহু ইয়াবছুতু র রিঝক্বা লিমাই ইয়াশা~উ মিন 'ইবা-দিহী ওয়া ইয়াক্দিরুলাহূ (ط) ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন 'আলীম।	
তরজমা	আল্লাহ্ তাঁহার বান্দাদের মধ্যে যাহার জন্য ইচ্ছা তাহার রিযিক বর্ধিত করেন এবং যাহার জন্য ইচ্ছা উহা সীমিত করেন। নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সম্যক অবহিত।	
	وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ نَّزَّلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَحْيَا بِهِ الْاَرْضَ مِنْ بَعْدِ مَوْتِهَا لَيَقُوْلُنَّ اللّٰهُ ؕ قُلِ الْحَمْدُ لِلّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	ওয়া লাইং ছাআলতাহুম মান্ নাঝ্ঝালা মিনাছ্ছামা~ই মা~আং ফাআহ্ইয়া-বিহিল আরদ্বা মিম বা'দি মাওতিহা- লাইয়াকূলুন্নাল্লা-হু (ط) কুলিল হ্বামদু লিল্লা-হি (ط) বাল আকছারুহুম লা-ইয়া'কিলূন।	
তরজমা	যদি তুমি উহাদেরকে জিজ্ঞাসা কর, আকাশ হইতে বারি বর্ষণ করিয়া কে ভূমিকে সঞ্জীবিত করেন উহার মৃত্যুর পর ? উহারা অবশ্যই বলিবে, 'আল্লাহ্'। বল, 'সমস্ত প্রশংসা আল্লাহ্রই।' কিন্তু উহাদের অধিকাংশই ইহা অনুধাবন করে না।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَمَا هٰذِهِ الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا لَهْوٌ وَّلَعِبٌ ؕ وَاِنَّ الدَّارَ الْاٰخِرَةَ لَهِيَ الْحَيَوَانُ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٦٤﴾	**64**
প্রতিবর্ণায়ন	ওয়ামা–হা–যি˙হিল হ˙ায়া–তুদ্‌দুন্‌ইয়া–ইল্লা–লাহউওঁ ওয়ালা‘ইবুওঁ (ط) ওয়া ইন্নাদ্‌ দা–রাল আ–খিরাতা লাহিয়াল হ˙ায়াওয়া–ন (م)। লাও কা–নূ ইয়া‘লামূন।	
তরজমা	এই পার্থিব জীবন তো ক্রীড়া-কৌতুক ব্যতীত কিছুই নয়। পারলৌকিক জীবনই তো প্রকৃত জীবন, যদি উহারা জানিত!	
	فَاِذَا رَكِبُوْا فِى الْفُلْكِ دَعَوُا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۚ فَلَمَّا نَجّٰىهُمْ اِلَى الْبَرِّ اِذَا هُمْ يُشْرِكُوْنَ ﴿٦٥﴾	**65**
প্রতিবর্ণায়ন	ফাইয˙া–রাকিবূ ফিল ফুলকি দা‘আ–উল্লা–হা মুখলিসীনা লাহুদ্‌দীনা (ج) ফালাম্মা–নাজ্জা–হুম ইলাল বার্‌রি ইয˙া–হুম ইউশ্‌রিকূন।	
তরজমা	উহারা যখন নৌযানে আরোহণ করে তখন উহারা বিশুদ্ধচিত্ত হইয়া একনিষ্ঠভাবে আল্লাহ্‌কে ডাকে। অতঃপর তিনি যখন স্থলে ভিড়াইয়া উহাদেরকে উদ্ধার করেন, তখন উহারা শির্‌কে লিপ্ত হয়,	
	لِيَكْفُرُوْا بِمَآ اٰتَيْنٰهُمْ ۚ وَلِيَتَمَتَّعُوْا ۫ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٦٦﴾	**66**
প্রতিবর্ণায়ন	লিইয়াকফুরূ বিমা˜আ–তাইনা–হুম (ج) ওয়া লিইয়াতামাত্তা‘উ (ج) ফাছাওফা ইয়া‘লামূন।	
তরজমা	যাহাতে উহাদের প্রতি আমার দান উহারা অস্বীকার করে এবং ভোগ-বিলাসে মত্ত থাকে ; অচিরেই উহারা জানিতে পারিবে !	
	اَوَلَمْ يَرَوْا اَنَّا جَعَلْنَا حَرَمًا اٰمِنًا وَّيُتَخَطَّفُ النَّاسُ مِنْ حَوْلِهِمْ ؕ اَفَبِالْبَاطِلِ يُؤْمِنُوْنَ وَبِنِعْمَةِ اللّٰهِ يَكْفُرُوْنَ ﴿٦٧﴾	**67**
প্রতিবর্ণায়ন	আওয়া লাম ইয়ারাও আন্না–জা‘আল্‌না–হ˙ারামান আ–মিনাওঁ ওয়া ইউতাখাত্ত˙াফুন্না–ছু মিন্‌ হ˙াওলিহিম (ط) আফাবিলবা–তি˙লি ইউ’মিনূনা ওয়া বিনি‘মাতিল্লা–হি ইয়াকফুরূন।	
তরজমা	উহারা কি দেখে না আমি ‘হারাম’কে নিরাপদ স্থান করিয়াছি, অথচ ইহার চতুষ্পার্শ্বে যেসব মানুষ আছে, তাহাদের উপর হামলা করা হয়, তবে কি উহারা অসত্যেই বিশ্বাস করিবে এবং আল্লাহ্‌র অনুগ্রহ অস্বীকার করিবে ?	
	وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ كَذَّبَ بِالْحَقِّ لَمَّا جَآءَهٗ ؕ اَلَيْسَ فِىْ جَهَنَّمَ مَثْوًى لِّلْكٰفِرِيْنَ ﴿٦٨﴾	**68**

প্রতিবর্ণায়ন	ওয়া মান আজ˙লামু মিম্মানিফ তারা– ‘আলাল্লা–হি কাযি˙বান আও কায্˙য˙াবা বিলহ˙াক্কি˙ লাম্মা–জা~আহূ (ط) আলাইছা ফী জাহান্নামা মাছ˙ ওয়াল্ লিল্কা–ফিরীন।	
তরজমা	যে ব্যক্তি আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে অথবা তাঁহার নিকট হইতে আগত সত্যকে অস্বীকার করে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? জাহান্নামই কি কাফিরদের আবাস নয় ?	
	وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا ۭ وَاِنَّ اللّٰهَ لَمَعَ الْمُحْسِنِيْنَ ۝	69
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায˙ীনা জা–হাদূ ফীনা–লানাহদিয়ান্নাহুম ছুবুলানা– (ط) ওয়া ইন্নাল্লা–হা লামা‘আল মুহ˙ছিনীন।	
তরজমা	যাহারা আমার উদ্দেশ্যে সংগ্রাম করে আমি তাহাদেরকে অবশ্যই আমার পথে পরিচালিত করিব। আল্লাহ্ অবশ্যই সৎকর্মপরায়ণদের সঙ্গে থাকেন।	

30 - Ar-Rum-রুম -الروم

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	الۗمّۗ ۝	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম্ মী~ম্।	
তরজমা	আলিফ-লাম-মীম,	
	غُلِبَتِ الرُّوْمُ ۝	2
প্রতিবর্ণায়ন	গুলিবাতির্ রূম।	
তরজমা	রোমকগণ পরাজিত হইয়াছে-	
	فِيْٓ اَدْنَى الْاَرْضِ وَهُمْ مِّنْۢ بَعْدِ غَلَبِهِمْ سَيَغْلِبُوْنَ ۝	3
প্রতিবর্ণায়ন	ফী~আদনাল আরদি˙ ওয়াহুম মিম্ বা‘দি গালাবিহিম ছাইয়াগলিবূন।	
তরজমা	নিকটবর্তী অঞ্চলে; কিন্তু উহারা উহাদের এই পরাজয়ের পর শীঘ্রই বিজয়ী হইবে,	
	فِيْ بِضْعِ سِنِيْنَ ڛ لِلّٰهِ الْاَمْرُ مِنْ قَبْلُ وَمِنْۢ بَعْدُ ۭ وَيَوْمَىِٕذٍ يَّفْرَحُ الْمُؤْمِنُوْنَ ۝	4
প্রতিবর্ণায়ন	ফী বিদ‘ই ছিনীনা (ط) লিল্লা–হিল আমরু মিং ক˙াবলু ওয়া মিম বা‘দু (ط) ওয়া ইয়াওমাইযি˙ইঁ ইয়াফরাহু˙ল মু’মিনূন।	
তরজমা	কয়েক বৎসরের মধ্যেই। পূর্বের ও পরের ফয়সালা আল্লাহ্রই। আর সেই দিন মু’মিনগণ হর্ষোৎফুল্ল হইবে,	
	بِنَصْرِ اللّٰهِ ۭ يَنْصُرُ مَنْ يَّشَاۗءُ ۭ وَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ۝	5

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	বিনাসরিল্লা–হি (ط) ইয়াংসুরু মাইঁ ইয়াশা–উ (ط) ওয়া হুওয়াল 'আঝীঝুর রাহ ীম।	
তরজমা	আল্লাহ্‌র সাহায্যে। তিনি যাহাকে ইচ্ছা সাহায্য করেন এবং তিনি পরাক্রমশালী, পরম দয়ালু।	
	وَعْدَ اللّٰهِ ؕ لَا يُخْلِفُ اللّٰهُ وَعْدَهٗ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ۝٦	**6**
প্রতিবর্ণায়ন	ওয়া'দাল্লা–হি (ط) লা–ইউখলিফুল্লা–হু ওয়া'দাহূ ওয়া লা–কিন্না আকছ ারান্না–ছি লা–ইয়া'লামূন।	
তরজমা	ইহা আল্লাহ্‌রই প্রতিশ্রুতি ; আল্লাহ্ তাহার প্রতিশ্রুতি ব্যতিক্রম করেন না, কিন্তু অধিকাংশ লোক জানে না।	
	يَعْلَمُوْنَ ظَاهِرًا مِّنَ الْحَيٰوةِ الدُّنْيَا ۖۚ وَهُمْ عَنِ الْاٰخِرَةِ هُمْ غٰفِلُوْنَ ۝٧	**7**
প্রতিবর্ণায়ন	ইয়া'লামূনা জ া–হিরাম্ মিনাল হ ায়া–তিদ্ দুন্ইয়া– (ج) ওয়া হুম 'আনিল আ–খিরাতি হুম গা–ফিলূন।	
তরজমা	উহারা পার্থিব জীবনের বাহ্য দিক সম্বন্ধে অবগত, আর আখিরাত সম্বন্ধে উহারা গাফিল।	
	اَوَلَمْ يَتَفَكَّرُوْا فِيْٓ اَنْفُسِهِمْ ۫ مَا خَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ؕ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ بِلِقَآئِ رَبِّهِمْ لَكٰفِرُوْنَ ۝٨	**8**
প্রতিবর্ণায়ন	আওয়া লাম ইয়াতাফাক্কারূ ফী ̃আংফুছিহিম (قف) মা–খালাক াল্লা–হুছ্ছামা–ওয়া–তি ওয়াল আরদ া ওয়ামা–বাইনাহুমা ̃ইল্লা–বিলহ াক্কি ওয়া আজালিম মুছাম্মাওঁ (ط) ওয়া ইন্না কাছ ীরাম মিনান্না–ছি বিলিক া~ই রাব্বিহিম লাকা–ফিরূন।	
তরজমা	উহারা কি নিজেদের অন্তরে ভাবিয়া দেখে না ? আল্লাহ্ আকাশমণ্ডলী, পৃথিবী ও উহাদের অন্তর্বর্তী সমস্ত কিছু সৃষ্টি করিয়াছেন যথাযথভাবে এবং এক নির্দিষ্ট কালের জন্য। কিন্তু মানুষের মধ্যে অনেকেই তাহাদের প্রতিপালকের সাক্ষাতে অবিশ্বাসী।	
	اَوَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَانُوْٓا اَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَّاَثَارُوا الْاَرْضَ وَعَمَرُوْهَآ اَكْثَرَ مِمَّا عَمَرُوْهَا وَجَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ ؕ فَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ۝٩	**9**
প্রতিবর্ণায়ন	আওয়া লাম ইয়াছীরূ ফিলআরদি ফাইয়াংজু রূ কাইফা কা–না 'আ–কি বাতুল্লায ীনা মিং ক াবলিহিম (ط) কা–নূ ̃আশাদ্দা মিনহুম কুওওয়াতাওঁ ওয়া আছ া–রুল আরদ া ওয়া 'আমারূহা ̃ আকছ ারা মিম্মা–'আমারূহা–ওয়া জা~আত্হুম রুছুলুহুম বিলবাইয়িনা–তি (ط) ফামা–কা–নাল্লা–হু লিইয়াজ লিমাহুম ওয়া লা–কিং কা–নূ ̃আংফুছাহুম ইয়াজ লিমূন।	

তরজমা	উহারা কি পৃথিবীতে ভ্রমণ করে না ? তাহা হইলে দেখিত যে, উহাদের পূর্ববর্তীদের পরিণাম কিরূপ হইয়াছিল! শক্তিতে তাহারা ছিল ইহাদের অপেক্ষা প্রবল, তাহারা জমি চাষ করিত, তাহারা উহা আবাদ করিত ইহাদের আবাদ করা অপেক্ষা অধিক। তাহাদের নিকট আসিয়াছিল তাহাদের রাসূলগণ সুস্পষ্ট নিদর্শনসহ ; বস্তুত আল্লাহ্ এমন নন যে, উহাদের প্রতি জুলুম করেন, উহারা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করিয়াছিল।	
	ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِيْنَ اَسَآءُوا السُّوْٓاٰى اَنْ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ وَ كَانُوْا بِهَا يَسْتَهْزِءُوْنَ ۟	10
প্রতিবর্ণায়ন	ছু ম্মা কা-না ‘আ-কি বাতাল্লায ীনা আছা~উছ্ছূ~আ ~ আং কায্ যাবূ বিআ-য়া-তিল্লা-হি ওয়া কা-নূ বিহা-ইয়াছতাহ্ঝিউন।	
তরজমা	অতঃপর যাহারা মন্দ কর্ম করিয়াছিল তাহাদের পরিণাম হইয়াছে মন্দ ; কারণ তাহারা আল্লাহ্র আয়াত অস্বীকার করিত এবং উহা লইয়া ঠাট্টা-বিদ্রূপ করিত।	
	اَللّٰهُ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ۟	11
প্রতিবর্ণায়ন	আল্লা-হু ইয়াবদাউল খালক া ছু ম্মা ইউ‘ঈদুহূ ছু ম্মা ইলাইহি তুরজা‘উন।	
তরজমা	আল্লাহ্ আদিতে সৃষ্টির সূচনা করেন, অতঃপর তিনি ইহার পুনরাবৃত্তি করিবেন, তারপর তোমরা তাঁহারই নিকট প্রত্যানীত হইবে।	
	وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يُبْلِسُ الْمُجْرِمُوْنَ ۟	12
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা তাকূ মুছ্ছা-‘আতু ইউবলিছুল মুজরিমূন।	
তরজমা	যেই দিন কিয়ামত হইবে সেই দিন অপরাধীরা হতাশ হইয়া পড়িবে।	
	وَلَمْ يَكُنْ لَّهُمْ مِّنْ شُرَكَآئِهِمْ شُفَعٰٓؤُا وَكَانُوْا بِشُرَكَآئِهِمْ كٰفِرِيْنَ ۟	13
প্রতিবর্ণায়ন	ওয়ালাম ইয়াকুল্ লাহুম মিং শুরাকা~ইহিম শুফা‘আ~উ ওয়া কা-নূ বিশুরাকা~ইহিম কা-ফিরীন।	
তরজমা	উহাদের দেব-দেবীগুলি উহাদের জন্য সুপারিশকারী হইবে না এবং উহারা উহাদের দেব-দেবীগুলিকে প্রত্যাখ্যান করিবে।	
	وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يَوْمَئِذٍ يَّتَفَرَّقُوْنَ ۟	14
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা তাকূ মুছ্ছা-‘আতু ইয়াওমাইযি ইঁ ইয়াতাফার্রাকূ ন।	
তরজমা	যেই দিন কিয়ামত হইবে সেই দিন মানুষ বিভক্ত হইয়া পড়িবে।	
	فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَهُمْ فِيْ رَوْضَةٍ يُّحْبَرُوْنَ ۟	15
প্রতিবর্ণায়ন	ফাআম্মাল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি ফাহুম ফী রাওদ াতিইঁ ইউহ বারূন।	

তরজমা	অতএব যাহারা ঈমান আনিয়াছে ও সৎকর্ম করিয়াছে তাহারা জান্নাতে থাকিবে ;	
	وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَا وَلِقَآئِ الْاٰخِرَةِ فَاُولٰٓئِكَ فِى الْعَذَابِ مُحْضَرُوْنَ ۝١٦	16
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্লায ীনা কাফারূ ওয়া কায্ যাবূ বিআ-য়া-তিনা-ওয়া লিক া~ইল আ-খিরাতি ফাউলা~ইকা ফিল 'আয া-বি মুহ দ ারূন।	
তরজমা	এবং যাহারা কুফরী করিয়াছে এবং আমার নিদর্শনাবলী ও আখিরাতের সাক্ষাৎ অস্বীকার করিয়াছে, তাহারাই শাস্তি ভোগ করিতে থাকিবে।	
	فَسُبْحٰنَ اللّٰهِ حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ ۝١٧	17
প্রতিবর্ণায়ন	ফাছুব্হ া-নাল্লা-হি হ ীনা তুমছূনা ওয়া হ ীনা তুসবিহূ ন।	
তরজমা	সুতরাং তোমরা আল্লাহ্‌র পবিত্রতা ও মহিমা ঘোষণা কর সন্ধ্যায় ও প্রভাতে-	
	وَلَهُ الْحَمْدُ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَعَشِيًّا وَّحِيْنَ تُظْهِرُوْنَ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ওয়া লাহুল হ ামদু ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি ওয়া'আশিইইয়াওঁ ওয়া হ ীনা তুজ হিরূন।	
তরজমা	এবং অপরাহ্নে ও যোহরের সময়ে; আর আকাশমণ্ডলী ও পৃথিবীতে সকল প্রশংসা তো তাঁহারই।	
	يُخْرِجُ الْحَىَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَىِّ وَيُحْىِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ ۝١٩	19
প্রতিবর্ণায়ন	ইউখরিজুল হ াইইয়া মিনাল মাইয়িতি ওয়া ইউখরিজুল মাইয়িতা মিনাল হ াইয়ি ওয়া ইউহ ইল আরদ া বা'দা মাওতিহা- (ط) ওয়া কায া-লিকা তুখরাজূন।	
তরজমা	তিনিই মৃত হইতে জীবন্তের আবির্ভাব ঘটান এবং তিনিই জীবন্ত হইতে মৃতের আবির্ভাব ঘটান এবং ভূমিকে পুনর্জীবিত করেন উহার মৃত্যুর পর। এইভাবেই তোমরা উত্থিত হইবে।	
	وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ ثُمَّ اِذَآ اَنْتُمْ بَشَرٌ تَنْتَشِرُوْنَ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	ওয়া মিন আ-য়া-তিহী~ আন খালাক াকুম মিং তুরা-বিং ছু ম্মা ইয া- আংতুম বাশারুং তাংতাশিরূন।	
তরজমা	তাঁহার নিদর্শনাবলীর মধ্যে রহিয়াছে যে, তিনি তোমাদেরকে মৃত্তিকা হইতে সৃষ্টি করিয়াছেন। তাহার পর এখন তোমরা মানুষ, সর্বত্র ছড়াইয়া পড়িতেছ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ خَلَقَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا لِّتَسْكُنُوْٓا اِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُمْ مَّوَدَّةً وَّرَحْمَةً ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ۝٢١	**21**
প্রতিবর্ণায়ন	ওয়া মিন আ-য়া-তিহী˜ আন খালাক া লাকুম মিন আংফুছিকুম আঝওয়া-জাল্ লিতাছকুনূ˜ ইলাইহা ওয়াজা'আলা বাইনাকুম মাওয়াদ্দাতাওঁ ওয়া রাহ মাতান (ط) ইন্না ফী য া-লিকা লাআ-য়া-তিল্ লিক াওমিইঁ ইয়াতাফাক্কারূন।	
তরজমা	আর তাঁহার নিদর্শনাবলীর মধ্যে রহিয়াছে যে, তিনি তোমাদের জন্য তোমাদের মধ্য হইতে সৃষ্টি করিয়াছেন তোমাদের সংগিনীদেরকে যাহাতে তোমরা উহাদের নিকট শান্তি পাও এবং তোমাদের মধ্যে পারস্পরিক ভালবাসা ও দয়া সৃষ্টি করিয়াছেন। চিন্তাশীল সম্প্রদায়ের জন্য ইহাতে অবশ্যই বহু নিদর্শন রহিয়াছে।	
	وَمِنْ اٰيٰتِهٖ خَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافُ اَلْسِنَتِكُمْ وَاَلْوَانِكُمْ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّلْعٰلِمِيْنَ ۝٢٢	**22**
প্রতিবর্ণায়ন	ওয়া মিন্ আ-য়া-তিহী খালকু ছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি ওয়াখতিলা-ফু আলছিনাতিকুম ওয়া আলওয়া-নিকুম (ط) ইন্না ফী য া-লিকা লাআ-য়া-তিল্ লিল্'আ-লিমীন।	
তরজমা	আর তাঁহার নিদর্শনাবলীর মধ্যে রহিয়াছে আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টি এবং তোমাদের ভাষা ও বর্ণের বৈচিত্র্য। ইহাতে জ্ঞানীদের জন্য অবশ্যই বহু নিদর্শন রহিয়াছে।	
	وَمِنْ اٰيٰتِهٖ مَنَامُكُمْ بِالَّيْلِ وَالنَّهَارِ وَابْتِغَاۗؤُكُمْ مِّنْ فَضْلِهٖ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ۝٢٣	**23**
প্রতিবর্ণায়ন	ওয়া মিন আ-য়া-তিহী মানা-মুকুম বিল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়াবতিগা~উকুম মিং ফাদ লিহী (ط) ইন্না ফী য া-লিকা লাআ-য়া-তিল্ লিক াওমিইঁ ইয়াছমা'উন।	
তরজমা	আর তাঁহার নিদর্শনাবলীর মধ্যে রহিয়াছে রাত্রিতে ও দিবাভাগে তোমাদের নিদ্রা এবং তোমাদের অন্বেষণ তাঁহার অনুগ্রহ হইতে। ইহাতে অবশ্যই বহু নিদর্শন রহিয়াছে শ্রবণকারী সম্প্রদায়ের জন্য।	
	وَمِنْ اٰيٰتِهٖ يُرِيْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّطَمَعًا وَّيُنَزِّلُ مِنَ السَّمَاۗءِ مَاۗءً فَيُحْيٖ بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۝٢٤	**24**

প্রতিবর্ণায়ন	ওয়া মিন আ–য়া–তিহী ইউরীকুমুল বারক া খাওফাওঁ ওয়া ত ামা'আওঁ ওয়া ইউনাঝ্‌ঝিলু মিনাছ্‌ছামা~ই মা~আং ফাইউহ্‌ য়ী বিহিল আরদ া বা'দা মাওতিহা (ط) ইন্না ফী য া–লিকা লাআ–য়া–তিল্ লিক াওমিইঁ ইয়া'কি লূন।	
তরজমা	আর তাঁহার নিদর্শনাবলীর মধ্যে রহিয়াছে, তিনি তোমাদেরকে প্রদর্শন করেন বিদ্যুৎ, ভয় ও ভরসা সঞ্চারকরূপে এবং আকাশ হইতে বারি বর্ষণ করেন ও তদ্দ্বারা ভূমিকে পুনরুজ্জীবিত করেন উহার মৃত্যুর পর ; ইহাতে অবশ্যই বহু নিদর্শন রহিয়াছে বোধশক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য।	
	وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ تَقُوْمَ السَّمَآءُ وَالْاَرْضُ بِاَمْرِهٖ ؕ ثُمَّ اِذَا دَعَاكُمْ دَعْوَةً ۖۗ مِّنَ الْاَرْضِ ۖۗ اِذَآ اَنْتُمْ تَخْرُجُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া মিন আ–য়া–তিহী˜ আং তাকুমাছ্‌ছামা~উ ওয়াল আরদু বিআমরিহী (ط) ছু ম্মা ইয দ া– দা'আ–কুম (ق) দা'ওয়াতাম্ মিনাল আরদি (ق) ইয া˜ আংতুম তাখরুজূন।	
তরজমা	এবং তাহার নিদর্শনাবলীর মধ্যে রহিয়াছে যে, তাঁহারই আদেশে আকাশ ও পৃথিবীর স্থিতি থাকে ; অতঃপর আল্লাহ্ যখন তোমাদেরকে মৃত্তিকা হইতে উঠিবার জন্য একবার আহ্বান করিবেন তখন তোমরা উঠিয়া আসিবে।	
	وَلَهٗ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ كُلٌّ لَّهٗ قٰنِتُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া লাহূ মাং ফিছ্‌ছামা–ওয়া–তি ওয়াল আরদি (ط) কুল্লুল্ লাহূ ক া–নিতূন।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা তাঁহারই। সকলেই তাঁহার আজ্ঞাবহ।	
	وَهُوَ الَّذِىْ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَهُوَ اَهْوَنُ عَلَيْهِ ؕ وَلَهُ الْمَثَلُ الْاَعْلٰى فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায ী ইয়াবদাউল খালক া ছু ম্মা ইউ'ঈদুহূ ওয়া হুওয়া আহওয়ানু 'আলাইহি (ط) ওয়া লাহুল মাছ ালুল্ আ'লা–ফিছ্‌ছামা–ওয়া–তি ওয়াল আরদি (ج) ওয়া হুওয়াল 'আঝীঝুল হ াকীম।	
তরজমা	তিনি সৃষ্টিকে অস্তিত্বে আনয়ন করেন, অতঃপর তিনি ইহাকে সৃষ্টি করিবেন পুনর্বার; ইহা তাঁহার জন্য অতি সহজ। আকাশমণ্ডলী ও পৃথিবীতে সর্বোচ্চ মর্যাদা তাঁহারই ; এবং তিনিই পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	ضَرَبَ لَكُم مَّثَلًا مِّنْ أَنفُسِكُمْ ۖ هَل لَّكُم مِّن مَّا مَلَكَتْ أَيْمَانُكُم مِّن شُرَكَاءَ فِي مَا رَزَقْنَاكُمْ فَأَنتُمْ فِيهِ سَوَاءٌ تَخَافُونَهُمْ كَخِيفَتِكُمْ أَنفُسَكُمْ ۚ كَذَٰلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْقِلُونَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	দ˙ারাবা লাকুম মাছ˙ালাম মিন আংফুছিকুম; হাল্ লাকুম মিম্মা–মালাকাত আইমা–নুকুম মিং শুরাকা~আ ফী মা–রাঝাক˙না–কুম ফাআংতুম ফীহি ছাওয়া~উং তাখা–ফূনাহুম কাখীফাতিকুম আংফুছাকুম (ط) কায˙া–লিকা নুফাসসিলুল আ–য়া–তি লিক˙াওমিইঁ ইয়া‘কি˙লূন।	
তরজমা	আল্লাহ্ তোমাদের জন্য তোমাদের নিজেদের মধ্যে একটি দৃষ্টান্ত পেশ করিতেছেন : তোমাদেরকে আমি যে রিযিক দিয়াছি, তোমাদের অধিকারভুক্ত দাস-দাসিগণের কেহ কি তাহাতে অংশীদার? ফলে তোমরা কি এই ব্যাপারে সমান ? তোমরা কি উহাদেরকে সেইরূপ ভয় কর যেইরূপ তোমরা পরস্পর পরস্পরকে ভয় কর ? এইভাবেই আমি বোধশক্তিসম্পন্ন লোকদের নিকট নিদর্শনাবলী বিবৃত করি।	
	بَلِ اتَّبَعَ الَّذِينَ ظَلَمُوا أَهْوَاءَهُم بِغَيْرِ عِلْمٍ ۖ فَمَن يَهْدِي مَنْ أَضَلَّ اللَّهُ ۖ وَمَا لَهُم مِّن نَّاصِرِينَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	বালিত্তাবা‘আল্লায˙ীনা জ˙ালামূ~আহওয়া~আহুম বিগাইরি ‘ইলমিং (ج) ফামাইঁ ইয়াহদী মান আদ˙াল্লাল্লা–হু (ط) ওয়ামা–লাহুম মিং না–সিরীন।	
তরজমা	বরং সীমালংঘনকারীরা অজ্ঞানতাবশত তাহাদের খেয়াল-খুশির অনুসরণ করে, সুতরাং আল্লাহ্ যাহাকে পথভ্রষ্ট করিয়াছেন, কে তাহাকে সৎপথে পরিচালিত করিবে? আর তাহাদের কোন সাহায্যকারী নাই।	
	فَأَقِمْ وَجْهَكَ لِلدِّينِ حَنِيفًا ۚ فِطْرَتَ اللَّهِ الَّتِي فَطَرَ النَّاسَ عَلَيْهَا ۚ لَا تَبْدِيلَ لِخَلْقِ اللَّهِ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ফাআকি˙ম ওয়াজহাকা লিদ্দীনি হ˙ানীফাং (ط) ফিত˙রাতাল্লা–হিল্লাতী ফাত˙ারান্না–ছা ‘আলাইহা– (ط) লা–তাবদীলা লিখালকি˙ল্লা–হি (ط) য˙া–লিকাদ্দীনুল ক˙াইয়িমু ওয়া লা–কিন্না আকছ˙ারান্না–ছি লা–ইয়া‘লামূন।	
তরজমা	তুমি একনিষ্ঠ হইয়া নিজকে দীনে প্রতিষ্ঠিত কর। আল্লাহ্‌র প্রকৃতির অনুসরণ কর, যে প্রকৃতি অনুযায়ী তিনি মানুষ সৃষ্টি করিয়াছেন ; আল্লাহ্‌র সৃষ্টির কোন পরিবর্তন নাই। ইহাই সরল দীন ; কিন্তু অধিকাংশ মানুষ জানে না।	
	مُنِيبِينَ إِلَيْهِ وَاتَّقُوهُ وَأَقِيمُوا الصَّلَاةَ وَلَا تَكُونُوا مِنَ الْمُشْرِكِينَ ﴿٣١﴾	31

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মুনীবীনা ইলাইহি ওয়াত্তাকূ হু ওয়াআক ীমুসসালা-তা ওয়ালা-তাকূনূ মিনাল মুশরিকীন।	
তরজমা	বিশুদ্ধচিত্তে তাঁহার অভিমুখী হইয়া তাহাকে ভয় কর, সালাত কায়েম কর এবং অন্তর্ভুক্ত হইও না মুশরিকদের,	
	مِنَ الَّذِيْنَ فَرَّقُوْا دِيْنَهُمْ وَكَانُوْا شِيَعًا ؕ كُلُّ حِزْبٍۭ بِمَا لَدَيْهِمْ فَرِحُوْنَ ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	মিনাল্লাযীনা ফাররাকূ দীনাহুম ওয়া কা-নূ শিয়া‘আং (ط) কুল্লু হি ঝবিম বিমা-লাদাইহিম ফারিহূ ন।	
তরজমা	যাহারা নিজেদের দীনে মতভেদ সৃষ্টি করিয়াছে এবং বিভিন্ন দলে বিভক্ত হইয়াছে। প্রত্যেক দলই নিজ নিজ মতবাদ লইয়া উৎফুল্ল।	
	وَاِذَا مَسَّ النَّاسَ ضُرٌّ دَعَوْا رَبَّهُمْ مُّنِيْبِيْنَ اِلَيْهِ ثُمَّ اِذَاۤ اَذَاقَهُمْ مِّنْهُ رَحْمَةً اِذَا فَرِيْقٌ مِّنْهُمْ بِرَبِّهِمْ يُشْرِكُوْنَ ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-মাছ্ছান্না-ছা দু র্রুং দা‘আও রাব্বাহুম মুনীবীনা ইলাইহি ছু ম্মা ইযা ~আযা-কাহুম মিনহু রাহ মাতান ইযা-ফারীকু ম মিনহুম বিরাব্বিহিম ইউশরিকূন।	
তরজমা	মানুষকে যখন দুঃখ-দৈন্য স্পর্শ করে তখন উহারা বিশুদ্ধচিত্তে উহাদের প্রতিপালককে ডাকে। অতঃপর তিনি যখন উহাদেরকে স্বীয় অনুগ্রহ আস্বাদন করান তখন উহাদের একদল উহাদের প্রতিপালকের শরীক করিয়া থাকে ;	
	لِيَكْفُرُوْا بِمَاۤ اٰتَيْنٰهُمْ ؕ فَتَمَتَّعُوْا ۫ فَسَوْفَ تَعْلَمُوْنَ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	লিয়াকফুরূ বিমা ~আ-তাইনা-হুম (ط) ফাতামাত্তা‘উ (وقفة) ফাছাওফা তা‘লামূন।	
তরজমা	ফলে উহাদেরকে আমি যাহা দিয়াছি, তাহা উহারা অস্বীকার করে। সুতরাং ভোগ করিয়া লও, শীঘ্রই তোমরা জানিতে পারিবে।	
	اَمْ اَنْزَلْنَا عَلَيْهِمْ سُلْطٰنًا فَهُوَ يَتَكَلَّمُ بِمَا كَانُوْا بِهٖ يُشْرِكُوْنَ ﴿۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	আম আংঝালনা- ‘আলাইহিম ছুলত া-নাং ফাহুওয়া ইয়াতাকাল্লামু বিমা-কা-নূ বিহী ইউশরিকূন।	
তরজমা	আমি কি উহাদের নিকট এমন কোন দলীল অবতীর্ণ করিয়াছি যাহা উহাদেরকে শরীক করিতে বলে ?	
	وَاِذَاۤ اَذَقْنَا النَّاسَ رَحْمَةً فَرِحُوْا بِهَا ؕ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ اِذَا هُمْ يَقْنَطُوْنَ ﴿۳۶﴾	36

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-আযাক্বান্না-ছা রাহমাতাং ফারিহূ বিহা- (ط) ওয়া ইং তুসিবহুম ছাইয়িআতুম বিমা-ক্বাদ্দামাত আইদীহিম ইযা-হুম ইয়াক্বনাতূন।	
তরজমা	আমি যখন মানুষকে অনুগ্রহের আস্বাদ দেই উহারা তাহাতে উৎফুল্ল হয় এবং উহাদের কৃতকর্মের ফলে দুর্দশাগ্রস্ত হইলেই উহারা হতাশ হইয়া পড়ে।	
	أَوَلَمْ يَرَوْا أَنَّ اللَّهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ وَيَقْدِرُ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِقَوْمٍ يُؤْمِنُونَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	আওয়া লাম ইয়ারাও আন্নাল্লা-হা ইয়াবছুতুর্ রিঝক্বা লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াক্বদিরু (ط) ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিক্বাওমিইঁ ইউ'মিনূন।	
তরজমা	উহারা কি লক্ষ্য করে না, আল্লাহ্ যাহার জন্য ইচ্ছা রিযিক প্রশস্ত করেন এবং সীমিত করেন ? ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে মু'মিন সম্প্রদায়ের জন্য।	
	فَآتِ ذَا الْقُرْبَىٰ حَقَّهُ وَالْمِسْكِينَ وَابْنَ السَّبِيلِ ۚ ذَٰلِكَ خَيْرٌ لِلَّذِينَ يُرِيدُونَ وَجْهَ اللَّهِ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ফাআ-তি যাল কুরবা-হাক্কাহূ ওয়াল মিছকীনা ওয়াবনাছ্ছাবীল (ط) যা-লিকা খাইরুল্ লিল্লাযীনা ইউরীদূনা ওয়াজহাল্লা-হি (ز) ওয়া উলা~ইকা হুমুল মুফলিহূন।	
তরজমা	অতএব আত্মীয়কে দিবে তাহার হক এবং অভাবগ্রস্ত ও মুসাফিরকেও। যাহারা আল্লাহ্র সন্তুষ্টি কামনা করে তাহাদের জন্য ইহা শ্রেয় এবং তাহারাই সফলকাম।	
	وَمَا آتَيْتُمْ مِنْ رِبًا لِيَرْبُوَ فِي أَمْوَالِ النَّاسِ فَلَا يَرْبُو عِنْدَ اللَّهِ ۖ وَمَا آتَيْتُمْ مِنْ زَكَاةٍ تُرِيدُونَ وَجْهَ اللَّهِ فَأُولَٰئِكَ هُمُ الْمُضْعِفُونَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আ-তাইতুম মির রিবাল্ লিয়ারবুওয়া ফী~আমওয়া-লিন্না-ছি ফালা-ইয়ারবূ 'ইংদাল্লা-হি (ج) ওয়ামা~আ-তাইতুম মিং ঝাকা-তিং তুরীদূনা ওয়াজহাল্লা-হি ফাউলা~ইকা হুমুল মুদ'ইফূন।	
তরজমা	মানুষের ধনে বৃদ্ধি পাইবে বলিয়া তোমরা যে সুদ দিয়া থাক, আল্লাহ্র দৃষ্টিতে তাহা ধন-সম্পদ বৃদ্ধি করে না। কিন্তু আল্লাহ্র সন্তুষ্টি লাভের জন্য যে যাকাত তোমরা দিয়া থাক তাহাই বৃদ্ধি পায়; উহারাই সমৃদ্ধিশালী।	
	اللَّهُ الَّذِي خَلَقَكُمْ ثُمَّ رَزَقَكُمْ ثُمَّ يُمِيتُكُمْ ثُمَّ يُحْيِيكُمْ ۖ هَلْ مِنْ شُرَكَائِكُمْ مَنْ يَفْعَلُ مِنْ ذَٰلِكُمْ مِنْ شَيْءٍ ۚ سُبْحَانَهُ وَتَعَالَىٰ عَمَّا يُشْرِكُونَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	আল্লা-হুল্লাযী খালাক্বাকুম ছুম্মা রাঝাক্বাকুম ছুম্মা ইউমীতুকুম ছুম্মা ইউহ্ঈকুম (ط) হাল মিং শুরাকা~ইকুম মাইঁ ইয়াফ'আলু মিং যা-লিকুম মিং শাইয়িং (ط) ছুবহা-নাহূ ওয়া তা'আ-লা-'আম্মা-ইউশরিকূন।	

তরজমা	আল্লাহ্ই তোমাদেরকে সৃষ্টি করিয়াছেন, অতঃপর তোমাদেরকে রিযিক দিয়াছেন, তিনি তোমাদের মৃত্যু ঘটাইবেন ও পরে তোমাদেরকে জীবিত করিবেন। তোমাদের দেব-দেবীগুলির এমন কেহ আছে কি, যে এ সমস্তের কোন কিছু করিতে পারে ? উহারা যাহাদেরকে শরীক করে, আল্লাহ্ উহা হইতে পবিত্র, মহান।	
	ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ أَيْدِي النَّاسِ لِيُذِيقَهُمْ بَعْضَ الَّذِي عَمِلُوا لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	জা'হারাল ফাছা-দু ফিল বাররি ওয়াল্বাহ'রি বিমা-কাছাবাত আইদিন্না-ছি লিইউয'ীক'াহুম বা'দ'াল্লায'ী 'আমিলূ লা'আল্লাহুম ইয়ারজি'উন।	
তরজমা	মানুষের কৃতকর্মের দরুন স্থলে ও সমুদ্রে বিপর্যয় ছড়াইয়া পড়ে; যাহার ফলে উহাদেরকে উহাদের কোন কোন কর্মের শাস্তি তিনি আস্বাদন করান, যাহাতে উহারা ফিরিয়া আসে।	
	قُلْ سِيرُوا فِي الْأَرْضِ فَانْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِنْ قَبْلُ ۚ كَانَ أَكْثَرُهُمْ مُشْرِكِينَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	কু'ল ছীরূ ফিল আরদি' ফাংজু'রূ কাইফা কা-না 'আ-কি'বাতুল্লায'ীনা মিং ক'াবলু (ط) কা-না আকছ'ারুহুম মুশরিকীন।	
তরজমা	বল, 'তোমরা পৃথিবীতে পরিভ্রমণ কর এবং দেখ তোমাদের পূর্ববর্তীদের পরিণাম কী হইয়াছে !' উহাদের অধিকাংশই ছিল মুশরিক।	
	فَأَقِمْ وَجْهَكَ لِلدِّينِ الْقَيِّمِ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَ يَوْمٌ لَا مَرَدَّ لَهُ مِنَ اللَّهِ ۖ يَوْمَئِذٍ يَصَّدَّعُونَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ফাআকি'ম ওয়াজহাকা লিদ্দীনিল ক'াইয়িমি মিং ক'াবলি আইঁ ইয়া'তিয়া ইয়াওমুল্ লা-মারাদ্দা লাহূ মিনাল্লা-হি ইয়াওমাইযি'ইঁ ইয়াস্সাদ্দা'উন।	
তরজমা	তুমি সরল দীনে নিজকে প্রতিষ্ঠিত কর, আল্লাহ্র পক্ষ হইতে যে দিবস অনিবার্য তাহা উপস্থিত হইবার পূর্বে, সেই দিন মানুষ বিভক্ত হইয়া পড়িবে।	
	مَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهُ ۖ وَمَنْ عَمِلَ صَالِحًا فَلِأَنْفُسِهِمْ يَمْهَدُونَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	মাং কাফারা ফা'আলাইহি কুফ্রুহু (ج) ওয়া মান 'আমিলা সা-লিহ'াং ফালিআংফুছিহিম ইয়ামহাদূন।	
তরজমা	যে কুফরী করে, কুফরীর শাস্তি তাহারই প্রাপ্য ; যাহারা সৎকর্ম করে তাহারা নিজেদেরই জন্য রচনা করে সুখশয্যা।	
	لِيَجْزِيَ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ مِنْ فَضْلِهِ ۚ إِنَّهُ لَا يُحِبُّ الْكَافِرِينَ ﴿٤٥﴾	45

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লিয়াজঝিইয়াল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহ া-তি মিং ফাদ লিহী (ط) ইন্নাহূ লা-ইউহি ব্বুল কা-ফিরীন।	
তরজমা	কারণ যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আল্লাহ্ তাহাদেরকে নিজ অনুগ্রহে পুরস্কৃত করেন। তিনি কাফিরদেরকে পসন্দ করেন না।	
	وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ يُّرْسِلَ الرِّيَاحَ مُبَشِّرٰتٍ وَّلِيُذِيْقَكُمْ مِّنْ رَّحْمَتِهٖ وَلِتَجْرِيَ الْفُلْكُ بِاَمْرِهٖ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া মিন আ-য়া-তিহী˜ আইঁ ইউরছিলার্ রিয়া-হ া মুবাশ্‌শিরা-তিওঁ ওয়া লিইউয ীক াকুম মির্‌রাহ মাতিহী ওয়া লিতাজ্‌রিয়াল ফুলকু বিআমরিহী ওয়া লিতাবতাগূ মিং ফাদ লিহী ওয়া লা'আল্লাকুম তাশকুরূন।	
তরজমা	তাঁহার নিদর্শনাবলীর একটি যে, তিনি বায়ু প্রেরণ করেন সুসংবাদ দিবার জন্য ও তোমাদেরকে তাঁহার অনুগ্রহ আস্বাদন করাইবার জন্য ; এবং যাহাতে তাঁহার নির্দেশে নৌযানগুলি বিচরণ করে, যাহাতে তোমরা তাঁহার অনুগ্রহ সন্ধান করিতে পার ও তাঁহার প্রতি কৃতজ্ঞ হও।	
	وَلَقَدْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ رُسُلًا اِلٰى قَوْمِهِمْ فَجَآءُوْهُمْ بِالْبَيِّنٰتِ فَانْتَقَمْنَا مِنَ الَّذِيْنَ اَجْرَمُوْا ۗ وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِيْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ আরছালনা-মিং ক াবলিকা রুছুলান ইলা-ক াওমিহিম ফাজা~উহুম বিল বাইয়িনা-তি ফাংতাক ামনা-মিনাল্লায ীনা আজরামূ (ط) ওয়া কা-না হ াক্ক ান 'আলাইনা-নাসরুল মু'মিনীন।	
তরজমা	আমি তো তোমার পূর্বে রাসূলগণকে প্রেরণ করিয়াছিলাম তাহাদের নিজ নিজ সম্প্রদায়ের নিকট। তাহারা উহাদের নিকট সুস্পষ্ট নিদর্শন লইয়া আসিয়াছিল ; অতঃপর আমি অপরাধীদেরকে শাস্তি দিয়াছিলাম। মু'মিনদেরকে সাহায্য করা আমার দায়িত্ব।	
	اَللّٰهُ الَّذِيْ يُرْسِلُ الرِّيٰحَ فَتُثِيْرُ سَحَابًا فَيَبْسُطُهٗ فِي السَّمَآءِ كَيْفَ يَشَآءُ وَيَجْعَلُهٗ كِسَفًا فَتَرَى الْوَدْقَ يَخْرُجُ مِنْ خِلٰلِهٖ ۚ فَاِذَآ اَصَابَ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖٓ اِذَا هُمْ يَسْتَبْشِرُوْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	আল্লা-হুল্লায ী ইউরছিলুর্ রিয়া-হ া ফাতুছ ীরু ছাহ া-বাং ফাইয়াবছুতু হূ ফিছ্‌ছামা~ই কাইফা ইয়াশা-উ ওয়া ইয়াজ'আলুহূ কিছাফাং ফাতারাল ওয়াদক া ইয়াখরুজু মিন খিলা-লিহী (ج) ফাইয া˜ আসা-বা বিহী মাইঁ ইয়াশা-উ মিন 'ইবা-দিহী˜ ইয া-হুম ইয়াছতাবশিরূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আল্লাহ্, তিনি বায়ু প্রেরণ করেন, ফলে ইহা মেঘমালাকে সঞ্চালিত করে ; অতঃপর তিনি ইহাকে যেমন ইচ্ছা আকাশে ছড়াইয়া দেন ; পরে ইহাকে খণ্ড-বিখণ্ড করেন এবং তুমি দেখিতে পাও উহা হইতে নির্গত হয় বারিধারা; অতঃপর যখন তিনি তাঁহার বান্দাদের মধ্যে যাহাদের নিকট ইচ্ছা ইহা পৌঁছাইয়া দেন, তখন উহারা হয় হর্ষোৎফুল্ল,	
	وَاِنۡ كَانُوۡا مِنۡ قَبۡلِ اَنۡ يُّنَزَّلَ عَلَيۡهِمۡ مِّنۡ قَبۡلِهٖ لَمُبۡلِسِيۡنَ ﴿۴۹﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কা–নূ মিং ক`াবলি আইঁ ইউনাঝ্‌ঝালা ‘আলাইহিম মিং ক`াবলিহী লামুবলিছীন।	
তরজমা	যদিও ইতিপূর্বে উহাদের প্রতি বৃষ্টি বর্ষণের আগে উহারা নিরাশ ছিল।	
	فَانۡظُرۡ اِلٰٓى اٰثٰرِ رَحۡمَتِ اللّٰهِ كَيۡفَ يُحۡىِ الۡاَرۡضَ بَعۡدَ مَوۡتِهَا ؕ اِنَّ ذٰلِكَ لَمُحۡىِ الۡمَوۡتٰى ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ﴿۵۰﴾	50
প্রতিবর্ণায়ন	ফাংজু`র ইলা˜ আ–ছ`া–রি রাহ`মাতিল্লা–হি কাইফা ইউহ`য়িল আরদ`া বা‘দা মাওতিহা– (ط) ইন্না য`া–লিকা লামুহ`য়িল মাওতা– (ج) ওয়া হুওয়া ‘আলা–কুল্লি শাইয়িং ক`াদীর।	
তরজমা	আল্লাহ্‌র অনুগ্রহের ফল সম্বন্ধে চিন্তা কর, কিভাবে তিনি ভূমিকে জীবিত করেন উহার মৃত্যুর পর। এইভাবেই আল্লাহ্ মৃতকে জীবিত করেন, কারণ তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَلَٮِٕنۡ اَرۡسَلۡنَا رِيۡحًا فَرَاَوۡهُ مُصۡفَرًّا لَّظَلُّوۡا مِنۡۢ بَعۡدِهٖ يَكۡفُرُوۡنَ ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়া লাইন আরছালনা–রীহ`াং ফারাআওহু মুসফার্‌রাল্ লাজ`াল্লূ মিম বা‘দিহী ইয়াকফুরূন।	
তরজমা	আর আমি যদি এমন বায়ু প্রেরণ করি যাহার ফলে উহারা দেখে শস্য পীতবর্ণ ধারণ করিয়াছে, তখন তো উহারা অকৃতজ্ঞ হইয়া পড়ে।	
	فَاِنَّكَ لَا تُسۡمِعُ الۡمَوۡتٰى وَلَا تُسۡمِعُ الصُّمَّ الدُّعَآءَ اِذَا وَلَّوۡا مُدۡبِرِيۡنَ ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	ফাইন্নাকা লা–তুছমি‘উল মাওতা–ওয়ালা–তুছমি‘উস্ সুম্মাদ্ দু‘আ~আ ইয`া–ওয়াল্লাও মুদবিরীন।	
তরজমা	তুমি তো মৃতকে শোনাইতে পারিবে না, বধিরকেও পারিবে না আহ্বান শোনাইতে, যখন উহারা মুখ ফিরাইয়া চলিয়া যায়।	
	وَمَاۤ اَنۡتَ بِهٰدِ الۡعُمۡىِ عَنۡ ضَلٰلَتِهِمۡ ؕ اِنۡ تُسۡمِعُ اِلَّا مَنۡ يُّؤۡمِنُ بِاٰيٰتِنَا فَهُمۡ مُّسۡلِمُوۡنَ ﴿۵۳﴾	53

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া মা~আংতা বিহা-দিল 'উময়ি 'আং দা্লা-লাতিহিম (ط) ইং তুছমি'উ ইল্লা-মাইঁ ইউ'মিনু বিআ-য়া-তিনা-ফাহুম মুছলিমূন।	
তরজমা	আর তুমি অন্ধকেও পথে আনিতে পারিবে না উহাদের পথভ্রষ্টতা হইতে। যাহারা আমার নিদর্শনাবলীতে বিশ্বাস করে শুধু তাহাদেরকেই তুমি শোনাইতে পারিবে, কারণ তাহারা আত্মসমর্পণকারী।	
	ٱللَّهُ ٱلَّذِى خَلَقَكُم مِّن ضَعْفٍ ثُمَّ جَعَلَ مِنۢ بَعْدِ ضَعْفٍ قُوَّةً ثُمَّ جَعَلَ مِنۢ بَعْدِ قُوَّةٍ ضَعْفًا وَشَيْبَةً ۚ يَخْلُقُ مَا يَشَآءُ ۖ وَهُوَ ٱلْعَلِيمُ ٱلْقَدِيرُ ۝٥٤	54
প্রতিবর্ণায়ন	আল্লা-হুল্লাযী খালাক্বাকুম মিং দু'ফিং ছুম্মা জা'আলা মিম বা'দি দু'ফিং কু্ওওয়াতাং ছুম্মা জা'আলা মিম বা'দি কু্ওওয়াতিং দু'ফাওঁ ওয়া শাইবাতাইঁ (ط) ইয়াখলুকু মা-ইয়াশা~উ (ج) ওয়া হুওয়াল 'আলীমুল ক্বাদীর।	
তরজমা	আল্লাহ্, তিনি তোমাদেরকে সৃষ্টি করেন দুর্বল অবস্থায়, দুর্বলতার পর তিনি দেন শক্তি ; শক্তির পর আবার দেন দুর্বলতা ও বার্ধক্য। তিনি যাহা ইচ্ছা সৃষ্টি করেন এবং তিনিই সর্বজ্ঞ, সর্বশক্তিমান।	
	وَيَوْمَ تَقُومُ ٱلسَّاعَةُ يُقْسِمُ ٱلْمُجْرِمُونَ ۙ مَا لَبِثُوا۟ غَيْرَ سَاعَةٍ ۚ كَذَٰلِكَ كَانُوا۟ يُؤْفَكُونَ ۝٥٥	55
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা তাকূ্মুছ ছা-'আতু ইউক্বছিমুল মুজরিমূনা (لا) মা-লাবিছূ গাইরা ছা'আতিং (ط) কাযা্লিকা কা-নূ ইউ'ফাকূন।	
তরজমা	যেদিন কিয়ামত হইবে সেদিন অপরাধীরা শপথ করিয়া বলিবে যে, তাহারা মুহূর্তকালের বেশি অবস্থান করে নাই। এইভাবেই তাহারা সত্যভ্রষ্ট হইত।	
	وَقَالَ ٱلَّذِينَ أُوتُوا۟ ٱلْعِلْمَ وَٱلْإِيمَٰنَ لَقَدْ لَبِثْتُمْ فِى كِتَٰبِ ٱللَّهِ إِلَىٰ يَوْمِ ٱلْبَعْثِ ۖ فَهَٰذَا يَوْمُ ٱلْبَعْثِ وَلَٰكِنَّكُمْ كُنتُمْ لَا تَعْلَمُونَ ۝٥٦	56
প্রতিবর্ণায়ন	ওয়া ক্বা-লাল্লাযীনা উতুল 'ইলমা ওয়াল ঈমা-না লাক্বাদ লাবিছ্তুম ফী কিতা-বিল্লা-হি ইলা- ইয়াওমিল বা'ছি (ز) ফাহা-যা্-ইয়াওমুল বা'ছি ওয়ালা-কিন্নাকুম কংতুম লা-তা'লামূন।	
তরজমা	কিন্তু যাহাদেরকে জ্ঞান ও ঈমান দেওয়া হইয়াছে তাহারা বলিবে, 'তোমরা তো আল্লাহ্র বিধানে পুনরুত্থান দিবস পর্যন্ত অবস্থান করিয়াছ। ইহাই তো পুনরুত্থান দিবস, কিন্তু তোমরা জানিতে না।'	
	فَيَوْمَئِذٍ لَّا يَنفَعُ ٱلَّذِينَ ظَلَمُوا۟ مَعْذِرَتُهُمْ وَلَا هُمْ يُسْتَعْتَبُونَ ۝٥٧	57
প্রতিবর্ণায়ন	ফাইয়াওমাইযি্ল্ লা-ইয়াংফা'উল্লাযীনা জা্লামূ মা'যি্রাতুহুম ওয়ালা-হুম ইউছতা'তাবূন।	

তরজমা	সেই দিন সীমালংঘনকারীদের ওযর-আপত্তি উহাদের কাজে আসিবে না এবং উহাদেরকে আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের সুযোগও দেওয়া হইবে না।	
	وَلَقَدْ ضَرَبْنَا لِلنَّاسِ فِيْ هٰذَا الْقُرْاٰنِ مِنْ كُلِّ مَثَلٍ ؕ وَلَئِنْ جِئْتَهُمْ بِاٰيَةٍ لَّيَقُوْلَنَّ الَّذِيْنَ كَفَرُوْۤا اِنْ اَنْتُمْ اِلَّا مُبْطِلُوْنَ ۝	58
প্রতিবর্ণায়ন	ওয়া লাকাদ দারাবনা-লিন্না-ছি ফী হা-যাল কুরআ-নি মিং কুল্লি মাছালিওঁ (ط) ওয়া লাইং জি'তাহুম বিআ-ইয়াতিল্ লাইয়াকূলান্নাল্লাযীনা কাফারূ ইন আংতুম ইল্লা-মুবতিলূন।	
তরজমা	আমি তো মানুষের জন্য এই কুরআনে সর্বপ্রকার দৃষ্টান্ত দিয়াছি। তুমি যদি উহাদের নিকট কোন নিদর্শন উপস্থিত কর, কাফিররা অবশ্যই বলিবে, 'তোমরা তো মিথ্যাশ্রয়ী।'	
	كَذٰلِكَ يَطْبَعُ اللّٰهُ عَلٰى قُلُوْبِ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ۝	59
প্রতিবর্ণায়ন	কাযা-লিকা ইয়াতবা'উল্লা-হু 'আলা-কুলূবিল্লাযীনা লা-ইয়া'লামূন।	
তরজমা	যাহাদের জ্ঞান নাই আল্লাহ্ এইভাবে তাহাদের হৃদয় মোহর করিয়া দেন।	
	فَاصْبِرْ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّلَا يَسْتَخِفَّنَّكَ الَّذِيْنَ لَا يُوْقِنُوْنَ ۝	60
প্রতিবর্ণায়ন	ফাসবির ইন্না ওয়া'দাল্লা-হি হাক্কুওঁ ওয়ালা- ইয়াছতাখিফফান্নাকাল্লাযীনা লা-ইউকিনূন।	
তরজমা	অতএব তুমি ধৈর্য ধারণ কর, নিশ্চয়ই আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য। যাহারা দৃঢ় বিশ্বাসী নয় তাহারা যেন তোমাকে বিচলিত করিতে না পারে।	

31 - Luqman-লুকমান -لقمان

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	الٓمّٓ ۝	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম্ মী~ম।	
তরজমা	আলিফ-লাম-মীম;	
	تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْحَكِيْمِ ۝	2
প্রতিবর্ণায়ন	তিলকা আ-ইয়া-তুল কিতা-বিল হাকীম।	
তরজমা	এইগুলি জ্ঞানগর্ভ কিতাবের আয়াত,	
	هُدًى وَّرَحْمَةً لِّلْمُحْسِنِيْنَ ۝	3

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	হুদাওঁ ওয়া রাহ্‌মাতাল লিল্‌মুহ্‌ছিনীন।	
তরজমা	পথনির্দেশ ও দয়াস্বরূপ সৎকর্মপরায়ণদের জন্য ;	
	الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ۝٤	4
প্রতিবর্ণায়ন	আল্লায্‌ীনা ইউক্‌ীমূনাস্‌সালা-তা ওয়া ইউ'তূনাঝ্‌ঝাকা-তা ওয়া হুম বিলআ-খিরাতি হুম ইউকি্‌নূন।	
তরজমা	যাহারা সালাত কায়েম করে, যাকাত দেয়, আর তাহারাই আখিরাতে নিশ্চিত বিশ্বাসী ;	
	اُولٰٓئِكَ عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ۝٥	5
প্রতিবর্ণায়ন	উলা~ইকা 'আলা-হুদাম মির্‌রাব্বিহিম ওয়া উলা~ইকা হুমুল মুফলিহূ্‌ন।	
তরজমা	তাহারাই তাহাদের প্রতিপালকের নির্দেশিত পথে আছে এবং তাহারাই সফলকাম।	
	وَمِنَ النَّاسِ مَنْ يَّشْتَرِيْ لَهْوَ الْحَدِيْثِ لِيُضِلَّ عَنْ سَبِيْلِ اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ ۖ وَّيَتَّخِذَهَا هُزُوًا ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্না-ছি মাইঁ ইয়াশতারী লাহওয়াল হ্‌াদীছি্‌ লিইউদি্‌ল্লা 'আং ছাবীলিল্লা-হি বিগাইরি 'ইলমিওঁ (ۚ) ওয়া ইয়াত্তাখিয্‌াহা-হুঝুওয়ান (ط) উলা~ইকা লাহুম 'আয্‌া-বুম্ মুহীন।	
তরজমা	মানুষের মধ্যে কেহ কেহ অজ্ঞতাবশত আল্লাহ্‌র পথ হইতে বিচ্যুত করিবার জন্য অসার বাক্য ক্রয় করিয়া নেয় এবং আল্লাহ্‌-প্রদর্শিত পথ লইয়া ঠাট্টা-বিদ্রূপ করে। উহাদেরই জন্য রহিয়াছে অবমাননাকর শাস্তি।	
	وَاِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا وَلّٰى مُسْتَكْبِرًا كَاَنْ لَّمْ يَسْمَعْهَا كَاَنَّ فِيْٓ اُذُنَيْهِ وَقْرًا ۚ فَبَشِّرْهُ بِعَذَابٍ اَلِيْمٍ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্‌া-তুতলা-'আলাইহি আ-য়া-তুনা-ওয়াল্লা-মুছতাকবিরাং কাআল্লাম ইয়াছমা'হা-কাআন্না ফী~ উযু্‌নাইহি ওয়াক্‌রাং (ج) ফাবাশশিরহু বি'আয্‌া-বিন আলীম।	
তরজমা	যখন উহার নিকট আমার আয়াত অবৃত্তি করা হয় তখন সে দম্ভভরে মুখ ফিরাইয়া নেয় যেন সে ইহা শুনিতে পায় নাই, যেন উহার কর্ণ দুইটি বধির ; অতএব উহাদেরকে মর্মন্তুদ শাস্তির সংবাদ দাও।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ جَنّٰتُ النَّعِيْمِ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায্‌ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ্‌া-তি লাহুম জান্না-তুন না'ঈম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আছে সুখদ কানন ;	
	خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَعْدَ اللّٰهِ حَقًّا ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	খা-লিদীনা ফীহা- (ط) ওয়া'দাল্লা-হি হ'াক্ক'াওঁ (ط) ওয়া হুওয়াল 'আঝীঝুল হ'াকীম।	
তরজমা	সেখানে তাহারা স্থায়ী হইবে। আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়!	
	خَلَقَ السَّمٰوٰتِ بِغَيْرِ عَمَدٍ تَرَوْنَهَا وَاَلْقٰى فِى الْاَرْضِ رَوَاسِىَ اَنْ تَمِيْدَ بِكُمْ وَبَثَّ فِيْهَا مِنْ كُلِّ دَآبَّةٍ ؕ وَ اَنْزَلْنَا مِنَ السَّمَآءِ مَآءً فَاَنْۢبَتْنَا فِيْهَا مِنْ كُلِّ زَوْجٍ كَرِيْمٍ ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	খালাক'াছ্‌ছামা-ওয়া-তি বিগাইরি 'আমাদিং তারাওনাহা-ওয়া আলাক'া-ফিল আরদি' রাওয়া-ছিয়া আং তামীদা বিকুম ওয়া বাছ্'ছ'া ফীহা-মিং কুল্লি দা~ব্বাতিওঁ (ط) ওয়া আংঝালনা-মিনাছ্‌ছামা~ই মা~আং ফাআম্‌বাতনা-ফীহা-মিং কুল্লি ঝাওজিং কারীম।	
তরজমা	তিনি আকাশমণ্ডলী নির্মাণ করিয়াছেন স্তম্ভ ব্যতীত-তোমরা ইহা দেখিতেছ ; তিনিই পৃথিবীতে স্থাপন করিয়াছেন পর্বতমালা যাহাতে ইহা তোমাদেরকে লইয়া ঢলিয়া না পড়ে এবং ইহাতে ছড়াইয়া দিয়াছেন সর্বপ্রকার জীবজন্তু। এবং আমিই আকাশ হইতে বারি বর্ষণ করিয়া ইহাতে উদ্‌গত করি সর্বপ্রকার কল্যাণকর উদ্ভিদ।	
	هٰذَا خَلْقُ اللّٰهِ فَاَرُوْنِىْ مَاذَا خَلَقَ الَّذِيْنَ مِنْ دُوْنِهٖ ؕ بَلِ الظّٰلِمُوْنَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	হা-য'া-খালকু'ল্লা-হি ফাআরূনী মা-য'া-খালক'াল্লায'ীনা মিং দূনিহী (ط) বালিজ্জ'া-লিমূনা ফী দ'ালা-লিম মুবীন।	
তরজমা	ইহা আল্লাহ্‌র সৃষ্টি ! তিনি ব্যতীত অন্যেরা কী সৃষ্টি করিয়াছে আমাকে দেখাও। সীমালংঘনকারীরা তো স্পষ্ট বিভ্রান্তিতে রহিয়াছে।	
	وَلَقَدْ اٰتَيْنَا لُقْمٰنَ الْحِكْمَةَ اَنِ اشْكُرْ لِلّٰهِ ؕ وَمَنْ يَّشْكُرْ فَاِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهٖ ۚ وَمَنْ كَفَرَ فَاِنَّ اللّٰهَ غَنِىٌّ حَمِيْدٌ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আ-তাইনা-লুক'মা-নাল হি'কমাতা আনিশকুর লিল্লা-হি (ط) ওয়া মাইঁ ইয়াশকুর ফাইন্নামা-ইয়াশকুরু লিনাফছিহী (ج) ওয়ামাং কাফারা ফাইন্নাল্লা-হা গানিইয়ুন হ'ামীদ।	
তরজমা	আমি তো লুকমানকে জ্ঞান দান করিয়াছিলাম এবং বলিয়াছিলাম যে, আল্লাহ্‌র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। যে কৃতজ্ঞতা প্রকাশ করে সে তো তাহা করে নিজেরই জন্য এবং কেহ অকৃতজ্ঞ হইলে আল্লাহ্ তো অভাবমুক্ত, প্রশংসার্হ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاِذْ قَالَ لُقْمٰنُ لِابْنِهٖ وَهُوَ يَعِظُهٗ يٰبُنَيَّ لَا تُشْرِكْ بِاللّٰهِ ۗ اِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيْمٌ ﴿١٣﴾	**13**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ক়া-লা লুক়মা-নু লিবনিহী ওয়া হুওয়া ইয়া‘ইজু হূ ইয়া-বুনাইইয়া লা-তুশরিক বিল্লা-হি (ط) ইন্নাশ্‌শিরকা লাজু লমুন ‘আজ ীম।	
তরজমা	স্মরণ কর, যখন লুক্‌মান উপদেশচ্ছলে তাহার পুত্রকে বলিয়াছিল, ‘হে বৎস! আল্লাহ্‌র কোন শরীক করিও না। নিশ্চয়ই শির্‌ক চরম জুলুম।’	
	وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ ۚ حَمَلَتْهُ اُمُّهٗ وَهْنًا عَلٰى وَهْنٍ وَّفِصٰلُهٗ فِيْ عَامَيْنِ اَنِ اشْكُرْ لِيْ وَلِوَالِدَيْكَ ۗ اِلَيَّ الْمَصِيْرُ ﴿١٤﴾	**14**
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াসসাইনাল ইংছা-না বিওয়া-লিদাইহি (ج) হ়ামালাতহু উম্মুহূ ওয়াহনান ‘আলা-ওয়াহনিওঁ ওয়া ফিসা-লুহূ ফী ‘আ-মাইনি আনিশকুর লী ওয়ালি ওয়া-লিদাইকা (ط) ইলাইইয়াল মাসীর।	
তরজমা	আমি তো মানুষকে তাহার পিতামাতার প্রতি সদাচরণের নির্দেশ দিয়াছি। জননী সন্তানকে কষ্টের পর কষ্ট বরণ করিয়া গর্ভে ধারণ করে এবং তাহার দুধ ছাড়ান হয় দুই বৎসরে। সুতরাং আমার প্রতি ও তোমার পিতামাতার প্রতি কৃতজ্ঞ হও। প্রত্যাবর্তন তো আমারই নিকট।	
	وَاِنْ جَاهَدٰكَ عَلٰۤى اَنْ تُشْرِكَ بِيْ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ ۙ فَلَا تُطِعْهُمَا وَصَاحِبْهُمَا فِى الدُّنْيَا مَعْرُوْفًا ۖ وَّاتَّبِعْ سَبِيْلَ مَنْ اَنَابَ اِلَيَّ ۚ ثُمَّ اِلَيَّ مَرْجِعُكُمْ فَاُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٥﴾	**15**
প্রতিবর্ণায়ন	ওয়া ইং জা-হাদা-কা ‘আলা~আং তুশরিকা বী মা-লাইছা লাকা বিহী ‘ইলমুং (ۙ) ফালা-তুতি ‘হুমা- ওয়াসা-হি বহুমা-ফিদ্‌দুন্‌ইয়া-মা‘রূফাওঁ ওয়াত্তাবি‘ ছাবীলা মান আনা-বা ইলাইইয়া (ج) ছু ম্মা ইলাইইয়া মারজি‘উকুম ফাউনাব্বিউকুম বিমা-কুংতুম তা‘মালূন।	
তরজমা	তোমার পিতামাতা যদি তোমাকে পীড়াপীড়ি করে আমার সমকক্ষ দাঁড় করাইতে যে বিষয়ে তোমার কোন জ্ঞান নাই, তুমি তাহাদের কথা মানিও না, তবে পৃথিবীতে তাহাদের সঙ্গে বসবাস করিবে সদ্‌ভাবে এবং যে বিশুদ্ধচিত্তে আমার অভিমুখী হইয়াছে তাহার পথ অবলম্বন কর, অতঃপর তোমাদের প্রত্যাবর্তন আমারই নিকট এবং তোমরা যাহা করিতে সে বিষয়ে আমি তোমাদেরকে অবহিত করিব।	

	يٰبُنَيَّ اِنَّهَاۤ اِنْ تَكُ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلٍ فَتَكُنْ فِيْ صَخْرَةٍ اَوْ فِي السَّمٰوٰتِ اَوْ فِي الْاَرْضِ يَاْتِ بِهَا اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ لَطِيْفٌ خَبِيْرٌ ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	ইয়া-বুনাইয়া ইন্নাহা˜ ইং তাকু মিছ˙ক˙া-লা হ˙াব্বাতিম্মিন খারদালিং ফাতাকুং ফী সাখরাতিন আও ফিছ্ছামা-ওয়া-তি আও ফিল আরদি˙ ইয়া'তি বিহাল্লা-হু (ط) ইন্নাল্লা-হা লাত˙ীফুন খাবীর।	
তরজমা	'হে বৎস ! ক্ষুদ্র বস্তুটি যদি সরিষার দানা পরিমাণও হয় এবং উহা যদি থাকে শিলাগর্ভে অথবা আকাশে কিংবা মৃত্তিকার নিচে, আল্লাহ্ তাহাও উপস্থিত করিবেন। নিশ্চয়ই আল্লাহ্ সূক্ষ্মদর্শী, সম্যক অবগত।	
	يٰبُنَيَّ اَقِمِ الصَّلٰوةَ وَاْمُرْ بِالْمَعْرُوْفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ وَاصْبِرْ عَلٰى مَاۤ اَصَابَكَ ؕ اِنَّ ذٰلِكَ مِنْ عَزْمِ الْاُمُوْرِ ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	ইয়া-বুনাইইয়া আকি˙মিসসালা-তা ওয়া'মুর বিলমা'রূফি ওয়ানহা 'আনিল মুংকারি ওয়াস্‌বির 'আলা-মা˜আসা-বাকা (ط) ইন্না য˙া-লিকা মিন 'আঝমিল উমূর।	
তরজমা	'হে বৎস ! সালাত কায়েম করিও, সৎকর্মের নির্দেশ দিও আর অসৎ কর্মে নিষেধ করিও এবং আপদে-বিপদে ধৈর্য ধারণ করিও। ইহাই তো দৃঢ়সংকল্পের কাজ।	
	وَلَا تُصَعِّرْ خَدَّكَ لِلنَّاسِ وَلَا تَمْشِ فِي الْاَرْضِ مَرَحًا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرٍ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তুসা''ইর খাদ্দাকা লিন্না-ছি ওয়ালা-তামশি ফিল আরদি˙ মারাহ˙ান (ط) ইন্নাল্লা-হা লা-ইউহি˙ব্বু কুল্লা মুখতা-লিং ফাখূর।	
তরজমা	'অহংকারবশে তুমি মানুষকে অবজ্ঞা করিও না এবং পৃথিবীতে উদ্ধতভাবে বিচরণ করিও না ; নিশ্চয়ই আল্লাহ্ কোন উদ্ধত, অহংকারীকে পসন্দ করেন না।	
	وَاقْصِدْ فِيْ مَشْيِكَ وَاغْضُضْ مِنْ صَوْتِكَ ؕ اِنَّ اَنْكَرَ الْاَصْوَاتِ لَصَوْتُ الْحَمِيْرِ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়াক˙সিদ ফী মাশইকা ওয়াগদু˙দ˙ মিং সাওতিকা (ط) ইন্না আংকারাল আসওয়া-তি লাসাওতুল হ˙ামীর।	
তরজমা	'তুমি পদক্ষেপ করিও সংযতভাবে এবং তোমার কণ্ঠস্বর নিচু করিও ; নিশ্চয়ই স্বরের মধ্যে গর্দভের স্বরই সর্বাপেক্ষা অপ্রীতিকর।'	
	اَلَمْ تَرَوْا اَنَّ اللّٰهَ سَخَّرَ لَكُمْ مَّا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ وَاَسْبَغَ عَلَيْكُمْ نِعَمَهٗ ظَاهِرَةً وَّبَاطِنَةً ؕ وَمِنَ النَّاسِ مَنْ يُّجَادِلُ فِي اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ وَّلَا هُدًى وَّلَا كِتٰبٍ مُّنِيْرٍ ﴿۲۰﴾	20

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আলাম তারাও আন্নাল্লা–হা ছাখখরা লাকুম মা–ফিছছামা–ওয়া–তি ওয়ামা–ফিল আরদি ওয়া আছবাগা 'আলাইকুম নি'মাহূ জ া–হিরাতাওঁ ওয়া বা–তি নাতাওঁ (ط) ওয়া মিনান্না–ছি মাইঁ ইউজা–দিলু ফিল্লা–হি বিগাইরি 'ইলমিওঁ ওয়ালা–হুদাওঁ ওয়ালা–কিতা–বিম মুনীর।	
তরজমা	তোমরা কি দেখ না, আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্তই তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন এবং তোমাদের প্রতি তাঁহার প্রকাশ্য ও অপ্রকাশ্য অনুগ্রহ সম্পূর্ণ করিয়াছেন? মানুষের মধ্যে কেহ কেহ অজ্ঞতাবশত আল্লাহ্ সম্বন্ধে বিতণ্ডা করে, তাহাদের না আছে পথনির্দেশক আর না আছে কোন দীপ্তিমান কিতাব।	
	وَإِذَا قِيلَ لَهُمُ اتَّبِعُوا مَا أَنزَلَ اللَّهُ قَالُوا بَلْ نَتَّبِعُ مَا وَجَدْنَا عَلَيْهِ آبَاءَنَا ۚ أَوَلَوْ كَانَ الشَّيْطَانُ يَدْعُوهُمْ إِلَىٰ عَذَابِ السَّعِيرِ ﴿٢١﴾	**21**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া–ক ীলা লাহুমুত্ তাবি'উ মা ~আংঝালাল্লা–হু ক া–লূ বাল নাত্তাবি'উ মা–ওয়াজাদনা–'আলাইহি আ–বা~আনা– (ط) আওয়া লাও কা–নাশ্শাইত া–নু ইয়াদ'উহুম ইলা–'আয া–বিছ্ছা'ঈর।	
তরজমা	উহাদেরকে যখন বলা হয়, 'আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তাহা অনুসরণ কর।' উহারা বলে, 'বরং আমরা আমাদের পিতৃপুরুষদেরকে যাহাতে পাইয়াছি তাহারই অনুসরণ করিব।' শয়তান যদি উহাদেরকে জ্বলন্ত অগ্নির শাস্তির দিকে আহ্বান করে, তবুও কি ?	
	وَمَن يُسْلِمْ وَجْهَهُ إِلَى اللَّهِ وَهُوَ مُحْسِنٌ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ ۗ وَإِلَى اللَّهِ عَاقِبَةُ الْأُمُورِ ﴿٢٢﴾	**22**
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইউছলিম ওয়াজহাহূ~ ইলাল্লা–হি ওয়া হুওয়া মুহ ছিনুং ফাক াদিছতামছাকা বিল 'উরওয়াতিল উছ ক া– (ط) ওয়া ইলাল্লা–হি 'আ–কি বাতুল উমূর।	
তরজমা	যে কেহ আল্লাহ্‌র নিকট আত্মসমর্পণ করে এবং সৎকর্মপরায়ণ হয় সে তো দৃঢ়ভাবে ধারণ করে এক মযবুত হাতল, যাবতীয় কর্মের পরিণাম আল্লাহ্‌র ইখ্তিয়ারে।	
	وَمَن كَفَرَ فَلَا يَحْزُنكَ كُفْرُهُ ۚ إِلَيْنَا مَرْجِعُهُمْ فَنُنَبِّئُهُم بِمَا عَمِلُوا ۚ إِنَّ اللَّهَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ﴿٢٣﴾	**23**
প্রতিবর্ণায়ন	ওয়া মাং কাফারা ফালা–ইয়াহ ঝুংকা কুফরুহূ (ط) ইলাইনা–মারজি'উহুম ফানুনাব্বিউহুম বিমা–'আমিলূ (ط) ইন্নাল্লা–হা 'আলীমুম বিয া–তিসসুদূর।	

তরজমা	আর কেহ কুফরী করিলে তাহার কুফরী যেন তোমাকে ক্লিষ্ট না করে। আমারই নিকট উহাদের প্রত্যাবর্তন। অতঃপর আমি উহাদেরকে অবহিত করিব উহারা যাহা করিত। অন্তরে যাহা রহিয়াছে সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত।	
	نُمَتِّعُهُمْ قَلِيلًا ثُمَّ نَضْطَرُّهُمْ إِلَىٰ عَذَابٍ غَلِيظٍ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	নুমাত্তি‘উহুম কালীলাং ছুম্মা নাদতাররুহুম ইলা–‘আযা–বিন গালীজ ।	
তরজমা	আমি উহাদেরকে জীবনোপকরণ ভোগ করিতে দিব স্বল্পকালের জন্য। অতঃপর উহাদেরকে কঠিন শাস্তি ভোগ করিতে বাধ্য করিব।	
	وَلَئِن سَأَلْتَهُم مَّنْ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ لَيَقُولُنَّ اللَّهُ ۚ قُلِ الْحَمْدُ لِلَّهِ ۚ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া লাইং ছাআলতাহুম মান খালাকাছ্ছামা–ওয়া–তি ওয়াল আরদা লাইয়াকূলুন্নাল্লা–হু (ط) কুলিল হামদু লিল্লা–হি; বাল আকছারুহুম লা–ইয়া‘লামূন।	
তরজমা	তুমি যদি উহাদেরকে জিজ্ঞাসা কর, ‘আকাশমণ্ডলী ও পৃথিবী কে সৃষ্টি করিয়াছেন ?’ উহারা নিশ্চয়ই বলিবে, ‘আল্লাহ্’। বল, ‘সকল প্রশংসা আল্লাহ্রই’, কিন্তু উহাদের অধিকাংশই জানে না।	
	لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ إِنَّ اللَّهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيدُ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	লিল্লা–হি মা–ফিছ্ছামা–ওয়া–তি ওয়াল আরদি (ط) ইন্নাল্লা–হা হুওয়াল গানিইয়ুল হামীদ।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা আল্লাহ্রই ; আল্লাহ্, তিনি তো অভাবমুক্ত, প্রশংসার্হ।	
	وَلَوْ أَنَّمَا فِي الْأَرْضِ مِن شَجَرَةٍ أَقْلَامٌ وَالْبَحْرُ يَمُدُّهُ مِن بَعْدِهِ سَبْعَةُ أَبْحُرٍ مَّا نَفِدَتْ كَلِمَاتُ اللَّهِ ۗ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া লাও আন্না মা–ফিল আরদি মিং শাজারাতিন আকলা–মুওঁ ওয়াল বাহরু ইয়ামুদ্দুহূ মিম বা‘দিহী ছাব‘আতু আবহুরিম্ মা–নাফিদাত কালিমা–তুল্লা–হি (ط) ইন্নাল্লা–হা ‘আঝীঝুন হাকীম।	
তরজমা	পৃথিবীর সমস্ত বৃক্ষ যদি কলম হয় আর সমুদ্র হয় কালি এবং ইহার সঙ্গে আরও সাত সমুদ্র যুক্ত হয়, তবুও আল্লাহ্র বাণী নিঃশেষ হইবে না। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	مَا خَلْقُكُمْ وَلَا بَعْثُكُمْ إِلَّا كَنَفْسٍ وَاحِدَةٍ ۗ إِنَّ اللَّهَ سَمِيعٌ بَصِيرٌ ﴿٢٨﴾	28

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মা-খালকু্কুম ওয়ালা-বা'ছু্কুম ইল্লা-কানাফছিওঁ ওয়া-হি্দাতিন (ط) ইন্নাল্লা-হা ছামী'উম্ বাসীর।	
তরজমা	তোমাদের সকলের সৃষ্টি ও পুনরুত্থান একটি প্রাণীর সৃষ্টি ও পুনরুত্থানেরই অনুরূপ। নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা, সম্যক দ্রষ্টা।	
	اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يُوْلِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِي الَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ يَّجْرِيْٓ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى وَّاَنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ۝٢٩	29
প্রতিবর্ণায়ন	আলাম তারা আন্নাল্লা-হা ইউলিজুল্ লাইলা ফিন্নাহা-রি ওয়া ইউলিজুন্নাহা-রা ফিল্লাইলি ওয়া ছাখখারাশ্শামছা ওয়ালা ক্বামারা (ز) কুল্লুইঁ ইয়াজরী˜ইলা˜আজালিম মুছাম্মাওঁ ওয়া আন্নাল্লা-হা বিমা-তা'মালূনা খাবীর।	
তরজমা	তুমি কি দেখ না আল্লাহ্ রাত্রিকে দিবসে এবং দিবসকে রাত্রিতে পরিণত করেন ? তিনি চন্দ্র-সূর্যকে করিয়াছেন নিয়মাধীন, প্রত্যেকটি বিচরণ করে নির্দিষ্ট কাল পর্যন্ত ; তোমরা যাহা কর আল্লাহ্ সে সম্পর্কে অবহিত।	
	ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ وَاَنَّ مَا يَدْعُوْنَ مِنْ دُوْنِهِ الْبَاطِلُ ۙ وَاَنَّ اللّٰهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ۝٣٠	30
প্রতিবর্ণায়ন	যা-লিকা বিআন্নাল্লা-হা হুওয়াল হাক্কু ওয়া আন্নামা- ইয়াদ'উনা মিং দূনিহিল বা-তি্লু (لا) ওয়া আন্নাল্লা-হা হুওয়াল 'আলিইয়ুল কাবীর।	
তরজমা	এইগুলি প্রমাণ যে, আল্লাহ্ই সত্য এবং উহারা তাঁহার পরিবর্তে যাহাকে ডাকে, তাহা মিথ্যা। আল্লাহ্, তিনি তো সমুচ্চ, মহান।	
	اَلَمْ تَرَ اَنَّ الْفُلْكَ تَجْرِيْ فِي الْبَحْرِ بِنِعْمَتِ اللّٰهِ لِيُرِيَكُمْ مِّنْ اٰيٰتِهٖ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ۝٣١	31
প্রতিবর্ণায়ন	আলাম তারা আন্নাল ফুলকা তাজরী ফিল বাহ্রি বিনি'মাতিল্লা-হি লিইউরিয়াকুম মিন আ-য়া-তিহী (ط) ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিকুল্লি সাব্বা-রিং শাকূর।	
তরজমা	তুমি কি লক্ষ্য কর না যে, আল্লাহ্র অনুগ্রহে নৌযানগুলি সমুদ্রে বিচরণ করে, যদ্দ্বারা তিনি তোমাদেরকে তাঁহার নিদর্শনাবলীর কিছু প্রদর্শন করেন ? ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে প্রত্যেক ধৈর্যশীল কৃতজ্ঞ ব্যক্তির জন্য।	
	وَاِذَا غَشِيَهُمْ مَّوْجٌ كَالظُّلَلِ دَعَوُا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۚ فَلَمَّا نَجّٰىهُمْ اِلَى الْبَرِّ فَمِنْهُمْ مُّقْتَصِدٌ ۭ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ اِلَّا كُلُّ خَتَّارٍ كَفُوْرٍ ۝٣٢	32

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা– গাশিয়াহুম মাওজুং কাজ্জু লালি দা‘আউল্লা–হা মুখলিসীনা লাহুদ্দীনা (ج) ফালাম্মা–নাজ্জা–হুম ইলাল বাররি ফামিনহুম মুক তাসিদুওঁ (ط) ওয়ামা–ইয়াজহ াদু বিআ–য়া–তিনা–ইল্লা–কুল্লু খাত্তা–রিং কাফূর।	
তরজমা	যখন তরংগ উহাদেরকে আচ্ছন্ন করে মেঘচ্ছায়ার মত তখন উহারা আল্লাহ্‌কে ডাকে তাহার আনুগত্যে বিশুদ্ধচিত্ত হইয়া। কিন্তু যখন তিনি উহাদেরকে উদ্ধার করিয়া স্থলে পৌঁছান তখন উহাদের কেহ কেহ সরল পথে থাকে ; কেবল বিশ্বাসঘাতক, অকৃতজ্ঞ ব্যক্তিই আমার নিদর্শনাবলী অস্বীকার করে।	
	يَاَيُّهَا النَّاسُ اتَّقُوْا رَبَّكُمْ وَاخْشَوْا يَوْمًا لَّا يَجْزِىْ وَالِدٌ عَنْ وَّلَدِهٖ ۡ وَلَا مَوْلُوْدٌ هُوَ جَازٍ عَنْ وَّالِدِهٖ شَيْـًٔا ؕ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ٚ وَلَا يَغُرَّنَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	ইয়া–আইয়ুহান্‌না–ছুত্তাকূ রাব্বাকুম ওয়াখশাও ইয়াওমাল্লা–ইয়াজঝী ওয়া–লিদুন আওঁ ওয়ালাদিহী (ز) ওয়ালা–মাওলূদুন হুওয়া জা–ঝিন ‘আওঁ ওয়া–লিদিহী শাইআন (ط) ইন্না ওয়া‘দাল্লা–হি হাক্কুং ফালা–তাগুর্‌রান্নাকুমুল হায়া–তুদ্দুন্‌ইয়া– (وقفة) ওয়ালা–ইয়াগুর্‌রান্নাকুম বিল্লা–হিল গারূর।	
তরজমা	হে মানুষ ! তোমরা তোমাদের প্রতিপালককে ভয় কর এবং ভয় কর সেই দিনের, যখন পিতা সন্তানের কোন উপকারে আসিবে না, সন্তানও কোন উপকারে আসিবে না তাহার পিতার। আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য ; সুতরাং পার্থিব জীবন যেন তোমাদেরকে কিছুতেই প্রতারিত না করে এবং সেই প্রবঞ্চক যেন তোমাদেরকে কিছুতেই আল্লাহ্ সম্পর্কে প্রবঞ্চিত না করে।	
	اِنَّ اللّٰهَ عِنْدَهٗ عِلْمُ السَّاعَةِ ۚ وَيُنَزِّلُ الْغَيْثَ ۚ وَيَعْلَمُ مَا فِى الْاَرْحَامِ ؕ وَمَا تَدْرِىْ نَفْسٌ مَّاذَا تَكْسِبُ غَدًا ؕ وَمَا تَدْرِىْ نَفْسٌۢ بِاَىِّ اَرْضٍ تَمُوْتُ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ خَبِيْرٌ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা ‘ইংদাহূ ‘ইলমুছ্‌ছা–‘আতি (ج) ওয়া ইউনাঝঝিলুল গাইছ া (ج) ওয়া ইয়া‘লামু মা–ফিল আরহা–মি (ط) ওয়ামা–তাদরী নাফছুম্ মা–য া তাকছিবু গাদাওঁ ওয়ামা–তাদরী নাফছুম্ বিআইয়ি আরদিং তামূতু (ط) ইন্নাল্লা–হা ‘আলীমুন খাবীর।	
তরজমা	কিয়ামতের জ্ঞান কেবল আল্লাহ্‌র নিকট রহিয়াছে, তিনি বৃষ্টি বর্ষণ করেন এবং তিনি জানেন যাহা জরায়ুতে আছে। কেহ জানে না আগামীকল্য সে কি অর্জন করিবে এবং কেহ জানে না কোন্ স্থানে তাহার মৃত্যু ঘটিবে। নিশ্চয়ই আল্লাহ্ সর্বজ্ঞ, সর্ববিষয়ে অবহিত।	

32 - As-Sajdah-সাজ্দা -السجدة

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	الٓمّٓ ۚ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম মী~ম।	
তরজমা	আলিফ-লাম-মীম,	
	تَنْزِيْلُ الْكِتٰبِ لَا رَيْبَ فِيْهِ مِنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ۗ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	তাংঝীলুল কিতা-বি লা-রাইবা ফীহি মির রাব্বিল ‘আ-লামীন।	
তরজমা	এই কিতাব জগতসমূহের প্রতিপালকের নিকট হইতে অবতীর্ণ, ইহাতে কোন সন্দেহ নাই।	
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ۚ بَلْ هُوَ الْحَقُّ مِنْ رَّبِّكَ لِتُنْذِرَ قَوْمًا مَّآ اَتٰىهُمْ مِّنْ نَّذِيْرٍ مِّنْ قَبْلِكَ لَعَلَّهُمْ يَهْتَدُوْنَ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	আম ইয়াকূ লূনাফ্‌তারা-হু (ج) বাল হুওয়াল হা ক্কু মির রাব্বিকা লিতুংযি রা কা ওমাম মা~আতা-হুম মিন্‌নায ীরিম মিং কা বলিকা লা‘আল্লাহুম ইয়াহতাদূন।	
তরজমা	তবে কি উহারা বলে, ‘ইহা সে নিজে রচনা করিয়াছে ?’ না, ইহা তোমার প্রতিপালক হইতে আগত সত্য, যাহাতে তুমি এমন এক সম্প্রদায়কে সতর্ক করিতে পার, যাহাদের নিকট তোমার পূর্বে কোন সতর্ককারী আসে নাই, হয়ত উহারা সৎপথে চলিবে।	
তরজমা	আল্লাহ্ই আকাশমণ্ডলী ও পৃথিবীকে সংরক্ষণ করেন, যাহাতে উহারা স্থানচ্যুত না হয়, উহারা স্থানচ্যুত হইলে তিনি ব্যতীত কে উহাদেরকে রক্ষা করিবে ? তিনি তো অতি সহনশীল, ক্ষমাপরায়ণ।	
	وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ جَآءَهُمْ نَذِيْرٌ لَّيَكُوْنُنَّ اَهْدٰى مِنْ اِحْدَى الْاُمَمِ ۚ فَلَمَّا جَآءَهُمْ نَذِيْرٌ مَّا زَادَهُمْ اِلَّا نُفُوْرَا ۙ	42
প্রতিবর্ণায়ন	ওয়া আক্ছামূ বিল্লা-হি জাহ্দা আইমা-নিহিম্ লাইং জা~আহুম্ নাযীরুল্লাইয়াকূনুন্না আহ্দা-মিন্ ইহ়্দাল্ উমামি (ج) ফালাম্মা-জা~আহুম্ নাযীরুম মা-ঝা-দাহুম ইল্লা-নুফূরা- ।	
তরজমা	ইহারা দৃঢ়তার সঙ্গে আল্লাহ্‌র শপথ করিয়া বলিত যে, ইহাদের নিকট কোন সতর্ককারী আসিলে ইহারা অন্য সকল সম্প্রদায় অপেক্ষা সৎপথের অধিকতর অনুসারী হইবে; কিন্তু ইহাদের নিকট যখন সতর্ককারী আসিল তখন তাহা কেবল উহাদের বিমুখতাই বৃদ্ধি করিল-	
	اسْتِكْبَارًا فِى الْاَرْضِ وَمَكْرَ السَّيِّئِ ۗ وَلَا يَحِيْقُ الْمَكْرُ السَّيِّئُ اِلَّا بِاَهْلِهٖ ۗ فَهَلْ يَنْظُرُوْنَ اِلَّا سُنَّتَ الْاَوَّلِيْنَ ۚ فَلَنْ تَجِدَ لِسُنَّتِ اللّٰهِ تَبْدِيْلًا ۚ وَلَنْ تَجِدَ لِسُنَّتِ اللّٰهِ تَحْوِيْلًا	43
প্রতিবর্ণায়ন	ইছ্তিক্বা-রাং ফিল্ আর্দ্বি ওয়ামাক্রাছ্ ছাইয়িয়ি (ط) ওয়ালা-ইয়াহ়ীকুল মাক্রুছ্ ছাইয়িইউ ইল্লা-বিআহ্লিহী (ط) ফাহাল্ ইয়াংজুরূনা ইল্লা- ছুন্নাতাল্ আওওয়ালীনা (ج) ফালাং তাজিদা লিছুন্নাতিল্লা-হি তাব্দীলাওঁ ওয়ালাং তাজিদা লিছুন্নাতিল্লা-হি তাহ়ভীলা- ।	
তরজমা	পৃথিবীতে ঔদ্ধত্য প্রকাশ এবং কূট ষড়যন্ত্রের কারণে। কূট ষড়যন্ত্র উহার উদ্যোক্তাদেরকেই পরিবেষ্টন করে। তবে কি ইহারা প্রতীক্ষা করিতেছে পূর্ববর্তীদের প্রতি প্রযুক্ত বিধানের ? কিন্তু তুমি আল্লাহ্‌র বিধানের কখনও কোন পরিবর্তন পাইবে না এবং আল্লাহ্‌র বিধানের কোন ব্যতিক্রমও দেখিবে না।	
	اَوَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَكَانُوْٓا اَشَدَّ مِنْهُمْ قُوَّةً ۗ وَمَا كَانَ اللّٰهُ لِيُعْجِزَهٗ مِنْ شَيْءٍ فِى السَّمٰوٰتِ وَلَا فِى الْاَرْضِ ۗ اِنَّهٗ كَانَ عَلِيْمًا قَدِيْرًا	44

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্ ইয়াছীরূ ফিল্ আর্দি ফাইয়াংজু রূ কাইফা কা–না ‘আ–কি বাতুল্লায ীনা মিং ক াব্লিহিম্ ওয়া কা–নূ ˜আশাদ্দা মিন্হুম কু ওওয়াতাওঁ (ط) ওয়ামা– কা–নাল্লা–হু লিইউ‘জিঝাহূ মিং শাইয়িং ফিছ্ ছামা–ওয়া–তি ওয়ালা– ফিল্ আর্দি (ط) ইন্নাহূ কা–না ‘আলীমাং ক াদীরা– ।	
তরজমা	ইহারা কি পৃথিবীতে পরিভ্রমণ করে নাই ? তাহা হইলে ইহাদের পূর্ববর্তীদের পরিণাম কী হইয়াছিল তাহা দেখিতে পাইত। উহারা তো ইহাদের অপেক্ষা অধিকতর বলশালী ছিল। আল্লাহ্ এমন নন যে, আকাশমণ্ডলী এবং পৃথিবীর কোন কিছুই তাঁহাকে অক্ষম করিতে পারে; তিনি সর্বজ্ঞ, সর্বশক্তিমান।	
	وَلَوْ يُؤَاخِذُ اللّٰهُ النَّاسَ بِمَا كَسَبُوْا مَا تَرَكَ عَلٰى ظَهْرِهَا مِنْ دَآبَّةٍ وَّلٰكِنْ يُّؤَخِّرُهُمْ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ۚ فَاِذَا جَآءَ اَجَلُهُمْ فَاِنَّ اللّٰهَ كَانَ بِعِبَادِهٖ بَصِيْرًا ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়ালাও ইউআ–খিযু ল্লা–হুন্না–ছা বিমা–কাছাবূ মা– তারাকা ‘আলা– জ াহ্রিহা– মিং দা~ব্বাতিওঁ ওয়ালা-কিইঁ ইউআখ্খিরুহুম্ ইলা ˜আজালিম্ মুছাম্মাং (ج) ফাইয া–জা~আ আজালুহুম্ ফাইন্নাল্লা–হা কা–না বি‘ইবা–দিহী বাসীরা ।	
তরজমা	আল্লাহ্ মানুষকে তাহাদের কৃতকর্মের জন্য শাস্তি দিলে ভূপৃষ্ঠে কোন জীব- জন্তুকেই রেহাই দিতেন না, কিন্তু তিনি এক নির্দিষ্ট কাল পর্যন্ত তাহাদেরকে অবকাশ দিয়া থাকেন। অতঃপর তাহাদের নির্দিষ্ট কাল আসিয়া গেলে আল্লাহ্ তো আছেন তাঁহার বান্দাদের সম্যক দ্রষ্টা।	
প্রতিবর্ণায়ন	৩৬-ছূরা ইয়া-ছীন, আয়াত : ৮৩	

36 - Ya-Sin-ইয়াসীন -يس

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয়া–ছী~ন্ ।	
তরজমা	ইয়া-সীন,	
	وَالْقُرْاٰنِ الْحَكِيْمِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়াল্ কু রআ–নিল্ হ াকীম ।	
তরজমা	শপথ জ্ঞানগর্ভ কুরআনের,	
	اِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ইন্নাকা লামিনাল্ মুর্ছালীন ।	
তরজমা	তুমি অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত;	
	عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤﴾	4

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	‘আলা–সিরাতি`ম্ মুছ্তাক`ীম।	
তরজমা	তুমি সরল পথে প্রতিষ্ঠিত।	
	تَنْزِيْلَ الْعَزِيْزِ الرَّحِيْمِ ۝	5
প্রতিবর্ণায়ন	তাংঝীলাল্ ‘আঝীঝির রাহ`ীম।	
তরজমা	কুরআন অবতীর্ণ পরাক্রমশালী, পরম দয়ালু আল্লাহ্‌র নিকট হইতে,	
	لِتُنْذِرَ قَوْمًا مَّآ اُنْذِرَ اٰبَآؤُهُمْ فَهُمْ غٰفِلُوْنَ ۝	6
প্রতিবর্ণায়ন	লিতুংযি`রা ক`াওমাম্মা~ উংযি`রা আ–বা~উহুম্ ফাহুম গা–ফিলূন।	
তরজমা	যাহাতে তুমি সতর্ক করিতে পার এমন এক জাতিকে যাহাদের পিতৃপুরুষদেরকে সতর্ক করা হয় নাই, যাহার ফলে উহারা গাফিল।	
	لَقَدْ حَقَّ الْقَوْلُ عَلٰٓى اَكْثَرِهِمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝	7
প্রতিবর্ণায়ন	লাক`াদ হ`াক্ক`াল্ ক`াওলু ‘আলা~আক্‌ছ`ারিহিম্ ফাহুম্ লা–ইউ’মিনূন।	
তরজমা	উহাদের অধিকাংশের জন্য সেই বাণী অবধারিত হইয়াছে; সুতরাং উহারা ঈমান আনিবে না।	
	اِنَّا جَعَلْنَا فِيْٓ اَعْنَاقِهِمْ اَغْلٰلًا فَهِيَ اِلَى الْاَذْقَانِ فَهُمْ مُّقْمَحُوْنَ ۝	8
প্রতিবর্ণায়ন	ইন্না– জা‘আল্না–ফী~ আ‘না–কি`হিম্ আগ্‌লা–লাং ফাহিয়া ইলাল্ আয`ক`া–নি ফাহুম্ মুক`মাহূ`ন।	
তরজমা	আমি উহাদের গলদেশে চিবুক পর্যন্ত বেড়ি পরাইয়াছি, ফলে উহারা উর্ধ্বমুখী হইয়া গিয়াছে।	
	وَجَعَلْنَا مِنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ سَدًّا وَّمِنْ خَلْفِهِمْ سَدًّا فَاَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ ۝	9
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আল্না– মিম্ বাইনি আইদীহিম্ ছাদ্দাওঁ ওয়া মিন খাল্‌ফিহিম্ ছাদ্দাং ফাআগশাইনা–হুম্ ফাহুম লা–ইউবসিরূন।	
তরজমা	আমি উহাদের সম্মুখে প্রাচীর ও পশ্চাতে প্রাচীর স্থাপন করিয়াছি এবং উহাদেরকে আবৃত করিয়াছি; ফলে উহারা দেখিতে পায় না।	
	وَسَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝	10
প্রতিবর্ণায়ন	ওয়া ছাওয়া~উন্ ‘আলাইহিম্ আ আংয`ারতাহুম্ আম্ লাম্ তুংযি`রহুম্ লা–ইউ’মিনূন।	
তরজমা	তুমি উহাদেরকে সতর্ক কর বা না কর, উহাদের পক্ষে উভয়ই সমান; উহারা ঈমান আনিবে না।	
	اِنَّمَا تُنْذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمٰنَ بِالْغَيْبِ ۚ فَبَشِّرْهُ بِمَغْفِرَةٍ وَّاَجْرٍ كَرِيْمٍ ۝	11

প্রতিবর্ণায়ন	ইন্নামা– তুংযি`রু মানিত্তাবা‘আয্`যি`ক্রা ওয়া খাশিয়ার্‌রাহ`মা–না বিল্‌গাইবি (ج) ফাবাশ্‌শির্‌হু বিমাগফিরাতিওঁ ওয়া আজরিং কারীম্।	
তরজমা	তুমি কেবল তাহাকেই সতর্ক করিতে পার যে উপদেশ মানিয়া চলে এবং না দেখিয়া দয়াময় আল্লাহ্‌কে ভয় করে। অতএব তাহাকে তুমি ক্ষমা ও মহাপুরস্কারের সংবাদ দাও।	
	اِنَّا نَحۡنُ نُحۡیِ الۡمَوۡتٰی وَنَكۡتُبُ مَا قَدَّمُوۡا وَاٰثَارَهُمۡ ؕ وَكُلَّ شَیۡءٍ اَحۡصَیۡنٰهُ فِیۡۤ اِمَامٍ مُّبِیۡنٍ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ইন্না– নাহ`নু নুহ্`য়িল মাওতা– ওয়া নাক্‌তুবু মা–ক`দ্দামূ ওয়া আ–ছ`া–রাহুম (ط) ওয়া কুল্লা শাইয়িন্ আহ`সাইনা–হু ফী˜ ইমা–মিম্ মুবীন্।	
তরজমা	আমিই মৃতকে করি জীবিত এবং লিখিয়া রাখি যাহা উহারা অগ্রে প্রেরণ করে ও যাহা উহারা পশ্চাতে রাখিয়া যায়, আমি তো প্রত্যেক জিনিস স্পষ্ট কিতাবে সংরক্ষিত রাখিয়াছি।	
	وَاضۡرِبۡ لَهُمۡ مَّثَلًا اَصۡحٰبَ الۡقَرۡیَةِ ۘ اِذۡ جَآءَهَا الۡمُرۡسَلُوۡنَ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়াদ`রিব্ লাহুম্ মাছ`ালান্ আসহ`া–বাল্ ক`ারইয়াহ (م)। ইয` জা~আহাল্ মুর্‌ছালূন।	
তরজমা	উহাদের নিকট বর্ণনা কর এক জনপদের অধিবাসীদের দৃষ্টান্ত; যখন তাহাদের নিকট আসিয়াছিল রাসূলগণ।	
	اِذۡ اَرۡسَلۡنَاۤ اِلَیۡهِمُ اثۡنَیۡنِ فَكَذَّبُوۡهُمَا فَعَزَّزۡنَا بِثَالِثٍ فَقَالُوۡۤا اِنَّاۤ اِلَیۡكُمۡ مُّرۡسَلُوۡنَ ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	ইয্` আর্‌ছালনা˜ ইলাইহিমুছ্`নাইনি ফাকায্`য`াবূহুমা– ফা‘আয্‌ঝাঝ্‌না– বিছ`া–লিছিং ফাক`া–লূ˜ ইন্না˜ ইলাউকুম্ মুর্‌ছালূন।	
তরজমা	যখন উহাদের নিকট পাঠাইয়াছিলাম দুইজন রাসূল, তখন উহারা তাহাদেরকে মিথ্যাবাদী বলিয়াছিল, অতঃপর আমি তাহাদেরকে শক্তিশালী করিয়াছিলাম তৃতীয় একজন দ্বারা। তাহারা বলিয়াছিল, ‘আমরা তো তোমাদের নিকট প্রেরিত হইয়াছি।’	
	قَالُوۡا مَاۤ اَنۡتُمۡ اِلَّا بَشَرٌ مِّثۡلُنَا ۙ وَمَاۤ اَنۡزَلَ الرَّحۡمٰنُ مِنۡ شَیۡءٍ ۙ اِنۡ اَنۡتُمۡ اِلَّا تَكۡذِبُوۡنَ ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ক`া–লূ মা˜ আংতুম্ ইল্লা–বাশারুম্ মিছ্`লুনা– (ل) ওয়ামা˜আংঝালার্‌রাহ`মা–নু মিংশাইয়িন্ (ل) ইন আংতুম্ ইল্লা–তাক্‌যি`বূন।	
তরজমা	উহারা বলিল, ‘তোমরা আমাদের মতই মানুষ, দয়াময় আল্লাহ্ তো কিছুই অবতীর্ণ করেন নাই। তোমরা কেবল মিথ্যাই বলিতেছ।’	
	قَالُوۡا رَبُّنَا یَعۡلَمُ اِنَّاۤ اِلَیۡكُمۡ لَمُرۡسَلُوۡنَ ﴿۱۶﴾	16

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ক়া-লূ রাব্বুনা- ইয়া'লামু ইন্না-ইলাইকুম্ লামুরছালূন।	
তরজমা	তাহারা বলিল, 'আমাদের প্রতিপালক জানেন-আমরা অবশ্যই তোমাদের নিকট প্রেরিত হইয়াছি।	
	وَمَا عَلَيۡنَآ اِلَّا الۡبَلٰغُ الۡمُبِيۡنُ ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়ামা- 'আলাইনা~ইল্লাল্ বালা-গুল্ মুবীন।	
তরজমা	'স্পষ্টভাবে প্রচার করাই আমাদের দায়িত্ব।'	
	قَالُوۡۤا اِنَّا تَطَيَّرۡنَا بِكُمۡ‌ۚ لَئِنۡ لَّمۡ تَنۡتَهُوۡا لَنَرۡجُمَنَّكُمۡ وَلَيَمَسَّنَّكُمۡ مِّنَّا عَذَابٌ اَلِيۡمٌ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ক়া-লূ~ইন্না- তাত়াইয়ারনা বিকুম্ (ج) লাইল্লাম্ তাংতাহূ লানার্জুমান্নাকুম্ ওয়ালাইয়ামাছ্ছান্নাকুম মিন্না- 'আযা-বুন আলীম।	
তরজমা	উহারা বলিল, 'আমরা তো তোমাদেরকে অমঙ্গলের কারণ মনে করি, যদি তোমরা বিরত না হও তোমাদেরকে অবশ্যই প্রস্তরাঘাতে হত্যা করিব এবং আমাদের পক্ষ হইতে তোমাদের উপর মর্মন্তুদ শাস্তি অবশ্যই আপতিত হইবে।'	
	قَالُوۡا طَآئِرُكُمۡ مَّعَكُمۡ‌ؕ اَئِنۡ ذُكِّرۡتُمۡ‌ؕ بَلۡ اَنۡتُمۡ قَوۡمٌ مُّسۡرِفُوۡنَ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	ক়া-লূ ত়া~ইরুকুম্ মা'আকুম্ (ط) আইং যু'ক্কির্তুম (ط) বাল্ আংতুম ক়াওমুম্ মুছ্‌রিফূন।	
তরজমা	তাহারা বলিল, 'তোমাদের অমঙ্গল তোমাদেরই সঙ্গে; ইহা কি এইজন্য যে, আমরা তোমাদেরকে উপদেশ দিতেছি ? বস্তুত তোমরা এক সীমালংঘনকারী সম্প্রদায়।'	
	وَجَآءَ مِنۡ اَقۡصَا الۡمَدِيۡنَةِ رَجُلٌ يَّسۡعٰى قَالَ يٰقَوۡمِ اتَّبِعُوا الۡمُرۡسَلِيۡنَ ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়াজা~আ মিন আক়সাল্ মাদীনাতি রাজুলুইঁ ইয়াছ্'আ- ক়া-লা ইয়াক়াওমিত্তাবি'উল্ মুর্ছালীন।	
তরজমা	নগরীর প্রান্ত হইতে এক ব্যক্তি ছুটিয়া আসিল। সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা রাসূলদের অনুসরণ কর;	
	اتَّبِعُوۡا مَنۡ لَّا يَسۡـئَلُكُمۡ اَجۡرًا وَّهُمۡ مُّهۡتَدُوۡنَ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ইত্তাবি'উ মাল্লা-ইয়াছ্আলুকুম আজরাওঁ ওয়া হুম্ মুহ্তাদূন।	
তরজমা	'অনুসরণ কর তাহাদের, যাহারা তোমাদের নিকট কোন প্রতিদান চায় না এবং যাহারা সৎপথপ্রাপ্ত।	
	وَمَا لِىَ لَاۤ اَعۡبُدُ الَّذِىۡ فَطَرَنِىۡ وَاِلَيۡهِ تُرۡجَعُوۡنَ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া মা-লিয়া লা~আ'বুদুল্লাযী ফাত়ারানী ওয়া ইলাইহি তুর্জা'উন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	‘আমার কি যুক্তি আছে যে, যিনি আমাকে সৃষ্টি করিয়াছেন এবং যাঁহার নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে আমি তাঁহার ‘ইবাদত করিব না ?	
	ءَاَتَّخِذُ مِنۡ دُوۡنِهٖۤ اٰلِـهَةً اِنۡ يُّرِدۡنِ الرَّحۡمٰنُ بِضُرٍّ لَّا تُغۡنِ عَنِّىۡ شَفَاعَتُهُمۡ شَيۡـًٔـا وَّلَا يُنۡقِذُوۡنِ ۚ‏ ﴿۲۳﴾	**23**
প্রতিবর্ণায়ন	আআত্তাখিযু˙ মিং দুনিহী˜আ–লিহাতান ইয়ূঁ ইউরিদ্নির্ রাহ˙মা–নু বিদু˙র্রিল লা–তুগ্নি ‘আন্নী শাফা–‘আতুহুম্ শাইআওঁ ওয়ালা–ইউংকি˙যূ˙ন।	
তরজমা	‘আমি কি তাঁহার পরিবর্তে অন্য ইলাহ্ গ্রহণ করিব ? দয়াময় আল্লাহ্ আমাকে ক্ষতিগ্রস্ত করিতে চাইলে উহাদের সুপারিশ আমার কোন কাজে আসিবে না এবং উহারা আমাকে উদ্ধার করিতেও পারিবে না।	
	اِنِّىۡۤ اِذًا لَّفِىۡ ضَلٰلٍ مُّبِيۡنٍ‏ ﴿۲۴﴾	**24**
প্রতিবর্ণায়ন	ইন্নী˜ ইয˙াল্লাফী দ˙ালা–লিম্মুবীন।	
তরজমা	‘এইরূপ করিলে আমি অবশ্যই স্পষ্ট বিভ্রান্তিতে পড়িব।	
	اِنِّىۡۤ اٰمَنۡتُ بِرَبِّكُمۡ فَاسۡمَعُوۡنِ ؕ‏ ﴿۲۵﴾	**25**
প্রতিবর্ণায়ন	ইন্নী˜আ–মাংতু বিরাব্বিকুম্ ফাছ্মা‘উন।	
তরজমা	‘আমি তো তোমাদের প্রতিপালকের উপর ঈমান আনিয়াছি, অতএব তোমরা আমার কথা শোন।’	
	قِيۡلَ ادۡخُلِ الۡجَنَّةَ ‌ؕ قَالَ يٰلَيۡتَ قَوۡمِىۡ يَعۡلَمُوۡنَۙ‏ ﴿۲۶﴾	**26**
প্রতিবর্ণায়ন	ক˙ীলাদ খুলিল্ জান্নাতা (ط) ক˙া–লা ইয়া–লাইতা ক˙াওমী ইয়া‘লামূন।	
তরজমা	তাহাকে বলা হইল, ‘জান্নাতে প্রবেশ কর।’ সে বলিয়া উঠিল, ‘হায়! আমার সম্প্রদায় যদি জানিতে পারিত-	
	بِمَا غَفَرَ لِىۡ رَبِّىۡ وَجَعَلَنِىۡ مِنَ الۡمُكۡرَمِيۡنَ‏ ﴿۲۷﴾	**27**
প্রতিবর্ণায়ন	বিমা–গাফারালী রাব্বী ওয়া জা‘আলানী মিনাল্ মুক্রামীন।	
তরজমা	‘কিরূপে আমার প্রতিপালক আমাকে ক্ষমা করিয়াছেন এবং আমাকে সম্মানিত করিয়াছেন।’	
	وَمَاۤ اَنۡزَلۡنَا عَلٰى قَوۡمِهٖ مِنۡۢ بَعۡدِهٖ مِنۡ جُنۡدٍ مِّنَ السَّمَآءِ وَمَا كُنَّا مُنۡزِلِيۡنَ‏ ﴿۲۸﴾	**28**
প্রতিবর্ণায়ন	ওয়ামা˜আংঝাল্না– ‘আলা–ক˙াওমিহী মিম্ বা‘দিহী মিং জুংদিম্ মিনাছ্ছামা~ই ওয়ামা– কুন্না–মুংঝিলীন।	
তরজমা	আমি তাহার পরে তাহার সম্প্রদায়ের বিরুদ্ধে আকাশ হইতে কোন বাহিনী প্রেরণ করি নাই এবং প্রেরণের প্রয়োজনও ছিল না।	

	إِن كَانَتْ إِلَّا صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ خَامِدُونَ ۝٢٩	29
প্রতিবর্ণায়ন	ইং কা–নাত্ ইল্লা–সাইহ ়াতাওঁ ওয়া–হি ়দাতাং ফাইযা–হুম্ খা–মিদূন।	
তরজমা	উহা ছিল কেবল এক মহানাদ। ফলে উহারা নিথর নিস্তব্ধ হইয়া গেল।	
	يَا حَسْرَةً عَلَى الْعِبَادِ ۚ مَا يَأْتِيهِم مِّن رَّسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ ۝٣٠	30
প্রতিবর্ণায়ন	ইয়া–হ ়াছ্রাতান্ ‘আলাল্ ‘ইবা–দি (ج) মা– ইয়া’তীহিম্ মির্ রাছূলিন ইল্লা– কা–নূ বিহী ইয়াছ্তাহ্ঝিউন।	
তরজমা	পরিতাপ বান্দাদের জন্য; উহাদের নিকট যখনই কোন রাসূল আসিয়াছে তখনই উহারা তাহাকে ঠাট্টা-বিদ্রূপ করিয়াছে।	
	أَلَمْ يَرَوْا كَمْ أَهْلَكْنَا قَبْلَهُم مِّنَ الْقُرُونِ أَنَّهُمْ إِلَيْهِمْ لَا يَرْجِعُونَ ۝٣١	31
প্রতিবর্ণায়ন	আলাম্ ইয়ারাও কাম্ আহ্লাক্না– ক ়াব্লাহুম্ মিনাল্ কু ়রূনি আন্নাহুম্ ইলাইহিম্ লা– ইয়ার্জি‘উন।	
তরজমা	উহারা কি লক্ষ্য করে না উহাদের পূর্বে কত মানবগোষ্ঠী আমি ধ্বংস করিয়াছি যাহারা উহাদের মধ্যে ফিরিয়া আসিবে না ?	
	وَإِن كُلٌّ لَّمَّا جَمِيعٌ لَّدَيْنَا مُحْضَرُونَ ۝٣٢	32
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কুল্লুল্ লাম্মা–জামী‘উল লাদাইনা– মুহ ়দ ়ারূন।	
তরজমা	এবং অবশ্যই উহাদের সকলকে একত্রে আমার নিকট উপস্থিত করা হইবে।	
	وَآيَةٌ لَّهُمُ الْأَرْضُ الْمَيْتَةُ أَحْيَيْنَاهَا وَأَخْرَجْنَا مِنْهَا حَبًّا فَمِنْهُ يَأْكُلُونَ ۝٣٣	33
প্রতিবর্ণায়ন	ওয়া আ–য়াতুল লাহুমুল্ আর্দু ়ল মাইতাতু (ج) আহ ়ইয়াইনা–হা– ওয়াআখরাজনা–মিন্হা– হ ়াব্বাং ফামিন্হু ইয়া’কুলূন।	
তরজমা	উহাদের জন্য একটি নিদর্শন মৃত ধরিত্রী, যাহাকে আমি সঞ্জীবিত করি এবং উহা হইতে উৎপন্ন করি শস্য যাহা উহারা আহার করে।	
	وَجَعَلْنَا فِيهَا جَنَّاتٍ مِّن نَّخِيلٍ وَأَعْنَابٍ وَفَجَّرْنَا فِيهَا مِنَ الْعُيُونِ ۝٣٤	34
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আল্না–ফীহা–জান্না–তিম্ মিন্ নাখীলিওঁ ওয়া আ‘না–বিও ওয়া ফাজ্জার্না– ফীহা– মিনাল্ ‘উইউন।	
তরজমা	উহাতে আমি সৃষ্টি করি খর্জুর ও আঙুরের উদ্যান এবং উহাতে উৎসারিত করি প্রস্রবণ,	
	لِيَأْكُلُوا مِن ثَمَرِهِ وَمَا عَمِلَتْهُ أَيْدِيهِمْ ۖ أَفَلَا يَشْكُرُونَ ۝٣٥	35
প্রতিবর্ণায়ন	লিইয়া’কুলূ মিং ছ ়ামারিহী (ۙ) ওয়ামা– ‘আমিলাত্হু আইদীহিম্ (ط) আফালা–ইয়াশ্কুরূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যাহাতে উহারা আহার করিতে পারে উহার ফলমূল হইতে, অথচ উহাদের হস্ত উহা সৃষ্টি করে নাই। তবুও কি উহারা কৃতজ্ঞতা প্রকাশ করিবে না ?	
	سُبْحٰنَ الَّذِیْ خَلَقَ الْاَزْوَاجَ كُلَّهَا مِمَّا تُنْۢبِتُ الْاَرْضُ وَمِنْ اَنْفُسِهِمْ وَمِمَّا لَا یَعْلَمُوْنَ ۝٣٦	**36**
প্রতিবর্ণায়ন	ছুবহা-নাল্লাযী খালাকাল্ আঝাওয়া-জা কুল্লাহা- মিম্মা-তুম্বিতুল আর্দু ওয়া মিন আংফুছিহিম ওয়া মিম্মা-লা-ইয়া'লামূন।	
তরজমা	পবিত্র ও মহান তিনি, যিনি উদ্ভিদ, মানুষ এবং উহারা যাহাদেরকে জানে না তাহাদের প্রত্যেককে সৃষ্টি করিয়াছেন জোড়া জোড়া করিয়া।	
	وَاٰیَةٌ لَّهُمُ الَّیْلُ ۚۖ نَسْلَخُ مِنْهُ النَّهَارَ فَاِذَا هُمْ مُّظْلِمُوْنَ ۝٣٧	**37**
প্রতিবর্ণায়ন	ওয়া আ-য়াতুল্লাহুমুল্লাইলু (ج) নাছ্লাখু মিন্হুন্নাহা-রা ফাইযা-হুম্ মুজ্লিমূন।	
তরজমা	উহাদের জন্য এক নিদর্শন রাত্রি, উহা হইতে আমি দিবালোক অপসারিত করি, তখন উহারা অন্ধকারাচ্ছন্ন হইয়া পড়ে।	
	وَالشَّمْسُ تَجْرِیْ لِمُسْتَقَرٍّ لَّهَا ؕ ذٰلِكَ تَقْدِیْرُ الْعَزِیْزِ الْعَلِیْمِ ۝٣٨	**38**
প্রতিবর্ণায়ন	ওয়াশ্শাম্ছু তাজরী লিমুছতাকাররিল্ লাহা- (ط) যা-লিকা তাক্দীরুল 'আঝীঝিল্ 'আলীম।	
তরজমা	আর সূর্য ভ্রমণ করে উহার নির্দিষ্ট গন্তব্যের দিকে, ইহা পরাক্রমশালী, সর্বজ্ঞের নিয়ন্ত্রণ।	
	وَالْقَمَرَ قَدَّرْنٰهُ مَنَازِلَ حَتّٰی عَادَ كَالْعُرْجُوْنِ الْقَدِیْمِ ۝٣٩	**39**
প্রতিবর্ণায়ন	ওয়াল্ কামারা কাদ্দার্না-হু মানা-ঝিলা হাত্তা- 'আ-দাকাল্ 'উর্জুনিল্ কাদীম।	
তরজমা	এবং চন্দ্রের জন্য আমি নির্দিষ্ট করিয়াছি বিভিন্ন মনযিল; অবশেষে উহা শুষ্ক বক্র, পুরাতন খর্জুর শাখার আকার ধারণ করে।	
	لَا الشَّمْسُ یَنْۢبَغِیْ لَهَاۤ اَنْ تُدْرِكَ الْقَمَرَ وَلَا الَّیْلُ سَابِقُ النَّهَارِ ؕ وَكُلٌّ فِیْ فَلَكٍ یَّسْبَحُوْنَ ۝٤٠	**40**
প্রতিবর্ণায়ন	লাশ্শাম্ছু ইয়াম্বাগী লাহা~আং তুদ্রিকাল্ কামারা ওয়ালাল্লাইলু ছা-বিকুন্নাহা-রি (ط) ওয়া কুল্লুং ফী ফালাকিইঁ ইয়াছবাহূন।	
তরজমা	সূর্যের পক্ষে সম্ভব নয় চন্দ্রের নাগাল পাওয়া এবং রজনীর পক্ষে সম্ভব নয় দিবসকে অতিক্রম করা; এবং প্রত্যেকে নিজ নিজ কক্ষপথে সন্তরণ করে।	
	وَاٰیَةٌ لَّهُمْ اَنَّا حَمَلْنَا ذُرِّیَّتَهُمْ فِی الْفُلْكِ الْمَشْحُوْنِ ۝٤١	**41**
প্রতিবর্ণায়ন	ওয়া আ-য়াতুল লাহুম্ আন্না-হামাল্না- যুররিইয়াতাহুম্ ফিল্ ফুল্কিল্ মাশ্হূন।	
তরজমা	উহাদের জন্য এক নিদর্শন এই যে, আমি উহাদের বংশধরদেরকে বোঝাই নৌযানে আরোহণ করাইয়াছিলাম;	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَخَلَقْنَا لَهُمْ مِّنْ مِّثْلِهٖ مَا يَرْكَبُوْنَ ﴿٤٢﴾	**42**
প্রতিবর্ণায়ন	ওয়া খালাক্'না-লাহুম্ মিম্ মিছ্'লিহী মা ইয়ারকাবূন।	
তরজমা	এবং উহাদের জন্য অনুরূপ যানবাহন সৃষ্টি করিয়াছি যাহাতে উহারা আরোহণ করে।	
	وَاِنْ نَّشَاْ نُغْرِقْهُمْ فَلَا صَرِيْخَ لَهُمْ وَلَا هُمْ يُنْقَذُوْنَ ﴿٤٣﴾	**43**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্ নাশা' নুগ্‌রিক্'হুম্ ফালা-ছারীখা লাহুম্ ওয়ালা-হুম্ ইউংক্'যূন।	
তরজমা	আমি ইচ্ছা করিলে উহাদেরকে নিমজ্জিত করিতে পারি; সে অবস্থায় উহাদের কোন সাহায্যকারী থাকিবে না এবং উহারা পরিত্রাণও পাইবে না-	
	اِلَّا رَحْمَةً مِّنَّا وَمَتَاعًا اِلٰى حِيْنٍ ﴿٤٤﴾	**44**
প্রতিবর্ণায়ন	ইল্লা-রাহ্'মাতাম্ মিন্না- ওয়া মাতা-'আন্ ইলা-হ্'ীন্।	
তরজমা	আমার অনুগ্রহ না হইলে এবং কিছু কালের জন্য জীবনোপভোগ করিতে না দিলে।	
	وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّقُوْا مَا بَيْنَ اَيْدِيْكُمْ وَمَا خَلْفَكُمْ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٤٥﴾	**45**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া-ক্'ীলা লাহুমুত্তাকূ মা- বাইনা আইদীকুম্ ওয়ামা- খাল্‌ফাকুম্ লা'আল্লাকুম তুর্‌হ্'মূন্।	
তরজমা	যখন উহাদেরকে বলা হয়, 'যাহা তোমাদের সম্মুখে ও তোমাদের পশ্চাতে আছে সে সম্বন্ধে সাবধান হও যাহাতে তোমরা অনুগ্রহভাজন হইতে পার,'	
	وَمَا تَاْتِيْهِمْ مِّنْ اٰيَةٍ مِّنْ اٰيٰتِ رَبِّهِمْ اِلَّا كَانُوْا عَنْهَا مُعْرِضِيْنَ ﴿٤٦﴾	**46**
প্রতিবর্ণায়ন	ওয়ামা- তা'তীহিম্ মিন আ-য়াতিম মিন্ আ-য়া-তি রাব্বিহিম্ ইল্লা-কা-নূ 'আন্‌হা- মু'রিদ্'ীন।	
তরজমা	এবং যখনই উহাদের প্রতিপালকের নিদর্শনাবলীর কোন নিদর্শন উহাদের নিকট আসে, তখনই উহারা তাহা হইতে মুখ ফিরাইয়া নেয়।	
	وَاِذَا قِيْلَ لَهُمْ اَنْفِقُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ ۙ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْٓا اَنُطْعِمُ مَنْ لَّوْ يَشَآءُ اللّٰهُ اَطْعَمَهٗٓ ۖ اِنْ اَنْتُمْ اِلَّا فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٤٧﴾	**47**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া- ক্'ীলা লাহুম্ আংফিকূ মিম্মা-রাঝাক্'াকুমুল্লা-হু (४) ক্'া-লাল্লায্'ীনা কাফারূ লিল্লায্'ীনা আমানূ~ আনুত্''ইমু মাল্লাও ইয়াশা~উল্লা-হু আত্''আমাহূ~ ইন্ আংতুম্ ইল্লা-ফী দ্'ালা-লিম্ মুবীন।	

তরজমা	যখন উহাদেরকে বলা হয়, 'আল্লাহ্ তোমাদেরকে যে জীবনোপকরণ দিয়াছেন তাহা হইতে ব্যয় কর' তখন কাফিররা মু'মিনদেরকে বলে, 'যাহাকে আল্লাহ্ ইচ্ছা করিলে খাওয়াইতে পারিতেন আমরা কি তাহাকে খাওয়াইব ? তোমরা তো স্পষ্ট বিভ্রান্তিতে রহিয়াছ।'	
	وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ্লূনা মাতা- হা-যাল্ ওয়া'দু ইং কংতুম্ সা-দিক্বীন।	
তরজমা	উহারা বলে, 'তোমরা যদি সত্যবাদী হও তবে বল, এই প্রতিশ্রুতি কখন পূর্ণ হইবে ?'	
	مَا يَنْظُرُوْنَ اِلَّا صَيْحَةً وَّاحِدَةً تَاْخُذُهُمْ وَهُمْ يَخِصِّمُوْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	মা- ইয়াংজু্রূনা ইল্লা সাইহাতাওঁ ওয়া-হিদাতাং তা'খুযুহুম্ ইয়াখিসসিমূন।	
তরজমা	ইহারা তো অপেক্ষায় আছে এক মহানাদের যাহা ইহাদেরকে আঘাত করিবে ইহাদের বাক-বিতণ্ডাকালে।	
	فَلَا يَسْتَطِيْعُوْنَ تَوْصِيَةً وَّلَآ اِلٰٓى اَهْلِهِمْ يَرْجِعُوْنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ফালা-ইয়াছতাত্বী'উনা তাওছিয়াতাওঁ ওয়ালা~ইলা~আহ্লিহিম্ ইয়ার্জি'উন।	
তরজমা	তখন উহারা ওসিয়াত করিতে সমর্থ হইবে না এবং নিজেদের পরিবার-পরিজনের নিকট ফিরিয়া আসিতেও পারিবে না।	
	وَنُفِخَ فِى الصُّوْرِ فَاِذَا هُمْ مِّنَ الْاَجْدَاثِ اِلٰى رَبِّهِمْ يَنْسِلُوْنَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়ানুফিখা ফিসসূরি ফাইযা-হুম মিনাল আজদা-ছি ইলা-রাব্বিহিম ইয়াংছিলূন।	
তরজমা	যখন শিংগায় ফুৎকার দেওয়া হইবে তখনই তাহারা কবর হইতে ছুটিয়া আসিবে তাহাদের প্রতিপালকের দিকে।	
	قَالُوْا يٰوَيْلَنَا مَنْۢ بَعَثَنَا مِنْ مَّرْقَدِنَا ٜ هٰذَا مَا وَعَدَ الرَّحْمٰنُ وَصَدَقَ الْمُرْسَلُوْنَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ক্বা-লূ ইয়া-ওয়াইলানা- মাম্ বা'আছানা- মিম্ মার্ক্বাদিনা- (سكتة) হা-যা- মা-ওয়া'আদার রাহ্মা-নু ওয়া সাদাকাল্ মুর্ছালূন।	
তরজমা	উহারা বলিবে, 'হায় ! দুর্ভোগ আমাদের ! কে আমাদেরকে আমাদের নিদ্রাস্থল হইতে উঠাইল ? দয়াময় আল্লাহ্ তো ইহারই প্রতিশ্রুতি দিয়াছিলেন এবং রাসূলগণ সত্যই বলিয়াছিলেন।'	
	اِنْ كَانَتْ اِلَّا صَيْحَةً وَّاحِدَةً فَاِذَا هُمْ جَمِيْعٌ لَّدَيْنَا مُحْضَرُوْنَ ﴿٥٣﴾	53

প্রতিবর্ণায়ন	ইং কা–নাত ইল্লা– সাইহ ়াতাওঁ ওয়া–হি ়দাতাং ফাইয ়া–হুম্ জামী‘উল্ লাদাইনা– মুহ ়দ ়ারূন।	
তরজমা	ইহা হইবে কেবল এক মহানাদ ; তখনই ইহাদের সকলকে উপস্থিত করা হইবে আমার সম্মুখে,	
	فَالْيَوْمَ لَا تُظْلَمُ نَفْسٌ شَيْـًٔا وَّلَا تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝	**54**
প্রতিবর্ণায়ন	ফালইয়াওমা লা– তুজ ়লামু নাফছুং শাইয়াওঁ ওয়ালা– তুজঝাওনা ইল্লা– মা–কুংতুম্ তা‘মালূন।	
তরজমা	আজ কাহারও প্রতি কোন জুলুম করা হইবে না এবং তোমরা যাহা করিতে কেবল তাহারই প্রতিফল দেওয়া হইবে।	
	اِنَّ اَصْحٰبَ الْجَنَّةِ الْيَوْمَ فِيْ شُغُلٍ فٰكِهُوْنَ ۝	**55**
প্রতিবর্ণায়ন	ইন্না আসহ ়া–বাল্ জান্নাতিল্ ইয়াওমা ফী শুগুলিং ফা–কিহূন।	
তরজমা	এই দিন জান্নাতবাসিগণ আনন্দে মগ্ন থাকিবে,	
	هُمْ وَاَزْوَاجُهُمْ فِيْ ظِلٰلٍ عَلَى الْاَرَآئِكِ مُتَّكِـُٔوْنَ ۝	**56**
প্রতিবর্ণায়ন	হুম্ ওয়া আঝওয়া–জুহুম্ ফী জি ়লা–লিন্ ‘আলাল্ আরা~ইকি মুত্তাকিঊন।	
তরজমা	তাহারা এবং তাহাদের স্ত্রীগণ সুশীতল ছায়ায় সুসজ্জিত আসনে হেলান দিয়া বসিবে।	
	لَهُمْ فِيْهَا فَاكِهَةٌ وَّلَهُمْ مَّا يَدَّعُوْنَ ۝	**57**
প্রতিবর্ণায়ন	লাহুম্ ফীহা– ফা–কিহাতুওঁ ওয়া লাহুম্ মা– ইয়াদ্দা‘উন।	
তরজমা	সেখানে থাকিবে তাহাদের জন্য ফলমূল এবং তাহাদের জন্য বাঞ্ছিত সমস্ত কিছু,	
	سَلٰمٌ ۗ قَوْلًا مِّنْ رَّبٍّ رَّحِيْمٍ ۝	**58**
প্রতিবর্ণায়ন	ছালা–মুং (قف) ক ়াওলাম্ মির্‌রাব্বির্ রাহ ়ীম।	
তরজমা	সালাম, পরম দয়ালু প্রতিপালকের পক্ষ হইতে সম্ভাষণ।	
	وَامْتَازُوا الْيَوْمَ اَيُّهَا الْمُجْرِمُوْنَ ۝	**59**
প্রতিবর্ণায়ন	ওয়াম্ তা–ঝুল ইয়াওমা আইয়ুহাল মুজরিমূন।	
তরজমা	আর ‘হে অপরাধিগণ! তোমরা আজ পৃথক হইয়া যাও।’	
	اَلَمْ اَعْهَدْ اِلَيْكُمْ يٰبَنِيْٓ اٰدَمَ اَنْ لَّا تَعْبُدُوا الشَّيْطٰنَ ۚ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ۝	**60**
প্রতিবর্ণায়ন	আলাম্ আ‘হাদ্ ইলাইকুম্ ইয়া–বানী˜আ–দামা আল্লা–তা‘বুদুশ্‌শাইত ়া–না (ج) ইন্নাহূ লাকুম ‘আদুওউম্ মুবীন।	

তরজমা	হে বনী আদম! আমি কি তোমাদেরকে নির্দেশ দিই নাই যে, তোমরা শয়তানের দাসত্ব করিও না, কারণ সে তো তোমাদের প্রকাশ্য শত্রু ?	
	وَّاَنِ اعۡبُدُوۡنِیۡ ؕؔ هٰذَا صِرَاطٌ مُّسۡتَقِیۡمٌ ﴿۶۱﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া আনি‘বুদূনী (ط) হা-য া- সিরা-তুম্ মুছ্তাক ীম।	
তরজমা	আর আমারই ‘ইবাদত কর, ইহাই সরল পথ।	
	وَلَقَدۡ اَضَلَّ مِنۡكُمۡ جِبِلًّا كَثِیۡرًا ؕ اَفَلَمۡ تَكُوۡنُوۡا تَعۡقِلُوۡنَ ﴿۶۲﴾	62
প্রতিবর্ণায়ন	ওয়ালাক াদ আদ াল্লা মিংকুম্ জিবিল্লাং কাছ ীরা- (ط) আফালাম্ তাকূনূ তা‘কি লূন।	
তরজমা	শয়তান তো তোমাদের বহু দলকে বিভ্রান্ত করিয়াছিল, তবুও কি তোমরা বুঝ নাই ?	
	هٰذِهٖ جَهَنَّمُ الَّتِیۡ كُنۡتُمۡ تُوۡعَدُوۡنَ ﴿۶۳﴾	63
প্রতিবর্ণায়ন	হা-যি হী জাহান্নামুল্লাতী কুংতুম তূ‘আদূন।	
তরজমা	ইহাই সেই জাহান্নাম, যাহার প্রতিশ্রুতি তোমাদেরকে দেওয়া হইয়াছিল।	
	اِصۡلَوۡهَا الۡیَوۡمَ بِمَا كُنۡتُمۡ تَكۡفُرُوۡنَ ﴿۶۴﴾	64
প্রতিবর্ণায়ন	ইসলাওহাল্ ইয়াওমা বিমা- কুংতুম্ তাক্ফুরূন।	
তরজমা	আজ তোমরা ইহাতে প্রবেশ কর; কারণ তোমরা ইহাকে অবিশ্বাস করিয়াছিলে।	
	اَلۡیَوۡمَ نَخۡتِمُ عَلٰۤی اَفۡوَاهِهِمۡ وَتُكَلِّمُنَاۤ اَیۡدِیۡهِمۡ وَتَشۡهَدُ اَرۡجُلُهُمۡ بِمَا كَانُوۡا یَكۡسِبُوۡنَ ﴿۶۵﴾	65
প্রতিবর্ণায়ন	আল্ইয়াওমা নাখ্তিমু ‘আলা˜আফ্ওয়া-হিহিম্ ওয়াতুকাল্লিমুনা˜ আইদীহিম্ ওয়া তাশ্হাদু আর্জুলুহুম বিমা- কা-নূ ইয়াক্ছিবূন।	
তরজমা	আমি আজ ইহাদের মুখ মোহর করিয়া দিব, ইহাদের হস্ত কথা বলিবে আমার সঙ্গে এবং ইহাদের চরণ সাক্ষ্য দিবে ইহাদের কৃতকর্মের।	
	وَلَوۡ نَشَآءُ لَطَمَسۡنَا عَلٰۤی اَعۡیُنِهِمۡ فَاسۡتَبَقُوا الصِّرَاطَ فَاَنّٰی یُبۡصِرُوۡنَ ﴿۶۶﴾	66
প্রতিবর্ণায়ন	ওয়ালাও নাশা~উ লাত ামাছনা- আলা˜ আ‘ইউনিহিম ফাছতাবাকু স্সিরা-তা ফাআন্না- ইউবসিরূন।	
তরজমা	আমি ইচ্ছা করিলে অবশ্যই ইহাদের চক্ষুগুলিকে লোপ করিয়া দিতাম, তখন ইহারা পথ চলিতে চাহিলে কি করিয়া দেখিতে পাইত!	
	وَلَوۡ نَشَآءُ لَمَسَخۡنٰهُمۡ عَلٰی مَكَانَتِهِمۡ فَمَا اسۡتَطَاعُوۡا مُضِیًّا وَّلَا یَرۡجِعُوۡنَ ﴿۶۷﴾	67
প্রতিবর্ণায়ন	ওয়ালাও নাশা~উ লামাছাখ্না-হুম্ ‘আলা মাকা-নাতিহিম্ ফামাছ্তাত া-‘উ মুদি ইয়াওঁ ওয়ালা-ইয়ার্জি‘উন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং আমি ইচ্ছা করিলে অবশ্যই স্ব স্ব স্থানে ইহাদের আকৃতি পরিবর্তন করিয়া দিতাম, ফলে ইহারা চলিতে পারিত না এবং ফিরিয়াও আসিতে পারিত না।	
	وَمَنْ نُّعَمِّرْهُ نُنَكِّسْهُ فِي الْخَلْقِ ۗ اَفَلَا يَعْقِلُوْنَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়ামাং নু'আম্মিরহু নুনাক্কিছহু ফিল খাল্কি' (ط) আফালা– ইয়া'কি'লূন।	
তরজমা	আমি যাহাকে দীর্ঘ জীবন দান করি প্রকৃতিগতভাবে তাহার অবনতি ঘটাই। তবুও কি উহারা বুঝে না ?	
	وَمَا عَلَّمْنٰهُ الشِّعْرَ وَمَا يَنْۢبَغِيْ لَهٗ ۗ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ وَّقُرْاٰنٌ مُّبِيْنٌ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ওয়ামা–‘আল্লাম্‌না–হুশ্‌শি‘রা ওয়ামা– ইয়াম্‌বাগী লাহূ (ط) ইন্‌ হুওয়া ইল্লা– যি'করুওঁ ওয়া কু'রআ–নুম মুবীন।	
তরজমা	আমি রাসূলকে কাব্য রচনা করিতে শিখাই নাই এবং ইহা তাহার পক্ষে শোভনীয় নয়। ইহা তো কেবল এক উপদেশ এবং সুস্পষ্ট কুরআন;	
	لِّيُنْذِرَ مَنْ كَانَ حَيًّا وَّيَحِقَّ الْقَوْلُ عَلَى الْكٰفِرِيْنَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	লিইউংযি'রা মাং কা–না হ'াইয়াওঁ ওয়া ইয়াহি'ক্ক'াল্‌ ক'াওলু ‘আলাল্‌ কা–ফিরীন।	
তরজমা	যাহাতে সে সতর্ক করিতে পারে জীবিতগণকে এবং যাহাতে কাফিরদের বিরুদ্ধে শাস্তির কথা সত্য হইতে পারে।	
	اَوَلَمْ يَرَوْا اَنَّا خَلَقْنَا لَهُمْ مِّمَّا عَمِلَتْ اَيْدِيْنَاۤ اَنْعَامًا فَهُمْ لَهَا مٰلِكُوْنَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্‌ ইয়ারাও আন্না– খালাক'না– লাহুম মিম্মা– ‘আমিলাত আইদীনা˜ আন‘আ–মাং ফাহুম্‌ লাহা– মা–লিকূন।	
তরজমা	উহারা কি লক্ষ্য করে না যে, আমার হাতে সৃষ্ট বস্তুসমূহের মধ্যে উহাদের জন্য আমি সৃষ্টি করিয়াছি ‘আন‘আম’ তথা চতুষ্পদ জন্তু এবং উহারাই এইগুলির অধিকারী ?	
	وَذَلَّلْنٰهَا لَهُمْ فَمِنْهَا رَكُوْبُهُمْ وَمِنْهَا يَاْكُلُوْنَ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়া য'াল্লাল্‌না–হা– লাহুম্‌ ফামিন্‌হা– রাকূবুহুম্‌ ওয়া মিন্‌হা– ইয়া’কুলূন।	
ZiRgv	এবং আমি এইগুলিকে তাহাদের বশীভূত করিয়া দিয়াছি। এইগুলির কতক তাহাদের বাহন এবং উহাদের কতক তাহারা আহার করে।	
	وَلَهُمْ فِيْهَا مَنَافِعُ وَمَشَارِبُ ۗ اَفَلَا يَشْكُرُوْنَ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ওয়া লাহুম্‌ ফীহা– মানা–ফি‘উ ওয়া মাশা–রিবু (ط) আফালা– ইয়াশকুরূন।	
তরজমা	তাহাদের জন্য এইগুলিতে আছে বহু উপকারিতা আর আছে পানীয় বস্তু। তবুও কি তাহারা কৃতজ্ঞ হইবে না ?	

	وَاتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اٰلِهَةً لَّعَلَّهُمْ يُنْصَرُوْنَ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাখাযূ মিং দূনিল্লা-হি আ-লিহাতাল লা'আল্লাহুম্ ইউংসারূন।	
তরজমা	তাহারা তো আল্লাহ্‌র পরিবর্তে অন্য ইলাহ্ গ্রহণ করিয়াছে এই আশায় যে, তাহারা সাহায্যপ্রাপ্ত হইবে।	
	لَا يَسْتَطِيْعُوْنَ نَصْرَهُمْ ۙ وَهُمْ لَهُمْ جُنْدٌ مُّحْضَرُوْنَ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	লা-ইয়াছ্‌তাত ী'উনা নাসরাহুম্ (ۙ) ওয়াহুম্ লাহুম জুংদুম মুহ দ ারূন।	
তরজমা	কিন্তু এইসব ইলাহ্ তাহাদেরকে সাহায্য করিতে সক্ষম নয়; তাহাদেরকে উহাদের বাহিনীরূপে উপস্থিত করা হইবে।	
	فَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ اِنَّا نَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ফালা-ইয়াহ ঝুংকা ক াওলুহুম্ (ۘ)। ইন্না-না'লামু মা- ইউছির্‌রূনা ওয়ামা-ইউ'লিনূন।	
তরজমা	অতএব তাহাদের কথা তোমাকে যেন দুঃখ না দেয়। আমি তো জানি যাহা তাহারা গোপন করে এবং যাহা তাহারা ব্যক্ত করে।	
	اَوَلَمْ يَرَ الْاِنْسَانُ اَنَّا خَلَقْنٰهُ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্ ইয়ারাল্ ইংছা-নু আন্না- খালাক না-হু মিং নুত ফাতিং ফাইয া-হুওয়া খাসীমুম মুবীন।	
তরজমা	মানুষ কি দেখে না যে, আমি তাহাকে সৃষ্টি করিয়াছি শুক্রবিন্দু হইতে ? অথচ পরে সে হইয়া পড়ে প্রকাশ্য বিতণ্ডাকারী।	
	وَضَرَبَ لَنَا مَثَلًا وَّنَسِيَ خَلْقَهٗ ۖ قَالَ مَنْ يُّحْيِ الْعِظَامَ وَهِيَ رَمِيْمٌ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ওয়া দ ারাবা লানা-মাছ ালাওঁ ওয়া নাছিয়া খালক াহূ (ط) ক া-লা মাইঁ ইউহ য়িল্ 'ইজ া-মা ওয়া হিয়া রামীম।	
তরজমা	এবং সে আমার সম্বন্ধে উপমা রচনা করে, অথচ সে নিজের সৃষ্টির কথা ভুলিয়া যায়। সে বলে, 'কে অস্থিতে প্রাণ সঞ্চার করিবে যখন উহা পচিয়া গলিয়া যাইবে ?'	
	قُلْ يُحْيِيْهَا الَّذِيْٓ اَنْشَاَهَآ اَوَّلَ مَرَّةٍ ۖ وَهُوَ بِكُلِّ خَلْقٍ عَلِيْمٌ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	কু ল্ ইউহ য়ী হাল্লায ী˜ আংশাআহা˜ আওওয়ালা মার্‌রাতিওঁ (ط) ওয়া হুয়া বিকুল্লি খাল্‌কি ন্ 'আলীমু।	
তরজমা	বল, 'উহার মধ্যে প্রাণ সঞ্চার করিবেন তিনিই যিনি ইহা প্রথমবার সৃষ্টি করিয়াছেন এবং তিনি প্রত্যেকটি সৃষ্টি সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত।'	

	الَّذِىۡ جَعَلَ لَـكُمۡ مِّنَ الشَّجَرِ الۡاَخۡضَرِ نَارًا فَاِذَاۤ اَنۡتُمۡ مِّنۡهُ تُوۡقِدُوۡنَ ۝٨٠	80
প্রতিবর্ণায়ন	আল্লাযী জা‘আলা লাকুম্ মিনাশ্‌শাজারিল্ আখ্‌দারি না-রাং ফাইযা- আংতুম্ মিনহু তূকিদূন।	
তরজমা	তিনি তোমাদের জন্য সবুজ বৃক্ষ হইতে অগ্নি উৎপাদন করেন এবং তোমরা উহা হইতে প্রজ্বলিত কর।	
	اَوَلَـيۡسَ الَّذِىۡ خَلَقَ السَّمٰوٰتِ وَالۡاَرۡضَ بِقٰدِرٍ عَلٰۤى اَنۡ يَّخۡلُقَ مِثۡلَهُمۡ ؕ بَلٰى ۚ وَهُوَ الۡخَلّٰقُ الۡعَلِيۡمُ ۝٨١	81
প্রতিবর্ণায়ন	আওয়া লাইছাল্লাযী খালাকাছ্‌ছামা-ওয়াতি ওয়াল্ আরদা বিকা-দিরিন্ ‘আলা~ আইঁ ইয়াখ্‌লুকা মিছ্‌লাহুম্ (ط) বালা- (ق) ওয়া হুওয়াল খাল্লা-কুল ‘আলীম।	
তরজমা	যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন তিনি কি তাহাদের অনুরূপ সৃষ্টি করিতে সমর্থ নন ? হাঁ, নিশ্চয়ই তিনি মহাস্রষ্টা, সর্বজ্ঞ।	
	اِنَّمَاۤ اَمۡرُهٗۤ اِذَاۤ اَرَادَ شَيۡـئًا اَنۡ يَّقُوۡلَ لَهٗ كُنۡ فَيَكُوۡنُ ۝٨٢	82
প্রতিবর্ণায়ন	ইন্নামা~ আমরুহূ~ ইযা~আরা-দা শাইআং আইঁ ইয়াকূলা লাহূ কুং ফাইয়াকূন।	
তরজমা	তাঁহার ব্যাপার শুধু এই, তিনি যখন কোন কিছুর ইচ্ছা করেন, তিনি উহাকে বলেন, ‘হও’, ফলে উহা হইয়া যায়।	
	فَسُبۡحٰنَ الَّذِىۡ بِيَدِهٖ مَلَـكُوۡتُ كُلِّ شَىۡءٍ وَّاِلَيۡهِ تُرۡجَعُوۡنَ ۝٨٣	83
প্রতিবর্ণায়ন	ফাছুব্‌হা-নাল্লাযী বিয়াদিহী মালাকূতু কুল্লি শাইয়িওঁ ওয়া ইলাইহি তুর্‌জা‘উন।	
তরজমা	অতএব পবিত্র ও মহান তিনি, যাঁহার হস্তেই প্রত্যেক বিষয়ের সর্বময় কর্তৃত্ব; আর তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে।	

37 - As-Saffat-সাফ্‌ফাত -الصافات

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	وَالصّٰٓفّٰتِ صَفًّا ۝١	1
প্রতিবর্ণায়ন	ওয়াসসা~ফফা-তি সাফ্‌ফা-।	
তরজমা	শপথ তাহাদের যাহারা সারিবদ্ধভাবে দণ্ডায়মান	
	فَالزّٰجِرٰتِ زَجۡرًا ۝٢	2
প্রতিবর্ণায়ন	ফাঝঝা-জিরা-তি ঝাজরা-।	
তরজমা	ও যাহারা কঠোর পরিচালক	
	فَالتّٰلِيٰتِ ذِكۡرًا ۝٣	3

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাত্তা–লিয়া–তি যি˙করা– ।	
তরজমা	এবং যাহারা 'যিকির' আবৃত্তিতে রত-	
	إِنَّ إِلٰهَكُمْ لَوَاحِدٌ ۝٤	**4**
প্রতিবর্ণায়ন	ইন্না ইলা– হাকুম লাওয়া–হি˙দ ।	
তরজমা	নিশ্চয়ই তোমাদের ইলাহ্ এক,	
	رَبُّ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَرَبُّ الْمَشَارِقِ ۝٥	**5**
প্রতিবর্ণায়ন	রাব্বুছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দি˙ ওয়ামা– বাইনাহুমা– ওয়া রাব্বুল মাশা–রিক˙ ।	
তরজমা	যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের অন্তর্বর্তী সমস্ত কিছুর প্রভু এবং প্রভু সকল উদয়স্থলের।	
	إِنَّا زَيَّنَّا السَّمَآءَ الدُّنْيَا بِزِينَةٍ الْكَوَاكِبِ ۝٦	**6**
প্রতিবর্ণায়ন	ইন্না– ঝাইয়ান্নাছ্‌ছামা~আদ্দুন্‌ইয়া–বিঝীনাতিনিল্ কাওয়া–কিব ।	
তরজমা	আমি নিকটবর্তী আকাশকে নক্ষত্ররাজির সুষমা দ্বারা সুশোভিত করিয়াছি,	
	وَحِفْظًا مِّنْ كُلِّ شَيْطٰنٍ مَّارِدٍ ۝٧	**7**
প্রতিবর্ণায়ন	ওয়া হি˙ফ্‌জ˙াম্ মিং কুল্লি শাইত˙া–নিম মা–রিদ ।	
তরজমা	এবং রক্ষা করিয়াছি প্রত্যেক বিদ্রোহী শয়তান হইতে।	
	لَا يَسَّمَّعُوْنَ إِلَى الْمَلَإِ الْأَعْلٰى وَيُقْذَفُوْنَ مِنْ كُلِّ جَانِبٍ ۝٨	**8**
প্রতিবর্ণায়ন	লা ইয়াছ্‌ছাম্মা'উনা ইলাল্ মালাইল্ আ'লা– ওয়া ইউক˙য˙াফূনা মিং কুল্লি জা–নিব ।	
তরজমা	ফলে উহারা উর্ধ্ব জগতের কিছু শ্রবণ করিতে পারে না এবং উহাদের প্রতি নিক্ষিপ্ত হয় সকল দিক হইতে-	
	دُحُوْرًا وَّلَهُمْ عَذَابٌ وَّاصِبٌ ۝٩	**9**
প্রতিবর্ণায়ন	দুহূ˙রাও ওয়ালাহুম্ 'আয˙া–বুন ওয়া–সিব ।	
তরজমা	বিতাড়নের জন্য এবং উহাদের জন্য আছে অবিরাম শাস্তি।	
	إِلَّا مَنْ خَطِفَ الْخَطْفَةَ فَأَتْبَعَهٗ شِهَابٌ ثَاقِبٌ ۝١٠	**10**
প্রতিবর্ণায়ন	ইল্লা– মান্ খাতি˙ফাল্ খাত˙ফাতা ফাআত্‌বা'আহূ শিহা–বুং ছ˙াকি˙ব ।	
তরজমা	তবে কেহ হঠাৎ কিছু শুনিয়া ফেলিলে জ্বলন্ত উল্কাপিণ্ড তাহার পশ্চাদ্ধাবন করে।	
	فَاسْتَفْتِهِمْ أَهُمْ أَشَدُّ خَلْقًا أَمْ مَّنْ خَلَقْنَا ۗ إِنَّا خَلَقْنٰهُمْ مِّنْ طِيْنٍ لَّازِبٍ ۝١١	**11**
প্রতিবর্ণায়ন	ফাছ্‌তাফ্‌তিহিম্ আহুম্ আশাদ্দু খাল্‌ক˙ান্ আম্মান্ খালাক˙না– (ط) ইন্না– খালাক˙না–হুম্ মিং ত˙ীনিল লা-ঝিব ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহাদেরকে জিজ্ঞাসা কর, উহারা সৃষ্টিতে দৃঢ়তর, না আমি অন্য যাহা কিছু সৃষ্টি করিয়াছি তাহা ? উহাদেরকে আমি সৃষ্টি করিয়াছি আঠাল মৃত্তিকা হইতে।	
	بَلْ عَجِبْتَ وَيَسْخَرُوْنَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	বাল্ ‘আজিব্তা ওয়া ইয়াছ্খারূন্।	
তরজমা	তুমি তো বিস্ময় বোধ করিতেছ, আর উহারা করিতেছে বিদ্রূপ।	
	وَاِذَا ذُكِّرُوْا لَا يَذْكُرُوْنَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা– যু্ক্কিরূ লা– ইয়ায্কুরূন।	
তরজমা	এবং যখন উহাদেরকে উপদেশ দেওয়া হয় উহারা তাহা গ্রহণ করে না।	
	وَاِذَا رَاَوْا اٰيَةً يَّسْتَسْخِرُوْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা– রাআও আ–য়াতাই ইয়াছ্তাছ্খিরূন।	
তরজমা	উহারা কোন নিদর্শন দেখিলে উপহাস করে	
	وَقَالُوْٓا اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া কা–লূ˜ ইন্ হা–যা˜ ইল্লা– ছিহ্রু মুবীন।	
তরজমা	এবং বলে, ‘ইহা তো এক সুস্পষ্ট জাদু ব্যতীত আর কিছুই নয়।’	
	ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	আইযা–মিত্না– ওয়া কুন্না– তুরাবাওঁ ওয়া ‘ইজা–মান্ আইন্না– লামাব্‘উছূন।	
তরজমা	‘আমরা যখন মরিয়া যাইব এবং মৃত্তিকা ও অস্থিতে পরিণত হইব, তখনও কি আমাদেরকে উত্থিত করা হইবে ?	
	اَوَاٰبَآؤُنَا الْاَوَّلُوْنَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	আওয়াআ-বা~উনাল্ আওওয়ালূন।	
তরজমা	‘এবং আমাদের পূর্বপুরুষদেরকেও ?’	
	قُلْ نَعَمْ وَاَنْتُمْ دَاخِرُوْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	কুল্ না‘আম্ ওয়া আংতুম দা–খিরূন।	
তরজমা	বল, ‘হাঁ, এবং তোমরা হইবে লাঞ্ছিত।’	
	فَاِنَّمَا هِيَ زَجْرَةٌ وَّاحِدَةٌ فَاِذَا هُمْ يَنْظُرُوْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ফাইন্নামা– হিয়া ঝাজরাতুওঁ ওয়া–হিদাতুং ফাইযা– হুম্ ইয়াংজুরূন।	
তরজমা	উহা একটি মাত্র প্রচণ্ড শব্দ–আর তখনই উহারা প্রত্যক্ষ করিবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالُوْا يٰوَيْلَنَا هٰذَا يَوْمُ الدِّيْنِ ۝٢٠	**20**
প্রতিবর্ণায়ন	ওয়া– ক'া–লূ ইয়া–ওয়াইলানা– হা–য'া– ইয়াওমুদ্দীন।	
তরজমা	এবং উহারা বলিবে, 'দুর্ভোগ আমাদের! ইহাই তো কর্মফল দিবস।'	
	هٰذَا يَوْمُ الْفَصْلِ الَّذِىْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ۝٢١	**21**
প্রতিবর্ণায়ন	হা–য'া– ইয়াওমুল্ ফাসলিল্লায'ী কুংতুম্ বিহী তুকায'যি'বূন।	
তরজমা	ইহাই ফয়সালার দিন যাহা তোমরা অস্বীকার করিতে।	
	اُحْشُرُوا الَّذِيْنَ ظَلَمُوْا وَاَزْوَاجَهُمْ وَمَا كَانُوْا يَعْبُدُوْنَ ۝٢٢	**22**
প্রতিবর্ণায়ন	উহ'শুরুল্লায'ীনা জ'ালামূ ওয়া আঝওয়া–জাহুম্ ওয়ামা– কা–নূ ইয়া'বুদূন।	
তরজমা	ফিরিশ্‌তাদেরকে বলা হইবে, 'একত্র কর জালিম ও উহাদের সহচরগণকে এবং উহাদেরকে যাহাদের 'ইবাদত করিত তাহারা–	
	مِنْ دُوْنِ اللّٰهِ فَاهْدُوْهُمْ اِلٰى صِرَاطِ الْجَحِيْمِ ۝٢٣	**23**
প্রতিবর্ণায়ন	মিং দূনিল্লা–হি ফাহ্‌দূহুম্ ইলা– সিরা–তি'ল্ জাহ'ীম।	
তরজমা	আল্লাহ্‌র পরিবর্তে এবং উহাদেরকে পরিচালিত কর জাহান্নামের পথে,	
	وَقِفُوْهُمْ اِنَّهُمْ مَّسْئُوْلُوْنَ ۝٢٤	**24**
প্রতিবর্ণায়ন	ওয়াকি'ফূহুম্ ইন্নাহুম্ মাছ্‌উলূন।	
তরজমা	'অতঃপর উহাদেরকে থামাও, কারণ উহাদেরকে প্রশ্ন করা হইবে :	
	مَا لَكُمْ لَا تَنَاصَرُوْنَ ۝٢٥	**25**
প্রতিবর্ণায়ন	মা– লাকুম্ লা– তানা–সারূন।	
তরজমা	'তোমাদের কী হইল যে, তোমরা একে অপরের সাহায্য করিতেছ না ?'	
	بَلْ هُمُ الْيَوْمَ مُسْتَسْلِمُوْنَ ۝٢٦	**26**
প্রতিবর্ণায়ন	বাল্ হুমুল্ ইয়াওমা মুছ্‌তাছ্‌লিমূন।	
তরজমা	বস্তুত সেই দিন উহারা আত্মসমর্পণ করিবে	
	وَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ۝٢٧	**27**
প্রতিবর্ণায়ন	ওয়া আক'বালা বা'দু'হুম্ 'আলা– বা'দি'ইঁ ইয়াতাছা~আলূন।	
তরজমা	এবং উহারা একে অপরের সামনাসামনি হইয়া জিজ্ঞাসাবাদ করিবে–	
	قَالُوْۤا اِنَّكُمْ كُنْتُمْ تَاْتُوْنَنَا عَنِ الْيَمِيْنِ ۝٢٨	**28**
প্রতিবর্ণায়ন	ক'া–লূ~ ইন্নাকুম্ কুংতুম্ তা'তূনানা– 'আনিল্ ইয়ামীন।	

তরজমা	উহারা বলিবে, 'তোমরা তো তোমাদের শক্তি লইয়া আমাদের নিকট আসিতে।'	
	قَالُوْا بَلْ لَّمْ تَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ক্বা-লূ বাল লাম্ তাকূনূ মু'মিনীন।	
তরজমা	তাহারা বলিবে, তোমরা তো বিশ্বাসীই ছিলে না,	
	وَمَا كَانَ لَنَا عَلَيْكُمْ مِّنْ سُلْطٰنٍ ۚ بَلْ كُنْتُمْ قَوْمًا طٰغِيْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়ামা- কা-না লানা- 'আলাইকুম্ মিং ছুল্ত্বা-নিন্ (ج) বাল্ কুংতুম্ ক্বাওমাং ত্বা-গীন।	
তরজমা	'এবং তোমাদের উপর আমাদের কোন কর্তৃত্ব ছিল না ; বস্তুত তোমরাই ছিলে সীমালংঘনকারী সম্প্রদায়।	
	فَحَقَّ عَلَيْنَا قَوْلُ رَبِّنَآ ۖ اِنَّا لَذَآئِقُوْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ফাহ্বাক্ক্বা 'আলাইনা- ক্বাওলু রাব্বিনা~ (ق) ইনা- লাযা~ইক্বূন।	
তরজমা	'আমাদের বিরুদ্ধে আমাদের প্রতিপালকের কথা সত্য হইয়াছে, আমাদেরকে অবশ্যই শাস্তি আস্বাদন করিতে হইবে।	
	فَاَغْوَيْنٰكُمْ اِنَّا كُنَّا غٰوِيْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ফাআগ্ওয়াইনা-কুম্ ইন্না- কুন্না- গা-বীন।	
তরজমা	'আমরা তোমাদেরকে বিভ্রান্ত করিয়াছিলাম, কারণ আমরা নিজেরাও ছিলাম বিভ্রান্ত।'	
	فَاِنَّهُمْ يَوْمَئِذٍ فِي الْعَذَابِ مُشْتَرِكُوْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ফাইন্নাহুম্ ইয়াওমাইযিং ফিল্ 'আযা-বি মুশ্তারিকূন।	
তরজমা	উহারা সকলেই সেই দিন শাস্তির শরীক হইবে।	
	اِنَّا كَذٰلِكَ نَفْعَلُ بِالْمُجْرِمِيْنَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ইন্না- কাযা-লিকা নাফ্'আলু বিলমুজরিমীন।	
তরজমা	অপরাধীদের প্রতি আমি এইরূপই করিয়া থাকি।	
	اِنَّهُمْ كَانُوْٓا اِذَا قِيْلَ لَهُمْ لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ ۙ يَسْتَكْبِرُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম কা-নূ~ইযা- ক্বীলা লাহুম লা~ইলা-হা ইল্লাল্লা-হু (ل) ইয়াছতাক্বিরূন।	
তরজমা	উহাদেরকে 'আল্লাহ্ ব্যতীত কোন ইলাহ্ নাই' বলা হইলে উহারা অহংকার করিত	
	وَيَقُوْلُوْنَ اَئِنَّا لَتَارِكُوْٓا اٰلِهَتِنَا لِشَاعِرٍ مَّجْنُوْنٍ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ্লূনা আইন্না- লাতা-রিকূ~আ-লিহাতিনা- লিশা-'ইরিম্ মাজনূন।	

তরজমা	এবং বলিত, 'আমরা কি এক উন্মাদ কবির কথায় আমাদের ইলাহ্গণকে বর্জন করিব ?'	
	بَلْ جَآءَ بِالْحَقِّ وَصَدَّقَ الْمُرْسَلِيْنَ ۝٣٧	**37**
প্রতিবর্ণায়ন	বাল্ জা~আ বিল্হাক্কি ওয়া সাদ্দাকাল মুরছালীন।	
তরজমা	বরং সে তো সত্য লইয়া আসিয়াছে এবং সে রাসূলদেরকে সত্য বলিয়া স্বীকার করিয়াছে।	
	اِنَّكُمْ لَذَآئِقُوا الْعَذَابِ الْاَلِيْمِ ۝٣٨	**38**
প্রতিবর্ণায়ন	ইন্নাকুম লাযা~ইকুল 'আযা-বিল আলীম।	
তরজমা	তোমরা অবশ্যই মর্মন্তুদ শাস্তির আস্বাদ গ্রহণ করিবে।	
	وَمَا تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝٣٩	**39**
প্রতিবর্ণায়ন	ওয়া মা- তুজঝাওনা ইল্লা- মা-কুংতুম তা'মালূন।	
তরজমা	এবং তোমরা যাহা করিতে তাহারই প্রতিফল পাইবে-	
	اِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ۝٤٠	**40**
প্রতিবর্ণায়ন	ইল্লা- 'ইবাদাল্লা-হিল মুখলাসীন।	
তরজমা	তবে তাহারা নয় যাহারা আল্লাহ্র একনিষ্ঠ বান্দা।	
	اُولٰٓئِكَ لَهُمْ رِزْقٌ مَّعْلُوْمٌ ۝٤١	**41**
প্রতিবর্ণায়ন	উলা~ইকা লাহুম্ রিঝকুম মা'লূম।	
তরজমা	তাহাদের জন্য আছে নির্ধারিত রিযিক-	
	فَوَاكِهُ ۚ وَهُمْ مُّكْرَمُوْنَ ۝٤٢	**42**
প্রতিবর্ণায়ন	ফাওয়া-কিহু (ج) ওয়া হুম্ মুক্রামূন।	
তরজমা	ফলমূল; আর তাহারা হইবে সম্মানিত,	
	فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ۝٤٣	**43**
প্রতিবর্ণায়ন	ফী জান্না-তিং না'ঈম।	
তরজমা	সুখদ-কাননে	
	عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ ۝٤٤	**44**
প্রতিবর্ণায়ন	'আলা-ছুরুরিম্ মুতাকা-বিলীন।	
তরজমা	তাহারা মুখামুখি হইয়া আসনে আসীন হইবে।	

| --- | --- | --- |
	يُطَافُ عَلَيۡهِمۡ بِكَاۡسٍ مِّنۡ مَّعِيۡنٍۢ ۙ﴿۴۵﴾	45
প্রতিবর্ণায়ন	ইউত া–ফু 'আলাইহিম্ বিকা'ছিম্ মিম্ মা'ঈন।	
তরজমা	তাহাদেরকে ঘুরিয়া ঘুরিয়া পরিবেশন করা হইবে বিশুদ্ধ সুরাপূর্ণ পাত্রে।	
	بَيۡضَآءَ لَذَّةٍ لِّلشّٰرِبِيۡنَ ۚ﴿۴۶﴾	46
প্রতিবর্ণায়ন	বাইদ া~আ লায্ যাতিল্ লিশ্‌শা–রিবীন।	
তরজমা	শুভ্র উজ্জ্বল, যাহা হইবে পানকারীদের জন্য সুস্বাদু।	
	لَا فِيۡهَا غَوۡلٌ وَّلَا هُمۡ عَنۡهَا يُنۡزَفُوۡنَ ﴿۴۷﴾	47
প্রতিবর্ণায়ন	লা– ফীহা– গাওলুওঁ ওয়ালা– হুম্ 'আনহা–ইউংঝাফূন।	
তরজমা	উহাতে ক্ষতিকর কিছু থাকিবে না এবং উহাতে তাহারা মাতালও হইবে না,	
	وَعِنۡدَهُمۡ قٰصِرٰتُ الطَّرۡفِ عِيۡنٌ ۙ﴿۴۸﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া 'ইংদাহুম্ ক া–সিরা–তুত্ত া্রফি 'ঈন।	
তরজমা	তাহাদের সঙ্গে থাকিবে আনতনয়না, আয়তলোচনা হূরীগণ।	
	كَاَنَّهُنَّ بَيۡضٌ مَّكۡنُوۡنٌ ﴿۴۹﴾	49
প্রতিবর্ণায়ন	কাআন্নাহুন্না বাইদ ুম্ মাক্নূন।	
তরজমা	তাহারা যেন সুরক্ষিত ডিম্ব।	
	فَاَقۡبَلَ بَعۡضُهُمۡ عَلٰى بَعۡضٍ يَّتَسَآءَلُوۡنَ ﴿۵۰﴾	50
প্রতিবর্ণায়ন	ফাআক ্বালা বা'দু হুম্ 'আলা– বা'দি ইঁ ইয়াতাছা~আলূন।	
তরজমা	তাহারা একে অপরের সামনাসামনি হইয়া জিজ্ঞাসাবাদ করিবে।	
	قَالَ قَآئِلٌ مِّنۡهُمۡ اِنِّىۡ كَانَ لِىۡ قَرِيۡنٌ ۙ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	ক া–লা ক া–ইলুম্ মিন্‌হুম্ ইন্নী কা–না লী ক ারীন।	
তরজমা	তাহাদের কেহ বলিবে, 'আমার ছিল এক সঙ্গী;	
	يَّقُوۡلُ اَءِنَّكَ لَمِنَ الۡمُصَدِّقِيۡنَ ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	ইয়াকূ লু আইন্নাকা লামিনাল মুসাদ্দিক ীন।	
তরজমা	'সে বলিত, 'তুমি কি ইহাতে বিশ্বাসী যে,	
	ءَاِذَا مِتۡنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَدِيۡنُوۡنَ ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	আইয া– মিত্‌না– ওয়া কুন্না– তুরা–বাওঁ ওয়া 'ইজ া–মাং আইন্না– লামাদীনূন।	

তরজমা	'আমরা যখন মরিয়া যাইব এবং আমরা মৃত্তিকা ও অস্থিতে পরিণত হইব তখনও কি আমাদেরকে প্রতিফল দেওয়া হইবে?'	
	قَالَ هَلْ اَنْتُمْ مُّطَّلِعُوْنَ ۝٥٤	54
প্রতিবর্ণায়ন	ক্বা-লা হাল্ আংতুম্ মুত্ত্বালি'উন।	
তরজমা	আল্লাহ্ বলিবেন, 'তোমরা কি তাহাকে দেখিতে চাও ?'	
	فَاطَّلَعَ فَرَاٰهُ فِيْ سَوَآءِ الْجَحِيْمِ ۝٥٥	55
প্রতিবর্ণায়ন	ফাত্ত্বালা'আ ফারাআ-হু ফী ছাওয়া~ইল্ জাহ্বীম।	
তরজমা	অতঃপর সে ঝুঁকিয়া দেখিবে এবং উহাকে দেখিতে পাইবে জাহান্নামের মধ্যস্থলে;	
	قَالَ تَاللّٰهِ اِنْ كِدْتَّ لَتُرْدِيْنِ ۝٥٦	56
প্রতিবর্ণায়ন	ক্বা-লা তাল্লা-হি ইং কিত্তা লাতুর্‌দীন।	
তরজমা	বলিবে, 'আল্লাহ্‌র কসম! তুমি তো আমাকে প্রায় ধ্বংসই করিয়াছিলে,	
	وَلَوْلَا نِعْمَةُ رَبِّيْ لَكُنْتُ مِنَ الْمُحْضَرِيْنَ ۝٥٧	57
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা- নি'মাতু রাব্বী লাকুংতু মিনাল্ মুহ্দ্বারীন।	
তরজমা	'আমার প্রতিপালকের অনুগ্রহ না থাকিলে আমিও তো হাযিরকৃত ব্যক্তিদের মধ্যে শামিল হইতাম।	
	اَفَمَا نَحْنُ بِمَيِّتِيْنَ ۝٥٨	58
প্রতিবর্ণায়ন	আফামা-নাহ্নু বিমাইয়িতীন।	
তরজমা	'আমাদের তো আর মৃত্যু হইবে না	
	اِلَّا مَوْتَتَنَا الْاُوْلٰى وَمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ۝٥٩	59
প্রতিবর্ণায়ন	ইল্লা- মাওতাতানাল্ উলা- ওয়ামা-নাহ্নু বিমু'আয্যাবীন।	
তরজমা	'প্রথম মৃত্যুর পর এবং আমাদেরকে শাস্তিও দেওয়া হইবে না!'	
	اِنَّ هٰذَا لَهُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ۝٦٠	60
প্রতিবর্ণায়ন	ইন্না হা-যা- লাহুওয়াল ফাওঝুল 'আজ্বীম।	
তরজমা	ইহা তো মহাসাফল্য।	
	لِمِثْلِ هٰذَا فَلْيَعْمَلِ الْعٰمِلُوْنَ ۝٦١	61
প্রতিবর্ণায়ন	লিমিছ্লি হা-যা- ফাল্ ইয়া'মালিল্ 'আ-মিলূন।	
তরজমা	এইরূপ সাফল্যের জন্য সাধকদের উচিত সাধনা করা,	

	اَذٰلِكَ خَيۡرٌ نُّزُلًا اَمۡ شَجَرَةُ الزَّقُّوۡمِ ﴿۶۲﴾	62
প্রতিবর্ণায়ন	আয'া–লিকা খাইরুং নুঝুলান্ আম্ শাজারাতুঝ্ ঝাক্'কূ'ম।	
তরজমা	আপ্যায়নের জন্য কি ইহাই শ্রেয় না যাক্কুম বৃক্ষ ?	
	اِنَّا جَعَلۡنٰهَا فِتۡنَةً لِّلظّٰلِمِيۡنَ ﴿۶۳﴾	63
প্রতিবর্ণায়ন	ইন্না– জা'আল্না–হা– ফিত্নাতাল লিজ্ 'া–লিমীন।	
তরজমা	জালিমদের জন্য আমি ইহা সৃষ্টি করিয়াছি পরীক্ষাস্বরূপ,	
	اِنَّهَا شَجَرَةٌ تَخۡرُجُ فِیۡۤ اَصۡلِ الۡجَحِيۡمِ ﴿۶۴﴾	64
প্রতিবর্ণায়ন	ইন্নাহা– শাজারাতুং তাখ্রুজু ফী˜আসলিল্ জাহ ীম।	
তরজমা	এই বৃক্ষ উদ্গত হয় জাহান্নামের তলদেশ হইতে,	
	طَلۡعُهَا كَاَنَّهٗ رُءُوۡسُ الشَّيٰطِيۡنِ ﴿۶۵﴾	65
প্রতিবর্ণায়ন	ত'াল'উহা– কাআন্নাহূ রুঊছুশ্শায়া–ত ীন।	
তরজমা	ইহার মোচা যেন শয়তানের মাথা	
	فَاِنَّهُمۡ لَاٰكِلُوۡنَ مِنۡهَا فَمٰلِـُٔوۡنَ مِنۡهَا الۡبُطُوۡنَ ﴿۶۶﴾	66
প্রতিবর্ণায়ন	ফাইন্নাহুম্ লাআ–কিলূনা মিন্হা– ফামা–লিউনা মিন্হাল বুতূ'ন।	
তরজমা	অবশ্যই উহারা ইহা হইতে ভক্ষণ করিবে এবং উদর পূর্ণ করিবে ইহা দ্বারা।	
	ثُمَّ اِنَّ لَهُمۡ عَلَيۡهَا لَشَوۡبًا مِّنۡ حَمِيۡمٍ ﴿۶۷﴾	67
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইন্না লাহুম্ 'আলাইহা- লাশাওবাম্ মিন্ হ'ামীম।	
তরজমা	তদুপরি উহাদের জন্য থাকিবে ফুটন্ত পানির মিশ্রণ।	
	ثُمَّ اِنَّ مَرۡجِعَهُمۡ لَاۡاِلَى الۡجَحِيۡمِ ﴿۶۸﴾	68
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ইন্না মার্জি'আহুম্ লা ইলাল্ জাহ ীম।	
তরজমা	আর উহাদের গন্তব্য হইবে অবশ্যই প্রজ্বলিত অগ্নির দিকে।	
	اِنَّهُمۡ اَلۡفَوۡا اٰبَآءَهُمۡ ضَآلِّيۡنَ ﴿۶۹﴾	69
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম্ আল্ফাও আ–বা~আহুম্ দ'া~ল্লীন।	
তরজমা	উহারা উহাদের পিতৃপুরুষগণকে পাইয়াছিল বিপথগামী।	
	فَهُمۡ عَلٰۤى اٰثٰرِهِمۡ يُهۡرَعُوۡنَ ﴿۷۰﴾	70
প্রতিবর্ণায়ন	ফাহুম্ 'আলা˜ আ–ছ া–রিহিম্ ইউহ্রা'উন।	
তরজমা	এবং তাহাদের পদাঙ্ক অনুসরণে ধাবিত হইয়াছিল।	

	وَلَقَدْ ضَلَّ قَبْلَهُمْ أَكْثَرُ الْأَوَّلِينَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ দ'াল্লা ক'াব্লাহুম্ আক্ছ'ারুল্ আওওয়ালীন।	
তরজমা	উহাদের পূর্বেও পূর্ববর্তীদের অধিকাংশ বিপথগামী হইয়াছিল,	
	وَلَقَدْ أَرْسَلْنَا فِيهِمْ مُنْذِرِينَ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আর্ছাল্না-ফীহিম্ মুংযি'রীন।	
তরজমা	এবং আমি উহাদের মধ্যে সতর্ককারী প্রেরণ করিয়াছিলাম।	
	فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِينَ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ফাংজু'র্ কাইফা কা-না 'আ-কি'বাতুল মুংয'ারীন্।	
তরজমা	সুতরাং লক্ষ্য কর যাহাদেরকে সতর্ক করা হইয়াছিল, তাহাদের পরিণাম কী হইয়াছিল!	
	إِلَّا عِبَادَ اللَّهِ الْمُخْلَصِينَ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ইল্লা- 'ইবা-দাল্লা-হিল্ মুখলাসীন।	
তরজমা	তবে আল্লাহ্‌র একনিষ্ঠ বান্দাদের কথা স্বতন্ত্র।	
	وَلَقَدْ نَادَانَا نُوحٌ فَلَنِعْمَ الْمُجِيبُونَ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	ওয়ালা ক'াদ্ না-দা-না-নূহু'ং ফালানি'মাল্ মুজীবূন।	
তরজমা	নূহ্ আমাকে আহ্বান করিয়াছিল, আর আমি কত উত্তম সাড়াদানকারী।	
	وَنَجَّيْنَاهُ وَأَهْلَهُ مِنَ الْكَرْبِ الْعَظِيمِ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ওয়া নাজ্জাইনা-হু ওয়া আহ্লাহূ মিনাল্ কার্বিল্ 'আজ'ীম।	
তরজমা	তাহাকে এবং তাহার পরিবারবর্গকে আমি উদ্ধার করিয়াছিলাম মহাসংকট হইতে।	
	وَجَعَلْنَا ذُرِّيَّتَهُ هُمُ الْبَاقِينَ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আল্না- যু'ররিইইয়াতাহূ হুমুল্ বাক'ীন।	
তরজমা	তাহার বংশধরদেরকেই আমি বিদ্যমান রাখিয়াছি বংশপরম্পরায়,	
	وَتَرَكْنَا عَلَيْهِ فِي الْآخِرِينَ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ওয়া তারাক্না- 'আলাইহি ফিল্ আ-খিরীন।	
তরজমা	আমি ইহা পরবর্তীদের স্মরণে রাখিয়াছি।	
	سَلَامٌ عَلَىٰ نُوحٍ فِي الْعَالَمِينَ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ছালা-মুন্ 'আলা-নূহি'ং ফিল্ 'আ-লামীন।	

তরজমা	সমগ্র বিশ্বের মধ্যে নূহের প্রতি শান্তি বর্ষিত হউক!	
	إِنَّا كَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ইন্না– কায া–লিকা নাজঝিল্ মুহ ছিনীন।	
তরজমা	এইভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করিয়া থাকি,	
	إِنَّهُ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِينَ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ মিন্ 'ইবা–দিনাল্ মু'মিনীন।	
তরজমা	সে ছিল আমার মু'মিন বান্দাদের অন্যতম।	
	ثُمَّ أَغْرَقْنَا الْآخَرِينَ ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আগরাক নাল্ আ–খারীন।	
তরজমা	অন্য সকলকে আমি নিমজ্জিত করিয়াছিলাম।	
	وَإِنَّ مِنْ شِيعَتِهِ لَإِبْرَاهِيمَ ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না মিং শী'আতিহী লাইবরা–হীম।	
তরজমা	আর ইব্রাহীম তো তাহার অনুগামীদের অন্তর্ভুক্ত।	
	إِذْ جَاءَ رَبَّهُ بِقَلْبٍ سَلِيمٍ ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ইয জা~আ রাব্বাহূ বিক াল্বিং ছালীম।	
তরজমা	স্মরণ কর, সে তাহার প্রতিপালকের নিকট উপস্থিত হইয়াছিল বিশুদ্ধচিত্তে;	
	إِذْ قَالَ لِأَبِيهِ وَقَوْمِهِ مَاذَا تَعْبُدُونَ ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ইয্ ক া–লা লিআবীহি ওয়া ক াওমিহী মা–য া– তা'বুদূন।	
তরজমা	যখন সে তাহার পিতা ও তাহার সম্প্রদায়কে জিজ্ঞাসা করিয়াছিল, 'তোমরা কিসের পূজা করিতেছ ?	
	أَئِفْكًا آلِهَةً دُونَ اللَّهِ تُرِيدُونَ ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	আইফ্কান্ আ–লিহাতাং দূনাল্লা–হি তুরীদূন।	
তরজমা	'তোমরা কি আল্লাহ্‌র পরিবর্তে অলীক ইলাহ্গুলিকে চাও ?	
	فَمَا ظَنُّكُمْ بِرَبِّ الْعَالَمِينَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ফমা– জ ান্নুকুম্ বিরাব্বিল্ 'আ–লামীন।	
তরজমা	'জগতসমূহের প্রতিপালক সম্বন্ধে তোমাদের ধারণা কী ?'	
	فَنَظَرَ نَظْرَةً فِي النُّجُومِ ﴿٨٨﴾	88

প্রতিবর্ণায়ন	ফানাজ ারা নাজ্ রাতাং ফিন্নুজূম্।	
তরজমা	অতঃপর সে তারকারাজির দিকে একবার তাকাইল	
	فَقَالَ اِنِّىۡ سَقِيۡمٌ ۝٨٩	89
প্রতিবর্ণায়ন	ফাক া-লা ইন্নী ছাক ীম।	
তরজমা	এবং বলিল, 'আমি অসুস্থ।'	
	فَتَوَلَّوۡا عَنۡهُ مُدۡبِرِيۡنَ ۝٩٠	90
প্রতিবর্ণায়ন	ফাতওয়াল্লাও 'আন্হু মুদ্‌বিরীন।	
তরজমা	অতঃপর উহারা তাহাকে পশ্চাতে রাখিয়া চলিয়া গেল।	
	فَرَاغَ اِلٰٓى اٰلِهَتِهِمۡ فَقَالَ اَلَا تَاۡكُلُوۡنَ ۝٩١	91
প্রতিবর্ণায়ন	ফারা–গা ইলা ˜আ–লিহাতিহিম্ ফাক া–লা আলা–তা'কুলূন।	
তরজমা	পরে সে সন্তর্পণে উহাদের দেবতাগুলির নিকট গেল এবং বলিল, 'তোমরা খাদ্য গ্রহণ করিতেছ না কেন ?'	
	مَا لَـكُمۡ لَا تَنۡطِقُوۡنَ ۝٩٢	92
প্রতিবর্ণায়ন	মা–লাকুম্ লা– তাংতি কূ ন।	
তরজমা	'তোমাদের কী হইয়াছে যে, তোমরা কথা বল না ?'	
	فَرَاغَ عَلَيۡهِمۡ ضَرۡبًۢا بِالۡيَمِيۡنِ ۝٩٣	93
প্রতিবর্ণায়ন	ফারা–গা 'আলাইহি ম্ দ ার্‌বাম্ বিল্‌ইয়ামীন।	
তরজমা	অতঃপর সে উহাদের উপর সবলে আঘাত হানিল।	
	فَاَقۡبَلُوۡۤا اِلَيۡهِ يَزِفُّوۡنَ ۝٩٤	94
প্রতিবর্ণায়ন	ফাআক বালূ˜ ইলাইহি ইয়াঝিফ্‌ফূন।	
তরজমা	তখন ঐ লোকগুলি তাহার দিকে ছুটিয়া আসিল।	
	قَالَ اَتَعۡبُدُوۡنَ مَا تَنۡحِتُوۡنَ ۝٩٥	95
প্রতিবর্ণায়ন	ক া–লা আতা'বুদূনা মা– তানহি তূন।	
তরজমা	সে বলিল, 'তোমরা নিজেরা যাহাদেরকে খোদাই করিয়া নির্মাণ কর তোমরা কি তাহাদেরই পূজা কর ?	
	وَاللّٰهُ خَلَقَكُمۡ وَمَا تَعۡمَلُوۡنَ ۝٩٦	96
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা–হু খালাক াকুম্ ওয়ামা– তা'মালূন।	

তরজমা	'প্রকৃতপক্ষে আল্লাহ্ই সৃষ্টি করিয়াছেন তোমাদেরকে এবং তোমরা যাহা তৈরি কর তাহাও।'	
	قَالُوا ابْنُوا لَهُ بُنْيَانًا فَأَلْقُوهُ فِي الْجَحِيمِ ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	ক্বা-লুব্নূ লাহূ বুনইয়া-নাং ফাআলক্বূহু ফিল্ জাহ্বীম।	
তরজমা	উহারা বলিল, 'ইহার জন্য এক ইমারত নির্মাণ কর, অতঃপর ইহাকে জ্বলন্ত অগ্নিতে নিক্ষেপ কর।'	
	فَأَرَادُوا بِهِ كَيْدًا فَجَعَلْنَاهُمُ الْأَسْفَلِينَ ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ফাআরাদূ বিহী কাইদাং ফাজা'আল্না- হুমুল্ আছ্ফালীন।	
তরজমা	উহারা তাহার বিরুদ্ধে চক্রান্তের সংকল্প করিয়াছিল; কিন্তু আমি উহাদেরকে অতিশয় হেয় করিয়া দিলাম।	
	وَقَالَ إِنِّي ذَاهِبٌ إِلَىٰ رَبِّي سَيَهْدِينِ ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়া ক্বা-লা ইন্নী যা-হিবুন্ ইলা- রাব্বী ছাইয়াহ্দীন।	
তরজমা	সে বলিল, 'আমি আমার প্রতিপালকের দিকে চলিলাম, তিনি আমাকে অবশ্যই সৎপথে পরিচালিত করিবেন;	
	رَبِّ هَبْ لِي مِنَ الصَّالِحِينَ ﴿١٠٠﴾	100
প্রতিবর্ণায়ন	রাব্বি হাব্লী মিনাসসা-লিহ্বীন।	
তরজমা	'হে আমার প্রতিপালক! আমাকে এক সৎকর্মপরায়ণ সন্তান দান কর।'	
	فَبَشَّرْنَاهُ بِغُلَامٍ حَلِيمٍ ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	ফাবাশ্শার্না-হু বিগুলা- মিন্ হ্বালীম।	
তরজমা	অতঃপর আমি তাহাকে এক স্থিরবুদ্ধি পুত্রের সুসংবাদ দিলাম।	
	فَلَمَّا بَلَغَ مَعَهُ السَّعْيَ قَالَ يَا بُنَيَّ إِنِّي أَرَىٰ فِي الْمَنَامِ أَنِّي أَذْبَحُكَ فَانْظُرْ مَاذَا تَرَىٰ ۚ قَالَ يَا أَبَتِ افْعَلْ مَا تُؤْمَرُ ۖ سَتَجِدُنِي إِنْ شَاءَ اللَّهُ مِنَ الصَّابِرِينَ ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-বালাগা মা'আহুছ্ ছা'ইয়া ক্বা-লা ইয়া-বুনাইইয়া ইন্নী আরা- ফিল্ মানা-মি আন্নী আয্বাহ্বু কা ফাংজু্র্ মা-যা- তারা- (ط) ক্বা-লা ইয়া আবাতিফ্'আল্ মা-তু'মারু (ز) ছাতাজিদুনী ইং শা-আল্লা-হু মিনাসসা-বিরীন্।	

তরজমা	অতঃপর সে যখন তাহার পিতার সঙ্গে কাজ করিবার মত বয়সে উপনীত হইল তখন ইবরাহীম বলিল, 'বৎস! আমি স্বপ্নে দেখি যে, তোমাকে আমি যবেহ্ করিতেছি, এখন তোমার অভিমত কি বল ?' সে বলিল, 'হে আমার পিতা! আপনি যাহা আদিষ্ট হইয়াছেন তাহাই করুন। আল্লাহ্র ইচ্ছায় আপনি আমাকে ধৈর্যশীল পাইবেন।'	
	فَلَمَّآ أَسْلَمَا وَتَلَّهُۥ لِلْجَبِينِ ۝١٠٣	103
প্রতিবর্ণায়ন	ফালাম্মা˜ আছ্লামা- ওয়া তাল্লাহূ লিল্জাবীন।	
তরজমা	যখন তাহারা উভয়ে আনুগত্য প্রকাশ করিল এবং ইব্রাহীম তাহার পুত্রকে কাত করিয়া শায়িত করিল,	
	وَنَادَيْنَٰهُ أَن يَٰٓإِبْرَٰهِيمُ ۝١٠٤	104
প্রতিবর্ণায়ন	ওয়া না-দাইনা-হু আইঁ ইয়া˜ইবরা-হীম।	
তরজমা	তখন আমি তাহাকে আহ্বান করিয়া বলিলাম, 'হে ইব্রাহীম!	
	قَدْ صَدَّقْتَ ٱلرُّءْيَآ ۚ إِنَّا كَذَٰلِكَ نَجْزِى ٱلْمُحْسِنِينَ ۝١٠٥	105
প্রতিবর্ণায়ন	ক˙াদ্ সাদ্দাক˙তার্ রু'ইয়া- (ج) ইন্না-কায˙া-লিকা নাজঝিল্ মুহ˙ছিনীন।	
তরজমা	'তুমি তো স্বপ্নাদেশ সত্যই পালন করিলে!'-এইভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করিয়া থাকি।	
	إِنَّ هَٰذَا لَهُوَ ٱلْبَلَٰٓؤُا۟ ٱلْمُبِينُ ۝١٠٦	106
প্রতিবর্ণায়ন	ইন্না হা-য˙া- লাহুওয়াল্ বালা~উল্ মুবীন।	
তরজমা	নিশ্চয়ই ইহা ছিল এক স্পষ্ট পরীক্ষা।	
	وَفَدَيْنَٰهُ بِذِبْحٍ عَظِيمٍ ۝١٠٧	107
প্রতিবর্ণায়ন	ওয়া ফাদাইনা-হু বিযি˙বহি˙ন্ 'আজ˙ীম।	
তরজমা	আমি তাহাকে মুক্ত করিলাম এক কুরবানীর বিনিময়ে।	
	وَتَرَكْنَا عَلَيْهِ فِى ٱلْءَاخِرِينَ ۝١٠٨	108
প্রতিবর্ণায়ন	ওয়া তারাক্না- 'আলাইহি ফিল্ আ-খিরীন।	
তরজমা	আমি ইহা পরবর্তীদের স্মরণে রাখিয়াছি।	
	سَلَٰمٌ عَلَىٰٓ إِبْرَٰهِيمَ ۝١٠٩	109
প্রতিবর্ণায়ন	ছালা-মুন্ 'আলা˜ ইবরা-হীম।	
তরজমা	ইব্রাহীমের উপর শান্তি বর্ষিত হউক!	

	كَذٰلِكَ نَجۡزِى الۡمُحۡسِنِيۡنَ ﴿۱۱۰﴾	110
প্রতিবর্ণায়ন	কায া-লিকা নাজঝিল্ মুহ ছিনীন।	
তরজমা	এইভাবে আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করিয়া থাকি।	
	اِنَّهٗ مِنۡ عِبَادِنَا الۡمُؤۡمِنِيۡنَ ﴿۱۱۱﴾	111
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ মিন্ ‘ইবা-দিনাল মু’মুনীন।	
তরজমা	নিশ্চয়ই সে ছিল আমার মু’মিন বান্দাদের অন্যতম;	
	وَبَشَّرۡنٰهُ بِاِسۡحٰقَ نَبِيًّا مِّنَ الصّٰلِحِيۡنَ ﴿۱۱۲﴾	112
প্রতিবর্ণায়ন	ওয়া বাশ্শার্না-হু বিইছহ া-ক া নাবিইয়াম মিনাসসা-লিহ ীন।	
তরজমা	আমি তাহাকে সুসংবাদ দিয়াছিলাম ইস্হাকের, সে ছিল এক নবী, সৎকর্মপরায়ণদের অন্যতম,	
	وَبٰرَكۡنَا عَلَيۡهِ وَعَلٰٓى اِسۡحٰقَ ؕ وَمِنۡ ذُرِّيَّتِهِمَا مُحۡسِنٌ وَّظَالِمٌ لِّنَفۡسِهٖ مُبِيۡنٌ ﴿۱۱۳﴾	113
প্রতিবর্ণায়ন	ওয়া বা-রাকনা ‘আলাইহি ওয়া ‘আলা ইছহ া-ক (ط) ওয়া মিং যু ররিইইয়াতিহিমা-মুহ ছিনুওঁ ওয়া জ া-লিমুল্ লিনাফ্ছিহী মুবীন।	
তরজমা	আমি তাহাকে বরকত দান করিয়াছিলাম এবং ইস্হাককেও; তাহাদের বংশধরদের মধ্যে কতক সৎকর্মপরায়ণ এবং কতক নিজেদের প্রতি স্পষ্ট অত্যাচারী।	
	وَلَقَدۡ مَنَنَّا عَلٰى مُوۡسٰى وَهٰرُوۡنَ ﴿۱۱۴﴾	114
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ মান্নান্না- ‘আলা-মূছা-ওয়া হা-রূন।	
তরজমা	আমি অনুগ্রহ করিয়াছিলাম মূসা ও হারূনের প্রতি,	
	وَنَجَّيۡنٰهُمَا وَقَوۡمَهُمَا مِنَ الۡكَرۡبِ الۡعَظِيۡمِ ﴿۱۱۵﴾	115
প্রতিবর্ণায়ন	ওয়া নাজ্জাইনা-হুমা ওয়া ক াওমাহুমা- মিনাল্ কার্বিল্ ‘আজ ীম।	
তরজমা	এবং তাহাদেরকে এবং তাহাদের সম্প্রদায়কে আমি উদ্ধার করিয়াছিলাম মহাসংকট হইতে।	
	وَنَصَرۡنٰهُمۡ فَكَانُوۡا هُمُ الۡغٰلِبِيۡنَ ﴿۱۱۶﴾	116
প্রতিবর্ণায়ন	ওয়া নাসার্না-হু ফাকা-নূ হুমুল্ গা-লিবীন।	
তরজমা	আমি সাহায্য করিয়াছিলাম তাহাদেরকে ফলে তাহারাই হইয়াছিল বিজয়ী।	
	وَاٰتَيۡنٰهُمَا الۡكِتٰبَ الۡمُسۡتَبِيۡنَ ﴿۱۱۷﴾	117
প্রতিবর্ণায়ন	ওয়া আ-তাইনা- হুমাল্ কিতা-বাল্ মুছতাবীন।	

তরজমা	আমি উভয়কে দিয়াছিলাম বিশদ কিতাব।	
	وَهَدَيْنٰهُمَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ﴿١١٨﴾	118
প্রতিবর্ণায়ন	ওয়া হাদাইনা-হুমাস্‌সিরাত্বাল্‌ মুছতাক্বীম।	
তরজমা	এবং তাহাদেরকে আমি পরিচালিত করিয়াছিলাম সরল পথে।	
	وَتَرَكْنَا عَلَيْهِمَا فِي الْاٰخِرِيْنَ ﴿١١٩﴾	119
প্রতিবর্ণায়ন	ওয়া তারাক্‌না- 'আলাইহিমা- ফিল্‌ আ-খিরীন।	
তরজমা	আমি তাহাদের উভয়কে পরবর্তীদের স্মরণে রাখিয়াছি।	
	سَلٰمٌ عَلٰى مُوْسٰى وَهٰرُوْنَ ﴿١٢٠﴾	120
প্রতিবর্ণায়ন	ছালা-মুন্‌ 'আলা- মূছা- ওয়া হা-রূন।	
তরজমা	মূসা ও হারূনের প্রতি শান্তি বর্ষিত হউক!	
	اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿١٢١﴾	121
	ذٰلِكَ الَّذِىْ يُبَشِّرُ اللّٰهُ عِبَادَهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ؕ قُلْ لَّاۤ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ اَجْرًا اِلَّا الْمَوَدَّةَ فِى الْقُرْبٰى ؕ وَمَنْ يَّقْتَرِفْ حَسَنَةً نَّزِدْ لَهٗ فِيْهَا حُسْنًا ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ شَكُوْرٌ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	য া-লিকাল্লায ী ইয়ুবাশ্‌শিরুল্লা-হু ‘ইবা-দাহুল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি (ط) কু ল্‌ লা ~ আছ্‌আলুকুম্‌ ‘আলাইহি আজরান ইল্লাল্‌ মাওয়াদ্দাতা ফিল্‌ কু রবা- (ط) ওয়া মাইঁ ইয়াক তারিফ্‌ হ াছানাতাং নাঝিদ্‌ লাহূ ফীহা- হু ছ্‌নান (ط) ইন্নাল্লা-হা গাফূরুং শাকূর।	
তরজমা	এই সুসংবাদই আল্লাহ্‌ দেন তাঁহার বান্দাদেরকে যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে। বল, ‘আমি ইহার বিনিময়ে তোমাদের নিকট হইতে আত্মীয়ের সৌহার্দ্য ব্যতীত অন্য কোন প্রতিদান চাই না।’ যে উত্তম কাজ করে আমি তাহার জন্য ইহাতে কল্যাণ বর্ধিত করি। আল্লাহ্‌ ক্ষমাশীল, গু ণগ্রাহী।	
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ۚ فَاِنْ يَّشَاِ اللّٰهُ يَخْتِمْ عَلٰى قَلْبِكَ ؕ وَيَمْحُ اللّٰهُ الْبَاطِلَ وَيُحِقُّ الْحَقَّ بِكَلِمٰتِهٖ ؕ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	আম্‌ ইয়াকূ লূনাফ্‌ তারা- ‘আলাল্লা-হি কাযি বাং (ج) ফাইয়ঁ ইয়াশাইল্লা-হু ইয়াখ্‌তিম্‌ ‘আলা-ক াল্‌বিকা (ط) ওয়া ইয়াম্‌হু ল্লা-হুল্‌ বা-তি লা ওয়া ইউহি ক্কু ল্‌ হ াক্ক া বিকালিমা-তিহী (ط) ইন্নাহূ ‘আলীমুম্‌ বিয া-তিস্‌সুদূর।	
তরজমা	উহারা কি বলে যে, সে আল্লাহ্‌ সম্পর্কে মিথ্যা উদ্ভাবন করিয়াছে ? যদি তাহাই হইত তবে আল্লাহ্‌ ইচ্ছা করিলে তোমার হৃদয় মোহর করিয়া দিতেন। আল্লাহ মিথ্যাকে মুছিয়া দেন এবং নিজ বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করেন। অন্তরে যাহা আছে সে বিষয়ে তিনি তো সবিশেষ অবহিত।	
	وَهُوَ الَّذِىْ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهٖ وَيَعْفُوْا عَنِ السَّيِّاٰتِ وَيَعْلَمُ مَا تَفْعَلُوْنَ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায ী ইয়াক বালুত্তাওবাতা ‘আন্‌ ‘ইবা-দিহী ওয়া ইয়া‘ফূ ‘আনিছ্‌ ছাইয়িআ-তি ওয়া ইয়া‘লামু মা-তাফ্‌‘আলূন।	
তরজমা	তিনিই তাঁহার বান্দাদের তওবা কবূল করেন ও পাপ মোচন করেন এবং তোমরা যাহা কর তিনি তাহা জানেন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَيَسْتَجِيبُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَيَزِيدُهُمْ مِنْ فَضْلِهِ ۚ وَالْكَافِرُونَ لَهُمْ عَذَابٌ شَدِيدٌ ﴿٢٦﴾	**26**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছ্তাজীবুল্লায ীনা আ–মানূ ওয়া ‘আমিলুস্‌সা–লিহ া–তি ওয়া ইয়াঝীদুহুম্ মিং ফাদ ্লিহী (ط) ওয়াল্ কা–ফিরূনা লাহুম্ ‘আয া–বুং শাদীদ।	
তরজমা	তিনি মু’মিন ও সৎকর্মপরায়ণদের আহ্বানে সাড়া দেন এবং তাহাদের প্রতি তাঁহার অনুগ্রহ বর্ধিত করেন; কাফিরদের জন্য রহিয়াছে কঠিন শাস্তি।	
	وَلَوْ بَسَطَ اللَّهُ الرِّزْقَ لِعِبَادِهِ لَبَغَوْا فِي الْأَرْضِ وَلَٰكِنْ يُنَزِّلُ بِقَدَرٍ مَا يَشَاءُ ۚ إِنَّهُ بِعِبَادِهِ خَبِيرٌ بَصِيرٌ ﴿٢٧﴾	**27**
প্রতিবর্ণায়ন	ওয়ালাও বাছাত াল্লা–হুর্ রিঝক ালি‘ইবা–দিহী লাবাগাও ফিল্ আর্‌দি ওয়ালা– কিইঁ ইউনাঝঝিলু বিক াদারিম মা– ইয়াশা~উ (ط) ইন্নাহূ বি‘ইবা–দিহী খাবীরুম্ বাসীর।	
তরজমা	আল্লাহ্ তাঁহার সকল বান্দাকে জীবনোপকরণে প্রাচুর্য দিলে তাহারা পৃথিবীতে অবশ্যই বিপর্যয় সৃষ্টি করিত; কিন্তু তিনি তাঁহার ইচ্ছামত পরিমাণেই নাযিল করিয়া থাকেন। তিনি তাঁহার বান্দাদেরকে সম্যক জানেন ও দেখেন।	
	وَهُوَ الَّذِي يُنَزِّلُ الْغَيْثَ مِنْ بَعْدِ مَا قَنَطُوا وَيَنْشُرُ رَحْمَتَهُ ۚ وَهُوَ الْوَلِيُّ الْحَمِيدُ ﴿٢٨﴾	**28**
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায ী ইউনাঝঝিলুল্ গাইছ া মিম্ বা‘দি মা–ক ানাতূ ওয়া ইয়াংশুরু রাহ মাতাহূ (ط) ওয়া হুওয়াল্ ওয়ালিইয়ুল্ হ ামীদ।	
তরজমা	উহারা যখন হতাশাগ্রস্ত হইয়া পড়ে তখনই তিনি বৃষ্টি প্রেরণ করেন এবং তাঁহার করুণা বিস্তার করেন। তিনিই তো অভিভাবক, প্রশংসার্হ।	
	وَمِنْ آيَاتِهِ خَلْقُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَثَّ فِيهِمَا مِنْ دَابَّةٍ ۚ وَهُوَ عَلَىٰ جَمْعِهِمْ إِذَا يَشَاءُ قَدِيرٌ ﴿٢٩﴾	**29**
প্রতিবর্ণায়ন	ওয়া মিন্ আ–য়া–তিহী খাল্‌কু ছ্ ছামা–ওয়া–তি ওয়াল্‌আর্‌দি ওয়ামা– বাছ্ ছ া ফীহিমা–মিং দা~ব্বাতিওঁ (ط) ওয়া হুওয়া ‘আলা– জাম্‘ইহিম্ ইয া– ইয়াশা~উ ক াদীর।	
তরজমা	তাঁহার অন্যতম নিদর্শন আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টি এবং এই দুইয়ের মধ্যে তিনি যে সকল জীবজন্তু ছড়াইয়া দিয়াছেন সেইগুলি। তিনি যখন ইচ্ছা তখনই উহাদেরকে সমবেত করিতে সক্ষম।	
	وَمَا أَصَابَكُمْ مِنْ مُصِيبَةٍ فَبِمَا كَسَبَتْ أَيْدِيكُمْ وَيَعْفُو عَنْ كَثِيرٍ ﴿٣٠﴾	**30**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আসা–বাকুম্ মিম্ মুসীবাতিং ফাবিমা– কাছাবাত্ আইদীকুম্ ওয়া ইয়া'ফূ 'আং কাছ ীর।	
তরজমা	তোমাদের যে বিপদ-আপদ ঘটে তাহা তো তোমাদের কৃতকর্মেরই ফল এবং তোমাদের অনেক অপরাধ তো তিনি ক্ষমা করিয়া দেন।	
	وَمَآ أَنتُم بِمُعْجِزِينَ فِى ٱلْأَرْضِ ۖ وَمَا لَكُم مِّن دُونِ ٱللَّهِ مِن وَلِىٍّ وَلَا نَصِيرٍ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আংতুম্ বিমু'জিঝীনা ফিল্ আর্দি (ج) ওয়ামা–লাকুম্ মিং দূনিল্লা–হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা– নাসীর।	
তরজমা	তোমরা পৃথিবীতে আল্লাহ্‌র অভিপ্রায়কে ব্যর্থ করিতে পারিবে না এবং আল্লাহ্ ব্যতীত তোমাদের কোন অভিভাবক নাই, সাহায্যকারীও নাই।	
	وَمِنْ ءَايَٰتِهِ ٱلْجَوَارِ فِى ٱلْبَحْرِ كَٱلْأَعْلَٰمِ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া মিন্ আ–য়া–তিহিল্ জাওয়া–রি ফিল্ বাহ্ রি কাল্আ'লা–ম।	
তরজমা	তাঁহার অন্যতম নিদর্শন পর্বতসদৃশ সমুদ্রে চলমান নৌযানসমূহ।	
	إِن يَشَأْ يُسْكِنِ ٱلرِّيحَ فَيَظْلَلْنَ رَوَاكِدَ عَلَىٰ ظَهْرِهِۦٓ ۚ إِنَّ فِى ذَٰلِكَ لَءَايَٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُورٍ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়াশা' ইউছকিনির্‌রীহ া ফাইয়াজ ্লাল্না রাওয়া–কিদা 'আলা– জ াহ্‌রিহী (ط) ইন্না ফী য া–লিকা লাআ–য়া–তিল্ লিকুল্লি সাব্বা–রিং শাকূর।	
তরজমা	তিনি ইচ্ছা করিলে বায়ুকে স্তব্ধ করিয়া দিতে পারেন; ফলে নৌযানসমূহ নিশ্চল হইয়া পড়িবে সমুদ্রপৃষ্ঠে। নিশ্চয়ই ইহাতে নিদর্শন রহিয়াছে ধৈর্যশীল ও কৃতজ্ঞ ব্যক্তির জন্য।	
	أَوْ يُوبِقْهُنَّ بِمَا كَسَبُوا۟ وَيَعْفُ عَن كَثِيرٍ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	আও ইউবিক্ হুন্না বিমা– কাছাবূ ওয়া ইয়া'ফু 'আং কাছ ীর।	
তরজমা	অথবা তিনি তাহাদের কৃতকর্মের জন্য সেইগুলিকে বিধ্বস্ত করিয়া দিতে পারেন এবং অনেককে তিনি ক্ষমাও করেন;	
	وَيَعْلَمَ ٱلَّذِينَ يُجَٰدِلُونَ فِىٓ ءَايَٰتِنَا مَا لَهُم مِّن مَّحِيصٍ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া'লামাল্লায ীনা ইউজা–দিলূনা ফী~ আ–য়া–তিনা– (ط) মা–লাহুম্ মিম্ মাহ ীস।	
তরজমা	আর আমার নিদর্শন সম্পর্কে যাহারা বিতর্ক করে তাহারা যেন জানিতে পারে যে, তাহাদের কোন নিষ্কৃতি নাই।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	فَمَآ اُوۡتِیۡتُمۡ مِّنۡ شَیۡءٍ فَمَتَاعُ الۡحَیٰوۃِ الدُّنۡیَا ۚ وَمَا عِنۡدَ اللّٰہِ خَیۡرٌ وَّاَبۡقٰی لِلَّذِیۡنَ اٰمَنُوۡا وَعَلٰی رَبِّہِمۡ یَتَوَکَّلُوۡنَ ﴿۳۶﴾	36
প্রতিবর্ণায়ন	ফামা˜ উতীতুম মিং শাইয়িং ফমাতা-‘উল্ হ˙ায়া-তিদ্দুন্ইয়া- (ج) ওয়ামা-‘ইংদাল্লা-হি খাইরুওঁ ওয়া আব্ক˙া-লিল্লায˙ীনা আ-মানূ ওয়া ‘আলা-রাব্বিহিম ইয়াতাওয়াক্কালূন।	
তরজমা	বস্তুত তোমাদেরকে যাহা কিছু দেওয়া হইয়াছে তাহা পার্থিব জীবনের ভোগ, কিন্তু আল্লাহ্‌র নিকট যাহা আছে তাহা উত্তম ও স্থায়ী তাহাদের জন্য, যাহারা ঈমান আনে ও তাহাদের প্রতিপালকের উপর নির্ভর করে,	
	وَالَّذِیۡنَ یَجۡتَنِبُوۡنَ کَبٰٓئِرَ الۡاِثۡمِ وَالۡفَوَاحِشَ وَاِذَا مَا غَضِبُوۡا ہُمۡ یَغۡفِرُوۡنَ ﴿۳۷﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায˙ীনা ইয়াজতানিবূনা কাবা~ইরাল্ ইছ˙মি ওয়াল্ ফাওয়া-হি˙শা ওয়া ইয˙া- মা-গাদি˙বূহুম্ ইয়াগ্‌ফিরূন।	
তরজমা	যাহারা গুরুতর পাপ ও অশ্লীল কার্য হইতে বাঁচিয়া থাকে এবং ক্রোধাবিষ্ট হইলে ক্ষমা করিয়া দেয়,	
	وَالَّذِیۡنَ اسۡتَجَابُوۡا لِرَبِّہِمۡ وَاَقَامُوا الصَّلٰوۃَ ۪ وَاَمۡرُہُمۡ شُوۡرٰی بَیۡنَہُمۡ ۪ وَمِمَّا رَزَقۡنٰہُمۡ یُنۡفِقُوۡنَ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায˙ীনাছ্ তাজা-বূ লিরাব্বিহিম্ ওয়া আক˙া-মুসসালা-তা (ص) ওয়া আম্‌রুহুম্ শূরা-বাইনাহুম্ (ص) ওয়া মিম্মা-রাঝাক˙না-হুম্ ইউংফিক্˙ন।	
তরজমা	যাহারা তাহাদের প্রতিপালকের আহ্বানে সাড়া দেয়, সালাত কায়েম করে, নিজেদের মধ্যে পরামর্শের মাধ্যমে নিজেদের কর্ম সম্পাদন করে এবং তাহাদেরকে আমি যে রিযিক দিয়াছি তাহা হইতে ব্যয় করে।	
	وَالَّذِیۡنَ اِذَآ اَصَابَہُمُ الۡبَغۡیُ ہُمۡ یَنۡتَصِرُوۡنَ ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায˙ীনা ইয˙া˜ আসা-বাহুমুল্ বাগ্ইউহুম্ ইয়াংতাসিরূন।	
তরজমা	এবং যাহারা অত্যাচারিত হইলে প্রতিশোধ গ্রহণ করে।	
	وَجَزٰٓؤُا سَیِّئَۃٍ سَیِّئَۃٌ مِّثۡلُہَا ۚ فَمَنۡ عَفَا وَاَصۡلَحَ فَاَجۡرُہٗ عَلَی اللّٰہِ ؕ اِنَّہٗ لَا یُحِبُّ الظّٰلِمِیۡنَ ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া জাঝা~উ ছাইয়িআতিং ছাইয়িআতুম্ মিছ˙লুহা- (ج) ফামান্ ‘আফা-ওয়া আসলাহ˙া ফাআজরুহূ ‘আলাল্লা-হি (ط) ইন্নাহূ লা- ইউহি˙বজ্ জ˙া-লিমীন।	
তরজমা	মন্দের প্রতিফল অনুরূপ মন্দ এবং যে ক্ষমা করিয়া দেয় ও আপোস-নিষ্পত্তি করে তাহার পুরস্কার আল্লাহ্‌র নিকট আছে। আল্লাহ্ জালিমদেরকে পসন্দ করেন না।	
	وَلَمَنِ انۡتَصَرَ بَعۡدَ ظُلۡمِہٖ فَاُولٰٓئِکَ مَا عَلَیۡہِمۡ مِّنۡ سَبِیۡلٍ ﴿۴۱﴾	41

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া লামানিং তাসারা বা'দা জু`ল্‌মিহী ফাউলা~ইকা মা- 'আলাইহিম্‌ মিং ছাবীল।	
তরজমা	তবে অত্যাচারিত হইবার পর যাহারা প্রতিবিধান করে তাহাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হইবে না;	
	إِنَّمَا السَّبِيلُ عَلَى الَّذِينَ يَظْلِمُونَ النَّاسَ وَيَبْغُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ ۚ أُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ইন্নামাছ্‌ ছাবীলু 'আলাল্লায`ীনা ইয়াজ`লিমূনান্না-ছা ওয়া ইয়াব্‌গূনা ফিল্‌ আর্‌দি` বিগাইরিল্‌ হা`ক্কি` (ط) উলা~ইকা লাহুম্‌ 'আযা`-বুন আলীম।	
তরজমা	কেবল তাহাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হইবে যাহারা মানুষের উপর অত্যাচার করে এবং পৃথিবীতে অন্যায়ভাবে বিদ্রোহাচরণ করিয়া বেড়ায়, উহাদের জন্য মর্মন্তুদ শাস্তি।	
	وَلَمَنْ صَبَرَ وَغَفَرَ إِنَّ ذَٰلِكَ لَمِنْ عَزْمِ الْأُمُورِ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়ালামাং সাবারা ওয়া গাফারা ইন্না য`া-লিকা লামিন্‌ 'আঝমিল্‌ উমূর।	
তরজমা	অবশ্য যে ধৈর্য ধারণ করে এবং ক্ষমা করিয়া দেয়, উহা তো হইবে দৃঢ় সংকল্পেরই কাজ।	
	وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَمَا لَهُ مِنْ وَلِيٍّ مِنْ بَعْدِهِ ۗ وَتَرَى الظَّالِمِينَ لَمَّا رَأَوُا الْعَذَابَ يَقُولُونَ هَلْ إِلَىٰ مَرَدٍّ مِنْ سَبِيلٍ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইউদ`লিলিল্লা-হু ফামা-লাহূ মিওঁ ওয়ালিইয়িম মিম্‌ বা'দিহী (ط) ওয়াতারাজ্জ`া-লিমীনা লাম্মা- রায়াউল্‌ 'আযা`-বা ইয়াকূ`লূনা হাল্‌ ইলা- মারাদ্দিম্‌ মিং ছাবীল।	
তরজমা	আল্লাহ্‌ যাহাকে পথভ্রষ্ট করেন তৎপর তাহার জন্য কোন অভিভাবক নাই। জালিমরা যখন শাস্তি প্রত্যক্ষ করিবে তখন তুমি উহাদেরকে বলিতে শুনিবে, 'প্রত্যাবর্তনের কোন উপায় আছে কি ?'	
	وَتَرَاهُمْ يُعْرَضُونَ عَلَيْهَا خَاشِعِينَ مِنَ الذُّلِّ يَنْظُرُونَ مِنْ طَرْفٍ خَفِيٍّ ۗ وَقَالَ الَّذِينَ آمَنُوا إِنَّ الْخَاسِرِينَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ وَأَهْلِيهِمْ يَوْمَ الْقِيَامَةِ ۗ أَلَا إِنَّ الظَّالِمِينَ فِي عَذَابٍ مُقِيمٍ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া তারা-হুম্‌ ইউ'রাদূ`না 'আলাইহা- খা-শি'ঈনা মিনায্‌`যু`ল্লি ইয়াংজু`রূনা মিং ত`ার্‌ফিন্‌ খাফীইয়িওঁ (ط) ওয়াক`া-লাল্লায`ীনা আমানূ~ ইন্নাল্‌ খা-ছিরীনাল্লায`ীনা খাছিরূ~ আংফুছাহুম্‌ ওয়া আহ্‌লীহিম্‌ ইয়াওমাল্‌ কি`য়া-মাতি (ط) আলা~ ইন্নাজ্জ`া-লিমীনা ফী 'আযা`-বিম মুক`ীম।	

তরজমা	তুমি উহাদেরকে দেখিতে পাইবে যে, উহাদেরকে জাহান্নামের সম্মুখে উপস্থিত করা হইতেছে; তাহারা অপমানে অবনত অবস্থায় অর্ধনিমীলিত নেত্রে তাকাইতেছে। মু'মিনরা কিয়ামতের দিন বলিবে, 'ক্ষতিগ্রস্ত তাহারাই যাহারা নিজেদের ও নিজেদের পরিজনবর্গের ক্ষতিসাধন করিয়াছে।' জানিয়া রাখ, জালিমরা অবশ্যই ভোগ করিবে স্থায়ী শাস্তি।	
	وَمَا كَانَ لَهُمْ مِّنْ اَوْلِيَآءَ يَنْصُرُوْنَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ ؕ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ سَبِيْلٍ ۝٤٦	46
প্রতিবর্ণায়ন	ওয়ামা– কা–না লাহুম্ মিং আওলিয়া~আ ইয়াংসুরূনাহুম্ মিং দূনিল্লা–হি (ط) ওয়া মাইঁ ইউদ্'লিলিল্লা–হু; ফামা– লাহূ মিং ছাবীল।	
তরজমা	আল্লাহ্ ব্যতীত উহাদেরকে সাহায্য করিবার জন্য উহাদের কোন অভিভাবক থাকিবে না এবং আল্লাহ্ যাহাকে পথভ্রষ্ট করেন তাহার কোন গতি নাই।	
	اِسْتَجِيْبُوْا لِرَبِّكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لَّا مَرَدَّ لَهٗ مِنَ اللّٰهِ ؕ مَا لَكُمْ مِّنْ مَّلْجَاٍ يَّوْمَئِذٍ وَّمَا لَكُمْ مِّنْ نَّكِيْرٍ ۝٤٧	47
প্রতিবর্ণায়ন	ইছ্তাজীবূ লিরাব্বিকুম্ মিং ক্'াব্লি আইঁ ইয়া'তিয়া ইয়াওমুল্লা– মারাদ্দা লাহূ মিনাল্লা–হি (ط) মা– লাকুম্ মিম্ মাল্জায়িইঁ ইয়াওমায়িযি'ওঁ ওয়ামা– লাকুম্ মিং নাকীর্।	
তরজমা	তোমাদের প্রতিপালকের আহ্বানে সাড়া দাও আল্লাহ্র পক্ষ হইতে সেই দিবস আসিবার পূর্বে, যাহা অপ্রতিরোধ্য; যেদিন তোমাদের কোন আশ্রয়স্থল থাকিবে না এবং তোমাদের জন্য উহা নিরোধ করিবার কেহ থাকিবে না।	
	فَاِنْ اَعْرَضُوْا فَمَاۤ اَرْسَلْنٰكَ عَلَيْهِمْ حَفِيْظًا ؕ اِنْ عَلَيْكَ اِلَّا الْبَلٰغُ ؕ وَاِنَّاۤ اِذَاۤ اَذَقْنَا الْاِنْسَانَ مِنَّا رَحْمَةً فَرِحَ بِهَا ۚ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ فَاِنَّ الْاِنْسَانَ كَفُوْرٌ ۝٤٨	48
প্রতিবর্ণায়ন	ফাইন্ আ'রাদ্' ফামা~ আর্ছাল্না–কা 'আলাইহিম্ হ'াফীজ'ান (ط) ইন্ 'আলাইকা ইল্লাল্ বালা–গু (ط) ওয়া ইন্না~ ইযা'~ আযা'ক'নাল্ ইংছা–না মিন্না– রাহ'মাতাং ফারিহ'া বিহা– (ج) ওয়া ইং তুসিবহুম ছাইয়িআতুম্ বিমা– ক'াদ্দামাত্ আইদীহিম্ ফাইন্নাল্ ইংছা–না কাফূর।	
তরজমা	উহারা যদি মুখ ফিরাইয়া নেয়, তবে তোমাকে তো আমি ইহাদের রক্ষক করিয়া পাঠাই নাই। তোমার কাজ তো কেবল বাণী পৌঁছাইয়া দেওয়া। আমি মানুষকে যখন অনুগ্রহ আস্বাদন করাই তখন সে ইহাতে উৎফুল্ল হয় এবং যখন উহাদের কৃতকর্মের জন্য উহাদের বিপদ-আপদ ঘটে তখন মানুষ হইয়া পড়ে অকৃতজ্ঞ।	

	لِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ يَهَبُ لِمَنْ يَّشَآءُ اِنَاثًا وَّيَهَبُ لِمَنْ يَّشَآءُ الذُّكُوْرَ ۙ﴿۴۹﴾	49
প্রতিবর্ণায়ন	লিল্লা-হি মুলকুছ ছামা-ওয়া-তি ওয়াল আরদি (ط) ইয়াখলুকু মা- ইয়াশা~উ (ط) ইয়াহাবু লিমাইঁ ইয়াশা~উ ইনা-ছাওঁ ওয়া ইয়াহাবু লিমাইঁ ইয়াশা~উয যুকূর।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর আধিপত্য আল্লাহ্‌রই। তিনি যাহা ইচ্ছা তাহাই সৃষ্টি করেন। তিনি যাহাকে ইচ্ছা কন্যা সন্তান দান করেন এবং যাহাকে ইচ্ছা পুত্র সন্তান দান করেন,	
	اَوْ يُزَوِّجُهُمْ ذُكْرَانًا وَّاِنَاثًا ۚ وَيَجْعَلُ مَنْ يَّشَآءُ عَقِيْمًا ؕ اِنَّهٗ عَلِيْمٌ قَدِيْرٌ ﴿۵۰﴾	50
প্রতিবর্ণায়ন	আও ইউঝাওবিজুহুম যুকরা-নাওঁ ওয়া ইনা-ছাওঁ (ج) ওয়া ইয়াজ'আলু মাইঁ ইয়াশা~উ 'আকীমান (ط) ইন্নাহূ 'আলীমুং কাদীর।	
তরজমা	অথবা দান করেন পুত্র ও কন্যা উভয়ই এবং যাহাকে ইচ্ছা তাহাকে করিয়া দেন বন্ধ্যা; তিনি সর্বজ্ঞ, সর্বশক্তিমান।	
	وَمَا كَانَ لِبَشَرٍ اَنْ يُّكَلِّمَهُ اللّٰهُ اِلَّا وَحْيًا اَوْ مِنْ وَّرَآئِ حِجَابٍ اَوْ يُرْسِلَ رَسُوْلًا فَيُوْحِيَ بِاِذْنِهٖ مَا يَشَآءُ ؕ اِنَّهٗ عَلِيٌّ حَكِيْمٌ ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়ামা- কা-না লিবাশারিন আইঁ ইউকাল্লিমাহুল্লা-হু ইল্লা- ওয়াহইয়ান আও মিওঁ ওয়ারা~ই হিজা-বিন আও ইউরছিলা রাছূলাং ফাইউহিয়া বিইযনিহী মা ইয়াশা~উ (ط) ইন্নাহূ 'আলিইয়ুন হাকীম।	
তরজমা	মানুষের এমন মর্যাদা নাই যে, আল্লাহ্ তাহার সঙ্গে কথা বলিবেন ওহীর মাধ্যম ব্যতিরেকে, অথবা পর্দার অন্তরাল ব্যতিরেকে, অথবা এমন দূত প্রেরণ ব্যতিরেকে, যেই দূত তাঁহার অনুমতিক্রমে তিনি যাহা চাহেন তাহা ব্যক্ত করেন, তিনি সমুন্নত, প্রজ্ঞাময়।	
	وَكَذٰلِكَ اَوْحَيْنَآ اِلَيْكَ رُوْحًا مِّنْ اَمْرِنَا ؕ مَا كُنْتَ تَدْرِيْ مَا الْكِتٰبُ وَلَا الْاِيْمَانُ وَلٰكِنْ جَعَلْنٰهُ نُوْرًا نَّهْدِيْ بِهٖ مَنْ نَّشَآءُ مِنْ عِبَادِنَا ؕ وَاِنَّكَ لَتَهْدِيْۤ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ۙ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	ওয়া কাযা-লিকা আওহাইনা~ ইলাইকা রূহাম মিন আমরিনা- (ط) মা- কুংতা তাদরী মাল কিতা-বু ওয়ালাল ঈমা-নু ওয়ালা-কিং জা'আলনা-হু নূরান নাহদী বিহী মাং নাশা~উ মিন 'ইবা-দিনা- (ط) ওয়া ইন্নাকা লা তাহদী~ ইলা সিরা-তিম মুছতাকীম।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	এইভাবে আমি তোমার প্রতি প্রত্যাদেশ করিয়াছি রূহ্ তথা আমার নির্দেশ; তুমি তো জানিতে না কিতাব কি এবং ঈমান কি। পক্ষান্তরে আমি ইহাকে করিয়াছি আলো যাহা দ্বারা আমি আমার বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা পথনির্দেশ করি; তুমি তো প্রদর্শন কর কেবল সরল পথ-	
	صِرَاطِ اللّٰهِ الَّذِیۡ لَهٗ مَا فِی السَّمٰوٰتِ وَ مَا فِی الۡاَرۡضِ ؕ اَلَاۤ اِلَی اللّٰهِ تَصِیۡرُ الۡاُمُوۡرُ ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	সিরাতি ল্লা-হিল্লায ী লাহূ মা-ফিছ্ছামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদি (ط) আলা ইলাল্লা-হি তাসীরুল্ উমূর।	
তরজমা	সেই আল্লাহ্র পথ যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহার মালিক। জানিয়া রাখ, সকল বিষয়ের পরিণাম আল্লাহ্রই দিকে প্রত্যাবর্তন করে।	

43 - Az-Zukhruf-যুখরুফ -الزخرف

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	حٰمٓ ۚ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	হা-মী~ম্।	
তরজমা	হা-মীম।	
	وَ الۡکِتٰبِ الۡمُبِیۡنِ ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়াল্ কিতা-বিল্ মুবীন।	
তরজমা	শপথ সুস্পষ্ট কিতাবের;	
	اِنَّا جَعَلۡنٰهُ قُرۡءٰنًا عَرَبِیًّا لَّعَلَّکُمۡ تَعۡقِلُوۡنَ ۚ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ইন্না- জা'আল্‌না-হু কু রআ-নান্ 'আরাবিইইয়াল্ লা'আল্লাকুম্ তা'কি লূন।	
তরজমা	আমি ইহা অবতীর্ণ করিয়াছি আরবী ভাষায় কুরআন, যাহাতে তোমরা বুঝিতে পার।	
	وَ اِنَّهٗ فِیۡۤ اُمِّ الۡکِتٰبِ لَدَیۡنَا لَعَلِیٌّ حَکِیۡمٌ ؕ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ ফী উম্মিল্ কিতা-বি লাদাইনা- লা'আলিইয়ুন্ হ াকীম।	
তরজমা	ইহা তো রহিয়াছে আমার নিকট উম্মুল কিতাবে; ইহা মহান, জ্ঞানগর্ভ।	
	اَفَنَضۡرِبُ عَنۡکُمُ الذِّکۡرَ صَفۡحًا اَنۡ کُنۡتُمۡ قَوۡمًا مُّسۡرِفِیۡنَ ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	আফানাদ রিবু 'আংকুমুয যি ক্‌রা সাফ্‌হ ান্ আং কুংতুম্ ক াওমাম্ মুছরিফীন।	
তরজমা	আমি কি তোমাদের হইতে এই উপদেশবাণী সম্পূর্ণরূপে প্রত্যাহার করিয়া লইব এই কারণে যে, তোমরা সীমালংঘনকারী সম্প্রদায় ?	

| --- | --- | --- |
	وَكَمْ أَرْسَلْنَا مِن نَّبِيٍّ فِي الْأَوَّلِينَ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়া কাম্ আর্ছাল্না– মিং নাবিইয়িং ফিল্ আওওয়ালীন।	
তরজমা	পূর্ববর্তীদের নিকট আমি বহু নবী প্রেরণ করিয়াছিলাম।	
	وَمَا يَأْتِيهِم مِّن نَّبِيٍّ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِءُونَ ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়ামা– ইয়া'তীহিম মিং নাবিইয়িন্ ইল্লা– কা–নূ বিহী ইয়াছ্তাহ্ঝি'উন।	
তরজমা	এবং যখনই উহাদের নিকট কোন নবী আসিয়াছে উহারা তাহাকে ঠাট্টা-বিদ্রূপ করিয়াছে।	
	فَأَهْلَكْنَا أَشَدَّ مِنْهُم بَطْشًا وَمَضَىٰ مَثَلُ الْأَوَّلِينَ ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ফাআহ্লাক্না˜ আশাদ্দা মিন্হুম্ বাত˙শাওঁ ওয়া মাদ˙া– মাছ˙ালুল্ আওওয়ালীন।	
তরজমা	যাহারা ইহাদের অপেক্ষা শক্তিতে প্রবল ছিল, তাহাদেরকে আমি ধ্বংস করিয়াছিলাম; আর এইভাবে চলিয়া আসিয়াছে পূর্ববর্তীদের অনুরূপ দৃষ্টান্ত।	
	وَلَئِن سَأَلْتَهُم مَّنْ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ لَيَقُولُنَّ خَلَقَهُنَّ الْعَزِيزُ الْعَلِيمُ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়া লাইং ছাআল্তাহুম্ মান্ খালাক˙াছ্ ছামা–ওয়া–তি ওয়াল্আর্দ˙া লাইয়াকূ˙লুন্না খালাক˙াহুন্নাল্ 'আঝীঝুল 'আলীম।	
তরজমা	তুমি যদি উহাদেরকে জিজ্ঞাসা কর, 'কে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছে?' উহারা অবশ্যই বলিবে, 'এইগু লি তো সৃষ্টি করিয়াছেন পরাক্রমশালী, সর্বজ্ঞ আল্লাহ্',	
	الَّذِي جَعَلَ لَكُمُ الْأَرْضَ مَهْدًا وَجَعَلَ لَكُمْ فِيهَا سُبُلًا لَّعَلَّكُمْ تَهْتَدُونَ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	আল্লায˙ী জা'আলা লাকুমুল্ আর্দ˙া মাহ্দাওঁ ওয়া জা'আলা লাকুম্ ফীহা– ছুবুলাল লা'আল্লাকুম্ তাহ্তাদূন।	
তরজমা	যিনি তোমাদের জন্য পৃথিবীকে করিয়াছেন শয্যা এবং উহাতে করিয়াছেন তোমাদের চলিবার পথ, যাহাতে তোমরা সঠিক পথ পাইতে পার ;	
	وَالَّذِي نَزَّلَ مِنَ السَّمَاءِ مَاءً بِقَدَرٍ فَأَنشَرْنَا بِهِ بَلْدَةً مَّيْتًا ۚ كَذَٰلِكَ تُخْرَجُونَ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায˙ী নাঝ্ঝালা মিনাছ্ ছামা~ই মা~আম্ বিক˙াদারিং (ج) ফাআংশার্না– বিহী বাল্দাতাম মাইতাং (ج) কায˙া–লিকা তুখ্রাজুন্।	
তরজমা	এবং যিনি আকাশ হইতে বারি বর্ষণ করেন পরিমিতভাবে। অতঃপর আমি তদ্দ্বারা সঞ্জীবিত করি নির্জীব জনপদকে। এইভাবেই তোমাদেরকে বাহির করা হইবে।	
	وَالَّذِي خَلَقَ الْأَزْوَاجَ كُلَّهَا وَجَعَلَ لَكُم مِّنَ الْفُلْكِ وَالْأَنْعَامِ مَا تَرْكَبُونَ ﴿١٢﴾	12

প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ী খালাক াল আঝ্ওয়া-জা কুল্লাহা- ওয়াজা‘আলা লাকুম মিনাল্ আন‘আমি মা-তারকাবূন।	
তরজমা	আর যিনি সকল প্রকারের জোড়া যুগল সৃষ্টি করেন এবং যিনি তোমাদের জন্য সৃষ্টি করেন এমন নৌযান ও আন‘আম তথা চতুষ্পদ জন্তু, যাহাতে তোমরা আরোহণ কর।	
	لِتَسْتَوٗا عَلٰى ظُهُوْرِهٖ ثُمَّ تَذْكُرُوْا نِعْمَةَ رَبِّكُمْ اِذَا اسْتَوَيْتُمْ عَلَيْهِ وَتَقُوْلُوْا سُبْحٰنَ الَّذِىْ سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهٗ مُقْرِنِيْنَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	লিতাছ্তায়ূ ‘আলা– জু হূরিহী ছু ম্মা তায কুরূ নি‘মাতা রাব্বিকুম্ ইয াছ্তাওয়াইতুম্ ‘আলাইহি ওয়া তাকূ লূ ছুব্হ া–নাল্লায ী ছাখ্খারা লানা– হায া– ওয়ামা– কুন্না– লাহূ মুক রিনীন।	
তরজমা	যাহাতে তোমরা উহাদের পৃষ্ঠে স্থির হইয়া বসিতে পার. তারপর তোমাদের প্রতিপালকের অনুগ্রহ স্মরণ কর যখন তোমরা উহার উপর স্থির হইয়া বস ; এবং বল, ‘পবিত্র ও মহান তিনি, যিনি ইহাদেরকে আমাদের বশীভূত করিয়া দিয়াছেন, যদিও আমরা সমর্থ ছিলাম না ইহাদেরকে বশীভূত করিতে।	
	وَاِنَّآ اِلٰى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না˜ ইলা–রাব্বিনা লামুংক ালিবূন।	
তরজমা	‘আমরা আমাদের প্রতিপালকের নিকট অবশ্যই প্রত্যাবর্তন করিব।’	
	وَجَعَلُوْا لَهٗ مِنْ عِبَادِهٖ جُزْءًا ؕ اِنَّ الْاِنْسَانَ لَكَفُوْرٌ مُّبِيْنٌ ﴿١٥﴾ؕ	15
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আলূ লাহূ মিন্ ‘ইবা–দিহী জুঝআন (ط) ইন্নাল্ ইংছা–না লাকাফূরুম্ মুবীন।	
তরজমা	উহারা তাঁহার বান্দাদের মধ্য হইতে তাঁহার অংশ সাব্যস্ত করিয়াছে। মানুষ তো স্পষ্টই অকৃতজ্ঞ।	
	اَمِ اتَّخَذَ مِمَّا يَخْلُقُ بَنٰتٍ وَّاَصْفٰىكُمْ بِالْبَنِيْنَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	আমিত্তাখায া মিম্মা– ইয়াখ্লুকু বানাতিওঁ ওয়া আসফা–কুম্ বিল্বানীন।	
তরজমা	তিনি কি তাঁহার সৃষ্টি হইতে নিজের জন্য কন্যা সন্তান গ্রহণ করিয়াছেন এবং তোমাদেরকে বিশিষ্ট করিয়াছেন পুত্র সন্তান দ্বারা ?	
	وَاِذَا بُشِّرَ اَحَدُهُمْ بِمَا ضَرَبَ لِلرَّحْمٰنِ مَثَلًا ظَلَّ وَجْهُهٗ مُسْوَدًّا وَّهُوَ كَظِيْمٌ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া– বুশ্শিরা আহ াদুহুম বিমা– দ ারাবা লির্রাহ মা–নি মাছ ালাং জ াল্লা ওয়াজহুহূ মুছ্ওয়াদ্দাওঁ ওয়া হুওয়া কাজ ীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	দয়াময় আল্লাহ্‌র প্রতি উহারা যাহা আরোপ করে উহাদের কাহাকেও সেই সন্তানের সংবাদ দেওয়া হইলে তাহার মুখমণ্ডল কালো হইয়া যায় এবং সে দুঃসহ মর্ম যাতনায় ক্লিষ্ট হয়।	
	أَوَمَنْ يُنَشَّؤُا فِي الْحِلْيَةِ وَهُوَ فِي الْخِصَامِ غَيْرُ مُبِيْنٍ ١٨	**18**
প্রতিবর্ণায়ন	আওয়া মাইঁ ইউনাশ্‌শাউ ফিল্ হি᾿ল্‌য়াতি ওয়া হুওয়া ফিল্ খিসা–মি গাইরু মুবীন।	
তরজমা	উহারা কি আল্লাহ্‌র প্রতি আরোপ করে এমন সন্তান, যে অলঙ্কারে মণ্ডিত হইয়া লালিত-পালিত হয় এবং তর্ক-বিতর্ককালে স্পষ্ট বক্তব্যে অসমর্থ ?	
	وَجَعَلُوا الْمَلٰٓئِكَةَ الَّذِيْنَ هُمْ عِبٰدُ الرَّحْمٰنِ اِنَاثًا ۭ اَشَهِدُوْا خَلْقَهُمْ ۭ سَتُكْتَبُ شَهَادَتُهُمْ وَيُسْـَٔلُوْنَ ١٩	**19**
প্রতিবর্ণায়ন	ওয়াজা‘আলুল্ মালা~ইকাতাল্লায᾿ীনা হুম্ ‘ইবা–দুর্‌রাহ᾿মা–নি ইনা–ছ᾿ান (ط) আশাহিদূ খালক᾿াহুম্ (ط) ছাতুক্‌তাবু শাহা–দাতুহুম্ ওয়া ইউছ্‌আলূন।	
তরজমা	উহারা দয়াময় আল্লাহ্‌র বান্দা ফিরিশ্‌তাদেরকে নারী গণ্য করিয়াছে ; ইহাদের সৃষ্টি কি উহারা প্রত্যক্ষ করিয়াছিল ? উহাদের উক্তি অবশ্য লিপিবদ্ধ করা হইবে এবং উহাদেরকে জিজ্ঞাসা করা হইবে।	
	وَقَالُوْا لَوْ شَآءَ الرَّحْمٰنُ مَا عَبَدْنٰهُمْ ۭ مَا لَهُمْ بِذٰلِكَ مِنْ عِلْمٍ ۤ اِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ٢٠	**20**
প্রতিবর্ণায়ন	ওয়া ক᾿া–লূ লাও শা~আর্‌রাহ᾿মা–নু মা–‘আবাদ্‌না–হুম (ط) মা–লাহুম্ বিয᾿া–লিকা মিং ‘ইলমিন্ (ق) ইন্ হুম্ ইল্লা– ইয়াখ্‌রুসূন।	
তরজমা	উহারা বলে, ‘দয়াময় আল্লাহ্ ইচ্ছা করিলে আমরা ইহাদের পূজা করিতাম না।’ এ বিষয়ে উহাদের কোন জ্ঞান নাই ; উহারা তো কেবল মনগড়া বলিতেছে।	
	اَمْ اٰتَيْنٰهُمْ كِتٰبًا مِّنْ قَبْلِهٖ فَهُمْ بِهٖ مُسْتَمْسِكُوْنَ ٢١	**21**
প্রতিবর্ণায়ন	আম্ আ–তাইনা–হুম্ কিতা–বাম্ মিং ক᾿াবলিহী ফাহুম্ বিহী মুছ্‌তাম্‌ছিকূন।	
তরজমা	আমি কি উহাদেরকে কুরআনের পূর্বে কোন কিতাব দান করিয়াছি যাহা উহারা দৃঢ়ভাবে ধারণ করিয়া আছে ?	
	بَلْ قَالُوْٓا اِنَّا وَجَدْنَآ اٰبَآءَنَا عَلٰٓى اُمَّةٍ وَّاِنَّا عَلٰٓى اٰثٰرِهِمْ مُّهْتَدُوْنَ ٢٢	**22**
প্রতিবর্ণায়ন	বাল্ ক᾿া–লূ˜ ইন্না– ওয়াজাদ্‌না˜ আ–বা~আনা ‘আলা˜ উম্মাতিওঁ ওয়া ইন্না– ‘আলা˜ আ–ছ᾿া–রিহিম্ মুহ্‌তাদূন।	
তরজমা	বরং উহারা বলে, ‘আমরা তো আমাদের পূর্বপুরুষদেরকে পাইয়াছি এক মতাদর্শের অনুসারী এবং আমরা তাহাদেরই পদাংক অনুসরণ করিতেছি।’	

	وَكَذٰلِكَ مَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِىْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ اِلَّا قَالَ مُتْرَفُوْهَآ ۙ اِنَّا وَجَدْنَآ اٰبَآءَنَا عَلٰٓى اُمَّةٍ وَّاِنَّا عَلٰٓى اٰثٰرِهِمْ مُّقْتَدُوْنَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়া কাযা-লিকা মা~ আর্ছাল্না-মিং কাব্লিকা ফী কারইয়াতিম মিং নাযীরিন্ ইল্লা- কা-লা মুতরাফূহা~ (۷) ইন্না- ওয়াজাদ্না~ আ-বা~আনা 'আলা~ উম্মাতিওঁ ওয়া ইন্না- 'আলা~ আ-ছা-রিহিম্ মুক্তাদূন।	
তরজমা	এইভাবে তোমার পূর্বে কোন জনপদে যখনই আমি কোন সতর্ককারী প্রেরণ করিয়াছি তখন উহার সমৃদ্ধিশালী ব্যক্তিরা বলিত, 'আমরা তো আমাদের পূর্বপুরুষদেরকে পাইয়াছি এক মতাদর্শের অনুসারী এবং আমরা তাহাদেরই পদাংক অনুসরণ করিতেছি।'	
	قٰلَ اَوَلَوْ جِئْتُكُمْ بِاَهْدٰى مِمَّا وَجَدْتُّمْ عَلَيْهِ اٰبَآءَكُمْ ؕ قَالُوْٓا اِنَّا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	কা-লা আওয়ালাও জি'তুকুম বিআহ্দা-মিম্মা-ওয়াজাত্তুম্ 'আলাইহি আ-বা~আকুম (ط) কা-লূ~ ইন্না- বিমা~ উর্ছিল্তুম্ বিহী কা-ফিরূন।	
তরজমা	সেই সতর্ককারী বলিত, 'তোমরা তোমাদের পূর্বপুরুষদেরকে যে পথে পাইয়াছ, আমি যদি তোমাদের জন্য তদপেক্ষা উৎকৃষ্ট পথনির্দেশ আনয়ন করি তবুও কি তোমরা তাহাদের পদাংক অনুসরণ করিবে ? তাহারা বলিত, 'তোমরা যাহাসহ প্রেরিত হইয়াছ আমরা তাহা প্রত্যাখ্যান করি।'	
	فَانْتَقَمْنَا مِنْهُمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ফাংতাকাম্না- মিন্হুম্ ফাংজুর্ কাইফা কা-না 'আ-কিবাতুল্ মুকায্যিবীন।	
তরজমা	অতঃপর আমি উহাদের হইতে প্রতিশোধ লইলাম। দেখ, মিথ্যাচারীদের পরিণাম কী হইয়াছে।	
	وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ لِاَبِيْهِ وَقَوْمِهٖٓ اِنَّنِىْ بَرَآءٌ مِّمَّا تَعْبُدُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ কা-লা ইবরাহীমু লিআবীহি ওয়া কাওমিহী~ ইন্নানী বারা~উম্ মিম্মা-তা'বুদূন।	
তরজমা	স্মরণ কর, ইব্রাহীম তাহার পিতা এবং সম্প্রদায়কে বলিয়াছিল, 'তোমরা যাহাদের পূজা কর তাহাদের সঙ্গে আমার কোন সম্পর্ক নাই;	
	اِلَّا الَّذِىْ فَطَرَنِىْ فَاِنَّهٗ سَيَهْدِيْنِ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লাযী ফাতারানী ফাইন্নাহূ ছাইয়াহ্দীন।	
তরজমা	'সম্পর্ক আছে শুধু তাঁহারই সঙ্গে, যিনি আমাকে সৃষ্টি করিয়াছেন এবং তিনিই আমাকে সৎপথে পরিচালিত করিবেন।'	

	وَجَعَلَهَا كَلِمَةً بَاقِيَةً فِي عَقِبِهِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٢٨﴾	**28**
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আলাহা– কালিমাতাম্ বা–কি·য়াতাং ফী ‘আকি·বিহী লা‘আল্লাহুম্ ইয়ার্জি‘উন।	
তরজমা	এই ঘোষণাকে সে স্থায়ী বাণীরূপে রাখিয়া গিয়াছে তাহার পরবর্তীদের জন্য, যাহাতে উহারা প্রত্যাবর্তন করে।	
	بَلْ مَتَّعْتُ هَٰؤُلَاءِ وَآبَاءَهُمْ حَتَّىٰ جَاءَهُمُ الْحَقُّ وَرَسُولٌ مُّبِينٌ ﴿٢٩﴾	**29**
প্রতিবর্ণায়ন	বাল্ মাত্তা‘তু হা˜উলা~ই ওয়া আ–বা~আহুম্ হ·াত্তা– জা~আহুমুল্ হ·াক্কু· ওয়া রাছুলুম মুবীন।	
তরজমা	বরঞ্চ আমিই উহাদেরকে এবং উহাদের পূর্বপুরুষদেরকে দিয়াছিলাম ভোগের সামগ্রী, অবশেষে উহাদের নিকট আসিল সত্য এবং স্পষ্ট বর্ণনাকারী রাসূল।	
	وَلَمَّا جَاءَهُمُ الْحَقُّ قَالُوا هَٰذَا سِحْرٌ وَإِنَّا بِهِ كَافِرُونَ ﴿٣٠﴾	**30**
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা– জা~আহুমুল্ হ·াক্কু· ক·া–লূ হা–য·া– ছিহ·রুওঁ ওয়া ইন্না–বিহী কা–ফিরূন।	
তরজমা	যখন উহাদের নিকট সত্য আসিল, উহারা বলিল, ‘ইহা তো জাদু এবং আমরা ইহা প্রত্যাখ্যান করি।’	
	وَقَالُوا لَوْلَا نُزِّلَ هَٰذَا الْقُرْآنُ عَلَىٰ رَجُلٍ مِّنَ الْقَرْيَتَيْنِ عَظِيمٍ ﴿٣١﴾	**31**
প্রতিবর্ণায়ন	ওয়া ক·া–লূ লাওলা– নুঝ্ঝিলা হা–য·াল্ কু·রআন–নু ‘আলা–রাজুলিম মিনাল্ ক·ারইয়াতাইনি ‘আজ·ীম।	
তরজমা	এবং ইহারা বলে, ‘এই কুরআন কেন নাযিল করা হইল না দুই জনপদের কোন প্রতিপত্তিশালী ব্যক্তির উপর ?’	
	أَهُمْ يَقْسِمُونَ رَحْمَتَ رَبِّكَ ۚ نَحْنُ قَسَمْنَا بَيْنَهُم مَّعِيشَتَهُمْ فِي الْحَيَاةِ الدُّنْيَا ۚ وَرَفَعْنَا بَعْضَهُمْ فَوْقَ بَعْضٍ دَرَجَاتٍ لِّيَتَّخِذَ بَعْضُهُم بَعْضًا سُخْرِيًّا ۗ وَرَحْمَتُ رَبِّكَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُونَ ﴿٣٢﴾	**32**
প্রতিবর্ণায়ন	আহুম্ ইয়াক·ছিমূনা রাহ·মাতা রাব্বিকা (ط) নাহ·নু ক·াছাম্না–বাইনাহুম্ মা‘ঈশাতাহুম্ ফিল্ হ·ায়া–তিদ্দুন্ইয়া– ওয়া রাফা‘না– বা‘দ·াহুম্ ফাওক·া বা‘দি·ং দারাজা–তিল লিইয়াত্তাখিয·া বা‘দ·ুহুম্ বা‘দ·াং ছুখ্রিইইয়াওঁ (ط) ওয়া রাহ·মাতু রাব্বিকা খাইরুম মিম্মা–ইয়াজমা‘উন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	ইহারা কি তোমার প্রতিপালকের করুণা বণ্টন করে ? আমিই উহাদের মধ্যে উহাদের জীবিকা বণ্টন করি, পার্থিব জীবনে এবং একজনকে অপরের উপর মর্যাদায় উন্নত করি, যাহাতে একে অপরের দ্বারা কাজ করাইয়া লইতে পারে ; এবং উহারা যাহা জমা করে তাহা হইতে তোমার প্রতিপালকের অনুগ্রহ উৎকৃষ্টতর।	
	وَلَوْلَآ اَنْ يَّكُوْنَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً لَّجَعَلْنَا لِمَنْ يَّكْفُرُ بِالرَّحْمٰنِ لِبُيُوْتِهِمْ سُقُفًا مِّنْ فِضَّةٍ وَّمَعَارِجَ عَلَيْهَا يَظْهَرُوْنَ ۙ﴿۳۳﴾	**33**
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা~ আইঁ ইয়াকূনান্না-ছু উম্মাতাওঁ ওয়া-হি`দাতাল্ লাজা‘আল্না- লিমাইঁ ইয়াক্ফুরু বির্‌রাহ`মা-নি লিবুইউতিহিম্ ছুকু`ফাম মিং ফিদ্দ`াতিওঁ ওয়া মা‘আ-রিজা ‘আলাইহা-ইয়াজ্`হারূন।	
তরজমা	সত্য প্রত্যাখ্যানে মানুষ এক-মতাবলম্বী হইয়া পড়িবে, এই আশংকা না থাকিলে দয়াময় আল্লাহ্‌কে যাহারা অস্বীকার করে, উহাদেরকে আমি দিতাম উহাদের গৃহের জন্য রৌপ্য-নির্মিত ছাদ ও সিঁড়ি যাহাতে উহারা আরোহণ করে,	
	وَلِبُيُوْتِهِمْ اَبْوَابًا وَّسُرُرًا عَلَيْهَا يَتَّكِـُٔوْنَ ۙ﴿۳۴﴾	**34**
প্রতিবর্ণায়ন	ওয়া লিবুইউতিহিম্ আব্ওয়া-বাওঁ ওয়া ছুরুরান্ ‘আলাইহা-ইয়াত্তাকিঊন।	
তরজমা	এবং উহাদের গৃহের জন্য দরজা ও পালঙ্ক-যাহাতে উহারা হেলান দিয়া বিশ্রাম করিতে পারে,	
	وَزُخْرُفًا ؕ وَاِنْ كُلُّ ذٰلِكَ لَمَّا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ؕ وَالْاٰخِرَةُ عِنْدَ رَبِّكَ لِلْمُتَّقِيْنَ ﴿۳۵﴾	**35**
প্রতিবর্ণায়ন	ওয়া যু`খরুফাওঁ (ط) ওয়া ইং কুল্লু য`া-লিকা লাম্মা- মাতা‘উল্ হ`ায়াতিদ্দুন্ইয়া- (ط) ওয়াল্ আ-খিরাতু ‘ইংদা রাব্বিকা লিল্মুত্তাক`ীন।	
তরজমা	এবং স্বর্ণ-নির্মিতও। আর এই সকলই তো শুধু পার্থিব জীবনের ভোগ-সম্ভার। মুত্তাকীদের জন্য তোমার প্রতিপালকের নিকট রহিয়াছে আখিরাতের কল্যাণ।	
	وَمَنْ يَّعْشُ عَنْ ذِكْرِ الرَّحْمٰنِ نُقَيِّضْ لَهٗ شَيْطٰنًا فَهُوَ لَهٗ قَرِيْنٌ ﴿۳۶﴾	**36**
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইয়া‘শু ‘আং যি`ক্‌রির্ রাহ`মা-নি নুক`াইয়িদ` লাহূ শাইত`া-নাং ফাহুওয়া লাহূ ক`ারীন।	
তরজমা	যে ব্যক্তি দয়াময় আল্লাহ্‌র স্মরণে বিমুখ হয় আমি তাহার জন্য নিয়োজিত করি এক শয়তান, অতঃপর সে-ই হয় তাহার সহচর।	
	وَاِنَّهُمْ لَيَصُدُّوْنَهُمْ عَنِ السَّبِيْلِ وَيَحْسَبُوْنَ اَنَّهُمْ مُّهْتَدُوْنَ ﴿۳۷﴾	**37**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহুম্ লাইয়াসুদ্দূনাহুম্ ‘আনিছ্ছাবীলি ওয়া ইয়াহ`ছাবূনা আন্নাহুম্ মুহ্‌তাদূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	শয়তানেরাই মানুষকে সৎপথ হইতে বিরত রাখে, অথচ মানুষ মনে করে তাহারা সৎপথে পরিচালিত হইতেছে।	
	حَتّٰۤى اِذَا جَآءَنَا قَالَ يٰلَيْتَ بَيْنِىْ وَبَيْنَكَ بُعْدَ الْمَشْرِقَيْنِ فَبِئْسَ الْقَرِيْنُ ﴿٣٨﴾	**38**
প্রতিবর্ণায়ন	হ্ াত্তা˜ ইযা- জা~আনা ক্ া-লা ইয়া-লাইতা বাইনী ওয়া বাইনাকা বু'দাল্ মাশ্‌রিক্ াইনি ফাবি'ছাল্ ক্ ারীন।	
তরজমা	অবশেষে যখন সে আমার নিকট উপস্থিত হইবে, তখন সে শয়তানকে বলিবে, 'হায়! আমার ও তোমার মধ্যে যদি পূর্ব ও পশ্চিমের ব্যবধান থাকিত!' কত নিকৃষ্ট সহচর সে !	
	وَلَنْ يَّنْفَعَكُمُ الْيَوْمَ اِذْ ظَّلَمْتُمْ اَنَّكُمْ فِى الْعَذَابِ مُشْتَرِكُوْنَ ﴿٣٩﴾	**39**
প্রতিবর্ণায়ন	ওয়া লাইঁ ইয়াংফা'আকুমুল্ ইয়াওমা ইয্ জ্ ালাম্‌তুম্ আন্নাকুম্ ফিল্ 'আয্ া-বি মুশ্‌তারিকূন।	
তরজমা	আর আজ তোমাদের এই অনুতাপ তোমাদের কোন কাজেই আসিবে না, যেহেতু তোমরা সীমালংঘন করিয়াছিলে ; তোমরা তো সকলেই শাস্তিতে শরীক।	
	اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ اَوْ تَهْدِى الْعُمْىَ وَمَنْ كَانَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٤٠﴾	**40**
প্রতিবর্ণায়ন	আফাআংতা তুছ্‌মি'উস্‌সু ্ম্মা আও তাহ্‌দিল 'উম্‌ইয়া ওয়া মাং কা-না ফী দ্ ালা-লিম মুবীন।	
তরজমা	তুমি কি শোনাইতে পারিবে বধিরকে অথবা যে অন্ধ ও যে ব্যক্তি স্পষ্ট বিভ্রান্তিতে আছে, তাহাকে কি পারিবে সৎপথে পরিচালিত করিতে ?	
	فَاِمَّا نَذْهَبَنَّ بِكَ فَاِنَّا مِنْهُمْ مُّنْتَقِمُوْنَ ﴿٤١﴾	**41**
প্রতিবর্ণায়ন	ফাইম্মা- নায্ াহাবান্না বিকা ফাইন্না- মিন্‌হুম্ মুংতাকি্ মূন।	
তরজমা	আমি যদি তোমাকে লইয়া যাই, তবু আমি উহাদেরকে শাস্তি দিব ;	
	اَوْ نُرِيَنَّكَ الَّذِىْ وَعَدْنٰهُمْ فَاِنَّا عَلَيْهِمْ مُّقْتَدِرُوْنَ ﴿٤٢﴾	**42**
প্রতিবর্ণায়ন	আও নুরিইয়ান্নাকাল্লায ্ী ওয়া 'আদ্‌না-হুম্ ফাইন্না 'আলাইহিম মুক্ তাদিরূন।	
তরজমা	অথবা আমি উহাদেরকে যে শাস্তির ভীতি প্রদর্শন করিয়াছি, আমি তোমাকে তাহা প্রত্যক্ষ করাই, বস্তুত উহাদের উপর আমার তো পূর্ণ ক্ষমতা রহিয়াছে।	
	فَاسْتَمْسِكْ بِالَّذِىْۤ اُوْحِىَ اِلَيْكَ ۚ اِنَّكَ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤٣﴾	**43**
প্রতিবর্ণায়ন	ফাছ্‌তাম্‌ছিক্ বিল্লায ্ী˜ উহি ্য়া ইলাইকা (ج) ইন্নাকা 'আলা- সিরা-তি ্ম্ মুছ্‌তাক ্ীম।	

তরজমা	সুতরাং তোমার প্রতি যাহা ওহী করা হইয়াছে তাহা দৃঢ়ভাবে অবলম্বন কর। তুমি সরল পথেই রহিয়াছ।	
	وَاِنَّهٗ لَذِكۡرٌ لَّكَ وَلِقَوۡمِكَ ۚ وَسَوۡفَ تُسۡـَٔلُوۡنَ ﴿۴۴﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লাযি`ক্‌রুল্লাকা ওয়া লিক`াওমিকা (ج) ওয়া ছাওফা তুছ্‌আলূন।	
তরজমা	কুরআন তো তোমার ও তোমার সম্প্রদায়ের জন্য সম্মানের বস্তু ; তোমাদেরকে অবশ্যই এ বিষয়ে প্রশ্ন করা হইবে।	
	وَسۡـَٔلۡ مَنۡ اَرۡسَلۡنَا مِنۡ قَبۡلِكَ مِنۡ رُّسُلِنَاۤ اَجَعَلۡنَا مِنۡ دُوۡنِ الرَّحۡمٰنِ اٰلِـهَةً يُّعۡبَدُوۡنَ ﴿۴۵﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়াছ্‌আল্‌ মান্‌ আর্‌ছালনা- মিং ক`াব্‌লিকা মির্‌রুছুলিনা˜ আজা‘আল্‌না- মিং দূনির্‌রাহ`মা-নি আ-লিহাতাইঁ ইউ‘বাদূন।	
তরজমা	তোমার পূর্বে আমি যে সকল রাসূল প্রেরণ করিয়াছিলাম তাহাদেরকে তুমি জিজ্ঞাসা কর, আমি কি দয়াময় আল্লাহ্‌ ব্যতীত কোন দেবতা স্থির করিয়াছিলাম যাহার ‘ইবাদত করা যায় ?	
	وَلَقَدۡ اَرۡسَلۡنَا مُوۡسٰى بِاٰيٰتِنَاۤ اِلٰى فِرۡعَوۡنَ وَمَلَا۟ئِهٖ فَقَالَ اِنِّىۡ رَسُوۡلُ رَبِّ الۡعٰلَمِيۡنَ ﴿۴۶﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া লাক`াদ্‌ আরছাল্‌না- মূছা-বিআ-য়া-তিনা˜ ইলা-ফিরআ‘ওনা ওয়া মালাইহী ফাক`া-লা ইন্নী রাছূলু রাব্বিল ‘আ-লামীন।	
তরজমা	মূসাকে তো আমি আমার নিদর্শনসহ ফির‘আওন ও তাহার পারিষদবর্গের নিকট পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, ‘আমি তো জগতসমূহের প্রতিপালকের প্রেরিত।’	
	فَلَمَّا جَآءَهُمۡ بِاٰيٰتِنَاۤ اِذَا هُمۡ مِّنۡهَا يَضۡحَكُوۡنَ ﴿۴۷﴾	47
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- জা~আহুম্‌ বিআ-য়া-তিনা˜ ইয`া হুম্‌ মিন্‌হা- ইয়াদ`হ`াকূন।	
তরজমা	সে উহাদের নিকট আমার নিদর্শনসহ আসিবামাত্র উহারা তাহা লইয়া হাসি-ঠাট্টা করিতে লাগিল।	
	وَمَا نُرِيۡهِمۡ مِّنۡ اٰيَةٍ اِلَّا هِىَ اَكۡبَرُ مِنۡ اُخۡتِهَا ۖ وَاَخَذۡنٰهُمۡ بِالۡعَذَابِ لَعَلَّهُمۡ يَرۡجِعُوۡنَ ﴿۴۸﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়ামা- নূরীহিম্‌ মিন্‌ আ-য়া-তিন্‌ ইল্লা-হিয়া আক্‌বারু মিন্‌ উখ্‌তিহা- (ز) ওয়া আখায`না-হুম্‌ বিল্‌ ‘আয`া-বি লা‘আল্লাহুম্‌ ইয়ারজি‘উন।	
তরজমা	আমি উহাদেরকে এমন কোন নিদর্শন দেখাই নাই যাহা উহার অনুরূপ নিদর্শন অপেক্ষা শ্রেষ্ঠ নয়। আমি উহাদেরকে শাস্তি দিলাম যাহাতে উহারা প্রত্যাবর্তন করে।	
	وَقَالُوۡا يٰۤاَيُّهَ السّٰحِرُ ادۡعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِنۡدَكَ ۚ اِنَّنَا لَمُهۡتَدُوۡنَ ﴿۴۹﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়াক`া-লূ ইয়া˜আইয়ুহাছ্ছা-হি`রুদ্‌‘উলানা-রাব্বাকা বিমা- ‘আহিদা ‘ইংদাকা (ج) ইন্নানা-লামুহ্‌তাদূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহারা বলিয়াছিল, হে জাদুকর! তোমার প্রতিপালকের নিকট তুমি আমাদের জন্য তাহা প্রার্থনা কর যাহা তিনি তোমার সঙ্গে অঙ্গীকার করিয়াছেন, তাহা হইলে আমরা অবশ্যই সৎপথ অবলম্বন করিব।'	
	فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الْعَذَابَ إِذَا هُمْ يَنْكُثُوْنَ ﴿٥٠﴾	**50**
প্রতিবর্ণায়ন	ফালাম্মা– কাশাফ্না– 'আন্হুমুল 'আয া–বা ইয া– হুম্ ইয়াংকুছূ ন।	
তরজমা	অতঃপর যখন আমি উহাদের হইতে শাস্তি বিদূরিত করিলাম তখনই উহারা অঙ্গীকার ভঙ্গ করিয়া বসিল।	
	وَنَادٰى فِرْعَوْنُ فِيْ قَوْمِهٖ قَالَ يٰقَوْمِ اَلَيْسَ لِيْ مُلْكُ مِصْرَ وَهٰذِهِ الْاَنْهٰرُ تَجْرِيْ مِنْ تَحْتِيْ ۚ اَفَلَا تُبْصِرُوْنَ ﴿٥١﴾	**51**
প্রতিবর্ণায়ন	ওয়ানা–দা–ফির্'আওনু ফী ক াওমিহী ক া–লা ইয়া–ক াওমি আলাইছা লী মুল্কু মিসরা ওয়া হা–যি হিল্ আন্হা–রু তাজরী মিং তাহ তী (ج) আফালা– তুব্সিরূন।	
তরজমা	ফির'আওন তাহার সম্প্রদায়ের মধ্যে এই বলিয়া ঘোষণা করিল, হে আমার সম্প্রদায় ! মিসর রাজ্য কি আমার নয় ? আর এই নদীগু লি আমার পাদদেশে প্রবাহিত ; তোমরা ইহা দেখ না ?	
	اَمْ اَنَا خَيْرٌ مِّنْ هٰذَا الَّذِيْ هُوَ مَهِيْنٌ ۙ وَّلَا يَكَادُ يُبِيْنُ ﴿٥٢﴾	**52**
প্রতিবর্ণায়ন	আম্ আনা খাইরুম মিন্ হা–য াল্লায ী হুওয়া মাহীনুওঁ (ۙ) ওয়ালা– ইয়াকা–দু ইউবীন।	
তরজমা	'আমি তো শ্রেষ্ঠ এই ব্যক্তি হইতে, যে হীন এবং স্পষ্ট কথা বলিতেও অক্ষম !	
	فَلَوْلَآ اُلْقِيَ عَلَيْهِ اَسْوِرَةٌ مِّنْ ذَهَبٍ اَوْ جَآءَ مَعَهُ الْمَلٰٓئِكَةُ مُقْتَرِنِيْنَ ﴿٥٣﴾	**53**
প্রতিবর্ণায়ন	ফালাওলা~ উল্কি য়া 'আলাইহি আছবি রাতুম মিং য াহাবিন্ আও জা~আ মা'আহুল্ মালা–ইকাতু মুক তারিনীন।	
তরজমা	'মূসাকে কেন দেওয়া হইল না স্বর্ণ-বলয় অথবা তাহার সঙ্গে কেন আসিল না ফিরিশ্তাগণ দলবদ্ধভাবে ?'	
	فَاسْتَخَفَّ قَوْمَهٗ فَاَطَاعُوْهُ ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٥٤﴾	**54**
প্রতিবর্ণায়ন	ফাছ্তাখাফ্ফা ক াওমাহূ ফাআত া–'উহু (ط) ইন্নাহুম্ কা–নূ ক াওমাং ফা–ছিক ীন।	
তরজমা	এইভাবে সে তাহার সম্প্রদায়কে হতবুদ্ধি করিয়া দিল, ফলে উহারা তাহার কথা মানিয়া লইল। উহারা তো ছিল এক সত্যত্যাগী সম্প্রদায়।	
	فَلَمَّآ اٰسَفُوْنَا انْتَقَمْنَا مِنْهُمْ فَاَغْرَقْنٰهُمْ اَجْمَعِيْنَ ﴿٥٥﴾	**55**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফালাম্মা˜ আ–ছাফূনাংতাক˙াম্না– মিন্হুম্ ফাআগ্রাক˙না–হুম্ আজমা‘ঈন।	
তরজমা	যখন উহারা আমাকে ক্রোধান্বিত করিল আমি উহাদেরকে শাস্তি দিলাম এবং নিমজ্জিত করিলাম উহাদের সকলকে।	
	فَجَعَلْنٰهُمْ سَلَفًا وَّمَثَلًا لِّلْاٰخِرِيْنَ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ফাজা‘আল্না–হুম্ ছালাফাওঁ ওয়া মাছ˙ালাল্লিল্ আ–খিরীন।	
তরজমা	তৎপর পরবর্তীদের জন্য আমি উহাদেরকে করিয়া রাখিলাম অতীত ইতিহাস ও দৃষ্টান্ত।	
	وَلَمَّا ضُرِبَ ابْنُ مَرْيَمَ مَثَلًا اِذَا قَوْمُكَ مِنْهُ يَصِدُّوْنَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ওয়ালাম্মা–দ˙ুরিবাব্নু মার্ইয়ামা মাছ˙ালান্ ইযা˙–ক˙াওমুকা মিন্হু ইয়াসিদ্দূন।	
তরজমা	যখন মারইয়াম-তনয়ের দৃষ্টান্ত উপস্থিত করা হয়, তখন তোমার সম্প্রদায় তাহাতে শোরগোল আরম্ভ করিয়া দেয়,	
	وَقَالُوْٓا ءَاٰلِهَتُنَا خَيْرٌ اَمْ هُوَ ؕ مَا ضَرَبُوْهُ لَكَ اِلَّا جَدَلًا ؕ بَلْ هُمْ قَوْمٌ خَصِمُوْنَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়া ক˙া–লূ˜ আ আ–লিহাতুনা– খাইরুন্ আম হুওয়া (ط) মা–দ˙ারাবূহু লাকা ইল্লা–জাদালাং (ط) বাল্ হুম্ ক˙াওমুন্ খাসিমূন।	
তরজমা	এবং বলে, ‘আমাদের উপাস্যগুলি শ্রেষ্ঠ না ‘ঈসা ?’ ইহারা কেবল বাক-বিতণ্ডার উদ্দেশ্যেই তোমাকে এই কথা বলে। বস্তুত ইহারা তো এক বিতণ্ডাকারী সম্প্রদায়।	
	اِنْ هُوَ اِلَّا عَبْدٌ اَنْعَمْنَا عَلَيْهِ وَجَعَلْنٰهُ مَثَلًا لِّبَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ইন্ হুওয়া ইল্লা– ‘আব্দুন্ আন্‘আম্না– ‘আলাইহি ওয়া জা‘আল্না–হু মাছ˙ালাল্ লিবানী˜ইছ্রা~ঈল।	
তরজমা	সে তো ছিল আমারই এক বান্দা, যাহাকে আমি অনুগ্রহ করিয়াছিলাম এবং করিয়াছিলাম বনী ইসরাঈলের জন্য দৃষ্টান্ত।	
	وَلَوْ نَشَآءُ لَجَعَلْنَا مِنْكُمْ مَّلٰٓئِكَةً فِي الْاَرْضِ يَخْلُفُوْنَ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ওয়া লাও নাশা~উ লাজা‘আল্না– মিংকুম্ মালা~ইকাতাং ফিল্ আর্দি˙ ইয়াখ্লুফূন।	
তরজমা	আমি ইচ্ছা করিলে তোমাদের মধ্য হইতে ফিরিশ্তা সৃষ্টি করিতে পারিতাম, যাহারা পৃথিবীতে উত্তরাধিকারী হইত।	
	وَاِنَّهٗ لَعِلْمٌ لِّلسَّاعَةِ فَلَا تَمْتَرُنَّ بِهَا وَاتَّبِعُوْنِ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লা‘ইল্মুল লিছ্ছা–‘আতি ফালা– তাম্তারুন্না বিহা– ওয়াত্তাবি‘উনি (ط) হা–য˙া– সিরাতুম্ মুছ্তাক˙ীম।	

তরজমা	'ঈসা তো কিয়ামতের নিশ্চিত নিদর্শন; সুতরাং তোমরা কিয়ামতে সন্দেহ করিও না এবং আমাকে অনুসরণ কর। ইহাই সরল পথ।	
	وَلَا يَصُدَّنَّكُمُ الشَّيْطٰنُ ۚ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٦٢﴾	**62**
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ইয়াসুদ্দান্নাকুমুশ্ শাইত'া-নু (ج) ইন্নাহূ লাকুম্ 'আদুওউম্ মুবীন।	
তরজমা	শয়তান যেন তোমাদেরকে কিছুতেই নিবৃত্ত না করে, সে তো তোমাদের প্রকাশ্য শত্রু।	
	وَلَمَّا جَآءَ عِيْسٰى بِالْبَيِّنٰتِ قَالَ قَدْ جِئْتُكُمْ بِالْحِكْمَةِ وَلِاُبَيِّنَ لَكُمْ بَعْضَ الَّذِيْ تَخْتَلِفُوْنَ فِيْهِ ۚ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿٦٣﴾	**63**
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা- জা~আ 'ঈছা-বিল্‌বাইয়িনা-তি ক'া-লা ক'াদ্ জি'তুকুম্ বিলহি'ক্‌মাতি ওয়া লিউবাইয়িনা লাকুম্ বা'দ'াল্লায'ী তাখ্‌তালিফূনা ফীহি (ج) ফাত্তাকু'ল্লা-হা ওয়াআত'ী'উন।	
তরজমা	'ঈসা যখন স্পষ্ট নিদর্শনসহ আসিল তখন সে বলিয়াছিল, 'আমি তো তোমাদের নিকট আসিয়াছি প্রজ্ঞাসহ এবং তোমরা যে কতক বিষয়ে মতভেদ করিতেছ, তাহা স্পষ্ট করিয়া দিবার জন্য। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার অনুসরণ কর।	
	اِنَّ اللّٰهَ هُوَ رَبِّيْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٦٤﴾	**64**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা হুওয়া রাব্বী ওয়া রাব্বুকুম্ ফা'বুদূহু (ط) হা-য'া- সিরাতুম্ মুছ্‌তাক'ীম।	
তরজমা	'আল্লাহ্‌ই তো আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক, অতএব তোমরা তাঁহার 'ইবাদত কর ; ইহাই সরল পথ।'	
	فَاخْتَلَفَ الْاَحْزَابُ مِنْۢ بَيْنِهِمْ ۚ فَوَيْلٌ لِّلَّذِيْنَ ظَلَمُوْا مِنْ عَذَابِ يَوْمٍ اَلِيْمٍ ﴿٦٥﴾	**65**
প্রতিবর্ণায়ন	ফাখ্‌তালাফাল্ আহ'ঝা-বু মিম্ বাইনিহিম (ج) ফাওয়াইলুল্লিল্লায'ীনা জ'ালামূ মিন্ 'আয'া-বি ইয়াওমিন্ আলীম্।	
তরজমা	অতঃপর উহাদের বিভিন্ন দল মতানৈক্য সৃষ্টি করিল, সুতরাং জালিমদের জন্য দুর্ভোগ মর্মন্তুদ দিবসের শাস্তির।	
	هَلْ يَنْظُرُوْنَ اِلَّا السَّاعَةَ اَنْ تَاْتِيَهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٦٦﴾	**66**
প্রতিবর্ণায়ন	হাল্ ইয়াংজু'রূনা ইল্লাছ্‌ছা-'আতা আং তা'তিয়াহুম্ বাগ্‌তাতাওঁ ওয়া হুম্ লা-ইয়াশ্'উরূন।	
তরজমা	উহারা তো উহাদের অজ্ঞাতসারে আকস্মিকভাবে কিয়ামত আসিবারই অপেক্ষা করিতেছে।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اَلۡاَخِلَّآءُ یَوۡمَئِذٍۭ بَعۡضُهُمۡ لِبَعۡضٍ عَدُوٌّ اِلَّا الۡمُتَّقِیۡنَ ﴿۶۷﴾	67
প্রতিবর্ণায়ন	আল্‌আখিল্লা~উ ইয়াওমাইযি্‌ম্‌ বা‘দ্‌হুম্‌ লিবা‘দি্‌ন ‘আদুওউন্‌ ইল্লাল্‌ মুত্তাক্বীন।	
তরজমা	বন্ধুরা সেই দিন হইয়া পড়িবে একে অপরের শত্রু, মুত্তাকীরা ব্যতীত।	
	یٰعِبَادِ لَا خَوۡفٌ عَلَیۡکُمُ الۡیَوۡمَ وَ لَاۤ اَنۡتُمۡ تَحۡزَنُوۡنَ ﴿۶۸﴾	68
প্রতিবর্ণায়ন	ইয়া–‘ইবাদি লা–খাওফুন্‌ ‘আলাইকুমুল্‌ ইয়াওমা ওয়ালা~ আংতুম্‌ তাহ্‌ঝানূন।	
তরজমা	হে আমার বান্দাগণ! আজ তোমাদের কোন ভয় নাই এবং তোমরা দুঃখিতও হইবে না।	
	اَلَّذِیۡنَ اٰمَنُوۡا بِاٰیٰتِنَا وَ کَانُوۡا مُسۡلِمِیۡنَ ﴿۶۹﴾	69
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা আ–মানূ বিআ–য়া–তিনা– ওয়া কা–নূ মুছলিমীন।	
তরজমা	যাহারা আমার আয়াতে বিশ্বাস করিয়াছিল এবং আত্মসমর্পণ করিয়াছিল–	
	اُدۡخُلُوا الۡجَنَّۃَ اَنۡتُمۡ وَ اَزۡوَاجُکُمۡ تُحۡبَرُوۡنَ ﴿۷۰﴾	70
প্রতিবর্ণায়ন	উদ্‌খুলুল জান্নাতা আংতুম্‌ ওয়া আঝওয়া–জুকুম্‌ তুহ্‌বারূন।	
তরজমা	তোমরা এবং তোমাদের সহধর্মিণীগণ সানন্দে জান্নাতে প্রবেশ কর।	
	یُطَافُ عَلَیۡهِمۡ بِصِحَافٍ مِّنۡ ذَهَبٍ وَّ اَکۡوَابٍ ۚ وَ فِیۡهَا مَا تَشۡتَهِیۡهِ الۡاَنۡفُسُ وَ تَلَذُّ الۡاَعۡیُنُ ۚ وَ اَنۡتُمۡ فِیۡهَا خٰلِدُوۡنَ ﴿۷۱﴾	71
প্রতিবর্ণায়ন	ইউত্বা–ফু ‘আলাইহিম্‌ বিসিহা–ফিম্‌ মিং যাহাবিওঁ ওয়া আকওয়া–বিওঁ (ج) ওয়া ফীহা– মা–তাশ্‌তাহীহিল্‌ আংফুছু ওয়া তালায্‌যুল আ‘ইউনু (ج) ওয়া আংতুম্‌ ফীহা–খা–লিদূন।	
তরজমা	স্বর্ণের থালা ও পানপাত্র লইয়া তাহাদেরকে প্রদক্ষিণ করা হইবে ; সেখানে রহিয়াছে সমস্ত কিছু, যাহা অন্তর চাহে এবং যাহাতে নয়ন তৃপ্ত হয়। সেখানে তোমরা স্থায়ী হইবে।	
	وَ تِلۡکَ الۡجَنَّۃُ الَّتِیۡۤ اُوۡرِثۡتُمُوۡهَا بِمَا کُنۡتُمۡ تَعۡمَلُوۡنَ ﴿۷۲﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়া তিলকাল জান্নাতুল্লাতী~ উরিছ্‌তুমূহা– বিমা–কুংতুম্‌ তা‘মালূন।	
তরজমা	ইহাই জান্নাত, তোমাদেরকে যাহার অধিকারী করা হইয়াছে, তোমাদের কর্মের ফলস্বরূপ।	
	لَکُمۡ فِیۡهَا فَاکِهَۃٌ کَثِیۡرَۃٌ مِّنۡهَا تَاۡکُلُوۡنَ ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	লাকুম্‌ ফীহা–ফা–কিহাতুং কাছীরাতুম্‌ মিন্‌হা– তা’কুলূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সেখানে তোমাদের জন্য রহিয়াছে প্রচুর ফলমূল, তাহা হইতে তোমরা আহার করিবে।	
	اِنَّ الۡمُجۡرِمِيۡنَ فِىۡ عَذَابِ جَهَنَّمَ خٰلِدُوۡنَ ﴿۷۴﴾	**74**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্ মুজরিমীনা ফী 'আয া-বি জাহান্নামা খা–লিদূন।	
তরজমা	নিশ্চয়ই অপরাধীরা জাহান্নামের শাস্তিতে থাকিবে স্থায়িভাবে ;	
	لَا يُفَتَّرُ عَنۡهُمۡ وَهُمۡ فِيۡهِ مُبۡلِسُوۡنَ ﴿۷۵﴾	**75**
প্রতিবর্ণায়ন	লা–ইউফাত্তারু 'আন্হুম্ ওয়া হুম্ ফীহি মুব্লিছূন।	
তরজমা	উহাদের শাস্তি লাঘব করা হইবে না এবং উহারা উহাতে হতাশ হইয়া পড়িবে।	
	وَمَا ظَلَمۡنٰهُمۡ وَلٰـكِنۡ كَانُوۡا هُمُ الظّٰلِمِيۡنَ ﴿۷۶﴾	**76**
প্রতিবর্ণায়ন	ওয়ামা–জ ালাম্না–হুম্ ওয়ালা–কিং কা–নূ হুমুজ্ জ া–লিমীন।	
তরজমা	আমি উহাদের প্রতি জুলুম করি নাই, বরং উহারা নিজেরাই ছিল জালিম।	
	وَنَادَوۡا يٰمٰلِكُ لِيَقۡضِ عَلَيۡنَا رَبُّكَ ؕ قَالَ اِنَّكُمۡ مّٰكِثُوۡنَ ﴿۷۷﴾	**77**
প্রতিবর্ণায়ন	ওয়ানা–দাও ইয়া–মা–লিকু লিইয়াক্ দি 'আলাইনা–রাব্বুকা (ط) ক া–লা ইন্নাকুম্ মা–কিছূ ন।	
তরজমা	উহারা চিৎকার করিয়া বলিবে, 'হে মালিক, তোমার প্রতিপালক যেন আমাদেরকে নিঃশেষ করিয়া দেন।' সে বলিবে, 'তোমরা তো এইভাবেই থাকিবে।'	
	لَقَدۡ جِئۡنٰكُمۡ بِالۡحَقِّ وَلٰـكِنَّ اَكۡثَرَكُمۡ لِلۡحَقِّ كٰرِهُوۡنَ ﴿۷۸﴾	**78**
প্রতিবর্ণায়ন	লাক াদ্ জি'না–কুম্ বিল্ হ াক্কি ওয়ালা–কিন্না আক্ছ ারাকুম্ লিল্হ াক্কি কা–রিহূন।	
তরজমা	আল্লাহ্ বলিবেন, 'আমি তো তোমাদের নিকট সত্য পৌঁছাইয়াছিলাম, কিন্তু তোমাদের অধিকাংশই ছিল সত্যবিমুখ।'	
	اَمۡ اَبۡرَمُوۡۤا اَمۡرًا فَاِنَّا مُبۡرِمُوۡنَ ﴿۷۹﴾	**79**
প্রতিবর্ণায়ন	আম্ আবরামূ˜ আমরাং ফাইন্না মুব্রিমুন্।	
তরজমা	উহারা কি কোন ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ? বরং আমিই তো চূড়ান্ত সিদ্ধান্তকারী।	
	اَمۡ يَحۡسَبُوۡنَ اَنَّا لَا نَسۡمَعُ سِرَّهُمۡ وَنَجۡوٰٮهُمۡ ؕ بَلٰى وَرُسُلُنَا لَدَيۡهِمۡ يَكۡتُبُوۡنَ ﴿۸۰﴾	**80**
প্রতিবর্ণায়ন	আম্ ইয়াহ ছাবূনা আন্না– লা–নাছ্মা'উ ছির্রাহুম্ ওয়া নাজওয়া–হুম (ط) বালা– ওয়া রুছুলুনা–লাদাইহিম্ ইয়াক্তুবূন।	

তরজমা	উহারা কি মনে করে যে, আমি উহাদের গোপন বিষয় ও মন্ত্রণার খবর রাখি না? অবশ্যই রাখি। আমার ফিরিশ্‌তাগণ তো উহাদের নিকট থাকিয়া সবকিছু লিপিবদ্ধ করে।	
	قُلۡ اِنۡ كَانَ لِلرَّحۡمٰنِ وَلَدٌ ۖ فَاَنَا اَوَّلُ الۡعٰبِدِيۡنَ ﴿۸۱﴾	81
প্রতিবর্ণায়ন	কু˙ল ইং কা–না লির্‌রাহ˙মা–নি ওয়ালাদুং (ق) ফাআনা– আওওয়ালুল্ 'আ–বিদীন।	
তরজমা	বল, 'দয়াময় আল্লাহ্‌র কোন সন্তান থাকিলে আমি হইতাম তাহার উপাসকগণের অগ্রণী ;	
	سُبۡحٰنَ رَبِّ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ رَبِّ الۡعَرۡشِ عَمَّا يَصِفُوۡنَ ﴿۸۲﴾	82
প্রতিবর্ণায়ন	ছুব্‌হ˙া–না রাব্বিছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দি˙ রাব্বিল্ 'আরশি্ 'আম্মা– ইয়াসিফূন।	
তরজমা	'উহারা যাহা আরোপ করে তাহা হইতে আকাশমণ্ডলী ও পৃথিবীর অধিপতি এবং আরশের অধিকারী পবিত্র মহান।'	
	فَذَرۡهُمۡ يَخُوۡضُوۡا وَيَلۡعَبُوۡا حَتّٰى يُلٰقُوۡا يَوۡمَهُمُ الَّذِىۡ يُوۡعَدُوۡنَ ﴿۸۳﴾	83
প্রতিবর্ণায়ন	ফায˙র্‌হুম্ ইয়াখূদূ˙ ওয়া ইয়াল্'আবূ হ˙াত্তা–ইউলা–কূ˙ ইয়াওমা হুমুল্লায˙ী ইউ'আদূন।	
তরজমা	অতএব উহাদেরকে যে দিবসের কথা বলা হইয়াছে তাহার সম্মুখীন হওয়ার পূর্ব পর্যন্ত তুমি উহাদেরকে বাক-বিতণ্ডা ও ক্রীড়া-কৌতুক করিতে দাও।	
	وَهُوَ الَّذِىۡ فِى السَّمَآءِ اِلٰهٌ وَّفِى الۡاَرۡضِ اِلٰهٌ ؕ وَهُوَ الۡحَكِيۡمُ الۡعَلِيۡمُ ﴿۸۴﴾	84
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায˙ী ফিছ্ ছামা~ই ইলা–হুওঁ ওয়া ফিল্ আর্‌দি˙ ইলা–হুওঁ (ط) ওয়া হুওয়াল্ হ˙াকীমুল্ 'আলীম।	
তরজমা	তিনিই ইলাহ্ নভোমণ্ডলে, তিনিই ইলাহ্ ভূতলে এবং তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।	
	وَتَبٰرَكَ الَّذِىۡ لَهٗ مُلۡكُ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ وَمَا بَيۡنَهُمَا ۚ وَعِنۡدَهٗ عِلۡمُ السَّاعَةِ ۚ وَاِلَيۡهِ تُرۡجَعُوۡنَ ﴿۸۵﴾	85
প্রতিবর্ণায়ন	ওয়া তাবা–রাকাল্লায˙ী লাহূ মুল্‌কুছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দি˙ ওয়ামা– বাইনাহুমা– (ج) ওয়া 'ইংদাহূ 'ইল্‌মুছ্ ছা–'আতি (ج) ওয়া ইলাইহি তুর্‌জা'উন।	
তরজমা	কত মহান তিনি, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুর সার্বভৌম অধিপতি ! কিয়ামতের জ্ঞান কেবল তাঁহারই আছে এবং তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে।	
	وَلَا يَمۡلِكُ الَّذِيۡنَ يَدۡعُوۡنَ مِنۡ دُوۡنِهِ الشَّفَاعَةَ اِلَّا مَنۡ شَهِدَ بِالۡحَقِّ وَهُمۡ يَعۡلَمُوۡنَ ﴿۸۶﴾	86

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ালা– ইয়াম্‌লিকুল্লায ীনা ইয়াদ্‌‘উনা মিং দূনিহিশ্‌শাফা–‘আতা ইল্লা–মাং শাহিদা বিল্‌হ াক্বি ওয়া হুম্‌ ইয়া‘লামূন।	
তরজমা	আল্লাহ্‌র পরিবর্তে উহারা যাহাদেরকে ডাকে, সুপারিশের ক্ষমতা তাহাদের নাই, তবে যাহারা সত্য উপলব্ধি করিয়া উহার সাক্ষ্য দেয়, তাহারা ব্যতীত।	
	وَلَئِن سَأَلْتَهُم مَّنْ خَلَقَهُمْ لَيَقُولُنَّ اللَّهُ ۖ فَأَنَّىٰ يُؤْفَكُونَ ﴿٨٧﴾	**87**
প্রতিবর্ণায়ন	ওয়া লায়িং ছাআল্‌তাহুম্‌ মান্‌ খালাক াহুম্‌ লা ইয়াকূ লুন্নাল্লা–হু ফাআন্না– ইউ’ফাকূন।	
তরজমা	যদি তুমি উহাদেরকে জিজ্ঞাসা কর, কে উহাদেরকে সৃষ্টি করিয়াছে, উহারা অবশ্যই বলিবে, ‘আল্লাহ্‌’। তবুও উহারা কোথায় ফিরিয়া যাইতেছে ?	
	وَقِيلِهِ يَا رَبِّ إِنَّ هَٰؤُلَاءِ قَوْمٌ لَّا يُؤْمِنُونَ ﴿٨٨﴾	**88**
প্রতিবর্ণায়ন	ওয়া ক ীলিহী ইয়া–রাব্বি ইন্না হা˜ উলা~ই ক াওমুল লা–ইউ’মিনূন।	
তরজমা	আমি অবগত আছি রাসূলের এই উক্তি : ‘হে আমার প্রতিপালক! এই সম্প্রদায় তো ঈমান আনিবে না।’	
	فَاصْفَحْ عَنْهُمْ وَقُلْ سَلَامٌ ۚ فَسَوْفَ يَعْلَمُونَ ﴿٨٩﴾	**89**
প্রতিবর্ণায়ন	ফাসফাহ্‌ ‘আন্‌হুম্‌ ওয়া কু ল্‌ ছালা–মুং (ط) ফাছাওফা ইয়া‘লামূন।	
তরজমা	সুতরাং তুমি উহাদেরকে উপেক্ষা কর এবং বল, ‘সালাম’; উহারা শীঘ্রই জানিতে পারিবে।	
	44 - Ad-Dukhan-দুখান -الدخان	
	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ	
	حم ﴿١﴾	**1**
প্রতিবর্ণায়ন	হ া–মী~ম্‌।	
তরজমা	হা-মীম।	
	وَالْكِتَابِ الْمُبِينِ ﴿٢﴾	**2**
প্রতিবর্ণায়ন	ওয়াল্‌ কিতা–বিল্‌ মুবীন।	
তরজমা	শপথ সুস্পষ্ট কিতাবের।	
	إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةٍ مُّبَارَكَةٍ ۚ إِنَّا كُنَّا مُنذِرِينَ ﴿٣﴾	**3**
প্রতিবর্ণায়ন	ইন্না˜আংঝাল্‌না–হু ফী লাইলাতিম মুবা–রাকাতিন্‌ ইন্না– কুন্না– মুংযি রীন।	
তরজমা	আমি তো ইহা অবতীর্ণ করিয়াছি এক মুবারক রজনীতে ; আমি তো সতর্ককারী।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	فِيْهَا يُفْرَقُ كُلُّ اَمْرٍ حَكِيْمٍ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ফীহা– ইউফ্‌রাকু্‌ কুল্লু আম্‌রিন্‌ হ়াকীম।	
তরজমা	এই রজনীতে প্রত্যেক প্রজ্ঞাপূর্ণ বিষয় স্থিরীকৃত হয়,	
	اَمْرًا مِّنْ عِنْدِنَا ؕ اِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ۝٥	5
প্রতিবর্ণায়ন	আম্‌রাম মিন্‌ ‘ইংদিনা– (ط) ইন্না– কুন্না–মুর্‌ছিলীন।	
তরজমা	আমার আদেশক্রমে, আমি তো রাসূল প্রেরণ করিয়া থাকি	
	رَحْمَةً مِّنْ رَّبِّكَ ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۝٦	6
প্রতিবর্ণায়ন	রাহ়মাতাম মির্‌ রাব্বিকা (ط) ইন্নাহূ হুওয়াছ্‌ ছামী‘উল্‌ ‘আলীম।	
তরজমা	তোমার প্রতিপালকের অনুগ্রহস্বরূপ ; তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ–	
	رَبِّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۘ اِنْ كُنْتُمْ مُّوْقِنِيْنَ ۝٧	7
প্রতিবর্ণায়ন	রাব্বিছ্‌ ছামা–ওয়া–তি ওয়াল্‌ আর্‌দি্‌ ওয়া মা– বাইনাহুমা–(م)। ইং কংতুম্‌ মূকি়নীন।	
তরজমা	যিনি আকাশমণ্ডলী, পৃথিবী ও উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুর প্রতিপালক, যদি তোমরা নিশ্চিত বিশ্বাসী হও।	
	لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ يُحْيٖ وَيُمِيْتُ ؕ رَبُّكُمْ وَرَبُّ اٰبَآئِكُمُ الْاَوَّلِيْنَ ۝٨	8
প্রতিবর্ণায়ন	লা~ইলা–হা ইল্লা–হুওয়া ইউহ়য়ী ওয়া ইউমীতু (ط) রাব্বুকুম্‌ ওয়া রাব্বু আ–বা~ইকুমুল্‌ আওওয়ালীন।	
তরজমা	তিনি ব্যতীত কোন ইলাহ্‌ নাই, তিনি জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান; তিনি তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্বপুরুষদেরও প্রতিপালক।	
	بَلْ هُمْ فِيْ شَكٍّ يَّلْعَبُوْنَ ۝٩	9
প্রতিবর্ণায়ন	বাল্‌হুম্‌ ফী শাক্কিইঁ ইয়াল্‌‘আবূন।	
তরজমা	বস্তুত উহারা সন্দেহের বশবর্তী হইয়া হাসিঠাট্টা করিতেছে।	
	فَارْتَقِبْ يَوْمَ تَاْتِي السَّمَآءُ بِدُخَانٍ مُّبِيْنٍ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ফার্‌তাকি়ব্‌ ইয়াওমা তা’তিছ্‌ ছামা~উ বিদুখা–নিম মুবীন্‌।	
তরজমা	অতএব তুমি অপেক্ষা কর সেই দিনের যেদিন স্পষ্ট ধূম্রাচ্ছন্ন হইবে আকাশ,	
	يَّغْشَى النَّاسَ ؕ هٰذَا عَذَابٌ اَلِيْمٌ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ইয়াগ্‌শান্না–ছা (ط) হা–য়া– ‘আয়া–বুন্‌ আলীম।	
তরজমা	এবং উহা আবৃত করিয়া ফেলিবে মানব জাতিকে। ইহা হইবে মর্মন্তুদ শাস্তি।	

	رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ إِنَّا مُؤْمِنُونَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	রাব্বানাক্‌শিফ্ ‘আন্নাল্ ‘আয া-বা ইন্না- মু’মিনূন।	
তরজমা	তখন উহারা বলিবে, ‘হে আমাদের প্রতিপালক ! আমাদের হইতে শাস্তি দূর কর, অবশ্যই আমরা ঈমান আনিব।’	
	أَنَّىٰ لَهُمُ الذِّكْرَىٰ وَقَدْ جَاءَهُمْ رَسُولٌ مُبِينٌ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	আন্না-লাহুমুয যি ক্‌রা-ওয়াক াদ্ জা~আহুম্ রাছূলুম মুবীন।	
তরজমা	উহারা কী করিয়া উপদেশ গ্রহণ করিবে ? উহাদের নিকট তো আসিয়াছে স্পষ্ট ব্যাখ্যাতা এক রাসূল ;	
	ثُمَّ تَوَلَّوْا عَنْهُ وَقَالُوا مُعَلَّمٌ مَجْنُونٌ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ছু ম্মা তাওয়াল্লাও ‘আন্‌হু ওয়া ক া-লূ মু‘আল্লামুম মাজনূন।	
তরজমা	অতঃপর উহারা তাহাকে অমান্য করিয়া বলে, ‘সে শিক্ষাপ্রাপ্ত এক পাগল!’	
	إِنَّا كَاشِفُو الْعَذَابِ قَلِيلًا إِنَّكُمْ عَائِدُونَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ইন্না- কা-শিফুল্ ‘আয া-বি ক ালীলান্ ইন্নাকুম্ ‘আ~ইদূন।	
তরজমা	আমি কিছু কালের জন্য শাস্তি রহিত করিব-তোমরা তো তোমাদের পূর্বাবস্থায় ফিরিয়া যাইবে।	
	يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَىٰ ۚ إِنَّا مُنْتَقِمُونَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ইয়াওমা নাব্‌তি শুল্ বাত শাতাল্ কুব্‌রা- (ج) ইন্না-মুংতাকি মূন।	
তরজমা	যেদিন আমি তোমাদেরকে প্রবলভাবে পাকড়াও করিব, সেদিন নিশ্চয়ই আমি তোমাদেরকে শাস্তি দিবই।	
	وَلَقَدْ فَتَنَّا قَبْلَهُمْ قَوْمَ فِرْعَوْنَ وَجَاءَهُمْ رَسُولٌ كَرِيمٌ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ্ ফাতান্না- ক াব্‌লাহুম্ ক াওমা ফির্‘আওনা ওয়া জা~আহুম্ রাছূলুং কারীম।	
তরজমা	ইহাদের পূর্বে আমি তো ফির‘আওন সম্প্রদায়কে পরীক্ষা করিয়াছিলাম এবং উহাদের নিকটও আসিয়াছিল এক সম্মানিত রাসূল,	
	أَنْ أَدُّوا إِلَيَّ عِبَادَ اللَّهِ ۖ إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	আন্ আদ্দূ~ ইলাইইয়া ‘ইবা-দাল্লা-হি (ط) ইন্নী লাকুম্ রাছূলুন্ আমীন।	
তরজমা	সে বলিল, ‘আল্লাহ্‌র বান্দাদেরকে আমার নিকট প্রত্যর্পণ কর। আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।	

	وَّاَنْ لَّا تَعْلُوْا عَلَى اللّٰهِ ۚ اِنِّيْۤ اٰتِيْكُمْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ۚ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া আল্লা-তা‘লূ ‘আল্লাল্লা-হি (ج) ইন্নী˜ আ-তীকুম্ বিছুল্‌ত˙া-নিম মুবীন্।	
তরজমা	‘এবং তোমরা আল্লাহ্‌র বিরুদ্ধে ঔদ্ধত্য প্রকাশ করিও না, আমি তোমাদের নিকট উপস্থিত করিতেছি স্পষ্ট প্রমাণ।	
	وَاِنِّيْ عُذْتُ بِرَبِّيْ وَرَبِّكُمْ اَنْ تَرْجُمُوْنِ ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নী ‘উয্˙তু বিরাব্বী ওয়া রাব্বিকুম্ আং তার্‌জুমূন।	
তরজমা	‘তোমরা যাহাতে আমাকে প্রস্তরাঘাতে হত্যা করিতে না পার, তজ্জন্য আমি আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালকের শরণ লইতেছি।	
	وَاِنْ لَّمْ تُؤْمِنُوْا لِيْ فَاعْتَزِلُوْنِ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া ইল্লাম্ তু’মিনূলী ফা‘তাঝিলূন।	
তরজমা	‘যদি তোমরা আমার কথায় বিশ্বাস স্থাপন না কর, তবে তোমরা আমার নিকট হইতে দূরে থাক।’	
	فَدَعَا رَبَّهٗۤ اَنَّ هٰۤؤُلَآءِ قَوْمٌ مُّجْرِمُوْنَ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	ফাদা‘আ- রাব্বাহূ˜ আন্না হা˜উলা~ই ক˙াওমুম্ মুজরিমূন।	
তরজমা	অতঃপর মূসা তাহার প্রতিপালকের নিকট নিবেদন করিল, ‘ইহারা তো এক অপরাধী সম্প্রদায়।’	
	فَاَسْرِ بِعِبَادِيْ لَيْلًا اِنَّكُمْ مُّتَّبَعُوْنَ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	ফাআছ্‌রি বি‘ইবা-দী লাইলান্ ইন্নাকুম্ মুত্তাবা‘ঊন।	
তরজমা	আমি বলিয়াছিলাম, ‘তুমি আমার বান্দাদেরকে লইয়া রজনীযোগে বাহির হইয়া পড়, তোমাদের পশ্চাদ্ধাবন করা হইবেই।’	
	وَاتْرُكِ الْبَحْرَ رَهْوًا ؕ اِنَّهُمْ جُنْدٌ مُّغْرَقُوْنَ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়াত্‌রুকিল্ বাহ˙রা রাহ্‌ওয়া- (ط) ইন্নাহুম্ জুন্‌দুম্ মুগ্‌রাক˙ূন।	
তরজমা	সমুদ্রকে স্থির থাকিতে দাও, উহারা এমন এক বাহিনী যাহা নিমজ্জিত হইবেই।	
	كَمْ تَرَكُوْا مِنْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	কাম্ তারাকূ মিং জান্না-তিওঁ ওয়া ‘উইয়ূন।	
তরজমা	উহারা পশ্চাতে রাখিয়া গিয়াছিল কত উদ্যান ও প্রস্রবণ;	
	وَّزُرُوْعٍ وَّمَقَامٍ كَرِيْمٍ ﴿۲۶﴾	26

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ঝুরূ‘ইওঁ ওয়া মাক্বা-মিং কারীম।	
তরজমা	কত শস্যক্ষেত্র ও সুরম্য প্রাসাদ,	
	وَّنَعْمَةٍ كَانُوْا فِيْهَا فٰكِهِيْنَ ۝٢٧	**27**
প্রতিবর্ণায়ন	ওয়া না‘মাতিং কা-নূ ফীহা- ফা-কিহীন।	
তরজমা	কত বিলাস-উপকরণ, উহাতে তাহারা আনন্দ পাইত!	
	كَذٰلِكَ ۚ وَاَوْرَثْنٰهَا قَوْمًا اٰخَرِيْنَ ۝٢٨	**28**
প্রতিবর্ণায়ন	কায্বা-লিকা (قف) ওয়া আওরাছ্না-হা- ক্বাওমান্ আ-খারীন।	
তরজমা	এইরূপই ঘটিয়াছিল এবং আমি এই সমুদয়ের উত্তরাধিকারী করিয়াছিলাম ভিন্ন সম্প্রদায়কে।	
	فَمَا بَكَتْ عَلَيْهِمُ السَّمَآءُ وَالْاَرْضُ وَمَا كَانُوْا مُنْظَرِيْنَ ۝٢٩	**29**
প্রতিবর্ণায়ন	ফামা-বাকাত্ ‘আলাইহিমুছ্ ছামা~উ ওয়াল্ আর্দু ওয়ামা- কা-নূ মুংজ্বারীন।	
তরজমা	আকাশ এবং পৃথিবী কেহই উহাদের জন্যে অশ্রুপাত করে নাই এবং উহাদেরকে অবকাশও দেওয়া হয় নাই।	
	وَلَقَدْ نَجَّيْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ مِنَ الْعَذَابِ الْمُهِيْنِ ۝٣٠	**30**
প্রতিবর্ণায়ন	ওয়ালাক্বাদ্ নাজ্জাইনা- বানী~ ইছ্রা~ঈলা মিনাল্ ‘আয্বা-বিল্ মুহীন।	
তরজমা	আমি তো উদ্ধার করিয়াছিলাম বনী ইসরাঈলকে লাঞ্ছনাদায়ক শাস্তি হইতে	
	مِنْ فِرْعَوْنَ ؕ اِنَّهٗ كَانَ عَالِيًا مِّنَ الْمُسْرِفِيْنَ ۝٣١	**31**
প্রতিবর্ণায়ন	মিং ফির্‘আওনা (ط) ইন্নাহূ কা-না ‘আ-লিয়াম্মিনাল মুছ্রিফীন।	
তরজমা	ফির‘আওনের; সে তো ছিল পরাক্রান্ত সীমালংঘনকারীদের মধ্যে।	
	وَلَقَدِ اخْتَرْنٰهُمْ عَلٰى عِلْمٍ عَلَى الْعٰلَمِيْنَ ۝٣٢	**32**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক্বাদিখ্তার্না-হুম্ ‘আলা- ‘ইলমিন্ ‘আলাল্ ‘আ-লামীন।	
তরজমা	আমি তো জানিয়া-শুনিয়াই উহাদেরকে বিশ্বে শ্রেষ্ঠত্ব দিয়াছিলাম,	
	وَاٰتَيْنٰهُمْ مِّنَ الْاٰيٰتِ مَا فِيْهِ بَلٰٓؤٌا مُّبِيْنٌ ۝٣٣	**33**
প্রতিবর্ণায়ন	ওয়া আ-তাইনা-হুম্ মিনাল্ আ-য়া-তি মা-ফীহি বালা~উম মুবীন।	
তরজমা	এবং উহাদেরকে দিয়াছিলাম নিদর্শনাবলী, যাহাতে ছিল সুস্পষ্ট পরীক্ষা;	
	اِنَّ هٰٓؤُلَآءِ لَيَقُوْلُوْنَ ۝٣٤	**34**
প্রতিবর্ণায়ন	ইন্না হা~উলা~ই লাইয়াক্বূলূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহারা বলিয়াই থাকে,	
	إِنْ هِيَ إِلَّا مَوْتَتُنَا الْأُولَىٰ وَمَا نَحْنُ بِمُنْشَرِينَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ইন্ হিয়া ইল্লা- মাওতাতুনাল্ ঊলা- ওয়ামা- নাহ্ নু বিমুংশারীন।	
তরজমা	'আমাদের প্রথম মৃত্যু ব্যতীত আর কিছুই নাই এবং আমরা আর উত্থিত হইব না।	
	فَأْتُوا بِآبَائِنَا إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ফা'তূ বিআ-বা~ইনা~ ইং কুংতুম্ সা-দিক্ ীন।	
তরজমা	'অতএব তোমরা যদি সত্যবাদী হও তবে আমাদের পূর্বপুরুষদেরকে উপস্থিত কর।'	
	أَهُمْ خَيْرٌ أَمْ قَوْمُ تُبَّعٍ ۙ وَالَّذِينَ مِنْ قَبْلِهِمْ ۚ أَهْلَكْنَاهُمْ ۖ إِنَّهُمْ كَانُوا مُجْرِمِينَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	আহুম্ খাইরুন্ আম্ ক্ াওমু তুব্বা'ইওঁ (ۙ) ওয়াল্লায ীনা মিং ক্ াব্লিহিম্ (ط) আহ্লাক্না-হুম্ (ز) ইন্নাহুম্ কা-নূ মুজরিমীন।	
তরজমা	শ্রেষ্ঠ কি উহারা, না তুব্বা সম্প্রদায় ও ইহাদের পূর্ববর্তীরা ? আমি উহাদেরকে ধ্বংস করিয়াছিলাম, অবশ্যই উহারা ছিল অপরাধী।	
	وَمَا خَلَقْنَا السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا لَاعِبِينَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়ামা- খালাক্ নাছছামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্ া ওয়ামা বাইনাহুমা- লা-'ইবীন।	
তরজমা	আমি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের মধ্যে কোন কিছুই ক্রীড়াচ্ছলে সৃষ্টি করি নাই;	
	مَا خَلَقْنَاهُمَا إِلَّا بِالْحَقِّ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	মা-খালাক্ না-হুমা~ ইল্লা বিল্হ্ াক্কি ওয়ালা-কিন্না আক্ছ্ ারাহুম্ লা-ইয়া'লামূন।	
তরজমা	আমি এই দুইটি অযথা সৃষ্টি করি নাই, কিন্তু উহাদের অধিকাংশই ইহা জানে না।	
	إِنَّ يَوْمَ الْفَصْلِ مِيقَاتُهُمْ أَجْمَعِينَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ইন্না ইয়াওমাল্ ফাসলি মীক্ া-তুহুম্ আজমা'ঈন।	
তরজমা	নিশ্চয়ই সকলের জন্য নির্ধারিত রহিয়াছে উহাদের বিচার দিবস।	
	يَوْمَ لَا يُغْنِي مَوْلًى عَنْ مَوْلًى شَيْئًا وَلَا هُمْ يُنْصَرُونَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ইয়াওমা লা-ইউগনী মাওলান্ 'আম মাওলাং শাইআওঁ ওয়ালা-হুম্ ইউংসারূন।	
তরজমা	সেদিন এক বন্ধু অপর বন্ধুর কোন কাজে আসিবে না এবং উহারা সাহায্যও পাইবে না।	
	إِلَّا مَنْ رَحِمَ اللَّهُ ۚ إِنَّهُ هُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿٤٢﴾	42

প্রতিবর্ণায়ন	ইল্লা–মার্‌রাহি ̇মাল্লা–হু (ط) ইন্নাহূ হুওয়াল্ ‘আঝীঝুর রাহ ̇ীম।	
তরজমা	তবে আল্লাহ্ যাহার প্রতি দয়া করেন তাহার কথা স্বতন্ত্র। তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	اِنَّ شَجَرَتَ الزَّقُّوْمِ ۝	43
প্রতিবর্ণায়ন	ইন্না শাজারাতাঝ্‌ঝাক্কূ ̇ম্।	
তরজমা	নিশ্চয়ই যাক্কুম বৃক্ষ হইবে–	
	طَعَامُ الْاَثِيْمِ ۝	44
প্রতিবর্ণায়ন	ত ̇া‘আ–মুল আছ ̇ীম।	
তরজমা	পাপীর খাদ্য;	
	كَالْمُهْلِ ۚ يَغْلِيْ فِي الْبُطُوْنِ ۝	45
প্রতিবর্ণায়ন	কাল্‌মুহ্‌লি (مع) ইয়াগলী ফিল্‌বুতূ ̇ন।	
তরজমা	গলিত তাম্রের মত, উহাদের উদরে ফুটিতে থাকিবে	
	كَغَلْيِ الْحَمِيْمِ ۝	46
প্রতিবর্ণায়ন	কাগাল্‌ইল্ হ ̇ামীম।	
তরজমা	ফুটন্ত পানির মত।	
	خُذُوْهُ فَاعْتِلُوْهُ اِلٰى سَوَآءِ الْجَحِيْمِ ۝	47
প্রতিবর্ণায়ন	খুযূ ̇হু ফা‘তিলূহু ইলা–ছাওয়া~ইল্ জাহ ̇ীম।	
তরজমা	উহাকে ধর এবং টানিয়া লইয়া যাও জাহান্নামের মধ্যস্থলে,	
	ثُمَّ صُبُّوْا فَوْقَ رَاْسِهٖ مِنْ عَذَابِ الْحَمِيْمِ ۝	48
প্রতিবর্ণায়ন	ছু ̇ম্মা সুব্বূ ফাওক ̇া রা’ছিহী মিন্ ‘আয ̇া–বিল্ হ ̇ামীম।	
তরজমা	অতঃপর উহার মস্তকের উপর ফুটন্ত পানি ঢালিয়া শাস্তি দাও–	
	ذُقْ ۚ اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْكَرِيْمُ ۝	49
প্রতিবর্ণায়ন	যু ̇ক্ ̇ (ج) ইন্নাকা আংতাল্ ‘আঝীঝুল কারীম।	
তরজমা	এবং বলা হইবে ‘আস্বাদ গ্রহণ কর, তুমি তো ছিলে সম্মানিত, অভিজাত!	
	اِنَّ هٰذَا مَا كُنْتُمْ بِهٖ تَمْتَرُوْنَ ۝	50
প্রতিবর্ণায়ন	ইন্না হা–য ̇া–মা– কুংতুম্ বিহী তাম্‌তারূন।	
তরজমা	‘ইহা তো উহাই, যে বিষয়ে তোমরা সন্দেহ করিতে।’	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّ الْمُتَّقِينَ فِي مَقَامٍ أَمِينٍ ۝٥١	51
প্রতিবর্ণায়ন	ইন্নাল্ মুত্তাক্বীনা ফী মাক্বা-মিন্ আমীন্।	
তরজমা	মুত্তাকীরা তো থাকিবে নিরাপদ স্থানে-	
	فِي جَنَّاتٍ وَعُيُونٍ ۝٥٢	52
প্রতিবর্ণায়ন	ফী জান্না-তিওঁ ওয়া 'উইউন।	
তরজমা	উদ্যান ও ঝর্ণার মাঝে,	
	يَلْبَسُونَ مِنْ سُندُسٍ وَإِسْتَبْرَقٍ مُّتَقَابِلِينَ ۝٥٣	53
প্রতিবর্ণায়ন	ইয়াল্বাছূনা মিং ছুংদুছিওঁ ওয়া ইছ্তাব্রাক্বিম মুতাক্বা-বিলীন।	
তরজমা	তাহারা পরিধান করিবে মিহি ও পুরু রেশমী বস্ত্র এবং মুখোমুখি হইয়া বসিবে।	
	كَذَٰلِكَ وَزَوَّجْنَاهُم بِحُورٍ عِينٍ ۝٥٤	54
প্রতিবর্ণায়ন	কাযা-লিকা (قف) ওয়া ঝাওওয়াজনা-হুম্ বিহূরিন্ 'ঈন্।	
তরজমা	এইরূপই ঘটিবে; আমি উহাদেরকে সঙ্গিনী দান করিব আয়তলোচনা হূর,	
	يَدْعُونَ فِيهَا بِكُلِّ فَاكِهَةٍ آمِنِينَ ۝٥٥	55
প্রতিবর্ণায়ন	ইয়াদ্'উনা ফীহা-বিকুল্লি ফা-কিহাতিন আ-মিনীন।	
তরজমা	সেথায় তাহারা প্রশান্ত চিত্তে বিবিধ ফলমূল আনিতে বলিবে।	
	لَا يَذُوقُونَ فِيهَا الْمَوْتَ إِلَّا الْمَوْتَةَ الْأُولَىٰ ۖ وَوَقَاهُمْ عَذَابَ الْجَحِيمِ ۝٥٦	56
প্রতিবর্ণায়ন	লা-ইয়াযূক্বূনা ফীহাল্ মাওতা ইল্লাল্ মাওতাতাল্ ঊলা- (ج) ওয়া ওয়াক্বা-হুম্ 'আযা-বাল্ জাহীম।	
তরজমা	প্রথম মৃত্যুর পর তাহারা সেখানে আর মৃত্যু আস্বাদন করিবে না। আর তাহাদেরকে জাহান্নামের শাস্তি হইতে রক্ষা করিবেন-	
	فَضْلًا مِّن رَّبِّكَ ۚ ذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ ۝٥٧	57
প্রতিবর্ণায়ন	ফাদ্লাম মির্ রাব্বিকা (ط) যা-লিকা হুওয়াল্ ফাওঝুল্ 'আজীম।	
তরজমা	তোমার প্রতিপালক নিজ অনুগ্রহে। ইহাই তো মহাসাফল্য।	
	فَإِنَّمَا يَسَّرْنَاهُ بِلِسَانِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ۝٥٨	58
প্রতিবর্ণায়ন	ফাইন্নামা- ইয়াছ্ছার্না-হু বিলিছা-নিকা লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন।	
তরজমা	আমি তো তোমার ভাষায় কুরআনকে সহজ করিয়া দিয়াছি, যাহাতে উহারা উপদেশ গ্রহণ করে।	

	فَارْتَقِبْ اِنَّهُمْ مُّرْتَقِبُوْنَ ۝٥٩	59
প্রতিবর্ণায়ন	ফারতাকি'ব্ ইন্নাহুম্ মুরতাকি'বূন।	
তরজমা	সুতরাং তুমি প্রতীক্ষা কর, উহারাও প্রতীক্ষমাণ।	

45 - Al-Jathiyah-জাসিয়া -الجاثية

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	حٰمٓ ۝١	1
প্রতিবর্ণায়ন	হা-মী~ম্।	
তরজমা	হা-মীম।	
	تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ۝٢	2
প্রতিবর্ণায়ন	তাংঝীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আঝীঝিল্ হা'কীম।	
তরজমা	এই কিতাব পরাক্রমশালী, প্রজ্ঞাময় আল্লাহ্‌র নিকট হইতে অবতীর্ণ।	
	اِنَّ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَاٰيٰتٍ لِّلْمُؤْمِنِيْنَ ۝٣	3
প্রতিবর্ণায়ন	ইন্না ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি' লাআ-য়া-তিল্ লিল্মু'মিনীন।	
তরজমা	নিশ্চয়ই আকাশমণ্ডলী ও পৃথিবীতে নিদর্শন রহিয়াছে মু'মিনদের জন্য।	
	وَفِيْ خَلْقِكُمْ وَمَا يَبُثُّ مِنْ دَآبَّةٍ اٰيٰتٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়াফী খালকি'কুম ওয়ামা- ইয়াবুছ্'ছু মিং দা~ব্বাতিন্ আ-য়া-তুল লিক'াওমিঁই ইউকি'নূন।	
তরজমা	তোমাদের সৃজনে এবং জীবজন্তুর বিস্তারে নিদর্শন রহিয়াছে নিশ্চিত বিশ্বাসীদের জন্য;	
	وَاخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ وَمَآ اَنْزَلَ اللّٰهُ مِنَ السَّمَآءِ مِنْ رِّزْقٍ فَاَحْيَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا وَتَصْرِيْفِ الرِّيٰحِ اٰيٰتٌ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۝٥	5
প্রতিবর্ণায়ন	ওয়াখ্তিলা- ফিল্লাইলি ওয়া ন্নাহা-রি ওয়ামা~আংঝালাল্লা-হু মিনাছ্ ছামা~ই মির্ রিঝকি'ং ফাআহ'ইয়া- বিহিল্ আর্দ'া বা'দা মাওতিহা- ওয়া তাসরীফির্ রিয়া-হি' আ-য়া-তুল্ লিক'াওমিঁই ইয়া'কি'লূন।	
তরজমা	নিদর্শন রহিয়াছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য, রাত্রি ও দিবসের পরিবর্তনে এবং আল্লাহ্ আকাশ হইতে যে বারি বর্ষণ দ্বারা ধরিত্রীকে উহার মৃত্যুর পর পুনর্জীবিত করেন তাহাতে ও বায়ুর পরিবর্তনে।	
	تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ۚ فَبِاَيِّ حَدِيْثٍ بَعْدَ اللّٰهِ وَاٰيٰتِهٖ يُؤْمِنُوْنَ ۝٦	6

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	তিল্‌কা আ–য়া–তুল্লা–হি নাত্‌লূহা– ‘আলাইকা বিল্‌হ াক্কি ফাবিআইয়ি হ াদীছি ম্‌ বা‘দাল্লা–হি ওয়া আ–য়া–তিহী ইউ’মিনূন।	
তরজমা	এইগুলি আল্লাহ্‌র আয়াত, যাহা আমি তোমার নিকট তিলাওয়াত করিতেছি যথাযথভাবে। সুতরাং আল্লাহ্‌র এবং তাঁহার আয়াতের পরিবর্তে উহারা আর কোন্‌ বাণীতে বিশ্বাস করিবে ?	
	وَيْلٌ لِّكُلِّ اَفَّاكٍ اَثِيْمٍ ۙ	**7**
প্রতিবর্ণায়ন	ওয়াইলুল্লি কুল্লি আফ্‌ফা–কিন্‌ আছ ীম্‌।	
তরজমা	দুর্ভোগ প্রত্যেক ঘোর মিথ্যাবাদী পাপীর,	
	يَّسْمَعُ اٰيٰتِ اللّٰهِ تُتْلٰى عَلَيْهِ ثُمَّ يُصِرُّ مُسْتَكْبِرًا كَاَنْ لَّمْ يَسْمَعْهَا ۚ فَبَشِّرْهُ بِعَذَابٍ اَلِيْمٍ	**8**
প্রতিবর্ণায়ন	ইয়াছ্‌মা‘উ আ–য়া–তিল্লা–হি তুত্‌লা–‘আলাইহি ছু ম্মা ইউসির্‌রু মুছ্‌তাক্‌বিরাং কাআল্লাম্‌ ইয়াছ্‌মা‘হা– (ج) ফাবাশ্‌শির্‌হু বি‘আয া–বিন্‌ আলীম।	
তরজমা	যে আল্লাহ্‌র আয়াতসমূহের তিলাওয়াত শুনে অথচ ঔদ্ধত্যের সঙ্গে অটল থাকে যেন সে উহা শুনে নাই। উহাকে সংবাদ দাও মর্মন্তুদ শাস্তির;	
	وَاِذَا عَلِمَ مِنْ اٰيٰتِنَا شَيْـًٔا ۨاتَّخَذَهَا هُزُوًا ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ؕ	**9**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া– ‘আলিমা মিন্‌ আ–য়া–তিনা– শাইআনিত্তাখায াহা– হুঝুওয়া– (ط) উলা~ইকা লাহুম্‌ ‘আয া–বুম মুহীন।	
তরজমা	যখন আমার কোন আয়াত সে অবগত হয় তখন উহা লইয়া পরিহাস করে। উহাদের জন্য রহিয়াছে লাঞ্ছনাদায়ক শাস্তি।	
	مِنْ وَّرَآئِهِمْ جَهَنَّمُ ۚ وَلَا يُغْنِيْ عَنْهُمْ مَّا كَسَبُوْا شَيْـًٔا وَّلَا مَا اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اَوْلِيَآءَ ۚ وَلَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ؕ	**10**
প্রতিবর্ণায়ন	মিওঁ ওয়ারা~ইহিম্‌ জাহান্নামু (ج) ওয়ালা– ইউগ্‌নী ‘আন্‌হুম্‌ মা–কাছাবূ শাইআওঁ ওয়ালা– মাত্তাখায ূ মিং দূনিল্লা–হি আওলিয়া~আ (ج) ওয়া লাহুম্‌ ‘আয া–বুন্‌ ‘আজ ীম।	
তরজমা	উহাদের পশ্চাতে রহিয়াছে জাহান্নাম; উহাদের কৃতকর্ম উহাদের কোন কাজে আসিবে না, উহারা আল্লাহ্‌র পরিবর্তে যাহাদেরকে অভিভাবক স্থির করিয়াছে উহারাও নহে। উহাদের জন্য রহিয়াছে মহাশাস্তি।	
	هٰذَا هُدًى ۚ وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ لَهُمْ عَذَابٌ مِّنْ رِّجْزٍ اَلِيْمٌ	**11**
প্রতিবর্ণায়ন	হা–য া– হুদাওঁ (ج) ওয়াল্লায ীনা কাফারূ বিআ–য়া–তি রাব্বিহিম্‌ লাহুম্‌ ‘আয া–বুম মির্‌ রিজ্‌ঝিন্‌ আলীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এই কুরআন সৎপথের দিশারী; যাহারা তাহাদের প্রতিপালকের নিদর্শনাবলী প্রত্যাখ্যান করে, উহাদের জন্য রহিয়াছে অতিশয় মর্মন্তুদ শাস্তি।	
	اَللّٰهُ الَّذِیْ سَخَّرَ لَكُمُ الْبَحْرَ لِتَجْرِیَ الْفُلْكُ فِیْهِ بِاَمْرِهٖ وَ لِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	আল্লা-হুল্লায ী ছাখ্খারা লাকুমুল্ বাহ রা লিতাজরিয়াল্ ফুল্কু ফীহি বিআম্রিহী ওয়ালিতাব্তাগূ মিং ফাদ লিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্কুরূন।	
তরজমা	আল্লাহ্ই তো সমুদ্রকে তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন, যাহাতে তাঁহার আদেশে উহাতে নৌযানসমূহ চলাচল করিতে পারে ও যাহাতে তোমরা তাঁহার অনুগ্রহ অনুসন্ধান করিতে পার এবং যেন তোমরা তাঁহার প্রতি কৃতজ্ঞ হও।	
	وَ سَخَّرَ لَكُمْ مَّا فِی السَّمٰوٰتِ وَ مَا فِی الْاَرْضِ جَمِیْعًا مِّنْهُ ؕ اِنَّ فِیْ ذٰلِكَ لَاٰیٰتٍ لِّقَوْمٍ یَّتَفَكَّرُوْنَ ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ওয়া ছাখ্খারা লাকুম্ মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল্ আর্দি জামী'আম্ মিন্হু (ط) ইন্না ফী য া-লিকা লাআ-য়া-তিল্লিক াওমিইঁ ইয়াতাফাক্কারূন।	
তরজমা	আর তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন আকাশমণ্ডলী ও পৃথিবীর সমস্ত কিছু নিজ অনুগ্রহে, চিন্তাশীল সম্প্রদায়ের জন্য ইহাতে তো রহিয়াছে নিদর্শন।	
	قُلْ لِّلَّذِیْنَ اٰمَنُوْا یَغْفِرُوْا لِلَّذِیْنَ لَا یَرْجُوْنَ اَیَّامَ اللّٰهِ لِیَجْزِیَ قَوْمًۢا بِمَا كَانُوْا یَكْسِبُوْنَ ۝١٤	14
প্রতিবর্ণায়ন	কু ল্ লিল্লায ীনা আ-মানূ ইয়াগফিরূ লিল্লায ীনা লা-ইয়ারজূনা আইয়া-মাল্লা-হি লিইয়াজঝিয়া ক াওমাম বিমা- কা-নূ ইয়াক্ছিবূন।	
তরজমা	মু'মিনদেরকে বল, 'তাহারা যেন ক্ষমা করে উহাদেরকে, যাহারা আল্লাহ্র দিবসগুলির প্রত্যাশা করে না। ইহা এইজন্য যে, আল্লাহ্ প্রত্যেক সম্প্রদায়কে তাহার কৃতকর্মের জন্য প্রতিদান দিবেন।'	
	مَنْ عَمِلَ صَالِحًا فَلِنَفْسِهٖ ۚ وَ مَنْ اَسَآءَ فَعَلَیْهَا ؗ ثُمَّ اِلٰی رَبِّكُمْ تُرْجَعُوْنَ ۝١٥	15
প্রতিবর্ণায়ন	মান্ 'আমিলা সা-লিহ াং ফালিনাফ্ছিহী (ج) ওয়ামান্ আছা~আ ফা'আলাইহা- (ز) ছু ম্মা ইলা- রাব্বিকুম্ তুর্জা'উন।	
তরজমা	যে সৎকর্ম করে সে তাহার কল্যাণের জন্যই উহা করে এবং কেহ মন্দ কর্ম করিলে উহার প্রতিফল সে-ই ভোগ করিবে, অতঃপর তোমরা তোমাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তিত হইবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَقَدْ اٰتَيْنَا بَنِىْٓ اِسْرَآءِيْلَ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ وَرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ وَفَضَّلْنٰهُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ আ–তাইনা– বানী˜ ইছ্‌রা~ঈলাল্ কিতা–বা ওয়াল্ হু'ক্‌মা ওয়ান্ নুবুওওয়াতা ওয়া রাঝাক'না–হুম্ মিনাত্ত'াইয়িবা–তি ওয়া ফাদ্দ'াল্‌না–হুম্ 'আলাল্ 'আ–লামীন।	
তরজমা	আমি তো বনী ইসরাঈলকে কিতাব, কর্তৃত্ব ও নবুওয়াত দান করিয়াছিলাম এবং উহাদেরকে উত্তম জীবনোপকরণ দিয়াছিলাম এবং দিয়াছিলাম শ্রেষ্ঠত্ব বিশ্বজগতের উপর।	
	وَاٰتَيْنٰهُمْ بَيِّنٰتٍ مِّنَ الْاَمْرِ ۚ فَمَا اخْتَلَفُوْٓا اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَهُمُ الْعِلْمُ ۙ بَغْيًۢا بَيْنَهُمْ ؕ اِنَّ رَبَّكَ يَقْضِىْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়া আ–তাইনা–হুম্ বাইয়িনা–তিম মিনাল্ আম্‌রি (ج) ফামাখ্ তালাফূ˜ ইল্লা–মিম্ বা'দি মা–জা~আহুমুল্ 'ইল্‌মু (لا) বাগ্‌ইয়াম্ বাইনাহুম্ (ط) ইন্না রাব্বাকা ইয়াক'দ'ী বাইনাহুম্ ইয়াওমাল্ কি'য়া–মাতি ফীমা– কা–নূ ফীহি ইয়াখ্‌তালিফূন।	
তরজমা	আমি উহাদেরকে সুস্পষ্ট প্রমাণ দান করিয়াছিলাম দীন সম্পর্কে। উহাদের নিকট জ্ঞান আসিবার পর উহারা শুধু পরস্পর বিদ্বেষবশত বিরোধিতা করিয়াছিল। উহারা যে বিষয়ে মতবিরোধ করিত, তোমার প্রতিপালক কিয়ামতের দিন উহাদের মধ্যে সে বিষয়ে ফয়সালা করিয়া দিবেন।	
	ثُمَّ جَعَلْنٰكَ عَلٰى شَرِيْعَةٍ مِّنَ الْاَمْرِ فَاتَّبِعْهَا وَلَا تَتَّبِعْ اَهْوَآءَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা জা'আল্‌না–কা 'আলা– শারী'আতিম মিনাল্ আম্‌রি ফাত্তাবি'হা– ওয়ালা–তাত্তাবি' আহ্‌ওয়া~আল্লায'ীনা লা–ইয়া'লামূন।	
তরজমা	ইহার পর আমি তোমাকে প্রতিষ্ঠিত করিয়াছি দীনের বিশেষ বিধানের উপর; সুতরাং তুমি উহার অনুসরণ কর, অজ্ঞদের খেয়াল-খুশির অনুসরণ করিও না।	
	اِنَّهُمْ لَنْ يُّغْنُوْا عَنْكَ مِنَ اللّٰهِ شَيْـًٔا ؕ وَاِنَّ الظّٰلِمِيْنَ بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ۚ وَاللّٰهُ وَلِيُّ الْمُتَّقِيْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম্ লাইঁ ইউগ্‌নূ 'আংকা মিনাল্লা–হি শাইআওঁ (ط) ওয়া ইন্নাজ্‌'া–লিমীনা বা'দ'ুহুম্ আওলিয়া~উ বা'দি'ওঁ (ج) ওয়াল্লা–হু ওয়ালিইয়ুল্ মুত্তাক'ীন।	
তরজমা	আল্লাহ্‌র মুকাবিলায় উহারা তোমার কোনই উপকার করিতে পারিবে না; জালিমরা তো একে অপরের বন্ধু ; আর আল্লাহ্ মুত্তাকীদের বন্ধু।	

	هٰذَا بَصَآئِرُ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	হা-য া- বাসা~ইরু লিন্না-ছি ওয়া হুদাওঁ ওয়া রাহ মাতুল লিক াওমিইঁ ইউকি নূন।	
তরজমা	এই কুরআন মানবজাতির জন্য সুস্পষ্ট দলীল এবং নিশ্চিত বিশ্বাসী সম্প্রদায়ের জন্য পথনির্দেশ ও রহমত।	
	اَمْ حَسِبَ الَّذِيْنَ اجْتَرَحُوا السَّيِّاٰتِ اَنْ نَّجْعَلَهُمْ كَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ سَوَآءً مَّحْيَاهُمْ وَمَمَاتُهُمْ ؕ سَآءَ مَا يَحْكُمُوْنَ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	আম্ হ াছিবাল্লায ীনাজ তারাহু ছ্ ছাইয়িআ-তি আন নাজ'আলাহুম্ কাল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ া-তি (ۙ) ছাওয়া~আম মাহ ইয়া-হুম্ ওয়া মামা-তুহুম্ (ط) ছাআ~মা-ইয়াহ কুমূন।	
তরজমা	দুষ্কৃতিকারীরা কি মনে করে যে, আমি জীবন ও মৃত্যুর দিক দিয়া উহাদেরকে তাহাদের সমান গণ্য করিব, যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে ? উহাদের সিদ্ধান্ত কত মন্দ !	
	وَخَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ وَلِتُجْزٰى كُلُّ نَفْسٍۭ بِمَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	ওয়া খালাক াল্লা-হুছ্ ছামা-ওয়াতি ওয়াল্ আর্দ া বিল্হ াক্বি ওয়া লিতুজঝা- কুল্লু নাফ্ছিম্ বিমা- কাছাবাত ওয়া হুম্ লা- ইউজ লামূন।	
তরজমা	আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন যথাযথভাবে এবং যাহাতে প্রত্যেক ব্যক্তিকে তাহার কর্মানুযায়ী ফল দেওয়া যাইতে পারে আর তাহাদের প্রতি জুলুম করা হইবে না।	
	اَفَرَءَيْتَ مَنِ اتَّخَذَ اِلٰهَهٗ هَوٰىهُ وَاَضَلَّهُ اللّٰهُ عَلٰى عِلْمٍ وَّخَتَمَ عَلٰى سَمْعِهٖ وَقَلْبِهٖ وَجَعَلَ عَلٰى بَصَرِهٖ غِشٰوَةً ؕ فَمَنْ يَّهْدِيْهِ مِنْۢ بَعْدِ اللّٰهِ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	আফারাআইতা মানিত্তাখায া ইলা-হাহূ হাওয়া-হু ওয়া আদ াল্লাহুল্লা-হু 'আলা-'ইল্মিওঁ ওয়াখাতামা 'আলা- ছাম্'ইহী ওয়া ক ালবিহী ওয়া জা'আলা 'আলা- বাসারিহী গিশা-ওয়াতাং (ط) ফামাইঁ ইয়াহ্দীহি মিম্ বা'দিল্লা-হি (ط) আফালা- তায াক্কারূন।	
তরজমা	তুমি কি লক্ষ্য করিয়াছ তাহাকে, যে তাহার খেয়াল-খুশিকে নিজ ইলাহ্ বানাইয়া লইয়াছে ? আল্লাহ্ জানিয়া-শুনিয়াই উহাকে বিভ্রান্ত করিয়াছেন এবং উহার কর্ণ ও হৃদয় মোহর করিয়া দিয়াছেন এবং উহার চক্ষুর উপর রাখিয়াছেন আবরণ। অতএব আল্লাহ্‌র পরে কে তাহাকে পথনির্দেশ করিবে ? তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ?	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالُوا مَا هِيَ إِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوتُ وَنَحْيَا وَمَا يُهْلِكُنَا إِلَّا الدَّهْرُ ۚ وَمَا لَهُمْ بِذَٰلِكَ مِنْ عِلْمٍ ۖ إِنْ هُمْ إِلَّا يَظُنُّونَ ﴿٢٤﴾	**24**
প্রতিবর্ণায়ন	ওয়া ক˙া–লূ মা–হিয়া ইল্লা– হ˙ায়া–তুনাদ্দুন্ইয়া– নামূতু ওয়া নাহ˙ইয়া– ওয়ামা– ইউহ্লিকুনা˜ ইল্লাদ্দাহ্রু (ج) ওয়ামা– লাহুম্ বিয˙া–লিকা মিন্ ‘ইলমিন্ (ج) ইন্হুম্ ইল্লা– ইয়াজু˙ন্নূন।	
তরজমা	উহারা বলে, ‘একমাত্র পার্থিব জীবনই আমাদের জীবন, আমরা মরি ও বাঁচি আর কালই আমাদেরকে ধ্বংস করে।’ বস্তুত এই ব্যাপারে উহাদের কোন জ্ঞান নাই, উহারা তো কেবল মনগড়া কথা বলে।	
	وَإِذَا تُتْلَىٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ مَا كَانَ حُجَّتَهُمْ إِلَّا أَنْ قَالُوا ائْتُوا بِآبَائِنَا إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٢٥﴾	**25**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয˙া– তুত্লা ‘আলাইহিম্ আ–য়া–তুনা– বাইয়িনা–তিম মা–কা–না হু˙জ্জাতাহুম্ ইল্লা˜ আং ক˙া–লু˙তূ বিআ–বা~ইনা˜ ইং কুংতুম্ সা–দিক˙ীন।	
তরজমা	উহাদের নিকট যখন আমার সুস্পষ্ট আয়াত আবৃত্তি করা হয় তখন উহাদের কোন যুক্তি থাকে না কেবল এই উক্তি ছাড়া যে, তোমরা সত্যবাদী হইলে আমাদের পূর্বপুরুষদেরকে উপস্থিত কর।	
	قُلِ اللَّهُ يُحْيِيكُمْ ثُمَّ يُمِيتُكُمْ ثُمَّ يَجْمَعُكُمْ إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ لَا رَيْبَ فِيهِ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٢٦﴾	**26**
প্রতিবর্ণায়ন	কু˙লিল্লা–হু ইউহ˙ঈকুম্ ছু˙ম্মা ইয়াজমা‘উকুম্ ইলা–ইয়াওমিল্ কি˙য়া–মাতি লা–রাইবা ফীহি ওয়ালা– কিন্না আক্ছ˙ারান্না–ছি লা– ইয়া‘লামূন্।	
তরজমা	বল, ‘আল্লাহ্ই তোমাদেরকে জীবন দান করেন ও তোমাদের মৃত্যু ঘটান। অতঃপর তিনি তোমাদেরকে কিয়ামত দিবসে একত্র করিবেন, যাহাতে কোন সন্দেহ নাই। কিন্তু অধিকাংশ মানুষ তাহা জানে না।’	
	وَلِلَّهِ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ يَوْمَئِذٍ يَخْسَرُ الْمُبْطِلُونَ ﴿٢٧﴾	**27**
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা–হি মুল্কুছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আর্দি˙ (ط) ওয়া ইয়াওমা তাক্˙মুছ্ছা–‘আতু ইয়াওমাইযি˙ইঁ ইয়াখ্ছারুল্ মুব্তি˙লূন।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর আধিপত্য আল্লাহ্রই, যেদিন কিয়ামত সংঘটিত হইবে সেদিন মিথ্যাশ্রয়ীরা হইবে ক্ষতিগ্রস্ত,	
	وَتَرَىٰ كُلَّ أُمَّةٍ جَاثِيَةً ۚ كُلُّ أُمَّةٍ تُدْعَىٰ إِلَىٰ كِتَابِهَا الْيَوْمَ تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُونَ ﴿٢٨﴾	**28**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া তারা–কুল্লা উম্মাতিং জা–ছি`য়াতাং (قف) কুল্লু উম্মাতিং তুদ্‘আ˜ ইলা– কিতা–বিহা– (ط) আল্ইয়াওমা তুজঝাওনা মা– কুংতুম্ তা‘লামূন।	
তরজমা	এবং তুমি প্রত্যেক সম্প্রদায়কে দেখিবে ভয়ে নতজানু, প্রত্যেক সম্প্রদায়কে তাহার আমলনামার প্রতি আহ্বান করা হইবে ও বলা হইবে, ‘আজ তোমাদেরকে তাহারই প্রতিফল দেওয়া হইবে যাহা তোমরা করিতে।	
	هٰذَا كِتٰبُنَا يَنْطِقُ عَلَيْكُمْ بِالْحَقِّ ۭ اِنَّا كُنَّا نَسْتَنْسِخُ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝٢٩	**29**
প্রতিবর্ণায়ন	হা–য`া– কিতা–বুনা– ইয়াংতি`কু` ‘আলাইকুম্ বিল্হ`াক্কি` (ط) ইন্না– কুন্না– নাছ্তাংছিখু মা– কুংতুম্ তা‘মালূন।	
তরজমা	‘এই আমার লিপি, ইহা তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে সত্যভাবে। তোমরা যাহা করিতে তাহা আমি লিপিবদ্ধ করিয়াছিলাম।’	
	فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَيُدْخِلُهُمْ رَبُّهُمْ فِيْ رَحْمَتِهٖ ۭ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْمُبِيْنُ ۝٣٠	**30**
প্রতিবর্ণায়ন	ফাআম্মাল্লায`ীনা আ–মানূ ওয়া ‘আমিলুসসা–লিহ`া–তি ফাইউদ্খিলুহুম্ রাব্বুহুম্ ফী রাহ`মাতিহী (ط) য`া–লিকা হুওয়াল্ ফাওঝুল্ মুবীন।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, তাহাদের প্রতিপালক তাহাদেরকে দাখিল করিবেন স্বীয় রহমতে। ইহাই মহাসাফল্য।	
	وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا ۣ اَفَلَمْ تَكُنْ اٰيٰتِيْ تُتْلٰى عَلَيْكُمْ فَاسْتَكْبَرْتُمْ وَكُنْتُمْ قَوْمًا مُّجْرِمِيْنَ ۝٣١	**31**
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্লায`ীনা কাফারূ (قف) আফালাম্ তাকুন্ আ–য়া–তী তুত্লা– ‘আলাইকুম্ ফাছ্তাক্বারতুম্ ওয়া কুংতুম্ ক`াওমাম মুজরিমীন।	
তরজমা	পক্ষান্তরে, যাহারা কুফরী করে তাহাদেরকে বলা হইবে, ‘তোমাদের নিকট কি আমার আয়াতসমূহ পাঠ করা হয় নাই ? কিন্তু তোমরা ঔদ্ধত্য প্রকাশ করিয়াছিলে এবং তোমরা ছিলে এক অপরাধী সম্প্রদায়।’	
	وَاِذَا قِيْلَ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّالسَّاعَةُ لَا رَيْبَ فِيْهَا قُلْتُمْ مَّا نَدْرِيْ مَا السَّاعَةُ ۙ اِنْ نَّظُنُّ اِلَّا ظَنًّا وَّمَا نَحْنُ بِمُسْتَيْقِنِيْنَ ۝٣٢	**32**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয`া– ক`ীলা ইন্না ওয়া‘দাল্লা–হি হ`াক্কু`ওঁ ওয়াছ্ছা–‘আতু লা– রাইবা ফীহা– কু`ল্তুম্ মা– নাদ্‌রী মাছ্ ছা–‘আতু (ۙ) ইং নাজু`ন্নু ইল্লা– জ`ান্নাওঁ ওয়ামা– নাহ`নু বিমুছ্তাইকি`নীন।	
তরজমা	যখন বলা হয়, ‘আল্লাহ্র প্রতিশ্রুতি তো সত্য, এবং কিয়ামত–ইহাতে কোন সন্দেহ নাই, তখন তোমরা বলিয়া থাক, ‘আমরা জানি না কিয়ামত কী ; আমরা মনে করি ইহা একটি ধারণা মাত্র এবং আমরা এই বিষয়ে নিশ্চিত নই।’	

	وَبَدَا لَهُمْ سَيِّاٰتُ مَا عَمِلُوْا وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٣٣﴾	**33**
প্রতিবর্ণায়ন	ওয়া বাদা- লাহুম্ ছাইয়িআ-তু মা-‘আমিলূ ওয়া হা-কা বিহিম্ মা-কা-নূ বিহী ইয়াছ্তাহ্ঝিঊন।	
তরজমা	উহাদের মন্দ কর্মগুলি উহাদের নিকট প্রকাশ হইয়া পড়িবে এবং যাহা লইয়া উহারা ঠাট্টা-বিদ্রূপ করিত তাহা উহাদেরকে পরিবেষ্টন করিবে।	
	وَقِيْلَ الْيَوْمَ نَنْسٰىكُمْ كَمَا نَسِيْتُمْ لِقَآءَ يَوْمِكُمْ هٰذَا وَمَاْوٰىكُمُ النَّارُ وَمَا لَكُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٣٤﴾	**34**
প্রতিবর্ণায়ন	ওয়া কীলাল্ ইয়াওমা নাংছা-কুম্ কামা-নাছীতুম্ লিকা~আ ইয়াওমিকুম্ হা-যা- ওয়ামা’ ওয়া-কুমুন্না-রু ওয়া মা- লাকুম্ মিং না-সিরীন।	
তরজমা	আর বলা হইবে, ‘আজ আমি তোমাদেরকে বিস্মৃত হইব যেমন তোমরা এই দিবসের সাক্ষাতকারকে বিস্মৃত হইয়াছিলে। তোমাদের আবাসস্থল হইবে জাহান্নাম এবং তোমাদের কোন সাহায্যকারী থাকিবে না।	
	ذٰلِكُمْ بِاَنَّكُمُ اتَّخَذْتُمْ اٰيٰتِ اللّٰهِ هُزُوًا وَّغَرَّتْكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۚ فَالْيَوْمَ لَا يُخْرَجُوْنَ مِنْهَا وَلَا هُمْ يُسْتَعْتَبُوْنَ ﴿٣٥﴾	**35**
প্রতিবর্ণায়ন	যা-লিকুম্ বিআন্নাকুমুত্তাখায্তুম্ আ-য়া-তিল্লা-হি হুঝুওয়াওঁ ওয়াগার্রাত্কুমুল হা-য়া-তুদ্দুন্ইয়া- (ج) ফাল্ইয়াওমা লা- ইউখরাজূনা মিন্হা- ওয়ালা-হুম্ ইউছ্তা‘তাবূন।	
তরজমা	‘ইহা এইজন্য যে, তোমরা আল্লাহ্‌র নিদর্শনাবলীকে বিদ্রূপ করিয়াছিলে এবং পার্থিব জীবন তোমাদেরকে প্রতারিত করিয়াছিল।’ সুতরাং সেই দিন উহাদেরকে জাহান্নাম হইতে বাহির করা হইবে না এবং আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের সুযোগ দেওয়া হইবে না।	
	فَلِلّٰهِ الْحَمْدُ رَبِّ السَّمٰوٰتِ وَرَبِّ الْاَرْضِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٣٦﴾	**36**
প্রতিবর্ণায়ন	ফালিল্লা-হিল্ হামদু রাব্বিছ্ ছামা-ওয়া-তি ওয়া রাব্বিল্ আর্দি রাব্বিল্ ‘আ-লামীন।	
তরজমা	সমস্ত প্রশংসা আল্লাহ্‌রই, যিনি আকাশমণ্ডলীর প্রতিপালক, পৃথিবীর প্রতিপালক এবং জগতসমূহের প্রতিপালক।	
	وَلَهُ الْكِبْرِيَآءُ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۖ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٣٧﴾	**37**
প্রতিবর্ণায়ন	ওয়ালাহুল কিব্রিয়া~উ ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি (صلى) ওয়া হুওয়াল্ ‘আঝীঝুল্ হাকীম।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে গৌরব-গরিমা তাঁহারই এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	

46 - Al-'Ahqaf-আহকাফ -الأحقاف

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	حٰمٓ ۝١	1
প্রতিবর্ণায়ন	হা-মী~ম্।	
তরজমা	হা-মীম।	
	تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ۝٢	2
প্রতিবর্ণায়ন	তাংঝীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আঝীঝিল্ হ়াকীম।	
তরজমা	এই কিতাব পরাক্রমশালী, প্রজ্ঞাময় আল্লাহ্র নিকট হইতে অবতীর্ণ ;	
	مَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا عَمَّآ اُنْذِرُوْا مُعْرِضُوْنَ ۝٣	3
প্রতিবর্ণায়ন	মা- খালাক়্নাছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দ়া ওয়ামা-বাইনাহুমা~ ইল্লা-বিল্হ়াক্কি় ওয়াআজালিম মুছাম্মাওঁ (ط) ওয়াল্লায়ীনা কাফারূ 'আম্মা~ উংযিরূ মু'রিদূ়ন।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুই আমি যথাযথভাবে নির্দিষ্ট কালের জন্য সৃষ্টি করিয়াছি। কিন্তু কাফিররা, উহাদেরকে যে বিষয়ে সতর্ক করা হইয়াছে তাহা হইতে মুখ ফিরাইয়া নেয়।	
	قُلْ اَرَءَيْتُمْ مَّا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَرُوْنِيْ مَاذَا خَلَقُوْا مِنَ الْاَرْضِ اَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ؕ اِيْتُوْنِيْ بِكِتٰبٍ مِّنْ قَبْلِ هٰذَآ اَوْ اَثٰرَةٍ مِّنْ عِلْمٍ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ক়ুল্ আরাআইতুম্ মা-তাদ্'ঊনা মিং দূনিল্লা-হি আরূনী মা- যা- খালাকূ় মিনাল্ আর্দি় আম্ লাহুম্ শিরকুং ফিছ্ ছামা-ওয়া-তি (ط) ঈতূনী বিকিতা-বিম্ মিং ক়াবলি হা-যা~ আও আছ়া-রাতিম মিন্ 'ইল্মিন্ ইং কুংতুম্ সা-দিক়ীন।	
তরজমা	বল, 'তোমরা আল্লাহ্র পরিবর্তে যাহাদেরকে ডাক তাহাদের কথা ভাবিয়া দেখিয়াছ কি ? ইহারা পৃথিবীতে কী সৃষ্টি করিয়াছে আমাকে দেখাও অথবা আকাশমণ্ডলীতে উহাদের কোন অংশীদারিত্ব আছে কি ? পূর্ববর্তী কোন কিতাব অথবা পরম্পরাগত কোন জ্ঞান থাকিলে তাহা তোমরা আমার নিকট উপস্থিত কর যদি তোমরা সত্যবাদী হও।'	

	وَمَنْ اَضَلُّ مِمَّنْ يَّدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ مَنْ لَّا يَسْتَجِيْبُ لَهٗۤ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ وَهُمْ عَنْ دُعَآئِهِمْ غٰفِلُوْنَ ۝	**5**
প্রতিবর্ণায়ন	ওয়ামান্ আদ াল্লু মিম্মাইঁ ইয়াদ্‘উ মিং দূনিল্লা-হি মাল্লা- ইয়াছ্তাজীবু লাহূ˜ ইলা- ইয়াওমিল্ কি য়া-মাতি ওয়াহুম্ ‘আং দু‘আ~ইহিম্ গা-ফিলূন।	
তরজমা	সেই ব্যক্তি অপেক্ষা অধিক বিভ্রান্ত কে, যে আল্লাহ্র পরিবর্তে এমন কিছুকে ডাকে যাহা কিয়ামত দিবস পর্যন্তও উহাতে সাড়া দিবে না ? এবং এইগুলি উহাদের প্রার্থনা সম্বন্ধে অবহিতও নয়।	
	وَاِذَا حُشِرَ النَّاسُ كَانُوْا لَهُمْ اَعْدَآءً وَّكَانُوْا بِعِبَادَتِهِمْ كٰفِرِيْنَ ۝	**6**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা- হু শিরান্না-ছু কা-নূ লাহুম্ আ‘দা~আওঁ ওয়া কা-নূ বি‘ইবা-দাতিহিম্ কা-ফিরীন।	
তরজমা	যখন কিয়ামতের দিন মানুষকে একত্র করা হইবে তখন ঐগুলি হইবে উহাদের শত্রু এবং ঐগুলি উহাদের ‘ইবাদত অস্বীকার করিবে।	
	وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ لَمَّا جَآءَهُمْ ۙ هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ۝	**7**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা- তুত্লা ‘আলাইহিম্ আ-য়া-তুনা- বাইয়িনা-তিং ক া-লাল্লায ীনা কাফারূ লিল্হাক্কি লাম্মা- জা~আহুম্ (ۙ) হা-য া- ছিহ রুম্ মুবীন।	
তরজমা	যখন উহাদের নিকট আমার সুস্পষ্ট আয়াতসমূহ আবৃত্তি করা হয় এবং উহাদের নিকট সত্য উপস্থিত হয়, তখন কাফিররা বলে, ‘ইহা তো সুস্পষ্ট জাদু।’	
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَلَا تَمْلِكُوْنَ لِيْ مِنَ اللّٰهِ شَيْـًٔا ؕ هُوَ اَعْلَمُ بِمَا تُفِيْضُوْنَ فِيْهِ ؕ كَفٰى بِهٖ شَهِيْدًۢا بَيْنِيْ وَبَيْنَكُمْ ؕ وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ۝	**8**
প্রতিবর্ণায়ন	আম্ ইয়াকূ লূনাফ্তারা-হু (ط) কু ল্ ইনিফ্তারাইতুহূ ফালা- তাম্লিকূনা লী মিনাল্লা-হি শাইআন (ط) হুওয়া আ‘লামু বিমা-তুফীদূ না ফীহি (ط) কাফা-বিহী শাহীদাম্ বাইনী ওয়া বাইনাকুম্ (ط) ওয়া হুওয়াল্ গাফূরুর রাহ ীম।	
তরজমা	তবে কি উহারা বলে যে, ‘সে ইহা উদ্ভাবন করিয়াছে।’ বল, ‘যদি আমি ইহা উদ্ভাবন করিয়া থাকি, তবে তোমরা তো আল্লাহ্র শাস্তি হইতে আমাকে কিছুতেই রক্ষা করিতে পারিবে না। তোমরা যে বিষয়ে আলোচনায় লিপ্ত আছ, সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত। আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে তিনিই যথেষ্ট এবং তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।’	

	قُلْ مَا كُنْتُ بِدْعًا مِّنَ الرُّسُلِ وَمَآ اَدْرِيْ مَا يُفْعَلُ بِيْ وَلَا بِكُمْ ؕ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰٓى اِلَيَّ وَمَآ اَنَا اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ۝٩	**9**
প্রতিবর্ণায়ন	কু˙ল্ মা– কুংতু বিদ্‘আম্ মিনার্ রুছুলি ওয়ামা˜আদ্রী মা– ইউফ্‘আলু বী ওয়ালা–বিকুম (ط) ইন্ আত্তাবি‘উ ইল্লা– মা– ইউহ˙া˜ ইলাইইয়া ওয়ামা˜ আনা ইল্লা– নায˙ীরুম্ মুবীন।	
তরজমা	বল, ‘আমি কোন নূতন রাসূল নই। আমি জানি না, আমার ও তোমাদের ব্যাপারে কী করা হইবে ; আমি আমার প্রতি যাহা ওহী করা হয় কেবল তাহারই অনুসরণ করি। আর আমি তো এক স্পষ্ট সতর্ককারী মাত্র।’	
	قُلْ اَرَءَيْتُمْ اِنْ كَانَ مِنْ عِنْدِ اللّٰهِ وَكَفَرْتُمْ بِهٖ وَشَهِدَ شَاهِدٌ مِّنْۢ بَنِيْٓ اِسْرَآءِيْلَ عَلٰى مِثْلِهٖ فَاٰمَنَ وَاسْتَكْبَرْتُمْ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝١٠	**10**
প্রতিবর্ণায়ন	কু˙ল আরাআইতুম্ ইং কা–না মিং ‘ইংদিল্লা–হি ওয়া কাফার্তুম্ বিহী ওয়া শাহিদা শা–হিদুম্ মিম্ বানী˜ ইছরা~ঈলা ‘আলা– মিছ˙লিহী ফাআ–মানা ওয়াছ্তাক্বার্তুম (ط) ইন্নাল্লা–হা লা–ইয়াহ্দিল্ ক˙াওমাজ্জ˙া–লিমীন।	
তরজমা	বল, ‘তোমরা ভাবিয়া দেখিয়াছ কি যদি এই কুরআন আল্লাহ্‌র নিকট হইতে অবতীর্ণ হইয়া থাকে আর তোমরা ইহাতে অবিশ্বাস কর, অথচ বনী ইসরাঈলের একজন ইহার অনুরূপ কিতাব সম্পর্কে সাক্ষ্য দিয়াছে এবং ইহাতে বিশ্বাস স্থাপন করিয়াছে ; আর তোমরা ঔদ্ধত্য প্রকাশ কর, তাহা হইলে তোমাদের পরিণাম কি হইবে ? নিশ্চয়ই আল্লাহ্ জালিমদেরকে সৎপথে পরিচালিত করেন না।	
	وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْا لَوْ كَانَ خَيْرًا مَّا سَبَقُوْنَآ اِلَيْهِ ؕ وَاِذْ لَمْ يَهْتَدُوْا بِهٖ فَسَيَقُوْلُوْنَ هٰذَآ اِفْكٌ قَدِيْمٌ ۝١١	**11**
প্রতিবর্ণায়ন	ওয়া ক˙া–লাল্লায˙ীনা কাফারূ লিল্লায˙ীনা আ–মানূ লাও কা–না খাইরাম মা–ছাবাকূ˙না˜ ইলাইহি (ط) ওয়া ইয˙ লাম্ ইয়াহ্তাদূ বিহী ফাছাইয়াকূ˙লূনা হা–য˙া˜ ইফ্কুং ক˙াদীম।	
তরজমা	মু’মিনদের সম্পর্কে কাফিররা বলে, ‘যদি ইহা ভাল হইত তবে তাহারা ইহার দিকে আমাদেরকে অতিক্রম করিয়া যাইতে পারিত না।’ আর যখন উহারা ইহা দ্বারা সৎপথপ্রাপ্ত হয় নাই তখন তাহারা অবশ্য বলিবে, ‘ইহা তো এক পুরাতন মিথ্যা।’	

	وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰٓى اِمَامًا وَّرَحْمَةً ؕ وَهٰذَا كِتٰبٌ مُّصَدِّقٌ لِّسَانًا عَرَبِيًّا لِّيُنْذِرَ الَّذِيْنَ ظَلَمُوْا ۖ وَ بُشْرٰى لِلْمُحْسِنِيْنَ ﴿۱۲﴾	**12**
প্রতিবর্ণায়ন	ওয়া মিং ক˙াব্লিহী কিতা–বু মূছা˜ ইমা–মাওঁ ওয়া রাহ˙মাতাওঁ (ط) ওয়া হা–য˙া– কিতা–বুম্মুসাদ্দিকু˙ল্লিছা–নান্ ‘আরাবিইইয়াল্ লিইউংযি˙রাল্লায˙ীনা জ˙ালামূ (ق) ওয়াবুশ্রা–লিল্মুহ˙ছিনীন।	
তরজমা	ইহার পূর্বে ছিল মূসার কিতাব আদর্শ ও অনুগ্রহস্বরূপ। আর এই কিতাব ইহার প্রত্যায়নকারী, আরবী ভাষায়, যেন ইহা জালিমদেরকে সতর্ক করে এবং যাহারা সৎকর্ম করে তাহাদেরকে সুসংবাদ দেয়।	
	اِنَّ الَّذِيْنَ قَالُوْا رَبُّنَا اللّٰهُ ثُمَّ اسْتَقَامُوْا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿۱۳﴾	**13**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায˙ীনা ক˙া–লূ রাব্বুনাল্লা–হু ছু˙ম্মাছ্তাক˙া–মূ ফালা– খাওফুন্ ‘আলাইহিম্ ওয়ালা– হুম্ ইয়াহ˙ঝানূন।	
তরজমা	যাহারা বলে, ‘আমাদের প্রতিপালক তো আল্লাহ্’ অতঃপর অবিচলিত থাকে, তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ خٰلِدِيْنَ فِيْهَا ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۱۴﴾	**14**
প্রতিবর্ণায়ন	উলা~ইকা আসহ˙া–বুল্ জান্নাতি খা–লিদীনা ফীহা– (ج) জাঝা~আম বিমা– কা–নূ ইয়া‘মালূন।	
তরজমা	তাহারাই জান্নাতের অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে, তাহারা যাহা করিত তাহার পুরস্কারস্বরূপ।	
	وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ اِحْسٰنًا ؕ حَمَلَتْهُ اُمُّهٗ كُرْهًا وَّوَضَعَتْهُ كُرْهًا ؕ وَحَمْلُهٗ وَفِصٰلُهٗ ثَلٰثُوْنَ شَهْرًا ؕ حَتّٰٓى اِذَا بَلَغَ اَشُدَّهٗ وَبَلَغَ اَرْبَعِيْنَ سَنَةً ۙ قَالَ رَبِّ اَوْزِعْنِيْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْٓ اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰى وَالِدَيَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ وَاَصْلِحْ لِيْ فِيْ ذُرِّيَّتِيْ ۚ اِنِّيْ تُبْتُ اِلَيْكَ وَاِنِّيْ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿۱۵﴾	**15**
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াস্সাইনাল্ ইংছা–না বিওয়া–লিদাইহি ইহ˙ছা–নান (ط) হ˙মালাত্হু উম্মুহূ কুর্হাওঁ ওয়া ওয়াদ˙া‘আত্হু কুর্হাওঁ (ط) ওয়া হ˙ামলুহূ ওয়া ফিসা–লুহূ ছ˙ালা–ছূ˙না শাহ্রান (ط) হ˙াত্তা˜ ইয˙া– বালাগা আশুদ্দাহূ ওয়া বালাগা আর্বা‘ঈনা ছানাতাং (ˇ) ক˙া–লা রাব্বি আওঝি‘নী˜ আং আশ্কুরা নি‘মাতাকাল্লাতী˜ আন্‘আম্তা ‘আলাইইয়া ওয়া ‘আলা– ওয়া–লিদাইইয়া ওয়া আন্ আ‘মালা সা–লিহ˙াং তার্দ˙া–হু ওয়া আসলিহ˙লী ফী যু˙র্রিইইয়াতী (ˇ) ইন্নী তুব্তু ইলাইকা ওয়া ইন্নী মিনাল্ মুছলিমীন।	

তরজমা	আমি মানুষকে তাহার মাতা-পিতার প্রতি সদয় ব্যবহারের নির্দেশ দিয়াছি। তাহার জননী তাহাকে গর্ভে ধারণ করে কষ্টের সঙ্গে এবং প্রসব করে কষ্টের সঙ্গে, তাহাকে গর্ভে ধারণ করিতে ও তাহার স্তন্য ছাড়াইতে লাগে ত্রিশ মাস, ক্রমে সে যখন পূর্ণ শক্তিপ্রাপ্ত হয় এবং চল্লিশ বৎসরে উপনীত হয় তখন বলে, 'হে আমার প্রতিপালক ! তুমি আমাকে সামর্থ্য দাও, যাহাতে আমি তোমার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করিতে পারি, আমার প্রতি ও আমার পিতা-মাতার প্রতি তুমি যে অনুগ্রহ করিয়াছ, তাহার জন্য এবং যাহাতে আমি সৎকর্ম করিতে পারি যাহা তুমি পসন্দ কর ; আমার জন্য আমার সন্তান-সন্ততিদেরকে সৎকর্মপরায়ণ কর, আমি তোমারই অভিমুখী হইলাম এবং আমি অবশ্যই আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।	
	أُولَٰئِكَ الَّذِينَ نَتَقَبَّلُ عَنْهُمْ أَحْسَنَ مَا عَمِلُوا وَنَتَجَاوَزُ عَن سَيِّئَاتِهِمْ فِي أَصْحَابِ الْجَنَّةِ ۖ وَعْدَ الصِّدْقِ الَّذِي كَانُوا يُوعَدُونَ ١٦	**16**
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা নাতাক াব্বালু 'আন্‌হুম্ আহ ছানা মা- 'আমিলূ ওয়া নাতাজা-ওয়াঝু 'আং ছাইয়িআ-তিহিম্ ফী˜ আছহ া-বিল্ জান্নাতি (ۙ) ওয়া'দাস্‌সিদ্‌কি ল্লায ী কা-নূ ইউ'আদূন।	
তরজমা	'আমি ইহাদেরই সুকৃতিগুলি গ্রহণ করিয়া থাকি এবং মন্দ কর্মগুলি ক্ষমা করি, তাহারা জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত। ইহাদেরকে যে প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে তাহা সত্য।	
	وَالَّذِي قَالَ لِوَالِدَيْهِ أُفٍّ لَّكُمَا أَتَعِدَانِنِي أَنْ أُخْرَجَ وَقَدْ خَلَتِ الْقُرُونُ مِن قَبْلِي وَهُمَا يَسْتَغِيثَانِ اللَّهَ وَيْلَكَ آمِنْ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ فَيَقُولُ مَا هَٰذَا إِلَّا أَسَاطِيرُ الْأَوَّلِينَ ١٧	**17**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ী ক া-লা লিওয়া-লিদাইহি উফ্‌ফিল্লাকুমা˜ আতা'ইদা-নিনী˜ আন্ উখ্‌রাজা ওয়াক াদ্ খালাতিল কু রূনু মিং ক াব্‌লী (ج) ওয়া হুমা- ইয়াছ্‌তাগীছ া-নিল্লা-হা ওয়াইলাকা আ-মিন (ق) ইন্না ওয়া'দাল্লা-হি হ াক্কু ং (ج) ফাইয়াকূ লু মা-হা-য া˜ ইল্লা˜ আছা-ত ীরুল্ আওওয়ালীন।	
তরজমা	আর এমন লোক আছে, যে তাহার মাতা-পিতাকে বলে, 'আফসোস তোমাদের জন্য ! তোমরা কি আমাকে এই ভয় দেখাইতে চাও যে, আমি পুনরুত্থিত হইব যদিও আমার পূর্বে বহু পুরুষ গত হইয়াছে ?' তখন তাহার মাতা-পিতা আল্লাহ্‌র নিকট ফরিয়াদ করিয়া বলে, 'দুর্ভোগ তোমার জন্য! তুমি বিশ্বাস স্থাপন কর, আল্লাহ্‌র প্রতিশ্রুতি অবশ্যই সত্য।' কিন্তু সে বলে, 'ইহা তো অতীত কালের উপকথা ব্যতীত কিছুই নয়।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	أُولَٰٓئِكَ الَّذِينَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ فِيٓ أُمَمٍ قَدْ خَلَتْ مِن قَبْلِهِم مِّنَ الْجِنِّ وَالْإِنسِ ۖ إِنَّهُمْ كَانُوا خَاسِرِينَ ﴿١٨﴾	**18**
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা হ াক্ক া ‘আলাইহিমুল্ ক াওলু ফী~ উমামিং ক াদ্ খালাত্ মিং ক াব্লিহিম্ মিনাল্ জিন্নি ওয়াল্ ইংছি (ط) ইন্নাহুম্ কা–নূ খা–ছিরীন।	
তরজমা	ইহাদের পূর্বে যে জিন ও মানব সম্প্রদায় গত হইয়াছে তাহাদের মত ইহাদের প্রতিও আল্লাহ্‌র উক্তি সত্য হইয়াছে। ইহারাই তো ক্ষতিগ্রস্ত।	
	وَلِكُلٍّ دَرَجَٰتٌ مِّمَّا عَمِلُوا ۖ وَلِيُوَفِّيَهُمْ أَعْمَٰلَهُمْ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿١٩﴾	**19**
প্রতিবর্ণায়ন	ওয়া লিকুল্লিং দারাজা–তুম্মিম্মা–‘আমিলূ (ج) ওয়া লিইউওয়াফ্ফিয়াহুম্ আ‘মা–লাহুম্ ওয়া হুম্ লা–ইউজ্ লামূন।	
তরজমা	প্রত্যেকের মর্যাদা তাহার কর্মানুযায়ী, ইহা এইজন্য যে, আল্লাহ্ প্রত্যেকের কর্মের পূর্ণ প্রতিফল দিবেন এবং তাহাদের প্রতি অবিচার করা হইবে না।	
	وَيَوْمَ يُعْرَضُ الَّذِينَ كَفَرُوا عَلَى النَّارِ ۖ أَذْهَبْتُمْ طَيِّبَٰتِكُمْ فِي حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُم بِهَا ۖ فَالْيَوْمَ تُجْزَوْنَ عَذَابَ الْهُونِ بِمَا كُنتُمْ تَسْتَكْبِرُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَبِمَا كُنتُمْ تَفْسُقُونَ ﴿٢٠﴾	**20**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইউ‘রাদ ুল্লায ীনা কাফারূ ‘আলান্না–রি (ط) আয হাব্তুম্ ত াইয়িবা–তিকুম্ ফী হ ায়া–তিকুমুদ্দুন্ইয়া– ওয়াছ্তাম্তা‘তুম্ বিহা– (ج) ফাল্ইয়াওমা তুজঝাওনা ‘আয া–বাল্ হূনি বিমা– কুংতুম্ তাছ্তাক্বিরূনা ফিল্ আর্দি বিগাইরিল্ হ াক্কি ওয়া বিমা– কুংতুম্ তাফ্ছুক ূন।	
তরজমা	যেদিন কাফিরদেরকে জাহান্নামের সন্নিকটে উপস্থিত করা হইবে সেদিন উহাদেরকে বলা হইবে, ‘তোমরা তোমাদের পার্থিব জীবনেই সুখ-সম্ভার পাইয়াছ এবং সেইগু লি উপভোগও করিয়াছ। সুতরাং আজ তোমাদেরকে দেওয়া হইবে অবমাননাকর শাস্তি। কারণ তোমরা পৃথিবীতে অন্যায়ভাবে ঔদ্ধত্য প্রকাশ করিয়াছিলে এবং তোমরা ছিলে সত্যদ্রোহী।’	
	وَاذْكُرْ أَخَا عَادٍ ۖ إِذْ أَنذَرَ قَوْمَهُ بِالْأَحْقَافِ وَقَدْ خَلَتِ النُّذُرُ مِنۢ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِٓ أَلَّا تَعْبُدُوٓا إِلَّا اللَّهَ إِنِّيٓ أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿٢١﴾	**21**
প্রতিবর্ণায়ন	ওয়ায কুর আখা–‘আ–দিন (ط) ইয্ আংয ারা ক াওমাহূ বিলআহ ক া–ফি ওয়াক াদ্ খালাতিন্নুযু রু মিম্ বাইনি ইয়াদাইহি ওয়া মিন খাল্ফিহী~ আল্লা– তা‘বুদূ~ ইল্লাল্লা–হা (ط) ইন্নী~ আখা–ফু ‘আলাইকুম্ ‘আয া–বা ইয়াওমিন্ ‘আজ ীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	স্মরণ কর, ‘আদ্ সম্প্রদায়ের ভ্রাতার কথা, যাহার পূর্বে এবং পরেও সতর্ককারীরা আসিয়াছিল। সে তাহার আহ্কাফ্বাসী সম্প্রদায়কে সতর্ক করিয়াছিল এই বলিয়া, ‘তোমরা আল্লাহ্ ব্যতীত কাহারও ‘ইবাদত করিও না। আমি তো তোমাদের জন্য মহাদিবসের শাস্তির আশংকা করিতেছি।’	
	قَالُوْٓا اَجِئْتَنَا لِتَاْفِكَنَا عَنْ اٰلِهَتِنَا ۚ فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ক্বা-লূ~ আজি’তানা- লিতা’ফিকানা- ‘আন্ আ-লিহাতিনা- (ج) ফা’তিনা- বিমা- তা‘ইদুনা~ ইং কুংতা মিনাসসা-দিক্বীন।	
তরজমা	উহারা বলিয়াছিল, ‘তুমি কি আমাদেরকে আমাদের দেব-দেবীগুলির পূজা হইতে নিবৃত্ত করিতে আসিয়াছ ? তুমি সত্যবাদী হইলে আমাদেরকে যাহার ভয় দেখাইতেছ তাহা আনয়ন কর।’	
	قَالَ اِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللّٰهِ ۖ وَاُبَلِّغُكُمْ مَّآ اُرْسِلْتُ بِهٖ وَلٰكِنِّيْٓ اَرٰىكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ক্বা-লা ইন্নামাল্ ‘ইল্মু ‘ইংদাল্লা-হি (ز) ওয়া উবাল্লিগুকুম্ মা~উর্ছিল্তু বিহী ওয়ালা-কিন্নী~ আরা-কুম ক্বাওমাং তাজহালূন।	
তরজমা	সে বলিল, ‘ইহার জ্ঞান তো কেবল আল্লাহ্রই নিকট আছে। আমি যাহা লইয়া প্রেরিত হইয়াছি কেবল তাহাই তোমাদের নিকট প্রচার করি, কিন্তু আমি দেখিতেছি, তোমরা এক মূঢ় সম্প্রদায়।’	
	فَلَمَّا رَاَوْهُ عَارِضًا مُّسْتَقْبِلَ اَوْدِيَتِهِمْ ۙ قَالُوْا هٰذَا عَارِضٌ مُّمْطِرُنَا ۭ بَلْ هُوَ مَا اسْتَعْجَلْتُمْ بِهٖ ۭ رِيْحٌ فِيْهَا عَذَابٌ اَلِيْمٌ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- রাআওহু ‘আ-রিদাম্মুছ্তাক্বিলা আও দিয়াতিহিম্ (ﻻ) ক্বা-লূ হা-যা- ‘আ-রিদুম্মুম্তিরুনা- (ط) বাল্ হুওয়া মাছ্ তা‘জাল্তুম্ বিহী (ط) রীহুং ফীহা- ‘আযা-বুন আলীম।	
তরজমা	‘অতঃপর যখন উহারা উহাদের উপত্যকার দিকে মেঘ আসিতে দেখিল তখন বলিতে লাগিল, ‘উহা তো মেঘ, আমাদেরকে বৃষ্টি দান করিবে।’ হূদ বলিল, ‘ইহাই তো তাহা, যাহা তোমরা ত্বরান্বিত করিতে চাহিয়াছ, এক ঝড়, ইহাতে রহিয়াছে মর্মন্তুদ শাস্তি।	
	تُدَمِّرُ كُلَّ شَيْءٍۢ بِاَمْرِ رَبِّهَا فَاَصْبَحُوْا لَا يُرٰٓى اِلَّا مَسٰكِنُهُمْ ۭ كَذٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِيْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	তুদাম্মিরু কুল্লা শাইয়িম্ বিআম্রি রাব্বিহা- ফাআসবাহূ লা- ইউরা~ ইল্লা- মাছা-কিনুহুম (ط) কাযা-লিকা নাজঝিল্ ক্বাওমাল্ মুজরিমীন।	

তরজমা	'আল্লাহ্‌র নির্দেশে ইহা সমস্ত কিছুকে ধ্বংস করিয়া দিবে।' অতঃপর উহাদের পরিণাম এই হইল যে, উহাদের বসতিগুলি ছাড়া আর কিছুই রহিল না। এইভাবে আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দিয়া থাকি।	
	وَلَقَدْ مَكَّنّٰهُمْ فِيْمَآ اِنْ مَّكَّنّٰكُمْ فِيْهِ وَجَعَلْنَا لَهُمْ سَمْعًا وَّاَبْصَارًا وَّاَفْـِٕدَةً ۖ فَمَآ اَغْنٰى عَنْهُمْ سَمْعُهُمْ وَلَآ اَبْصَارُهُمْ وَلَآ اَفْـِٕدَتُهُمْ مِّنْ شَيْءٍ اِذْ كَانُوْا يَجْحَدُوْنَ ۙ بِاٰيٰتِ اللّٰهِ وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া লাক্বাদ্ মাক্কান্না-হুম্ ফীমা˜ ইম্মাক্কান্না-কুম্ ফীহি ওয়া জা'আল্না- লাহুম্ ছাম্'আওঁ ওয়া আব্সা-রাওঁ ওয়া আফ্ইদাতাং (ز) ফামা˜আগ্না- 'আন্হুম্ ছাম্'উহুম ওয়ালা˜ আব্সা-রুহুম্ ওয়ালা˜আফইদাতুহুম্ মিং শাইয়িন্ ইয' কা-নূ ইয়াজহ'াদূনা (لا) বিআ-য়া-তিল্লা-হি ওয়া হ'া-ক'া বিহিম্ মা-কা-নূ বিহী ইয়াছ্তাহ্ঝিউন।	
তরজমা	আমি উহাদেরকে যে প্রতিষ্ঠা দিয়াছিলাম তোমাদেরকে তাহা দেই নাই ; আমি উহাদেরকে দিয়াছিলাম কর্ণ, চক্ষু ও হৃদয় ; কিন্তু উহাদের কর্ণ, চক্ষু ও হৃদয় উহাদের কোন কাজে আসে নাই ; কেননা উহারা আল্লাহ্‌র আয়াতসমূহকে অস্বীকার করিয়াছিল। যাহা লইয়া উহারা ঠাট্টা-বিদ্রূপ করিত, উহাই উহাদেরকে পরিবেষ্টন করিল।	
	وَلَقَدْ اَهْلَكْنَا مَا حَوْلَكُمْ مِّنَ الْقُرٰى وَصَرَّفْنَا الْاٰيٰتِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া লাক্বাদ্ আহ্লাক্না- মা-হ'াওলাকুম মিনাল্ কু'রা- ওয়াসার্‌রাফ্নাল্ আ-য়া-তি লা'আল্লাহুম্ ইয়ার্জি'উন।	
তরজমা	আমি তো ধ্বংস করিয়াছিলাম তোমাদের চতুষ্পার্শ্ববর্তী জনপদসমূহ ; আমি উহাদেরকে বিভিন্নভাবে আমার নিদর্শনাবলী বিবৃত করিয়াছিলাম, যাহাতে উহারা ফিরিয়া আসে।	
	فَلَوْلَا نَصَرَهُمُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ قُرْبَانًا اٰلِهَةً ۗ بَلْ ضَلُّوْا عَنْهُمْ ۚ وَذٰلِكَ اِفْكُهُمْ وَمَا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ফালাওলা-নাসারাহুমুল্লায'ীনাত্তাখাযূ' মিং দূনিল্লা-হি কু'রবা-নান্ আ-লিহাতাং (ط) বাল্ দ'াল্লূ 'আন্হুম্ (ج) ওয়া য'া-লিকা ইফকুহুম্ ওয়ামা-কা-নূ ইয়াফতারূন।	
তরজমা	উহারা আল্লাহ্‌র সান্নিধ্য লাভের জন্য আল্লাহ্‌র পরিবর্তে যাহাদেরকে ইলাহ্‌রূপে গ্রহণ করিয়াছিল তাহারা উহাদেরকে সাহায্য করিল না কেন ? বস্তুত উহাদের ইলাহ্‌গুলি উহাদের নিকট হইতে অন্তর্হিত হইয়া গেল। উহাদের মিথ্যা ও অলীক উদ্ভাবনের পরিণাম এইরূপই।	

	وَاِذۡ صَرَفۡنَاۤ اِلَيۡكَ نَفَرًا مِّنَ الۡجِنِّ يَسۡتَمِعُوۡنَ الۡقُرۡاٰنَ ۚ فَلَمَّا حَضَرُوۡهُ قَالُوۡۤا اَنۡصِتُوۡا ۚ فَلَمَّا قُضِىَ وَلَّوۡا اِلٰى قَوۡمِهِمۡ مُّنۡذِرِيۡنَ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	ওয়া ইয˙ সারাফ্না˜ ইলাকা নাফারাম্ মিনাল্ জিন্নি ইয়াছ্তামি‘উনাল্ কু˙রআ–না (ج) ফালাম্মা– হ˙াদ˙ারূহু ক˙া–লূ˜ আংছিতূ (ج) ফালাম্মা– কুদি˙য়া ওয়াল্লাও ইলা– ক˙াওমিহিম মুংযি˙রীন।	
তরজমা	স্মরণ কর, আমি তোমার প্রতি আকৃষ্ট করিয়াছিলাম একদল জিনকে, যাহারা কুরআন পাঠ শুনিতেছিল। যখন উহারা তাহার নিকট উপস্থিত হইল, উহারা বলিল, ‘চুপ করিয়া শ্রবণ কর।’ যখন কুরআন পাঠ সমাপ্ত হইল উহারা উহাদের সম্প্রদায়ের নিকট ফিরিয়া গেল সতর্ককারীরূপে।	
	قَالُوۡا يٰقَوۡمَنَاۤ اِنَّا سَمِعۡنَا كِتٰبًا اُنۡزِلَ مِنۡۢ بَعۡدِ مُوۡسٰى مُصَدِّقًا لِّمَا بَيۡنَ يَدَيۡهِ يَهۡدِىۡۤ اِلَى الۡحَـقِّ وَاِلٰى طَرِيۡقٍ مُّسۡتَقِيۡمٍ ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	ক˙া–লূ ইয়া– ক˙াওমানা˜ ইন্না–ছামি‘না– কিতা–বান উংঝিলা মিম্ বা‘দি মূছা–মুসাদ্দিকাল্লিমা– বাইনা ইয়াদাইহি ইয়াহ্দী˜ইলাল হ˙াক্কি˙ ওয়া ইলা– ত˙ারীকি˙ম্ মুছ্তাক˙ীম।	
তরজমা	উহারা বলিয়াছিল, ‘হে আমাদের সম্প্রদায়! আমরা এমন এক কিতাবের পাঠ শ্রবণ করিয়াছি যাহা অবতীর্ণ হইয়াছে মূসার পরে, ইহা উহার পূর্ববর্তী কিতাবকে প্রত্যয়ন করে এবং সত্য ও সরল পথের দিকে পরিচালিত করে।	
	يٰقَوۡمَنَاۤ اَجِيۡبُوۡا دَاعِىَ اللّٰهِ وَاٰمِنُوۡا بِهٖ يَغۡفِرۡ لَـكُمۡ مِّنۡ ذُنُوۡبِكُمۡ وَيُجِرۡكُمۡ مِّنۡ عَذَابٍ اَلِيۡمٍ ﴿۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	ইয়া– ক˙াওমানা˜ আজীবূ দা–‘ইয়াল্লা–হি ওয়াআ–মিনূ বিহী ইয়াগ্ফির্লাকুম্ মিং যু˙নূবিকুম্ ওয়া ইউজিরকুম্ মিন্ ‘আয˙া–বিন্ আলীম।	
তরজমা	‘হে আমাদের সম্প্রদায় ! আল্লাহ্র দিকে আহ্বানকারীর প্রতি সাড়া দাও এবং তাহার প্রতি বিশ্বাস স্থাপন কর, আল্লাহ্ তোমাদের পাপ ক্ষমা করিবেন এবং মর্মন্তুদ শাস্তি হইতে তোমাদেরকে রক্ষা করিবেন।’	
	وَمَنۡ لَّا يُجِبۡ دَاعِىَ اللّٰهِ فَلَيۡسَ بِمُعۡجِزٍ فِى الۡاَرۡضِ وَلَيۡسَ لَهٗ مِنۡ دُوۡنِهٖۤ اَوۡلِيَآءُ ؕ اُولٰٓـئِكَ فِىۡ ضَلٰلٍ مُّبِيۡنٍ ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া মাল্লা– ইউজিব্ দা–‘ইয়াল্লা–হি ফালাইছা বিমু‘জিঝিং ফিল্ আর্দি˙ ওয়া লাইছা লাহূ মিং দূনিহী˜ আওলি~আউ (ط) উলা~ইকা ফী দ˙ালা–লিমমুবীন্।	

তরজমা	কেহ যদি আল্লাহ্‌র দিকে আহ্বানকারীর প্রতি সাড়া না দেয় তবে সে পৃথিবীতে আল্লাহ্‌র অভিপ্রায় ব্যর্থ করিতে পারিবে না এবং আল্লাহ্ ব্যতীত তাহাদের কোন সাহায্যকারী থাকিবে না। উহারাই সুস্পষ্ট বিভ্রান্তিতে রহিয়াছে।	
	اَوَلَمۡ يَرَوۡا اَنَّ اللّٰهَ الَّذِىۡ خَلَقَ السَّمٰوٰتِ وَالۡاَرۡضَ وَلَمۡ يَعۡىَ بِخَلۡقِهِنَّ بِقٰدِرٍ عَلٰٓى اَنۡ يُّحۡیِۧ الۡمَوۡتٰى ؕ بَلٰٓى اِنَّهٗ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্ ইয়ারাও আন্নাল্লা-হাল্লাযী খালাক্বাছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা ওয়ালাম্ ইয়া‘ইয়া বিখাল্‌কিহিন্না বিক্বা-দিরিন্ ‘আলা~ আইঁ ইউহ্‌ইয়াল্ মাওতা- (ط) বালা~ ইন্নাহূ ‘আলা- কুল্লি শাইয়িং ক্বাদীর।	
তরজমা	উহারা কি অনুধাবন করে না যে, আল্লাহ্, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন এবং এই সকলের সৃষ্টিতে কোন ক্লান্তি বোধ করেন নাই, তিনি মৃতের জীবন দান করিতেও সক্ষম? বস্তুত তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَيَوۡمَ يُعۡرَضُ الَّذِيۡنَ كَفَرُوۡا عَلَى النَّارِ ؕ اَلَيۡسَ هٰذَا بِالۡحَقِّ ؕ قَالُوۡا بَلٰى وَرَبِّنَا ؕ قَالَ فَذُوۡقُوا الۡعَذَابَ بِمَا كُنۡتُمۡ تَكۡفُرُوۡنَ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইউ‘রাদ্বুল্লাযীনা কাফারূ ‘আলান্না-রি (ط) আলাইছা হা-যা- বিল্‌হাক্কি (ط) ক্বা-লূ বালা- ওয়া রাব্বিনা- (ط) ক্বা-লা ফাযূক্বুল্ ‘আযা-বা বিমা- কুংতুম্ তাক্‌ফুরূন।	
তরজমা	যেই দিন কাফিরদেরকে উপস্থিত করা হইবে জাহান্নামের নিকট, সেই দিন উহাদেরকে বলা হইবে, ‘ইহা কি সত্য নয় ?’ উহারা বলিবে, ‘আমাদের প্রতিপালকের শপথ ! ইহা সত্য।’ তখন তাহাদেরকে বলা হইবে, ‘শাস্তি আস্বাদন কর, কারণ তোমরা ছিলে সত্য প্রত্যাখ্যানকারী।’	
	فَاصۡبِرۡ كَمَا صَبَرَ اُولُوا الۡعَزۡمِ مِنَ الرُّسُلِ وَلَا تَسۡتَعۡجِلْ لَّهُمۡ ؕ كَاَنَّهُمۡ يَوۡمَ يَرَوۡنَ مَا يُوۡعَدُوۡنَ ۙ لَمۡ يَلۡبَثُوۡۤا اِلَّا سَاعَةً مِّنۡ نَّهَارٍ ؕ بَلٰغٌ ۚ فَهَلۡ يُهۡلَكُ اِلَّا الۡقَوۡمُ الۡفٰسِقُوۡنَ ﴿۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	ফাসবির্ কামা- সাবারা উলুল্ ‘আঝমি মিনার্‌রুছুলি ওয়ালা- তাছ্‌তা‘জিল্ লাহুম (ط) কাআন্নাহুম্ ইয়াওমা ইয়ারাওনা মা- ইউ‘আদূনা (ۙ) লাম্ ইয়াল্‌বাছূ~ ইল্লা- ছা-‘আতাম্ মিন্ নাহা-রিং (ط) বালা-গুং ফাহাল্ ইউহ্‌লাকু ইল্লাল্ ক্বাওমুল্ ফা-ছিক্বূন।	

তরজমা	অতএব তুমি ধৈর্য ধারণ কর যেমন ধৈর্য ধারণ করিয়াছিল দৃঢ়প্রতিজ্ঞ রাসূলগণ। তুমি উহাদের জন্য ত্বরা করিও না। উহাদেরকে যেই বিষয়ে সতর্ক করা হইয়াছে তাহা যেই দিন উহারা প্রত্যক্ষ করিবে, সেই দিন উহাদের মনে হইবে, উহারা যেন দিবসের এক দণ্ডের বেশি পৃথিবীতে অবস্থান করে নাই। ইহা এক ঘোষণা, পাপাচারী সম্প্রদায়কেই ধ্বংস করা হইবে।	

47-Muhammad-মুহাম্মদ -محمد

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

	اَلَّذِیۡنَ کَفَرُوۡا وَ صَدُّوۡا عَنۡ سَبِیۡلِ اللّٰہِ اَضَلَّ اَعۡمَالَہُمۡ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা কাফারূ ওয়াছাদ্দূ ‘আং ছাবীলিল্লা-হি আদ াল্লা আ‘মা-লাহুম্।	
তরজমা	যাহারা কুফরী করে এবং অপরকে আল্লাহ্র পথ হইতে নিবৃত্ত করে তিনি তাহাদের কর্ম ব্যর্থ করিয়া দেন।	
	وَ الَّذِیۡنَ اٰمَنُوۡا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ وَ اٰمَنُوۡا بِمَا نُزِّلَ عَلٰی مُحَمَّدٍ وَّ ہُوَ الۡحَقُّ مِنۡ رَّبِّہِمۡ ۙ کَفَّرَ عَنۡہُمۡ سَیِّاٰتِہِمۡ وَ اَصۡلَحَ بَالَہُمۡ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি ওয়া মা-মানূ বিমা-নুঝঝিলা ‘আলা-মুহ াম্মাদিওঁ ওয়াহুওয়াল্ হ াক্কু মির্ রাব্বিহিম্ (ۙ) কাফ্ফারা ‘আন্হুম্ ছাইয়িআ-তিহিম্ ওয়া আসলাহ া বা-লাহুম্।	
তরজমা	যাহারা ঈমান আনে, সৎকর্ম করে এবং মুহাম্মাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহাতে বিশ্বাস করে, আর উহাই তাহাদের প্রতিপালক হইতে প্রেরিত সত্য, তিনি তাহাদের মন্দ কর্মগুলি বিদূরিত করিবেন এবং তাহাদের অবস্থা ভাল করিবেন।	
	ذٰلِکَ بِاَنَّ الَّذِیۡنَ کَفَرُوا اتَّبَعُوا الۡبَاطِلَ وَ اَنَّ الَّذِیۡنَ اٰمَنُوا اتَّبَعُوا الۡحَقَّ مِنۡ رَّبِّہِمۡ ؕ کَذٰلِکَ یَضۡرِبُ اللّٰہُ لِلنَّاسِ اَمۡثَالَہُمۡ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	য া-লিকা বিআন্নাল্লায ীনা কাফারুত্তাবা‘উল্ বা-তি লা ওয়া আন্নাল্লায ীনা আ-মানুত্তাবা‘উল্ হ াক্কা া মির্ রাব্বিহিম (ط) কায া-লিকা ইয়াদ রিবুল্লা-হু লিন্না-ছি আম্ছ া-লাহুম্।	
তরজমা	ইহা এইজন্য যে, যাহারা কুফরী করে তাহারা মিথ্যার অনুসরণ করে এবং যাহারা ঈমান আনে তাহারা তাহাদের প্রতিপালক-প্রেরিত সত্যের অনুসরণ করে। এইভাবে আল্লাহ্ মানুষের জন্য তাহাদের দৃষ্টান্ত প্রদান করেন।	

| --- | --- | --- |
	فَإِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا فَضَرْبَ الرِّقَابِ حَتَّىٰ إِذَا أَثْخَنتُمُوهُمْ فَشُدُّوا الْوَثَاقَ فَإِمَّا مَنًّا بَعْدُ وَإِمَّا فِدَاءً حَتَّىٰ تَضَعَ الْحَرْبُ أَوْزَارَهَا ۚ ذَٰلِكَ وَلَوْ يَشَاءُ اللَّهُ لَانتَصَرَ مِنْهُمْ وَلَٰكِن لِّيَبْلُوَ بَعْضَكُم بِبَعْضٍ ۗ وَالَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ فَلَن يُضِلَّ أَعْمَالَهُمْ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ফাইয া- লাক ীতুমুল্লায ীনা কাফারূ ফাদ ার্বার্ রিক া-ব (ط) হ াত্তা˜ ইয া˜ আছ্ খাংতুমূহুম্ ফাশুদ্দুল্ ওয়াছ া-ক া (ۚ) ফাইম্মা- মান্নাম্ বা‘দু ওয়াইম্মা- ফিদা~আন্ হ াত্তা- তাদ া‘আল্ হ ার্বু আওঝা-রাহা- (مع) য া-লিকা (مع) ওয়ালাও ইয়াশা~উল্লা-হু লাংতাসারা মিন্হুম্ (ۚ) ওয়ালা-কিল্ লিইয়াব্লুওয়া বা‘দ াকুম্ বিবা‘দি ওঁ (ط) ওয়াল্লায ীনা কু তিলূ ফী ছাবীলিল্লা-হি ফালাইঁ ইউদি ল্লা আ‘মা-লাহুম্।	
তরজমা	অতএব যখন তোমরা কাফিরদের সঙ্গে যুদ্ধে মুকাবিলা কর তখন তাহাদের গর্দানে আঘাত কর, পরিশেষে যখন তোমরা উহাদেরকে সম্পূর্ণরূপে পরাভূত করিবে তখন উহাদেরকে কষিয়া বাঁধিবে ; অতঃপর হয় অনুকম্পা, নয় মুক্তিপণ। তোমরা জিহাদ চালাইবে যতক্ষণ না যুদ্ধ ইহার অস্ত্র নামাইয়া ফেলে। ইহাই বিধান। ইহা এইজন্য যে, আল্লাহ্ ইচ্ছা করিলে উহাদেরকে শাস্তি দিতে পারিতেন, কিন্তু তিনি চাহেন তোমাদের একজনকে অপরের দ্বারা পরীক্ষা করিতে। যাহারা আল্লাহ্র পথে নিহত হয় তিনি কখনও তাহাদের কর্ম বিনষ্ট হইতে দেন না।	
	سَيَهْدِيهِمْ وَيُصْلِحُ بَالَهُمْ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ছাইয়াহ্দীহিম্ ওয়া ইউসলিহু বা-লাহুম।	
তরজমা	তিনি তাহাদেরকে সৎপথে পরিচালিত করেন এবং তাহাদের অবস্থা ভাল করিয়া দেন।	
	وَيُدْخِلُهُمُ الْجَنَّةَ عَرَّفَهَا لَهُمْ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়াইউদ্খিলুহুম্ জান্নাতা ‘আর্রাফাহা-লাহুম।	
তরজমা	তিনি তাহাদেরকে দাখিল করিবেন জান্নাতে, যাহার কথা তিনি তাহাদেরকে জানাইয়াছিলেন।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تَنصُرُوا اللَّهَ يَنصُرْكُمْ وَيُثَبِّتْ أَقْدَامَكُمْ ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ-মানূ˜ ইং তাংসরুল্লা-হা ইয়াংসুর্কুম্ ওয়া ইউছ াব্বিত আক দা-মাকুম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে মু'মিনগণ ! যদি তোমরা আল্লাহ্কে সাহায্য কর, আল্লাহ্ তোমাদেরকে সাহায্য করিবেন এবং তোমাদের অবস্থান দৃঢ় করিবেন।	
	وَالَّذِيْنَ كَفَرُوْا فَتَعْسًا لَّهُمْ وَاَضَلَّ اَعْمَالَهُمْ ﴿٨﴾	**8**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা কাফারূ ফাতা'ছাল্লাহুম্ ওয়া আদাল্লা আ'মা-লাহুম।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তাহাদের জন্য রহিয়াছে দুর্ভোগ এবং তিনি তাহাদের কর্ম ব্যর্থ করিয়া দিবেন।	
	ذٰلِكَ بِاَنَّهُمْ كَرِهُوْا مَاۤ اَنْزَلَ اللّٰهُ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ﴿٩﴾	**9**
প্রতিবর্ণায়ন	যা-লিকা বিআন্নাহুম্ কারিহূ মা~ আংঝালল্লা-হু ফাআহবাতা আ'মা-লাহুম।	
তরজমা	ইহা এইজন্য যে, আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন উহারা তাহা অপসন্দ করে। সুতরাং আল্লাহ্ উহাদের কর্ম নিষ্ফল করিয়া দিবেন।	
	اَفَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ دَمَّرَ اللّٰهُ عَلَيْهِمْ ۫ وَلِلْكٰفِرِيْنَ اَمْثَالُهَا ﴿١٠﴾	**10**
প্রতিবর্ণায়ন	আফালাম্ ইয়াছীরূ ফিল্ আর্‌দি ফাইয়াংজুরূ কাইফা কা-না 'আ-কিবাতুল্লাযীনা মিং কাব্লিহিম (ط) দাম্মারাল্লা-হু 'আলাইহিম (ز) ওয়া লিল্কা-ফিরীনা আম্‌ছা-লুহা-।	
তরজমা	উহারা কি পৃথিবীতে পরিভ্রমণ করে নাই এবং দেখে নাই উহাদের পূর্ববর্তীদের পরিণাম কি হইয়াছে ? আল্লাহ্ উহাদেরকে ধ্বংস করিয়াছেন এবং কাফিরদের জন্য রহিয়াছে অনুরূপ পরিণাম।	
	ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ مَوْلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَاَنَّ الْكٰفِرِيْنَ لَا مَوْلٰى لَهُمْ ﴿١١﴾	**11**
প্রতিবর্ণায়ন	যা-লিকা বিআন্নাল্লা-হা মাওলাল্লাযীনা আ-মানূ ওয়া আন্নাল্ কা-ফিরীনা লা- মাওলা-লাহুম।	
তরজমা	ইহা এইজন্য যে, আল্লাহ্ তো মু'মিনদের অভিভাবক এবং কাফিরদের তো কোন অভিভাবকই নাই।	
	اِنَّ اللّٰهَ يُدْخِلُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا يَتَمَتَّعُوْنَ وَيَاْكُلُوْنَ كَمَا تَاْكُلُ الْاَنْعَامُ وَالنَّارُ مَثْوًى لَّهُمْ ﴿١٢﴾	**12**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা ইউদ্‌খিলুল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহা-তি জান্না-তিং তাজরী মিং তাহতিহাল্ আন্‌হা-রু (ط) ওয়াল্লাযীনা কাফারূ ইয়াতামাত্তা'উনা ওয়া ইয়া'কুলূনা কামা-তা'কুলুল্ আন্'আ-মু ওয়ান্না-রু মাছ্‌ওয়াল্লাহুম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আল্লাহ্ তাহাদেরকে দাখিল করিবেন জান্নাতে যাহার নিম্নদেশে নদী প্রবাহিত ; কিন্তু যাহারা কুফরী করে উহারা ভোগ-বিলাসে মত্ত থাকে এবং জন্তু-জানোয়ারের মত উদর পূর্তি করে ; আর জাহান্নামই উহাদের নিবাস।	
	وَكَاَيِّنۡ مِّنۡ قَرۡيَةٍ هِىَ اَشَدُّ قُوَّةً مِّنۡ قَرۡيَتِكَ الَّتِىۡۤ اَخۡرَجَتۡكَ ۚ اَهۡلَكۡنٰهُمۡ فَلَا نَاصِرَ لَهُمۡ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া কাআইয়িম্ মিং ক˙ার্ইয়াতিন্ হিয়া আশাদ্দু কু˙ওওয়াতাম্ মিং ক˙ার্য়াতিকাল্লাতী˜ আখ্রাজাত্কা (ج) আহ্লাকনা–হুম্ ফালা– না–সিরা লাহুম।	
তরজমা	উহারা তোমার যে জনপদ হইতে তোমাকে বিতাড়িত করিয়াছে তাহা অপেক্ষা অতি শক্তিশালী কত জনপদ ছিল ; আমি উহাদেরকে ধ্বংস করিয়াছি এবং উহাদের সাহায্যকারী কেহ ছিল না।	
	اَفَمَنۡ كَانَ عَلٰى بَيِّنَةٍ مِّنۡ رَّبِّهٖ كَمَنۡ زُيِّنَ لَهٗ سُوۡٓءُ عَمَلِهٖ وَاتَّبَعُوۡۤا اَهۡوَآءَهُمۡ ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	আফামাং কা–না 'আলা– বাইয়িনাতিম্ মির্ রাব্বিহী কামাং ঝুইয়িনা লাহূ ছূ~উ আ'মালিহী ওয়াত্তাবা'উ˜ আহ্ওয়া–আহুম।	
তরজমা	যে ব্যক্তি তাহার প্রতিপালক-প্রেরিত সুস্পষ্ট প্রমাণের উপর প্রতিষ্ঠিত, সে কি তাহার ন্যায়, যাহার নিকট নিজের মন্দ কর্মগুলি শোভন প্রতীয়মান হয় এবং যাহারা নিজ খেয়াল-খুশির অনুসরণ করে ?	
	مَثَلُ الۡجَنَّةِ الَّتِىۡ وُعِدَ الۡمُتَّقُوۡنَ ؕ فِيۡهَاۤ اَنۡهٰرٌ مِّنۡ مَّآءٍ غَيۡرِ اٰسِنٍ ۚ وَاَنۡهٰرٌ مِّنۡ لَّبَنٍ لَّمۡ يَتَغَيَّرۡ طَعۡمُهٗ ۚ وَاَنۡهٰرٌ مِّنۡ خَمۡرٍ لَّذَّةٍ لِّلشّٰرِبِيۡنَ ۚ وَاَنۡهٰرٌ مِّنۡ عَسَلٍ مُّصَفًّى ؕ وَلَهُمۡ فِيۡهَا مِنۡ كُلِّ الثَّمَرٰتِ وَمَغۡفِرَةٌ مِّنۡ رَّبِّهِمۡ ؕ كَمَنۡ هُوَ خَالِدٌ فِى النَّارِ وَسُقُوۡا مَآءً حَمِيۡمًا فَقَطَّعَ اَمۡعَآءَهُمۡ ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	মাছ˙ালুল্ জান্নাতিল্লাতী উ'ইদাল্ মুত্তাক˙ূনা (ط) ফীহা˜ আন্হা–রুম্ মিম্মাইন্ গাইরি আ–ছিনিও (ج) ওয়া আন্হা–রুম্ মিল্লাবানিল লাম্ ইয়াতাগাইইয়ার্ ত˙া'মুহূ (ج) ওয়া আন্হা–রুম্ মিন্ খাম্রিল্ লায্˙য˙াতিল লিশ্শা–রিবীনা (ج) ওয়া আন্হা–রুম্ মিন্ 'আছালিম্ মুসাফ্ফাওঁ (ط) ওয়ালাহুম্ ফীহা– মিং কুলিছ্˙ছ˙ামারা–তি ওয়া মাগ্ফিরাতুম্মির্ রাব্বিহিম্ (ط) কামান্ হুওয়া খা–লিদুং ফিন্না–রি ওয়া ছুকূ˙মা~আন্ হ˙ামীমাং ফাক˙াত্ত˙া'আ আম্'আ~আহুম।	

তরজমা	মুত্তাকীদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে তাহার দৃষ্টান্ত : উহাতে আছে নির্মল পানির নহর, আছে দুধের নহর যাহার স্বাদ অপরিবর্তনীয়, আছে পানকারীদের জন্য সুস্বাদু সুরার নহর, আছে পরিশোধিত মধুর নহর এবং সেখানে উহাদের জন্য থাকিবে বিবিধ ফলমূল আর তাহাদের প্রতিপালকের পক্ষ হইতে ক্ষমা। মুত্তাকীরা কি তাহাদের ন্যায়, যাহারা জাহান্নামে স্থায়ী হইবে এবং যাহাদেরকে পান করিতে দেওয়া হইবে ফুটন্ত পানি যাহা উহাদের নাড়িভুঁড়ি ছিন্ন-বিচ্ছিন্ন করিয়া দিবে ?	
	وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُ اِلَيْكَ ۚ حَتّٰۤى اِذَا خَرَجُوْا مِنْ عِنْدِكَ قَالُوْا لِلَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ مَاذَا قَالَ اٰنِفًا ۗ اُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ وَاتَّبَعُوْۤا اَهْوَآءَهُمْ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া মিন্‌হুম্ মাইঁ ইয়াছ্‌তামি'উ ইলাইকা (ج) হা'ত্তা- ইযা~ খারাজূ মিন্ 'ইংদিকা কা-লূ লিল্লাযীনা উতুল্ 'ইল্‌মা মা-যা কা-লা আ-নিফান (قف) উলা~ইকাল্লাযীনা তাবা'আল্লা-হু 'আলা- কু্লূবিহিম্ ওয়াত্তাবা'উ~ আহ্‌ওয়া~আহুম।	
তরজমা	উহাদের মধ্যে কতক তোমার কথা শ্রবণ করে, অতঃপর তোমার নিকট হইতে বাহির হইয়া যাহারা জ্ঞানপ্রাপ্ত তাহাদেরকে বলে, 'এইমাত্র সে কী বলিল ?' ইহাদের অন্তর আল্লাহ্ মোহর করিয়া দিয়াছেন এবং উহারা নিজেদের খেয়াল-খুশিরই অনুসরণ করে।	
	وَالَّذِيْنَ اهْتَدَوْا زَادَهُمْ هُدًى وَّاٰتٰىهُمْ تَقْوٰىهُمْ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযিনাহ্‌তাদাও ঝা-দাহুম্ হুদাওঁ ওয়া আ-তা-হুম্ তাক্‌ওয়া-হুম।	
তরজমা	যাহারা সৎপথ অবলম্বন করে আল্লাহ্ তাহাদের সৎপথে চলিবার শক্তি বৃদ্ধি করেন এবং তাহাদেরকে মুত্তাকী হইবার শক্তি দান করেন।	
	فَهَلْ يَنْظُرُوْنَ اِلَّا السَّاعَةَ اَنْ تَاْتِيَهُمْ بَغْتَةً ۚ فَقَدْ جَآءَ اَشْرَاطُهَا ۚ فَاَنّٰى لَهُمْ اِذَا جَآءَتْهُمْ ذِكْرٰىهُمْ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ফাহাল্ ইয়াংজু'রূনা ইল্লাছ্‌ছা-'আতা আং তা'তিয়াহুম্ বাগ্‌তাতাং (ج) ফাকাদ্ জা্আ আশ্‌রা-তু'হা- (ج) ফাআন্না- লাহুম্ ইযা- জা্আতহুম্ যিক্‌রা-হুম।	
তরজমা	উহারা কি কেবল এইজন্য অপেক্ষা করিতেছে যে, কিয়ামত উহাদের নিকট আসিয়া পড়ুক আকস্মিকভাবে ? কিয়ামতের লক্ষণসমূহ তো আসিয়াই পড়িয়াছে। কিয়ামত আসিয়া পড়িলে উহারা উপদেশ গ্রহণ করিবে কেমন করিয়া!	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	فَاعْلَمْ اَنَّهٗ لَاۤ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاسْتَغْفِرْ لِذَنْۢبِكَ وَلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مُتَقَلَّبَكُمْ وَمَثْوٰىكُمْ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	ফা'লাম আন্নাহূ লা~ ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াছ্‌তাগ্‌ফির্‌ লিয াম্‌বিকা ওয়ালিল্‌মু'মিনীনা ওয়াল্‌মু'মিনা-তি (ط) ওয়াল্লা-হু ইয়া'লামু মুতাক াল্লাবাকুম্‌ ওয়া মাছ্‌ ওয়া-কুম।	
তরজমা	সুতরাং জানিয়া রাখ, আল্লাহ্ ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই, ক্ষমা প্রার্থনা কর তোমার এবং মু'মিন নর-নারীদের ত্রুটির জন্য। আল্লাহ্ তোমাদের গতিবিধি এবং অবস্থান সম্বন্ধে সম্যক অবগত আছেন।	
	وَيَقُوْلُ الَّذِيْنَ اٰمَنُوْا لَوْلَا نُزِّلَتْ سُوْرَةٌ ۚ فَاِذَاۤ اُنْزِلَتْ سُوْرَةٌ مُّحْكَمَةٌ وَّذُكِرَ فِيْهَا الْقِتَالُ ۙ رَاَيْتَ الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ يَّنْظُرُوْنَ اِلَيْكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْمَوْتِ ؕ فَاَوْلٰى لَهُمْ ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ লুল্লায ীনা আ-মানূ লাওলা- নুঝ্‌ঝিলাত্‌ ছূরাতুং (ج) ফাইয া~ উংঝিলাত্‌ ছূরাতুম্‌মুহ কামাতুওঁ ওয়া যু কিরা ফীহাল্‌ কি তা-লু (لا) রাআইতাল্লায ীনা ফী কু লূবিহিম্‌ মারাদু ইঁ ইয়াংজু রূনা ইলাইকা নাজ ারাল্‌ মাগ্‌শিইয়ি 'আলাইহি মিনাল্‌ মাওতি (ط) ফাআওলা-লাহুম।	
তরজমা	মু'মিনরা বলে, 'একটি সূরা অবতীর্ণ হয় না কেন ?' অতঃপর যদি দ্ব্যর্থহীন কোন সূরা অবতীর্ণ হয় এবং উহাতে যুদ্ধের কোন নির্দেশ থাকে তুমি দেখিবে যাহাদের অন্তরে ব্যাধি আছে তাহারা মৃত্যুভয়ে বিহ্বল মানুষের মত তোমার দিকে তাকাইতেছে। শোচনীয় পরিণাম উহাদের।	
	طَاعَةٌ وَّقَوْلٌ مَّعْرُوْفٌ ۫ فَاِذَا عَزَمَ الْاَمْرُ ۫ فَلَوْ صَدَقُوا اللّٰهَ لَكَانَ خَيْرًا لَّهُمْ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ত া-'আতুওঁ ওয়া ক াওলুম্‌ মা'রূফুং (قف) ফাইয া- 'আঝামাল্‌ আম্‌রু (قف) ফালাও সাদাকু ল্লা-হা লাকা-না খাইরাল্লাহুম।	
তরজমা	আনুগত্য ও ন্যায়সংগত বাক্য উহাদের জন্য উত্তম ছিল; সুতরাং চূড়ান্ত সিদ্ধান্ত হইল, যদি উহারা আল্লাহ্‌র প্রতি প্রদত্ত অঙ্গীকার পূরণ করিত তবে তাহাদের জন্য ইহা অবশ্যই মঙ্গলজনক হইত।	
	فَهَلْ عَسَيْتُمْ اِنْ تَوَلَّيْتُمْ اَنْ تُفْسِدُوْا فِي الْاَرْضِ وَتُقَطِّعُوْۤا اَرْحَامَكُمْ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	ফাহাল্‌ 'আছাইতুম্‌ ইং তাওয়াল্লাইতুম্‌ আং তুফ্‌ছিদূ ফিল্‌ আর্‌দি ওয়া তুক াত্তি 'উ~ আর্‌হ া-মাকুম।	
তরজমা	তবে ক্ষমতায় অধিষ্ঠিত হইলে সম্ভবত তোমরা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করিবে এবং আত্মীয়তার বন্ধন ছিন্ন করিবে।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	أُولَٰئِكَ الَّذِينَ لَعَنَهُمُ اللَّهُ فَأَصَمَّهُمْ وَأَعْمَىٰ أَبْصَارَهُمْ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা লা'আনাহুমুল্লা-হু ফাআসাম্মাহুম্ ওয়া আ'মা~ আবসা-রাহুম।	
তরজমা	আল্লাহ্ ইহাদেরকেই লা'নত করেন আর করেন বধির ও দৃষ্টিশক্তিহীন।	
	أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ أَمْ عَلَىٰ قُلُوبٍ أَقْفَالُهَا ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	আফালা- ইয়াতাদাব্বারূনাল্ কু'রআ-না আম্ ‘আলা- কু'লূবিন্ আক'ফা-লুহা-।	
তরজমা	তবে কি উহারা কুরআন সম্বন্ধে অভিনিবেশ সহকারে চিন্তা করে না ? না উহাদের অন্তর তালাবদ্ধ ?	
	إِنَّ الَّذِينَ ارْتَدُّوا عَلَىٰ أَدْبَارِهِمْ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَى ۙ الشَّيْطَانُ سَوَّلَ لَهُمْ وَأَمْلَىٰ لَهُمْ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনার্তাদ্দূ ‘আলা~ আদ্বা-রিহিম্ মিম্ বা'দি মা- তাবাইয়ানা লাহুমুল্ হুদাশ্শাইত'া-নু ছাওওয়ালা লাহুম (ط) ওয়াআম্লা- লাহুম।	
তরজমা	যাহারা নিজেদের নিকট সৎপথ ব্যক্ত হইবার পর উহা পরিত্যাগ করে, শয়তান উহাদের কাজকে শোভন করিয়া দেখায় এবং উহাদেরকে মিথ্যা আশা দেয়।	
	ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللَّهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ ۖ وَاللَّهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	য'া-লিকা বিআন্নাহুম্ ক'া-লূ লিল্লায ীনা কারিহূ মা- নাঝঝাল্লা-হু ছানুত ী'উকুম্ ফী বা'দি'ল্ আম্রি (ج) ওয়াল্লা-হু ইয়া'লামু ইছরা-রাহুম।	
তরজমা	ইহা এইজন্য যে, আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন, তাহা যাহারা অপসন্দ করে তাহাদেরকে উহারা বলে, ‘আমরা কোন্ কোন্ বিষয়ে তোমাদের আনুগত্য করিব।’ আল্লাহ্ উহাদের গোপন অভিসন্ধি অবগত আছেন।	
	فَكَيْفَ إِذَا تَوَفَّتْهُمُ الْمَلَائِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ফাকাইফা ইয'া- তাওয়াফ্ফাত্হুমুল্ মালা~ইকাতু ইয়াদ'রিবূনা উজূহাহুম্ ওয়াআদ্বা-রাহুম।	
তরজমা	ফিরিশ্তারা যখন উহাদের মুখমণ্ডলে ও পৃষ্ঠদেশে আঘাত করিতে করিতে প্রাণ হরণ করিবে, তখন উহাদের দশা কেমন হইবে।	
	ذَٰلِكَ بِأَنَّهُمُ اتَّبَعُوا مَا أَسْخَطَ اللَّهَ وَكَرِهُوا رِضْوَانَهُ فَأَحْبَطَ أَعْمَالَهُمْ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	য'া-লিকা বিআন্নাহুমুত্তাবা'উ মা~ আছ্খাত'াল্লা-হা ওয়া কারিহূ রিদ'ওয়া-নাহূ ফাআহ'বাত'া আ'মা-লাহুম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	ইহা এইজন্য যে, উহারা তাহার অনুসরণ করে, যাহা আল্লাহ্‌র অসন্তোষ জন্মায় এবং তাঁহার সন্তুষ্টিকে অপ্রিয় গণ্য করে ; তিনি ইহাদের কর্ম নিষ্ফল করিয়া দেন।	
	أَمْ حَسِبَ الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ أَن لَّن يُخْرِجَ اللَّهُ أَضْغَانَهُمْ ﴿٢٩﴾	**29**
প্রতিবর্ণায়ন	আম্ হ াছিবাল্লায ীনা ফী কু লূবিহিম্ মারাদু ন্ আল্লাইঁ ইউখরিজাল্লা-হু আদ গা-নাহুম।	
তরজমা	যাহাদের অন্তরে ব্যাধি আছে তাহারা কি মনে করে যে, আল্লাহ্ কখনো উহাদের বিদ্বেষভাব প্রকাশ করিয়া দিবেন না ?	
	وَلَوْ نَشَاءُ لَأَرَيْنَاكَهُمْ فَلَعَرَفْتَهُم بِسِيمَاهُمْ ۚ وَلَتَعْرِفَنَّهُمْ فِي لَحْنِ الْقَوْلِ ۚ وَاللَّهُ يَعْلَمُ أَعْمَالَكُمْ ﴿٣٠﴾	**30**
প্রতিবর্ণায়ন	ওয়া লাও নাশা~উ লাআরাইনা-কাহুম্ ফালা'আরাফ্তাহুম্ বিছীমা-হুম (ط) ওয়া লাতা'রিফান্নাহুম্ ফী লাহ নিল্ ক াওলি (ط) ওয়াল্লা-হু ইয়া'লামু আ'মা-লাকুম।	
তরজমা	আমি ইচ্ছা করিলে তোমাকে উহাদের পরিচয় দিতাম। ফলে তুমি উহাদের লক্ষণ দেখিয়া উহাদেরকে চিনিতে পারিতে, তবে তুমি অবশ্যই কথার ভংগিতে উহাদেরকে চিনিতে পারিবে। আল্লাহ্ তোমাদের কর্ম সম্পর্কে অবগত।	
	وَلَنَبْلُوَنَّكُمْ حَتَّىٰ نَعْلَمَ الْمُجَاهِدِينَ مِنكُمْ وَالصَّابِرِينَ وَنَبْلُوَ أَخْبَارَكُمْ ﴿٣١﴾	**31**
প্রতিবর্ণায়ন	ওয়া লানাব্লুওয়ান্নাকুম্ হ াত্তা- না'লামাল্ মুজা-হিদীনা মিংকুম্ ওয়াসসা-বিরীনা (ৼ) ওয়া নাব্লুওয়া আখ্বা-রাকুম।	
তরজমা	আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করিব, যতক্ষণ না আমি জানিয়া লই তোমাদের মধ্যে জিহাদকারী ও ধৈর্যশীলদেরকে এবং আমি তোমাদের ব্যাপারে পরীক্ষা করি।	
	إِنَّ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَن سَبِيلِ اللَّهِ وَشَاقُّوا الرَّسُولَ مِن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَىٰ لَن يَضُرُّوا اللَّهَ شَيْئًا وَسَيُحْبِطُ أَعْمَالَهُمْ ﴿٣٢﴾	**32**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা কাফারূ ওয়াসাদ্দূ 'আং ছাবীলিল্লা-হি ওয়া শা~ক্কূ র্ রাছূলা মিম্ বা'দি মা-তাবাইয়ানা লাহুমুল্ হুদা- (ৼ) লাইঁ ইয়াদু ররুল্লা-হা শাইআওঁ (ط) ওয়া ছাইউহ বিতু আ'মা-লাহুম।	
তরজমা	যাহারা কুফরী করে এবং মানুষকে আল্লাহ্‌র পথ হইতে নিবৃত্ত করে এবং নিজেদের নিকট পথের দিশা ব্যক্ত হইবার পর রাসূলের বিরোধিতা করে, উহারা আল্লাহ্‌র কোনই ক্ষতি করিতে পারিবে না। তিনি তো তাহাদের কর্ম ব্যর্থ করিবেন।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَلَا تُبْطِلُوا أَعْمَالَكُمْ ﴿٣٣﴾	**33**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ আত ী‘উল্লা-হা ওয়া আত ী‘উর্ রাছূলা ওয়ালা-তুব্তি লূ~ আ‘মা-লাকুম।	
তরজমা	হে মু’মিনগণ ! তোমরা আল্লাহ্‌র আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর, আর তোমাদের কর্ম বিনষ্ট করিও না।	
	إِنَّ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَنْ سَبِيلِ اللّٰهِ ثُمَّ مَاتُوا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يَغْفِرَ اللّٰهُ لَهُمْ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা কাফারূ ওয়াসাদ্দূ ‘আং ছাবীলিল্লা-হি ছু ম্মা মা-তূ ওয়াহুম্ কুফ্‌ফা-রুং ফালাইঁ ইয়াগ্‌ফিরাল্লা-হু লাহুম।	
তরজমা	যাহারা কুফরী করে ও আল্লাহ্‌র পথ হইতে মানুষকে নিবৃত্ত করে, অতঃপর কাফির অবস্থায় মৃত্যুবরণ করে, আল্লাহ্ তাহাদেরকে কিছুতেই ক্ষমা করিবেন না।	
	فَلَا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ ۖ وَأَنْتُمُ الْأَعْلَوْنَ ۖ وَاللّٰهُ مَعَكُمْ وَلَنْ يَتِرَكُمْ أَعْمَالَكُمْ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ফালা- তাহিনূ ওয়া তাদ্‌‘উ~ ইলাছ্‌ছাল্‌মি (ق) ওয়া আংতুমুল্ আ‘লাওনা (ق) ওয়াল্লা-হু মা‘আকুম্ ওয়ালাইঁ ইয়াতিরাকুম্ আ‘মা-লাকুম।	
তরজমা	সুতরাং তোমরা হীনবল হইও না এবং সন্ধির প্রস্তাব করিও না, তোমরাই প্রবল ; আল্লাহ্ তোমাদের সঙ্গে আছেন, তিনি তোমাদের কর্মফল কখনও ক্ষুণ্ন করিবেন না।	
	إِنَّمَا الْحَيٰوةُ الدُّنْيَا لَعِبٌ وَلَهْوٌ ۚ وَإِنْ تُؤْمِنُوا وَتَتَّقُوا يُؤْتِكُمْ أُجُورَكُمْ وَلَا يَسْـَٔلْكُمْ أَمْوَالَكُمْ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ইন্নামাল্ হ ায়া-তুদ্দুনইয়া- লা‘ইবুওঁ ওয়া লাহ্‌উওঁ (ط) ওয়া ইং তু’মিনূ ওয়া তাত্তাকূ ইউ’তিকুম্ উজূরাকুম্ ওয়ালা- ইয়াছ্‌আল্‌কুম্ আম্‌ওয়া-লাকুম।	
তরজমা	পার্থিব জীবন তো কেবল ক্রীড়া-কৌতুক, যদি তোমরা ঈমান আন, তাকওয়া অবলম্বন কর, আল্লাহ্ তোমাদেরকে তোমাদের পুরস্কার দিবেন এবং তিনি তোমাদের ধন-সম্পদ চান না।	
	إِنْ يَسْـَٔلْكُمُوهَا فَيُحْفِكُمْ تَبْخَلُوا وَيُخْرِجْ أَضْغَانَكُمْ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ইয়্যঁ ইয়াছ্‌আল্‌কুমূহা- ফাইউহ ফিকুম্ তাবখালূ ওয়া ইউখ্‌রিজ আদ গা-নাকুম।	
তরজমা	তোমাদের নিকট হইতে তিনি তাহা চাহিলে ও তজ্জন্য তোমাদের উপর চাপ দিলে তোমরা তো কার্পণ্য করিবে এবং তখন তিনি তোমাদের বিদ্বেষভাব প্রকাশ করিয়া দিবেন।	

		38
	هَٰٓأَنتُمْ هَٰٓؤُلَآءِ تُدْعَوْنَ لِتُنفِقُوا۟ فِى سَبِيلِ ٱللَّهِ فَمِنكُم مَّن يَبْخَلُ ۖ وَمَن يَبْخَلْ فَإِنَّمَا يَبْخَلُ عَن نَّفْسِهِۦ ۚ وَٱللَّهُ ٱلْغَنِىُّ وَأَنتُمُ ٱلْفُقَرَآءُ ۚ وَإِن تَتَوَلَّوْا۟ يَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ ثُمَّ لَا يَكُونُوٓا۟ أَمْثَٰلَكُم ﴿٣٨﴾	
প্রতিবর্ণায়ন	হা˜ আংতুম্ হা˜উলা~ই তুদ্‘আওনা লিতুংফিকূ ফী ছাবীলিল্লা-হি (ج) ফামিংকুম্ মাইঁ ইয়াব্খালু (ج) ওয়া মাইঁ ইয়াব্খাল ফাইন্নামা- ইয়াব্খালু ‘আং নাফ্ছিহী (ط) ওয়াল্লা-হুল্ গানিইয়ু ওয়া আংতুমুল ফুক˙ারা~উ (ج) ওয়া ইং তাতাওয়াল্লাও ইয়াছ্তাব্দিল্ ক˙াওমান্ গাইরাকুম্ (لا) ছু˙ম্মা লা- ইয়াকূনূ˜ আম্‌ছ˙া-লাকুম।	
তরজমা	দেখ, তোমরাই তো তাহারা যাহাদেরকে আল্লাহ্‌র পথে ব্যয় করিতে বলা হইতেছে অথচ তোমাদের অনেকে কৃপণতা করিতেছে। যাহারা কার্পণ্য করে তাহারা তো কার্পণ্য করে নিজেদেরই প্রতি। আল্লাহ্ অভাবমুক্ত এবং তোমরা অভাবগ্রস্ত। যদি তোমরা বিমুখ হও, তিনি অন্য জাতিকে তোমাদের স্থলবর্তী করিবেন ; তাহারা তোমাদের মত হইবে না।	

48 - Al-Fath-ফাত্হ -الفتح

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

	إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِينًا ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ইন্না- ফাতাহ˙না-লাকা ফাত্হ˙াম্ মুবীনা-।	
তরজমা	নিশ্চয়ই আমি তোমাকে দিয়াছি সুস্পষ্ট বিজয়,	
	لِّيَغْفِرَ لَكَ ٱللَّهُ مَا تَقَدَّمَ مِن ذَنۢبِكَ وَمَا تَأَخَّرَ وَيُتِمَّ نِعْمَتَهُۥ عَلَيْكَ وَيَهْدِيَكَ صِرَٰطًا مُّسْتَقِيمًا ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	লিয়াগ্ফিরা লাকাল্লা-হু মা- তাক˙াদ্দামা মিং য˙াম্বিকা ওয়ামা- তাআখ্খারা ওয়াইউতিম্মা নি‘মাতাহূ ‘আলাইকা ওয়া ইয়াহ্দিয়াকা সিরা-ত˙াম্মুছ্তাক˙ীমা-।	
তরজমা	যেন আল্লাহ্ তোমার অতীত ও ভবিষ্যত ত্রুটিসমূহ মার্জনা করেন এবং তোমার প্রতি তাঁহার অনুগ্রহ পূর্ণ করেন ও তোমাকে সরল পথে পরিচালিত করেন,	
	وَيَنصُرَكَ ٱللَّهُ نَصْرًا عَزِيزًا ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াংসুরাকাল্লা-হু নাসরান্ ‘আঝীঝা-।	
তরজমা	এবং আল্লাহ্ তোমাকে বলিষ্ঠ সাহায্য দান করেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	هُوَ الَّذِيْٓ اَنْزَلَ السَّكِيْنَةَ فِيْ قُلُوْبِ الْمُؤْمِنِيْنَ لِيَزْدَادُوْٓا اِيْمَانًا مَّعَ اِيْمَانِهِمْ ؕ وَلِلّٰهِ جُنُوْدُ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ ؕ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ۙ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী~ আংঝালাছ্ ছাকীনাতা ফী কু’লূবিল্ মু’মিনীনা লিইয়াঝদা-দূ~ ঈমা-নাম্ মা‘আ ঈমা-নিহিম (ط) ওয়া লিল্লা-হি জনূদুছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দি’ (ط) ওয়াকা-নাল্লা-হু ‘আলীমান্ হা’কীমা- ।	
তরজমা	তিনিই মু’মিনদের অন্তরে প্রশান্তি দান করেন যেন তাহারা তাহাদের ঈমানের সঙ্গে ঈমান দৃঢ় করিয়া নেয়, আকাশমণ্ডলী ও পৃথিবীর বাহিনীসমূহ আল্লাহ্‌রই এবং আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	لِّيُدْخِلَ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَيُكَفِّرَ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ ؕ وَ كَانَ ذٰلِكَ عِنْدَ اللّٰهِ فَوْزًا عَظِيْمًا ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	লিইউদ্‌খিলাল্ মু’মিনীনা ওয়াল্ মু’মিনা-তি জান্না-তিং তাজরী মিং তাহ’তিহাল্ আন্‌হা-রু খা-লিদীনা ফীহা- ওয়া ইউকাফ্‌ফিরা ‘আন্‌হুম্ ছাইয়িআ-তিহিম্ (ط) ওয়া কা-না যা’-লিকা ‘ইংদাল্লা-হি ফাওঝান ‘আজী’মা- ।	
তরজমা	ইহা এইজন্য যে, তিনি মু’মিন পুরুষ ও মু’মিন নারীদেরকে দাখিল করিবেন জান্নাতে যাহার নিম্নদেশে নদী প্রবাহিত, যেখানে তাহারা স্থায়ী হইবে এবং তিনি তাহাদের পাপ মোচন করিবেন ; ইহাই আল্লাহ্‌র দৃষ্টিতে মহাসাফল্য।	
	وَّيُعَذِّبَ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْمُشْرِكِيْنَ وَالْمُشْرِكٰتِ الظَّآنِّيْنَ بِاللّٰهِ ظَنَّ السَّوْءِ ؕ عَلَيْهِمْ دَآئِرَةُ السَّوْءِ ۚ وَ غَضِبَ اللّٰهُ عَلَيْهِمْ وَلَعَنَهُمْ وَاَعَدَّ لَهُمْ جَهَنَّمَ ؕ وَسَآءَتْ مَصِيْرًا ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়া ইউ‘আয্‌যি’বাল মুনা-ফিকী’না ওয়াল মুনা-ফিকা’-তি ওয়াল মুশরিকীনা ওয়াল মুশরিকা-তিজ্জ’া~ন্নীনা বিল্লা-হি জা’ন্নাছ্ছাওই (ط) ‘আলাইহিম্ দা~ইরাতুছ্ ছাওই (ج) ওয়া গাদি’বাল্লা-হু ‘আলাইহিম্ ওয়া লা‘আনাহুম্ ওয়া আ‘আদ্দালাহুম্ জাহান্নামা (ط) ওয়া ছা~আত্ মাসীরা- ।	
তরজমা	আর তিনি মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী, মুশরিক পুরুষ ও মুশরিক নারী যাহারা আল্লাহ্ সম্বন্ধে মন্দ ধারণা পোষণ করে তাহাদেরকে শাস্তি দিবেন। অমঙ্গল চক্র উহাদের জন্য, আল্লাহ্ উহাদের প্রতি রুষ্ট হইয়াছেন এবং উহাদেরকে লা‘নত করিয়াছেন এবং উহাদের জন্য জাহান্নাম প্রস্তুত রাখিয়াছেন, উহা কত নিকৃষ্ট আবাস!	
	وَلِلّٰهِ جُنُوْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ﴿۷﴾	7

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি জুনূদুছ্ ছা-মা-ওয়াতি ওয়াল্ আর্দি (ط) ওয়া কা-নাল্লা-হু 'আঝীঝান্ হাকীমা- ।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর বাহিনীসমূহ আল্লাহ্রই এবং আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	اِنَّآ اَرۡسَلۡنٰكَ شَاهِدًا وَّمُبَشِّرًا وَّنَذِيۡرًا ۙ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ইন্না~ আর্ছাল্না-কা শা-হিদাওঁ ওয়া মুবাশ্শিরাওঁ ওয়া নাযীরা- ।	
তরজমা	আমি তোমাকে প্রেরণ করিয়াছি সাক্ষীরূপে, সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে,	
	لِّتُؤۡمِنُوۡا بِاللّٰهِ وَرَسُوۡلِهٖ وَتُعَزِّرُوۡهُ وَتُوَقِّرُوۡهُ ؕ وَتُسَبِّحُوۡهُ بُكۡرَةً وَّاَصِيۡلًا ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	লিতু'মিনূ বিল্লা-হি ওয়া রাছূলিহী ওয়া তু'আঝ্ঝিরূহু ওয়া তুওয়াক্কিরূহু (ط) ওয়া তুছাব্বিহূহু বুকরাতাওঁ ওয়া আসীলা- ।	
তরজমা	যাহাতে তোমরা আল্লাহ্ ও তাঁহার রাসূলের প্রতি ঈমান আন এবং রাসূলকে শক্তি যোগাও ও তাহাকে সম্মান কর ; সকাল-সন্ধ্যায় আল্লাহ্র পবিত্রতা ও মহিমা ঘোষণা কর।	
	اِنَّ الَّذِيۡنَ يُبَايِعُوۡنَكَ اِنَّمَا يُبَايِعُوۡنَ اللّٰهَ ؕ يَدُ اللّٰهِ فَوۡقَ اَيۡدِيۡهِمۡ ۚ فَمَنۡ نَّكَثَ فَاِنَّمَا يَنۡكُثُ عَلٰى نَفۡسِهٖ ۚ وَمَنۡ اَوۡفٰى بِمَا عٰهَدَ عَلَيۡهُ اللّٰهَ فَسَيُؤۡتِيۡهِ اَجۡرًا عَظِيۡمًا ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ইউবা-ই'ঊনাকা ইন্নামা- ইউবা-ই'ঊনাল্লা-হা (ط) ইয়াদুল্লা-হি ফাওকা আইদীহিম্ (ج) ফামান্নাকাছা ফাইন্নামা- ইয়াংকুছু 'আলা- নাফ্ছিহী (ج) ওয়া মান্ আওফা- বিমা- 'আ-হাদা 'আলাইহুল্লা-হা ফাছাইউ'তীহি আজরান 'আজীমা- ।	
তরজমা	যাহারা তোমার হাতে বায়'আত করে তাহারা তো আল্লাহ্রই হাতে বায়'আত করে। আল্লাহ্র হাত তাহাদের হাতের উপর। অতঃপর যে উহা ভঙ্গ করে, উহা ভঙ্গ করিবার পরিণাম তাহারই এবং যে আল্লাহ্র সঙ্গে অঙ্গীকার পূর্ণ করে তিনি অবশ্যই তাহাকে মহাপুরস্কার দিবেন।	
	سَيَقُوۡلُ لَكَ الۡمُخَلَّفُوۡنَ مِنَ الۡاَعۡرَابِ شَغَلَتۡنَاۤ اَمۡوَالُنَا وَاَهۡلُوۡنَا فَاسۡتَغۡفِرۡ لَنَا ۚ يَقُوۡلُوۡنَ بِاَلۡسِنَتِهِمۡ مَّا لَيۡسَ فِىۡ قُلُوۡبِهِمۡ ؕ قُلۡ فَمَنۡ يَّمۡلِكُ لَـكُمۡ مِّنَ اللّٰهِ شَيۡـئًا اِنۡ اَرَادَ بِكُمۡ ضَرًّا اَوۡ اَرَادَ بِكُمۡ نَفۡعًا ؕ بَلۡ كَانَ اللّٰهُ بِمَا تَعۡمَلُوۡنَ خَبِيۡرًا ﴿۱۱﴾	11

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ছাইয়াকূ্ লু লাক াল্ মুখাল্লাফূনা মিনাল্ আ'রা-বি শাগালাত্না˜আম্ওয়া-লুনা- ওয়া আহ্লূনা- ফাছ্তাগ্ফির্লানা- (ج) ইয়াকূ্ লূনা বিআল্ছিনাতিহিম্ মা-লাইছা ফী কু লূবিহিম (ط) কু ল্ ফামাইঁ ইয়াম্লিকু লাকুম্ মিনাল্লা-হি শাইয়ান্ ইন আরা-দাবিকুম্ দ া‌র্রান্ আও আরা-দাবিকুম নাফ্‘আং (ط) বাল্ কা-নাল্লা-হু বিমা- তা‘মালূনা খাবীরা- ।	
তরজমা	যে সকল মরুবাসী পশ্চাতে রহিয়া গিয়াছে তাহারা তোমাকে বলিবে, ‘আমাদের ধন-সম্পদ ও পরিবার-পরিজন আমাদেরকে ব্যস্ত রাখিয়াছে, অতএব আমাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন।’ উহারা মুখে তাহা বলে যাহা উহাদের অন্তরে নাই। উহাদেরকে বল, ‘আল্লাহ্ তোমাদের কাহারও কোন ক্ষতি কিংবা মঙ্গল সাধনের ইচ্ছা করিলে কে তাঁহাকে নিবৃত্ত করিতে পারে ? বস্তুত তোমরা যাহা কর সে বিষয়ে আল্লাহ্ সম্যক অবহিত।	
	بَلْ ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَّنْقَلِبَ الرَّسُوْلُ وَالْمُؤْمِنُوْنَ اِلٰٓى اَهْلِيْهِمْ اَبَدًا وَّ زُيِّنَ ذٰلِكَ فِيْ قُلُوْبِكُمْ وَظَنَنْتُمْ ظَنَّ السَّوْءِ ۚۖ وَكُنْتُمْ قَوْمًاۢ بُوْرًا ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	বাল্ জ ানাংতুম্ আল্লাইঁ ইয়াংক ালিবার্ রাছূলু ওয়াল্মু’মিনূনা ইলা˜ আহ্লীহিম্ আবাদাওঁ ওয়া ঝুইঁনিয়া য া-লিকা ফী কু লূবিকুম্ ওয়া জ ানাংতুন্ জ ান্নাছ্ছাওই (ج) ওয়া কুংতুম্ ক াওমাম্ বূরা- ।	
তরজমা	না, তোমরা ধারণা করিয়াছিলে যে, রাসূল ও মু’মিনগণ তাহাদের পরিবার-পরিজনের নিকট কখনই ফিরিয়া আসিতে পারিবে না এবং এই ধারণা তোমাদের অন্তরে প্রীতিকর মনে হইয়াছিল ; তোমরা মন্দ ধারণা করিয়াছিলে, তোমরা তো ধ্বংসমুখী এক সম্প্রদায় !	
	وَمَنْ لَّمْ يُؤْمِنْۢ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ فَاِنَّآ اَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ سَعِيْرًا ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া মাল্লাম্ ইউ’মিম বিল্লা-হি ওয়া রাছূলিহী ফাইন্না˜ আ‘তাদ্না- লিলকা-ফিরীনা ছা‘ঈরা- ।	
তরজমা	যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের প্রতি ঈমান আনে না, আমি সেই সব কাফিরের জন্য জ্বলন্ত অগ্নি প্রস্তুত রাখিয়াছি।	
	وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يَغْفِرُ لِمَنْ يَّشَآءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَآءُ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়ালিল্লা-হি মুল্কুছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি (ط) ইয়াগ্ফিরু লিমাইঁ ইয়াশা~উ ওয়াইউ‘আয যি বু মাইঁ ইয়াশা~উ (ط) ওয়া কা-নাল্লা-হু গাফূরার্ রাহ ীমা- ।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর সর্বময় কর্তৃত্ব আল্লাহ্রই, তিনি যাহাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাহাকে ইচ্ছা শাস্তি দেন। তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	سَيَقُولُ الْمُخَلَّفُونَ إِذَا انطَلَقْتُمْ إِلَىٰ مَغَانِمَ لِتَأْخُذُوهَا ذَرُونَا نَتَّبِعْكُمْ ۖ يُرِيدُونَ أَن يُبَدِّلُوا كَلَامَ اللَّهِ ۚ قُل لَّن تَتَّبِعُونَا كَذَٰلِكُمْ قَالَ اللَّهُ مِن قَبْلُ ۖ فَسَيَقُولُونَ بَلْ تَحْسُدُونَنَا ۚ بَلْ كَانُوا لَا يَفْقَهُونَ إِلَّا قَلِيلًا ﴿١٥﴾	**15**
প্রতিবর্ণায়ন	ছাইয়াকূ'লুল্ মুখাল্লাফূনা ইয'াংত'ালাক'তুম্ ইলা– মাগা–নিমা লিতা'খুযূ'হা– য'ারূনা– নাত্তাবি'কুম্ (ج) ইউরীদূনা আইঁ ইউবাদ্দিলূ কালা–মাল্লা–হি (ط) কু'ল্লাং তাত্তাবি'ঊনা– কায'া–লিকুম্ ক'া–লাল্লা–হু মিং ক'াব্লু (ج) ফাছাইয়াকূ'লূনা বাল্ তাহ'ছুদূনানা– (ط) বাল্ কা–না লা–ইয়াফ্ক'াহূনা ইল্লা– ক'ালীলা– ।	
তরজমা	তোমরা যখন যুদ্ধলব্ধ সম্পদ সংগ্রহের জন্য যাইবে তখন যাহারা পশ্চাতে রহিয়া গিয়াছিল তাহারা বলিবে, 'আমাদেরকে তোমাদের সঙ্গে যাইতে দাও।' উহারা আল্লাহ্‌র প্রতিশ্রুতি পরিবর্তন করিতে চায়। বল, 'তোমরা কিছুতেই আমাদের সঙ্গী হইতে পারিবে না। আল্লাহ্ পূর্বেই এইরূপ ঘোষণা করিয়াছেন।' উহারা অবশ্যই বলিবে, 'তোমরা তো আমাদের প্রতি বিদ্বেষ পোষণ করিতেছ।' বস্তুত উহাদের বোধশক্তি সামান্য।	
	قُل لِّلْمُخَلَّفِينَ مِنَ الْأَعْرَابِ سَتُدْعَوْنَ إِلَىٰ قَوْمٍ أُولِي بَأْسٍ شَدِيدٍ تُقَاتِلُونَهُمْ أَوْ يُسْلِمُونَ ۖ فَإِن تُطِيعُوا يُؤْتِكُمُ اللَّهُ أَجْرًا حَسَنًا ۖ وَإِن تَتَوَلَّوْا كَمَا تَوَلَّيْتُم مِّن قَبْلُ يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا ﴿١٦﴾	**16**
প্রতিবর্ণায়ন	কু'ল্ লিল্মুখাল্লাফীনা মিনাল্ আ'রা–বি ছাতুদ্'আওনা ইলা– ক'াওমিন্ ঊলী বা'ছিং শাদীদিং তুক'া–তিলূনাহুম্ আও ইউছ্লিমূনা (ج) ফাইং তুত'ী'ঊ ইউ'তিকুমুল্লা–হু আজরান হ'াছানাওঁ (ج) ওয়া ইং তাতাওয়াল্লাও কামা– তাওয়াল্লাইতুম্ মিং ক'াব্লু ইউ'আয'্যি'বকুম্ 'আয'া–বান্ আলীমা– ।	
তরজমা	যেসব মরুবাসী পশ্চাতে রহিয়া গিয়াছিল তাহাদেরকে বল, 'তোমরা আহূত হইবে এক প্রবল-পরাক্রান্ত জাতির বিরুদ্ধে যুদ্ধ করিতে; তোমরা উহাদের সঙ্গে যুদ্ধ করিবে যতক্ষণ না উহারা আত্মসমর্পণ করে। তোমরা এই নির্দেশ পালন করিলে আল্লাহ্ তোমাদেরকে উত্তম পুরস্কার দান করিবেন। আর তোমরা যদি পূর্বানুরূপ পৃষ্ঠ প্রদর্শন কর, তিনি তোমাদেরকে মর্মন্তুদ শাস্তি দিবেন।	
	لَيْسَ عَلَى الْأَعْمَىٰ حَرَجٌ وَلَا عَلَى الْأَعْرَجِ حَرَجٌ وَلَا عَلَى الْمَرِيضِ حَرَجٌ ۗ وَمَن يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ ۖ وَمَن يَتَوَلَّ يُعَذِّبْهُ عَذَابًا أَلِيمًا ﴿١٧﴾	**17**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লাইছা 'আলাল্ 'আমা- হ'ারাজূওঁ ওয়ালা- 'আলাল্ আ'রাজি হ'ারাজূওঁ ওয়ালা- 'আলাল্ মারীদি' হ'ারাজূও (ط) ওয়া মাইঁ ইউতি''ইল্লা-হা ওয়া রাছূলাহূ ইউদ্খিল্হু জান্না-তিং তাজরী মিং তাহ'তিহাল্ আন্হা-রু (ج) ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লা ইউ'আয'যি'ব্হু 'আয'া-বান আলীমা- ।	
তরজমা	অন্ধের জন্য কোন অপরাধ নাই, খঞ্জের জন্য কোন অপরাধ নাই এবং পীড়িতের জন্য কোন অপরাধ নাই; এবং যে কেহ আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য করিবে আল্লাহ্ তাহাকে দাখিল করিবেন জান্নাতে, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত ; কিন্তু যে ব্যক্তি পৃষ্ঠ প্রদর্শন করিবে তিনি তাহাকে মর্মন্তুদ শাস্তি দিবেন।	
	لَقَدْ رَضِيَ اللّٰهُ عَنِ الْمُؤْمِنِيْنَ اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِيْ قُلُوْبِهِمْ فَاَنْزَلَ السَّكِيْنَةَ عَلَيْهِمْ وَاَثَابَهُمْ فَتْحًا قَرِيْبًا ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	লাক'াদ্ রাদি'য়াল্লা-হু 'আনিল্ মু'মিনীনা ইয' ইউবা-ই'উনাকা তাহ'তাশ্শাজারাতি ফা'আলিমা মা-ফী কু'লূবিহিম্ ফাআংঝালাছ্ ছাকীনাতা 'আলাইহিম্ ওয়া আছ'া-বাহুম ফাত্হ'াং ক'ারীবা- ।	
তরজমা	আল্লাহ্ তো মু'মিনগণের উপর সন্তুষ্ট হইলেন যখন তাহারা বৃক্ষতলে তোমার নিকট বায়'আত গ্রহণ করিল, তাহাদের অন্তরে যাহা ছিল তাহা তিনি অবগত ছিলেন; তাহাদেরকে তিনি দান করিলেন প্রশান্তি এবং তাহাদেরকে পুরস্কার দিলেন আসন্ন বিজয়	
	وَّمَغَانِمَ كَثِيْرَةً يَّاْخُذُوْنَهَا ؕ وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া মাগা-নিমা কাছ'ীরাতাইঁ ইয়া'খুযূ'নাহা- (ط) ওয়া কা-নাল্লা-হু 'আঝীঝান্ হ'াকীমা- ।	
তরজমা	ও বিপুল পরিমাণ যুদ্ধে লভ্য সম্পদ, যাহা উহারা হস্তগত করিবে ; আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	وَعَدَكُمُ اللّٰهُ مَغَانِمَ كَثِيْرَةً تَاْخُذُوْنَهَا فَعَجَّلَ لَكُمْ هٰذِهٖ وَكَفَّ اَيْدِيَ النَّاسِ عَنْكُمْ ۚ وَلِتَكُوْنَ اٰيَةً لِّلْمُؤْمِنِيْنَ وَيَهْدِيَكُمْ صِرَاطًا مُّسْتَقِيْمًا ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া 'আদাকুমুল্লা-হু মাগা-নিমা কাছ'ীরাতাং তা'খুয'ূনাহা- ফা'আজ্জালা লাকুম্ হা-যি'হী ওয়া কাফ্ফা আইদিয়ান্না-ছি 'আংকুম্ ওয়া লিতাকূনা আ-ইয়াতাল্লিল্মু'মিনীনা ওয়া ইয়াহদিইয়াকুম্ সিরা-ত'াম্ মুছ্তাক'ীমা- ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আল্লাহ্ তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছেন যুদ্ধে লভ্য বিপুল সম্পদের যাহার অধিকারী হইবে তোমরা। তিনি ইহা তোমাদের জন্য ত্বরান্বিত করিয়াছেন এবং তিনি তোমাদের হইতে মানুষের হস্ত নিবারিত করিয়াছেন যেন ইহা হয় মু'মিনদের জন্য এক নিদর্শন এবং আল্লাহ্ তোমাদেরকে পরিচালিত করেন সরল পথে;	
	وَّاُخۡرٰى لَمۡ تَقۡدِرُوۡا عَلَيۡهَا قَدۡ اَحَاطَ اللّٰهُ بِهَا ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرًا ﴿۲۱﴾	**21**
প্রতিবর্ণায়ন	ওয়া উখ্‌রা– লাম্ তাক্'দিরূ 'আলাইহা– ক্'াদ্ আহা–ত্'াল্লা–হু বিহা– (ط) ওয়াকা–নাল্লা–হু 'আলা– কুল্লি শাইয়িং ক্'াদীরা– ।	
তরজমা	এবং আরও রহিয়াছে যাহা এখনও তোমাদের অধিকারে আসে নাই, উহা তো আল্লাহ্ আয়ত্তে রাখিয়াছেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَلَوۡ قٰتَلَـكُمُ الَّذِيۡنَ كَفَرُوۡا لَوَلَّوُا الۡاَدۡبَارَ ثُمَّ لَا يَجِدُوۡنَ وَلِيًّا وَّلَا نَصِيۡرًا ﴿۲۲﴾	**22**
প্রতিবর্ণায়ন	ওয়া লাও ক্'া–তালাকুমুল্লায্'ীনা কাফারূ লাওয়াল্লাউল্ আদ্‌বা–রা ছু্'ম্মা লা–ইয়াজিদূনা ওয়ালিয়াওঁ ওয়ালা– নাসীরা– ।	
তরজমা	কাফিররা তোমাদের মুকাবিলা করিলে উহারা অবশ্যই পৃষ্ঠ প্রদর্শন করিত, তখন উহারা কোন অভিভাবক ও সাহায্য-কারী পাইত না।	
	سُنَّةَ اللّٰهِ الَّتِىۡ قَدۡ خَلَتۡ مِنۡ قَبۡلُ ۖ ۚ وَلَنۡ تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبۡدِيۡلًا ﴿۲۳﴾	**23**
প্রতিবর্ণায়ন	ছুন্নাতাল্লা–হিল্লাতী ক্'াদ্ খালাত্ মিং ক্'াব্‌লু (ج) ওয়া লাং তাজিদা লিছুন্নাতিল্লা–হি তাব্‌দীলা– ।	
তরজমা	ইহাই আল্লাহ্‌র বিধান-প্রাচীন কাল হইতে চলিয়া আসিতেছে, তুমি আল্লাহ্‌র বিধানে কোন পরিবর্তন পাইবে না।	
	وَهُوَ الَّذِىۡ كَفَّ اَيۡدِيَهُمۡ عَنۡكُمۡ وَاَيۡدِيَكُمۡ عَنۡهُمۡ بِبَطۡنِ مَكَّةَ مِنۡۢ بَعۡدِ اَنۡ اَظۡفَرَكُمۡ عَلَيۡهِمۡ ؕ وَكَانَ اللّٰهُ بِمَا تَعۡمَلُوۡنَ بَصِيۡرًا ﴿۲۴﴾	**24**
প্রতিবর্ণায়ন	ওয়াহুওয়াল্লায্'ী কাফ্‌ফা আইদিয়াহুম্ 'আংকুম্ ওয়াআইদিয়াকুম্ 'আন্‌হুম্ বিবাত্'নি মাক্কাতা মিম্ বা'দি আন্ আজ্'ফারাকুম্ 'আলাইহিম্ (ط) ওয়া কা–নাল্লা–হু বিমা– তা'মালূনা বাসীরা– ।	
তরজমা	তিনি মক্কা উপত্যকায় উহাদের হস্ত তোমাদের হইতে এবং তোমাদের হস্ত উহাদের হইতে নিবারিত করিয়াছেন, উহাদের উপর তোমাদেরকে বিজয়ী করিবার পর, তোমরা যাহা কিছু কর আল্লাহ্ তাহা দেখেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	هُمُ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوكُمْ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَالْهَدْيَ مَعْكُوفًا أَنْ يَبْلُغَ مَحِلَّهُ ۚ وَلَوْلَا رِجَالٌ مُؤْمِنُونَ وَنِسَاءٌ مُؤْمِنَاتٌ لَمْ تَعْلَمُوهُمْ أَنْ تَطَئُوهُمْ فَتُصِيبَكُمْ مِنْهُمْ مَعَرَّةٌ بِغَيْرِ عِلْمٍ ۖ لِيُدْخِلَ اللَّهُ فِي رَحْمَتِهِ مَنْ يَشَاءُ ۚ لَوْ تَزَيَّلُوا لَعَذَّبْنَا الَّذِينَ كَفَرُوا مِنْهُمْ عَذَابًا أَلِيمًا ﴿٢٥﴾	**25**
প্রতিবর্ণায়ন	হুমুল্লায ীনা কাফারূ ওয়া সাদ্দূকুম্ ‘আনিল্ মাছজিদিল্ হ ারা–মি ওয়াল্ হাদইয়া মা‘কূফান্ আইঁ ইয়াব্লুগা মাহি ল্লাহূ (ط) ওয়ালাও লা–রিজা–লুম্ মু’মিনূনা ওয়া নিছা~উম্ মু’মিনা–তুল্লাম তা‘লামূহুম্ আং তাত াউহুম্ ফাতুসীবাকুম্ মিন্হুম মা‘আর্‌রাতুম্ বিগাইরি ‘ইল্‌মিন্ (ج) লিইউদ্‌খিলাল্লা–হু ফী রাহ মাতিহী মাইঁ ইয়াশা~উ লাও তাঝাইয়ালূ লা‘আয্ য াব্‌নাল্লায ীনা কাফারূ মিন্হুম্ ‘আয া–বান্ আলীমা– ।	
তরজমা	উহারাই তো কুফরী করিয়াছিল এবং নিবৃত্ত করিয়াছিল তোমাদেরকে মসজিদুল-হারাম হইতে ও বাধা দিয়াছিল কুরবানীর জন্য আবদ্ধ পশুগুলিকে যথাস্থানে পৌঁছিতে। তোমাদেরকে যুদ্ধের আদেশ দেওয়া হইত যদি না থাকিত এমন কতক মু’মিন নর ও নারী যাহাদেরকে তোমরা জান না, তোমরা তাহাদেরকে পদদলিত করিতে অজ্ঞাতসারে, ফলে তাহাদের কারণে তোমরা ক্ষতিগ্রস্ত হইতে। যুদ্ধের নির্দেশ দেওয়া হয় নাই এইজন্য যে, তিনি যাহাকে ইচ্ছা নিজ অনুগ্রহ দান করিবেন। যদি উহারা পৃথক হইত, আমি উহাদের মধ্যে কাফিরদেরকে মর্মন্তুদ শাস্তি দিতাম।	
	إِذْ جَعَلَ الَّذِينَ كَفَرُوا فِي قُلُوبِهِمُ الْحَمِيَّةَ حَمِيَّةَ الْجَاهِلِيَّةِ فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَىٰ رَسُولِهِ وَعَلَى الْمُؤْمِنِينَ وَأَلْزَمَهُمْ كَلِمَةَ التَّقْوَىٰ وَكَانُوا أَحَقَّ بِهَا وَأَهْلَهَا ۚ وَكَانَ اللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمًا ﴿٢٦﴾	**26**
প্রতিবর্ণায়ন	ইয জা‘আলাল্লায ীনা কাফারূ ফী কু লূবিহিমুল্ হ ামিইইয়াতা হ ামিইয়াতাল্ জা–হিলিইইয়াতি ফাআংঝালাল্লা–হু ছাকীনাতাহূ ‘আলা–রাছূলিহী ওয়া আলাল্ মু’মিনীনা ওয়া আলঝামাহুম্ কালিমাতাত্‌তাক ওয়া– ওয়া কা–নূ˜ আহ াক্কা া বিহা– ওয়া আহ্‌লাহা– (ط) ওয়া কা–নাল্লা–হু বিকুল্লি শাইয়িন্ ‘আলীমা– ।	
তরজমা	যখন কাফিররা তাহাদের অন্তরে পোষণ করিত গোত্রীয় অহমিকা-অজ্ঞতার যুগের অহমিকা, তখন আল্লাহ্ তাঁহার রাসূল ও মু’মিনদেরকে স্বীয় প্রশান্তি দান করিলেন ; আর তাহাদেরকে তাক্‌ওয়ার বাক্যে সুদৃঢ় করিলেন, এবং তাহারাই ছিল ইহার অধিকতর যোগ্য ও উপযুক্ত। আল্লাহ্ সমস্ত বিষয়ে সম্যক জ্ঞান রাখেন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	لَقَدْ صَدَقَ اللّٰهُ رَسُوْلَهُ الرُّءْيَا بِالْحَقِّ ۚ لَتَدْخُلُنَّ الْمَسْجِدَ الْحَرَامَ اِنْ شَآءَ اللّٰهُ اٰمِنِيْنَ ۙ مُحَلِّقِيْنَ رُءُوْسَكُمْ وَمُقَصِّرِيْنَ ۙ لَا تَخَافُوْنَ ۗ فَعَلِمَ مَا لَمْ تَعْلَمُوْا فَجَعَلَ مِنْ دُوْنِ ذٰلِكَ فَتْحًا قَرِيْبًا ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	লাক াদ্ সাদাক াল্লা-হু রাছূলাহুর্ রু’ইয়া- বিল্হ াক্কি (ج) লাতাদ্খুলুন্নাল্ মাছ্জিদাল্ হ ারা-মা ইং শা~আল্লা-হু আ-মিনীনা (ۙ) মুহ াল্লিক ীনা রুঊ’ছাকুম্ ওয়া মুক াসসিরীনা (ۙ) লা-তাখা-ফূনা (ط) ফা‘আলিমা মা- লাম্ তা‘লামূ ফাজা‘আলা মিং দূনি য া-লিকা ফাত্হ াং ক ারীবা- ।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ তাঁহার রাসূলকে স্বপ্নটি যথাযথভাবে বাস্তবায়ন করিয়া দেখাইয়াছেন, আল্লাহ্র ইচ্ছায় তোমরা অবশ্যই মস্জিদুল-হারামে প্রবেশ করিবে নিরাপদে-তোমাদের কেহ কেহ মস্তক মুণ্ডিত করিবে আর কেহ কেহ কেশ কর্তন করিবে। তোমাদের কোন ভয় থাকিবে না। আল্লাহ্ জানেন তোমরা যাহা জান না। ইহা ছাড়াও তিনি তোমাদেরকে দিয়াছেন এক সদ্য বিজয়।	
	هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى الدِّيْنِ كُلِّهٖ ۗ وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায ী ~আরছালা রাছূলাহূ বিলহুদা- ওয়া দীনিল্ হ াক্কি লিইউজ্ হিরাহূ ‘আলাদ্দীনি কুল্লিহী (ط) ওয়া কাফা- বিল্লা-হি শাহীদা- ।	
তরজমা	তিনিই তাঁহার রাসূলকে পথনির্দেশ ও সত্য দীনসহ প্রেরণ করিয়াছেন, অপর সমস্ত দীনের উপর ইহাকে জয়যুক্ত করিবার জন্য। আর সাক্ষী হিসাবে আল্লাহ্ই যথেষ্ট।	
	مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ ۗ وَالَّذِيْنَ مَعَهٗٓ اَشِدَّآءُ عَلَى الْكُفَّارِ رُحَمَآءُ بَيْنَهُمْ تَرٰىهُمْ رُكَّعًا سُجَّدًا يَّبْتَغُوْنَ فَضْلًا مِّنَ اللّٰهِ وَرِضْوَانًا ۫ سِيْمَاهُمْ فِيْ وُجُوْهِهِمْ مِّنْ اَثَرِ السُّجُوْدِ ۗ ذٰلِكَ مَثَلُهُمْ فِى التَّوْرٰىةِ ۖۛ وَمَثَلُهُمْ فِى الْاِنْجِيْلِ ۚۛ كَزَرْعٍ اَخْرَجَ شَطْـَٔهٗ فَاٰزَرَهٗ فَاسْتَغْلَظَ فَاسْتَوٰى عَلٰى سُوْقِهٖ يُعْجِبُ الزُّرَّاعَ لِيَغِيْظَ بِهِمُ الْكُفَّارَ ۗ وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ مِنْهُمْ مَّغْفِرَةً وَّاَجْرًا عَظِيْمًا ﴿٢٩﴾	29

প্রতিবর্ণায়ন	মুহ াম্মাদুর্ রাছূলুল্লা-হি (ط) ওয়াল্লায ীনা মা'আহূ আশিদ্দা~উ 'আলাল্ কুফফা-রি রুহ ামা~উ বাইনাহুম্ তারা-হুম্ রুক্কা'আং ছুজ্জাদাইঁ ইয়াব্তাগূনা ফাদ লাম্ মিনাল্লা-হি ওয়া রিদ ওয়ানাং (ز) ছীমা-হুম্ ফী উজূহিহিম্ মিন্ আছ ারিছ ছু জূদ (ط) য া-লিকা মাছ ালুহুম্ ফিত্তাওরা-তি (مع) ওয়া মাছ ালুহুম্ ফিল্ ইংজিলি (مع) কাঝার্'ইন্ আখ্রাজা শাত আহূ ফাআ-ঝারাহূ ফাছ্তাগ্লাজ া ফাছ্তাওয়া- 'আলা- ছূকি হী ইউ'জিবুঝ্ঝুররা-'আ লিইয়াগীজা বিহিমুল্ কুফ্ফা-রা (ط) ওয়া 'আদাল্লা-হুল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ া-তি মিন্হুম্ মাগফিরাতাওঁ ওয়া আজরান্ 'আজ ীমা- ।	
তরজমা	মুহাম্মদ আল্লাহ্‌র রাসূল ; তাঁহার সহচরগণ কাফিরদের প্রতি কঠোর এবং নিজেদের মধ্যে পরস্পরের প্রতি সহানুভূতিশীল ; আল্লাহ্‌র অনুগ্রহ ও সন্তুষ্টি কামনায় তুমি তাহাদেরকে রুকূ' ও সিজ্‌দায় অবনত দেখিবে। তাহাদের লক্ষণ তাহাদের মুখমণ্ডলে সিজ্‌দার প্রভাবে পরিস্ফুটিত থাকিবে ; তওরাতে তাহাদের বর্ণনা এইরূপ এবং ইঞ্জীলেও তাহাদের বর্ণনা এইরূপই। তাহাদের দৃষ্টান্ত একটি চারাগাছ, যাহা হইতে নির্গত হয় কিশলয়, অতঃপর ইহা শক্ত ও পুষ্ট হয় এবং পরে কাণ্ডের উপর দাঁড়ায় দৃঢ়ভাবে যাহা চাষীর জন্য আনন্দদায়ক। এইভাবে আল্লাহ্ মু'মিনদের সমৃদ্ধি দ্বারা কাফিরদের অন্তর্জ্বালা সৃষ্টি করেন। যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আল্লাহ্ তাহাদেরকে প্রতিশ্রুতি দিয়াছেন ক্ষমা ও মহাপুরস্কারের।	

49 - Al-Hujurat-হুজরাত -الحجرات

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	يٰۤاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡا لَا تُقَدِّمُوۡا بَيۡنَ يَدَىِ اللّٰهِ وَرَسُوۡلِهٖ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ سَمِيۡعٌ عَلِيۡمٌ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা- তুক াদ্দিমূ বাইনা ইয়াদাইল্লা-হি ওয়া রাছূলিহী ওয়াত্তাকু ল্লা-হা (ط) ইন্নাল্লা-হা ছামী'উন্ 'আলীম।	
তরজমা	হে মু'মিনগণ ! আল্লাহ্ ও তাঁহার রাসূলের সমক্ষে তোমরা কোন বিষয়ে অগ্রণী হইও না এবং আল্লাহ্‌কে ভয় কর ; আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	يٰۤاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡا لَا تَرۡفَعُوۡۤا اَصۡوَاتَكُمۡ فَوۡقَ صَوۡتِ النَّبِىِّ وَلَا تَجۡهَرُوۡا لَهٗ بِالۡقَوۡلِ كَجَهۡرِ بَعۡضِكُمۡ لِبَعۡضٍ اَنۡ تَحۡبَطَ اَعۡمَالُكُمۡ وَاَنۡتُمۡ لَا تَشۡعُرُوۡنَ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা তারফা'উ~আসওয়া-তাকুম্ ফাওক া সাওতিন্নাবিইয়ি ওয়ালা- তাজহারূ লাহূ বিল্ক াওলি কাজাহ্রি বা'দি কুম্ লিবা'দি ন্ আং তাহ বাত া আ'মা-লুকুম্ ওয়া আংতুম লা-তাশ্'উরূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে মু'মিনগণ ! তোমরা নবীর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু করিও না এবং নিজেদের মধ্যে যেভাবে উচ্চস্বরে কথা বল তাহার সঙ্গে সেইরূপ উচ্চস্বরে কথা বলিও না, কারণ ইহাতে তোমাদের কর্ম নিষ্ফল হইয়া যাইবে তোমাদের অজ্ঞাতসারে।	
	اِنَّ الَّذِيْنَ يَغُضُّوْنَ اَصْوَاتَهُمْ عِنْدَ رَسُوْلِ اللّٰهِ اُولٰٓئِكَ الَّذِيْنَ امْتَحَنَ اللّٰهُ قُلُوْبَهُمْ لِلتَّقْوٰى ؕ لَهُمْ مَّغْفِرَةٌ وَّ اَجْرٌ عَظِيْمٌ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ইয়াগুদ্দূনা আসওয়া-তাহুম্ 'ইংদা রাছূলিল্লা-হি উলা~ইকাল্লাযীনাম্ তাহানাল্লা-হু কুলূবাহুম লিত্তাকওয়া- (ط) লাহুম্ মাগ্ফিরাতুওঁ ওয়া আজরুন্ 'আজীম।	
তরজমা	যাহারা আল্লাহ্র রাসূলের সম্মুখে নিজেদের কণ্ঠস্বর নিচু করে, আল্লাহ্ তাহাদের অন্তরকে তাক্ওয়ার জন্য পরীক্ষা করিয়া লইয়াছেন। তাহাদের জন্য রহিয়াছে ক্ষমা ও মহাপুরস্কার।	
	اِنَّ الَّذِيْنَ يُنَادُوْنَكَ مِنْ وَّرَآءِ الْحُجُرٰتِ اَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ইউনা-দূনাকা মিওঁ ওরা~ইল্ হুজূরা-তি আক্ছারুহুম্ লা- ইয়া'কিলূন।	
তরজমা	যাহারা ঘরের বাহির হইতে তোমাকে উচ্চস্বরে ডাকে, তাহাদের অধিকাংশই নির্বোধ,	
	وَلَوْ اَنَّهُمْ صَبَرُوْا حَتّٰى تَخْرُجَ اِلَيْهِمْ لَكَانَ خَيْرًا لَّهُمْ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়ালাও আন্নাহুম্ সাবারূ হাত্তা- তাখ্রুজা ইলাইহিম্ লাকা-না খাইরাল্লাহুম (ط) ওয়াল্লা-হু গাফূরুর রাহীম।	
তরজমা	তুমি বাহির হইয়া উহাদের নিকট আসা পর্যন্ত যদি উহারা ধৈর্য ধারণ করিত, তাহাই উহাদের জন্য উত্তম হইত। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ جَآءَكُمْ فَاسِقٌ بِنَبَاٍ فَتَبَيَّنُوْٓا اَنْ تُصِيْبُوْا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْبِحُوْا عَلٰى مَا فَعَلْتُمْ نٰدِمِيْنَ ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লাযীনা আ-মানূ~ ইং জা~আকুম্ ফা-ছিকুম্ বিনাবাইং ফাতাবাইয়ানূ~ আং তুসীবূ কাওমাম্ বিজাহা-লাতিং ফাতুসবিহূ 'আলা- মা- ফা'আল্তুম্ না-দিমীন।	
তরজমা	হে মু'মিনগণ! যদি কোন পাপাচারী তোমাদের নিকট কোন বার্তা আনয়ন করে, তোমরা তাহা পরীক্ষা করিয়া দেখিবে, পাছে অজ্ঞতাবশত তোমরা কোন সম্প্রদায়কে ক্ষতিগ্রস্ত করিয়া বস, এবং পরে তোমাদের কৃতকর্মের জন্য তোমাদেরকে অনুতপ্ত হইতে হয়।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاعْلَمُوْٓا اَنَّ فِيْكُمْ رَسُوْلَ اللّٰهِ ؕ لَوْ يُطِيْعُكُمْ فِيْ كَثِيْرٍ مِّنَ الْاَمْرِ لَعَنِتُّمْ وَلٰكِنَّ اللّٰهَ حَبَّبَ اِلَيْكُمُ الْاِيْمَانَ وَ زَيَّنَهٗ فِيْ قُلُوْبِكُمْ وَكَرَّهَ اِلَيْكُمُ الْكُفْرَ وَالْفُسُوْقَ وَالْعِصْيَانَ ؕ اُولٰٓئِكَ هُمُ الرّٰشِدُوْنَ ۙ﴿۷﴾	**7**
প্রতিবর্ণায়ন	ওয়া'লামূ~ আন্না ফীকুম রাছূলল্লা-হি (ط) লাও ইউত্বী'উকুম্ ফী কাছ্বীরিম্ মিনাল্ আম্‌রি লা'আনিত্তুম্ ওয়ালা- কিন্নাল্লা-হা হ্বাব্বাবা ইলাইকুমুল্ ঈমা-না ওয়া ঝাইয়ানাহূ ফী কু্লূবিকুম্ ওয়া কার্‌রাহা ইলাইকুমুল্ কুফ্‌রা ওয়াল্‌ফুছূক্বা ওয়াল্ 'ইসইয়া-না (ط) উলা~ইকা হুমুর্‌রা-শিদূন।	
তরজমা	তোমরা জানিয়া রাখ যে, তোমাদের মধ্যে আল্লাহ্‌র রাসূল রহিয়াছেন ; তিনি বহু বিষয়ে তোমাদের কথা শুনিলে তোমরাই কষ্ট পাইতে। কিন্তু আল্লাহ্ তোমাদের নিকট ঈমানকে প্রিয় করিয়াছেন এবং উহাকে তোমাদের হৃদয়গ্রাহী করিয়াছেন ; কুফরী, পাপাচার ও অবাধ্যতাকে করিয়াছেন তোমাদের নিকট অপ্রিয়। উহারাই সৎপথ অবলম্বনকারী,	
	فَضْلًا مِّنَ اللّٰهِ وَنِعْمَةً ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿۸﴾	**8**
প্রতিবর্ণায়ন	ফাদ্বলাম্ মিনাল্লা-হি ওয়া নি'মাতাওঁ (ط) ওয়াল্লা-হু 'আলীমুন্ হ্বাকীম।	
তরজমা	আল্লাহ্‌র দান ও অনুগ্রহস্বরূপ ; আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَاِنْ طَآئِفَتٰنِ مِنَ الْمُؤْمِنِيْنَ اقْتَتَلُوْا فَاَصْلِحُوْا بَيْنَهُمَا ۚ فَاِنْۢ بَغَتْ اِحْدٰىهُمَا عَلَى الْاُخْرٰى فَقَاتِلُوا الَّتِيْ تَبْغِيْ حَتّٰى تَفِيْٓءَ اِلٰٓى اَمْرِ اللّٰهِ ۚ فَاِنْ فَآءَتْ فَاَصْلِحُوْا بَيْنَهُمَا بِالْعَدْلِ وَاَقْسِطُوْا ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ﴿۹﴾	**9**
প্রতিবর্ণায়ন	ওয়া ইং ত্বা~ইফাতা-নি মিনাল্ মু'মিনীনাক্ব তাতালূ ফাআসলিহূ বাইনাহুমা- (ج) ফাইম্ বাগাত্ 'ইহ্দা-হুমা- 'আলাল্ উখরা- ফাক্বা-তিলুল্লাতী তাবগী হ্বাত্তা তাফী~আ ইলা~ আম্‌রিল্লা-হি (ج) ফাইং ফা~আত্ ফাআসলিহূ বাইনাহুমা- বিল্'আদ্‌লি ওয়া আক্বছিতূ (ط) ইন্নাল্লা-হা ইউহিব্বুল্ মুক্বছিত্বীন।	
তরজমা	মু'মিনদের দুই দল দ্বন্দ্বে লিপ্ত হইলে তোমরা তাহাদের মধ্যে মীমাংসা করিয়া দিবে ; আর তাহাদের একদল অপর দলের বিরুদ্ধে বাড়াবাড়ি করিলে, যাহারা বাড়াবাড়ি করে তাহাদের বিরুদ্ধে তোমরা যুদ্ধ করিবে, যতক্ষণ না তাহারা আল্লাহ্‌র নির্দেশের দিকে ফিরিয়া আসে-যদি তাহারা ফিরিয়া আসে তাহাদের মধ্যে ন্যায়ের সঙ্গে ফয়সালা করিবে এবং সুবিচার করিবে। নিশ্চয়ই আল্লাহ্ সুবিচারকারীদেরকে ভালবাসেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اِنَّمَا الْمُؤْمِنُوْنَ اِخْوَةٌ فَاَصْلِحُوْا بَيْنَ اَخَوَيْكُمْ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿١٠﴾	**10**
প্রতিবর্ণায়ন	ইন্নামাল্ মু’মিনূনা ইখ্ওয়াতুং ফাআসলিহূ বাইনা আখাওয়াইকুম্ ওয়াত্তাকু্ল্লা-হা লা‘আল্লাকুম তুর্‌হ ামূন।	
তরজমা	মু’মিনগণ পরস্পর ভাই ভাই ; সুতরাং তোমরা ভ্রাতৃগণের মধ্যে শান্তি স্থাপন কর আর আল্লাহ্‌কে ভয় কর, যাহাতে তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا يَسْخَرْ قَوْمٌ مِّنْ قَوْمٍ عَسٰۤى اَنْ يَّكُوْنُوْا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَآءٌ مِّنْ نِّسَآءٍ عَسٰۤى اَنْ يَّكُنَّ خَيْرًا مِّنْهُنَّ ۚ وَلَا تَلْمِزُوْۤا اَنْفُسَكُمْ وَلَا تَنَابَزُوْا بِالْاَلْقَابِ ؕ بِئْسَ الِاسْمُ الْفُسُوْقُ بَعْدَ الْاِيْمَانِ ۚ وَمَنْ لَّمْ يَتُبْ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿١١﴾	**11**
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা ইয়াছ্‌খার্ ক াওমুম্ মিং ক াওমিন্ ‘আছা˜ আইঁ ইয়াকূনূ খাইরাম্‌মিন্‌হুম্ ওয়ালা- নিছা~উম্ মিন্‌নিছা~ইন্ ‘আছা˜ আইঁ ইয়াকুন্না খাইরাম্ মিন্‌হুন্না (ج) ওয়ালা- তাল্‌মিঝূ˜ আংফুছাকুম্ ওয়ালা- তানা-বাঝূ বিল্‌আল্‌ক া-ব (ط) বি’ছাল ইছ্‌মুল্ ফুছূকু বা‘দাল্ ঈমা-নি (ج) ওয়া মাল্লাম্ ইয়াতুব্ ফাউলা~ইকা হুমুজ্জ া-লিমূন।	
তরজমা	হে মু’মিনগণ ! কোন পুরুষ যেন অপর কোন পুরুষকে উপহাস না করে ; কেননা যাহাকে উপহাস করা হয় সে উপহাসকারী অপেক্ষা উত্তম হইতে পারে এবং কোন নারী অপর কোন নারীকেও যেন উপহাস না করে; কেননা যাহাকে উপহাস করা হয় সে উপহাসকারিণী অপেক্ষা উত্তম হইতে পারে। তোমরা একে অপরের প্রতি দোষারোপ করিও না এবং তোমরা একে অপরকে মন্দ নামে ডাকিও না ; ঈমানের পর মন্দ নাম অতি মন্দ। যাহারা তওবা না করে তাহারাই জালিম।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اجْتَنِبُوْا كَثِيْرًا مِّنَ الظَّنِّ ۫ اِنَّ بَعْضَ الظَّنِّ اِثْمٌ وَّلَا تَجَسَّسُوْا وَلَا يَغْتَبْ بَّعْضُكُمْ بَعْضًا ؕ اَيُحِبُّ اَحَدُكُمْ اَنْ يَّاْكُلَ لَحْمَ اَخِيْهِ مَيْتًا فَكَرِهْتُمُوْهُ ؕ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ تَوَّابٌ رَّحِيْمٌ ﴿١٢﴾	**12**
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায ীনা আ-মানুজতানিবূ কাছ ীরাম্ মিনাজ্জ ান্নি (ز) ইন্না বা‘দ াজ্জ ান্নি ইছ মুওঁ ওয়ালা- তাজাছ্‌ছাছূ ওয়ালা- ইয়াছ্‌তাব্ বা‘দু কুম্ বা‘দ ান (ط) আইউহি ব্বু আহ াদুকুম্ আইঁ ইয়া’কুলা লাহ মা আখীহি মাইতাং ফাকারিহ্‌তুমূহু (ط) ওয়াত্তাকু ল্লা-হা (ط) ইন্নাল্লা-হা তাওওয়া- বুর রাহ ীম।	

তরজমা	হে মু'মিনগণ ! তোমরা অধিকাংশ অনুমান হইতে দূরে থাক ; কারণ অনুমান কোন কোন ক্ষেত্রে পাপ। এবং তোমরা একে অপরের গোপনীয় বিষয় সন্ধান করিও না এবং একে অপরের পশ্চাতে নিন্দা করিও না। তোমাদের মধ্যে কি কেহ তাহার মৃত ভ্রাতার গোশ্‌ত খাইতে চাইবে ? বস্তুত তোমরা তো ইহাকে ঘৃণ্যই মনে কর। তোমরা আল্লাহ্‌কে ভয় কর ; আল্লাহ্ তওবা গ্রহণকারী, পরম দয়ালু।	
	يٰۤاَيُّهَا النَّاسُ اِنَّا خَلَقْنٰكُمْ مِّنْ ذَكَرٍ وَّاُنْثٰى وَجَعَلْنٰكُمْ شُعُوْبًا وَّقَبَآئِلَ لِتَعَارَفُوْا ؕ اِنَّ اَكْرَمَكُمْ عِنْدَ اللّٰهِ اَتْقٰىكُمْ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ خَبِيْرٌ ﴿۱۳﴾	**13**
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহান্না-ছু ইন্না-খালাক্‌না-কুম্ মিং য‌াকারিওঁ ওয়া উংছ‌া- ওয়া জা'আল্‌না-কুম্ শু'উবাওঁ ওয়া ক‌াবা~ইলা লিতা'আ-রাফূ (ط) ইন্না আক্‌রামাকুম্ 'ইংদাল্লা-হি আত্‌ক‌া-কুম (ط) ইন্নাল্লা-হা 'আলীমুন্ খাবীর।	
তরজমা	হে মানুষ ! আমি তোমাদেরকে সৃষ্টি করিয়াছি এক পুরুষ ও এক নারী হইতে, পরে তোমাদেরকে বিভক্ত করিয়াছি বিভিন্ন জাতি ও গোত্রে, যাহাতে তোমরা একে অপরের সঙ্গে পরিচিত হইতে পার। তোমাদের মধ্যে আল্লাহ্‌র নিকট সেই ব্যক্তিই অধিক মর্যাদাসম্পন্ন, যে তোমাদের মধ্যে অধিক মুত্তাকী। নিশ্চয়ই আল্লাহ্ সকল কিছু জানেন, সমস্ত খবর রাখেন।	
	قَالَتِ الْاَعْرَابُ اٰمَنَّا ؕ قُلْ لَّمْ تُؤْمِنُوْا وَلٰكِنْ قُوْلُوْۤا اَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ الْاِيْمَانُ فِىْ قُلُوْبِكُمْ ؕ وَاِنْ تُطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ لَا يَلِتْكُمْ مِّنْ اَعْمَالِكُمْ شَيْـًٔا ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۱۴﴾	**14**
প্রতিবর্ণায়ন	ক‌া-লাতিল্ আ'রা-বু আ-মান্না- (ط) কু‌ল্ লাম্ তু'মিনূ ওয়ালা-কিং কু‌লূ˜ আছ্‌লাম্‌না- ওয়ালাম্মা- ইয়াদ্‌খুলিল ঈমা-নু ফী কু‌লূবিকুম (ط) ওয়াইং তুত‌ী'উল্লা-হা ওয়া রাছূলাহূ লা- ইয়ালিত্‌কুম্ মিন্ আ'মা-লিকুম শাইয়ান (ط) ইন্নাল্লা-হা গাফূরুর রাহ‌ীম।	
তরজমা	বেদুঈনরা বলে, 'আমরা ঈমান আনিলাম।' বল, 'তোমরা ঈমান আন নাই', বরং তোমরা বল, 'আমরা আত্মসমর্পণ করিয়াছি' ; কারণ ঈমান এখনও তোমাদের অন্তরে প্রবেশ করে নাই। যদি তোমরা আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য কর তবে তোমাদের কর্মফল সামান্য পরিমাণও লাঘব করা হইবে না। আল্লাহ্ তো ক্ষমাশীল, পরম দয়ালু।"	
	اِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ثُمَّ لَمْ يَرْتَابُوْا وَجٰهَدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ ؕ اُولٰٓئِكَ هُمُ الصّٰدِقُوْنَ ﴿۱۵﴾	**15**

প্রতিবর্ণায়ন	ইন্নামাল্ মু'মিনূনাল্লায ীনা আ–মানূ বিল্লা–হি ওয়া রাছূলিহী ছু ম্মা লাম্ ইয়ার্‌তা–বূ ওয়া জা–হাদূ বিআম্‌ওয়া– লিহিম ওয়া আংফুছিহিম্ ফী ছাবিলিল্লা–হি (ط) উলা~ইকা হুমুস্‌সা–দিকূ ন।	
তরজমা	তাহারাই মু'মিন যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের প্রতি ঈমান আনে, পরে সন্দেহ পোষণ করে না এবং জীবন ও সম্পদ দ্বারা আল্লাহ্‌র পথে জিহাদ করে, তাহারাই সত্যনিষ্ঠ।	
	قُلْ اَتُعَلِّمُوْنَ اللّٰهَ بِدِيْنِكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	কু ল আতু'আল্লিমূনাল্লা–হা বিদীনিকুম (ط) ওয়াল্লা–হু ইয়া'লামু মা–ফিছ্ ছামা–ওয়া–তি ওয়ামা– ফিল্ আর্‌দি (ط) ওয়াল্লা–হু বিকুল্লি শাইয়িন্ 'আলীম।	
তরজমা	বল, 'তোমরা কি তোমাদের দীন সম্পর্কে আল্লাহ্‌কে অবহিত করিতেছ ? অথচ আল্লাহ্ জানেন যাহা কিছু আছে আকাশমণ্ডলীতে এবং যাহা কিছু আছে পৃথিবীতে। আল্লাহ্ সর্ববিষয়ে সম্যক অবহিত।'	
	يَمُنُّوْنَ عَلَيْكَ اَنْ اَسْلَمُوْا ؕ قُلْ لَّا تَمُنُّوْا عَلَيَّ اِسْلَامَكُمْ ۚ بَلِ اللّٰهُ يَمُنُّ عَلَيْكُمْ اَنْ هَدٰىكُمْ لِلْاِيْمَانِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ইয়ামুন্নূনা 'আলাইকা আন আছ্‌লামূ (ط) কু ল লা-তামুন্নূ 'আলাইইয়া ইছ্‌লা–মাকুম্ (ج) বালিল্লা–হু ইয়ামুন্নু 'আলাইকুম্ আন্ হাদা–কুম্ লিল্‌ঈমা–নি ইং কুংতুম্ সা–দিক ীন।	
তরজমা	উহারা আত্মসমর্পণ করিয়া তোমাকে ধন্য করিয়াছে মনে করে। বল, 'তোমাদের আত্মসমর্পণ আমাকে ধন্য করিয়াছে মনে করিও না, বরং আল্লাহ্‌ই ঈমানের দিকে পরিচালিত করিয়া তোমাদেরকে ধন্য করিয়াছেন, যদি তোমরা সত্যবাদী হও।'	
	اِنَّ اللّٰهَ يَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা ইয়া'লামু গাইবাছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দি (ط) ওয়াল্লা–হু বাসীরুম্ বিমা–তা'মালূন।	
তরজমা	আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীর অদৃশ্য বিষয় সম্পর্কে অবগত আছেন। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা দেখেন।	

50 - Qaf-ক্বাফ -ق

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قٓ ۚ وَالْقُرْاٰنِ الْمَجِيْدِ ۝١	1
প্রতিবর্ণায়ন	ক্বা~ফ্ ; ওয়াল্ কু্বরআ-নিল্ মাজীদ।	
তরজমা	কা-ফ্, শপথ সম্মানিত কুরআনের	
	بَلْ عَجِبُوْٓا اَنْ جَآءَهُمْ مُّنْذِرٌ مِّنْهُمْ فَقَالَ الْكٰفِرُوْنَ هٰذَا شَيْءٌ عَجِيْبٌ ۝٢	2
প্রতিবর্ণায়ন	বাল্ ‘আজিবূ~ আং জা~আহুম্ মুংযি্বরুম্মিন্হুম্ ফাক্বা-লাল্ কা-ফিরূনা হা-য্বা- শাইউন্ ‘আজীব।	
তরজমা	বরং তাহারা বিস্ময় বোধ করে যে, উহাদের মধ্যে একজন সতর্ককারী আবির্ভূত হইয়াছে, আর কাফিররা বলে, ‘ইহা তো এক আশ্চর্য ব্যাপার !	
	ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا ۚ ذٰلِكَ رَجْعٌۢ بَعِيْدٌ ۝٣	3
প্রতিবর্ণায়ন	আ ইয্বা- মিত্না- ওয়াকুন্না- তুরা-বাং (ج) য্বা-লিকা রাজ‘উম বা‘ঈদ।	
তরজমা	‘আমাদের মৃত্যু হইলে এবং আমরা মৃত্তিকায় পরিণত হইলে আমরা কি পুনরুত্থিত হইব ? সুদূরপরাহত সেই প্রত্যাবর্তন।’	
	قَدْ عَلِمْنَا مَا تَنْقُصُ الْاَرْضُ مِنْهُمْ ۚ وَعِنْدَنَا كِتٰبٌ حَفِيْظٌ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ক্বাদ্ ‘আলিম্না- মা- তাংকু্বসুল্ আর্দু্ব মিন্হুম্ ওয়া ‘ইংদানা- কিতা-বুন্ হা্বফীজ্ব ।	
তরজমা	আমি তো জানি মৃত্তিকা ক্ষয় করে উহাদের কতটুকু এবং আমার নিকট আছে রক্ষিত কিতাব।	
	بَلْ كَذَّبُوْا بِالْحَقِّ لَمَّا جَآءَهُمْ فَهُمْ فِيْٓ اَمْرٍ مَّرِيْجٍ ۝٥	5
প্রতিবর্ণায়ন	বাল্ কায্য্বাবূ বিল্হা্বক্বি লাম্মা- জা~আহুম্ ফাহুম্ ফী~ আম্‌রীম্ মারীজ।	
তরজমা	বস্তুত উহাদের নিকট সত্য আসিবার পর উহারা তাহা প্রত্যাখ্যান করিয়াছে। ফলে, উহারা সংশয়ে দোদুল্যমান।	
	اَفَلَمْ يَنْظُرُوْٓا اِلَى السَّمَآءِ فَوْقَهُمْ كَيْفَ بَنَيْنٰهَا وَزَيَّنّٰهَا وَمَا لَهَا مِنْ فُرُوْجٍ ۝٦	6
প্রতিবর্ণায়ন	আফালাম্ ইয়াংজু্বরূ~ ইলাছ্ ছামা~ই ফাওক্বাহুম্ কাইফা বানাইনা-হা- ওয়া ঝাইয়ান্না-হা- ওয়ামা- লাহা- মিং ফুরূজ।	
তরজমা	উহারা কি উহাদের উর্ধ্বস্থিত আকাশের দিকে তাকাইয়া দেখে না, আমি কিভাবে উহা নির্মাণ করিয়াছি ও উহাকে সুশোভিত করিয়াছি এবং উহাতে কোন ফাটলও নাই ?	
	وَالْاَرْضَ مَدَدْنٰهَا وَاَلْقَيْنَا فِيْهَا رَوَاسِيَ وَاَنْۢبَتْنَا فِيْهَا مِنْ كُلِّ زَوْجٍۢ بَهِيْجٍ ۝٧	7

প্রতিবর্ণায়ন	ওয়াল্ আর্দ ̇া মাদাদ্না-হা- ওয়া আলক ̇াইনা- ফীহা- রাওয়া-ছিয়া ওয়া আম্বাত্না- ফীহা- মিং কুল্লি ঝাওজিম্ বাহীজ।	
তরজমা	আমি বিস্তৃত করিয়াছি ভূমিকে ও তাহাতে স্থাপন করিয়াছি পর্বতমালা এবং উহাতে উদ্গত করিয়াছি নয়নপ্রীতিকর সর্বপ্রকার উদ্ভিদ,	
	تَبْصِرَةً وَّ ذِكْرٰى لِكُلِّ عَبْدٍ مُّنِيْبٍ ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	তাব্সিরাতাওঁ ওয়াযি ̇ক্রা- লিকুল্লি ‘আব্দিম্ মুনীব।	
তরজমা	আল্লাহ্র অনুরাগী প্রত্যেক ব্যক্তির জন্য জ্ঞান ও উপদেশস্বরূপ।	
	وَنَزَّلْنَا مِنَ السَّمَآءِ مَآءً مُّبٰرَكًا فَاَنْۢبَتْنَا بِهٖ جَنّٰتٍ وَّحَبَّ الْحَصِيْدِ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়া নাঝঝাল্না- মিনাছ্ ছামা~ই মা~আম মুবা-রাকাং ফাআমবাত্না- বিহী জান্না-তিওঁ ওয়া হ ̇াব্বাল্ হ ̇াসীদ।	
তরজমা	আকাশ হইতে আমি বর্ষণ করি কল্যাণকর বৃষ্টি এবং তদ্দ্বারা আমি সৃষ্টি করি উদ্যান ও পরিপক্ব শস্যরাজি,	
	وَالنَّخْلَ بٰسِقٰتٍ لَّهَا طَلْعٌ نَّضِيْدٌ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়ান্নাখলা বা-ছিক ̇া-তিল্লাহা- ত ̇াল্‘উন্নাদ ̇ীদ।	
তরজমা	ও সমুন্নত খর্জুর বৃক্ষ যাহাতে আছে গুচ্ছ গুচ্ছ খেজুর-	
	رِّزْقًا لِّلْعِبَادِ ۙ وَاَحْيَيْنَا بِهٖ بَلْدَةً مَّيْتًا ؕ كَذٰلِكَ الْخُرُوْجُ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	রিঝকাল্লিল্‘ইবা-দি ওয়া আহ ̇ইয়াইনা- বিহী বাল্দাতাম্মাইতাং (ط) কায ̇া-লিকাল্ খুরূজ।	
তরজমা	আমার বান্দাদের জীবিকাস্বরূপ। বৃষ্টি দ্বারা আমি সঞ্জীবিত করি মৃত ভূমিকে ; এইভাবে উত্থান ঘটিবে।	
	كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ وَّ اَصْحٰبُ الرَّسِّ وَ ثَمُوْدُ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	কায ̇য ̇াবাত্ ক ̇াব্লাহুম্ ক ̇াওমু নুহি ̇ওঁ ওয়া আসহ ̇া-বুর রাছ্ছি ওয়া ছ ̇ামূদ।	
তরজমা	ইহাদের পূর্বেও সত্য প্রত্যাখ্যান করিয়াছিল নূহের সম্প্রদায়, রাস্ ও সামূদ সম্প্রদায়,	
	وَعَادٌ وَّ فِرْعَوْنُ وَاِخْوَانُ لُوْطٍ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ‘আ-দুওঁ ওয়া ফির্‘আউনু ওয়া ইখ্ওয়া-নু লূত ̇।	
তরজমা	‘আদ, ফির‘আওন ও লূত সম্প্রদায়	
	وَّ اَصْحٰبُ الْاَيْكَةِ وَقَوْمُ تُبَّعٍ ؕ كُلٌّ كَذَّبَ الرُّسُلَ فَحَقَّ وَعِيْدِ ﴿١٤﴾	14

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া আসহ্া–বুল্ আইকাতি ওয়া ক্াওমু তুব্বা‘ইং (ط) কুল্লুং কায্‌য্াবার্ রুছুলা ফাহ্াক্ক্া ওয়া‘ঈদ।	
তরজমা	এবং আয়কার অধিবাসী ও তুব্বা সম্প্রদায় ; উহারা সকলেই রাসূলগণকে মিথ্যাবাদী বলিয়াছিল, ফলে উহাদের উপর আমার শাস্তি আপতিত হইয়াছে।	
	أَفَعَيِينَا بِالْخَلْقِ الْأَوَّلِ ۚ بَلْ هُمْ فِي لَبْسٍ مِّنْ خَلْقٍ جَدِيدٍ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	আফা‘আঈনা– বিল্খাল্কি্ল্ আওওয়ালি (ط) বাল্ হুম্ ফী লাব্ছিম্ মিন্ খাল্কি্ং জাদীদ।	
তরজমা	আমি কি প্রথমবার সৃষ্টি করিয়াই ক্লান্ত হইয়া পড়িয়াছি! বস্তুত পুনঃ সৃষ্টির বিষয়ে উহারা সন্দেহে পতিত।	
	وَلَقَدْ خَلَقْنَا الْإِنسَانَ وَنَعْلَمُ مَا تُوَسْوِسُ بِهِ نَفْسُهُ ۖ وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া লাক্াদ খালাক্নাল ইংছা–না ওয়ানা‘লামু মা–তুওয়াছ্বি্ছু বিহী নাফ্ছুহূ (ج) ওয়া নাহ্নু আক্রাবু ইলাইহি মিন্ হ্াব্লিল্ ওয়ারীদ্।	
তরজমা	আমিই মানুষকে সৃষ্টি করিয়াছি এবং তাহার প্রবৃত্তি তাহাকে যে কুমন্ত্রণা দেয় তাহা আমি জানি। আমি তাহার গ্রীবাস্থিত ধমনী অপেক্ষাও নিকটতর।	
	إِذْ يَتَلَقَّى الْمُتَلَقِّيَانِ عَنِ الْيَمِينِ وَعَنِ الشِّمَالِ قَعِيدٌ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ইয্ ইয়াতালাক্ক্াল্ মুতালাক্কি্য়া–নি ‘আনিল্ ইয়ামীনি ওয়া ‘আনিশ্‌শিমা–লি ক্া‘ঈদ।	
তরজমা	স্মরণ রাখিও, ‘দুই গ্রহণকারী’ ফিরিশতা তাহার দক্ষিণে ও বামে বসিয়া তাহার কর্ম লিপিবদ্ধ করে ;	
	مَا يَلْفِظُ مِن قَوْلٍ إِلَّا لَدَيْهِ رَقِيبٌ عَتِيدٌ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	মা– ইয়াল্ফিজু্ মিং ক্াওলিন্ ইল্লা– লাদাইহি রাক্ীবুন্ ‘আতীদ।	
তরজমা	মানুষ যে কথাই উচ্চারণ করে তাহার জন্য তৎপর প্রহরী তাহার নিকটেই রহিয়াছে।	
	وَجَاءَتْ سَكْرَةُ الْمَوْتِ بِالْحَقِّ ۖ ذَٰلِكَ مَا كُنتَ مِنْهُ تَحِيدُ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া জা~আত্ ছাক্রাতুল্ মাওতি বিল্হ্াক্কি্ (ط) য্া–লিকা মা– কুংতা মিন্হু তাহ্ীদ।	
তরজমা	মৃত্যুযন্ত্রণা সত্যই আসিবে ; ইহা হইতেই তোমরা অব্যাহতি চাহিয়া আসিয়াছ।	
	وَنُفِخَ فِي الصُّورِ ۚ ذَٰلِكَ يَوْمُ الْوَعِيدِ ﴿٢٠﴾	20

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া নুফিখা ফিস্‌সূরি (ط) যা-লিকা ইয়াওমুল্‌ ওয়া‘ঈদ।	
তরজমা	আর শিঙ্গায় ফুৎকার দেওয়া হইবে, উহাই শাস্তির দিন।	
	وَجَآءَتۡ كُلُّ نَفۡسٍ مَّعَهَا سَآئِقٌ وَّشَهِيۡدٌ ﴿٢١﴾	**21**
প্রতিবর্ণায়ন	ওয়া জা~আত্‌ কুল্লু নাফ্‌ছিম্মা‘আহা- ছা~ইকু‌ওঁ ওয়া শাহীদ।	
তরজমা	সেদিন প্রত্যেক ব্যক্তি উপস্থিত হইবে, তাহার সঙ্গে থাকিবে চালক ও সাক্ষী।	
	لَقَدۡ كُنۡتَ فِىۡ غَفۡلَةٍ مِّنۡ هٰذَا فَكَشَفۡنَا عَنۡكَ غِطَآءَكَ فَبَصَرُكَ الۡيَوۡمَ حَدِيۡدٌ ﴿٢٢﴾	**22**
প্রতিবর্ণায়ন	লাকাদ্‌ কুংতা ফী গাফ্‌লাতিম্‌ মিন্‌ হা-যা- ফাকাশাফ্‌না- ‘আংকা গিতা~আকা ফাবাসারুকাল্‌ ইয়াওমা হাদীদ।	
তরজমা	তুমি এই দিবস সম্বন্ধে উদাসীন ছিলে, এখন আমি তোমার সম্মুখ হইতে পর্দা উন্মোচন করিয়াছি। অদ্য তোমার দৃষ্টি প্রখর।	
	وَقَالَ قَرِيۡنُهٗ هٰذَا مَا لَدَىَّ عَتِيۡدٌ ﴿٢٣﴾	**23**
প্রতিবর্ণায়ন	ওয়া কা-লা কারীনুহূ হা-যা- মা- লাদাইইয়া ‘আতীদ।	
তরজমা	তাহার সঙ্গী ফিরিশ্‌তা বলিবে, ‘এই তো আমার নিকট ‘আমলনামা প্রস্তুত।’	
	اَلۡقِيَا فِىۡ جَهَنَّمَ كُلَّ كَفَّارٍ عَنِيۡدٍ ﴿٢٤﴾	**24**
প্রতিবর্ণায়ন	আল্‌কিয়া- ফী জাহান্নামা কুল্লা কাফ্‌ফা-রিন ‘আনীদ।	
তরজমা	আদেশ করা হইবে, তোমরা উভয়ে নিক্ষেপ কর জাহান্নামে প্রত্যেক উদ্ধত কাফিরকে-	
	مَّنَّاعٍ لِّلۡخَيۡرِ مُعۡتَدٍ مُّرِيۡبِ ﴿٢٥﴾	**25**
প্রতিবর্ণায়ন	মান্না-‘ইল্লিল্‌ খাইরি মু‘তাদিমমুরীব।	
প্রতিবর্ণায়ন	ই'লামূ~ আন্নামাল্ হায়া-তুদ্দুনইয়া- লা'ইবুওঁ ওয়ালাহ্‌উওঁ ওয়া ঝীনাতুওঁ ওয়া তাফা-খুরুম্ বাইনাকুম ওয়া তাকা-ছুরুং ফিল্ আম্‌ওয়া-লি ওয়াল্‌আওলা-দা (ط) কামাছালি গাইছিন্ আ'জাবাল্ কুফ্‌ফা-রা নাবাতুহূ ছুম্মা ইয়াহীজু ফাতারা-হু মুসফাররাং ছুম্মা ইয়াকূনু হুতা-মাও (ط) ওয়া ফিল্ আ-খিরাতি 'আযা-বুং শাদীদুওঁ (ؕ) ওয়া মাগফিরাতুম্ মিনাল্লা-হি ওয়া রিদওয়ানুওঁ (ط) ওয়ামাল হায়া-তুদ্দুন্‌ইয়া~ ইল্লা মাতা-'উল্ গুরূর।	
তরজমা	তোমরা জানিয়া রাখ, পার্থিব জীবন তো ক্রীড়া-কৌতুক, জাঁকজমক, পারস্পরিক শ্লাঘা, ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে প্রাচুর্য লাভের প্রতিযোগিতা ব্যতীত আর কিছু নয়। উহার উপমা বৃষ্টি, যদ্দ্বারা উৎপন্ন শস্য-সম্ভার কৃষকদেরকে চমৎকৃত করে, অতঃপর উহা শুকাইয়া যায়, ফলে তুমি উহা পীতবর্ণ দেখিতে পাও, অবশেষে উহা খড়-কুটায় পরিণত হয়। পরকালে রহিয়াছে কঠিন শাস্তি এবং আল্লাহ্‌র ক্ষমা ও সন্তুষ্টি। পার্থিব জীবন প্রতারণার সামগ্রী ব্যতীত কিছুই নয়।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	سَابِقُوْٓا اِلٰى مَغْفِرَةٍ مِّنْ رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا كَعَرْضِ السَّمَآءِ وَالْاَرْضِ ۙ اُعِدَّتْ لِلَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ ؕ ذٰلِكَ فَضْلُ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ছা–বিকূ˙ ˜ইলা– মাগ্ফিরাতিম্ মির্ রাব্বিকুম্ ওয়া জান্নাতিন্ ‘আরদু˙হা– কা‘আরদিছ ছামা~ই ওয়াল্ আর্দি˙ (ۙ) উ‘ইদ্দাত্ লিল্লায ˙ীনা আ–মানূ বিল্লা–হি ওয়া রুছুলিহী (ط) য˙া–লিকা ফাদ˙লুল্লা–হি ইউ’তীহি মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা–হু যু˙ল্ ফাদ˙লিল্ ‘আজ˙ীম।	
তরজমা	তোমরা অগ্রণী হও তোমাদের প্রতিপালকের ক্ষমা ও সেই জান্নাত লাভের প্রয়াসে যাহা প্রশস্ততায় আকাশ ও পৃথিবীর মত, যাহা প্রস্তুত করা হইয়াছে তাহাদের জন্য যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলগণে ঈমান আনে। ইহা আল্লাহ্র অনুগ্রহ, যাহাকে ইচ্ছা তিনি ইহা দান করেন; আল্লাহ্ মহাঅনুগ্রহশীল।	
	مَآ اَصَابَ مِنْ مُّصِيْبَةٍ فِى الْاَرْضِ وَلَا فِيْٓ اَنْفُسِكُمْ اِلَّا فِيْ كِتٰبٍ مِّنْ قَبْلِ اَنْ نَّبْرَاَهَا ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ۚ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	মা˜ আসা–বা মিমমুসীবাতিং ফিল্ আর্দি˙ ওয়ালা– ফী˜আংফুছিকুম ইল্লা– ফী কিতা–বিম্ মিং ক˙াবলি আন্নাবরাআহা– (ط) ইন্না য˙া–লিকা ‘আলাল্লা–হি ইয়াছীর।	
তরজমা	পৃথিবীতে অথবা ব্যক্তিগতভাবে তোমাদের উপর যে বিপর্যয় আসে আমি উহা সংঘটিত করিবার পূর্বেই উহা লিপিবদ্ধ থাকে; আল্লাহ্র পক্ষে ইহা খুবই সহজ।	
	لِّكَيْلَا تَاْسَوْا عَلٰى مَا فَاتَكُمْ وَلَا تَفْرَحُوْا بِمَآ اٰتٰىكُمْ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرِ ۙ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	লিকাইলা– তা’ছাও ‘আলা– মা– ফা–তাকুম্ ওয়ালা– তাফ্রাহূ˙ বিমা˜ আ–তা–কুম (ط) ওয়াল্লা–হু লা–ইউহি˙ব্বু কুল্লা মুখ্তা–লিং ফাখূর।	
তরজমা	ইহা এইজন্য যে, তোমরা যাহা হারাইয়াছ তাহাতে যেন তোমরা বিমর্ষ না হও, এবং যাহা তিনি তোমাদেরকে দিয়াছেন তাহার জন্য হর্ষোৎফুল্ল না হও। আল্লাহ্ পসন্দ করেন না উদ্ধত ও অহংকারীদেরকে-	
	الَّذِيْنَ يَبْخَلُوْنَ وَيَاْمُرُوْنَ النَّاسَ بِالْبُخْلِ ؕ وَمَنْ يَّتَوَلَّ فَاِنَّ اللّٰهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	আল্লায ˙ীনা ইয়াব্খালূনা ওয়া ইয়া’মুরূনান্না–ছা বিল্বুখ্লি (ط) ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লা ফাইন্নাল্লা–হা হুওয়াল গানিইয়ূল হ˙ামীদ।	
তরজমা	যাহারা কার্পণ্য করে ও মানুষকে কার্পণ্যের নির্দেশ দেয় এবং যে মুখ ফিরাইয়া নেয় সে জানিয়া রাখুক আল্লাহ্ তো অভাবমুক্ত, প্রশংসার্হ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	لَقَدْ اَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنٰتِ وَاَنْزَلْنَا مَعَهُمُ الْكِتٰبَ وَالْمِيْزَانَ لِيَقُوْمَ النَّاسُ بِالْقِسْطِ ۚ وَاَنْزَلْنَا الْحَدِيْدَ فِيْهِ بَاْسٌ شَدِيْدٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَّنْصُرُهٗ وَرُسُلَهٗ بِالْغَيْبِ ۗ اِنَّ اللّٰهَ قَوِيٌّ عَزِيْزٌ ﴿٢٥﴾	**25**
প্রতিবর্ণায়ন	লাক াদ আরছালনা– রুছুলানা– বিলবাইয়িনা–তি ওয়া আংঝাল্‌না–মা‘আহুমুল্ কিতা–বা ওয়াল মীঝা–না লিইয়াকূ মান্না–ছু বিল্‌কি ছতি (ج) ওয়া আংঝালনাল হ াদীদা ফীহি বা’ছুং শাদীদুওঁ ওয়া মানা–ফি‘উ লিন্না–ছি ওয়া লিইয়া‘লামাল্লা–হু মাইঁ ইয়াংসুরুহূ ওয়া রুছুলাহূ বিল্‌গাইবি (ط) ইন্নাল্লা–হা ক াবি ইয়ুন ‘আঝীঝ।	
তরজমা	নিশ্চয়ই আমি আমার রাসূলগণকে প্রেরণ করিয়াছি স্পষ্ট প্রমাণসহ এবং তাহাদের সঙ্গে দিয়াছি কিতাব ও ন্যায়নীতি, যাহাতে মানুষ সুবিচার প্রতিষ্ঠা করে। আমি লৌহও দিয়াছি যাহাতে রহিয়াছে প্রচণ্ড শক্তি ও রহিয়াছে মানুষের জন্য বহুবিধ কল্যাণ। ইহা এইজন্য যে, আল্লাহ্ প্রকাশ করিয়া দেন কে প্রত্যক্ষ না করিয়াও তাঁহাকে ও তাঁহার রাসূলগণকে সাহায্য করে। অবশ্যই আল্লাহ্ শক্তিমান, পরাক্রমশালী।	
	وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا وَّاِبْرٰهِيْمَ وَجَعَلْنَا فِيْ ذُرِّيَّتِهِمَا النُّبُوَّةَ وَالْكِتٰبَ فَمِنْهُمْ مُّهْتَدٍ ۚ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿٢٦﴾	**26**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ্ আরছাল্‌না– নূহ াও ওয়া ইবরা–হীমা ওয়া জা‘আলনা– ফী যু ররিইইয়াতিহিমাং নুবুওয়াতা ওয়াল্ কিতা–বা ফামিন্‌হুম মুহ্‌তাদিও (ج) ওয়া কাছ ীরুম মিন্‌হুম্ ফা–ছিকূ ন।	
তরজমা	আমি নূহ্ এবং ইব্‌রাহীমকে রাসূলরূপে প্রেরণ করিয়াছিলাম এবং আমি তাহাদের বংশধরগণের জন্য স্থির করিয়াছিলাম নবুওয়াত ও কিতাব, কিন্তু উহাদের অল্পই সৎপথ অবলম্বন করিয়াছিল এবং অধিকাংশই ছিল সত্যত্যাগী।	
	ثُمَّ قَفَّيْنَا عَلٰۤى اٰثَارِهِمْ بِرُسُلِنَا وَقَفَّيْنَا بِعِيْسَى ابْنِ مَرْيَمَ وَاٰتَيْنٰهُ الْاِنْجِيْلَ ۙ وَجَعَلْنَا فِيْ قُلُوْبِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ رَاْفَةً وَّرَحْمَةً ۗ وَرَهْبَانِيَّةَ ٰ ابْتَدَعُوْهَا مَا كَتَبْنٰهَا عَلَيْهِمْ اِلَّا ابْتِغَآءَ رِضْوَانِ اللّٰهِ فَمَا رَعَوْهَا حَقَّ رِعَايَتِهَا ۚ فَاٰتَيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا مِنْهُمْ اَجْرَهُمْ ۚ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿٢٧﴾	**27**

প্রতিবর্ণায়ন	ছু ম্মা ক াফ্ফাইনা– 'আলা˜আ–ছ া–রিহিম বিরুছুলিনা– ওয়া ক াফ্ফাইনা– বি'ঈছাব্নি মারইয়ামা ওয়া আ–তাইনা–হুল ইংজীলা (৴) ওয়া জা'আল্না–ফী কু লূবিল্লায ীনাত্তাবা'উহু রা'ফাতাওঁ ওয়া রাহ মাতাও (ط) ওয়া রাহ্বা–নিইয়াতানিব্ তাদা'উহা– মা– কাতাব্না–হা– 'আলাইহিম ইল্লাব্তিগা~আ রিদ ওয়া–নিল্লা–হি ফামা– রা'আওহা– হ াক্ক া রি'আ– ইয়াতিহা– (ج) ফাআ–তাইনাল্লায ীনা আ–মানূ মিন্হুম্ আজরাহুম্ (ج) ওয়া কাছ ীরুম্ মিন্হুম্ ফা–ছিক ূন।	
তরজমা	অতঃপর আমি তাহাদের পশ্চাতে অনুগামী করিয়াছিলাম আমার রাসূলগণকে এবং অনুগামী করিয়াছিলাম মার্‌ইয়াম-তনয় ঈসাকে, আর তাহাকে দিয়াছিলাম ইঞ্জীল এবং তাহার অনুসারীদের অন্তরে দিয়াছিলাম করুণা ও দয়া। আর সন্ন্যাসবাদ-ইহা তো উহারা নিজেরাই আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের জন্য প্রবর্তন করিয়াছিল। আমি উহাদেরকে ইহার বিধান দেই নাই ; অথচ ইহাও উহারা যথাযথভাবে পালন করে নাই। উহাদের মধ্যে যাহারা ঈমান আনিয়াছিল, উহাদেরকে আমি দিয়াছিলাম পুরস্কার এবং উহাদের অধিকাংশই সত্যত্যাগী।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ ٱتَّقُوا۟ ٱللَّهَ وَءَامِنُوا۟ بِرَسُولِهِۦ يُؤْتِكُمْ كِفْلَيْنِ مِن رَّحْمَتِهِۦ وَيَجْعَل لَّكُمْ نُورًا تَمْشُونَ بِهِۦ وَيَغْفِرْ لَكُمْ ۚ وَٱللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ٢٨	28
প্রতিবর্ণায়ন	ইয়া আইয়ুহাল্লায ীনা আ–মানুত্তাকু ল্লা–হা ওয়া আ–মিনূ বিরাছুলিহী ইউ'তিকুম্ কিফলাইনি মির্ রাহ মাতিহী ওয়া ইয়াজ'আল্লাকুম্ নূরাং তামশূনা বিহী ওয়া ইয়াগফির্ লাকুম (ج) ওয়াল্লা–হু গাফূরুর রাহ ীম।	
তরজমা	হে মু'মিনগণ! আল্লাহ্‌কে ভয় কর এবং তাঁহার রাসূলের প্রতি বিশ্বাস স্থাপন কর। তিনি তাঁহার অনুগ্রহে তোমাদেরকে দিবেন দ্বিগুণ পুরস্কার এবং তিনি তোমাদেরকে দিবেন আলো, যাহার সাহায্যে তোমরা চলিবে এবং তিনি তোমাদেরকে ক্ষমা করিবেন ; আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	لِّئَلَّا يَعْلَمَ أَهْلُ ٱلْكِتَٰبِ أَلَّا يَقْدِرُونَ عَلَىٰ شَىْءٍ مِّن فَضْلِ ٱللَّهِ ۙ وَأَنَّ ٱلْفَضْلَ بِيَدِ ٱللَّهِ يُؤْتِيهِ مَن يَشَآءُ ۚ وَٱللَّهُ ذُو ٱلْفَضْلِ ٱلْعَظِيمِ ٢٩	29
প্রতিবর্ণায়ন	লিয়াল্লা– ইয়া'লামা আহ্লুল কিতা–বি আল্লা– ইয়াক দিরূনা 'আলা– শাইয়িম্ মিং ফাদ লিল্লা–হি ওয়া আন্নাল্ ফাদ লা বিয়াদিল্লা–হি ইউ'তীহি মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা–হু যু ল্ ফাদ লিল্ 'আজ ীম।	
তরজমা	ইহা এইজন্য যে, কিতাবীগণ যেন জানিতে পারে, আল্লাহ্‌র সামান্যতম অনুগ্রহের উপরও উহাদের কোন অধিকার নাই। অনুগ্রহ আল্লাহ্‌রই ইখ্তিয়ারে, যাহাকে ইচ্ছা তাহাকে তিনি তাহা দান করেন। আল্লাহ্ মহাঅনুগ্রহশীল।	

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	قَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّتِيْ تُجَادِلُكَ فِيْ زَوْجِهَا وَتَشْتَكِيْٓ اِلَى اللّٰهِ ۖ وَاللّٰهُ يَسْمَعُ تَحَاوُرَكُمَا ۭ اِنَّ اللّٰهَ سَمِيْعٌۢ بَصِيْرٌ ①	**1**
প্রতিবর্ণায়ন	ক ̇াদ ছামি‘আল্লা-হু ক ̇াওলাল্লাতী তুজা-দিলুকা ফী ঝাওজিহা- ওয়া তাশতাকী˜ ইলাল্লা-হি (ق) ওয়াল্লা-হু ইয়াছমা‘উ তাহ ̇া-উরাকুমা- (ط) ইন্নাল্লা-হা ছামী‘উম বাসীর।	
তরজমা	আল্লাহ্ অবশ্যই শুনিয়াছেন সেই নারীর কথা, যে তাহার স্বামীর বিষয়ে তোমার সঙ্গে বাদানুবাদ করিতেছে এবং আল্লাহ্‌র নিকটও ফরিয়াদ করিতেছে। আল্লাহ্ তোমাদের কথোপকথন শোনেন, আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।	
	اَلَّذِيْنَ يُظٰهِرُوْنَ مِنْكُمْ مِّنْ نِّسَاۗىِٕهِمْ مَّا هُنَّ اُمَّهٰتِهِمْ ۭ اِنْ اُمَّهٰتُهُمْ اِلَّا الّٰۗـِٔيْ وَلَدْنَهُمْ ۭ وَاِنَّهُمْ لَيَقُوْلُوْنَ مُنْكَرًا مِّنَ الْقَوْلِ وَزُوْرًا ۭ وَاِنَّ اللّٰهَ لَعَفُوٌّ غَفُوْرٌ ②	**2**
প্রতিবর্ণায়ন	আল্লায ̇ীনা ইউজ ̇া-হিরূনা মিংকুম মিনিছা~ইহিম মা-হুন্না উম্মাহা-তিহিম (ط) ইন্ উম্মাহা-তুহুম ইল্লাল্ লা~ঈ ওয়ালাদনাহুম (ط) ওয়া ইন্নাহুম লাইয়াকূ ̇লূনা মুংকারাম্ মিনাল ক ̇াওলি ওয়াঝূরা- (ط) ওয়া ইন্নাল্লা-হা লা‘আফুওউন গাফূর।	
তরজমা	তোমাদের মধ্যে যাহারা নিজেদের স্ত্রীগণের সঙ্গে যিহার করে, তাহারা জানিয়া রাখুক-তাহাদের স্ত্রীগণ তাহাদের মাতা নন, যাহারা তাহাদেরকে জন্মদান করে কেবল তাহারাই তাহাদের মাতা; উহারা তো অসঙ্গত ও অসত্য কথাই বলে। নিশ্চয়ই আল্লাহ্ পাপ মোচনকারী ও ক্ষমাশীল।	
	وَالَّذِيْنَ يُظٰهِرُوْنَ مِنْ نِّسَاۗىِٕهِمْ ثُمَّ يَعُوْدُوْنَ لِمَا قَالُوْا فَتَحْرِيْرُ رَقَبَةٍ مِّنْ قَبْلِ اَنْ يَّتَمَاۗسَّا ۭ ذٰلِكُمْ تُوْعَظُوْنَ بِهٖ ۭ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ③	**3**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ̇ীনা ইউজ ̇া-হিরূনা মিন্নিছা~ইহিম ছু ̇ম্মা ইয়া‘ঊদূনা লিমা- ক ̇া-লূ ফাতাহ ̇রীরু রাক ̇াবাতিম্ মিং ক ̇াবলি আইঁ ইয়াতামা~ছ্ছা- (ط) য ̇া-লিকুম তূ‘আজ ̇না বিহী (ط) ওয়াল্লা-হু বিমা- তা‘মালূনা খাবীর।	
তরজমা	যাহারা নিজেদের স্ত্রীগণের সঙ্গে যিহার করে এবং পরে উহাদের উক্তি প্রত্যাহার করে, তবে একে অপরকে স্পর্শ করিবার পূর্বে একটি দাস মুক্ত করিতে হইবে, ইহা দ্বারা তোমাদেরকে উপদেশ দেওয়া যাইতেছে। তোমরা যাহা কর আল্লাহ্ তাহার খবর রাখেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ مِنْ قَبْلِ اَنْ يَّتَمَآسَّا ۚ فَمَنْ لَّمْ يَسْتَطِعْ فَاِطْعَامُ سِتِّيْنَ مِسْكِيْنًا ؕ ذٰلِكَ لِتُؤْمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ؕ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ ؕ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ اَلِيْمٌ ﴿۴﴾	**4**
প্রতিবর্ণায়ন	ফামাল্লাম ইয়াজিদ ফাসিয়া-মু শাহ্‌রাইনি মুতাতা-বি‘আইনি মিং ক'াবলি আইঁ ইয়াতামা~ছ্‌ছা- (ط) ফামাল্লাম ইয়াছ্‌তাতি ' ‘ ফাইত' ‘আ-মু ছিত্তীনা মিছকীনা- (ط) য'া-লিকা লিতু'মিনূ বিল্লা-হি ওয়া রাছূলিহী (ط) ওয়া তিলকা হু'দূদুল্লা-হি (ط) ওয়া লিল্‌কা-ফিরীনা ‘আয'া-বুন আলীম।	
তরজমা	কিন্তু যাহার এ সামর্থ্য থাকিবে না, একে অপরকে স্পর্শ করিবার পূর্বে তাহাকে একাদিক্রমে দুই মাস সিয়াম পালন করিতে হইবে ; যে তাহাতেও অসমর্থ, সে ষাটজন অভাবগ্রস্তকে খাওয়াইবে; ইহা এইজন্য যে, তোমরা যেন আল্লাহ্ ও তাঁহার রাসূলে বিশ্বাস স্থাপন কর। এইগুলি আল্লাহ্‌র নির্ধারিত বিধান ; কাফিরদের জন্য রহিয়াছে মর্মন্তুদ শাস্তি।	
	اِنَّ الَّذِيْنَ يُحَآدُّوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ كُبِتُوْا كَمَا كُبِتَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَقَدْ اَنْزَلْنَاۤ اٰيٰتٍۢ بَيِّنٰتٍ ؕ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ مُّهِيْنٌ ﴿۵﴾	**5**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা ইউহ'া~দ্দূনাল্লা-হা ওয়া রাছূলাহূ কুবিতূ কামা- কুবিতাল্লায'ীনা মিং ক'াবলিহিম ওয়া ক'াদ আংঝালনা~আ-য়া-তিম বাইয়িনা-তিওঁ (ط) ওয়ালিল্‌কা-ফিরীনা ‘আয'া-বুম্ মুহীন।	
তরজমা	যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরুদ্ধাচরণ করে, তাহাদেরকে অপদস্থ করা হইবে যেমন অপদস্থ করা হইয়াছে তাহাদের পূর্ববর্তীদেরকে; আমি সুস্পষ্ট আয়াত অবতীর্ণ করিয়াছি; কাফিরদের জন্য রহিয়াছে লাঞ্ছনাদায়ক শাস্তি-	
	يَوْمَ يَبْعَثُهُمُ اللّٰهُ جَمِيْعًا فَيُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْا ؕ اَحْصٰىهُ اللّٰهُ وَنَسُوْهُ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ﴿۶﴾	**6**
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াব‘আছু হুমুল্লা-হু জামী‘আং ফাইউনাব্বিউহুম বিমা- ‘আমিলূ (ط) আহ'সা-হুল্লা-হু ওয়া নাছূহু (ط) ওয়াল্লা-হু ‘আলা-কুল্লি শাইয়িং শাহীদ।	
তরজমা	সেই দিন, যেদিন উহাদের সকলকে একত্রে উত্থিত করা হইবে এবং উহাদেরকে জানাইয়া দেওয়া হইবে যাহা উহারা করিত; আল্লাহ্ উহার হিসাব রাখিয়াছেন, আর উহারা তাহা বিস্মৃত হইয়াছে। আল্লাহ্ সর্ববিষয়ে সম্যক দ্রষ্টা।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَلَمۡ تَرَ اَنَّ اللّٰهَ يَعۡلَمُ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الۡاَرۡضِ‌ؕ مَا يَكُوۡنُ مِنۡ نَّجۡوٰى ثَلٰثَةٍ اِلَّا هُوَ رَابِعُهُمۡ وَلَا خَمۡسَةٍ اِلَّا هُوَ سَادِسُهُمۡ وَلَاۤ اَدۡنٰى مِنۡ ذٰلِكَ وَلَاۤ اَكۡثَرَ اِلَّا هُوَ مَعَهُمۡ اَيۡنَ مَا كَانُوۡا‌ ۚ ثُمَّ يُنَبِّئُهُمۡ بِمَا عَمِلُوۡا يَوۡمَ الۡقِيٰمَةِ‌ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَىۡءٍ عَلِيۡمٌ ﴿۷﴾	**7**
প্রতিবর্ণায়ন	আলাম তারা আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) মা- ইয়াকূনু মিং নাজওয়া- ছ ালা-ছ াতিন ইল্লা- হুওয়া রা-বি'উহুম ওয়ালা- খামছাতিন ইল্লা- হুওয়া ছা-দিছুহুম ওয়ালা˜আদনা- মিং য া-লিকা ওয়ালা˜ আকছ ারা ইল্লা-হুওয়া মা'আহুম আইনা মা- কা-নূ (ج) ছু ম্মা ইউনাব্বিউহুম বিমা- 'আমিলূ ইয়াওমাল কি য়া-মাতি (ط) ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন 'আলীম।	
তরজমা	তুমি কি লক্ষ্য কর না, আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে আল্লাহ্ তাহা জানেন ? তিন ব্যক্তির মধ্যে এমন কোন গোপন পরামর্শ হয় না যাহাতে চতুর্থ জন হিসাবে তিনি উপস্থিত থাকেন না এবং পাঁচ ব্যক্তির মধ্যেও হয় না যাহাতে ষষ্ঠ জন হিসাবে তিনি উপস্থিত থাকেন না। উহারা এতদপেক্ষা কম হউক বা বেশি হউক তিনি তো তাহাদের সঙ্গেই আছেন, উহারা যেখানেই থাকুক না কেন। অতঃপর উহারা যাহা করে, তিনি উহাদেরকে কিয়ামতের দিন তাহা জানাইয়া দিবেন। নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সম্যক অবগত।	
	اَلَمۡ تَرَ اِلَى الَّذِيۡنَ نُهُوۡا عَنِ النَّجۡوٰى ثُمَّ يَعُوۡدُوۡنَ لِمَا نُهُوۡا عَنۡهُ وَيَتَنٰجَوۡنَ بِالۡاِثۡمِ وَالۡعُدۡوَانِ وَمَعۡصِيَتِ الرَّسُوۡلِ وَاِذَا جَآءُوۡكَ حَيَّوۡكَ بِمَا لَمۡ يُحَيِّكَ بِهِ اللّٰهُ ۙ وَيَقُوۡلُوۡنَ فِىۡۤ اَنۡفُسِهِمۡ لَوۡلَا يُعَذِّبُنَا اللّٰهُ بِمَا نَقُوۡلُ‌ ؕ حَسۡبُهُمۡ جَهَنَّمُ‌ ۚ يَصۡلَوۡنَهَا‌ ۚ فَبِئۡسَ الۡمَصِيۡرُ ﴿۸﴾	**8**
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায ীনা নুহূ 'আনিন্নাজওয়া- ছু ম্মা ইয়া'উদূনা লিমা- নুহূ 'আনহু ওয়া ইয়াতানা-জাওনা বিলইছ মি ওয়াল 'উদওয়া-নি ওয়া মা'সিয়াতিররাছূলি (ز) ওয়া ইয া- জা~উকা হ াইইয়াওকা বিমা- লাম ইউহ ায়িকা বিহিল্লা-হু (لا) ওয়া ইয়াকূ লূনা ফী˜ আংফুছিহিম লাওলা- ইউ'আয যি বুনাল্লা-হু বিমা-নাকূ লু (ط) হ াছ্বুহুম জাহান্নামু (ج) ইয়াসলাওনাহা- (ج) ফাবি'ছাল মাসীর।	

তরজমা	তুমি কি তাহাদেরকে লক্ষ্য কর না, যাহাদেরকে গোপন পরামর্শ করিতে নিষেধ করা হইয়াছিল ? অতঃপর উহারা যাহা নিষিদ্ধ তাহারই পুনরাবৃত্তি করে এবং পাপাচরণ, সীমালংঘন ও রাসূলের বিরুদ্ধাচরণের জন্য কানাকানি করে। উহারা যখন তোমার নিকট আসে তখন উহারা তোমাকে এমন কথা দ্বারা অভিবাদন করে যদ্দ্বারা আল্লাহ্ তোমাকে অভিবাদন করেন নাই। উহারা মনে মনে বলে, ‘আমরা যাহা বলি তাহার জন্য আল্লাহ্ আমাদেরকে শাস্তি দেন না কেন ?’ জাহান্নামই উহাদের জন্য যথেষ্ট, যেখানে উহারা প্রবেশ করিবে, কত নিকৃষ্ট সেই আবাস!	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ إِذَا تَنَٰجَيْتُمْ فَلَا تَتَنَٰجَوْا۟ بِٱلْإِثْمِ وَٱلْعُدْوَٰنِ وَمَعْصِيَتِ ٱلرَّسُولِ وَتَنَٰجَوْا۟ بِٱلْبِرِّ وَٱلتَّقْوَىٰ ۖ وَٱتَّقُوا۟ ٱللَّهَ ٱلَّذِىٓ إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ-মানূ˜ ইয া- তানা-জাইতুম ফালা-তাতানা-জাও বিল্ইছ্ মি ওয়াল্ ‘উদওয়া-নি ওয়ামা‘সিয়াতির রাছূলি ওয়া তানা-জাও বিলবির্রি ওয়াত্তাক ওয়া- (ط) ওয়াত্তাকু ল্লা-হাল্লায ী˜ইলাইহি তুহ শারূন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা যখন গোপন পরামর্শ কর, সে পরামর্শ যেন পাপাচরণ, সীমালংঘন ও রাসূলের বিরুদ্ধাচরণ সম্পর্কে না হয়। তোমরা কল্যাণকর কাজ ও তাক্ওয়া অবলম্বনের পরামর্শ করিও, এবং ভয় কর আল্লাহ্কে যাঁহার নিকট তোমাদেরকে সমবেত করা হইবে।	
	إِنَّمَا ٱلنَّجْوَىٰ مِنَ ٱلشَّيْطَٰنِ لِيَحْزُنَ ٱلَّذِينَ ءَامَنُوا۟ وَلَيْسَ بِضَآرِّهِمْ شَيْـًٔا إِلَّا بِإِذْنِ ٱللَّهِ ۚ وَعَلَى ٱللَّهِ فَلْيَتَوَكَّلِ ٱلْمُؤْمِنُونَ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ইন্নামান্নাজওয়া- মিনাশ্শাইত া-নি লিয়াহ ঝুনাল্লায ীনা আ-মানূ ওয়া লাইছা বিদ া~রিহিম শাইআন ইল্লা- বিইয নিল্লা-হি (ط) ওয়া ‘আলাল্লা-হি ফাল্ইয়াতাওয়াক্কালিল মু’মিনূন।	
তরজমা	শয়তানের প্ররোচনায় হয় এই গোপন পরামর্শ মু’মিনদেরকে দুঃখ দেওয়ার জন্য। তবে আল্লাহ্র ইচ্ছা ব্যতীত শয়তান তাহাদের সামান্যতম ক্ষতি সাধনেও সক্ষম নয়। মু’মিনদের কর্তব্য আল্লাহ্র উপর নির্ভর করা।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ إِذَا قِيلَ لَكُمْ تَفَسَّحُوا۟ فِى ٱلْمَجَٰلِسِ فَٱفْسَحُوا۟ يَفْسَحِ ٱللَّهُ لَكُمْ ۖ وَإِذَا قِيلَ ٱنشُزُوا۟ فَٱنشُزُوا۟ يَرْفَعِ ٱللَّهُ ٱلَّذِينَ ءَامَنُوا۟ مِنكُمْ وَٱلَّذِينَ أُوتُوا۟ ٱلْعِلْمَ دَرَجَٰتٍ ۚ وَٱللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴿١١﴾	11

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ–মানূ~ ইয া– ক ীলা লাকুম তাফাছ্ছাহূ ফিল মাজা–লিছি ফাফছাহূ ইয়াফছাহি ল্লা–হু লাকুম (ج) ওয়া ইয া– ক ীলাংশুঝূ ফাংশুঝূ ইয়ারফা‘ইল্লা–হুল্লায ীনা আ-মানূ মিংকুম (لا) ওয়াল্লায ীনা উতুল ‘ইলমা দ ারাজা-তিও (ط) ওয়াল্লা-হু বিমা- তা‘মালূনা খাবীর।	
তরজমা	হে মু’মিনগণ! যখন তোমাদেরকে বলা হয়, মজলিসে স্থান প্রশস্ত করিয়া দাও, তখন তোমরা স্থান করিয়া দিও, আল্লাহ্ তোমাদের জন্য স্থান প্রশস্ত করিয়া দিবেন এবং যখন বলা হয়, ‘উঠিয়া যাও’, তোমরা উঠিয়া যাইও। তোমাদের মধ্যে যাহারা ঈমান আনিয়াছে এবং যাহাদেরকে জ্ঞান দান করা হইয়াছে আল্লাহ্ তাহাদেরকে মর্যাদায় উন্নত করিবেন; তোমরা যাহা কর আল্লাহ্ সে সম্পর্কে সবিশেষ অবহিত।	
	يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا نَاجَيْتُمُ الرَّسُوْلَ فَقَدِّمُوْا بَيْنَ يَدَيْ نَجْوٰىكُمْ صَدَقَةً ؕ ذٰلِكَ خَيْرٌ لَّكُمْ وَاَطْهَرُ ؕ فَاِنْ لَّمْ تَجِدُوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ ইয া– না–জাইতুমুর রাছূলা ফাক াদ্দিমূ বাইনা ইয়াদাই নাজওয়া–কুম সাদাক াতাং (ط) য া–লিকা খাইরুল্লাকুম ওয়া আত হারু ফাইল্লাম তাজিদূ ফাইন্নাল্লা–হা গাফূরুর রাহ ীম।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা রাসূলের সঙ্গে চুপি চুপি কথা বলিতে চাহিলে তাহার পূর্বে সাদাকা প্রদান করিবে, ইহাই তোমাদের জন্য শ্রেয় ও পরিশোধক ; যদি তাহাতে অক্ষম হও, আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	ءَاَشْفَقْتُمْ اَنْ تُقَدِّمُوْا بَيْنَ يَدَيْ نَجْوٰىكُمْ صَدَقٰتٍ ؕ فَاِذْ لَمْ تَفْعَلُوْا وَتَابَ اللّٰهُ عَلَيْكُمْ فَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاَطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	আ আশফাক তুম আং তুক াদ্দিমূ বাইনা ইয়াদাই নাজওয়া–কুম সাদাক া–তিং (ط) ফাইয লাম তাফ‘আলূ ওয়া তা–বাল্লা–হু ‘আলাইকুম ফাআক ীমুসসালা–তা ওয়া আ–তুঝ্ঝাকা–তা ওয়া আত ী‘উল্লা–হা ওয়া রাছূলাহূ (ط) ওয়াল্লা–হু খাবীরুম বিমা–তা‘মালূন।	
তরজমা	তোমরা কি চুপে চুপে কথা বলিবার পূর্বে সাদাকা প্রদানকে কষ্টকর মনে কর! যখন তোমরা সাদাকা দিতে পারিলে না, আর আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করিয়া দিলেন, তখন তোমরা সালাত কায়েম কর, যাকাত প্রদান কর এবং আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য কর। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা সম্যক অবগত।	
	اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ تَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللّٰهُ عَلَيْهِمْ ؕ مَا هُمْ مِّنْكُمْ وَلَا مِنْهُمْ ۙ وَيَحْلِفُوْنَ عَلَى الْكَذِبِ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿۱۴﴾	14

প্রতিবর্ণায়ন	আলাম্ তারা ইলাল্লায ীনা তাওয়াল্লাও ক াওমান গাদি বাল্লা-হু 'আলাইহিম (ط) মা-হুম মিংকুম ওয়ালা- মিন্হুম (لا) ওয়া ইয়াহ লিফূনা 'আলাল কাযি বি ওয়া হুম ইয়া'লামূন।	
তরজমা	তুমি কি তাহাদের প্রতি লক্ষ্য কর নাই যাহারা, আল্লাহ্ যে সম্প্রদায়ের প্রতি রুষ্ট, তাহাদের সঙ্গে বন্ধুত্ব করে ? উহারা তোমাদের দলভুক্ত নয়, তাহাদের দলভুক্তও নয় এবং উহারা জানিয়া-শুনিয়া মিথ্যা শপথ করে।	
	اَعَدَّ اللّٰهُ لَهُمْ عَذَابًا شَدِيْدًا ۭ اِنَّهُمْ سَاۤءَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ۝١٥	15
প্রতিবর্ণায়ন	আ'আদ্দাল্লা-হু লাহুম 'আয া-বাং শাদীদান (ط) ইন্নাহুম ছা~আ মা- কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	আল্লাহ্ উহাদের জন্য প্রস্তুত রাখিয়াছেন কঠিন শাস্তি। উহারা যাহা করে তাহা কত মন্দ!	
	اِتَّخَذُوْٓا اَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ فَلَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ۝١٦	16
প্রতিবর্ণায়ন	ইত্তাখায়ূ ~ আইমা-নাহুম জুন্নাতাং ফাসাদ্দূ 'আং ছাবীলিল্লা-হি ফালাহুম 'আয া-বুম্ মুহীন।	
তরজমা	উহারা উহাদের শপথগুলিকে ঢালস্বরূপ ব্যবহার করে, আর উহারা আল্লাহ্র পথ হইতে নিবৃত্ত করে; অতএব উহাদের জন্য রহিয়াছে লাঞ্ছনাদায়ক শাস্তি।	
	لَنْ تُغْنِيَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَآ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَيْـًٔا ۭ اُولٰۗىِٕكَ اَصْحٰبُ النَّارِ ۭ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝١٧	17
প্রতিবর্ণায়ন	লাং তুগ্নিয়া 'আন্হুম আমওয়া-লুহুম ওয়ালা~ আওলা-দুহুম মিনাল্লা-হি শাইআন (ط) উলা~ইকা আসহ া-বুন্না-রি (ط) হুম ফীহা- খা-লিদূন।	
তরজমা	আল্লাহ্র শাস্তির মুকাবিলায় উহাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি উহাদের কোন কাজে আসিবে না; উহারাই জাহান্নামের অধিবাসী, সেখানে উহারা স্থায়ী হইবে।	
	يَوْمَ يَبْعَثُهُمُ اللّٰهُ جَمِيْعًا فَيَحْلِفُوْنَ لَهٗ كَمَا يَحْلِفُوْنَ لَكُمْ وَيَحْسَبُوْنَ اَنَّهُمْ عَلٰي شَيْءٍ ۭ اَلَآ اِنَّهُمْ هُمُ الْكٰذِبُوْنَ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াব্'আছু হুমুল্লা-হু জামী'আং ফাইয়াহ লিফূনা লাহূ কামা- ইয়াহ লিফূনা লাকুম ওয়া ইয়াহ ছাবূনা আন্নাহুম 'আলা- শাইয়িন (ط) আলা~ ইন্নাহুম হুমুল্ কা-যি বূন।	

তরজমা	যে দিন আল্লাহ্ পুনরুত্থিত করিবেন উহাদের সকলকে, তখন উহারা আল্লাহ্‌র নিকট সেইরূপ শপথ করিবে যেইরূপ শপথ তোমাদের নিকট করে এবং উহারা মনে করে যে, ইহাতে উহারা ভাল কিছুর উপর রহিয়াছে। সাবধান! উহারাই তো প্রকৃত মিথ্যাবাদী।	
	اِسۡتَحۡوَذَ عَلَیۡهِمُ الشَّیۡطٰنُ فَاَنۡسٰهُمۡ ذِکۡرَ اللّٰهِ ؕ اُولٰٓئِکَ حِزۡبُ الشَّیۡطٰنِ ؕ اَلَاۤ اِنَّ حِزۡبَ الشَّیۡطٰنِ هُمُ الۡخٰسِرُوۡنَ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	ইছতাহ্‌ওয়ায‌া ‘আলাইহিমুশ্‌শাইত‌া–নু ফাআংছা–হুম যি‌করাল্লা–হি (ط) উলা~ইকা হিঝবুশ্‌শাইত‌া–নি (ط) আলা~ ইন্না হিঝবাশ্‌শাইত‌া–নি হুমুল খা–ছিরূন।	
তরজমা	শয়তান উহাদের উপর প্রভাব বিস্তার করিয়াছে ; ফলে উহাদেরকে ভুলাইয়া দিয়াছে আল্লাহ্‌র স্মরণ। উহারা শয়তানের দল। সাবধান! শয়তানের দল অবশ্যই ক্ষতিগ্রস্ত।	
	اِنَّ الَّذِیۡنَ یُحَآدُّوۡنَ اللّٰهَ وَ رَسُوۡلَهٗۤ اُولٰٓئِکَ فِی الۡاَذَلِّیۡنَ ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায‌ীনা ইউহ‌া~দ্দূনাল্লা–হা ওয়া রাছূলাহূ~ উলা~ইকা ফিল আয‌াল্লীন।	
তরজমা	যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরুদ্ধাচরণ করে, তাহারা হইবে চরম লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত।	
	کَتَبَ اللّٰهُ لَاَغۡلِبَنَّ اَنَا وَ رُسُلِیۡ ؕ اِنَّ اللّٰهَ قَوِیٌّ عَزِیۡزٌ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	কাতাবাল্লা–হু লাআগলিবান্না আনা ওয়া রুছুলী (ط) ইন্নাল্লা–হা ক‌াবি‌ইয়ুন ‘আঝীঝ।	
তরজমা	আল্লাহ্ সিদ্ধান্ত করিয়াছেন, আমি অবশ্যই বিজয়ী হইব এবং আমার রাসূলগণও। নিশ্চয়ই আল্লাহ্ শক্তিমান, পরাক্রমশালী।	
	لَا تَجِدُ قَوۡمًا یُّؤۡمِنُوۡنَ بِاللّٰهِ وَ الۡیَوۡمِ الۡاٰخِرِ یُوَآدُّوۡنَ مَنۡ حَآدَّ اللّٰهَ وَ رَسُوۡلَهٗ وَ لَوۡ کَانُوۡۤا اٰبَآءَهُمۡ اَوۡ اَبۡنَآءَهُمۡ اَوۡ اِخۡوَانَهُمۡ اَوۡ عَشِیۡرَتَهُمۡ ؕ اُولٰٓئِکَ کَتَبَ فِیۡ قُلُوۡبِهِمُ الۡاِیۡمَانَ وَ اَیَّدَهُمۡ بِرُوۡحٍ مِّنۡهُ ؕ وَ یُدۡخِلُهُمۡ جَنّٰتٍ تَجۡرِیۡ مِنۡ تَحۡتِهَا الۡاَنۡهٰرُ خٰلِدِیۡنَ فِیۡهَا ؕ رَضِیَ اللّٰهُ عَنۡهُمۡ وَ رَضُوۡا عَنۡهُ ؕ اُولٰٓئِکَ حِزۡبُ اللّٰهِ ؕ اَلَاۤ اِنَّ حِزۡبَ اللّٰهِ هُمُ الۡمُفۡلِحُوۡنَ ﴿۲۲﴾	22

প্রতিবর্ণায়ন	লা-তাজিদু ক'াওমাইঁ ইউ'মিনূনা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ইউওয়া~দ্দূনা মান হ'া~দ্দাল্লা-হা ওয়া রাছূলাহূ ওয়া লাও কা-নূ˜ আ-বা~আহুম আও আবনা~আহুম আও ইখওয়া-নাহুম আও 'আশীরাতাহুম (ط) উলা~ইকা কাতাবা ফী কু'লূবিহিমুল ঈমা-না ওয়া আইয়াদাহুম বিরূহি'ম্ মিন্হু (ط) ওয়া ইউদখিলুহুম জান্না-তিং তাজরী মিং তাহ'তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা- (ط) রাদি'আল্লা-হু 'আনহুম ওয়ারাদ্' 'আনহু (ط) উলা~ইকা হিঝবুল্লা-হি (ط) আলা˜ ইন্না হিঝবাল্লা-হি হুমুল মুফলিহূ'ন।	
তরজমা	তুমি পাইবে না আল্লাহ্ ও আখিরাতে বিশ্বাসী এমন কোন সম্প্রদায়, যাহারা ভালবাসে আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরুদ্ধাচারীদেরকে-হউক না এই বিরুদ্ধাচারীরা তাহাদের পিতা, পুত্র, ভ্রাতা অথবা ইহাদের জ্ঞাতি-গোত্র। ইহাদের অন্তরে আল্লাহ্ সুদৃঢ় করিয়াছেন ঈমান এবং তাহাদেরকে শক্তিশালী করিয়াছেন তাঁহার পক্ষ হইতে রূহ্ দ্বারা। তিনি ইহাদেরকে দাখিল করিবেন জান্নাতে, যাহার পাদদেশে নদী প্রবাহিত; সেখানে ইহারা স্থায়ী হইবে ; আল্লাহ্ ইহাদের প্রতি সন্তুষ্ট হইয়াছেন এবং ইহারাও তাঁহার প্রতি সন্তুষ্ট, ইহারাই আল্লাহ্র দল। জানিয়া রাখ, আল্লাহ্র দলই সফলকাম হইবে।	

59-Al-Hashr- হাশর -الحشر

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

	سَبَّحَ لِلّٰهِ مَا فِی السَّمٰوٰتِ وَمَا فِی الۡاَرۡضِ ۚ وَهُوَ الۡعَزِیۡزُ الۡحَکِیۡمُ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ছাব্বাহ'া লিল্লা-হি মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি'(ج) ওয়া হুয়াওয়াল 'আঝীঝুল হ'াকীম।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্তই তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করে ; তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	هُوَ الَّذِیۡۤ اَخۡرَجَ الَّذِیۡنَ کَفَرُوۡا مِنۡ اَهۡلِ الۡکِتٰبِ مِنۡ دِیَارِهِمۡ لِاَوَّلِ الۡحَشۡرِ ؕ مَا ظَنَنۡتُمۡ اَنۡ یَّخۡرُجُوۡا وَظَنُّوۡۤا اَنَّهُمۡ مَّانِعَتُهُمۡ حُصُوۡنُهُمۡ مِّنَ اللّٰهِ فَاَتٰىهُمُ اللّٰهُ مِنۡ حَیۡثُ لَمۡ یَحۡتَسِبُوۡا ٭ وَقَذَفَ فِیۡ قُلُوۡبِهِمُ الرُّعۡبَ یُخۡرِبُوۡنَ بُیُوۡتَهُمۡ بِاَیۡدِیۡهِمۡ وَاَیۡدِی الۡمُؤۡمِنِیۡنَ ٭ فَاعۡتَبِرُوۡا یٰۤاُولِی الۡاَبۡصَارِ ﴿۲﴾	2

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	হুয়াল্লায ী~ আখ্‌রাজাল্লায ীনা কাফারূ মিন আহ্‌লিল্‌ কিতা-বি মিং দিয়া-রিহিম লিআওওয়ালিল হ াশ্‌রি (ط) মা-জ ানাংতম আইঁ ইয়াখরুজু ওয়া জ ান্নু~ আন্নাহুম মা-নি'আতুহুম হু সূনুহুম মিনাল্লা-হি ফাআতা-হুমুল্লা-হু মিন হ াইছু লাম ইয়াহ তাছিবূ (ق) ওয়া ক ায াফা ফী কু লূবিহিমুর্‌রু'বা ইউখরিবূনা বুয়ূতাহুম বিআইদীহিম ওয়া আইদিল মু'মিনীনা (ق) ফা'তাবিরূ ইয়া~ উলিল আবসা-র।	
তরজমা	তিনিই কিতাবীদের মধ্যে যাহারা কাফির তাহাদেরকে প্রথমবার সমবেতভাবে তাহাদের আবাসভূমি হইতে বিতাড়িত করিয়াছিলেন। তোমরা কল্পনাও কর নাই যে, উহারা নির্বাসিত হইবে এবং উহারা মনে করিয়াছিল উহাদের দুর্গগু লি উহাদেরকে রক্ষা করিবে আল্লাহ্‌ হইতে ; কিন্তু আল্লাহ্‌র শাস্তি এমন এক দিক হইতে আসিল যাহা ছিল উহাদের ধারণাতীত এবং উহাদের অন্তরে তাহা ত্রাসের সঞ্চার করিল। উহারা ধ্বংস করিয়া ফেলিল নিজেদের বাড়িঘর নিজেদের হাতে এবং মু'মিনদের হাতেও; অতএব হে চক্ষুষ্মান ব্যক্তিগণ! তোমরা উপদেশ গ্রহণ কর।	
	وَلَوۡلَاۤ اَنۡ كَتَبَ اللّٰهُ عَلَيۡهِمُ الۡجَلَاۤءَ لَعَذَّبَهُمۡ فِى الدُّنۡيَا ؕ وَلَهُمۡ فِى الۡاٰخِرَةِ عَذَابُ النَّارِ ۳	3
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা~ আং কাতাবাল্লা-হু 'আলাইহিমুল জালা~আলাআয য াবাহুম ফিদ্দুনইয়া-(ط) ওয়া লাহুম আ-খিরাতি আয া-বুন্না-র।	
তরজমা	আল্লাহ্‌ উহাদের নির্বাসনের সিদ্ধান্ত না করিলে উহাদেরকে অবশ্যই পৃথিবীতে শাস্তি দিতেন; পরকালে উহাদের জন্য রহিয়াছে জাহান্নামের শাস্তি।	
	ذٰلِكَ بِاَنَّهُمۡ شَآقُّوا اللّٰهَ وَرَسُوۡلَهٗ ۚ وَمَنۡ يُّشَآقِّ اللّٰهَ فَاِنَّ اللّٰهَ شَدِيۡدُ الۡعِقَابِ ۴	4
প্রতিবর্ণায়ন	য া-লিকা বিআন্নাহুম শা~ক্কু ল্লা-হা ওয়া রাছূলাহু (ج) ওয়ামাই ইউশা~ক্কি ল্লা-হা ফাইন্নাল্লা-হা শাদীনুল 'ইক া-ব।	
তরজমা	ইহা এইজন্য যে, উহারা আল্লাহ্‌ ও তাঁহার রাসূলের বিরুদ্ধাচরণ করিয়াছিল, এবং কেহ আল্লাহ্‌র বিরুদ্ধাচরণ করিলে আল্লাহ্‌ তো শাস্তিদানে কঠোর।	
	مَا قَطَعۡتُمۡ مِّنۡ لِّيۡنَةٍ اَوۡ تَرَكۡتُمُوۡهَا قَآئِمَةً عَلٰٓى اُصُوۡلِهَا فَبِاِذۡنِ اللّٰهِ وَلِيُخۡزِىَ الۡفٰسِقِيۡنَ ۵	5
প্রতিবর্ণায়ন	মা-ক াত া'তুম মিল্‌ লিনাতিন আও তারাকতুমূহা- ক া~ইমাতান 'আলা~ উসূলিহা-ফাবিইয নিল্লা-হি ওয়া লিইউখঝিয়াল ফা-ছিক ীন।	
তরজমা	তোমরা যে খর্জুর বৃক্ষগু লি কর্তন করিয়াছ এবং যেগু লি কাণ্ডের উপর স্থির রাখিয়া দিয়াছ, তাহা তো আল্লাহ্‌রই অনুমতিক্রমে; এবং এইজন্য যে, আল্লাহ্‌ পাপাচারীদেরকে লাঞ্ছিত করিবেন।	
	وَمَاۤ اَفَآءَ اللّٰهُ عَلٰى رَسُوۡلِهٖ مِنۡهُمۡ فَمَاۤ اَوۡجَفۡتُمۡ عَلَيۡهِ مِنۡ خَيۡلٍ وَّلَا رِكَابٍ وَّلٰـكِنَّ اللّٰهَ يُسَلِّطُ رُسُلَهٗ عَلٰى مَنۡ يَّشَآءُ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ۶	6

প্রতিবর্ণায়ন	ওয়ামা˜ আ~আল্লা-হু 'আলা-রাছূলিহী মিন্হুম ফামা˜ আওজাফ্তুম আলাইহি মিন খাইলিওঁ ওয়ালা-রিকা-বিওঁ ওয়ালা-কিন্নাল্লা-হা ইউছাল্লিতু' রুছুলাহু আলা-মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িং ক˙াদীর।	
তরজমা	আল্লাহ্ ইয়াহূদীদের নিকট হইতে তাঁহার রাসূলকে যে ফায় দিয়াছেন, তাহার জন্য তোমরা অশ্বে কিংবা উষ্ট্রে আরোহণ করিয়া যুদ্ধ কর নাই ; আল্লাহ্ তো যাহার উপর ইচ্ছা তাঁহার রাসূলদেরকে কর্তৃত্ব দান করেন ; আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	مَآ اَفَآءَ اللّٰهُ عَلٰى رَسُوْلِهٖ مِنْ اَهْلِ الْقُرٰى فَلِلّٰهِ وَلِلرَّسُوْلِ وَلِذِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَابْنِ السَّبِيْلِ ۙ كَيْ لَا يَكُوْنَ دُوْلَةًۢ بَيْنَ الْاَغْنِيَآءِ مِنْكُمْ ؕ وَمَآ اٰتٰىكُمُ الرَّسُوْلُ فَخُذُوْهُ ۚ وَمَا نَهٰىكُمْ عَنْهُ فَانْتَهُوْا ۚ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ۘ﴿۷﴾	**7**
প্রতিবর্ণায়ন	মা˜ আফা~আল্লা-হু 'আলা-রাছূলিহী মিন আহ্লিল কু˙রা- ফালিল্লা-হি ওয়া লিররাছূলি ওয়া লিযি˙ল কু˙রবা- ওয়াল ইয়াতা-মা-ওয়াল মাছা-কীনি ওয়াবনিছ্ছাবীলি (ڵا) কাইলা -ইয়াকূনা দূলাতাম বাইনাল আগনিইয়া~ই মিংকুম (ط) ওয়ামা˜ আ-তা-কুমুর্রাছূলু ফাখুযূ˙হু (ق) ওয়ামা- নাহা-কুম 'আনহু ফাংতাহূ (ج) ওয়াত্তাকু˙ল্লা-হা (ط) শাদীদুল 'ইক˙া-ব।	
তরজমা	আল্লাহ্ জনপদবাসীদের নিকট হইতে তাঁহার রাসূলকে যে ফায় দিয়াছেন তাহা আল্লাহ্র, তাঁহার রাসূলের, রাসূলের স্বজনগণের, ইয়াতীমদের, অভাবগ্রস্ত ও পথচারীদের, যাহাতে তোমাদের মধ্যে যাহারা বিত্তবান কেবল তাহাদের মধ্যেই ঐশ্বর্য আবর্তন না করে। রাসূল তোমাদেরকে যাহা দেয় তাহা তোমরা গ্রহণ কর এবং যাহা হইতে তোমাদেরকে নিষেধ করে তাহা হইতে বিরত থাক এবং তোমরা আল্লাহ্কে ভয় কর ; আল্লাহ্ তো শাস্তিদানে কঠোর।	
	لِلْفُقَرَآءِ الْمُهٰجِرِيْنَ الَّذِيْنَ اُخْرِجُوْا مِنْ دِيَارِهِمْ وَاَمْوَالِهِمْ يَبْتَغُوْنَ فَضْلًا مِّنَ اللّٰهِ وَرِضْوَانًا وَّيَنْصُرُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ اُولٰٓئِكَ هُمُ الصّٰدِقُوْنَ ۚ﴿۸﴾	**8**
প্রতিবর্ণায়ন	লিল ফুক˙ারা~ইল মুহা-জিরীনাল্লায˙ীনা উখরিজূ মিং দিয়া-রিহিম ওয়া আমওয়া-লিহিম ইয়াবতাগূনা ফাদ˙লাম্ মিনাল্লা-হি ওয়া রিদ˙ওয়া-নাওঁ ওয়া ইয়াংসুরূনাল্লা-হা ওয়া রাছূলাহূ (ط) উলা~ইকা হুমুসসা-দিকূ˙ন।	
তরজমা	এই সম্পদ অভাবগ্রস্ত মুহাজিরগণের জন্য যাহারা নিজেদের ঘরবাড়ি ও সম্পত্তি হইতে উৎখাত হইয়াছে। তাহারা আল্লাহ্র অনুগ্রহ ও সন্তুষ্টি কামনা করে এবং আল্লাহ্ ও তাঁহার রাসূলের সাহায্য করে। উহারাই তো সত্যাশ্রয়ী।	

	وَالَّذِينَ تَبَوَّءُوا الدَّارَ وَالْإِيمَانَ مِنْ قَبْلِهِمْ يُحِبُّونَ مَنْ هَاجَرَ إِلَيْهِمْ وَلَا يَجِدُونَ فِي صُدُورِهِمْ حَاجَةً مِمَّا أُوتُوا وَيُؤْثِرُونَ عَلَىٰ أَنْفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصَاصَةٌ ۚ وَمَنْ يُوقَ شُحَّ نَفْسِهِ فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ۝٩	**9**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা তাবাওওয়াউদ্দা-রা ওয়াল ঈমা-না মিং ক াবলিহিম ইউহি ব্বূনা মান হা-জারা ইলাইহিম ওয়ালা- ইয়াজিদূনা ফী সুদূরিহিম হ া-জাতাম্ মিম্মা˜ উতূ ওয়া ইউ'ছি রূনা 'আলা˜ আংফুছিহিম ওয়ালাও কা-না বিহিম খাসা-সাতুও (ط) ওয়া মাইঁ ইউক া শুহ্ হ া নাফছিহী ফাউলা~ইকা হুমুল মুফলিহূ ন।	
তরজমা	আর তাহাদের জন্যও, মুহাজিরদের আগমনের পূর্বে যাহারা এই নগরীতে বসবাস করিয়াছে ও ঈমান আনিয়াছে, তাহারা মুহাজিরদেরকে ভালবাসে এবং মুহাজিরদেরকে যাহা দেওয়া হইয়াছে তাহার জন্য তাহারা অন্তরে আকাঙ্ক্ষা পোষণ করে না, আর তাহারা তাহাদেরকে নিজেদের উপর অগ্রাধিকার দেয় নিজেরা অভাবগ্রস্ত হইলেও। যাহাদেরকে অন্তরের কার্পণ্য হইতে মুক্ত রাখা হইয়াছে, তাহারাই সফলকাম।	
	وَالَّذِينَ جَاءُوا مِنْ بَعْدِهِمْ يَقُولُونَ رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِإِخْوَانِنَا الَّذِينَ سَبَقُونَا بِالْإِيمَانِ وَلَا تَجْعَلْ فِي قُلُوبِنَا غِلًّا لِلَّذِينَ آمَنُوا رَبَّنَا إِنَّكَ رَءُوفٌ رَحِيمٌ ۝١٠	**10**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা জা~উ মিম বা'দিহিম ইয়াকূ লূনা রাব্বানাগ্ফিরলানা- ওয়া লিইখওয়া-নিনাল্লায ীনা ছাবক ূনা- বিল ঈমা-নি ওয়ালা-তাজ'আল ফী কু লূবিনা- গিল্লাল লিল্লায ীনা আ-মানূ রাব্বানা˜ ইন্নাকা রাউফুর রাহ ীম।	
তরজমা	যাহারা উহাদের পরে আসিয়াছে, তাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এবং ঈমানে অগ্রণী আমাদের ভ্রাতাগণকে ক্ষমা কর এবং মু'মিনদের বিরুদ্ধে আমাদের অন্তরে বিদ্বেষ রাখিও না। হে আমাদের প্রতিপালক! তুমি তো দয়ার্দ্র, পরম দয়ালু।'	
	أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نَافَقُوا يَقُولُونَ لِإِخْوَانِهِمُ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ لَئِنْ أُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيعُ فِيكُمْ أَحَدًا أَبَدًا وَإِنْ قُوتِلْتُمْ لَنَنْصُرَنَّكُمْ وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ ۝١١	**11**

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লাযী না না-ফাকূ ইয়াকূলূনা লিইখওয়া-নিহিমুল্লাযী না কাফারূ মিন আহ্লিল কিতা-বি লাইন উখ্রিজতুম লানাখ্রুজান্না মা'আকুম ওয়ালা- নুত্বী'উ ফীকুম আহাদান আবাদওঁ (ۙ) ওয়া ইং কুতিলতুম লানাংসুরান্নাকুম (ط) ওয়াল্লা-হু ইয়াশ্হাদু ইন্নাহুম লাকা-যিবুন।	
তরজমা	তুমি কি মুনাফিকদেরকে দেখ নাই ? উহারা কিতাবীদের মধ্যে যাহারা কুফরী করিয়াছে উহাদের সেই সব সঙ্গীকে বলে, 'তোমরা যদি বহিষ্কৃত হও, আমরা অবশ্যই তোমাদের সঙ্গে দেশত্যাগী হইব এবং আমরা তোমাদের ব্যাপারে কখনও কাহারও কথা মানিব না এবং যদি তোমরা আক্রান্ত হও আমরা অবশ্যই তোমাদেরকে সাহায্য করিব।' কিন্তু আল্লাহ্ সাক্ষ্য দিতেছেন যে, উহারা অবশ্যই মিথ্যাবাদী।	
	لَئِنْ اُخْرِجُوْا لَا يَخْرُجُوْنَ مَعَهُمْ ۚ وَلَئِنْ قُوْتِلُوْا لَا يَنْصُرُوْنَهُمْ ۚ وَلَئِنْ نَّصَرُوْهُمْ لَيُوَلُّنَّ الْاَدْبَارَ ۫ ثُمَّ لَا يُنْصَرُوْنَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	লাইন উখরিজূ লা ইয়াখরুজূনা মা'আহুম (ج) ওয়া লাইং কূতিলূ লা- ইয়াংসুরূনাহুম (ج) ওয়ালাইং নাসারূহুম লাইউওয়াল্লুন্নাল আদবা-রা (قف) ছুম্মা লা- ইউংসারূন।	
তরজমা	বস্তুত উহারা বহিষ্কৃত হইলে মুনাফিকগণ তাহাদের সঙ্গে দেশত্যাগ করিবে না এবং উহারা আক্রান্ত হইলে ইহারা উহাদেরকে সাহায্য করিবে না এবং ইহারা সাহায্য করিতে আসিলেও অবশ্যই পৃষ্ঠপ্রদর্শন করিবে; অতঃপর তাহারা কোন সাহায্যই পাইবে না।	
	لَاَنْتُمْ اَشَدُّ رَهْبَةً فِيْ صُدُوْرِهِمْ مِّنَ اللّٰهِ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُوْنَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	লাআংতুম আশাদ্দু রাহ্বাতাং ফী সুদূরিহিম মিনাল্লা-হি (ط) যা-লিকা বিআন্নাহুম কাওমুল্ লা-ইয়াফকাহুন।	
তরজমা	প্রকৃতপক্ষে ইহাদের অন্তরে আল্লাহ্ অপেক্ষা তোমাদের ভয়ই অধিকতর। ইহা এইজন্য যে, ইহারা এক অবুঝ সম্প্রদায়।	
	لَا يُقَاتِلُوْنَكُمْ جَمِيْعًا اِلَّا فِيْ قُرًى مُّحَصَّنَةٍ اَوْ مِنْ وَّرَآءِ جُدُرٍ ؕ بَاْسُهُمْ بَيْنَهُمْ شَدِيْدٌ ؕ تَحْسَبُهُمْ جَمِيْعًا وَّ قُلُوْبُهُمْ شَتّٰى ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْقِلُوْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	লা-ইউকা-তিলূনাকুম জামী'আন ইল্লা ফী কুরাম্মুহাস্সনাতিন আও মিওঁ ওয়ারা~ই জুদুরিং (ط) বা'ছুহুম বাইনাহুম শাদীদুং (ط) তাহছাবুহুম জামি'আওঁ ওয়া কুলূবুহুম শাত্তা- (ط) যা-লিকা বিআন্নাহুম কাওমুল্ লা-ইয়া'কিলূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	ইহারা সকলে সংঘবদ্ধভাবেও তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে সমর্থ হইবে না, কিন্তু কেবল সুরক্ষিত জনপদের অভ্যন্তরে অথবা দুর্গ-প্রাচীরের অন্তরালে থাকিয়া; পরস্পরের মধ্যে উহাদের যুদ্ধ প্রচণ্ড। তুমি মনে কর উহারা ঐক্যবদ্ধ, কিন্তু উহাদের মনের মিল নাই; ইহা এইজন্য যে, ইহারা এক নির্বোধ সম্প্রদায়।	
	كَمَثَلِ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ قَرِيْبًا ذَاقُوْا وَبَالَ اَمْرِهِمْ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۝١٥	15
প্রতিবর্ণায়ন	কামাছ ালিল্লায ীনা মিং ক াবলিহিম ক ারীবাং য া-কূ ওয়া বা-লা আমরিহিম (ج) ওয়া লাহুম ‘আয া-বুন আলীম।	
তরজমা	ইহারা সেই লোকদের মত, যাহারা ইহাদের অব্যবহিত পূর্বে নিজেদের কৃতকর্মের শাস্তি আস্বাদন করিয়াছে, ইহাদের জন্য রহিয়াছে মর্মন্তুদ শাস্তি।	
	كَمَثَلِ الشَّيْطٰنِ اِذْ قَالَ لِلْاِنْسَانِ اكْفُرْ ۚ فَلَمَّا كَفَرَ قَالَ اِنِّيْ بَرِيْٓءٌ مِّنْكَ اِنِّيْٓ اَخَافُ اللّٰهَ رَبَّ الْعٰلَمِيْنَ ۝١٦	16
প্রতিবর্ণায়ন	কামাছ ালিশ্‌শাইত া-নি ইয ক া-লা লিল্‌ইংছা-নিক্‌ফুর (ج) ফালাম্মা-কাফারা ক ালা ইন্নী বারী~উম্‌ মিংকা ইন্নী~ আখা-ফুল্লা-হা রাব্বাল ‘আ-লামীন।	
তরজমা	ইহারা শয়তানের মত, সে মানুষকে বলে, ‘কুফরী কর’; অতঃপর যখন সে কুফরী করে তখন সে বলে, ‘তোমার সঙ্গে আমার কোন সম্পর্ক নাই, আমি তো জগতসমূহের প্রতিপালক আল্লাহ্‌কে ভয় করি।’	
	فَكَانَ عَاقِبَتَهُمَآ اَنَّهُمَا فِى النَّارِ خَالِدَيْنِ فِيْهَا ۗ وَذٰلِكَ جَزٰٓؤُا الظّٰلِمِيْنَ ۝١٧	17
প্রতিবর্ণায়ন	ফাকা-না ‘আ-কি বাতাহুমা~ আন্নাহুমা-ফিন্না-রি খা-লিদাইনি ফীহা- (ط) ওয়া য া-লিকা জাঝা~উজ্জ া-লিমীন।	
তরজমা	ফলে উভয়ের পরিণাম হইবে জাহান্নাম। সেখানে ইহারা স্থায়ী হইবে এবং ইহাই জালিমদের কর্মফল।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدٍ ۚ وَاتَّقُوا اللّٰهَ ۗ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানুত্তাকু ল্লা-হা ওয়ালতাংজু র নাফছুম্‌ মা-ক াদ্দামাত লিগাদিও (ج) ওয়াত্তাকু ল্লা-হা (ط) ইন্নাল্লা-হা খাবীরুম বিমা- তা‘মালূন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর; প্রত্যেকেই ভাবিয়া দেখুক আগামী কল্যের জন্য সে কী অগ্রিম পাঠাইয়াছে। আর তোমরা আল্লাহ্‌কে ভয় কর; তোমরা যাহা কর আল্লাহ্ সে সম্পর্কে অবহিত।	

	وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ نَسُوا اللّٰهَ فَاَنْسٰىهُمْ اَنْفُسَهُمْ ؕ اُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿۱۹﴾	**19**
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাকূনূ কাল্লাযীনা নাছুল্লা-হা ফাআংছা-হুম আংফুছাহুম (ط) উলা~ইকা হুমুল ফা-ছিকূন।	
তরজমা	আর তোমরা তাহাদের মত হইও না যাহারা আল্লাহ্‌কে ভুলিয়া গিয়াছে; ফলে আল্লাহ্ উহাদেরকে আত্মবিস্মৃত করিয়াছেন। উহারাই তো পাপাচারী।	
	لَا يَسْتَوِيْٓ اَصْحٰبُ النَّارِ وَاَصْحٰبُ الْجَنَّةِ ؕ اَصْحٰبُ الْجَنَّةِ هُمُ الْفَآئِزُوْنَ ﴿۲۰﴾	**20**
প্রতিবর্ণায়ন	লা-ইয়াছতাবী~ আসহা-বুন্না-রি ওয়া আসহা-বুল জান্নাতি (ط) আসহা-বুল জান্নাতি হুমুল ফা~ইঝুন।	
তরজমা	জাহান্নামের অধিবাসী এবং জান্নাতের অধিবাসী সমান নয়। জান্নাতবাসীরাই সফলকাম।	
	لَوْ اَنْزَلْنَا هٰذَا الْقُرْاٰنَ عَلٰى جَبَلٍ لَّرَاَيْتَهٗ خَاشِعًا مُّتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللّٰهِ ؕ وَتِلْكَ الْاَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ﴿۲۱﴾	**21**
প্রতিবর্ণায়ন	লাও আংঝালনা-হা-যাল কুরআ-না 'আলা-জাবালিল্ লারাআইতাহু খা-শি'আম্ মুতাসাদ্দি' আম্ মিন খাশয়াতিল্লা-হি (ط) ওয়া তিলকাল আমছা-লু নাদরিবুহা-লিন্নাছি লা'আল্লাহম ইয়াতাফাক্কারূন।	
তরজমা	যদি আমি এই কুরআন পর্বতের উপর অবতীর্ণ করিতাম তবে তুমি উহাকে আল্লাহ্‌র ভয়ে বিনীত এবং বিদীর্ণ দেখিতে। আমি এই সমস্ত দৃষ্টান্ত বর্ণনা করি মানুষের জন্য, যাহাতে তাহারা চিন্তা করে।	
	هُوَ اللّٰهُ الَّذِيْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ۚ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ ﴿۲۲﴾	**22**
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লা-হুল্লাযী লা~ইলা-হা ইল্লা-হুওয়া (ج) 'আ-লিমুল গাইবি ওয়াশ্‌শাহা-দাতি (ج) হুওয়ার্‌রাহমা-নুর রাহীম।	
তরজমা	তিনিই আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই, তিনি অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা; তিনি দয়াময়, পরম দয়ালু।	
	هُوَ اللّٰهُ الَّذِيْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْمَلِكُ الْقُدُّوْسُ السَّلٰمُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ ؕ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يُشْرِكُوْنَ ﴿۲۳﴾	**23**
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লা-হুল্লাযী লা~ ইলা-হা ইল্লা-হুওয়া (ج) আলমালিকুল্ কুদ্দূছুছ্ ছালা-মুল মু'মিনুল মুহাইমিনুল 'আঝীঝুল জাব্বা-রুল মুতাকাব্বিরু (ط) ছুবহা-নাল্লা-হি 'আম্মা-ইউশরিকূন।	

তরজমা	তিনিই আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই। তিনিই অধিপতি, তিনিই পবিত্র, তিনিই শান্তি, তিনিই নিরাপত্তা বিধায়ক, তিনিই রক্ষক, তিনিই পরাক্রমশালী, তিনিই প্রবল, তিনিই অতীব মহিমান্বিত। উহারা যাহাকে শরীক স্থির করে আল্লাহ্ তাহা হইতে পবিত্র, মহান।	
	هُوَ اللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ۗ يُسَبِّحُ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ٢٤	**24**
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লা-হুল খা-লিক্ুল বা-রিউল মুছাওবি ্রু লাহুল আছমা~উল হ্ছনা-; ইউছাব্বিহু' লাহূ মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়াল আরদি (ج) ওয়াহুওয়াল ' আঝীঝুল হ াকীম।	
তরজমা	তিনিই আল্লাহ্, সৃজনকর্তা, উদ্ভাবনকর্তা, রূপদাতা, তাঁহারই সকল উত্তম নাম। আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে, সমস্তই তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করে। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	

60 - Al-Mumtahanah-মুমতাহিনাহ -الممتحنة

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْا عَدُوِّيْ وَعَدُوَّكُمْ اَوْلِيَآءَ تُلْقُوْنَ اِلَيْهِمْ بِالْمَوَدَّةِ وَقَدْ كَفَرُوْا بِمَا جَآءَكُمْ مِّنَ الْحَقِّ ۚ يُخْرِجُوْنَ الرَّسُوْلَ وَاِيَّاكُمْ اَنْ تُؤْمِنُوْا بِاللّٰهِ رَبِّكُمْ ۗ اِنْ كُنْتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِيْ سَبِيْلِيْ وَابْتِغَآءَ مَرْضَاتِيْ ۖ تُسِرُّوْنَ اِلَيْهِمْ بِالْمَوَدَّةِ ۖ وَاَنَا اَعْلَمُ بِمَآ اَخْفَيْتُمْ وَمَآ اَعْلَنْتُمْ ۗ وَمَنْ يَّفْعَلْهُ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَآءَ السَّبِيْلِ ١	**1**
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তাত্তাখিযূ' 'আদুওব ী ওয়া 'আদুওওয়াকুম আওলিয়া~আ তুলক্ূনা ইলাইহিম বিলমাওয়াদ্দাতি ওয়া ক াদ কাফারূ বিমা-জা~আকুম মিনাল হ াক্কি (ج) ইউখ্রিজুনার্ রাছূলা ওয়া ইয়্যা-কুম আং তু'মিনূ বিল্লা-হি রাব্বিকুম (ط) ইং কুংতুম খারাজতুম জিহা-দাং ফী ছাবীলী ওয়াব তিগা~আ মারদ া-তী (ق) তুছির্রূনা ইলাইহিম বিলমাওয়াদ্দাতি (ق) ওয়া আনা আ'লামু বিমা~ আখ্ফাইতুম ওয়ামা~আ'লাংতুম (ط) ওয়া মাইঁ ইয়াফ্'আল্হু মিংকুম ফাক াদ দ াল্লা ছাওয়া~আছ্ ছাবীল।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে মু'মিনগণ ! তোমরা আমার শত্রু ও তোমাদের শত্রুকে বন্ধুরূপে গ্রহণ করিও না, তোমরা উহাদের প্রতি বন্ধুত্বের বার্তা প্রেরণ করিতেছ, অথচ উহারা, তোমাদের নিকট যে সত্য আসিয়াছে, তাহা প্রত্যাখ্যান করিয়াছে, রাসূলকে এবং তোমাদেরকে বহিষ্কার করিয়াছে এই কারণে যে, তোমরা তোমাদের প্রতিপালক আল্লাহ্তে বিশ্বাস কর। যদি তোমরা আমার পথে জিহাদের উদ্দেশ্যে এবং আমার সন্তুষ্টি লাভের জন্য বহির্গত হইয়া থাক, তবে কেন তোমরা উহাদের সঙ্গে গোপনে বন্ধুত্ব করিতেছ ? তোমরা যাহা গোপন কর এবং তোমরা যাহা প্রকাশ কর তাহা আমি সম্যক অবগত। তোমাদের মধ্যে যে কেহ ইহা করে সে তো বিচ্যুত হয় সরল পথ হইতে।	
	اِنْ يَّثْقَفُوْكُمْ يَكُوْنُوْا لَكُمْ اَعْدَآءً وَّيَبْسُطُوْٓا اِلَيْكُمْ اَيْدِيَهُمْ وَاَلْسِنَتَهُمْ بِالسُّوْٓءِ وَوَدُّوْا لَوْ تَكْفُرُوْنَ ؕ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়াছ্ ক ্ফূকুম ইয়াকূনূ লাকুম আ‘দা~আওঁ ওয়া ইয়াবছুতূ ˜ ইলাইকুম আইদিয়াহুম ওয়া আল্ছিনাতাহুম বিছ্ছূ~ই ওয়া ওয়াদ্দূ লাও তাকফুরূন।	
তরজমা	তোমাদেরকে কাবু করিতে পারিলে উহারা হইবে তোমাদের শত্রু এবং হস্ত ও রসনা দ্বারা তোমাদের অনিষ্ট সাধন করিবে এবং কামনা করিবে যে, তোমরাও কুফরী কর।	
	لَنْ تَنْفَعَكُمْ اَرْحَامُكُمْ وَلَآ اَوْلَادُكُمْ ۚ يَوْمَ الْقِيٰمَةِ ۚ يَفْصِلُ بَيْنَكُمْ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	লাং তাংফা‘আকুম আরহ া-মুকুম ওয়ালা ˜আওলা-দুকুম (مع) ইয়াওমাল কি য়া-মাতি (مع) ইয়াফ্সিলু বাইনাকুম (ط) ওয়াল্লা-হু বিমা- তা‘মালূনা বাসীর।	
তরজমা	তোমাদের আত্মীয়-স্বজন ও সন্তান-সন্ততি কিয়ামতের দিন তোমাদের কোন কাজে আসিবে না। আল্লাহ্ তোমাদের মধ্যে ফয়সালা করিয়া দিবেন; তোমরা যাহা কর তিনি তাহা দেখেন।	
	قَدْ كَانَتْ لَكُمْ اُسْوَةٌ حَسَنَةٌ فِيْٓ اِبْرٰهِيْمَ وَالَّذِيْنَ مَعَهٗ ۚ اِذْ قَالُوْا لِقَوْمِهِمْ اِنَّا بُرَءٰٓؤُا مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ۫ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَآءُ اَبَدًا حَتّٰى تُؤْمِنُوْا بِاللّٰهِ وَحْدَهٗٓ اِلَّا قَوْلَ اِبْرٰهِيْمَ لِاَبِيْهِ لَاَسْتَغْفِرَنَّ لَكَ وَمَآ اَمْلِكُ لَكَ مِنَ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ رَبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَاِلَيْكَ اَنَبْنَا وَاِلَيْكَ الْمَصِيْرُ ﴿۴﴾	4

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক্বাদ্ কা-নাত লাকুম উছ্ওয়াতুন হ্বাছানাতুং ফী~ ইবরা-হীমা ওয়াল্লাযীনা মা'আহূ (ج) ইয ক্বা-লূ লিক্বাওমিহিম ইন্না- বুরাআ~উ মিংকুম ওয়া মিম্মা-তা'বুদূনা মিং দূনিল্লা-হি কাফার্না- বিকুম ওয়া বাদা- বাইনানা- ওয়া বাইনাকুমুল 'আদা-ওয়াতু ওয়ালা বাগদ্বা ~উ আবাদান হ্বাত্তা- তু'মিনূ বিল্লা-হি ওয়াহ্বদাহূ~ ইল্লা- ক্বাওলা ইবরা-হীমা লিআবীহি লাআছতাগফিরান্না লাকা ওয়ামা~ আম্লিকু লাকা মিনাল্লা-হি মিং শাইয়িন (ط) রাব্বানা-'আলাইকা তাওয়াক্কালনা- ওয়া ইলাইকা আনাবনা- ওয়া ইলাইকাল মাসীর।	
তরজমা	তোমাদের জন্য ইব্রাহীম ও তাহার অনুসারীদের মধ্যে রহিয়াছে উত্তম আদর্শ। যখন তাহারা তাহাদের সম্প্রদায়কে বলিয়াছিল, 'তোমাদের সঙ্গে এবং তোমরা আল্লাহ্‌র পরিবর্তে যাহার 'ইবাদত কর তাহার সঙ্গে আমাদের কোন সম্পর্ক নাই। আমরা তোমাদেরকে মানি না। তোমাদের ও আমাদের মধ্যে সৃষ্টি হইল শত্রুতা ও বিদ্বেষ চিরকালের জন্য ; যদি না তোমরা এক আল্লাহ্‌তে ঈমান আন।' তবে ব্যতিক্রম তাহার পিতার প্রতি ইব্রাহীমের উক্তি : 'আমি নিশ্চয়ই তোমার জন্য ক্ষমা প্রার্থনা করিব; এবং তোমার ব্যাপারে আল্লাহ্‌র নিকট আমি কোন অধিকার রাখি না।' ইব্রাহীম ও তাহার অনুসারিগণ বলিয়াছিল, 'হে আমাদের প্রতিপালক ! আমরা তোমারই উপর নির্ভর করিয়াছি, তোমারই অভিমুখী হইয়াছি এবং প্রত্যাবর্তন তো তোমারই নিকট।	
	رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلَّذِيْنَ كَفَرُوْا وَاغْفِرْ لَنَا رَبَّنَا ۚ اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٥	5
প্রতিবর্ণায়ন	রাব্বানা- লা- তাজ'আলনা- ফিত্নাতাল্লিল্লাযীনা কাফারূ ওয়াগ্ফির্লানা- রাব্বানা- (ج) ইন্নাকা আংতাল 'আঝীঝুল হ্বাকীম।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক! তুমি আমাদেরকে কাফিরদের পীড়নের পাত্র করিও না। হে আমাদের প্রতিপালক! তুমি আমাদেরকে ক্ষমা কর; তুমি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।'	
	لَقَدْ كَانَ لَكُمْ فِيْهِمْ اُسْوَةٌ حَسَنَةٌ لِّمَنْ كَانَ يَرْجُوا اللّٰهَ وَالْيَوْمَ الْاٰخِرَ ؕ وَمَنْ يَّتَوَلَّ فَاِنَّ اللّٰهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ۝٦	6
প্রতিবর্ণায়ন	লাক্বাদ কা-না লাকুম ফীহিম উছওয়াতুন হ্বাছানাতুল্ লিমাং কা-না ইয়ার্জুল্লা-হা ওয়াল ইয়াওমাল আ-খিরা (ط) ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লা ফাইন্নাল্লা-হা হুওয়াল গানিইয়ুল হ্বামীদ।	
তরজমা	তোমরা যাহারা আল্লাহ্ ও আখিরাতের প্রত্যাশা কর নিশ্চয়ই তাহাদের জন্য রহিয়াছে উত্তম আদর্শ তাহাদের মধ্যে। কেহ মুখ ফিরাইয়া লইলে সে জানিয়া রাখুক, নিশ্চয়ই আল্লাহ্, তিনি তো অভাবমুক্ত, প্রশংসার্হ।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	عَسَى اللّٰهُ اَنْ يَّجْعَلَ بَيْنَكُمْ وَبَيْنَ الَّذِيْنَ عَادَيْتُمْ مِّنْهُمْ مَّوَدَّةً ؕ وَاللّٰهُ قَدِيْرٌ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝	**7**
প্রতিবর্ণায়ন	'আছাল্লা-হু আইঁ ইয়াজ'আলা বাইনাকুম ওয়া বাইনাল্লাযীনা 'আ-দাইতুম্ মিনহুম মাওয়াদ্দাতাও (ط) ওয়াল্লা-হু কাদীরুও (ط) ওয়াল্লা-হু গাফূরুর রাহীম।	
তরজমা	যাহাদের সঙ্গে তোমাদের শত্রুতা রহিয়াছে সম্ভবত আল্লাহ্ তাহাদের ও তোমাদের মধ্যে বন্ধুত্ব সৃষ্টি করিয়া দিবেন; আল্লাহ্ সর্বশক্তিমান এবং আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	لَا يَنْهٰىكُمُ اللّٰهُ عَنِ الَّذِيْنَ لَمْ يُقَاتِلُوْكُمْ فِي الدِّيْنِ وَلَمْ يُخْرِجُوْكُمْ مِّنْ دِيَارِكُمْ اَنْ تَبَرُّوْهُمْ وَتُقْسِطُوْٓا اِلَيْهِمْ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ۝	**8**
প্রতিবর্ণায়ন	লা-ইয়ানহা-কুমুল্লা-হু 'আনিল্লাযীনা লাম ইউকা-তিলূকুম ফিদ্দীনি ওয়ালাম্ ইউখরিজুকুম মিং দিয়া-রিকুম আং তাবার্‌রূহুম ওয়া তুকছিতূ~ইলাইহিম (ط) ইন্নাল্লা-হা ইউহিব্বুল মুকছিতীন।	
তরজমা	দীনের ব্যাপারে যাহারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে নাই এবং তোমাদেরকে স্বদেশ হইতে বহিষ্কার করে নাই তাহাদের প্রতি মহানুভবতা প্রদর্শন ও ন্যায়বিচার করিতে আল্লাহ্ তোমাদেরকে নিষেধ করেন না। আল্লাহ্ তো ন্যায়পরায়ণদেরকে ভালবাসেন।	
	اِنَّمَا يَنْهٰىكُمُ اللّٰهُ عَنِ الَّذِيْنَ قٰتَلُوْكُمْ فِي الدِّيْنِ وَاَخْرَجُوْكُمْ مِّنْ دِيَارِكُمْ وَظٰهَرُوْا عَلٰٓى اِخْرَاجِكُمْ اَنْ تَوَلَّوْهُمْ ۚ وَمَنْ يَّتَوَلَّهُمْ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ۝	**9**
প্রতিবর্ণায়ন	ইন্নামা- ইয়ানহা-কুমুল্লা-হু 'আনিল্লাযীনা কা-তালূকুম ফিদ্দীনি ওয়া আখরাজুকুম মিং দিয়া-রিকুম ওয়া জা-হারূ 'আলা~ ইখ্‌রা-জিকুম আং তাওয়াল্লাওহুম (ج) ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লাহুম ফাউলা~ইকা হুমুজ্জা-লিমূন।	
তরজমা	আল্লাহ্ কেবল তাহাদের সঙ্গে বন্ধুত্ব করিতে নিষেধ করেন যাহারা দীনের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছে, তোমাদেরকে স্বদেশ হইতে বহিষ্কার করিয়াছে এবং তোমাদের বহিষ্করণে সাহায্য করিয়াছে। উহাদের সঙ্গে যাহারা বন্ধুত্ব করে তাহারা তো জালিম।	

	يٰۤاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡۤا اِذَا جَآءَكُمُ الۡمُؤۡمِنٰتُ مُهٰجِرٰتٍ فَامۡتَحِنُوۡهُنَّ‌ؕ اَللّٰهُ اَعۡلَمُ بِاِيۡمَانِهِنَّ‌ۚ فَاِنۡ عَلِمۡتُمُوۡهُنَّ مُؤۡمِنٰتٍ فَلَا تَرۡجِعُوۡهُنَّ اِلَى الۡكُفَّارِ‌ؕ لَا هُنَّ حِلٌّ لَّهُمۡ وَلَا هُمۡ يَحِلُّوۡنَ لَهُنَّ‌ؕ وَاٰتُوۡهُمۡ مَّاۤ اَنۡفَقُوۡا‌ؕ وَلَا جُنَاحَ عَلَيۡكُمۡ اَنۡ تَنۡكِحُوۡهُنَّ اِذَاۤ اٰتَيۡتُمُوۡهُنَّ اُجُوۡرَهُنَّ‌ؕ وَلَا تُمۡسِكُوۡا بِعِصَمِ الۡكَوَافِرِ وَسۡـَٔلُوۡا مَاۤ اَنۡفَقۡتُمۡ وَلۡيَسۡـَٔلُوۡا مَاۤ اَنۡفَقُوۡا‌ؕ ذٰلِكُمۡ حُكۡمُ اللّٰهِ‌ؕ يَحۡكُمُ بَيۡنَكُمۡ‌ؕ وَاللّٰهُ عَلِيۡمٌ حَكِيۡمٌ ﴿۱۰﴾	**10**
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ ইয া-জা~আকুমুল মু'মিনা-তু মুহা-জিরা-তিং ফাম্‌তাহি নূহুন্না (ط) আল্লা-হু আ'লামু বিঈমা-নিহিন্না (ج) ফাইন 'আলিম্‌তুমূহুন্না মু'মিনা-তিং ফালা-তারাজি'উহুন্না ইলাল কুফ্‌ফা-রি (ط) লা-হুন্না হি ল্লুল্লাহুম ওয়ালা-হুম ইয়াহি ল্লূনা লাহুন্না (ط) ওয়া আ-তূহুম্‌ মা~আংফাকূ (ط) ওয়ালা- জুনা-হ া 'আলাইকুম আং তাংকিহূ হুন্না ইয া~ আ-তাইতুমূহুন্না উজূরাহুন্না (ط) ওয়ালা-তুমছিকূ বি'ইসামিল কাওয়া-ফিরি ওয়াছআলূ মা~ আংফাক তুম ওয়াল্‌য়াছআলূ মা~ আংফাকূ (ط) য া-লিকুম হু ক্মুল্লা-হি (ط) ইয়াহ কুমু বাইনাকুম (ط) ওয়াল্লা-হু 'আলীমুন হ াকীম।	
তরজমা	হে মু'মিনগণ! তোমাদের নিকট মু'মিন নারীরা হিজরত করিয়া আসিলে তাহাদেরকে পরীক্ষা করিও, আল্লাহ্ তাহাদের ঈমান সম্বন্ধে সম্যক অবগত আছেন। যদি তোমরা জানিতে পার যে, তাহারা মু'মিন তবে তাহাদেরকে কাফিরদের নিকট ফেরত পাঠাইও না। মু'মিন নারীগণ কাফিরদের জন্য বৈধ নয় এবং কাফিরগণ মু'মিন নারীদের জন্য বৈধ নয়। কাফিররা যাহা ব্যয় করিয়াছে তাহা উহাদেরকে ফিরাইয়া দিও। অতঃপর তোমরা তাহাদেরকে বিবাহ করিলে তোমাদের কোন অপরাধ হইবে না যদি তোমরা তাহাদেরকে তাহাদের মাহর দাও। তোমরা কাফির নারীদের সঙ্গে দাম্পত্য সম্পর্ক বজায় রাখিও না। তোমরা যাহা ব্যয় করিয়াছ তাহা ফেরত চাইবে এবং কাফিররা ফেরত চাইবে যাহা তাহারা ব্যয় করিয়াছে। ইহাই আল্লাহ্‌র বিধান; তিনি তোমাদের মধ্যে ফয়সালা করিয়া থাকেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَاِنۡ فَاتَكُمۡ شَىۡءٌ مِّنۡ اَزۡوَاجِكُمۡ اِلَى الۡكُفَّارِ فَعَاقَبۡتُمۡ فَاٰتُوا الَّذِيۡنَ ذَهَبَتۡ اَزۡوَاجُهُمۡ مِّثۡلَ مَاۤ اَنۡفَقُوۡا‌ؕ وَاتَّقُوا اللّٰهَ الَّذِىۡۤ اَنۡتُمۡ بِهٖ مُؤۡمِنُوۡنَ ﴿۱۱﴾	**11**
প্রতিবর্ণায়ন	ওয়া ইং ফা-তাকুম শাইউম মিন আঝওয়া-জিকুম ইলাল কুফ্‌ফা-রি ফা'আ-ক াবতুম ফাআ-তুল্লায ীনা য াহাবাতা আঝওয়া-জুহুম মিছ লা মা~আংফাকূ (ط) ওয়াত্তাকু ল্লা- হাল্লায ী~ আংতুম বিহী মু'মিনূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তোমাদের স্ত্রীদের মধ্যে যদি কেহ হাতছাড়া হইয়া কাফিরদের নিকট রহিয়া যায় এবং তোমাদের যদি সুযোগ আসে তখন যাহাদের স্ত্রীগণ হাতছাড়া হইয়া গিয়াছে তাহাদেরকে, তাহারা যাহা ব্যয় করিয়াছে তাহার সমপরিমাণ অর্থ প্রদান করিবে, ভয় কর আল্লাহ্কে, যাহাতে তোমরা বিশ্বাসী।	
	يَٰٓأَيُّهَا ٱلنَّبِىُّ إِذَا جَآءَكَ ٱلْمُؤْمِنَٰتُ يُبَايِعْنَكَ عَلَىٰٓ أَن لَّا يُشْرِكْنَ بِٱللَّهِ شَيْـًٔا وَلَا يَسْرِقْنَ وَلَا يَزْنِينَ وَلَا يَقْتُلْنَ أَوْلَٰدَهُنَّ وَلَا يَأْتِينَ بِبُهْتَٰنٍ يَفْتَرِينَهُۥ بَيْنَ أَيْدِيهِنَّ وَأَرْجُلِهِنَّ وَلَا يَعْصِينَكَ فِى مَعْرُوفٍ فَبَايِعْهُنَّ وَٱسْتَغْفِرْ لَهُنَّ ٱللَّهَ ۖ إِنَّ ٱللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٢﴾	**12**
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহান্নাবিয়ু ইযা– জা~আকাল মু'মিনা–তু ইউবা–ই'নাকা 'আলা˜ আল্লা–ইউশরিক্না বিল্লা–হি শাইআওঁ ওয়ালা–ইয়াছ্রিক্না ওয়ালা–ইয়াঝনীনা ওয়ালা–ইয়াক্তুল্না আওলা–দাহুন্না ওয়ালা– ইয়া'তীনা বিবুহ্তা–নিইঁ ইয়াফতারীনাহূ বাইনা আইদীহিন্না ওয়া আর্জুলিহিন্না ওয়ালা–ইয়া'সীনাকা ফী মা'রূফিং ফাবা–ই'হুন্না ওয়াছতাগফির লাহুন্নাল্লা–হা (ط) ইন্নাল্লা–হা গাফুরুর রাহীম।	
তরজমা	হে নবী! মু'মিন নারীগণ যখন তোমার নিকট আসিয়া বায়'আত করে এই মর্মে যে, তাহারা আল্লাহ্র সঙ্গে কোন শরীক স্থির করিবে না, চুরি করিবে না, ব্যভিচার করিবে না, নিজেদের সন্তান হত্যা করিবে না, তাহারা সজ্ঞানে কোন অপবাদ রচনা করিয়া রটাইবে না এবং সৎকার্যে তোমাকে অমান্য করিবে না তখন তাহাদের বায়'আত গ্রহণ করিও এবং তাহাদের জন্য আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করিও। আল্লাহ্ তো ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ لَا تَتَوَلَّوْا۟ قَوْمًا غَضِبَ ٱللَّهُ عَلَيْهِمْ قَدْ يَئِسُوا۟ مِنَ ٱلْءَاخِرَةِ كَمَا يَئِسَ ٱلْكُفَّارُ مِنْ أَصْحَٰبِ ٱلْقُبُورِ ﴿١٣﴾	**13**
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লাযীনা আ–মানূ লা–তাতওয়াল্লাও কাওমান গাদিবাল্লা–হু 'আলাইহিম কাদ ইয়াইছূ মিনাল আ–খিরাতি কামা–ইয়াইছাল কুফফা–রু মিন আসহা–বিল কুবূর।	
তরজমা	হে মু'মিনগণ ! আল্লাহ্ যে সম্প্রদায়ের প্রতি রুষ্ট তোমরা তাহাদের সঙ্গে বন্ধুত্ব করিও না, উহারা তো পরকাল সম্পর্কে হতাশ হইয়া পড়িয়াছে, যেমন হতাশ হইয়াছে কাফিররা কবরস্থদের বিষয়ে।	

61 - As-Saf-সাফ্ফ -الصف

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	سَبَّحَ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝١	**1**
প্রতিবর্ণায়ন	ছাব্বাহ া লিল্লা-হি মা- ফিছ্ছামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদি (ج) ওয়া হুওয়াল ‘আঝীঝুল হ াকীম।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্তই আল্লাহ্‌র পবিত্রতা ও মহিমা ঘোষণা করে। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لِمَ تَقُوْلُوْنَ مَا لَا تَفْعَلُوْنَ ۝٢	**2**
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ-মানূ লিমা তাকূ লূনা মা-লা-তাফ‘আলূন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা যাহা কর না তাহা তোমরা কেন বল ?	
	كَبُرَ مَقْتًا عِنْدَ اللّٰهِ اَنْ تَقُوْلُوْا مَا لَا تَفْعَلُوْنَ ۝٣	**3**
প্রতিবর্ণায়ন	কাবুরা মাক তান ‘ইংদাল্লা-হি আং তাকূ লূ মা-লা-তাফ‘আলূন।	
তরজমা	তোমরা যাহা কর না তোমাদের তাহা বলা আল্লাহ্‌র দৃষ্টিতে অতিশয় অসন্তোষজনক।	
	اِنَّ اللّٰهَ يُحِبُّ الَّذِيْنَ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِهٖ صَفًّا كَاَنَّهُمْ بُنْيَانٌ مَّرْصُوْصٌ ۝٤	**4**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা ইউহি ব্বুল্লায ীনা ইউক া-তিলূনা ফী ছাবীলিহী সাফ্ফাং কাআন্নাহুম বুনয়া-নুম্ মারসূস।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র পথে সংগ্রাম করে সারিবদ্ধভাবে সুদৃঢ় প্রাচীরের মত, আল্লাহ্ তো তাহাদেরকে ভালবাসেন।	
	وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ لِمَ تُؤْذُوْنَنِيْ وَقَدْ تَّعْلَمُوْنَ اَنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ ۗ فَلَمَّا زَاغُوْۤا اَزَاغَ اللّٰهُ قُلُوْبَهُمْ ۗ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفٰسِقِيْنَ ۝٥	**5**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ক া-লা মূছা-লিক াওমিহী ইয়া-ক াওমি লিমা তু’যূ নানী ওয়া ক াত্তা‘লামূনা আন্নী রাছূলুল্লা-হি ইলাইকুম (ط) ফালাম্মা-ঝা-গূ˜ আঝা-গাল্লা-হু কু লূবাহুম (ط) ওয়াল্লা-হু লা-ইয়াহদিল ক াওমাল ফা-ছিক ীন।	
তরজমা	স্মরণ কর, মূসা তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায় ! তোমরা আমাকে কেন কষ্ট দিতেছ যখন তোমরা জান যে, আমি তোমাদের নিকট আল্লাহ্‌র রাসূল ? অতঃপর উহারা যখন বক্র পথ অবলম্বন করিল তখন আল্লাহ্ উহাদের হৃদয়কে বক্র করিয়া দিলেন। আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়কে হিদায়াত করেন না।	

	وَاِذْ قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ اِنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ مُّصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرٰىةِ وَمُبَشِّرًاۢ بِرَسُوْلٍ يَّاْتِيْ مِنْۢ بَعْدِي اسْمُهٗٓ اَحْمَدُ ۭ فَلَمَّا جَآءَهُمْ بِالْبَيِّنٰتِ قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ۝	**6**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্˙ ক˙া–লা ‘ঈছাবুন মারইয়ামা ইয়া–বানী˜ ইছরা~ঈলা ইন্নী রাছূলুল্লা–হি ইলাকুম মুসাদ্দিক˙াল্ লিমা বাইনা ইয়াদাইইয়া মিনাত্তাওরা–তি ওয়া মুবাশ্শিরাম বিরাছূলিইঁ ইয়া’তী মিম বা‘দিছ্মূহূ˜ আহ˙মাদু (ط) ফালাম্মা–জা~আহুম বিলবাইয়িনা–তি ক˙া–লূ হা–য˙া–ছিহ˙রুম্ মুবীন।	
তরজমা	স্মরণ কর, মার্‌ইয়াম-তনয় ‘ঈসা বলিয়াছিল, ‘হে বনী ইস্‌রাঈল! অবশ্যই আমি তোমাদের নিকট আল্লাহ্‌র রাসূল এবং আমার পূর্ব হইতে তোমাদের নিকট যে তাওরাত রহিয়াছে আমি তাহার প্রত্যায়ন-কারী এবং আমার পরে আহ্‌মাদ নামে যে রাসূল আসিবেন আমি তাহার সুসংবাদদাতা। পরে সে যখন স্পষ্ট নিদর্শনসহ উহাদের নিকট আসিল তখন উহারা বলিতে লাগিল, ‘ইহা তো এক স্পষ্ট জাদু।’	
	وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُوَ يُدْعٰٓى اِلَى الْاِسْلَامِ ۭ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝	**7**
প্রতিবর্ণায়ন	ওয়া মান আজ˙লামু মিম্মানিফ তারা–‘আলাল্লা–হিল কাযি˙বা ওয়া হুওয়া ইউদ‘আ˜ ইলাল ইছলা–মি (ط) ওয়াল্লা–হু লা– ইয়াহদিল ক˙াওমাজ্জ˙া–লিমীন।	
তরজমা	যে ব্যক্তি ইসলামের দিকে আহূত হইয়াও আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	يُرِيْدُوْنَ لِيُطْفِئُوْا نُوْرَ اللّٰهِ بِاَفْوَاهِهِمْ وَاللّٰهُ مُتِمُّ نُوْرِهٖ وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ۝	**8**
প্রতিবর্ণায়ন	ইউরীদূনা লিইউত˙ফিউ নূরাল্লা–হি বিআফওয়া–হিহিম ওয়াল্লা–হু মুতিম্মু নূরিহী ওয়ালাও কারিহাল কা–ফিরূন।	
তরজমা	উহারা আল্লাহ্‌র নূর ফুৎকারে নিভাইতে চায়, কিন্তু আল্লাহ্ তাঁহার নূর পূর্ণরূপে উদ্ভাসিত করিবেন, যদিও কাফিররা উহা অপসন্দ করে।	
	هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى الدِّيْنِ كُلِّهٖ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ ۝	**9**
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায˙ী˜ আরছালা রাছূলাহূ বিলহুদা–ওয়া দীনিল হ˙াক্বি˙ লিইউজ˙হিরাহূ ‘আলাদ্দীনি কুল্লিহী ওয়া লাও কারিহাল মুশরিকূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তিনিই তাঁহার রাসূলকে প্রেরণ করিয়াছেন হিদায়াত ও সত্য দীনসহ সকল দীনের উপর উহাকে বিজয়ী করার জন্য, যদিও মুশরিকরা উহা অপসন্দ করে।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا هَلْ اَدُلُّكُمْ عَلٰى تِجَارَةٍ تُنْجِيْكُمْ مِّنْ عَذَابٍ اَلِيْمٍ ﴿۱۰﴾	**10**
প্রতিবর্ণায়ন	ইয়া-আইয়ুহাল্লায ীনা আ-মানূ হাল আদুল্লুকুম আলা-তিজা-রাতিং তুংজীকুম মিন ‘আয া-বিন আলীম।	
তরজমা	হে মু’মিনগণ! আমি কি তোমাদেরকে এমন এক বাণিজ্যের সন্ধান দিব যাহা তোমাদেরকে রক্ষা করিবে মর্মন্তুদ শাস্তি হইতে ?	
	تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَتُجَاهِدُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿۱۱﴾	**11**
প্রতিবর্ণায়ন	তু’মিনূনা বিল্লা-হি ওয়া রাছূলিহী ওয়া তুজা-হিদূনা ফী ছাবীলিল্লা-হি বিআমওয়া-লিকুম ওয়া আংফুছিকুম (ط) য া-লিকুম খাইরুল্লাকুম ইং কুংতুম তা‘লামূন।	
তরজমা	উহা এই যে, তোমরা আল্লাহ্ ও তাঁহার রাসূলে বিশ্বাস স্থাপন করিবে এবং তোমাদের ধন-সম্পদ ও জীবন দ্বারা আল্লাহ্‌র পথে জিহাদ করিবে। ইহাই তোমাদের জন্য শ্রেয় যদি তোমরা জানিতে!	
	يَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ وَمَسٰكِنَ طَيِّبَةً فِيْ جَنّٰتِ عَدْنٍ ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿۱۲﴾	**12**
প্রতিবর্ণায়ন	ইয়াগফিরলাকুম যু নূবাকুম ওয়া ইউদখিল্কুম জান্না-তিং তাজরী মিং তাহ তিহাল আনহা-রু ওয়া মাছা-কিনা ত াইয়িবাতাং ফী জান্না-তি ‘আদনিং (ط) য া-লিকাল ফাওযুল ‘আজ ীম।	
তরজমা	আল্লাহ্ তোমাদের পাপ ক্ষমা করিয়া দিবেন এবং তোমাদেরকে দাখিল করিবেন জান্নাতে যাহার পাদদেশে নদী প্রবাহিত, এবং স্থায়ী জান্নাতের উত্তম বাসগৃহে। ইহাই মহাসাফল্য।	
	وَاُخْرٰى تُحِبُّوْنَهَا ؕ نَصْرٌ مِّنَ اللّٰهِ وَفَتْحٌ قَرِيْبٌ ؕ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿۱۳﴾	**13**
প্রতিবর্ণায়ন	উখরা-তুহি ব্বূনাহা- নাসরুম্ মিনাল্লা-হি ওয়া ফাতহু ং ক ারীব (ط) ওয়া বাশ্শিরিল মু’মিনীন।	
তরজমা	এবং তিনি দান করিবেন তোমাদের বাঞ্ছিত আরও একটি অনুগ্রহ : আল্লাহ্‌র সাহায্য ও আসন্ন বিজয়; মু’মিনদেরকে সুসংবাদ দাও।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْۤا اَنْصَارَ اللّٰهِ كَمَا قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيّٖنَ مَنْ اَنْصَارِيْۤ اِلَى اللّٰهِ ؕ قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ فَاٰمَنَتْ طَّآئِفَةٌ مِّنْۢ بَنِيْۤ اِسْرَآءِيْلَ وَكَفَرَتْ طَّآئِفَةٌ ۚ فَاَيَّدْنَا الَّذِيْنَ اٰمَنُوْا عَلٰى عَدُوِّهِمْ فَاَصْبَحُوْا ظٰهِرِيْنَ ﴿۱۴﴾	**14**
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লাযী়না আ-মানূ কূনূ~ আংসা-রাল্লা-হি কামা-কা়-লা ‘ঈছাবনু মারইয়ামা লিলহা়ওয়া-রিইয়ীনা মান আংসা-রী-ইলাল্লা-হি (ط) কা়-লাল হা়ওয়া-রিইয়ূনা নাহ়নু আংসা-রুল্লা-হি ফাআ-মানাত্তা়~ইফাতুম্মিম বানী~ ইছরা~ঈলা ওয়া কাফারাত্তা়~ইফাতুং (ج) ফাআইঁয়াদনাল্লাযী়না আ-মানূ ‘আলা-‘আদুওবিহি়ম ফাআসবাহূ় জা়-হিরীন।	
তরজমা	হে মু’মিনগণ! তোমরা আল্লাহ্‌র দীনের সাহায্যকারী হও, যেমন মার্‌ইয়াম-তনয় ঈসা হাওয়ারীগণকে বলিয়াছিল, ‘আল্লাহ্‌র পথে কে আমার সাহায্যকারী হইবে ?’ হাওয়ারীগণ বলিয়াছিল, ‘আমরাই আল্লাহ্‌র পথে সাহায্যকারী।’ অতঃপর বনী ইস্‌রাঈলের একদল ঈমান আনিল এবং একদল কুফরী করিল। তখন আমি যাহারা ঈমান আনিয়াছিল, তাহাদের শত্রুদের মুকাবিলায় তাহাদেরকে শক্তিশালী করিলাম, ফলে তাহারা বিজয়ী হইল।	

62 - Al-Jumu`ah-জুমু'আ -الجمعة

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	يُسَبِّحُ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ الْمَلِكِ الْقُدُّوْسِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿۱﴾	**1**
প্রতিবর্ণায়ন	ইউছাব্বিহু় লিল্লা-হি মা-ফিছছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি়ল মালিকিল কু়দ্দূছিল ‘আঝিঝিল হা়কীম।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্তই পবিত্রতা ও মহিমা ঘোষণা করে আল্লাহ্‌র, যিনি অধিপতি, মহাপবিত্র, পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	هُوَ الَّذِىْ بَعَثَ فِى الْاُمِّيّٖنَ رَسُوْلًا مِّنْهُمْ يَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِهٖ وَيُزَكِّيْهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۗ وَاِنْ كَانُوْا مِنْ قَبْلُ لَفِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿۲﴾	**2**
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী় বা‘আছা় ফিল উম্মিইয়ীনা রাছূলাম্‌ মিনহুম ইয়াতলূ ‘আলাইহিম আ-য়া-তিহী ওয়া ইউঝাক্কীহিম ওয়া ইউ‘আল্লিমুহুমুল কিতা-বা ওয়াল হি়কমাতা (ق) ওয়া ইং কা-নূ মিং কা়বলু লাফী দা়লা-লিম্মুবীন।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	তিনিই উম্মীদের মধ্যে একজন রাসূল পাঠাইয়াছেন তাহাদের মধ্য হইতে, যে তাহাদের নিকট আবৃত্তি করে তাঁহার আয়াতসমূহ ; তাহাদেরকে পবিত্র করে এবং শিক্ষা দেয় কিতাব ও হিক্মত; ইতিপূর্বে তো উহারা ছিল ঘোর বিভ্রান্তিতে;	
	وَّاٰخَرِيْنَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوْا بِهِمْ ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝	3
প্রতিবর্ণায়ন	ওয়া আ-খারীনা মিনহুম লাম্মা-ইয়ালহাকূ বিহিম (ط) ওয়া হুওয়াল 'আযীঝুল হাকীম।	
তরজমা	এবং তাহাদের অন্যান্যের জন্যও যাহারা এখনও তাহাদের সঙ্গে মিলিত হয় নাই। আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	ذٰلِكَ فَضْلُ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ۝	4
প্রতিবর্ণায়ন	যা-লিকা ফাদলুল্লা-হি ইউ'তীহি মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু যুল ফাদলিল 'আজীম।	
তরজমা	ইহা আল্লাহ্রই অনুগ্রহ, যাহাকে ইচ্ছা তিনি ইহা দান করেন। আল্লাহ্ তো মহা অনুগ্রহশীল।	
	مَثَلُ الَّذِيْنَ حُمِّلُوا التَّوْرٰىةَ ثُمَّ لَمْ يَحْمِلُوْهَا كَمَثَلِ الْحِمَارِ يَحْمِلُ اَسْفَارًا ؕ بِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ ؕ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝	5
প্রতিবর্ণায়ন	মাছালুল্লাযীনা হুম্মিলুত্তাওরা-তা ছুম্মা লাম ইয়াহমিলূহা-কামাছালিল হিমা-রি ইয়াহমিলু আছফা-রাং (ط) বি'ছা মাছালুল কাওমিল্লাযীনা কাযযাবূ বিআ-য়া-তিল্লা-হি (ط) ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল্ কাওমাজ্জা-লিমীন।	
তরজমা	যাহাদেরকে তাওরাতের দায়িত্বভার অর্পণ করা হইয়াছিল, কিন্তু তাহারা উহা বহন করে নাই, তাহাদের দৃষ্টান্ত পুস্তক বহনকারী গর্দভ! কত নিকৃষ্ট সে সম্প্রদায়ের দৃষ্টান্ত যাহারা আল্লাহ্র আয়াতসমূহ অস্বীকার করে ! আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	قُلْ يٰۤاَيُّهَا الَّذِيْنَ هَادُوْۤا اِنْ زَعَمْتُمْ اَنَّكُمْ اَوْلِيَآءُ لِلّٰهِ مِنْ دُوْنِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝	6
প্রতিবর্ণায়ন	কুল্ ইয়া~ আইয়ুহাল্লাযীনা হা-দূ~ ইং ঝা'আম্তুম্ আন্নাকুম্ আওলিয়া~উ লিল্লা-হি মিং দূনিন্না-ছি ফাতামান্নাউল্ মাওতা ইং কুংতুম্ সা-দিকীন।	
তরজমা	বল, 'হে ইয়াহূদীরা! যদি তোমরা মনে কর তোমরাই আল্লাহ্র বন্ধু, অন্য কোন মানবগোষ্ঠী নহে ; তবে তোমরা মৃত্যু কামনা কর, যদি তোমরা সত্যবাদী হও।'	

	وَلَا يَتَمَنَّوْنَهٗۤ اَبَدًۢا بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالظّٰلِمِيْنَ ۝	7
প্রতিবর্ণায়ন	ওয়ালা– ইয়াতামান্নাওনাহূ˜ আবাদাম্ বিমা– ক˙দ্দামাত্ আইদীহিম (ط) ওয়াল্লা–হু ‘আলীমুম্ বিজ্জ˙া–লিমীন।	
তরজমা	কিন্তু উহারা উহাদের হস্ত দ্বারা যাহা অগ্রে প্রেরণ করিয়াছে উহার কারণে কখনও মৃত্যু কামনা করিবে না। আল্লাহ্ জালিমদের সম্পর্কে সম্যক অবগত।	
	قُلْ اِنَّ الْمَوْتَ الَّذِىْ تَفِرُّوْنَ مِنْهُ فَاِنَّهٗ مُلٰقِيْكُمْ ثُمَّ تُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝	8
প্রতিবর্ণায়ন	কু˙ল্ ইন্নাল্ মাওতাল্লায˙ী তাফির্‌রূনা মিন্‌হু ফাইন্নাহূ মুলা–ক˙ীকুম্ ছু˙ম্মা তুরাদ্দূনা ইলা– ‘আ–লিমিল্ গাইবি ওয়াশ্ শাহা–দাতি ফাইউনাব্বিউকুম্ বিমা– কুংতুম্ তা‘মালূন।	
তরজমা	বল, ‘তোমরা যে মৃত্যু হইতে পলায়ন কর সেই মৃত্যু তোমাদের সঙ্গে অবশ্যই সাক্ষাৎ করিবে। অতঃপর তোমরা প্রত্যানীত হইবে অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা আল্লাহ্‌র নিকট এবং তিনি তোমাদেরকে জানাইয়া দিবেন যাহা তোমরা করিতে।’	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِذَا نُوْدِىَ لِلصَّلٰوةِ مِنْ يَّوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا اِلٰى ذِكْرِ اللّٰهِ وَذَرُوا الْبَيْعَ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۝	9
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহাল্লায˙ীনা আ–মানূ ইয˙া–নূদিয়া লিসসালা–তি মিইঁ ইয়াওমিল জুমু‘আতি ফাছ‘আও ইলা– যি˙ক্‌রিল্লা–হি ওয়া য˙ারুল বাই‘আ (ط) য˙া–লিকুম্ খাইরুল্লাকুম ইং কুংতুম্ তা‘লামূন।	
তরজমা	হে মু’মিনগণ! জুমু‘আর দিনে যখন সালাতের জন্য আহ্‌বান করা হয় তখন তোমরা আল্লাহ্‌র স্মরণে ধাবিত হও এবং ক্রয়-বিক্রয় ত্যাগ কর, ইহাই তোমাদের জন্য শ্রেয় যদি তোমরা উপলব্ধি কর।	
	فَاِذَا قُضِيَتِ الصَّلٰوةُ فَانْتَشِرُوْا فِى الْاَرْضِ وَابْتَغُوْا مِنْ فَضْلِ اللّٰهِ وَاذْكُرُوا اللّٰهَ كَثِيْرًا لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ ۝	10
প্রতিবর্ণায়ন	ফাইয˙া– কু˙দি˙য়াতিসসালা–তু ফাংতাশিরূ ফিল্ আর্‌দি˙ ওয়াব্‌তাগূ মিং ফাদ˙লিল্লা–হি ওয়ায˙কুরুল্লা–হা কাছ˙ীরাল্ লা‘আল্লাকুম্ তুফ্‌লিহূ˙ন।	
তরজমা	সালাত সমাপ্ত হইলে তোমরা পৃথিবীতে ছড়াইয়া পড়িবে এবং আল্লাহ্‌র অনুগ্রহ সন্ধান করিবে ও আল্লাহ্‌কে অধিক স্মরণ করিবে, যাহাতে তোমরা সফলকাম হও।	

	وَاِذَا رَاَوۡا تِجَارَةً اَوۡ لَهۡوَا ۨانْفَضُّوۡۤا اِلَيۡهَا وَتَرَكُوۡكَ قَآئِمًا ؕ قُلۡ مَا عِنۡدَ اللّٰهِ خَيۡرٌ مِّنَ اللَّهۡوِ وَمِنَ التِّجَارَةِ ؕ وَ اللّٰهُ خَيۡرُ الرّٰزِقِيۡنَ ﴿۱۱﴾	**11**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা–রাআও তিজা–রাতান্ আও লাহ্ওয়ানিংফাদ্দূ ইলাইহা–ওয়া তারাকূ কাকা–ইমা- (ط) ক্বুল্ মা–‘ইংদাল্লা–হি খাইরুম্ মিনাল্লাহ্বি ওয়া মিনাত্তিজা–রাতি (ط) ওয়াল্লা–হু খাইরুর্ রা–ঝিক্বীন।	
তরজমা	যখন তাহারা দেখিল ব্যবসায় ও কৌতুক তখন তাহারা তোমাকে দাঁড়ান অবস্থায় রাখিয়া উহার দিকে ছুটিয়া গেল। বল, ‘আল্লাহ্‌র নিকট যাহা আছে তাহা ক্রীড়া-কৌতুক ও ব্যবসায় অপেক্ষা উৎকৃষ্ট।’ আল্লাহ্ সর্বশ্রেষ্ঠ রিযিকদাতা।	

63 - Al-Jumu`ah-জুমু'আ - الجمعة

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	اِذَا جَآءَكَ الۡمُنٰفِقُوۡنَ قَالُوۡا نَشۡهَدُ اِنَّكَ لَرَسُوۡلُ اللّٰهِ ۘ وَاللّٰهُ يَعۡلَمُ اِنَّكَ لَرَسُوۡلُهٗ ؕ وَاللّٰهُ يَشۡهَدُ اِنَّ الۡمُنٰفِقِيۡنَ لَـكٰذِبُوۡنَ ۚ ﴿۱﴾	**1**
প্রতিবর্ণায়ন	ইযা– জা–আকাল মুনা–ফিক্বূনা ক্বা–লূ নাশহাদু ইন্নাকা লারাছূলুল্লা–হ্ (م)। ওয়াল্লা–হু ইয়া‘লামু ইন্নাকা লারাছূলুহূ (ط) ওয়াল্লা–হু ইয়াশ্হাদু ইন্নাল মুনা–ফিক্বীনা লাকা–যিবূন।	
তরজমা	যখন মুনাফিকরা তোমার নিকট আসে তাহারা বলে, ‘আমরা সাক্ষ্য দিতেছি যে, আপনি নিশ্চয়ই আল্লাহ্‌র রাসূল।’ আল্লাহ্ জানেন যে, তুমি নিশ্চয়ই তাঁহার রাসূল এবং আল্লাহ্ সাক্ষ্য দিতেছেন যে, মুনাফিকরা অবশ্যই মিথ্যাবাদী।	
	اِتَّخَذُوۡۤا اَيۡمَانَهُمۡ جُنَّةً فَصَدُّوۡا عَنۡ سَبِيۡلِ اللّٰهِ ؕ اِنَّهُمۡ سَآءَ مَا كَانُوۡا يَعۡمَلُوۡنَ ﴿۲﴾	**2**
প্রতিবর্ণায়ন	ইত্তাখাযূ আইমা–নাহুম জুন্নাতাং ফাসাদ্দূ ‘আং ছাবীলিল্লা–হি (ط) ইন্নাহুম ছা–আ মা–কা–নূ ইয়া‘মালূন।	
তরজমা	উহারা উহাদের শপথগুলিকে ঢালরূপে ব্যবহার করে আর উহারা আল্লাহ্‌র পথ হইতে মানুষকে নিবৃত্ত করে। উহারা যাহা করিতেছে তাহা কত মন্দ!	
	ذٰلِكَ بِاَنَّهُمۡ اٰمَنُوۡا ثُمَّ كَفَرُوۡا فَطُبِعَ عَلٰى قُلُوۡبِهِمۡ فَهُمۡ لَا يَفۡقَهُوۡنَ ﴿۳﴾	**3**
প্রতিবর্ণায়ন	যা–লিকা বিআন্নাহুম আ–মানূ ছুম্মা কাফারূ ফাতুবি‘আ ‘আলা– ক্বুলূবিহিম ফাহুম লা– ইয়াফক্বাহূন।	
তরজমা	ইহা এইজন্য যে, উহারা ঈমান আনিবার পর কুফরী করিয়াছে। ফলে উহাদের হৃদয় মোহর করিয়া দেওয়া হইয়াছে; পরিণামে উহারা বুঝে না।	

	وَاِذَا رَاَيۡتَهُمۡ تُعۡجِبُكَ اَجۡسَامُهُمۡ ؕ وَاِنۡ يَّقُوۡلُوۡا تَسۡمَعۡ لِقَوۡلِهِمۡ ؕ كَاَنَّهُمۡ خُشُبٌ مُّسَنَّدَةٌ ؕ يَحۡسَبُوۡنَ كُلَّ صَيۡحَةٍ عَلَيۡهِمۡ ؕ هُمُ الۡعَدُوُّ فَاحۡذَرۡهُمۡ ؕ قٰتَلَهُمُ اللّٰهُ ۡ اَنّٰى يُؤۡفَكُوۡنَ ۝	4
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া– রাআইতাহুম তু'জিবুকা আজছা–মুহুম (ط) ওয়াইঁয় ইয়াকূলূ তাছ্মা' লিকাওলিহিম (ط) কাআন্নাহুম খুশুবুম্মুছান্নাদাতুঁই (ط) ইয়াহছাবূনা কুল্লা সাইহাতিন 'আলাইহিম (ط) হুমুল 'আদুওউ ফাহ্যারহুম (ط) কা–তালাহুমুল্লা–হু আন্না– ইউ'ফাকূন।	
তরজমা	তুমি যখন উহাদের দিকে তাকাও উহাদের দেহাকৃতি তোমার নিকট প্রীতিকর মনে হয় এবং উহারা যখন কথা বলে, তুমি সাগ্রহে উহাদের কথা শ্রবণ কর, যদিও উহারা দেওয়ালে ঠেকান কাঠের স্তম্ভসদৃশ; উহারা যে কোন শোরগোলকে মনে করে উহাদেরই বিরুদ্ধে। উহারাই শত্রু, অতএব উহাদের সম্পর্কে সতর্ক হও ; আল্লাহ্ উহাদেরকে ধ্বংস করুন ! বিভ্রান্ত হইয়া উহারা কোথায় চলিয়াছে!	
	وَاِذَا قِيۡلَ لَهُمۡ تَعَالَوۡا يَسۡتَغۡفِرۡ لَكُمۡ رَسُوۡلُ اللّٰهِ لَوَّوۡا رُءُوۡسَهُمۡ وَرَاَيۡتَهُمۡ يَصُدُّوۡنَ وَهُمۡ مُّسۡتَكۡبِرُوۡنَ ۝	5
প্রতিবর্ণায়ন	ওয়াইযা– কীলালাহুম তা'আ–লাও ইয়াছতাগ্ফিরলাকুম রাছূলুল্লা–হি লাওওয়াও রুউছাহুম ওয়া রাআইতাহুম ইয়াসুদ্দূনা ওয়া হুম মুছতাক্বিরূন।	
তরজমা	যখন উহাদেরকে বলা হয়, 'তোমরা আস, আল্লাহ্‌র রাসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করিবেন,' তখন উহারা মাথা ফিরাইয়া লয় এবং তুমি উহাদেরকে দেখিতে পাও, উহারা দম্ভভরে ফিরিয়া যায়।	
	سَوَآءٌ عَلَيۡهِمۡ اَسۡتَغۡفَرۡتَ لَهُمۡ اَمۡ لَمۡ تَسۡتَغۡفِرۡ لَهُمۡ ؕ لَنۡ يَّغۡفِرَ اللّٰهُ لَهُمۡ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهۡدِى الۡقَوۡمَ الۡفٰسِقِيۡنَ ۝	6
প্রতিবর্ণায়ন	ছাওয়া~উন 'আলাইহিম আছতাগফার্তা লাহুম আম লাম তাছতাগ্ফির্লাহুম (ط) লাই ইয়াগ্ফিরাল্লা–হু লাহুম (ط) ইন্নাল্লা–হা লা– ইয়াহ্দিল কাওমাল ফা–ছিকীন।	
তরজমা	তুমি উহাদের জন্য ক্ষমা প্রার্থনা কর অথবা না কর, উভয়ই উহাদের জন্য সমান। আল্লাহ্ উহাদেরকে কখনও ক্ষমা করিবেন না। আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	هُمُ الَّذِيۡنَ يَقُوۡلُوۡنَ لَا تُنۡفِقُوۡا عَلٰى مَنۡ عِنۡدَ رَسُوۡلِ اللّٰهِ حَتّٰى يَنۡفَضُّوۡا ؕ وَلِلّٰهِ خَزَآئِنُ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ وَلٰكِنَّ الۡمُنٰفِقِيۡنَ لَا يَفۡقَهُوۡنَ ۝	7

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	হুমুল্লাযীনা ইয়াকূলূনা লা-তুংফিকূ ‘আলা- মান ‘ইংদা রাছূলিল্লা-হি হাত্তা- ইয়াংফাদ্দূ (ط) ওয়া লিল্লা-হি খাঝা~ইনুছ্ ছামা-ওয়া-তি ওয়াল আরদি ওয়ালা-কিন্নাল মুনা-ফিকীনা লা-ইয়াফকাহূন।	
তরজমা	উহারাই বলে, ‘তোমরা আল্লাহ্‌র রাসূলের সহচরদের জন্য ব্যয় করিও না, যাহাতে উহারা সরিয়া পড়ে।’ আকাশমণ্ডলী ও পৃথিবীর ধনভাণ্ডার তো আল্লাহ্‌রই; কিন্তু মুনাফিকরা তাহা বুঝে না।	
	يَقُوْلُوْنَ لَئِنْ رَّجَعْنَآ اِلَى الْمَدِيْنَةِ لَيُخْرِجَنَّ الْاَعَزُّ مِنْهَا الْاَذَلَّ ؕ وَلِلّٰهِ الْعِزَّةُ وَلِرَسُوْلِهٖ وَلِلْمُؤْمِنِيْنَ وَلٰكِنَّ الْمُنٰفِقِيْنَ لَا يَعْلَمُوْنَ ۝٨	**8**
প্রতিবর্ণায়ন	ইয়াকূলূনা লাইর্ রাজা‘না~ইলাল মাদীনাতি লাইউখ্‌রিজান্নাল আ‘আঝ্ঝু মিন্‌হাল আযাল্লা (ط) ওয়া লিল্লা-হিল ‘ইঝ্ঝাতু ওয়া লিরাছূলিহী ওয়া লিলমু’মিনীনা ওয়ালা-কিন্নাল মুনা-ফিকীনা লা- ইয়া‘লামূন।	
তরজমা	উহারা বলে, ‘আমরা মদীনায় প্রত্যাবর্তন করিলে সেখান হইতে অবশ্যই প্রবল দুর্বলকে বহিষ্কার করিবে।’ কিন্তু শক্তি তো আল্লাহ্‌রই, আর তাঁহার রাসূল ও মু’মিনদের। তবে মুনাফিকরা ইহা জানে না।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُلْهِكُمْ اَمْوَالُكُمْ وَلَاۤ اَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللّٰهِ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ۝٩	**9**
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লাযীনা আ-মানূ লা-তুল্‌হিকুম আমওয়া-লুকুম ওয়ালা~আওলা-দুকুম ‘আং যিকরিল্লা-হি (ج) ওয়া মাইঁ ইয়াফ‘আল যা-লিকা ফাউলা~ইকা হুমুল খা-ছিরূন।	
তরজমা	‘হে মু’মিনগণ ! তোমাদের ঐশ্বর্য ও সন্তান-সন্ততি যেন তোমাদেরকে আল্লাহ্‌র স্মরণে উদাসীন না করে, যাহারা উদাসীন হইবে তাহারাই তো ক্ষতিগ্রস্ত।	
	وَاَنْفِقُوْا مِنْ مَّا رَزَقْنٰكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ اَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُوْلَ رَبِّ لَوْلَاۤ اَخَّرْتَنِيْۤ اِلٰۤى اَجَلٍ قَرِيْبٍ ۙ فَاَصَّدَّقَ وَاَكُنْ مِّنَ الصّٰلِحِيْنَ ۝١٠	**10**
প্রতিবর্ণায়ন	ওয়া আংফিকূ মিম্মা-রাঝাক্‌না-কুম মিং কাবলি আইঁ ইয়া’তিয়া আহাদাকুমুল মাওতু ফাইয়াকূলা রাব্বি লাওলা~ আখ্‌খারতানী~ ইলা~ আজালিং কারীবিং (ﻻ) ফাআসসাদ্দাকা ওয়া আকুম্ মিনাসসা-লিহীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আমি তোমাদেরকে যে রিযিক দিয়াছি তোমরা তাহা হইতে ব্যয় করিবে তোমাদের কাহারও মৃত্যু আসিবার পূর্বে। অন্যথায় মৃত্যু আসিলে সে বলিবে, 'হে আমার প্রতিপালক! আমাকে আরও কিছুকালের জন্য অবকাশ দিলে আমি সাদাকা দিতাম এবং সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত হইতাম!'	
	وَلَنْ يُّؤَخِّرَ اللّٰهُ نَفْسًا اِذَا جَآءَ اَجَلُهَا ؕ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়া লাইঁ ইউআখ্খিরাল্লা-হু নাফছান ইযা- জা~আ আজালুহা- (ط) ওয়াল্লা-হু খাবীরুম বিমা- তা'মালূন।	
তরজমা	কিন্তু যখন কাহারও নির্ধারিত কাল উপস্থিত হইবে, তখন আল্লাহ্ তাহাকে কিছুতেই অবকাশ দিবেন না। তোমরা যাহা কর আল্লাহ্ সে সম্বন্ধে সবিশেষ অবহিত।	

64 - At-Taghabun-তাগাবুন -التغابن

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	يُسَبِّحُ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۚ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ ۫ وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইউছাব্বিহু লিল্লা-হি মা- ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা- ফিল আর্দি (ج) লাহুল মুল্কু ওয়া লাহুল হামদু (ز) ওয়া হুওয়া 'আলা-কুল্লি শাইয়িং কাদীর।	
ZiRgv	আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্তই আল্লাহ্র পবিত্রতা ও মহিমা ঘোষণা করে, আধিপত্য তাঁহারই এবং প্রশংসা তাঁহারই ; তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	هُوَ الَّذِىْ خَلَقَكُمْ فَمِنْكُمْ كَافِرٌ وَّمِنْكُمْ مُّؤْمِنٌ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী খালাকাকুম ফামিংকুম কা-ফিরুওঁ ওয়া মিংকুম্ মু'মিনুন (ط) ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা বাসীর।	
তরজমা	তিনিই তোমাদেরকে সৃষ্টি করিয়াছেন, অতঃপর তোমাদের মধ্যে কেহ হয় কাফির এবং তোমাদের মধ্যে কেহ হয় মু'মিন। তোমরা যাহা কর আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা।	
	خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ وَصَوَّرَكُمْ فَاَحْسَنَ صُوَرَكُمْ ۚ وَاِلَيْهِ الْمَصِيْرُ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	খালাকাছ্ছামা-ওয়া-তি ওয়াল আর্দা বিল্হাক্কি ওয়া সাওওয়ারাকুম ফাআহছানা সুওয়ারাকুম (ج) ওয়া ইলাইহিল মাসীর।	
তরজমা	তিনি সৃষ্টি করিয়াছেন আকাশমণ্ডলী ও পৃথিবী যথাযথভাবে এবং তোমাদেরকে আকৃতি দান করিয়াছেন-তোমাদের আকৃতি করিয়াছেন সুশোভন, এবং প্রত্যাবর্তন তো তাঁহারই নিকট।	
	يَعْلَمُ مَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَيَعْلَمُ مَا تُسِرُّوْنَ وَمَا تُعْلِنُوْنَ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿۴﴾	4

প্রতিবর্ণায়ন	ইয়া'লামু মা– ফিছ্ ছামা–ওয়া–তি ওয়াল আর্দি ওয়া ইয়া'লামু মা– তুছিররূনা ওয়ামা– তু'লিনূনা (ط) ওয়াল্লা–হু 'আলীমুম বিযা–তিসসুদূর।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্তই তিনি জানেন এবং তিনি জানেন তোমরা যাহা গোপন কর ও তোমরা যাহা প্রকাশ কর এবং তিনি অন্তর্যামী।	
	اَلَمۡ یَاۡتِکُمۡ نَبَؤُا الَّذِیۡنَ کَفَرُوۡا مِنۡ قَبۡلُ ۫ فَذَاقُوۡا وَبَالَ اَمۡرِهِمۡ وَلَهُمۡ عَذَابٌ اَلِیۡمٌ ۝	**5**
প্রতিবর্ণায়ন	আলাম ইয়া'তিকুম নাবাউল্লাযীনা কাফারূ মিং কাবলু (ز) ফাযা–কূ ওয়া বা–লা আম্‌রিহিম ওয়ালাহুম 'আযা–বুন আলীম।	
তরজমা	তোমাদের নিকট কি পৌঁছে নাই পূর্ববর্তী কাফিরদের বৃত্তান্ত ? উহারা উহাদের কর্মের মন্দ ফল আস্বাদন করিয়াছিল এবং উহাদের জন্য রহিয়াছে মর্মন্তুদ শাস্তি।	
	ذٰلِکَ بِاَنَّهٗ کَانَتۡ تَّاۡتِیۡهِمۡ رُسُلُهُمۡ بِالۡبَیِّنٰتِ فَقَالُوۡۤا اَبَشَرٌ یَّهۡدُوۡنَنَا ۫ فَکَفَرُوۡا وَتَوَلَّوۡا وَّاسۡتَغۡنَی اللّٰهُ ؕ وَاللّٰهُ غَنِیٌّ حَمِیۡدٌ ۝	**6**
প্রতিবর্ণায়ন	যা–লিকা বিআন্নাহূ কা–নাত্ তা'তীহিম রুছুলুহুম বিলবাইয়িনা–তি ফাকা–লূ আবাশারুঁই ইয়াহদূনানা– (ز) ফাকাফারূ ওয়াতাওল্লাও ওয়াছতাগনাল্লাহু (ط) ওয়াল্লাহু গানিইয়ুন হা মিদ।	
তরজমা	উহা এইজন্য যে, উহাদের নিকট উহাদের রাসূলগণ স্পষ্ট নিদর্শনসহ আসিত তখন উহারা বলিত, 'মানুষই কি আমাদেরকে পথের সন্ধান দিবে ?' অতঃপর উহারা কুফরী করিল ও মুখ ফিরাইয়া লইল। কিন্তু ইহাতে আল্লাহ্‌র কিছু আসে যায় না; আল্লাহ্ অভাবমুক্ত, প্রশংসার্হ।	
	زَعَمَ الَّذِیۡنَ کَفَرُوۡۤا اَنۡ لَّنۡ یُّبۡعَثُوۡا ؕ قُلۡ بَلٰی وَرَبِّیۡ لَتُبۡعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلۡتُمۡ ؕ وَذٰلِکَ عَلَی اللّٰهِ یَسِیۡرٌ ۝	**7**
প্রতিবর্ণায়ন	ঝা'আমাল্লাযীনা কাফারূ আল্লাইঁ ইউব'আছূ (ط) কুল বালা– ওয়া রাব্বী লাতুব'আছু ন্না ছু ম্মা লাতুনাব্বাউন্না বিমা–'আমিল্‌তুম (ط) ওয়া যা–লিকা 'আলাল্লা–হি ইয়াছীর।	
তরজমা	কাফিররা ধারণা করে যে, উহারা কখনও পুনরুত্থিত হইবে না। বল, 'নিশ্চয়ই হইবে, আমার প্রতিপালকের শপথ! তোমরা অবশ্যই পুনরুত্থিত হইবে। অতঃপর তোমরা যাহা করিতে তোমাদেরকে সে সম্বন্ধে অবশ্যই অবহিত করা হইবে। ইহা আল্লাহ্‌র পক্ষে সহজ।'	
	فَاٰمِنُوۡا بِاللّٰهِ وَرَسُوۡلِهٖ وَالنُّوۡرِ الَّذِیۡۤ اَنۡزَلۡنَا ؕ وَاللّٰهُ بِمَا تَعۡمَلُوۡنَ خَبِیۡرٌ ۝	**8**

প্রতিবর্ণায়ন	ফাআ-মিনূ বিল্লা-হি ওয়া রাছূলিহী ওয়ান্নূ রিল্লাযী~আংঝাল্‌না- (ط) ওয়াল্লা-হু বিমা-তা‘মালূনা খাবীর।	
তরজমা	অতএব তোমরা আল্লাহ্‌, তাঁহার রাসূল ও যে জ্যোতি আমি অবতীর্ণ করিয়াছি তাহাতে বিশ্বাস স্থাপন কর। তোমাদের কৃতকর্ম সম্পর্কে আল্লাহ্‌ সবিশেষ অবহিত।	
	يَوْمَ يَجْمَعُكُمْ لِيَوْمِ الْجَمْعِ ذٰلِكَ يَوْمُ التَّغَابُنِ ؕ وَمَنْ يُّؤْمِنْ بِاللّٰهِ وَيَعْمَلْ صَالِحًا يُّكَفِّرْ عَنْهُ سَيِّاٰتِهٖ وَيُدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَاۤ اَبَدًا ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াজমা‘উকুম লিইয়াওমিল জাম‘ই যা-লিকা ইয়াওমুত্তাগা-বুন (ط) ওয়া মাইঁ ইউ’মিম বিল্লা-হি ওয়া ইয়া‘মাল সা-লিহাইঁ ইউকাফ্‌ফির ‘আন্‌হু ছাইয়িআ-তিহী ওয়া ইউদ্‌খিল্‌হু জান্না-তিং তাজরী মিং তাহ্‌তিহাল আন্‌হা-রু খা-লিদীনা ফীহা- আবাদা- (ط) যা-লিকাল্‌ ফাওঝুল ‘আজীম।	
তরজমা	স্মরণ কর, যেদিন তিনি তোমাদেরকে সমবেত করিবেন সমাবেশ দিবসে সেদিন হইবে লাভ-লোকসানের দিন। যে ব্যক্তি আল্লাহে বিশ্বাস করে ও সৎকর্ম করে তিনি তাহার পাপ মোচন করিবেন এবং তাহাকে দাখিল করিবেন জান্নাতে; যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা হইবে চিরস্থায়ী। ইহাই মহাসাফল্য।	
	وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَاۤ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা কাফারূ ওয়া কায্‌যাবূ বিআ-য়া-তিনা~ উলা~ইকা আসহা-বুন্না-রি খা-লিদীনা ফীহা- (ط) ওয়া বি’ছাল মাসীর।	
তরজমা	কিন্তু যাহারা কুফরী করে এবং আমার নিদর্শনসমূহকে অস্বীকার করে তাহারাই জাহান্নামের অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে। কত মন্দ সেই প্রত্যাবর্তনস্থল!	
	مَاۤ اَصَابَ مِنْ مُّصِيْبَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ وَمَنْ يُّؤْمِنْ بِاللّٰهِ يَهْدِ قَلْبَهٗ ؕ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	মা~আসা-বা মিম্‌মুসীবাতিন ইল্লা- বিইয্‌নিল্লা-হি (ط) ওয়া মাইঁ ইউ’মিম বিল্লা-হি ইয়াহ্‌দি কাল্‌বাহূ (ط) ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন ‘আলীম।	
তরজমা	আল্লাহ্‌র অনুমতি ব্যতিরেকে কোন বিপদই আপতিত হয় না এবং যে আল্লাহ্‌কে বিশ্বাস করে তিনি তাহার অন্তরকে সুপথে পরিচালিত করেন। আল্লাহ্‌ সর্ববিষয়ে সম্যক অবহিত।	
	وَاَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ ۚ فَاِنْ تَوَلَّيْتُمْ فَاِنَّمَا عَلٰى رَسُوْلِنَا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া আতী‘উল্লা-হা ওয়া আতী‘উর রাছূলা (ج) ফাইং তাওয়াল্লাইতুম ফাইন্নামা- ‘আলা-রাছূলিনাল বালা-গুল মুবীন।	
তরজমা	তোমরা আল্লাহ্‌র আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর; যদি তোমরা মুখ ফিরাইয়া লও, তবে আমার রাসূলের দায়িত্ব কেবল স্পষ্টভাবে প্রচার করা।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿۱۳﴾	**13**
প্রতিবর্ণায়ন	আল্লা-হু লা~ ইলা-হা ইল্লা-হুওয়া (ط) ওয়া ‘আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু’মিনূন।	
তরজমা	আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই; সুতরাং মু’মিনগণ আল্লাহ্‌র উপর নির্ভর করুক।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنَّ مِنْ اَزْوَاجِكُمْ وَاَوْلَادِكُمْ عَدُوًّا لَّكُمْ فَاحْذَرُوْهُمْ ۚ وَاِنْ تَعْفُوْا وَتَصْفَحُوْا وَتَغْفِرُوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۱۴﴾	**14**
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ ইন্না মিন আঝওয়া-জিকুম ওয়া আওলা-দিকুম ‘আদুওওয়াল্ লাকুম ফাহ্ য়ারূহুম (ج) ওয়া ইং তা‘ফূ ওয়া তাসফাহূ ওয়া তাগফিরূ ফাইন্নাল্লা-হা গাফূরুর রাহ ীম।	
তরজমা	‘হে মু’মিনগণ! তোমাদের স্ত্রী ও সন্তান-সন্ততিদের মধ্যে কেহ কেহ তোমাদের শত্রু ; অতএব তাহাদের সম্পর্কে তোমরা সতর্ক থাকিও। তোমরা যদি উহাদেরকে মার্জনা কর, উহাদের দোষত্রুটি উপেক্ষা কর এবং উহাদেরকে ক্ষমা কর, তবে জানিয়া রাখ, আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	اِنَّمَاۤ اَمْوَالُكُمْ وَاَوْلَادُكُمْ فِتْنَةٌ ؕ وَاللّٰهُ عِنْدَهٗۤ اَجْرٌ عَظِيْمٌ ﴿۱۵﴾	**15**
প্রতিবর্ণায়ন	ইন্নামা~ আমওয়া-লুকুম ওয়া আওলা-দুকুম ফিতনাতুওঁ (ط) ওয়াল্লা-হু ‘ইংদাহূ~ আজরুন ‘আজ ীম।	
তরজমা	তোমাদের সম্পদ ও সন্তান-সন্ততি তো পরীক্ষাবিশেষ; আর আল্লাহ্, তাঁহারই নিকট রহিয়াছে মহাপুরস্কার।	
	فَاتَّقُوا اللّٰهَ مَا اسْتَطَعْتُمْ وَاسْمَعُوْا وَاَطِيْعُوْا وَاَنْفِقُوْا خَيْرًا لِّاَنْفُسِكُمْ ؕ وَمَنْ يُّوْقَ شُحَّ نَفْسِهٖ فَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿۱۶﴾	**16**
প্রতিবর্ণায়ন	ফাত্তাকু ল্লা-হা মাছ্‌তাত া‘তুম ওয়াছমা‘উ ওয়া আত ী‘উ ওয়া আংফিকূ খাইরাল লিআংফুছিকুম (ط) ওয়া মাইঁ ইউক া শুহ্ হ া নাফ্‌ছিহী ফাউলা~ইকা হুমুল মুফ্‌লিহূ ন।	
তরজমা	তোমরা আল্লাহ্‌কে যথাসাধ্য ভয় কর, এবং শোন, আনুগত্য কর ও ব্যয় কর তোমাদের নিজেদেরই কল্যাণের জন্য ; যাহারা অন্তরের কার্পণ্য হইতে মুক্ত ; তাহারাই সফলকাম।	
	اِنْ تُقْرِضُوا اللّٰهَ قَرْضًا حَسَنًا يُّضٰعِفْهُ لَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ؕ وَاللّٰهُ شَكُوْرٌ حَلِيْمٌ ﴿۱۷﴾	**17**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইং তুক্‌'রিদু'ল্লা-হা ক'র্‌দ'ান হ'াছানাইঁ ইউদ'া-'ইফহু লাকুম ওয়া ইয়াগ্‌ফির্‌লাকুম (ط) ওয়াল্লা-হু শাকূরুন হ'ালীম।	
তরজমা	যদি তোমরা আল্লাহ্‌কে উত্তম ঋণ দান কর তিনি তোমাদের জন্য উহা বহুগুণ বৃদ্ধি করিবেন এবং তিনি তোমাদেরকে ক্ষমা করিবেন। আল্লাহ্ গুণগ্রাহী, ধৈর্যশীল।	
	عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١٨﴾	**18**
প্রতিবর্ণায়ন	'আ-লিমুল গাইবি ওয়াশ্‌শাহা-দাতিল 'আঝীঝুল হ'াকীম।	
তরজমা	তিনি দৃশ্য ও অদৃশ্যের পরিজ্ঞাতা, পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	65 - At-Talaq-তালাক্ব -الطلاق	
	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ	
	يٰۤاَيُّهَا النَّبِىُّ اِذَا طَلَّقْتُمُ النِّسَآءَ فَطَلِّقُوْهُنَّ لِعِدَّتِهِنَّ وَاَحْصُوا الْعِدَّةَ ۚ وَاتَّقُوا اللّٰهَ رَبَّكُمْ ۚ لَا تُخْرِجُوْهُنَّ مِنْۢ بُيُوْتِهِنَّ وَلَا يَخْرُجْنَ اِلَّاۤ اَنْ يَّاْتِيْنَ بِفَاحِشَةٍ مُّبَيِّنَةٍ ؕ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ ؕ وَمَنْ يَّتَعَدَّ حُدُوْدَ اللّٰهِ فَقَدْ ظَلَمَ نَفْسَهٗ ؕ لَا تَدْرِىْ لَعَلَّ اللّٰهَ يُحْدِثُ بَعْدَ ذٰلِكَ اَمْرًا ﴿١﴾	**1**
প্রতিবর্ণায়ন	ইয়া˜আইয়ুহান্নাবিইয়ু ইয'া- ত'াল্লাক্‌'তুমুন্নিছা~আ ফাত'াল্লিকূ'হুন্না লি'ইদ্দাতিহিন্না ওয়া আহ'সুল্‌ 'ইদ্দাতা (ج) ওয়াত্তাকু'ল্লা-হা রাব্বাকুম (ج) লা-তুখরিজুহুন্না মিম বুয়ূতিহিন্না ওয়ালা-ইয়াখরুজনা ইল্লা˜ আইঁ ইয়া'তীনা বিফা-হিশাতিম মুবাইয়িনাতিওঁ (ط) ওয়া তিলকা হ'ূদূদুল্লা-হি (ط) ওয়া মাইঁ ইয়াতা'আদ্দা হু'দূদাল্লা-হি ফাক'াদ জ'ালামা নাফছাহূ (ط) লা-তাদরী লা'আল্লাল্লা-হা ইউহ'দিছু' বা'দা য'া-লিকা আমরা-।	
তরজমা	হে নবী! তোমরা যখন তোমাদের স্ত্রীগণকে তালাক দিতে ইচ্ছা কর, উহাদেরকে তালাক দিও 'ইদ্দতের প্রতি লক্ষ্য রাখিয়া এবং তোমরা 'ইদ্দতের হিসাব রাখিও এবং তোমাদের প্রতিপালক আল্লাহ্‌কে ভয় করিও। তোমরা উহাদেরকে উহাদের বাসগৃহ হইতে বহিষ্কার করিও না এবং উহারাও যেন বাহির না হয়, যদি না উহারা লিপ্ত হয় স্পষ্ট অশ্লীলতায়। এইগুলি আল্লাহ্‌র নির্ধারিত সীমা ; যে আল্লাহ্‌র সীমা লংঘন করে সে নিজেরই উপর অত্যাচার করে। তুমি জান না, হয়তো আল্লাহ্ ইহার পর কোন উপায় করিয়া দিবেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَاِذَا بَلَغۡنَ اَجَلَهُنَّ فَاَمۡسِكُوۡهُنَّ بِمَعۡرُوۡفٍ اَوۡ فَارِقُوۡهُنَّ بِمَعۡرُوۡفٍ وَّاَشۡهِدُوۡا ذَوَىۡ عَدۡلٍ مِّنۡكُمۡ وَاَقِيۡمُوا الشَّهَادَةَ لِلّٰهِ ؕ ذٰلِكُمۡ يُوۡعَظُ بِهٖ مَنۡ كَانَ يُؤۡمِنُ بِاللّٰهِ وَالۡيَوۡمِ الۡاٰخِرِ ؕ وَمَنۡ يَّتَّقِ اللّٰهَ يَجۡعَلۡ لَّهٗ مَخۡرَجًا ۙ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ফাইয া– বালাগ্না আজালাহুন্না ফাআমছিকূহুন্না বিমা‘রূফিন আও ফা–রিক্ হুন্না বিমা‘রূফিওঁ ওয়া আশ্হিদূ য াওয়াই ‘আদলিম্ মিংকুম ওয়া আক ীমুশ্শাহা–দাতা লিল্লা–হি (ط) য া–লিকুম ইউ‘আজু বিহী মাং কা–না ইউ’মিনু বিল্লা–হি ওয়াল ইয়াওমিল আ–খিরি (ط) ওয়া মাইঁ ইয়াত্তাকি ল্লা–হা ইয়াজ‘আল্লাহূ মাখ্রাজা– ।	
তরজমা	উহাদের ‘ইদ্দত পূরণের কাল আসন্ন হইলে তোমরা হয় যথাবিধি উহাদেরকে রাখিয়া দিবে, না হয় উহাদেরকে যথাবিধি পরিত্যাগ করিবে এবং তোমাদের মধ্য হইতে দুইজন ন্যায়পরায়ণ লোককে সাক্ষী রাখিবে ; আর তোমরা আল্লাহ্‌র জন্য সঠিক সাক্ষ্য দিবে। ইহা দ্বারা তোমাদের মধ্যে যে কেহ আল্লাহ্ ও আখিরাতে বিশ্বাস করে তাহাকে উপদেশ দেওয়া হইতেছে। যে কেহ আল্লাহ্‌কে ভয় করে আল্লাহ্ তাহার পথ করিয়া দিবেন,	
	وَّيَرۡزُقۡهُ مِنۡ حَيۡثُ لَا يَحۡتَسِبُ ؕ وَمَنۡ يَّتَوَكَّلۡ عَلَى اللّٰهِ فَهُوَ حَسۡبُهٗ ؕ اِنَّ اللّٰهَ بَالِغُ اَمۡرِهٖ ؕ قَدۡ جَعَلَ اللّٰهُ لِكُلِّ شَىۡءٍ قَدۡرًا ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ারঝুক হু মিন হ াইছু লা–ইয়াহ তাছিবু (ط) ওয়া মাইঁ ইয়াতাওয়াক্কাল ‘আলাল্লা–হি ফাহুওয়া হ াছবুহূ (ط) ইন্নাল্লা–হা বা–লিগু আমরিহী (ط) ক াদ জা‘আলাল্লা–হু লিকুল্লি শাইয়িং ক াদরা– ।	
তরজমা	এবং তাহাকে তাহার ধারণাতীত উৎস হইতে দান করিবেন রিযিক। যে ব্যক্তি আল্লাহ্‌র উপর নির্ভর করে তাহার জন্য আল্লাহ্‌ই যথেষ্ট। আল্লাহ্ তাঁহার ইচ্ছা পূরণ করিবেনই ; আল্লাহ্ সমস্ত কিছুর জন্য স্থির করিয়াছেন নির্দিষ্ট মাত্রা।	
	وَالّٰٓـىِٴۡ يَـئِسۡنَ مِنَ الۡمَحِيۡضِ مِنۡ نِّسَآٮِٕكُمۡ اِنِ ارۡتَبۡتُمۡ فَعِدَّتُهُنَّ ثَلٰثَةُ اَشۡهُرٍ ۙ وَّالّٰٓـىِٴۡ لَمۡ يَحِضۡنَ ؕ وَاُولَاتُ الۡاَحۡمَالِ اَجَلُهُنَّ اَنۡ يَّضَعۡنَ حَمۡلَهُنَّ ؕ وَمَنۡ يَّتَّقِ اللّٰهَ يَجۡعَلۡ لَّهٗ مِنۡ اَمۡرِهٖ يُسۡرًا ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা~ঈ ইয়াইছ্না মিনাল মাহ ীদি মিন্নিছা~ইকুম ইনির্তাব্তুম ফা‘ইদ্দাতুহুন্না ছ ালা–ছ াতু আশহুরিওঁ (ڵا) ওয়াল্লা~য়ী লাম ইয়াহি দ্না (ط) ওয়া উলা–তুল আহ মা–লি আজালুহুন্না আইঁ ইয়াদ া‘না হ ামলাহুন্না (ط) ওয়া মাইঁ ইয়াত্তাকি ল্লা–হা ইয়াজ‘আল্ লাহূ মিন আমরিহী ইউছ্রা– ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তোমাদের যে সকল স্ত্রীর আর ঋতুমতী হইবার আশা নাই তাহাদের 'ইদ্দত সম্পর্কে তোমরা সন্দেহ করিলে তাহাদের 'ইদ্দতকাল হইবে তিন মাস এবং যাহারা এখনও রজঃস্বলা হয় নাই তাহাদেরও ; আর গর্ভবতী নারীদের 'ইদ্দতকাল সন্তান প্রসব পর্যন্ত। আল্লাহ্‌কে যে ভয় করে আল্লাহ্ তাহার সমস্যা সমাধান সহজ করিয়া দিবেন।	
	ذٰلِكَ اَمْرُ اللّٰهِ اَنْزَلَهٗۤ اِلَيْكُمْ ؕ وَمَنْ يَّتَّقِ اللّٰهَ يُكَفِّرْ عَنْهُ سَيِّاٰتِهٖ وَيُعْظِمْ لَهٗۤ اَجْرًا ۝٥	5
প্রতিবর্ণায়ন	যা-লিকা আমরুল্লা-হি আংঝালাহূ˜ ইলাইকুম (ط) ওয়া মাইঁ ইয়াত্তাকি ল্লা-হা ইউকাফ্‌ফির 'আনহু ছাইয়িআ-তিহী ওয়া ইউ'জি ম লাহূ˜ আজরা- ।	
তরজমা	ইহা আল্লাহ্‌র বিধান যাহা তিনি তোমাদের প্রতি অবতীর্ণ করিয়াছেন। আল্লাহ্‌কে যে ভয় করে তিনি তাহার পাপ মোচন করিবেন এবং তাহাকে দিবেন মহাপুরস্কার।	
	اَسْكِنُوْهُنَّ مِنْ حَيْثُ سَكَنْتُمْ مِّنْ وُّجْدِكُمْ وَلَا تُضَآرُّوْهُنَّ لِتُضَيِّقُوْا عَلَيْهِنَّ ؕ وَاِنْ كُنَّ اُولَاتِ حَمْلٍ فَاَنْفِقُوْا عَلَيْهِنَّ حَتّٰى يَضَعْنَ حَمْلَهُنَّ ۚ فَاِنْ اَرْضَعْنَ لَكُمْ فَاٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ ۚ وَاْتَمِرُوْا بَيْنَكُمْ بِمَعْرُوْفٍ ۚ وَاِنْ تَعَاسَرْتُمْ فَسَتُرْضِعُ لَهٗۤ اُخْرٰى ۝٦	6
প্রতিবর্ণায়ন	আছকিনূহুন্না মিন হ াইছু ছাকাংতুম মিওঁ উজদিকুম ওয়ালা- তুদ া~ররূহুন্না লিতুদ াইয়িকূ 'আলাইহিন্না (ط) ওয়া ইং কুন্না উলা-তি হ াম্‌লিং ফাআংফিকূ 'আলাইহিন্না হ াত্তা- ইয়াদ া'না হ াম্‌লাহুন্না (ج) ফাইন্ আর্‌দ া'না লাকুম ফাআ-তূহুন্না উজূরাহুন্না (ج) ওয়া'তামিরূ বাইনাকুম বিমা'রূফিও (ج) ওয়া ইং তা'আ-ছারতুম ফাছাতুর্‌দি''উ লাহূ˜ উখরা- ।	
তরজমা	তোমরা তোমাদের সামর্থ্য অনুযায়ী যেইরূপ গৃহে বাস কর তাহাদেরকেও সেইরূপ গৃহে বাস করিতে দিবে ; তাহাদেরকে উত্ত্যক্ত করিবে না সঙ্কটে ফেলিবার জন্য ; তাহারা গর্ভবতী হইয়া থাকিলে সন্তান প্রসব পর্যন্ত তাহাদের জন্য ব্যয় করিবে। যদি তাহারা তোমাদের সন্তানদেরকে স্তন্য দান করে তবে তাহাদেরকে পারিশ্রমিক দিবে এবং সন্তানের কল্যাণ সম্পর্কে তোমরা সঙ্গতভাবে নিজেদের মধ্যে পরামর্শ করিবে। তোমরা যদি নিজ নিজ দাবিতে অনমনীয় হও তাহা হইলে অন্য নারী তাহার পক্ষে স্তন্য দান করিবে।	
	لِيُنْفِقْ ذُوْ سَعَةٍ مِّنْ سَعَتِهٖ ؕ وَمَنْ قُدِرَ عَلَيْهِ رِزْقُهٗ فَلْيُنْفِقْ مِمَّاۤ اٰتٰىهُ اللّٰهُ ؕ لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا مَاۤ اٰتٰىهَا ؕ سَيَجْعَلُ اللّٰهُ بَعْدَ عُسْرٍ يُّسْرًا ۝٧	7
প্রতিবর্ণায়ন	লিইয়ুংফিক যূ ছা'আতিম্ মিং ছা'আতিহী (ط) ওয়া মাং কু দিরা 'আলাইহি রিঝকু হূ ফালইউংফিক মিম্মা˜আ-তা-হুল্লা-হু (ط) লা- ইউকাল্লিফুল্লা-হু নাফ্‌ছান ইল্লা- মা˜ আ-তা-হা- (ط) ছাইয়াজ'আলুল্লা-হু বা'দা 'উছ্‌রিইঁ ইউছ্‌রা- ।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	বিত্তবান নিজ সামর্থ্য অনুযায়ী ব্যয় করিবে এবং যাহার জীবনোপকরণ সীমিত সে আল্লাহ যাহা দান করিয়াছেন তাহা হইতে ব্যয় করিবে। আল্লাহ্ যাহাকে যে সামর্থ্য দিয়াছেন তদপেক্ষা গুরুতর বোঝা তিনি তাহার উপর চাপান না। আল্লাহ্ কষ্টের পর দিবেন স্বস্তি।	
	وَكَأَيِّنْ مِّنْ قَرْيَةٍ عَتَتْ عَنْ أَمْرِ رَبِّهَا وَرُسُلِهٖ فَحَاسَبْنٰهَا حِسَابًا شَدِيْدًا ۙ وَّعَذَّبْنٰهَا عَذَابًا نُّكْرًا ۝٨	**8**
প্রতিবর্ণায়ন	ওয়া কাআইয়িম মিং ক৾ারয়াতিন ‘আতাত ‘আন আমরি রাব্বিহা– ওয়া রুছুলিহী ফাহ৾া–ছাব্‌না–হা– হি৾ছা–বাং শাদীদাওঁ (۷) ওয়া ‘আয্‌য৾াবনা–হা– ‘আয৾া–বাং নুক্‌রা– ।	
তরজমা	কত জনপদ উহাদের প্রতিপালক ও তাঁহার রাসূলগণের নির্দেশের বিরুদ্ধাচরণ করিয়াছিল! ফলে আমি উহাদের নিকট হইতে কঠোর হিসাব লইয়াছিলাম এবং উহাদেরকে দিয়াছিলাম কঠিন শাস্তি।	
	فَذَاقَتْ وَبَالَ أَمْرِهَا وَكَانَ عَاقِبَةُ أَمْرِهَا خُسْرًا ۝٩	**9**
প্রতিবর্ণায়ন	ফায৾া–ক৾াত্ ওয়া বা–লা আমরিহা– ওয়া কা–না ‘আ–কি৾বাতু আম্‌রিহা– খুছ্‌রা– ।	
তরজমা	অতঃপর উহারা উহাদের কৃতকর্মের শাস্তি আস্বাদন করিল; ক্ষতিই হইল উহাদের কর্মের পরিণাম।	
	أَعَدَّ اللّٰهُ لَهُمْ عَذَابًا شَدِيْدًا ۙ فَاتَّقُوا اللّٰهَ يٰٓأُولِي الْأَلْبَابِ ۚ الَّذِيْنَ اٰمَنُوْا ۛ قَدْ أَنْزَلَ اللّٰهُ إِلَيْكُمْ ذِكْرًا ۝١٠	**10**
প্রতিবর্ণায়ন	আ‘আদ্দাল্লা–হু লাহুম ‘আয৾া–বাং শাদীদাং (۷) ফাত্তাকু৾ল্লা–হা ইয়া˜ উলিল আলবা–বিল্লায৾ীনা আ–মানূ (ط) ক৾াদ আংঝালাল্লা–হু ইলাইকুম যি৾করা– ।	
তরজমা	আল্লাহ্ উহাদের জন্য কঠোর শাস্তি প্রস্তুত রাখিয়াছেন। অতএব তোমরা আল্লাহ্‌কে ভয় কর, হে বোধসম্পন্ন ব্যক্তিগণ ! যাহারা ঈমান আনিয়াছ। নিশ্চয় আল্লাহ্ তোমাদের প্রতি অবতীর্ণ করিয়াছেন উপদেশ–	
	رَّسُوْلًا يَّتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِ اللّٰهِ مُبَيِّنٰتٍ لِّيُخْرِجَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ مِنَ الظُّلُمٰتِ إِلَى النُّوْرِ ۗ وَمَنْ يُّؤْمِنْۢ بِاللّٰهِ وَيَعْمَلْ صَالِحًا يُّدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْأَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ أَبَدًا ۗ قَدْ أَحْسَنَ اللّٰهُ لَهٗ رِزْقًا ۝١١	**11**

প্রতিবর্ণায়ন	রাছূলাইঁ ইয়াতলূ ‘আলাইকুম আ-য়া-তিল্লা-হি মুবাইয়িনা-তিল্ লিইউখ্‌রিজাল্লাযী না আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহা-তি মিনাজ্জু লুমা-তি ইলান্নূরি (ط) ওয়া মাইঁ ইউ’মিম বিল্লা-হি ওয়া ইয়া‘মাল সা-লিহাইঁ ইউদ্‌খিল্‌হু জান্না-তিং তাজরী মিং তাহ্‌তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা~ আবাদা- (ط) কা-দ আহ্‌ছানাল্লা-হু লাহূ রিঝ্‌কা-।	
তরজমা	এক রাসূল, যে তোমাদের নিকট আল্লাহ্‌র সুস্পষ্ট আয়াতসমূহ আবৃত্তি করে, যাহারা মু’মিন ও সৎকর্মপরায়ণ তাহাদেরকে অন্ধকার হইতে আলোতে আনিবার জন্য। যে কেহ আল্লাহে বিশ্বাস করে ও সৎকর্ম করে তিনি তাহাকে দাখিল করিবেন জান্নাতে, যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা চিরস্থায়ী হইবে; আল্লাহ্ তাহাকে উত্তম রিযিক দিবেন।	
	اَللّٰهُ الَّذِیْ خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ وَّمِنَ الْاَرْضِ مِثْلَهُنَّ ؕ یَتَنَزَّلُ الْاَمْرُ بَیْنَهُنَّ لِتَعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ عَلٰی كُلِّ شَیْءٍ قَدِیْرٌ ۙ۬ وَّاَنَّ اللّٰهَ قَدْ اَحَاطَ بِكُلِّ شَیْءٍ عِلْمًا ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	আল্লা-হুল্লাযী খালাকা ছাব্‘আ ছামা-ওয়া-তিওঁ ওয়া মিনাল আর্‌দি মিছ্‌লাহুন্না (ط) ইয়াতানাঝঝালুল আম্‌রু বাইনাহুন্না লিতা‘লামূ~ আন্নাল্লা-হা ‘আলা- কুল্লি শাইয়িং কাদীরুওঁ (ۙ) ওয়া আন্নাল্লা-হা কা-দ আহা-তা বিকুল্লি শাইয়িন ‘ইল্‌মা-।	
তরজমা	আল্লাহ্‌ই সৃষ্টি করিয়াছেন সপ্ত আকাশ এবং উহাদের অনুরূপ পৃথিবীও, উহাদের মধ্যে নামিয়া আসে তাঁহার নির্দেশ ; যাহাতে তোমরা বুঝিতে পার যে, আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান এবং জ্ঞানে আল্লাহ্ সবকিছুকে পরিবেষ্টন করিয়া আছেন।	
	66 - At-Tahrim-তাহ্‌রীম -التحريم	
	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ	
	یٰۤاَیُّهَا النَّبِیُّ لِمَ تُحَرِّمُ مَاۤ اَحَلَّ اللّٰهُ لَكَ ۚ تَبْتَغِیْ مَرْضَاتَ اَزْوَاجِكَ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِیْمٌ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহান্নাবিইয়ু লিমা তুহার্‌রিমু মা~আহাল্লাল্লা-হু লাকা (ج) তাব্‌তাগী মার্‌দা-তা আঝওয়া-জিকা (ط) ওয়াল্লা-হু গাফূরুর রাহীম।	
তরজমা	হে নবী ! আল্লাহ্ তোমার জন্য যাহা বৈধ করিয়াছেন তুমি তাহা নিষিদ্ধ করিতেছ কেন ? তুমি তোমার স্ত্রীদের সন্তুষ্টি চাহিতেছ; আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	قَدْ فَرَضَ اللّٰهُ لَكُمْ تَحِلَّةَ اَیْمَانِكُمْ ۚ وَاللّٰهُ مَوْلٰىكُمْ ۚ وَهُوَ الْعَلِیْمُ الْحَكِیْمُ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	কা-দ ফারাদাল্লা-হু লাকুম তাহিল্লাতা আইমা-নিকুম (ج) ওয়াল্লা-হু মাওলা-কুম (ج) ওয়া হুওয়াল ‘আলীমুল হাকীম।	
তরজমা	আল্লাহ্ তোমাদের কসম হইতে মুক্তি লাভের ব্যবস্থা করিয়াছেন, আল্লাহ্ তোমাদের কর্মবিধায়ক, তিনি সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَاِذۡ اَسَرَّ النَّبِیُّ اِلٰی بَعۡضِ اَزۡوَاجِهٖ حَدِیۡثًا ۚ فَلَمَّا نَبَّاَتۡ بِهٖ وَ اَظۡهَرَهُ اللّٰهُ عَلَیۡهِ عَرَّفَ بَعۡضَهٗ وَ اَعۡرَضَ عَنۡۢ بَعۡضٍ ۚ فَلَمَّا نَبَّاَهَا بِهٖ قَالَتۡ مَنۡ اَنۡۢبَاَكَ هٰذَا ؕ قَالَ نَبَّاَنِیَ الۡعَلِیۡمُ الۡخَبِیۡرُ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ আছারর়ান্নাবিইয়ু ইলা– বা‘দি আঝওয়া–জিহী হাদীছান্ (ج) ফালাম্মা– নাব্বাআত বিহী ওয়া আজ্হারাহুল্লা–হু আলাইহি ‘আর্‌রাফা বা‘দাহূ ওয়াআ‘রাদা ‘আম বা‘দিং (ج) ফালাম্মা– নাব্বাআহা– বিহী কা–লাত্ মান আম্বাআকা হা–যা– (ط) কা–লা নাব্বাআনিয়াল ‘আলীমুল খাবীর।	
তরজমা	স্মরণ কর-নবী তাহার স্ত্রীদের একজনকে গোপনে একটি কথা বলিয়াছিল। অতঃপর যখন সে উহা অন্যকে বলিয়া দিয়াছিল এবং আল্লাহ্ নবীকে উহা জানাইয়া দিয়াছিলেন, তখন নবী এই বিষয়ে কিছু ব্যক্ত করিল এবং কিছু অব্যক্ত রাখিল। যখন নবী উহা তাহার সেই স্ত্রীকে জানাইল তখন সে বলিল, ‘কে আপনাকে ইহা অবহিত করিল ?’ নবী বলিল, ‘আমাকে অবহিত করিয়াছেন তিনি, যিনি সর্বজ্ঞ, সম্যক অবগত।’	
	اِنۡ تَتُوۡبَاۤ اِلَی اللّٰهِ فَقَدۡ صَغَتۡ قُلُوۡبُكُمَا ۚ وَ اِنۡ تَظٰهَرَا عَلَیۡهِ فَاِنَّ اللّٰهَ هُوَ مَوۡلٰىهُ وَ جِبۡرِیۡلُ وَ صَالِحُ الۡمُؤۡمِنِیۡنَ ۚ وَ الۡمَلٰٓئِکَۃُ بَعۡدَ ذٰلِكَ ظَهِیۡرٌ ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ইং তাতূবা~ ইলাল্লা–হি ফাকাদ সাগাত্ কুলূবুকুমা– (ج) ওয়া ইং তাজা–হারা– ‘আলাইহি ফাইন্নাল্লা–হা হুওয়া মাওলা–হু ওয়া জিবরীলু ওয়া সা–লিহুল্ মু’মিনীনা (ج) ওয়াল মালা~ইকাতু বা‘দা যা–লিকা জাহীর।	
তরজমা	যদি তোমরা উভয়ে অনুতপ্ত হইয়া আল্লাহ্‌র দিকে প্রত্যাবর্তন কর তবে ভাল, কারণ তোমাদের হৃদয় তো ঝুঁকিয়া পড়িয়াছে। কিন্তু তোমরা যদি নবীর বিরুদ্ধে একে অপরের পোষকতা কর তবে জানিয়া রাখ, আল্লাহ্ই তাহার বন্ধু এবং জিব্‌রাঈল ও সৎকর্মপরায়ণ মু’মিনগণও, তাহা ছাড়া অন্যান্য ফিরিশ্‌তাও তাহার সাহায্যকারী।	
	عَسٰی رَبُّهٗۤ اِنۡ طَلَّقَكُنَّ اَنۡ یُّبۡدِلَهٗۤ اَزۡوَاجًا خَیۡرًا مِّنۡكُنَّ مُسۡلِمٰتٍ مُّؤۡمِنٰتٍ قٰنِتٰتٍ تٰٓئِبٰتٍ عٰبِدٰتٍ سٰٓئِحٰتٍ ثَیِّبٰتٍ وَّ اَبۡكَارًا ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	‘আছা– রাব্বুহূ~ইং তাল্লাকাকুন্না আইঁ ইউবদিলাহূ~আঝওয়া–জান খাইরাম মিংকুন্না মুছলিমা–তিম্ মু’মিনা–তিং কা–নিতা–তিং তা~ইবা–তিন ‘আ–বিদা–তিং ছা~ইহা–তিং ছাইয়িবা-তিওঁ ওয়া আব্‌কা–রা– ।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	যদি নবী তোমাদের সকলকে পরিত্যাগ করে তবে তাহার প্রতিপালক সম্ভবত তোমাদের স্থলে তাহাকে দিবেন তোমাদের অপেক্ষা উৎকৃষ্টতর স্ত্রী- যাহারা হইবে আত্মসমর্পণকারী, বিশ্বাসী, অনুগত, তওবাকারী, ‘ইবাদতকারী, সিয়াম পালনকারী, অকুমারী এবং কুমারী।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ قُوٓا۟ أَنفُسَكُمْ وَأَهْلِيكُمْ نَارًا وَقُودُهَا ٱلنَّاسُ وَٱلْحِجَارَةُ عَلَيْهَا مَلَٰٓئِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَّا يَعْصُونَ ٱللَّهَ مَآ أَمَرَهُمْ وَيَفْعَلُونَ مَا يُؤْمَرُونَ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায˙ীনা আ-মানূ কূ˙˜আংফুছাকুম ওয়া আহলীকুম না-রাওঁ ওয়াকূ˙দুহান্না-ছু ওয়াল হি˙জা-রাতু ‘আলাইহা- মালা~ইকাতুন গিলা-জু˙ং শিদা-দুল্ লা-ইয়া‘সূনাল্লা-হা মা˜ আমারাহুম ওয়া ইয়াফ্‘আলূনা মা-ইউ’মারূন।	
তরজমা	হে মু’মিনগণ ! তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার-পরিজনকে রক্ষা কর দোযখ হইতে, যাহার ইন্ধন হইবে মানুষ ও প্রস্তর, যাহাতে নিয়োজিত আছে নির্মমহৃদয়, কঠোরস্বভাব ফিরিশ্‌তাগণ, যাহারা অমান্য করে না তাহা, যাহা আল্লাহ্ তাহাদেরকে আদেশ করেন। আর তাহারা যাহা করিতে আদিষ্ট হয় তাহাই করে।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ كَفَرُوا۟ لَا تَعْتَذِرُوا۟ ٱلْيَوْمَ ۖ إِنَّمَا تُجْزَوْنَ مَا كُنتُمْ تَعْمَلُونَ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায˙ীনা কাফারূ লা-তা‘তাযি˙রুল ইয়াওমা (ط) ইন্নামা- তুজঝাওনা মা- কুংতুম তা‘মালূন।	
তরজমা	হে কাফিরগণ ! আজ তোমরা দোষ স্খালনের চেষ্টা করিও না। তোমরা যাহা করিতে তোমাদেরকে তাহারই প্রতিফল দেওয়া হইবে।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ تُوبُوٓا۟ إِلَى ٱللَّهِ تَوْبَةً نَّصُوحًا عَسَىٰ رَبُّكُمْ أَن يُكَفِّرَ عَنكُمْ سَيِّـَٔاتِكُمْ وَيُدْخِلَكُمْ جَنَّٰتٍ تَجْرِى مِن تَحْتِهَا ٱلْأَنْهَٰرُ يَوْمَ لَا يُخْزِى ٱللَّهُ ٱلنَّبِىَّ وَٱلَّذِينَ ءَامَنُوا۟ مَعَهُۥ ۖ نُورُهُمْ يَسْعَىٰ بَيْنَ أَيْدِيهِمْ وَبِأَيْمَٰنِهِمْ يَقُولُونَ رَبَّنَآ أَتْمِمْ لَنَا نُورَنَا وَٱغْفِرْ لَنَآ ۖ إِنَّكَ عَلَىٰ كُلِّ شَىْءٍ قَدِيرٌ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহাল্লায˙ীনা আ-মানূ তূবূ˜ ইলাল্লা-হি তাওবাতাং নাসূহ˙া (ط) ‘আছা-রাব্বুকুম আইঁ ইউকাফ্‌ফিরা ‘আংকুম ছাইয়িআ-তিকুম ওয়া ইউদ্‌খিলাকুম জান্না-তিং তাজরী মিং তাহ˙তিহাল আনহা-রু (لا) ইয়াওমা লা- ইউখঝিল্লা-হুন্ নাবিইইয়া ওয়াল্লায˙ীনা আ-মানূ মা‘আহূ (ج) নূরুহুম ইয়াছ‘আ-বাইনা আইদীহিম ওয়া বিআইমা-নিহিম ইয়াকূ˙লূনা রাব্বানা˜ আতমিম লানা- নূরানা-ওয়াগ্‌ফির্‌লানা- (ج) ইন্নাকা ‘আলা- কুল্লি শাইয়িং ক˙াদীর।	

তরজমা	হে মু'মিনগণ ! তোমরা আল্লাহ্‌র নিকট তওবা কর-বিশুদ্ধ তওবা ; তাহা হইলে তোমাদের প্রতিপালক তোমাদের মন্দ কর্মগুলি মোচন করিয়া দিবেন এবং তোমাদেরকে দাখিল করিবেন জান্নাতে, যাহার পাদদেশে নদী প্রবাহিত। সেই দিন আল্লাহ্ লজ্জা দিবেন না নবীকে এবং তাহার মু'মিন সঙ্গীদেরকে, তাহাদের জ্যোতি তাহাদের সম্মুখে ও দক্ষিণ পার্শ্বে ধাবিত হইবে। তাহারা বলিবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের জ্যোতিকে পূর্ণতা দান কর এবং আমাদেরকে ক্ষমা কর, নিশ্চয়ই তুমি সর্ববিষয়ে সর্বশক্তিমান।'	
	يَاَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنٰفِقِيْنَ وَاغْلُظْ عَلَيْهِمْ ؕ وَمَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ইয়া˜ আইয়ুহান্নাবিইয়ু জা-হিদিল কুফ্‌ফা-রা ওয়াল মুনা-ফিক˙ীনা ওয়াগলুজ˙ 'আলাইহিম (ط) ওয়া মা'ওয়া-হুম জাহান্নামু (ط) ওয়া বি'ছাল মাসীর।	
তরজমা	হে নবী! কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ কর এবং উহাদের প্রতি কঠোর হও। উহাদের আশ্রয়স্থল জাহান্নাম, উহা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল।	
	ضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ كَفَرُوا امْرَاَتَ نُوْحٍ وَّامْرَاَتَ لُوْطٍ ؕ كَانَتَا تَحْتَ عَبْدَيْنِ مِنْ عِبَادِنَا صَالِحَيْنِ فَخَانَتٰهُمَا فَلَمْ يُغْنِيَا عَنْهُمَا مِنَ اللّٰهِ شَيْئًا وَّقِيْلَ ادْخُلَا النَّارَ مَعَ الدّٰخِلِيْنَ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	দ˙রাবাল্লা-হু মাছ˙ালাল্লিল্লায˙ীনা কাফারুম্‌রাআতা নূহি˙ওঁ ওয়ামরাআতা লূতি˙ন (ط) কা-নাতা- তাহ˙তা 'আবদাইনি মিন 'ইবা-দিনা-ছা-লিহ˙াইনি ফাখা-নাতা-হুমা- ফালাম ইউগ্‌নিয়া- 'আনহুমা- মিনাল্লা-হি শাইআওঁ ওয়া ক˙ীলাদ খুলান্না-রা মা'আদ্দা-খিলীন।	
তরজমা	আল্লাহ্ কাফিরদের জন্য নূহের স্ত্রী ও লূতের স্ত্রীর দৃষ্টান্ত দিতেছেন, উহারা ছিল আমার বান্দাদের মধ্যে দুই সৎকর্মপরায়ণ বান্দার অধীন। কিন্তু উহারা তাহাদের প্রতি বিশ্বাসঘাতকতা করিয়াছিল। ফলে নূহ্ ও লূত উহাদেরকে আল্লাহ্‌র শাস্তি হইতে রক্ষা করিতে পারিল না এবং উহাদেরকে বলা হইল, 'তোমরা উভয়ে প্রবেশকারীদের সঙ্গে জাহান্নামে প্রবেশ কর।'	
	وَضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ اٰمَنُوا امْرَاَتَ فِرْعَوْنَ ۘ اِذْ قَالَتْ رَبِّ ابْنِ لِيْ عِنْدَكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِيْ مِنْ فِرْعَوْنَ وَعَمَلِهٖ وَنَجِّنِيْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ওয়া দ˙রাবাল্লা-হু মাছালাল্লিল্লায˙ীনা আ-মানুম্‌রাআতা ফির'আওনা (م)। ইয˙ ক˙া-লাত্ রাব্বিবনি লী 'ইংদাকা বাইতাং ফিল জান্নাতি ওয়া নাজ্জিনী মিং ফির্'আওনা ওয়া 'আমালিহী ওয়া নাজ্জিনী মিনাল ক˙াওমিজ˙˙া-লিমীন।	

তরজমা	আল্লাহ্ মু'মিনদের জন্য দিতেছেন ফির'আওন পত্নীর দৃষ্টান্ত, যে প্রার্থনা করিয়াছিল : 'হে আমার প্রতিপালক! তোমার সন্নিধানে জান্নাতে আমার জন্য একটি গৃহ নির্মাণ করিও এবং আমাকে উদ্ধার কর ফির'আওন ও তাহার দুষ্কৃতি হইতে এবং আমাকে উদ্ধার কর জালিম সম্প্রদায় হইতে।'	
	وَمَرۡيَمَ ابۡنَتَ عِمۡرٰنَ الَّتِىۡۤ اَحۡصَنَتۡ فَرۡجَهَا فَنَفَخۡنَا فِيۡهِ مِنۡ رُّوۡحِنَا وَصَدَّقَتۡ بِكَلِمٰتِ رَبِّهَا وَكُتُبِهٖ وَكَانَتۡ مِنَ الۡقٰنِتِيۡنَ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া মারইয়ামাব্নাতা 'ইম্রা–নাল্লাতী˜ আহ্সানাত্ ফারজাহা– ফানাফাখ্না– ফীহি মির্রূহি্না– ওয়া সাদ্দাক্বাত বিকালিমা–তি রাব্বিহা– ওয়া কুতুবিহী ওয়া কা–নাত মিনাল ক্বা–নিতীন।	
তরজমা	আরও দৃষ্টান্ত দিতেছেন ইমরান-তনয়া মার্‌ইয়ামের-যে তাহার সতীত্ব রক্ষা করিয়াছিল, ফলে আমি তাহার মধ্যে রূহ্ ফুঁকিয়া দিয়াছিলাম এবং সে তাহার প্রতিপালকের বাণী ও তাঁহার কিতাবসমূহ সত্য বলিয়া গ্রহণ করিয়াছিল, সে ছিল অনুগতদের অন্যতম।	

67 - Al-Mulk-মুল্ক -الملك

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	تَبٰرَكَ الَّذِىۡ بِيَدِهِ الۡمُلۡكُ وَهُوَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرُۙ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	তাবা–রাকাল্লাযী বিয়াদিহিল মুল্কু (ز) ওয়া হুওয়া 'আলা– কুল্লি শাইয়িং ক্বাদীর।	
তরজমা	মহামহিমান্বিত তিনি, সর্বময় কর্তৃত্ব যাঁহার করায়ত্ত ; তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	الَّذِىۡ خَلَقَ الۡمَوۡتَ وَالۡحَيٰوةَ لِيَبۡلُوَكُمۡ اَيُّكُمۡ اَحۡسَنُ عَمَلًا ؕ وَهُوَ الۡعَزِيۡزُ الۡغَفُوۡرُۙ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	আল্লাযী খালাক্বাল্ মাওতা ওয়াল হ্বায়া–তা লিইয়াব্লুওয়াকুম আইয়ুকুম আহ্ছানু 'আমালাওঁ (ط)ওয়া হুওয়াল 'আযীঝুল গাফূর।	
তরজমা	যিনি সৃষ্টি করিয়াছেন মৃত্যু ও জীবন, তোমাদেরকে পরীক্ষা করিবার জন্য-কে তোমাদের মধ্যে কর্মে উত্তম? তিনি পরাক্রমশালী, ক্ষমাশীল,	
	الَّذِىۡ خَلَقَ سَبۡعَ سَمٰوٰتٍ طِبَاقًا ؕ مَا تَرٰى فِىۡ خَلۡقِ الرَّحۡمٰنِ مِنۡ تَفٰوُتٍ ؕ فَارۡجِعِ الۡبَصَرَ ۙ هَلۡ تَرٰى مِنۡ فُطُوۡرٍ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	আল্লাযী খালাক্বা ছাব্'আ ছামা–ওয়া–তিং তি্বা–ক্বান (ط) মা– তারা– ফী খাল্কি্র রাহ্মা–নি মিং তাফা–উত (ط) ফার্জি'ইল বাসারা হাল তারা– মিং ফুতূ্র।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
তরজমা	যিনি সৃষ্টি করিয়াছেন স্তরে স্তরে সপ্তাকাশ। দয়াময় আল্লাহ্‌র সৃষ্টিতে তুমি কোন খুঁত দেখিতে পাইবে না; তুমি আবার তাকাইয়া দেখ, কোন ত্রুটি দেখিতে পাও কি ?	
	ثُمَّ ارْجِعِ الْبَصَرَ كَرَّتَيْنِ يَنْقَلِبْ اِلَيْكَ الْبَصَرُ خَاسِئًا وَّهُوَ حَسِيْرٌ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ছু ম্মার জি‘ইল্‌বাসারা কার্‌রাতাইনি ইয়াংক ালিব ইলাইকাল বাসারু খা– ছিআওঁ ওয়া হুওয়া হ াছীর।	
তরজমা	অতঃপর তুমি বারবার দৃষ্টি ফিরাও, সেই দৃষ্টি ব্যর্থ ও ক্লান্ত হইয়া তোমার দিকে ফিরিয়া আসিবে।	
	وَلَقَدْ زَيَّنَّا السَّمَآءَ الدُّنْيَا بِمَصَابِيْحَ وَجَعَلْنٰهَا رُجُوْمًا لِّلشَّيٰطِيْنِ وَاَعْتَدْنَا لَهُمْ عَذَابَ السَّعِيْرِ ۝٥	5
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ ঝাইয়ান্নাছ্‌ ছামা~আদ্দুন্‌ইয়া– বিমাসা–বীহ া ওয়াজা‘আল্‌না– হা– রুজূমাল্‌ লিশ্‌শায়া–ত ীনি ওয়া আ‘তাদ্‌না– লাহুম ‘আয া– বাছ্‌ছা‘ঈর।	
তরজমা	আমি নিকটবর্তী আকাশকে সুশোভিত করিয়াছি প্রদীপমালা দ্বারা এবং উহাদেরকে করিয়াছি শয়তানের প্রতি নিক্ষেপের উপকরণ এবং উহাদের জন্য প্রস্তুত রাখিয়াছি জ্বলন্ত অগ্নির শাস্তি।	
	وَلِلَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ عَذَابُ جَهَنَّمَ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লায ীনা কাফারূ বিরাব্বিহিম ‘আয া– বু জাহান্নামা (ط) ওয়াবি’ছাল মাসীর।	
তরজমা	যাহারা তাহাদের প্রতিপালককে অস্বীকার করে তাহাদের জন্য রহিয়াছে জাহান্নামের শাস্তি ; উহা কত মন্দ প্রত্যাবর্তনস্থল !	
	اِذَآ اُلْقُوْا فِيْهَا سَمِعُوْا لَهَا شَهِيْقًا وَّهِيَ تَفُوْرُ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ইয া~ উলকূ ফীহা– ছামি‘উ লাহা– শাহীক াওঁ ওয়াহিয়া তাফূর।	
তরজমা	যখন উহারা তন্মধ্যে নিক্ষিপ্ত হইবে তখন উহারা জাহান্নামের বিকট শব্দ শুনিবে, আর উহা হইবে উদ্বেলিত।	
	تَكَادُ تَمَيَّزُ مِنَ الْغَيْظِ ؕ كُلَّمَآ اُلْقِيَ فِيْهَا فَوْجٌ سَاَلَهُمْ خَزَنَتُهَآ اَلَمْ يَاْتِكُمْ نَذِيْرٌ ۝٨	8
প্রতিবর্ণায়ন	তাকা– দু তামাইয়াঝু মিনাল গাইজি (ط) কুল্লামা~ উল্‌কি য়া ফীহা– ফাওজুং ছাআলাহুম খাঝানাতুহা~ আলাম ইয়া’তিকুম নায ীর।	
তরজমা	রোষে জাহান্নাম যেন ফাটিয়া পড়িবে, যখনই উহাতে কোন দলকে নিক্ষেপ করা হইবে, উহাদেরকে রক্ষীরা জিজ্ঞাসা করিবে, ‘তোমাদের নিকট কি কোন সতর্ককারী আসে নাই ?’	

	قَالُوْا بَلٰى قَدْ جَآءَنَا نَذِيْرٌ ۙ فَكَذَّبْنَا وَقُلْنَا مَا نَزَّلَ اللّٰهُ مِنْ شَيْءٍ ۚۖ اِنْ اَنْتُمْ اِلَّا فِيْ ضَلٰلٍ كَبِيْرٍ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ক়া- লূ বালা- ক়াদ জা~আনা- নাযীরুং (ۙ) ফাকায্যাবনা- ওয়া কু়ল্না- মা- নাঝঝালাল্লা- হু মিং শাইয়িন (ج) ইন্ আংতুম ইল্লা- ফী দালা- লিং কাবীর।	
তরজমা	উহারা বলিবে, 'অবশ্যই আমাদের নিকট সতর্ককারী আসিয়াছিল, আমরা উহাদেরকে মিথ্যাবাদী গণ্য করিয়াছিলাম এবং বলিয়াছিলাম, 'আল্লাহ্ কিছুই অবতীর্ণ করেন নাই, তোমরা তো মহাবিভ্রান্তিতে রহিয়াছ।'	
	وَقَالُوْا لَوْ كُنَّا نَسْمَعُ اَوْ نَعْقِلُ مَا كُنَّا فِيْٓ اَصْحٰبِ السَّعِيْرِ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ওয়া ক়া-লূ লাও কুন্না- নাছমা'উ আও না'কি়লু মা- কুন্না-ফী~আসহা-বিছ্ছা'ঈর।	
তরজমা	এবং উহারা আরও বলিবে, 'যদি আমরা শুনিতাম অথবা বিবেক-বুদ্ধি প্রয়োগ করিতাম, তাহা হইলে আমরা জাহান্নামবাসী হইতাম না।'	
	فَاعْتَرَفُوْا بِذَنْۢبِهِمْ ۚ فَسُحْقًا لِّاَصْحٰبِ السَّعِيْرِ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ফা'তারাফূ বিযাম্বিহিম (ج) ফাছুহ্ক়াল্লিআসহা-বিছ্ ছা'ঈর।	
তরজমা	উহারা উহাদের অপরাধ স্বীকার করিবে। ধ্বংস জাহান্নামীদের জন্য।	
	اِنَّ الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ كَبِيْرٌ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ইয়াখ্শাওনা রাব্বাহুম বিলগাইবি লাহুম মাগ্ফিরাতুওঁ ওয়া আজরুং কাবীর।	
তরজমা	যাহারা দৃষ্টির অগোচরে তাহাদের প্রতিপালককে ভয় করে তাহাদের জন্য রহিয়াছে ক্ষমা ও মহাপুরস্কার।	
	وَاَسِرُّوْا قَوْلَكُمْ اَوِ اجْهَرُوْا بِهٖ ۗ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ওয়া আছিররূ ক়াওলাকুম আবিজহারূ বিহী (ط) ইন্নাহূ 'আলীমুম বিযা-তিসসুদূর।	
তরজমা	তোমরা তোমাদের কথা গোপনেই বল অথবা প্রকাশ্যে বল, তিনি তো অন্তর্যামী।	
	اَلَا يَعْلَمُ مَنْ خَلَقَ ۗ وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ ۝١٤	14
প্রতিবর্ণায়ন	আলা- ইয়া'লামু মান্ খালাক়া (ط) ওয়া হুওয়াল্লাতীফুল খাবীর।	
তরজমা	যিনি সৃষ্টি করিয়াছেন, তিনি কি জানেন না? তিনি সূক্ষ্মদর্শী, সম্যক অবগত।	
	هُوَ الَّذِيْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ ذَلُوْلًا فَامْشُوْا فِيْ مَنَاكِبِهَا وَكُلُوْا مِنْ رِّزْقِهٖ ۗ وَاِلَيْهِ النُّشُوْرُ ۝١٥	15

প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায ী জা‘আলা লাকুমুল আর্দ া য ালূলাং ফামশূ ফী মানা–কিবিহা– ওয়া কুলূ মির্ রিঝকি হী (ط) ওয়া ইলাইহিন নুশূর।	
তরজমা	তিনিই তো তোমাদের জন্য ভূমিকে সুগম করিয়া দিয়াছেন ; অতএব তোমরা উহার দিগ-দিগন্তে বিচরণ কর এবং তাঁহার প্রদত্ত জীবনোপকরণ হইতে আহার্য গ্রহণ কর; পুনরুত্থান তো তাঁহারই নিকট।	
	ءَاَمِنۡتُمۡ مَّنۡ فِی السَّمَآءِ اَنۡ یَّخۡسِفَ بِكُمُ الۡاَرۡضَ فَاِذَا هِیَ تَمُوۡرُ ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	আ আমিংতুম মাং ফিছ্ছামা~ই আইঁ ইয়াখ্ছিফা বিকুমুল আর্দ া ফাইয া– হিয়া তামূর।	
তরজমা	তোমরা কি ইহা হইতে নির্ভয় হইয়াছ যে, যিনি আকাশে রহিয়াছেন তিনি তোমাদেরকেসহ ভূমিকে ধসাইয়া দিবেন, অনন্তর উহা আকস্মিকভাবে থর থর করিয়া কাঁপিতে থাকিবে ?	
	اَمۡ اَمِنۡتُمۡ مَّنۡ فِی السَّمَآءِ اَنۡ یُّرۡسِلَ عَلَیۡكُمۡ حَاصِبًا ؕ فَسَتَعۡلَمُوۡنَ كَیۡفَ نَذِیۡرِ ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	আম আমিংতুম মাং ফিছ্ছামা~ই আইঁ ইউর্ছিলা ‘আলাইকুম হ া–সিবাং (ط) ফাছাতা‘লামূনা কাইফা নায ীর।	
তরজমা	অথবা তোমরা কি ইহা হইতে নির্ভয় হইয়াছ যে, আকাশে যিনি রহিয়াছেন তিনি তোমাদের উপর কঙ্করবর্ষী ঝঞ্ঝা প্রেরণ করিবেন ? তখন তোমরা জানিতে পারিবে কিরূপ ছিল আমার সতর্কবাণী!	
	وَلَقَدۡ كَذَّبَ الَّذِیۡنَ مِنۡ قَبۡلِهِمۡ فَكَیۡفَ كَانَ نَكِیۡرِ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ কায্ য াবাল্লায ীনা মিং ক াব্লিহিম ফাকাইফা কা– না নাকীর।	
তরজমা	ইহাদের পূর্ববর্তীরাও অস্বীকার করিয়াছিল ; ফলে কিরূপ হইয়াছিল আমার শাস্তি!	
	اَوَلَمۡ یَرَوۡا اِلَی الطَّیۡرِ فَوۡقَهُمۡ صٰٓفّٰتٍ وَّیَقۡبِضۡنَ ؕ مَا یُمۡسِكُهُنَّ اِلَّا الرَّحۡمٰنُ ؕ اِنَّهٗ بِكُلِّ شَیۡءٍۭ بَصِیۡرٌ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	আওয়ালাম ইয়ারাও ইলাত্ত াইরি ফাওক াহুম সা~ফ্ফা–তিওঁ ওয়াইয়াক বিদ্ ন্ (م)। মা–ইউম্ছিকুহুন্না ইল্লার্রাহ মা–নু (ط) ইন্নাহূ বিকুল্লি শাইয়িম বাসীর।	
তরজমা	উহারা কি লক্ষ্য করে না উহাদের ঊর্ধ্বদেশে বিহঙ্গকুলের প্রতি, যাহারা পক্ষ বিস্তার করে ও সঙ্কুচিত করে ? দয়াময় আল্লাহ্ই উহাদেরকে স্থির রাখেন। তিনি সর্ববিষয়ে সম্যক দ্রষ্টা।	
	اَمَّنۡ هٰذَا الَّذِیۡ هُوَ جُنۡدٌ لَّكُمۡ یَنۡصُرُكُمۡ مِّنۡ دُوۡنِ الرَّحۡمٰنِ ؕ اِنِ الۡكٰفِرُوۡنَ اِلَّا فِیۡ غُرُوۡرٍ ﴿۲۰﴾	20

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আম্মান হা-য়াল্লাযী হুওয়া জুংদুল্লাকুম ইয়াংসুরুকুম মিং দূনির্‌রাহ্‌মা-নি (ط) ইনিল কা-ফিরূনা ইল্লা- ফী গুরূর।	
তরজমা	দয়াময় আল্লাহ্ ব্যতীত তোমাদের এমন কোন সৈন্যবাহিনী আছে কি, যাহারা তোমাদেরকে সাহায্য করিবে ? কাফিররা তো রহিয়াছে প্রবঞ্চনার মধ্যে।	
	أَمَّنْ هَٰذَا الَّذِي يَرْزُقُكُمْ إِنْ أَمْسَكَ رِزْقَهُ ۚ بَلْ لَجُّوا فِي عُتُوٍّ وَنُفُورٍ ﴿٢١﴾	**21**
প্রতিবর্ণায়ন	আম্মান হা- য়াল্লাযী ইয়ারঝুকুকুম ইন্ আম্ছাকা রিঝক়াহূ (ج) বাল্লাজ্জূ ফী 'উতুওবিঁ ওয়া নুফূর।	
তরজমা	এমন কে আছে, যে তোমাদেরকে জীবনোপকরণ দান করিবে, তিনি যদি তাঁহার জীবনোপকরণ বন্ধ করিয়া দেন ? বস্তুত উহারা অবাধ্যতা ও সত্যবিমুখতায় অবিচল রহিয়াছে।	
	أَفَمَنْ يَمْشِي مُكِبًّا عَلَىٰ وَجْهِهِ أَهْدَىٰ أَمَّنْ يَمْشِي سَوِيًّا عَلَىٰ صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿٢٢﴾	**22**
প্রতিবর্ণায়ন	আফামাইঁ ইয়াম্‌শী মুকিব্বান 'আলা- ওয়াজ্‌হিহী~ আহ্‌দা~ আম্মাইঁ ইয়াম্‌শী ছাবিঁ ইয়া 'আলা-সিরা-তিম্‌মুছতাক্বীম।	
তরজমা	যে ব্যক্তি ঝুঁকিয়া মুখে ভর দিয়া চলে, সে-ই কি ঠিক পথে চলে, না কি সেই ব্যক্তি যে ঋজু হইয়া সরল পথে চলে ?	
	قُلْ هُوَ الَّذِي أَنْشَأَكُمْ وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَالْأَفْئِدَةَ ۖ قَلِيلًا مَا تَشْكُرُونَ ﴿٢٣﴾	**23**
প্রতিবর্ণায়ন	কুল হুওয়াল্লাযী~ আংশাআকুম ওয়া জা'আলা লাকুমুছ্‌ছাম'আ ওয়াল আবসা-রা ওয়াল আফ্‌ইদাতা (ط) ক্বালীলাম মা-তাশকুরূন।	
তরজমা	বল, 'তিনিই তোমাদেরকে সৃষ্টি করিয়াছেন এবং তোমাদেরকে দিয়াছেন শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি ও অন্তকরণ। তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ কর।'	
	قُلْ هُوَ الَّذِي ذَرَأَكُمْ فِي الْأَرْضِ وَإِلَيْهِ تُحْشَرُونَ ﴿٢٤﴾	**24**
প্রতিবর্ণায়ন	কুল হুওয়াল্লাযী যারাআকুম ফিল আর্‌দিঁ ওয়া ইলাইহি তুহ্‌শারূন।	
তরজমা	বল, 'তিনিই পৃথিবীতে তোমাদের ছড়াইয়া দিয়াছেন এবং তাঁহারই নিকট তোমাদেরকে সমবেত করা হইবে।'	
	وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٢٥﴾	**25**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূলূনা মাতা-হা-যাল ওয়া'দু ইং কুংতুম সা-দিক্বীন।	
তরজমা	আর উহারা বলে, 'তোমরা যদি সত্যবাদী হও তবে বল, এই প্রতিশ্রুতি কখন বাস্তবায়িত হইবে ?'	
	قُلْ إِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللَّهِ وَإِنَّمَا أَنَا نَذِيرٌ مُبِينٌ ﴿٢٦﴾	**26**

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	কু্ল ইন্নামাল 'ইলমু 'ইংদাল্লা- (ص) হি ওয়া ইন্নামা~আনা নায ীরুম্ মুবীন।	
তরজমা	বল, 'ইহার জ্ঞান কেবল আল্লাহ্‌রই নিকট আছে, আমি তো স্পষ্ট সতর্ককারী মাত্র।'	
	فَلَمَّا رَاَوۡهُ زُلۡفَةً سِیۡٓـَٔتۡ وُجُوۡهُ الَّذِیۡنَ كَفَرُوۡا وَ قِیۡلَ هٰذَا الَّذِیۡ كُنۡتُمۡ بِهٖ تَدَّعُوۡنَ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- রাআওহু ঝুল্‌ফাতাং ছী~আত উজূহুল্লায ীনা কাফারূ ওয়া ক ীলা হা-য াল্লায ী কুংতুম বিহী তাদ্দা'উন।	
তরজমা	উহারা যখন তাহা আসন্ন দেখিবে তখন কাফিরদের মুখমণ্ডল ম্লান হইয়া পড়িবে এবং বলা হইবে, 'ইহাই তো তোমরা চাহিতেছিলে।'	
	قُلۡ اَرَءَیۡتُمۡ اِنۡ اَهۡلَكَنِیَ اللّٰهُ وَ مَنۡ مَّعِیَ اَوۡ رَحِمَنَا ۙ فَمَنۡ یُّجِیۡرُ الۡكٰفِرِیۡنَ مِنۡ عَذَابٍ اَلِیۡمٍ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	কু্ল আরাআইতুম্ ইন আহ্‌লাকানিয়াল্লা-হু ওয়া মাম্মা'ইয়া আও রাহি মানা- (৲) ফামাইঁ ইউজীরুল কা-ফিরীনা মিন 'আয া-বিন আলীম।	
তরজমা	বল, 'তোমরা ভাবিয়া দেখিয়াছ কি- যদি আল্লাহ্ আমাকে ও আমার সঙ্গীদেরকে ধ্বংস করেন অথবা আমাদের প্রতি দয়া প্রদর্শন করেন, তবে কাফিরদেরকে কে রক্ষা করিবে মর্মন্তুদ শাস্তি হইতে ?	
	قُلۡ هُوَ الرَّحۡمٰنُ اٰمَنَّا بِهٖ وَ عَلَیۡهِ تَوَكَّلۡنَا ۚ فَسَتَعۡلَمُوۡنَ مَنۡ هُوَ فِیۡ ضَلٰلٍ مُّبِیۡنٍ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	কু্ল হুওয়ার্‌রাহ মা- নু আ-মান্না- বিহী ওয়া'আলাইহি তাওয়াক্কালনা- , ফাছাতা'লামূনা মান হুওয়া ফী দ ালা-লিম্ মুবীন।	
তরজমা	বল, 'তিনিই দয়াময়, আমরা তাঁহাকে বিশ্বাস করি ও তাঁহারই উপর নির্ভর করি, শীঘ্রই তোমরা জানিতে পারিবে কে স্পষ্ট বিভ্রান্তিতে রহিয়াছে।'	
	قُلۡ اَرَءَیۡتُمۡ اِنۡ اَصۡبَحَ مَآؤُكُمۡ غَوۡرًا فَمَنۡ یَّاۡتِیۡكُمۡ بِمَآءٍ مَّعِیۡنٍ ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	কু্ল আরাআইতুম ইন্ আসবাহ া মা~উকুম গাওরাং ফামাইঁ ইয়া'তীকুম বিমা~ইম্ মা'ঈন।	
তরজমা	বল, 'তোমরা ভাবিয়া দেখিয়াছ কি যদি পানি ভূগর্ভে তোমাদের নাগালের বাহিরে চলিয়া যায়, তখন কে তোমাদেরকে আনিয়া দিবে প্রবহমান পানি ?'	

68 - Al-Qalam-ক্বালাম -القلم

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	نٓ وَ الۡقَلَمِ وَ مَا یَسۡطُرُوۡنَ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	নূ~ন ওয়াল ক ালামি ওয়ামা- ইয়াছ্‌তু রূন।	
তরজমা	নূন-শপথ কলমের এবং উহারা যাহা লিপিবদ্ধ করে তাহার,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مَآ أَنتَ بِنِعْمَةِ رَبِّكَ بِمَجْنُونٍ ۝٢	2
প্রতিবর্ণায়ন	মা˜ আংতা বিনি‘মাতি রাব্বিকা বিমাজনূন।	
তরজমা	তোমার প্রতিপালকের অনুগ্রহে তুমি উন্মাদ নও।	
	وَإِنَّ لَكَ لَأَجْرًا غَيْرَ مَمْنُونٍ ۝٣	3
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না লাকা লাআজরান গাইরা মাম্‌নূন।	
তরজমা	তোমার জন্য অবশ্যই রহিয়াছে নিরবচ্ছিন্ন পুরস্কার,	
	وَإِنَّكَ لَعَلَىٰ خُلُقٍ عَظِيمٍ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাকা লা‘আলা–খুলুকি ন ‘আজ ীম।	
তরজমা	তুমি অবশ্যই মহান চরিত্রে অধিষ্ঠিত।	
	فَسَتُبْصِرُ وَيُبْصِرُونَ ۝٥	5
প্রতিবর্ণায়ন	ফাছাতুব্‌সিরু ওয়া ইউব্‌সিরূন।	
তরজমা	শীঘ্রই তুমি দেখিবে এবং উহারাও দেখিবে-	
	بِأَييِّكُمُ الْمَفْتُونُ ۝٦	6
প্রতিবর্ণায়ন	বিআইয়িকুমুল মাফ্‌তূন।	
তরজমা	তোমাদের মধ্যে কে বিকারগ্রস্ত।	
	إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَن ضَلَّ عَن سَبِيلِهِۦ ۖ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ইন্না রাব্বাকা হুওয়া আ‘লামু বিমাং দ াল্লা ‘আং ছাবীলিহী (ص) ওয়াহুওয়া আ‘লামু বিলমুহ্‌তাদীন।	
তরজমা	তোমার প্রতিপালক তো সম্যক অবগত আছেন কে তাঁহার পথ হইতে বিচ্যুত হইয়াছে এবং তিনি সম্যক জানেন তাহাদেরকে, যাহারা সৎপথপ্রাপ্ত।	
	فَلَا تُطِعِ الْمُكَذِّبِينَ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ফালা–তুতি ‘ইল মুকায য্যি বীন।	
তরজমা	সুতরাং তুমি মিথ্যাচারীদের অনুসরণ করিও না।	
	وَدُّوا لَوْ تُدْهِنُ فَيُدْهِنُونَ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ওয়াদ্দূ লাও তুদ্‌হিনু ফাইউদ্‌হিনূন।	
তরজমা	উহারা চায় যে, তুমি নমনীয় হও, তাহা হইলে উহারাও নমনীয় হইবে,	
	وَلَا تُطِعْ كُلَّ حَلَّافٍ مَّهِينٍ ۝١٠	10

প্রতিবর্ণায়ন	ওয়ালা–তুতি‘‘ কুল্লা হ াল্লাফিম্ মাহীন।	
তরজমা	এবং অনুসরণ করিও না তাহার–যে কথায় কথায় শপথ করে, যে লাঞ্ছিত,	
	هَمَّازٍ مَّشَّآءٍۭ بِنَمِيمٍ ۝١١	11
প্রতিবর্ণায়ন	হাম্মা–ঝিম্ মাশ্‌শা~ইম বিনামীম।	
তরজমা	পশ্চাতে নিন্দাকারী, যে একের কথা অপরের নিকট লাগাইয়া বেড়ায়,	
	مَّنَّاعٍ لِّلْخَيْرِ مُعْتَدٍ أَثِيمٍ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	মান্না–‘ইল্লিল্ খাইরি মু‘তাদিন আছ ীম।	
তরজমা	যে কল্যাণের কার্যে বাধা দান করে, যে সীমালংঘনকারী, পাপিষ্ঠ,	
	عُتُلٍّۭ بَعْدَ ذَٰلِكَ زَنِيمٍ ۝١٣	13
প্রতিবর্ণায়ন	‘উতুল্লিম বা‘দা য া– লিকা ঝানীম।	
তরজমা	রূঢ় স্বভাব, তদুপরি কুখ্যাত ;	
	أَن كَانَ ذَا مَالٍ وَبَنِينَ ۝١٤	14
প্রতিবর্ণায়ন	আং কা–না য া– মা–লিওঁ ওয়া বানীন।	
তরজমা	এইজন্য যে, সে ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে সমৃদ্ধিশালী।	
	إِذَا تُتْلَىٰ عَلَيْهِ ءَايَٰتُنَا قَالَ أَسَٰطِيرُ ٱلْأَوَّلِينَ ۝١٥	15
প্রতিবর্ণায়ন	ইয া–তুত্‌লা– ‘আলাইহি আ–য়া–তুনা– ক া– লা আছা–ত ীরুল আওওয়ালীন।	
তরজমা	উহার নিকট আমার আয়াতসমূহ আবৃত্তি করা হইলে সে বলে, ‘ইহা তো সেকালের উপকথা মাত্র।’	
	سَنَسِمُهُۥ عَلَى ٱلْخُرْطُومِ ۝١٦	16
প্রতিবর্ণায়ন	ছানাছিমুহূ ‘আলাল খুরতূ ম।	
তরজমা	আমি উহার শুঁড় দাগাইয়া দিব।	
	إِنَّا بَلَوْنَٰهُمْ كَمَا بَلَوْنَآ أَصْحَٰبَ ٱلْجَنَّةِ إِذْ أَقْسَمُوا۟ لَيَصْرِمُنَّهَا مُصْبِحِينَ ۝١٧	17
প্রতিবর্ণায়ন	ইন্না– বালাওনা– হুম কামা–বালাওনা ˜আসাহ া–বাল জান্নাতি (ج) ইয আক ছামূ লাইয়াসরিমুন্নাহা- মুসবিহ ীন।	
তরজমা	আমি উহাদেরকে পরীক্ষা করিয়াছি, যেভাবে পরীক্ষা করিয়াছিলাম উদ্যান-অধিপতিগণকে, যখন উহারা শপথ করিয়াছিল যে, উহারা প্রত্যূষে আহরণ করিবে বাগানের ফল,	

	وَلَا يَسْتَثْنُوْنَ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ওয়ালা-ইয়াছতাছ্‌নূন।	
তরজমা	এবং তাহারা 'ইন্‌শাআল্লাহ্' বলে নাই।	
	فَطَافَ عَلَيْهَا طَآئِفٌ مِّنْ رَّبِّكَ وَهُمْ نَآئِمُوْنَ ۝١٩	19
প্রতিবর্ণায়ন	ফাত া-ফা 'আলাইহা- ত া~ইফুম্ মির্‌রাব্বিকা ওয়া হুম না~ইমূন।	
তরজমা	অতঃপর তোমার প্রতিপালকের নিকট হইতে এক বিপর্যয় হানা দিল সেই উদ্যানে, যখন উহারা ছিল নিদ্রিত।	
	فَاَصْبَحَتْ كَالصَّرِيْمِ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	ফাআসবাহ াত কাসসারীম।	
তরজমা	ফলে উহা দগ্ধ হইয়া কৃষ্ণবর্ণ ধারণ করিল।	
	فَتَنَادَوْا مُصْبِحِيْنَ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	ফাতানা-দাও মুসবিহ ীন।	
তরজমা	প্রত্যূষে উহারা একে অপরকে ডাকিয়া বলিল,	
	اَنِ اغْدُوْا عَلٰى حَرْثِكُمْ اِنْ كُنْتُمْ صٰرِمِيْنَ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	আনিগ্‌দূ 'আলা-হ ারছি কুম ইং কুংতুম সা-রিমীন।	
তরজমা	'তোমরা যদি ফল আহরণ করিতে চাও তবে সকাল সকাল বাগানে চল।'	
	فَانْطَلَقُوْا وَهُمْ يَتَخَافَتُوْنَ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	ফাংত ালাকূ ওয়া হুম ইয়াতাখা-ফাতূন।	
তরজমা	অতঃপর উহারা চলিল নিম্নস্বরে কথা বলিতে বলিতে,	
	اَنْ لَّا يَدْخُلَنَّهَا الْيَوْمَ عَلَيْكُمْ مِّسْكِيْنٌ ۝٢٤	24
প্রতিবর্ণায়ন	আল্লা-ইয়াদ্‌খুলান্নাহাল ইয়াওমা 'আলাইকুম মিছকীন।	
তরজমা	'অদ্য যেন তোমাদের নিকটে কোন অভাবগ্রস্ত ব্যক্তি উহাতে প্রবেশ করিতে না পারে।'	
	وَّغَدَوْا عَلٰى حَرْدٍ قٰدِرِيْنَ ۝٢٥	25
প্রতিবর্ণায়ন	ওয়া গাদাও 'আলা- হ ার্‌দিং ক া- দিরীন।	
তরজমা	অতঃপর উহারা নিবৃত্ত করিতে সক্ষম-এই বিশ্বাস লইয়া প্রভাতকালে বাগানে যাত্রা করিল।	
	فَلَمَّا رَاَوْهَا قَالُوْٓا اِنَّا لَضَآلُّوْنَ ۝٢٦	26

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- রআওহা-ক া- লূ˜ ইন্না-লাদ া~ল্লূন।	
তরজমা	অতঃপর উহারা যখন বাগানের অবস্থা প্রত্যক্ষ করিল, তখন বলিল, ‘আমরা তো দিশা হারাইয়া ফেলিয়াছি।	
	بَلْ نَحْنُ مَحْرُوْمُوْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	বাল নাহ্ ন্ মাহ রূমূন।	
তরজমা	‘বরং আমরা তো বঞ্চিত।’	
	قَالَ اَوْسَطُهُمْ اَلَمْ اَقُلْ لَّكُمْ لَوْلَا تُسَبِّحُوْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ক া-লা আওছাতু হুম আলাম আকু ল্লাকুম লাওলা-তুছাব্বিহূ ন	
তরজমা	উহাদের শ্রেষ্ঠ ব্যক্তি বলিল, ‘আমি কি তোমাদেরকে বলি নাই ? এখনও তোমরা আল্লাহ্‌র পবিত্রতা ও মহিমা ঘোষণা করিতেছ না কেন ?’	
	قَالُوْا سُبْحٰنَ رَبِّنَآ اِنَّا كُنَّا ظٰلِمِيْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ক া-লূ ছুব্‌হ া- না রাব্বিনা˜ ইন্না-কুন্না- জ া- লিমীন।	
তরজমা	তখন উহারা বলিল, ‘আমরা আমাদের প্রতিপালকের পবিত্রতা ও মহিমা ঘোষণা করিতেছি, আমরা তো সীমালংঘনকারী ছিলাম।’	
	فَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَلَاوَمُوْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ফাআক বালা বা‘দু হুম ‘আলা-বা‘দি ইঁ ইয়াতালা-ওয়ামূন।	
তরজমা	অতঃপর উহারা একে অপরের প্রতি দোষারোপ করিতে লাগিল।	
	قَالُوْا يٰوَيْلَنَآ اِنَّا كُنَّا طٰغِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ক া-লূ ইয়া- ওয়াইলানা˜ ইন্না-কুন্না-ত া-গীন।	
তরজমা	উহারা বলিল, ‘হায়, দুর্ভোগ আমাদের ! আমরা তো ছিলাম সীমালংঘনকারী।	
	عَسٰى رَبُّنَآ اَنْ يُّبْدِلَنَا خَيْرًا مِّنْهَآ اِنَّآ اِلٰى رَبِّنَا رٰغِبُوْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	‘আছা-রাব্বুনা˜ আইঁ ইউব্‌দিলানা-খাইরাম্ মিনহা˜ ইন্না˜ ইলা-রাব্বিনা-রা-গিবূন।	
তরজমা	সম্ভবত আমাদের প্রতিপালক ইহা হইতে আমাদেরকে উৎকৃষ্টতর বিনিময় দিবেন, আমরা আমাদের প্রতিপালকের অভিমুখী হইলাম।’	
	كَذٰلِكَ الْعَذَابُ ؕ وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَكْبَرُ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	কায া-লিক াল ‘আয া-বু (ط) ওয়ালা‘আয া-বুল আ-খিরাতি আকবারু (م)। লাও কা-নূ ইয়া‘লামূন।	
তরজমা	শাস্তি এইরূপই হইয়া থাকে এবং আখিরাতের শাস্তি কঠিনতর। যদি উহারা জানিত।	

	إِنَّ لِلْمُتَّقِينَ عِندَ رَبِّهِمْ جَنَّٰتِ ٱلنَّعِيمِ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ইন্না লিল্মুত্তাক্বীনা ‘ইংদা রাব্বিহিম জান্না–তিন্ না‘ঈম।	
তরজমা	মুত্তাকীদের জন্য অবশ্যই রহিয়াছে ভোগ-বিলাসপূর্ণ জান্নাত তাহাদের প্রতিপালকের নিকট।	
	أَفَنَجْعَلُ ٱلْمُسْلِمِينَ كَٱلْمُجْرِمِينَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	আফানাজ‘আলুল মুছ্লিমীনা কালমুজরিমীন।	
তরজমা	আমি কি আত্মসমর্পণ-কারীদেরকে অপরাধীদের সমতুল্য গণ্য করিব ?	
	مَا لَكُمْ كَيْفَ تَحْكُمُونَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	মা–লাকুম কাইফা তাহ্‌কুমূন।	
তরজমা	তোমাদের কী হইয়াছে, তোমরা এ কেমন সিদ্ধান্ত দিতেছ ?	
	أَمْ لَكُمْ كِتَٰبٌ فِيهِ تَدْرُسُونَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	আম লাকুম কিতা–বুং ফীহি তাদরুছূন।	
তরজমা	তোমাদের নিকট কী কোন কিতাব আছে যাহাতে তোমরা অধ্যয়ন কর-	
	إِنَّ لَكُمْ فِيهِ لَمَا تَخَيَّرُونَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ইন্না লাকুম ফীহি লামা– তাখাইইয়ারূন।	
তরজমা	যে, তোমাদের জন্য উহাতে রহিয়াছে যাহা তোমরা পসন্দ কর ?	
	أَمْ لَكُمْ أَيْمَٰنٌ عَلَيْنَا بَٰلِغَةٌ إِلَىٰ يَوْمِ ٱلْقِيَٰمَةِ ۙ إِنَّ لَكُمْ لَمَا تَحْكُمُونَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	আম লাকুম আইমা–নুন ‘আলাইনা– বা–লিগাতুন ইলা–ইয়াওমিল কিয়া–মাতি (ۙ) ইন্না লাকুম লামা–তাহ্‌কুমূন।	
তরজমা	তোমাদের কি আমার সঙ্গে কিয়ামত পর্যন্ত বলবৎ এমন কোন অঙ্গীকার রহিয়াছে যে, তোমরা নিজেদের জন্য যাহা স্থির করিবে তাহাই পাইবে?	
	سَلْهُمْ أَيُّهُم بِذَٰلِكَ زَعِيمٌ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ছালহুম আইয়ুহুম বিযা–লিকা ঝা‘ঈম।	
তরজমা	তুমি উহাদেরকে জিজ্ঞাসা কর উহাদের মধ্যে এই দাবির যিম্মাদার কে ?	
	أَمْ لَهُمْ شُرَكَآءُ فَلْيَأْتُوا۟ بِشُرَكَآئِهِمْ إِن كَانُوا۟ صَٰدِقِينَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	আম লাহুম শুরাকা–উ (ج) ফালইয়া’তূ বিশুরাকা~ইহিম ইং কা–নূ সা–দিক্বীন।	

তরজমা	উহাদের কি কোন দেব-দেবী আছে ? থাকিলে উহারা উহাদের দেব-দেবীগুলিকে উপস্থিত করুক-যদি উহারা সত্যবাদী হয়।	
	يَوْمَ يُكْشَفُ عَنْ سَاقٍ وَّيُدْعَوْنَ اِلَى السُّجُوْدِ فَلَا يَسْتَطِيْعُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইউক্‌শাফু ‘আং ছা–কি্ওঁ ওয়াইউদ‘আওনা ইলাছ্ছুজূদি ফালা–ইয়াছতাত ী‘উন।	
তরজমা	স্মরণ কর সেই দিনের কথা, যেদিন পায়ের গোছা উন্মোচিত করা হইবে, সেই দিন উহাদেরকে আহ্বান করা হইবে সিজ্‌দা করিবার জন্য কিন্তু উহারা সক্ষম হইবে না;	
	خَاشِعَةً اَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةٌ ؕ وَقَدْ كَانُوْا يُدْعَوْنَ اِلَى السُّجُوْدِ وَهُمْ سٰلِمُوْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	খা–শি‘আতান আব্‌সা–রুহুম তার্‌হাকু্হুম যি্ল্লাতুওঁ (ط) ওয়াক্াদ কা–নূ ইউদ‘আওনা ইলাছ্ছুজূদি ওয়াহুম ছা–লিমূন।	
তরজমা	উহাদের দৃষ্টি অবনত, হীনতা উহাদেরকে আচ্ছন্ন করিবে অথচ যখন উহারা নিরাপদ ছিল তখন তো উহাদেরকে আহ্বান করা হইয়াছিল সিজ্‌দা করিতে।	
	فَذَرْنِيْ وَمَنْ يُّكَذِّبُ بِهٰذَا الْحَدِيْثِ ؕ سَنَسْتَدْرِجُهُمْ مِّنْ حَيْثُ لَا يَعْلَمُوْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ফায্ারনী ওয়া মাইঁ ইউকায্যি্বু বিহা–য্াল হ্াদীছি্ (ط) ছানাছ্‌তাদ্‌রিজুহুম মিন হ্াইছু্ লা–ইয়া‘লামূন।	
তরজমা	ছাড়িয়া দাও আমাকে এবং যাহারা এই বাণীকে প্রত্যাখ্যান করে তাহাদেরকে, আমি উহাদেরকে ক্রমে ক্রমে ধরিব এমনভাবে যে, উহারা জানিতে পারিবে না।	
	وَاُمْلِيْ لَهُمْ ؕ اِنَّ كَيْدِيْ مَتِيْنٌ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া উম্‌লী লাহুম (ط) ইন্না কাইদী মাতীন।	
তরজমা	আর আমি উহাদেরকে সময় দিয়া থাকি, নিশ্চয়ই আমার কৌশল অত্যন্ত বলিষ্ঠ।	
	اَمْ تَسْـَٔلُهُمْ اَجْرًا فَهُمْ مِّنْ مَّغْرَمٍ مُّثْقَلُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	আম তাছআলুহুম আজরাং ফাহুম মিম্ মাগ্‌রামিম্ মুছ্ক্ালূন।	
তরজমা	তুমি কি উহাদের নিকট পারিশ্রমিক চাহিতেছ যে, তাহা উহাদের কাছে দুর্বহ দণ্ড মনে হয় ?	
	اَمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُوْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	আম ‘ইংদাহুমুল্ গাইবু ফাহুম ইয়াকতুবূন।	
তরজমা	উহাদের কি অদৃশ্যের জ্ঞান আছে যে, উহারা তাহা লিখিয়া রাখে।	
	فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تَكُنْ كَصَاحِبِ الْحُوْتِ ۘ اِذْ نَادٰى وَهُوَ مَكْظُوْمٌ ﴿٤٨﴾	48

প্রতিবর্ণায়ন	ফাসবির লিহু ̇ক্মি রাব্বিকা ওয়ালা–তাকুং কাসা–হি ̇বিল হূ ̇ত্ (ص)। ইয ̣ না–দা– ওয ̇া হুওয়া মাক্জূ ̇ম।	
তরজমা	অতএব তুমি ধৈর্য ধারণ কর তোমার প্রতিপালকের নির্দেশের অপেক্ষায়, তুমি মৎস্য-সহচরের ন্যায় অধৈর্য হইও না, সে বিষাদ-আচ্ছন্ন অবস্থায় কাতর প্রার্থনা করিয়াছিল।	
	لَوْلَآ اَنْ تَدٰرَكَهٗ نِعْمَةٌ مِّنْ رَّبِّهٖ لَنُبِذَ بِالْعَرَآءِ وَهُوَ مَذْمُوْمٌ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	লাওলা ̃ আং তাদা–রাকাহূ নি‘মাতুম্ মির্‌রাব্বিহী লানুবিয ̇া বিল‘আরা~ই ওয ̇া হুওয়া মায ̇মূম।	
তরজমা	তাহার প্রতিপালকের অনুগ্রহ তাহার নিকট না পৌঁছিলে সে লাঞ্ছিত হইয়া নিক্ষিপ্ত হইত উন্মুক্ত প্রান্তরে।	
	فَاجْتَبٰهُ رَبُّهٗ فَجَعَلَهٗ مِنَ الصّٰلِحِيْنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ফাজতাবা– হু রাব্বুহূ ফাজা‘আলাহূ মিনাসসা–লিহ ̇ীন।	
তরজমা	পুনরায় তাহার প্রতিপালক তাহাকে মনোনীত করিলেন এবং তাহাকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করিলেন।	
	وَاِنْ يَّكَادُ الَّذِيْنَ كَفَرُوْا لَيُزْلِقُوْنَكَ بِاَبْصَارِهِمْ لَمَّا سَمِعُوا الذِّكْرَ وَيَقُوْلُوْنَ اِنَّهٗ لَمَجْنُوْنٌ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ঁ ইয়াকা– দুল্লায ̇ ীনা কাফারূ লাইউঝলিকূ ̇নাকা বিআব্‌সা–রিহিম লাম্মা– ছামি‘উয ̇যি ̇ক্‌রা ওয়া ইয়াকূ ̇লূনা ইন্নাহূ লামাজনূন।	
তরজমা	কাফিররা যখন কুরআন শ্রবণ করে তখন উহারা যেন উহাদের তীক্ষ্ণ দৃষ্টি দ্বারা তোমাকে আছড়াইয়া ফেলিবে এবং বলে, ‘এ তো এক পাগল!’	
	وَمَا هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ওয়ামা–হুওয়া ইল্লা– যি ̇ক্‌রুল্লিল‘আ– লামীন।	
তরজমা	কুরআন তো বিশ্বজগতের জন্য উপদেশ।	

69 - Al-Haqqah-হাক্কা -الحاقة

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	اَلْحَآقَّةُ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	আল্‌হ ̇া~ক্কা ̇হ।	
তরজমা	সেই অবশ্যম্ভাবী ঘটনা,	
	مَا الْحَآقَّةُ ﴿٢﴾	2

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মাল হা~ক্ক াহ্ ।	
তরজমা	কী সেই অবশ্যম্ভাবী ঘটনা ?	
	وَمَآ اَدۡرٰىكَ مَا الۡحَآقَّةُ ؕ‏	3
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আদ্‌রা-কা মাল হা~ক্ক াহ্ ।	
তরজমা	আর তুমি কি জান সেই অবশ্যম্ভাবী ঘটনা কী ?	
	كَذَّبَتۡ ثَمُوۡدُ وَعَادٌۢ بِالۡقَارِعَةِ‏	4
প্রতিবর্ণায়ন	কায যাবাত ছা মূদু ওয়া ‘আ-দুম বিল কা-রি‘আহ।	
তরজমা	আদ ও সামূদ সম্প্রদায় অস্বীকার করিয়াছিল মহাপ্রলয়।	
	فَاَمَّا ثَمُوۡدُ فَاُهۡلِكُوۡا بِالطَّاغِيَةِ‏	5
প্রতিবর্ণায়ন	ফাআম্মা- ছা মূদু ফাউহ্‌লিকূ বিত্ত া-গিয়াহ্।	
তরজমা	আর সামূদ সম্প্রদায়, উহাদেরকে ধ্বংস করা হইয়াছিল এক প্রলয়ংকর বিপর্যয় দ্বারা।	
	وَاَمَّا عَادٌ فَاُهۡلِكُوۡا بِرِيۡحٍ صَرۡصَرٍ عَاتِيَةٍ ۙ‏	6
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা- ‘আ-দুং ফাউহ্‌লিকূ বিরীহিং সারসারিন ‘আ-তিয়াহ।	
তরজমা	আর ‘আদ সম্প্রদায়, উহাদেরকে ধ্বংস করা হইয়াছিল এক প্রচণ্ড ঝঞ্ঝাবায়ু দ্বারা,	
	سَخَّرَهَا عَلَيۡهِمۡ سَبۡعَ لَيَالٍ وَّثَمٰنِيَةَ اَيَّامٍ ۙ حُسُوۡمًا ۙ فَتَرَى الۡقَوۡمَ فِيۡهَا صَرۡعٰى ۙ كَاَنَّهُمۡ اَعۡجَازُ نَخۡلٍ خَاوِيَةٍ‌ ۚ‏	7
প্রতিবর্ণায়ন	ছাখ্‌খারাহা-‘আলাইহিম ছাব‘আ লাইয়া-লিওঁ ওয়া ছা মা-নিয়াতা আইইয়া-মিন (ۙ) হু ছূমাং (ۙ) ফাতারাল ক াওমা ফীহা-সার্‘আ- (ۙ) কাআন্নাহুম আ‘জা-ঝু নাখলিন খা-বি য়াহ।	
তরজমা	যাহা তিনি উহাদের উপর প্রবাহিত করিয়াছিলেন সপ্তরাত্রি ও অষ্টদিবস বিরামহীনভাবে; তখন তুমি উক্ত সম্প্রদায়কে দেখিতে-উহারা সেখানে লুটাইয়া পড়িয়া আছে সারশূন্য খর্জুর কাণ্ডের ন্যায়।	
	فَهَلۡ تَرٰى لَهُمۡ مِّنۡۢ بَاقِيَةٍ‏	8
প্রতিবর্ণায়ন	ফাহাল তারা-লাহুম মিম বা-কি য়াহ।	
তরজমা	অতঃপর উহাদের কাহাকেও তুমি বিদ্যমান দেখিতে পাও কি ?	
	وَجَآءَ فِرۡعَوۡنُ وَمَنۡ قَبۡلَهٗ وَالۡمُؤۡتَفِكٰتُ بِالۡخَاطِئَةِ ۚ‏	9
প্রতিবর্ণায়ন	ওয়া জা~আ ফির‘আওনু ওয়া মাং ক ালাহূ ওয়াল মু’তাফিকা-তু বিল খা- তি আহ।	

|---|---|---|
তরজমা	ফির'আওন, তাহার পূর্ববর্তীরা এবং উল্টাইয়া দেওয়া জনপদ পাপাচারে লিপ্ত ছিল।	
	فَعَصَوْا رَسُوْلَ رَبِّهِمْ فَاَخَذَهُمْ اَخْذَةً رَّابِيَةً ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ফা'আসাও রাছূলা রাব্বিহিম ফাআখায'াহুম আখয'াতাররা-বিয়াহ।	
তরজমা	উহারা উহাদের প্রতিপালকের রাসূলকে অমান্য করিয়াছিল, ফলে তিনি উহাদেরকে শাস্তি দিলেন- কঠোর শাস্তি।	
	اِنَّا لَمَّا طَغَا الْمَآءُ حَمَلْنٰكُمْ فِى الْجَارِيَةِ ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ইন্না- লাম্মা-ত'াগাল্মা~উ হ'ামালনা-কুম ফিল জা-রিয়াহ।	
তরজমা	যখন জলোচ্ছ্বাস হইয়াছিল তখন আমি তোমাদের-কে আরোহণ করাইয়াছিলাম নৌযানে,	
	لِنَجْعَلَهَا لَكُمْ تَذْكِرَةً وَّتَعِيَهَآ اُذُنٌ وَّاعِيَةٌ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	লিনাজ'আলাহা-লাকুম তায'কিরাতাওঁ ওয়া তা'ইয়াহা~উযু'নুওঁ ওয়া-'ইয়াহ।	
তরজমা	আমি ইহা করিয়াছিলাম তোমাদের শিক্ষার জন্য এবং এইজন্য যে, শ্রুতিধর কর্ণ ইহা সংরক্ষণ করে।	
	فَاِذَا نُفِخَ فِى الصُّوْرِ نَفْخَةٌ وَّاحِدَةٌ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ফাইয'া- নুফিখা ফিস্‌সুরি নাফখাতুওঁ ওয়া- হি'দাহ।	
তরজমা	যখন শিঙ্গায় ফুৎকার দেওয়া হইবে-একটি মাত্র ফুৎকার,	
	وَّحُمِلَتِ الْاَرْضُ وَالْجِبَالُ فَدُكَّتَا دَكَّةً وَّاحِدَةً ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া হু'মিলাতিল আরদু' ওয়াল জিবা-লু ফাদুক্কাতা- দাক্কাতাওঁ ওয়া-হি'দাহ।	
তরজমা	পর্বতমালাসমেত পৃথিবী উৎক্ষিপ্ত হইবে এবং মাত্র এক ধাক্কায় উহারা চূর্ণ-বিচূর্ণ হইয়া যাইবে।	
	فَيَوْمَئِذٍ وَّقَعَتِ الْوَاقِعَةُ ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ফাইয়াওমাইযি'ওঁ ওয়াক'া'আতিল ওয়া-কি''আহ।	
তরজমা	সেদিন সংঘটিত হইবে মহাপ্রলয়,	
	وَانْشَقَّتِ السَّمَآءُ فَهِىَ يَوْمَئِذٍ وَّاهِيَةٌ ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়াংশাক্ক'াতিছ্ছামা~উ ফাহিয়া ইয়াওমাইযি'ওঁ ওয়া-হিয়াহ।	
তরজমা	এবং আকাশ বিদীর্ণ হইয়া যাইবে আর সেই দিন উহা বিক্ষিপ্ত হইয়া পড়িবে।	
	وَّالْمَلَكُ عَلٰٓى اَرْجَآئِهَا ؕ وَيَحْمِلُ عَرْشَ رَبِّكَ فَوْقَهُمْ يَوْمَئِذٍ ثَمٰنِيَةٌ ﴿۱۷﴾	17

প্রতিবর্ণায়ন	ওয়াল মালাকু ‘আলা˜ আরজা~ইহা- (ط) ওয়া ইয়াহ্‌মিলু ‘আর্‌শা রাব্বিকা ফাওক্বাহুম ইয়াওমাইযিং ছামা-নিয়াহ্‌।	
তরজমা	ফিরিশ্‌তাগণ আকাশের প্রান্তদেশে থাকিবে এবং সেই দিন আটজন ফিরিশ্‌তা তোমার প্রতিপালকের আরশকে ধারণ করিবে তাহাদের ঊর্ধ্বে।	
	يَوْمَئِذٍ تُعْرَضُونَ لَا تَخْفَىٰ مِنكُمْ خَافِيَةٌ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ইয়াওমাইযিং তু‘রাদূনা লা- তাখফা- মিংকুম খা-ফিয়াহ্‌।	
তরজমা	সেই দিন উপস্থিত করা হইবে তোমাদেরকে এবং তোমাদের কিছুই গোপন থাকিবে না।	
	فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ فَيَقُولُ هَاؤُمُ اقْرَءُوا كِتَابِيَهْ ۝١٩	19
প্রতিবর্ণায়ন	ফাআম্মা-মান উতিয়া কিতা-বাহূ বিইয়ামীনিহী (৴) ফাইয়াক্বূলু হা˜উমুক্‌রাউ কিতা-বিয়াহ্‌।	
তরজমা	তখন যাহাকে তাহার ‘আমলনামা তাহার দক্ষিণ হস্তে দেওয়া হইবে, সে বলিবে, ‘লও, আমার ‘আমলনামা, পড়িয়া দেখ ;	
	إِنِّي ظَنَنتُ أَنِّي مُلَاقٍ حِسَابِيَهْ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	ইন্নী জানাংতু আন্নী মুলা-কিন হিছা-বিয়াহ্‌।	
তরজমা	‘নিশ্চয়ই আমি জানিতাম যে, আমাকে আমার হিসাবের সম্মুখীন হইতে হইবে।’	
	فَهُوَ فِي عِيشَةٍ رَّاضِيَةٍ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	ফাহুওয়া ফী ‘ঈশাতির্‌রা-দিয়াহ্‌।	
তরজমা	সুতরাং সে যাপন করিবে সন্তোষজনক জীবন;	
	فِي جَنَّةٍ عَالِيَةٍ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	ফী জান্নাতিন ‘আ-লিয়াহ্‌।	
তরজমা	সুউচ্চ জান্নাতে-	
	قُطُوفُهَا دَانِيَةٌ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	কুতূফুহা- দা-নিয়াহ্‌।	
তরজমা	যাহার ফলরাশি অবনমিত থাকিবে নাগালের মধ্যে।	
	كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا أَسْلَفْتُمْ فِي الْأَيَّامِ الْخَالِيَةِ ۝٢٤	24
প্রতিবর্ণায়ন	কুলূ ওয়াশ্‌রাবূ হানী˜আম্‌ বিমা˜ আছলাফ্‌তুম ফিল আইয়া-মিল খা-লিয়াহ্‌।	

তরজমা	তাহাদেরকে বলা হইবে, ‘পানাহার কর তৃপ্তির সঙ্গে, তোমরা অতীত দিনে যাহা করিয়াছিলে তাহার বিনিময়ে।’	
	وَأَمَّا مَنْ أُوتِيَ كِتَٰبَهُۥ بِشِمَالِهِۦ فَيَقُولُ يَٰلَيْتَنِى لَمْ أُوتَ كِتَٰبِيَهْ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা–মান উতিয়া কিতা–বাহূ বিশিমা–লিহী (৺) ফাইয়াকূ্লু ইয়া– লাইতানী লাম উতা কিতা–বিয়াহ।	
তরজমা	কিন্তু যাহার ‘আমলনামা তাহার বাম হস্তে দেওয়া হইবে, সে বলিবে, ‘হায়! আমাকে যদি দেওয়াই না হইত আমার ‘আমলনামা,	
	وَلَمْ أَدْرِ مَا حِسَابِيَهْ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া লাম আদ্‌রি মা–হি ছা–বিয়াহ।	
তরজমা	‘এবং আমি যদি না জানিতাম আমার হিসাব !	
	يَٰلَيْتَهَا كَانَتِ ٱلْقَاضِيَةَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ইয়া–লাইতাহা– কা–নাতিল্‌ ক া–দি য়াহ।	
তরজমা	‘হায়! আমার মৃত্যুই যদি আমার শেষ হইত।	
	مَآ أَغْنَىٰ عَنِّى مَالِيَهْ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	মা˜ আগনা– ‘আন্নী মা– লিয়াহ।	
তরজমা	‘আমার ধন-সম্পদ আমার কোন কাজেই আসিল না।	
	هَلَكَ عَنِّى سُلْطَٰنِيَهْ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	হালাকা ‘আন্নী ছুলত া–নিয়াহ।	
তরজমা	‘আমার ক্ষমতাও বিনষ্ট হইয়াছে।’	
	خُذُوهُ فَغُلُّوهُ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	খুযূ হু ফাগুল্লূহ।	
তরজমা	ফিরিশ্‌তাদেরকে বলা হইবে, ‘ধর উহাকে, উহার গলদেশে বেড়ি পরাইয়া দাও।	
	ثُمَّ ٱلْجَحِيمَ صَلُّوهُ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ছু ম্মাল জাহ ীমা সাল্লূহ।	
তরজমা	‘অতঃপর উহাকে নিক্ষেপ কর জাহান্নামে।	
	ثُمَّ فِى سِلْسِلَةٍ ذَرْعُهَا سَبْعُونَ ذِرَاعًا فَٱسْلُكُوهُ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ফী ছিলছিলাতিং য া র‘উহা– ছাব‘উনা যি রা–‘আং ফাছলুকূহ।	

তরজমা	‘পুনরায় তাহাকে শৃঙ্খলিত কর সত্তর হস্ত দীর্ঘ এক শৃঙ্খলে’,	
	إِنَّهُۥ كَانَ لَا يُؤْمِنُ بِٱللَّهِ ٱلْعَظِيمِ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ কা-না লা-ইউ’মিনু বিল্লা-হিল ‘আজ ীম।	
তরজমা	সে তো মহান আল্লাহ্‌র প্রতি বিশ্বাসী ছিল না,	
	وَلَا يَحُضُّ عَلَىٰ طَعَامِ ٱلْمِسْكِينِ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়ালা-ইয়াহ দ্দু ‘আলা- ত া‘আ-মিল্ মিছকীন।	
তরজমা	এবং অভাবগ্রস্তকে অন্নদানে উৎসাহিত করিত না,	
	فَلَيْسَ لَهُ ٱلْيَوْمَ هَـٰهُنَا حَمِيمٌ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ফালাইছা লাহুল ইয়াওমা হা-হুনা- হ ামীম।	
তরজমা	অতএব এই দিন সেখানে তাহার কোন সুহৃদ থাকিবে না,	
	وَلَا طَعَامٌ إِلَّا مِنْ غِسْلِينٍ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ত া‘আ-মুন ইল্লা-মিন গিছলীন।	
তরজমা	এবং কোন খাদ্য থাকিবে না ক্ষতনিঃসৃত পুঁজ ব্যতীত,	
	لَّا يَأْكُلُهُۥٓ إِلَّا ٱلْخَـٰطِـُٔونَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	লা-ইয়া’কুলুহূ ইল্লাল খা-তি উন।	
তরজমা	যাহা অপরাধী ব্যতীত কেহ খাইবে না।	
	فَلَآ أُقْسِمُ بِمَا تُبْصِرُونَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ফালা উক ছিমু বিমা-তুবসিরূন।	
তরজমা	আমি কসম করিতেছি উহার, যাহা তোমরা দেখিতে পাও,	
	وَمَا لَا تُبْصِرُونَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়ামা-লা-তুবসিরূন।	
তরজমা	এবং যাহা তোমরা দেখিতে পাও না ;	
	إِنَّهُۥ لَقَوْلُ رَسُولٍ كَرِيمٍ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ লাক াওলু রাছূলিং কারীম।	
তরজমা	নিশ্চয়ই এই কুরআন এক সম্মানিত রাসূলের বহনকৃত বার্তা।	
	وَمَا هُوَ بِقَوْلِ شَاعِرٍ ۚ قَلِيلًا مَّا تُؤْمِنُونَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়ামা-হুওয়া বিক াওলি শা-‘ইরিং (ط) ক ালীলাম্ মা-তু’মিনূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	ইহা কোন কবির রচনা নয়; তোমরা অল্পই বিশ্বাস কর,	
	وَلَا بِقَوۡلِ كَاهِنٍ ؕ قَلِيۡلًا مَّا تَذَكَّرُوۡنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়ালা–বিক ্াওলি কা– হিনিং (ط) ক ্ালীলাম্ মা–তায ্াক্কারূন।	
তরজমা	ইহা কোন গণকের কথাও নয়, তোমরা অল্পই অনুধাবন কর।	
	تَنۡزِيۡلٌ مِّنۡ رَّبِّ الۡعٰلَمِيۡنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	তাংঝীলুম্ মির্‌রাব্বিল ‘আ–লামীন।	
তরজমা	ইহা জগতসমূহের প্রতিপালকের নিকট হইতে অবতীর্ণ।	
	وَلَوۡ تَقَوَّلَ عَلَيۡنَا بَعۡضَ الۡاَقَاوِيۡلِ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়ালাও তাক ্াওওয়ালা ‘আলাইনা–বা‘দ ্াল আক ্া–ব ্ীল।	
তরজমা	সে যদি আমার নামে কোন কথা রচনা করিয়া চালাইতে চেষ্টা করিত,	
	لَاَخَذۡنَا مِنۡهُ بِالۡيَمِيۡنِ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	লাআখায্ ্না–মিনহু বিলইয়ামীন।	
তরজমা	আমি অবশ্যই তাহার দক্ষিণ হস্ত ধরিয়া ফেলিতাম,	
	ثُمَّ لَقَطَعۡنَا مِنۡهُ الۡوَتِيۡنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ছু ্ম্মা লাক ্াত ্া‘না–মিনহুল ওয়াতীন।	
তরজমা	এবং কাটিয়া দিতাম তাহার জীবন-ধমনী,	
	فَمَا مِنۡكُمۡ مِّنۡ اَحَدٍ عَنۡهُ حٰجِزِيۡنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ফামা–মিংকুম মিন আহ ্াদিন ‘আনহু হ ্া–জিঝীন।	
তরজমা	অতঃপর তোমাদের মধ্যে এমন কেহই নাই, যে তাহাকে রক্ষা করিতে পারে।	
	وَاِنَّهٗ لَتَذۡكِرَةٌ لِّلۡمُتَّقِيۡنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লাতায্ ্কিরাতুল্ লিলমুত্তাক ্ীন।	
তরজমা	এই কুরআন মুত্তাকীদের জন্য অবশ্যই এক উপদেশ।	
	وَاِنَّا لَنَعۡلَمُ اَنَّ مِنۡكُمۡ مُّكَذِّبِيۡنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না–লানা‘লামু আন্না মিংকুম্ মুকায্ ্যি ্বীন।	
তরজমা	আমি অবশ্যই জানি যে, তোমাদের মধ্যে মিথ্যা আরোপকারী রহিয়াছে।	
	وَاِنَّهٗ لَحَسۡرَةٌ عَلَى الۡكٰفِرِيۡنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লাহ ্াছরাতুন ‘আলাল কা–ফিরীন।	

তরজমা	এবং এই কুরআন নিশ্চয়ই কাফিরদের অনুশোচনার কারণ হইবে,	
	وَاِنَّهٗ لَحَقُّ الْيَقِيْنِ ﴿۵۱﴾	**51**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লাহা ক্কুল ইয়াক ীন।	
তরজমা	অবশ্যই ইহা নিশ্চিত সত্য।	
	فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيْمِ ﴿۵۲﴾	**52**
প্রতিবর্ণায়ন	ফাছাব্বিহ বিছমি রাব্বিকাল 'আজ ীম।	
তরজমা	অতএব তুমি মহান প্রতিপালকের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা কর।	

70 - Al-Ma`arij-মা'আরিজ -المعارج

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	سَاَلَ سَآئِلٌۢ بِعَذَابٍ وَّاقِعٍ ﴿۱﴾	**1**
প্রতিবর্ণায়ন	ছাআলা ছা~ইলুম বি'আযা-বিওঁ ওয়াকি'।	
তরজমা	এক ব্যক্তি চাহিল সংঘটিত হউক শাস্তি, যাহা অবধারিত-	
	لِّلْكٰفِرِيْنَ لَيْسَ لَهٗ دَافِعٌ ﴿۲﴾	**2**
প্রতিবর্ণায়ন	লিলকা-ফিরীনা লাইছা লাহূ দা-ফি'।	
তরজমা	কাফিরদের জন্য, ইহা প্রতিরোধ করিবার কেহ নাই।	
	مِّنَ اللّٰهِ ذِى الْمَعَارِجِ ﴿۳﴾	**3**
প্রতিবর্ণায়ন	মিনাল্লা-হি যি ল মা'আ-রিজ।	
তরজমা	ইহা আসিবে আল্লাহ্‌র নিকট হইতে, যিনি সমুচ্চ মর্যাদার অধিকারী।	
	تَعْرُجُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ اِلَيْهِ فِىْ يَوْمٍ كَانَ مِقْدَارُهٗ خَمْسِيْنَ اَلْفَ سَنَةٍ ﴿۴﴾	**4**
প্রতিবর্ণায়ন	তা'রুজুল মালা~ইকাতু ওয়াররূহু ইলাইহি ফী ইয়াওমিং কা-না মিক দা-রুহূ খামছীনা আলফা ছানাহ।	
তরজমা	ফিরিশ্‌তা এবং রূহ্ আল্লাহ্‌র দিকে ঊর্ধ্বগামী হয় এমন এক দিনে, যাহার পরিমাণ পার্থিব পঞ্চাশ হাযার বৎসর।	
	فَاصْبِرْ صَبْرًا جَمِيْلًا ﴿۵﴾	**5**
প্রতিবর্ণায়ন	ফাসবির সাবরাং জামীলা-।	
তরজমা	সুতরাং তুমি ধৈর্যধারণ কর, পরম ধৈর্য।	

	اِنَّهُمۡ يَرَوۡنَهٗ بَعِيۡدًا ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম ইয়ারাওনাহূ বা‘ঈদা।	
তরজমা	উহারা ঐ দিনকে মনে করে সুদূর,	
	وَّ نَرٰىهُ قَرِيۡبًا ؕ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়া নারা-হু ক ারীবা- ।	
তরজমা	কিন্তু আমি দেখিতেছি ইহা আসন্ন।	
	يَوۡمَ تَكُوۡنُ السَّمَآءُ كَالۡمُهۡلِ ۙ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তাকূনুছ ছামা-উ কালমুহল্, ।	
তরজমা	সেদিন আকাশ হইবে গলিত ধাতুর মত	
	وَتَكُوۡنُ الۡجِبَالُ كَالۡعِهۡنِ ۙ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়া তাকূনুল জিবা-লু কাল‘ইহন্।	
তরজমা	এবং পর্বতসমূহ হইবে রঙ্গীন পশমের মত,	
	وَلَا يَسۡـَٔلُ حَمِيۡمٌ حَمِيۡمًا ۚ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়ালা-ইয়াছআলু হ ামীমুন হ ামীমা- ।	
তরজমা	এবং সুহৃদ সুহৃদের তত্ত্ব লইবে না,	
	يُّبَصَّرُوۡنَهُمۡ ؕ يَوَدُّ الۡمُجۡرِمُ لَوۡ يَفۡتَدِىۡ مِنۡ عَذَابِ يَوۡمِئِذٍۢ بِبَنِيۡهِ ۙ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ইউবাস্‌সারূনাহুম (ط) ইয়াওয়াদ্দুল মুজরিমু লাও ইয়াফতাদী মিন ‘আয া- বি ইয়াওমিইযি ম বিবানীহ।	
তরজমা	উহাদেরকে করা হইবে একে অপরের দৃষ্টিগোচর। অপরাধী সেই দিনের শাস্তির বদলে দিতে চাইবে তাহার সন্তান-সন্ততিকে,	
	وَصَاحِبَتِهٖ وَاَخِيۡهِ ۙ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া সা-হি বাতিহী ওয়া আখীহ।	
তরজমা	তাহার স্ত্রী ও ভ্রাতাকে,	
	وَفَصِيۡلَتِهِ الَّتِىۡ تُـْٔوِيۡهِ ۙ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ফাসীলাতিহিল্লাতী তু’ব ীহ।	
তরজমা	তাহার জ্ঞাতি-গোষ্ঠীকে, যাহারা তাহাকে আশ্রয় দিত	
	وَمَنۡ فِى الۡاَرۡضِ جَمِيۡعًا ۙ ثُمَّ يُنۡجِيۡهِ ۙ﴿۱۴﴾	14

প্রতিবর্ণায়ন	ওয়া মাং ফিল আরদি' জামী'আং (৴) ছু'ম্মা ইউংজীহ।	
তরজমা	এবং পৃথিবীর সকলকে, যাহাতে এই মুক্তিপণ তাহাকে মুক্তি দেয়।	
	كَلَّا ۖ إِنَّهَا لَظَىٰ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	কাল্লা- (ط) ইন্নাহা-লাজ'া- ।	
তরজমা	না, কখনই নয়, ইহা তো লেলিহান অগ্নি,	
	نَزَّاعَةً لِّلشَّوَىٰ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	নাঝঝা'আতাল লিশ্‌শাওয়া- ।	
তরজমা	যাহা গাত্র হইতে চামড়া খসাইয়া দিবে।	
	تَدْعُوا مَنْ أَدْبَرَ وَتَوَلَّىٰ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	তাদ'উ মান আদবারা ওয়া তাওয়াল্লা- ।	
তরজমা	জাহান্নাম সেই ব্যক্তিকে ডাকিবে, যে সত্যের প্রতি পৃষ্ঠপ্রদর্শন করিয়াছিল ও মুখ ফিরাইয়া লইয়াছিল।	
	وَجَمَعَ فَأَوْعَىٰ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া জামা'আ ফাআও'আ- ।	
তরজমা	যে সম্পদ পুঞ্জীভূত এবং সংরক্ষিত করিয়া রাখিয়াছিল।	
	إِنَّ الْإِنسَانَ خُلِقَ هَلُوعًا ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ইন্নাল ইংছা-না খুলিক'া হালূ'আ- ।	
তরজমা	মানুষ তো সৃজিত হইয়াছে অতিশয় অস্থিরচিত্তরূপে।	
	إِذَا مَسَّهُ الشَّرُّ جَزُوعًا ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ইয'া- মাছছাহুশ্‌শাররু জাঝূ'আ- ।	
তরজমা	যখন বিপদ তাহাকে স্পর্শ করে সে হয় হা-হুতাশকারী।	
	وَإِذَا مَسَّهُ الْخَيْرُ مَنُوعًا ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-মাছছাহুল খাইরু মানূ'আ- ।	
তরজমা	আর যখন কল্যাণ তাহাকে স্পর্শ করে সে হয় অতি কৃপণ ;	
	إِلَّا الْمُصَلِّينَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ইল্লাল মুসাল্লীন।	
তরজমা	তবে সালাত আদায়কারীগণ ব্যতীত,	

	الَّذِيْنَ هُمْ عَلٰى صَلَاتِهِمْ دَآئِمُوْنَ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা হুম 'আলা–সালা–তিহিম দা~ইমূন।	
তরজমা	যাহারা তাহাদের সালাতে সদা প্রতিষ্ঠিত,	
	وَالَّذِيْنَ فِيْٓ اَمْوَالِهِمْ حَقٌّ مَّعْلُوْمٌ ۝٢٤	24
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা ফী˜ আমওয়া–লিহিম হ াক্কু ম্ মা'লূম।	
তরজমা	আর যাহাদের সম্পদে নির্ধারিত হক রহিয়াছে	
	لِّلسَّآئِلِ وَالْمَحْرُوْمِ ۝٢٥	25
প্রতিবর্ণায়ন	লিছ্ছা~ইলি ওয়াল মাহ রূম।	
তরজমা	যাচঞাকারী ও বঞ্চিতের,	
	وَالَّذِيْنَ يُصَدِّقُوْنَ بِيَوْمِ الدِّيْنِ ۝٢٦	26
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায়ীনা ইউসাদ্দিকূ না বিইয়াওমিদ্দীন।	
তরজমা	এবং যাহারা কর্মফল দিবসকে সত্য বলিয়া জানে।	
	وَالَّذِيْنَ هُمْ مِّنْ عَذَابِ رَبِّهِمْ مُّشْفِقُوْنَ ۝٢٧	27
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা হুম মিন 'আয া–বি রাব্বিহিম মুশফিকূ ন।	
তরজমা	আর যাহারা তাহাদের প্রতিপালকের শাস্তি সম্পর্কে ভীতসন্ত্রস্ত–	
	اِنَّ عَذَابَ رَبِّهِمْ غَيْرُ مَاْمُوْنٍ ۝٢٨	28
প্রতিবর্ণায়ন	ইন্না 'আয া–বা রাব্বিহিম গাইরু মা'মূন।	
তরজমা	নিশ্চয়ই তাহাদের প্রতিপালকের শাস্তি হইতে নিঃশংক থাকা যায় না–	
	وَالَّذِيْنَ هُمْ لِفُرُوْجِهِمْ حٰفِظُوْنَ ۝٢٩	29
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনাহুম লিফুরূজিহিম হ া–ফিজূ ন।	
তরজমা	এবং যাহারা নিজেদের যৌন অঙ্গকে সংযত রাখে,	
	اِلَّا عَلٰٓى اَزْوَاجِهِمْ اَوْ مَا مَلَكَتْ اَيْمَانُهُمْ فَاِنَّهُمْ غَيْرُ مَلُوْمِيْنَ ۝٣٠	30
প্রতিবর্ণায়ন	ইল্লা–'আলা˜ আয ওয়া–জিহিম আও মা–মালাকাত আইমা–নুহুম ফাইন্নাহুম গাইরু মালূমীন।	
তরজমা	তাহাদের পত্নী অথবা অধিকারভুক্ত দাসী ব্যতীত, ইহাতে তাহারা নিন্দনীয় হইবে না–	
	فَمَنِ ابْتَغٰى وَرَآءَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْعٰدُوْنَ ۝٣١	31

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফামানিব্তাগা–ওয়ারা–আ য'া–লিকা ফাউলা~ইকা হুমুল 'আ–দূন।	
তরজমা	তবে কেহ ইহাদেরকে ছাড়া অন্যকে কামনা করিলে তাহারা হইবে সীমালংঘনকারী-	
	وَالَّذِيْنَ هُمْ لِاَمٰنٰتِهِمْ وَعَهْدِهِمْ رٰعُوْنَ ۝٣٢	32
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা হুম লিআমা–না–তিহিম ওয়া 'আহদিহিম রা–'উন।	
তরজমা	এবং যাহারা আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে,	
	وَالَّذِيْنَ هُمْ بِشَهٰدٰتِهِمْ قَآئِمُوْنَ ۝٣٣	33
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা হুম বিশাহা–দা–তিহিম ক'া~ইমূন।	
তরজমা	আর যাহারা তাহাদের সাক্ষ্যদানে অটল,	
	وَالَّذِيْنَ هُمْ عَلٰى صَلَاتِهِمْ يُحَافِظُوْنَ ۝٣٤	34
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা হুম 'আলা–সালা–তিহিম ইউহ'া–ফিজূ ন।	
তরজমা	এবং নিজেদের সালাতে যত্নবান-	
	اُولٰٓئِكَ فِيْ جَنّٰتٍ مُّكْرَمُوْنَ ۝٣٥	35
প্রতিবর্ণায়ন	উলা~ইকা ফী জান্না–তিম্ মুকরামূন।	
তরজমা	তাহারাই সম্মানিত হইবে জান্নাতে।	
	فَمَالِ الَّذِيْنَ كَفَرُوْا قِبَلَكَ مُهْطِعِيْنَ ۝٣٦	36
প্রতিবর্ণায়ন	ফামা–লিল্লায ীনা কাফারূ কি'বালাকা মুহতি''ঈন।	
তরজমা	কাফিরদের হইল কি যে, উহারা তোমার দিকে ছুটিয়া আসিতেছে	
	عَنِ الْيَمِيْنِ وَعَنِ الشِّمَالِ عِزِيْنَ ۝٣٧	37
প্রতিবর্ণায়ন	'আনিল ইয়ামীনি ওয়া'আনিশ্শিমা–লি 'ইঝীন।	
তরজমা	দক্ষিণ ও বাম দিক হইতে, দলে দলে।	
	اَيَطْمَعُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ اَنْ يُّدْخَلَ جَنَّةَ نَعِيْمٍ ۝٣٨	38
প্রতিবর্ণায়ন	আইয়াত'মা'উ কুল্লুম রিইম্ মিন্হুম আইঁ ইউদখালা জান্নাতা না'ঈম।	
তরজমা	উহাদের প্রত্যেকে কি এই প্রত্যাশা করে যে, তাহাকে দাখিল করা হইবে প্রাচুর্যময় জান্নাতে ?	
	كَلَّا ؕ اِنَّا خَلَقْنٰهُمْ مِّمَّا يَعْلَمُوْنَ ۝٣٩	39
প্রতিবর্ণায়ন	কাল্লা~ (ط) ইন্না– খালাক'না–হুম মিম্মা–ইয়া'লামূন।	
তরজমা	কখনো না, আমি উহাদেরকে যাহা হইতে সৃষ্টি করিয়াছি তাহা উহারা জানে।	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	فَلَآ اُقۡسِمُ بِرَبِّ الۡمَشٰرِقِ وَالۡمَغٰرِبِ اِنَّا لَقٰدِرُوۡنَ ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	ফালা~ উক্‌ছিমু বিরাব্বিল মাশা-রিকি ওয়াল মাগা-রিবি ইন্না- লাকা-দিরূন।	
তরজমা	আমি শপথ করিতেছি উদয়াচলসমূহ ও অস্তাচলসমূহের অধিপতির-নিশ্চয়ই আমি সক্ষম,	
	عَلٰۤی اَنۡ نُّبَدِّلَ خَیۡرًا مِّنۡهُمۡ ۙ وَمَا نَحۡنُ بِمَسۡبُوۡقِیۡنَ ﴿۴۱﴾	41
প্রতিবর্ণায়ন	'আলা~ আন্ নুবাদ্দিলা খাইরাম মিনহুম (ۙ) ওয়ামা-নাহ্‌নু বিমাছবূকীন।	
তরজমা	উহাদের অপেক্ষা উৎকৃষ্টতর মানবগোষ্ঠীকে উহাদের স্থলবর্তী করিতে এবং ইহাতে আমি অক্ষম নই।	
	فَذَرۡهُمۡ یَخُوۡضُوۡا وَیَلۡعَبُوۡا حَتّٰی یُلٰقُوۡا یَوۡمَهُمُ الَّذِیۡ یُوۡعَدُوۡنَ ﴿۴۲﴾	42
প্রতিবর্ণায়ন	ফায়ারহুম ইয়াখূদূ ওয়া ইয়াল'আবূ হাত্তা-ইউলা-কূ ইয়াওমাহুমুল্লাযী ইউ'আদূন।	
তরজমা	অতএব উহাদেরকে বাকবিতণ্ডা ও ক্রীড়া-কৌতুকে মত্ত থাকিতে দাও, যে দিবস সম্পর্কে তাহাদেরকে সতর্ক করা হইয়াছিল, তাহার সম্মুখীন হওয়ার পূর্ব পর্যন্ত।	
	یَوۡمَ یَخۡرُجُوۡنَ مِنَ الۡاَجۡدَاثِ سِرَاعًا کَاَنَّهُمۡ اِلٰی نُصُبٍ یُّوۡفِضُوۡنَ ﴿۴۳﴾	43
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াখরুজূনা মিনাল আজদা-ছি ছিরা-'আং কাআন্নাহুম ইলা-নুসুবিইঁ ইউফিদূন।	
তরজমা	সেদিন উহারা কবর হইতে বাহির হইবে দ্রুতবেগে, মনে হইবে উহারা কোন উপাসনালয়ের দিকে ধাবিত হইতেছে,	
	خَاشِعَةً اَبۡصَارُهُمۡ تَرۡهَقُهُمۡ ذِلَّةٌ ؕ ذٰلِکَ الۡیَوۡمُ الَّذِیۡ کَانُوۡا یُوۡعَدُوۡنَ ﴿۴۴﴾	44
প্রতিবর্ণায়ন	খা-শি'আতান আবসা-রুহুম তারহাকুহুম যিল্লাতুং (ط) যা-লিকাল ইয়াওমুল্লাযী কা-নূ ইউ'আদূন।	
তরজমা	অবনত নেত্রে। হীনতা উহাদেরকে আচ্ছন্ন করিবে ; ইহাই সেই দিন, যাহার বিষয়ে সতর্ক করা হইয়াছিল উহাদেরকে।	

71 - Nuh-নূহ -نوح

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	اِنَّاۤ اَرۡسَلۡنَا نُوۡحًا اِلٰی قَوۡمِهٖۤ اَنۡ اَنۡذِرۡ قَوۡمَکَ مِنۡ قَبۡلِ اَنۡ یَّاۡتِیَهُمۡ عَذَابٌ اَلِیۡمٌ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইন্না~ আরছালনা- নূহান ইলা- কাওমিহী~ আন আংযির কাওমাকা মিং কাবলি আইঁ ইয়া'তিয়াহুম 'আযা-বুন আলীম।	

| --- | --- | --- |
তরজমা	নূহ্‌কে আমি প্রেরণ করিয়াছিলাম তাহার সম্প্রদায়ের প্রতি এই নির্দেশসহ : তুমি তোমার সম্প্রদায়কে সতর্ক কর তাহাদের প্রতি মর্মন্তুদ শাস্তি আসিবার পূর্বে।	
	قَالَ يٰقَوْمِ اِنِّيْ لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	কা-লা ইয়া- কাওমি ইন্নী লাকুম নাযীরুম্ মুবীন।	
তরজমা	সে বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায় ! আমি তো তোমাদের জন্য স্পষ্ট সতর্ককারী-	
	اَنِ اعْبُدُوا اللّٰهَ وَاتَّقُوْهُ وَاَطِيْعُوْنِ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	আনি'বুদুল্লা-হা ওয়াত্তাকূহু ওয়া আতী'উন।	
তরজমা	'এই বিষয়ে যে, 'তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর ও তাঁহাকে ভয় কর এবং আমার আনুগত্য কর ;	
	يَغْفِرْ لَكُمْ مِّنْ ذُنُوْبِكُمْ وَيُؤَخِّرْكُمْ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ۗ اِنَّ اَجَلَ اللّٰهِ اِذَا جَآءَ لَا يُؤَخَّرُ ۘ لَوْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ইয়াগফিরলাকুম মিং যুনূবিকুম ওয়া ইউআখখিরকুম ইলা আজালিম্ মুছাম্মা- (ط) ইন্না আজালাল্লা-হি ইযা-জা~আ লা-ইউআখখার (م)। লাও কুংতুম তা'লামূন।	
তরজমা	'তিনি তোমাদের পাপ ক্ষমা করিবেন এবং তিনি তোমাদেরকে অবকাশ দিবেন এক নির্দিষ্টকাল পর্যন্ত। নিশ্চয় আল্লাহ্ কর্তৃক নির্ধারিত কাল উপস্থিত হইলে উহা বিলম্বিত হয় না ; যদি তোমরা ইহা জানিতে !'	
	قَالَ رَبِّ اِنِّيْ دَعَوْتُ قَوْمِيْ لَيْلًا وَّنَهَارًا ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	কা-লা রাব্বি ইন্নী দা'আওতু কাওমী লাইলাওঁ ওয়া নাহা-রা- ।	
তরজমা	সে বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক ! আমি তো আমার সম্প্রদায়কে দিবারাত্রি আহ্বান করিয়াছি,	
	فَلَمْ يَزِدْهُمْ دُعَآءِيْٓ اِلَّا فِرَارًا ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ফালাম ইয়াঝিদহুম দু'আ~ঈ ইল্লা-ফিরা-রা- ।	
তরজমা	'কিন্তু আমার আহবান উহাদের পলায়ন প্রবণতাই বৃদ্ধি করিয়াছে।	
	وَاِنِّيْ كُلَّمَا دَعَوْتُهُمْ لِتَغْفِرَ لَهُمْ جَعَلُوْٓا اَصَابِعَهُمْ فِيْٓ اٰذَانِهِمْ وَاسْتَغْشَوْا ثِيَابَهُمْ وَاَصَرُّوْا وَاسْتَكْبَرُوا اسْتِكْبَارًا ﴿٧﴾	7

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নী কুল্লামা– দ'া'আওতুহুম লিতাগফিরালাহুম জা'আলূ˜ আসা–বি'আহুম ফী˜ আ–য া নিহিম ওয়াছতাগশাও ছি য়া–বাহুম ওয়া আছারূরূ ওয়াছতাক্‌বারুছ্ তিক্‌বা–রা– ।	
তরজমা	'আমি যখনই উহাদেরকে আহ্বান করি যাহাতে তুমি উহাদেরকে ক্ষমা কর, উহারা কানে অঙ্গুলী দেয়, বস্ত্রাবৃত করে নিজেদেরকে ও জিদ করিতে থাকে এবং অতিশয় ঔদ্ধত্য প্রকাশ করে।	
	ثُمَّ اِنِّىۡ دَعَوۡتُهُمۡ جِهَارًا ۙ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ইন্নী– দা'আওতুহুম জিহা–রা– ।	
তরজমা	'অতঃপর আমি উহাদেরকে আহ্বান করিয়াছি প্রকাশ্যে,	
	ثُمَّ اِنِّىۡۤ اَعۡلَنۡتُ لَهُمۡ وَاَسۡرَرۡتُ لَهُمۡ اِسۡرَارًا ۙ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ইন্নী˜আ'লাংতু লাহুম ওয়া আছরারতু লাহুম ইছরা–রা– ।	
তরজমা	'পরে আমি উচ্চৈঃস্বরে প্রচার করিয়াছি ও উপদেশ দিয়াছি গোপনে।'	
	فَقُلۡتُ اسۡتَغۡفِرُوۡا رَبَّكُمۡ ؕ اِنَّهٗ كَانَ غَفَّارًا ۙ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ফাকু লতুছ্‌তাগফিরূ রাব্বাকুম (ط) ইন্নাহূ কা–না গাফ্‌ফা–রা– ।	
তরজমা	বলিয়াছি, 'তোমাদের প্রতিপালকের ক্ষমা প্রার্থনা কর, তিনি তো মহাক্ষমাশীল,	
	يُّرۡسِلِ السَّمَآءَ عَلَيۡكُمۡ مِّدۡرَارًا ۙ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ইউরছিলিছ্ ছামা~আ 'আলাইকুম মিদরা–রা– ।	
তরজমা	'তিনি তোমাদের জন্য প্রচুর বৃষ্টিপাত করিবেন,	
	وَّيُمۡدِدۡكُمۡ بِاَمۡوَالٍ وَّبَنِيۡنَ وَيَجۡعَلۡ لَّـكُمۡ جَنّٰتٍ وَّيَجۡعَلۡ لَّـكُمۡ اَنۡهٰرًا ؕ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া ইউমদিদ্‌কুম বিআমওয়া–লিওঁ ওয়াবানীনা ওয়া ইয়াজ'আল্লাকুম জান্না–তিওঁ ওয়া ইয়াজ'আল্লাকুম আনহা–রা– ।	
তরজমা	'তিনি তোমাদেরকে সমৃদ্ধ করিবেন ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে এবং তোমাদের জন্য স্থাপন করিবেন উদ্যান ও প্রবাহিত করিবেন নদী-নালা।	
	مَا لَـكُمۡ لَا تَرۡجُوۡنَ لِلّٰهِ وَقَارًا ۚ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	মা–লাকুম লা–তারজূনা লিল্লা–হি ওয়াক া–রা– ।	
তরজমা	'তোমাদের কী হইয়াছে যে, তোমরা আল্লাহ্‌র শ্রেষ্ঠত্ব স্বীকার করিতে চাহিতেছ না !	
	وَقَدۡ خَلَقَكُمۡ اَطۡوَارًا ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া ক াদ খালাক াকুম আত ওয়া–রা– ।	

তরজমা	‘অথচ তিনিই তোমাদেরকে সৃষ্টি করিয়াছেন পর্যায়ক্রমে,	
	اَلَمْ تَرَوْا كَيْفَ خَلَقَ اللّٰهُ سَبْعَ سَمٰوٰتٍ طِبَاقًا ۟ۙ ١٥	15
প্রতিবর্ণায়ন	আলাম তারাও কাইফা খালাক াল্লা-হু ছাব‘আ ছামা-ওয়া-তিং তি া-ক া- ।	
তরজমা	‘তোমরা কি লক্ষ্য কর নাই, আল্লাহ্ কিভাবে সৃষ্টি করিয়াছেন সপ্তস্তরে বিন্যস্ত আকাশমণ্ডলী ?	
	وَّ جَعَلَ الْقَمَرَ فِيْهِنَّ نُوْرًا وَّ جَعَلَ الشَّمْسَ سِرَاجًا ١٦	16
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আলাল ক ামারা ফীহিন্না নূরাওঁ ওয়া জা‘আলাশ্শামছা ছিরা-জা- ।	
তরজমা	‘এবং সেখানে চন্দ্রকে স্থাপন করিয়াছেন আলোরূপে ও সূর্যকে স্থাপন করিয়াছেন প্রদীপরূপে ;	
	وَاللّٰهُ اَنْۢبَتَكُمْ مِّنَ الْاَرْضِ نَبَاتًا ۟ۙ ١٧	17
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা- হু আমবাতাকুম মিনাল আরদি নাবা-তা- ।	
তরজমা	‘তিনি তোমাদেরকে উদ্ভূত করিয়াছেন মৃত্তিকা হইতে;	
	ثُمَّ يُعِيْدُكُمْ فِيْهَا وَيُخْرِجُكُمْ اِخْرَاجًا ١٨	18
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ইউ‘ঈদুকুম ফীহা- ওয়া ইউখরিজুকুম ইখরা-জা- ।	
তরজমা	‘অতঃপর উহাতে তিনি তোমাদেরকে প্রত্যাবৃত্ত করিবেন ও পরে পুনরুত্থিত করিবেন,	
	وَاللّٰهُ جَعَلَ لَكُمُ الْاَرْضَ بِسَاطًا ۟ۙ ١٩	19
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু জা‘আলা লাকুমুল আরদ া বিছা-ত া- ।	
তরজমা	‘এবং আল্লাহ্ তোমাদের জন্য ভূমিকে করিয়াছেন বিস্তৃত-	
	لِّتَسْلُكُوْا مِنْهَا سُبُلًا فِجَاجًا ٢٠	20
প্রতিবর্ণায়ন	লিতাছলুকূ মিনহা-ছুবুলাং ফিজা-জা- ।	
তরজমা	‘যাহাতে তোমরা চলাফেরা করিতে পার প্রশস্ত পথে।’	
	قَالَ نُوْحٌ رَّبِّ اِنَّهُمْ عَصَوْنِيْ وَاتَّبَعُوْا مَنْ لَّمْ يَزِدْهُ مَالُهٗ وَوَلَدُهٗۤ اِلَّا خَسَارًا ۟ۚ ٢١	21
প্রতিবর্ণায়ন	ক া-লা নূহু ‌র্‌রাব্বি ইন্নাহুম ‘আসাওনী ওয়াত্তাবা‘উ মাল্লাম ইয়াঝিদ্‌হু মা-লুহূ ওয়া ওয়ালাদুহূ~ ইল্লা- খাছা-রা- ।	
তরজমা	নূহ্ বলিয়াছিল, ‘হে আমার প্রতিপালক ! আমার সম্প্রদায় তো আমাকে অমান্য করিয়াছে এবং অনুসরণ করিয়াছে এমন লোকের যাহার ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তাহার ক্ষতি ব্যতীত আর কিছুই বৃদ্ধি করে নাই।’	

	وَمَكَرُوْا مَكْرًا كُبَّارًا ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া মাকারূ মাকরাং কুব্বা–রা– ।	
তরজমা	আর উহারা ভয়ানক ষড়যন্ত্র করিয়াছিল;	
	وَقَالُوْا لَا تَذَرُنَّ اٰلِهَتَكُمْ وَلَا تَذَرُنَّ وَدًّا وَّلَا سُوَاعًا ۙ وَّلَا يَغُوْثَ وَيَعُوْقَ وَنَسْرًا ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়া ক া লূ লা– তায া রুন্না আ–লিহাতাকুম ওয়ালা– তায া রুন্না ওয়াদ্দাওঁ ওয়ালা–ছুওয়া–'আওঁ (ل) ওয়ালা– ইয়াগূছ া ওয়া ইয়া'উক া ওয়া নাছ্‌রা– ।	
তরজমা	এবং বলিয়াছিল, 'তোমরা কখনও পরিত্যাগ করিও না তোমাদের দেব-দেবীকে; পরিত্যাগ করিও না ওয়াদ্, সুওয়া'আ, ইয়াগূস, ইয়া'উক ও নাস্‌রকে।	
	وَقَدْ اَضَلُّوْا كَثِيْرًا ۚ وَلَا تَزِدِ الظّٰلِمِيْنَ اِلَّا ضَلٰلًا ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়া ক া দ আদ া ল্লূ কাছ ীরাওঁ (ج) ওয়ালা–তাঝিদিজ্জ া–লিমীনা ইল্লা–দ া লা–লা– ।	
তরজমা	'উহারা অনেককে বিভ্রান্ত করিয়াছে; সুতরাং জালিমদের বিভ্রান্তি ব্যতীত আর কিছুই বৃদ্ধি করিও না।'	
	مِمَّا خَطِيْٓـٰٔتِهِمْ اُغْرِقُوْا فَاُدْخِلُوْا نَارًا ۙ فَلَمْ يَجِدُوْا لَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اَنْصَارًا ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	মিম্মা খাত ীআ~তিহিম উগরিকূ ফাউদখিলূ না–রাং (ل) ফালাম ইয়াজিদূ লাহুম মিং দূনিল্লা– হি আংসা–রা– ।	
তরজমা	উহাদের অপরাধের জন্য উহাদেরকে নিমজ্জিত করা হইয়াছিল এবং পরে উহাদেরকে দাখিল করা হইয়াছিল দোযখে, অতঃপর উহারা কাহাকেও আল্লাহ্‌র মুকাবিলায় পায় নাই সাহায্যকারী।	
	وَقَالَ نُوْحٌ رَّبِّ لَا تَذَرْ عَلَى الْاَرْضِ مِنَ الْكٰفِرِيْنَ دَيَّارًا ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া ক া–লা নূহু র্‌রাব্বি লা–তায া র 'আলাল আরদি মিনাল কা–ফিরীনা দাইইয়া–রা– ।	
তরজমা	নূহ্ আরও বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক ! পৃথিবীতে কাফিরগণের মধ্য হইতে কোন গৃহবাসীকে অব্যাহতি দিও না।	
	اِنَّكَ اِنْ تَذَرْهُمْ يُضِلُّوْا عِبَادَكَ وَلَا يَلِدُوْٓا اِلَّا فَاجِرًا كَفَّارًا ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ইন্নাকা ইং তায া রহুম ইউদি ল্লু 'ইবা– দাকা ওয়ালা– ইয়ালিদূ~ ইল্লা– ফা–জিরাং কাফফা–রা– ।	
তরজমা	'তুমি উহাদেরকে অব্যাহতি দিলে উহারা তোমার বান্দাদেরকে পথভ্রষ্ট করিবে এবং জন্ম দিতে থাকিবে কেবল দুষ্কৃতিকারী ও কাফির।	

	رَبِّ اغْفِرْ لِىْ وَلِوَالِدَىَّ وَلِمَنْ دَخَلَ بَيْتِىَ مُؤْمِنًا وَّلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ؕ وَلَا تَزِدِ الظّٰلِمِيْنَ اِلَّا تَبَارًا ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	রাব্বিগফিরলী ওয়ালিওয়া–লিদাইইয়া ওয়া লিমাং দাখালা বাইতিয়া মু’মিনাওঁ ওয়া লিলমু’মিনীনা ওয়াল মু’মিনা–তি (ط) ওয়ালা– তাঝিদিজ্জ া–লিমীনা ইল্লা–তাবা–রা– ।	
তরজমা	‘হে আমার প্রতিপালক ! তুমি ক্ষমা কর আমাকে, আমার পিতামাতাকে এবং যাহারা মু’মিন হইয়া আমার গৃহে প্রবেশ করে তাহাদেরকে এবং মু’মিন পুরুষ ও মু’মিন নারীদেরকে ; আর জালিমদের শুধু ধ্বংসই বৃদ্ধি কর।’	

72- Al-Jinn-জিন -الجن

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	قُلْ اُوْحِىَ اِلَىَّ اَنَّهُ اسْتَمَعَ نَفَرٌ مِّنَ الْجِنِّ فَقَالُوْٓا اِنَّا سَمِعْنَا قُرْاٰنًا عَجَبًا ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	কু ল ঊহি য়া ইলাইইয়া আন্নাহুছ্‌তামা‘আ নাফারুম্‌ মিনাল জিন্নি ফাক া–লূ˜ ইন্না–ছামি‘না–কু রআ–নান ‘আজাবা– ।	
তরজমা	বল, ‘আমার প্রতি ওহী প্রেরিত হইয়াছে যে, জিনদের একটি দল মনোযোগ সহকারে শ্রবণ করিয়াছে এবং বলিয়াছে, ‘আমরা তো এক বিস্ময়কর কুরআন শ্রবণ করিয়াছি,	
	يَّهْدِىْٓ اِلَى الرُّشْدِ فَاٰمَنَّا بِهٖ ؕ وَلَنْ نُّشْرِكَ بِرَبِّنَآ اَحَدًا ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ইয়াহদী˜ ইলার্‌রুশদি ফাআ–মান্না– বিহী (ط) ওয়া লান নুশরিকা বিরাব্বিনা˜আহ াদা– ।	
তরজমা	‘যাহা সঠিক পথনির্দেশ করে; ফলে আমরা ইহাতে বিশ্বাস স্থাপন করিয়াছি। আমরা কখনও আমাদের প্রতিপালকের কোন শরীক স্থির করিব না,	
	وَّاَنَّهُ تَعٰلٰى جَدُّ رَبِّنَا مَا اتَّخَذَ صَاحِبَةً وَّلَا وَلَدًا ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ তা‘আ– জাদ্দু রাব্বিনা– মাত্তাখায া সা–হি বাতাওঁ ওয়ালা– ওয়ালাদা– ।	
তরজমা	‘এবং নিশ্চয়ই সমুচ্চ আমাদের প্রতিপালকের মর্যাদা ; তিনি গ্রহণ করেন নাই কোন পত্নী এবং না কোন সন্তান।	
	وَّاَنَّهُ كَانَ يَقُوْلُ سَفِيْهُنَا عَلَى اللّٰهِ شَطَطًا ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ কা–না ইয়াকূ লু ছাফীহুনা– ‘আলাল্লা–হি শাত াত া– ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	‘এবং আরও এই যে, আমাদের মধ্যকার নির্বোধেরা আল্লাহ্‌র সম্বন্ধে অতি অবাস্তব উক্তি করিত।	
	وَّاَنَّا ظَنَنَّاۤ اَنۡ لَّنۡ تَقُوۡلَ الۡاِنۡسُ وَالۡجِنُّ عَلَى اللّٰهِ كَذِبًا ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না– জ়ানান্না˜ আল্লাং তাকূ্‌লাল ইংছু ওয়াল জ্বিন্নু ‘আলাল্লা–হি কাযি্‌বা– ।	
তরজমা	‘অথচ আমরা মনে করিতাম মানুষ এবং জিন আল্লাহ্ সম্বন্ধে কখনও মিথ্যা আরোপ করিবে না।	
	وَّاَنَّهٗ كَانَ رِجَالٌ مِّنَ الۡاِنۡسِ يَعُوۡذُوۡنَ بِرِجَالٍ مِّنَ الۡجِنِّ فَزَادُوۡهُمۡ رَهَقًا ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ কা–না রিজা–লুম মিনাল ইংছি ইয়া‘উযূ্‌না বিরিজা–লিম মিনাল জিন্নি ফাঝা–দূহুম রাহাক্বা– ।	
তরজমা	‘আরও এই যে, কতিপয় মানুষ কতক জিনের শরণ লইত, ফলে উহারা জিনদের আত্মম্ভরিতা বাড়াইয়া দিত।’	
	وَّاَنَّهُمۡ ظَنُّوۡا كَمَا ظَنَنۡتُمۡ اَنۡ لَّنۡ يَّبۡعَثَ اللّٰهُ اَحَدًا ۙ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহুম জ়ান্নু কামা– জ়ানাংতুম আল্লাইঁ ইয়াব‘আছাল্লা– হু আহ়াদা– ।	
তরজমা	আরও এই যে, জিনেরা বলিয়াছিল, ‘তোমাদের মত মানুষও মনে করে যে, মৃত্যুর পর আল্লাহ্ কাহাকেও পুনরুত্থিত করিবেন না।	
	وَّاَنَّا لَمَسۡنَا السَّمَآءَ فَوَجَدۡنٰهَا مُلِئَتۡ حَرَسًا شَدِيۡدًا وَّشُهُبًا ۙ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না–লামাছ্‌নাছ্‌ছামা~আ ফাওয়াজাদনা-হা- মুলিইয়াত হ়ারাছাং শাদীদাওঁ ওয়া শুহুবা- ।	
তরজমা	‘এবং আমরা চাহিয়াছিলাম আকাশের তথ্য সংগ্রহ করিতে কিন্তু আমরা দেখিতে পাইলাম কঠোর প্রহরী ও উল্কাপিণ্ড দ্বারা আকাশ পরিপূর্ণ ;	
	وَّاَنَّا كُنَّا نَقۡعُدُ مِنۡهَا مَقَاعِدَ لِلسَّمۡعِ ؕ فَمَنۡ يَّسۡتَمِعِ الۡاٰنَ يَجِدۡ لَهٗ شِهَابًا رَّصَدًا ۙ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না– কুন্না– নাক্ব‘উদু মিনহা– মাক্বা–‘ইদা লিছছামা‘ই (ط) ফামাইঁ ইয়াছতামি‘ইল আ–না ইয়াজিদ লাহূ শিহা–বার্‌রাসাদা– ।	
তরজমা	‘আর পূর্বে আমরা আকাশের বিভিন্ন ঘাঁটিতে সংবাদ শুনিবার জন্য বসিতাম কিন্তু এখন কেহ সংবাদ শুনিতে চাহিলে সে তাহার উপর নিক্ষেপের জন্য প্রস্তুত জ্বলন্ত উল্কাপিণ্ডের সম্মুখীন হয়।	
	وَّاَنَّا لَا نَدۡرِىۡۤ اَشَرٌّ اُرِيۡدَ بِمَنۡ فِى الۡاَرۡضِ اَمۡ اَرَادَ بِهِمۡ رَبُّهُمۡ رَشَدًا ۙ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না– লা–নাদরী˜ আশাররুন উরীদা বিমাং ফিল আরদি় আম আরা–দা বিহিম রাব্বুহুম রাশাদা– ।	

তরজমা	'আমরা জানি না জগদ্বাসীর অমঙ্গলই অভিপ্রেত, না তাহাদের প্রতিপালক তাহাদের মঙ্গল চান।	
	وَّاَنَّا مِنَّا الصّٰلِحُوْنَ وَمِنَّا دُوْنَ ذٰلِكَ ۭ كُنَّا طَرَاۗىِٕقَ قِدَدًا ۝	**11**
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না–মিন্নাসসা–লিহূ ্না ওয়া মিন্না–দূনা য ্া–লিকা (ط) কুন্না–ত ্ারা~ইক ্া কি ্দাদা– ।	
তরজমা	'এবং আমাদের কতক সৎকর্মপরায়ণ এবং কতক ইহার ব্যতিক্রম, আমরা ছিলাম বিভিন্ন পথের অনুসারী;	
	وَّاَنَّا ظَنَنَّآ اَنْ لَّنْ نُّعْجِزَ اللّٰهَ فِي الْاَرْضِ وَلَنْ نُّعْجِزَهٗ هَرَبًا ۝	**12**
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না–জ ্ানান্না~ আল্লান্ নু'জিঝাল্লা–হা ফিল আরদি ওয়া লান্ নু'জিঝাহূ হারাবা– ।	
তরজমা	'এখন আমরা বুঝিয়াছি যে, আমরা পৃথিবীতে আল্লাহ্‌কে পরাভূত করিতে পারিব না এবং পলায়ন করিয়াও তাঁহাকে ব্যর্থ করিতে পারিব না।	
	وَّاَنَّا لَمَّا سَمِعْنَا الْهُدٰٓى اٰمَنَّا بِهٖ ۭ فَمَنْ يُّؤْمِنْۢ بِرَبِّهٖ فَلَا يَخَافُ بَخْسًا وَّلَا رَهَقًا ۝	**13**
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না– লাম্মা– ছামি'নাল হুদা~আ–মান্না– বিহী (ط) ফামাইঁ ইউ'মিম বিরাব্বিহী ফালা– ইয়াখা–ফু বাখছাওঁ ওয়ালা– রাহাক ্া– ।	
	وَّ سُيِّرَتِ الۡجِبَالُ فَكَانَتۡ سَرَابًا ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ছুইয়িরাতিল জিবা–লু ফাকা–নাত ছারা–বা– ।	
তরজমা	এবং চলমান করা হইবে পর্বতসমূহকে, ফলে সেইগুলি হইয়া যাইবে মরীচিকা,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اِنَّ جَهَنَّمَ كَانَتۡ مِرۡصَادًا ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ইন্না জাহান্নামা কা–নাত মিরসা–দা– ।	
তরজমা	নিশ্চয় জাহান্নাম ওঁৎ পাতিয়া রহিয়াছে ;	
	لِّلطّٰغِيۡنَ مَاٰبًا ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	লিত্ত া–গীনা মাআ–বা– ।	
তরজমা	সীমালংঘনকারীদের প্রত্যাবর্তনস্থল।	
	لّٰبِثِيۡنَ فِيۡهَاۤ اَحۡقَابًا ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	লা–বিছ ীনা ফীহা˜ আহ ক া–বা– ।	
তরজমা	সেখানে উহারা যুগ যুগ ধরিয়া অবস্থান করিবে,	
	لَا يَذُوۡقُوۡنَ فِيۡهَا بَرۡدًا وَّلَا شَرَابًا ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	লা– ইয়াযূ কূ না ফীহা– বারদাওঁ ওয়ালা– শারা–বা– ।	
তরজমা	সেখানে উহারা আস্বাদন করিবে না শৈত্য, না কোন পানীয়–	
	اِلَّا حَمِيۡمًا وَّغَسَّاقًا ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	ইল্লা– হ ামীমাওঁ ওয়াগাছ্ছা–ক া– ।	
তরজমা	ফুটন্ত পানি ও পুঁজ ব্যতীত;	
	جَزَآءً وِّفَاقًا ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	জাঝা~আওঁ বি ফা–ক া– ।	
তরজমা	ইহাই উপযুক্ত প্রতিফল।	
	اِنَّهُمۡ كَانُوۡا لَا يَرۡجُوۡنَ حِسَابًا ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম কা–নূ লা– ইয়ারজুনা হি ছা–বা– ।	
তরজমা	উহারা কখনও হিসাবের আশংকা করিত না,	
	وَّكَذَّبُوۡا بِاٰيٰتِنَا كِذَّابًا ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়া কায য াবূ বিআ–য়া–তিনা– কিয য া–বা ।	
তরজমা	এবং উহারা দৃঢ়তার সঙ্গে আমার নিদর্শনাবলী অস্বীকার করিয়াছিল।	
	وَكُلَّ شَىۡءٍ اَحۡصَيۡنٰهُ كِتٰبًا ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	ওয়া কুল্লা শাইয়িন আহ সাইনা–হু কিতা–বা– ।	
তরজমা	সব কিছুই আমি সংরক্ষণ করিয়াছি লিখিতভাবে।	

	فَذُوۡقُوۡا فَلَنۡ نَّزِيۡدَكُمۡ اِلَّا عَذَابًا ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	ফাযূ ক্ূ ফালান্ নাঝীদাকুম ইল্লা- 'আয া-বা- ।	
তরজমা	অতঃপর তোমরা আস্বাদ গ্রহণ কর, আমি তো তোমাদের শাস্তিই শুধু বৃদ্ধি করিব।	
	اِنَّ لِلۡمُتَّقِيۡنَ مَفَازًا ﴿۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	ইন্না লিল্মুত্তাক ীনা মাফা-ঝা- ।	
তরজমা	মুত্তাকীদের জন্য তো আছে সাফল্য,	
	حَدَآئِقَ وَاَعۡنَابًا ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	হ াদা~ইক া ওয়া আ'না-বা- ।	
তরজমা	উদ্যান, দ্রাক্ষা,	
	وَّكَوَاعِبَ اَتۡرَابًا ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া কাওয়া-'ইবা আতরা-বা- ।	
তরজমা	সমবয়স্কা উদ্ভিন্ন যৌবনা তরুণী	
	وَّكَاۡسًا دِهَاقًا ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া কা'ছাং দিহা-ক া- ।	
তরজমা	এবং পূর্ণ পানপাত্র।	
	لَا يَسۡمَعُوۡنَ فِيۡهَا لَغۡوًا وَّلَا كِذّٰبًا ﴿۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	লা- ইয়াছমা'উনা ফীহা-লাগওয়াওঁ ওয়ালা- কিয য া-বা- ।	
তরজমা	সেখানে তাহারা শুনিবে না অসার ও মিথ্যা বাক্য;	
	جَزَآءً مِّنۡ رَّبِّكَ عَطَآءً حِسَابًا ﴿۳۶﴾	36
প্রতিবর্ণায়ন	জাঝা~আম্ মির্ রাব্বিকা 'আত া~আন হি ছা-বা- ।	
তরজমা	ইহা পুরস্কার, যথোচিত দান তোমার প্রতিপালকের,	
	رَّبِّ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ وَمَا بَيۡنَهُمَا الرَّحۡمٰنِ لَا يَمۡلِكُوۡنَ مِنۡهُ خِطَابًا ﴿۳۷﴾	37
প্রতিবর্ণায়ন	রাব্বিছ ছামা-ওয়া-তি ওয়াল আর্দি ওয়ামা- বাইনাহুমার্রাহ মা-নি লা-ইয়াম্লিকূনা মিন্হু খিত া-বা- ।	
তরজমা	যিনি প্রতিপালক আকাশমণ্ডলী, পৃথিবী ও উহাদের অন্তর্বর্তী সমস্ত কিছুর, যিনি দয়াময়; তাঁহার নিকট আবেদন-নিবেদনের শক্তি তাহাদের থাকিবে না।	
	يَوۡمَ يَقُوۡمُ الرُّوۡحُ وَالۡمَلٰٓئِكَةُ صَفًّا ۙۗ لَّا يَتَكَلَّمُوۡنَ اِلَّا مَنۡ اَذِنَ لَهُ الرَّحۡمٰنُ وَقَالَ صَوَابًا ﴿۳۸﴾	38

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াকূ'মুর্ রূহু' ওয়াল মালা~ইকাতু সাফ্ফাল্ (ط) লা-ইয়াতাকাল্লামূনা ইল্লা- মান আযি'না লাহুর রাহ'মা-নু ওয়া ক'া-লা সাওয়া-বা- ।	
তরজমা	সেই দিন রূহ্ ও ফিরিশ্তাগণ সারিবদ্ধভাবে দাঁড়াইবে; দয়াময় যাহাকে অনুমতি দিবেন সে ব্যতীত অন্যেরা কথা বলিবে না এবং সে যথার্থ বলিবে।	
	ذٰلِكَ الْيَوْمُ الْحَقُّ ۚ فَمَنْ شَآءَ اتَّخَذَ اِلٰى رَبِّهٖ مَاٰبًا ﴿٣٩﴾	**39**
প্রতিবর্ণায়ন	য'া-লিকাল ইয়াওমুল হ'াক্কু' (ج) ফামাং শা~আত্তাখায'া ইলা- রাব্বিহী মাআ-বা- ।	
তরজমা	এই দিবস সুনিশ্চিত ; অতএব যাহার ইচ্ছা সে তাহার প্রতিপালকের শরণাপন্ন হউক।	
	اِنَّآ اَنْذَرْنٰكُمْ عَذَابًا قَرِيْبًا ۖ يَّوْمَ يَنْظُرُ الْمَرْءُ مَا قَدَّمَتْ يَدٰهُ وَيَقُوْلُ الْكٰفِرُ يٰلَيْتَنِىْ كُنْتُ تُرٰبًا ﴿٤٠﴾	**40**
প্রতিবর্ণায়ন	ইন্না~ আংয'ারনা-কুম 'আয'া-বাং ক'ারীবাইঁ (ج) ইয়াওমা ইয়াংযু'রুল মারউ মা-ক'াদ্দামাত ইয়াদা-হু ওয়া ইয়াকূ'লুল্ কা-ফিরু ইয়া-লাইতানী কুংতু তুরা-বা ।	
তরজমা	আমি তো তোমাদেরকে আসন্ন শাস্তি সম্পর্কে সতর্ক করিলাম ; সেই দিন মানুষ তাহার কৃতকর্ম প্রত্যক্ষ করিবে এবং কাফির বলিবে, 'হায়, আমি যদি মাটি হইতাম !'	

79 - An-Nazi`at-নাযি'আত -النازعات

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَالنّٰزِعٰتِ غَرْقًا ﴿١﴾	**1**
প্রতিবর্ণায়ন	ওয়ান্না-ঝি'আ-তি গারক'া- ।	
তরজমা	শপথ তাহাদের যাহারা নির্মমভাবে উৎপাটন করে,	
	وَّالنّٰشِطٰتِ نَشْطًا ﴿٢﴾	**2**
প্রতিবর্ণায়ন	ওয়ান্না-শিত'া-তি নাশত'া- ।	
তরজমা	এবং যাহারা মৃদুভাবে বন্ধনমুক্ত করিয়া দেয়	
	وَّالسّٰبِحٰتِ سَبْحًا ﴿٣﴾	**3**
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ছা-বিহ'া-তি ছাবহ'া- ।	
তরজমা	এবং যাহারা তীব্র গতিতে সন্তরণ করে,	
	فَالسّٰبِقٰتِ سَبْقًا ﴿٤﴾	**4**
প্রতিবর্ণায়ন	ফাছ্ছা-বিক'া-তি ছাব্ক'া- ।	
তরজমা	আর যাহারা দ্রুতবেগে অগ্রসর হয়,	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	فَالْمُدَبِّرٰتِ اَمْرًا ۟	5
প্রতিবর্ণায়ন	ফাল মুদাব্বিরা–তি আমরা– ।	
তরজমা	অতঃপর যাহারা সকল কর্ম নির্বাহ করে।	
	يَوْمَ تَرْجُفُ الرَّاجِفَةُ ۟	6
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তারজুফুর্‌রা–জিফাহ্ ।	
তরজমা	সেই দিন প্রথম শিংগাধ্বনি প্রকম্পিত করিবে,	
	تَتْبَعُهَا الرَّادِفَةُ ۟	7
প্রতিবর্ণায়ন	তাতবা‘উহার্ রা–দিফাহ্ ।	
তরজমা	উহাকে অনুসরণ করিবে পরবর্তী শিংগাধ্বনি,	
	قُلُوْبٌ يَّوْمَىِٕذٍ وَّاجِفَةٌ ۟	8
প্রতিবর্ণায়ন	কূ ‌লূবুঁই ইয়াওমাইযি ‌ওঁ ওয়া–জিফাহ ।	
তরজমা	কত হৃদয় সেই দিন সন্ত্রস্ত হইবে,	
	اَبْصَارُهَا خَاشِعَةٌ ۟	9
প্রতিবর্ণায়ন	আব্‌সা–রুহা– খা–শি‘আহ ।	
তরজমা	উহাদের দৃষ্টি ভীতি-বিহ্বলতায় নত হইবে।	
	يَقُوْلُوْنَ ءَاِنَّا لَمَرْدُوْدُوْنَ فِي الْحَافِرَةِ ۟	10
প্রতিবর্ণায়ন	ইয়াকূ ‌লূনা আ ইন্না–লামার্‌দূদূনা ফিল হ ‌া–ফিরাহ্ ।	
তরজমা	তাহারা বলে, ‘আমরা কি পূর্বাবস্থায় প্রত্যাবর্তিত হইবই-	
	ءَاِذَا كُنَّا عِظَامًا نَّخِرَةً ۟	11
প্রতিবর্ণায়ন	আইয ‌া– কুন্না– ‘ইজ ‌া–মান্ নাখিরাহ্ ।	
তরজমা	গলিত অস্থিতে পরিণত হওয়ার পরও ?’	
	قَالُوْا تِلْكَ اِذًا كَرَّةٌ خَاسِرَةٌ ۟	12
প্রতিবর্ণায়ন	ক ‌া–লূ তিলকা ইয ‌াং কার্‌রাতুন খা–ছিরাহ্ ।	
তরজমা	তাহারা বলে, ‘তাহাই যদি হয় তবে তো ইহা সর্বনাশা প্রত্যাবর্তন।’	
	فَاِنَّمَا هِيَ زَجْرَةٌ وَّاحِدَةٌ ۟	13
প্রতিবর্ণায়ন	ফাইন্নামা–হিয়া ঝাজরাতুওঁ ওয়া–হি ‌দাহ্ ।	
তরজমা	ইহা তো কেবল এক বিকট আওয়াজ,	

	فَإِذَا هُمْ بِالسَّاهِرَةِ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ফাইযা– হুম বিছ্ছা–হি রাহ্।	
তরজমা	তখনই ময়দানে উহাদের আবির্ভাব হইবে।	
	هَلْ أَتَاكَ حَدِيثُ مُوسَىٰ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	হাল আতা–কা হাদীছু মূছা–।	
তরজমা	তোমার নিকট মূসার বৃত্তান্ত পৌঁছিয়াছে কি ?	
	إِذْ نَادَاهُ رَبُّهُ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ইয না–দা–হু রাব্বুহূ বিলওয়া–দিল মুকাদ্দাছি তুওয়া–।	
তরজমা	যখন তাহার প্রতিপালক পবিত্র উপত্যকা তুওয়া–য় তাহাকে আহ্বান করিয়া বলিয়াছিলেন,	
	اذْهَبْ إِلَىٰ فِرْعَوْنَ إِنَّهُ طَغَىٰ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ইযহাব ইলা– ফির‘আওনা ইন্নাহূ তাগা–।	
তরজমা	‘ফির‘আওনের নিকট যাও, সে তো সীমালংঘন করিয়াছে,’	
	فَقُلْ هَلْ لَكَ إِلَىٰ أَنْ تَزَكَّىٰ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ফাকুল হাল্লাকা ইলা~ আং তাঝাক্কা–।	
তরজমা	এবং বল, ‘তোমার কি আগ্রহ আছে যে, তুমি পবিত্র হও-	
	وَأَهْدِيَكَ إِلَىٰ رَبِّكَ فَتَخْشَىٰ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া আহ্দিয়াকা ইলা– রাব্বিকা ফাতাখ্শা–।	
তরজমা	‘আর আমি তোমাকে তোমার প্রতিপালকের দিকে পথপ্রদর্শন করি যাহাতে তুমি তাঁহাকে ভয় কর ?’	
	فَأَرَاهُ الْآيَةَ الْكُبْرَىٰ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ফাআরা–হুল আ–য়াতাল কুবরা–।	
তরজমা	অতঃপর সে উহাকে মহানিদর্শন দেখাইল।	
	فَكَذَّبَ وَعَصَىٰ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ফাকায্যাবা ওয়া‘আসা–।	
তরজমা	কিন্তু সে অস্বীকার করিল এবং অবাধ্য হইল।	
	ثُمَّ أَدْبَرَ يَسْعَىٰ ﴿٢٢﴾	22

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আদ্‌বারা ইয়াছ্‌'আ– ।	
তরজমা	অতঃপর সে পশ্চাৎ ফিরিয়া প্রতিবিধানে সচেষ্ট হইল।	
	فَحَشَرَ فَنَادٰى ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ফাহ াশারা ফানা–দা– ।	
তরজমা	সে সকলকে সমবেত করিল এবং উচ্চৈঃস্বরে ঘোষণা করিল,	
	فَقَالَ اَنَا رَبُّكُمُ الْاَعْلٰى ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফাক া–লা আনা রাব্বুকুমুল আ'লা– ।	
তরজমা	আর বলিল, 'আমিই তোমাদের শ্রেষ্ঠ প্রতিপালক।'	
	فَاَخَذَهُ اللّٰهُ نَكَالَ الْاٰخِرَةِ وَالْاُوْلٰى ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ফাআখায াহুল্লা–হু নাকা–লাল্ আ–খিরাতি ওয়াল ঊলা– ।	
তরজমা	অতঃপর আল্লাহ্ উহাকে আখিরাতে ও দুনিয়ায় কঠিন শাস্তিতে পাকড়াও করিলেন।	
	اِنَّ فِيْ ذٰلِكَ لَعِبْرَةً لِّمَنْ يَّخْشٰى ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ইন্না ফী য া–লিকা লা'ইবরাতাল লিমাইঁ ইয়াখ্‌শা– ।	
তরজমা	যে ভয় করে তাহার জন্য অবশ্যই ইহাতে শিক্ষা রহিয়াছে।	
	ءَاَنْتُمْ اَشَدُّ خَلْقًا اَمِ السَّمَآءُ ؕ بَنٰهَا ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	আ আংতুম আশাদ্দু খাল্‌ক ান আমিছ ছামা~উ বানা–হা– ।	
তরজমা	তোমাদেরকে সৃষ্টি করা কঠিনতর, না আকাশ সৃষ্টি ? তিনিই ইহা নির্মাণ করিয়াছেন;	
	رَفَعَ سَمْكَهَا فَسَوّٰهَا ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	রাফা'আ ছামকাহা– ফাছাওয়া–হা– ।	
তরজমা	তিনি ইহার ছাদকে সুউচ্চ করিয়াছেন ও সুবিন্যস্ত করিয়াছেন।	
	وَاَغْطَشَ لَيْلَهَا وَاَخْرَجَ ضُحٰهَا ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ওয়া আগত াশা লাইলাহা– ওয়া আখ্‌রাজা দ্ব্‌হ া–হা– ।	
তরজমা	আর তিনি ইহার রাত্রিকে করিয়াছেন অন্ধকারাচ্ছন্ন এবং প্রকাশ করিয়াছেন ইহার সূর্যালোক;	
	وَالْاَرْضَ بَعْدَ ذٰلِكَ دَحٰىهَا ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়াল আর্‌দ া বা'দা য া–লিকা দাহ া–হা– ।	
তরজমা	এবং পৃথিবীকে ইহার পর বিস্তৃত করিয়াছেন।	

	أَخْرَجَ مِنْهَا مَآءَهَا وَمَرْعٰهَا ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	আখ্‌রাজা মিনহা– মা~আহা– ওয়া মার্‘আ–হা– ।	
তরজমা	তিনি উহা হইতে বহির্গত করিয়াছেন উহার পানি ও তৃণ,	
	وَالْجِبَالَ أَرْسٰهَا ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়াল জিবা–লা আরছা–হা ।	
তরজমা	এবং পর্বতকে তিনি দৃঢ়ভাবে প্রোথিত করিয়াছেন;	
	مَتَاعًا لَّكُمْ وَلِأَنْعَامِكُمْ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	মাতা– ‘আল্লাকুম ওয়ালি আন‘আ–মিকুম ।	
তরজমা	এই সমস্ত তোমাদের ও তোমাদের চতুষ্পদ জন্তুদের ভোগের জন্য।	
	فَإِذَا جَآءَتِ الطَّآمَّةُ الْكُبْرٰى ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ফাইযা–জা~আত্তিত্বা~ম্মাতুল কুবরা– ।	
তরজমা	অতঃপর যখন মহাসংকট উপস্থিত হইবে	
	يَوْمَ يَتَذَكَّرُ الْإِنْسَانُ مَا سَعٰى ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াতাযাক্কারুল ইংছা–নু মা– ছা‘আ– ।	
তরজমা	মানুষ যাহা করিয়াছে তাহা সে সেই দিন স্মরণ করিবে,	
	وَبُرِّزَتِ الْجَحِيمُ لِمَنْ يَّرٰى ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়া বুররিঝাতিল জাহীমু লিমাইঁ ইয়ারা– ।	
তরজমা	এবং প্রকাশ করা হইবে জাহান্নাম দর্শকদের জন্য।	
	فَأَمَّا مَنْ طَغٰى ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ফাআম্মা– মাং তাগা– ।	
তরজমা	অনন্তর যে সীমালংঘন করে	
	وَاٰثَرَ الْحَيٰوةَ الدُّنْيَا ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়া আ–ছারাল হায়া–তাদ্দুনইয়া– ।	
তরজমা	এবং পার্থিব জীবনকে অগ্রাধিকার দেয়,	
	فَإِنَّ الْجَحِيمَ هِيَ الْمَأْوٰى ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ফাইন্নাল জাহীমা হিয়াল মা’ওয়া– ।	
তরজমা	জাহান্নামই হইবে তাহার আবাস।	

	وَاَمَّا مَنۡ خَافَ مَقَامَ رَبِّهٖ وَنَهَى النَّفۡسَ عَنِ الۡهَوٰى	40
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা- মান খা-ফা মাক া-মা রাব্বিহী ওয়া নাহান্নাফছা ‘আনিল হাওয়া- ।	
তরজমা	পক্ষান্তরে যে স্বীয় প্রতিপালকের সম্মুখে উপস্থিত হওয়ার ভয় রাখে এবং প্রবৃত্তি হইতে নিজকে বিরত রাখে,	
	فَاِنَّ الۡجَنَّةَ هِىَ الۡمَاۡوٰى	41
প্রতিবর্ণায়ন	ফাইন্নাল জান্নাতা হিয়াল মা’ওয়া ।	
তরজমা	জান্নাতই হইবে তাহার আবাস।	
	يَسۡـَٔلُوۡنَكَ عَنِ السَّاعَةِ اَيَّانَ مُرۡسٰٮهَا	42
প্রতিবর্ণায়ন	ইয়াছা‘আলূনাকা ‘আনিছ্ ছা-‘আতি আইইয়া-না মুরছা-হা- ।	
তরজমা	উহারা তোমাকে জিজ্ঞাসা করে কিয়ামত সম্পর্কে, ‘উহা কখন ঘটিবে ?’	
	فِيۡمَ اَنۡتَ مِنۡ ذِكۡرٰٮهَا	43
প্রতিবর্ণায়ন	ফীমা আংতা মিং যি ক্রা-হা- ।	
তরজমা	ইহার আলোচনার সঙ্গে তোমার কী সম্পর্ক ?	
	اِلٰى رَبِّكَ مُنۡتَهٰٮهَا	44
প্রতিবর্ণায়ন	ইলা-রাব্বিকা মুংতাহা-হা- ।	
তরজমা	ইহার পরম জ্ঞান আছে তোমার প্রতিপালকেরই নিকট;	
	اِنَّمَاۤ اَنۡتَ مُنۡذِرُ مَنۡ يَّخۡشٰٮهَا	45
প্রতিবর্ণায়ন	ইন্নামা˜ আংতা মুংযি রু মাইঁ ইয়াখ্শা-হা- ।	
তরজমা	যে উহার ভয় রাখে তুমি কেবল তাহার সতর্ককারী।	
	كَاَنَّهُمۡ يَوۡمَ يَرَوۡنَهَا لَمۡ يَلۡبَثُوۡۤا اِلَّا عَشِيَّةً اَوۡ ضُحٰٮهَا	46
প্রতিবর্ণায়ন	কাআন্নাহুম ইয়াওমা ইয়ারাওনাহা- লাম ইয়ালবাছূ˜ ইল্লা- ‘আশিইইয়াতান আও দু হ া- হা ।	
তরজমা	যেই দিন উহারা ইহা প্রত্যক্ষ করিবে সেই দিন উহাদের মনে হইবে যেন উহারা পৃথিবীতে মাত্র এক সন্ধ্যা অথবা এক প্রভাত অবস্থান করিয়াছে!	

80-Abasa-আবাসা -عبس

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	عَبَسَ وَتَوَلّٰٓىۙ ﴿۱﴾	**1**
প্রতিবর্ণায়ন	‘আবাছা ওয়া তাওয়াল্লা– ।	
তরজমা	সে ভ্রূকুঞ্চিত করিল এবং মুখ ফিরাইয়া লইল,	
	اَنْ جَآءَهُ الْاَعْمٰىؕ ﴿۲﴾	**2**
প্রতিবর্ণায়ন	আং জা~আহুল আ‘মা– ।	
তরজমা	কারণ তাহার নিকট অন্ধ লোকটি আসিল।	
	وَمَا يُدْرِيْكَ لَعَلَّهٗ يَزَّكّٰٓىۙ ﴿۳﴾	**3**
প্রতিবর্ণায়ন	ওয়ামা–ইউদ্‌রীকা লা‘আল্লাহু ইয়াঝ্‌ঝাক্কা– ।	
তরজমা	তুমি কেমন করিয়া জানিবে-সে হয়ত পরিশুদ্ধ হইত,	
	اَوْ يَذَّكَّرُ فَتَنْفَعَهُ الذِّكْرٰىؕ ﴿۴﴾	**4**
প্রতিবর্ণায়ন	আও ইয়ায˙য˙াক্কারু ফাতাংফাআহুয˙ যি˙ক্‌রা– ।	
তরজমা	অথবা উপদেশ গ্রহণ করিত, ফলে উপদেশ তাহার উপকারে আসিত!	
	اَمَّا مَنِ اسْتَغْنٰىۙ ﴿۵﴾	**5**
প্রতিবর্ণায়ন	আম্মা–মানিছ্‌ তাগনা– ।	
তরজমা	পক্ষান্তরে যে পরোয়া করে না,	
	فَاَنْتَ لَهٗ تَصَدّٰىؕ ﴿۶﴾	**6**
প্রতিবর্ণায়ন	ফাআংতা লাহূ তাসাদ্দা– ।	
তরজমা	তুমি তাহার প্রতি মনোযোগ দিয়াছ।	
	وَمَا عَلَيْكَ اَلَّا يَزَّكّٰىؕ ﴿۷﴾	**7**
প্রতিবর্ণায়ন	ওয়ামা–‘আলাইকা আল্লা–ইয়াঝঝাক্কা– ।	
তরজমা	অথচ সে নিজে পরিশুদ্ধ না হইলে তোমার কোন দায়িত্ব নাই,	
	وَاَمَّا مَنْ جَآءَكَ يَسْعٰىۙ ﴿۸﴾	**8**
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা–মাং জা~আকা ইয়াছ‘আ– ।	
তরজমা	অন্যপক্ষে যে তোমার নিকট ছুটিয়া আসিল,	
	وَهُوَ يَخْشٰىۙ ﴿۹﴾	**9**
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়া ইয়াখশা– ।	
তরজমা	আর সে সশংকচিত্ত,	

	فَاَنْتَ عَنْهُ تَلَهّٰى ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ফাআংতা ‘আনহু তালাহ্হা- ।	
তরজমা	তুমি তাহাকে উপেক্ষা করিলে;	
	كَلَّاۤ اِنَّهَا تَذْكِرَةٌ ۝١١	11
প্রতিবর্ণায়ন	কাল্লা˜ইন্নাহা-তায˙কিরাহ।	
তরজমা	না, ইহা ঠিক নয়, ইহা তো উপদেশবাণী,	
	فَمَنْ شَآءَ ذَكَرَهٗ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	ফামাং শা~আ য˙াকরাহ্ ।	
তরজমা	যে ইচ্ছা করিবে সে ইহা স্মরণ রাখিবে,	
	فِيْ صُحُفٍ مُّكَرَّمَةٍ ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ফী সুহুফিম মুকাররামাহ	
তরজমা	উহা আছে মর্যাদাসম্পন্ন লিপিসমূহে	
	مَّرْفُوْعَةٍ مُّطَهَّرَةٍ ۝١٤	14
প্রতিবর্ণায়ন	মারফূ‘আতিম মুত˙াহহারাহ।	
তরজমা	যাহা উন্নত, পবিত্র,	
	بِاَيْدِيْ سَفَرَةٍ ۝١٥	15
প্রতিবর্ণায়ন	বিআইদী ছাফারাহ।	
তরজমা	লিপিকর-হস্তে লিপিবদ্ধ।	
	كِرَامٍ بَرَرَةٍ ۝١٦	16
প্রতিবর্ণায়ন	কিরা-মিম বারারাহ।	
তরজমা	মহান, পূত-চরিত্র	
	قُتِلَ الْاِنْسَانُ مَاۤ اَكْفَرَهٗ ۝١٧	17
প্রতিবর্ণায়ন	কু˙তিলাল ইংছা-নু মা-আকফারাহ।	
তরজমা	মানুষ ধ্বংস হউক ! সে কত অকৃতজ্ঞ!	
	مِنْ اَيِّ شَيْءٍ خَلَقَهٗ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	মিন আইয়ি শাইয়িন খালাক˙াহ।	
তরজমা	তিনি উহাকে কোন্ বস্তু হইতে সৃষ্টি করিয়াছেন ?	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	مِنۡ نُّطۡفَةٍ ؕ خَلَقَهٗ فَقَدَّرَهٗ ۙ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	মিন নুত্ ফাতিন (ط) খালাক্ াহূ ফাক্ াদ্দারাহ।	
তরজমা	শুক্রবিন্দু হইতে, তিনি উহাকে সৃষ্টি করেন, পরে উহার পরিমিত বিকাশ সাধন করেন,	
	ثُمَّ السَّبِيۡلَ يَسَّرَهٗ ۙ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ছু ম্মাছ ছাবীলা ইয়াছ্ছরাহ।	
তরজমা	অতঃপর উহার জন্য পথ সহজ করিয়া দেন;	
	ثُمَّ اَمَاتَهٗ فَاَقۡبَرَهٗ ۙ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আমা-তাহূ ফাআক্ বারাহ।	
তরজমা	তৎপর উহার মৃত্যু ঘটান এবং উহাকে কবরস্থ করেন।	
	ثُمَّ اِذَا شَآءَ اَنۡشَرَهٗ ؕ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ইযা-শা~আ আংশারাহ।	
তরজমা	ইহার পর যখন ইচ্ছা তিনি উহাকে পুনর্জীবিত করিবেন।	
	كَلَّا لَمَّا يَقۡضِ مَاۤ اَمَرَهٗ ؕ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	কাল্লা-লাম্মা-ইয়াক্ দি মা~ আমারাহ।	
তরজমা	না, কখনও না, তিনি উহাকে যাহা আদেশ করিয়াছেন, সে এখনও উহা পুরাপুরি করে নাই।	
	فَلۡيَنۡظُرِ الۡاِنۡسَانُ اِلٰى طَعَامِهٖۤ ۙ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	ফালাইয়াংজু রিল ইংছা-নু ইলা-ত া‘আ-মিহ।	
তরজমা	মানুষ তাহার খাদ্যের প্রতি লক্ষ্য করুক!	
	اَنَّا صَبَبۡنَا الۡمَآءَ صَبًّا ۙ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	আন্না-সাবাবনাল মা~আ সাব্বা-।	
তরজমা	আমিই প্রচুর বারি বর্ষণ করি,	
	ثُمَّ شَقَقۡنَا الۡاَرۡضَ شَقًّا ۙ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	ছু ম্মা শাক্ াক্ নাল আরদ া শাক্ক া-।	
তরজমা	অতঃপর আমি ভূমি প্রকৃষ্টরূপে বিদীর্ণ করি ;	
	فَاَنۡۢبَتۡنَا فِيۡهَا حَبًّا ۙ﴿۲۷﴾	27

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাআম্‌বাতনা–ফীহা–হ'াব্বা– ।	
তরজমা	এবং উহাতে আমি উৎপন্ন করি শস্য;	
	وَّعِنَبًا وَّقَضْبًا ﴿٢٨﴾	**28**
প্রতিবর্ণায়ন	ওয়া 'ইনাবাওঁ ওয়া ক'াদ'বা– ।	
তরজমা	দ্রাক্ষা, শাক-সব্‌জি,	
	وَّزَيْتُوْنًا وَّنَخْلًا ﴿٢٩﴾	**29**
প্রতিবর্ণায়ন	ওয়া ঝাইতূনাওঁ ওয়া নাখলা– ।	
তরজমা	যায়তূন, খর্জুর,	
	وَّحَدَآئِقَ غُلْبًا ﴿٣٠﴾	**30**
প্রতিবর্ণায়ন	ওয়া হ'াদা~ইক'া গুলবা– ।	
তরজমা	বহু বৃক্ষবিশিষ্ট উদ্যান,	
	وَّفَاكِهَةً وَّاَبًّا ﴿٣١﴾	**31**
প্রতিবর্ণায়ন	ওয়া ফা–কিহাতাওঁ ওয়া আব্বা– ।	
তরজমা	ফল এবং গবাদি খাদ্য,	
	مَّتَاعًا لَّكُمْ وَلِاَنْعَامِكُمْ ﴿٣٢﴾	**32**
প্রতিবর্ণায়ন	মাতা–'আল্লাকুম ওয়ালি আন'আ–মিকুম।	
তরজমা	ইহা তোমাদের ও তোমাদের চতুষ্পদ জন্তুদের ভোগের জন্য।	
	فَاِذَا جَآءَتِ الصَّآخَّةُ ﴿٣٣﴾	**33**
প্রতিবর্ণায়ন	ফাইয'া–জা~আতিস্‌সা–খ্‌খাহ।	
তরজমা	যখন কিয়ামত উপস্থিত হইবে,	
	يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ اَخِيْهِ ﴿٣٤﴾	**34**
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াফির্‌রুল মারউ মিন আখীহ।	
তরজমা	সেই দিন মানুষ পলায়ন করিবে তাহার ভ্রাতা হইতে,	
	وَاُمِّهٖ وَاَبِيْهِ ﴿٣٥﴾	**35**
প্রতিবর্ণায়ন	ওয়া উম্মিহী ওয়া আবীহ।	
তরজমা	এবং তাহার মাতা, তাহার পিতা,	
	وَصَاحِبَتِهٖ وَبَنِيْهِ ﴿٣٦﴾	**36**

প্রতিবর্ণায়ন	ওয়া সা–হি বাতিহী ওয়া বানীহ।	
তরজমা	তাহার পত্নী ও তাহার সন্তান হইতে।	
	لِكُلِّ امْرِئٍ مِّنْهُمْ يَوْمَئِذٍ شَأْنٌ يُغْنِيهِ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	লিকুল্লিম রিইম মিনহুম ইয়াওমাইযিং শা'নুইঁ ইউগনীহ।	
তরজমা	সেই দিন উহাদের প্রত্যেকের হইবে এমনগুরুতর অবস্থা যাহা তাহাকে সম্পূর্ণরূপে ব্যস্ত রাখিবে।	
	وُجُوهٌ يَوْمَئِذٍ مُّسْفِرَةٌ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	উজূহুইঁ ইয়াওমাইযি মমুছফিরাহ।	
তরজমা	অনেক মুখমণ্ডল সেই দিন হইবে উজ্জ্বল,	
	ضَاحِكَةٌ مُّسْتَبْشِرَةٌ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	দা–হি কাতুমমুছতাবশিরাহ।	
তরজমা	সহাস্য ও প্রফুল্ল,	
	وَوُجُوهٌ يَوْمَئِذٍ عَلَيْهَا غَبَرَةٌ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া উজূহুইঁ ইয়াওমাইযি ন 'আলাইহা– গাবারাহ।	
তরজমা	এবং অনেক মুখমণ্ডল সেই দিন হইবে ধূলিধূসর;	
	تَرْهَقُهَا قَتَرَةٌ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	তারহাকু হা– ক তারাহ।	
তরজমা	সেইগুলিকে আচ্ছন্ন করিবে কালিমা।	
	أُولَٰئِكَ هُمُ الْكَفَرَةُ الْفَجَرَةُ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	উলা~ইকা হুমুল কাফারাতুল ফাজারাহ।	
তরজমা	ইহারাই কাফির ও পাপাচারী।	

81 - At-Takwir-তাকবীর -التكوير

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	إِذَا الشَّمْسُ كُوِّرَتْ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ইযা শ্শামছু কুওবি রাত।	
তরজমা	সূর্যকে যখন নিষ্প্রভ করা হইবে,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَإِذَا النُّجُومُ انْكَدَرَتْ ۝٢	**2**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা ান্নুজূমুং কাদারাত।	
তরজমা	যখন নক্ষত্ররাজি খসিয়া পড়িবে,	
	وَإِذَا الْجِبَالُ سُيِّرَتْ ۝٣	**3**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা াল জিবা–লু ছুইয়িরাত।	
তরজমা	পর্বতসমূহকে যখন চলমান করা হইবে,	
	وَإِذَا الْعِشَارُ عُطِّلَتْ ۝٤	**4**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা াল ‘ইশা–রু ‘উত্তি াত।	
তরজমা	যখন পূর্ণ-গর্ভা উষ্ট্রী উপেক্ষিত হইবে,	
	وَإِذَا الْوُحُوشُ حُشِرَتْ ۝٥	**5**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা াল উহূ শু হু শিরাত।	
তরজমা	যখন বন্য পশু একত্র করা হইবে,	
	وَإِذَا الْبِحَارُ سُجِّرَتْ ۝٦	**6**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা াল বিহ া–রু ছুজ্জিরাত।	
তরজমা	সমুদ্র যখন স্ফীত করা হইবে,	
	وَإِذَا النُّفُوسُ زُوِّجَتْ ۝٧	**7**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা ান্নুফূছু ঝুওবি জাত।	
তরজমা	দেহে যখন আত্মা পুনঃসংযোজিত হইবে,	
	وَإِذَا الْمَوْءُودَةُ سُئِلَتْ ۝٨	**8**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা াল মাওউদাতু ছুইলাত।	
তরজমা	যখন জীবন্ত সমাধিস্থ কন্যাকে জিজ্ঞাসা করা হইবে,	
	بِأَيِّ ذَنْبٍ قُتِلَتْ ۝٩	**9**
প্রতিবর্ণায়ন	বিআইয়ি য ামবিং কু তিলাত।	
তরজমা	কী অপরাধে উহাকে হত্যা করা হইয়াছিল ?	
	وَإِذَا الصُّحُفُ نُشِرَتْ ۝١٠	**10**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা াস্সুহু ফু নুশিরাত।	
তরজমা	যখন ‘আমলনামা উন্মোচিত হইবে,	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	وَإِذَا السَّمَآءُ كُشِطَتْ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছ্ ছামা~উ কুশিত্বাত।	
তরজমা	যখন আকাশের আবরণ অপসারিত হইবে,	
	وَإِذَا الْجَحِيمُ سُعِّرَتْ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	ওয়া ইযাল জাহীমু ছু‘‘য়িরাত।	
তরজমা	জাহান্নামের অগ্নি যখন উদ্দীপিত করা হইবে,	
	وَإِذَا الْجَنَّةُ أُزْلِفَتْ ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ওয়া ইযাল জান্নাতু উঝলিফাত।	
তরজমা	এবং জান্নাত যখন সমীপবর্তী করা হইবে,	
	عَلِمَتْ نَفْسٌ مَّآ أَحْضَرَتْ ۝١٤	14
প্রতিবর্ণায়ন	‘আলিমাত নাফছুম মা~আহদারাত।	
তরজমা	তখন প্রত্যেক ব্যক্তিই জানিবে সে কী লইয়া আসিয়াছে।	
	فَلَآ أُقْسِمُ بِالْخُنَّسِ ۝١٥	15
প্রতিবর্ণায়ন	ফালা~ উকছিমু বিলখুন্নাছ।	
তরজমা	আমি শপথ করি পশ্চাদপসরণকারী নক্ষত্রের,	
	الْجَوَارِ الْكُنَّسِ ۝١٦	16
প্রতিবর্ণায়ন	আল্ জাওয়া-রিল কুন্নাছ।	
তরজমা	যাহা প্রত্যাগমন করে ও অদৃশ্য হয়,	
	وَالَّيْلِ إِذَا عَسْعَسَ ۝١٧	17
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাইলি ইযা-‘আছ‘আছ।	
তরজমা	শপথ নিশার যখন উহার অবসান হয়	
	وَالصُّبْحِ إِذَا تَنَفَّسَ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ওয়াস্সুবহি ইযা-তানাফ্ফাছ।	
তরজমা	আর উষার, যখন উহার আবির্ভাব হয়,	
	إِنَّهُ لَقَوْلُ رَسُولٍ كَرِيمٍ ۝١٩	19
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ লাকাওলু রাছূলিং কারীম।	
তরজমা	নিশ্চয়ই এই কুরআন সম্মানিত বার্তাবহের আনীত বাণী	

	ذِىْ قُوَّةٍ عِنْدَ ذِى الْعَرْشِ مَكِيْنٍ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	য ী কুওওয়াতিন 'ইংদা যি ল 'আরশি মাকীন।	
তরজমা	যে সামর্থ্যশালী, আরশের মালিকের নিকট মর্যাদাসম্পন্ন,	
	مُّطَاعٍ ثَمَّ اَمِيْنٍ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	মুত া-'ইং ছ াম্মা আমীন।	
তরজমা	যাহাকে সেখানে মান্য করা হয়, যে বিশ্বাসভাজন।	
	وَمَا صَاحِبُكُمْ بِمَجْنُوْنٍ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	ওয়া মা-সা-হি বুকুম বিমাজনূন।	
তরজমা	আর তোমাদের সাথী উন্মাদ নয়,	
	وَلَقَدْ رَاٰهُ بِالْاُفُقِ الْمُبِيْنِ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ রাআ-হু বিলউফুকি ল মুবীন।	
তরজমা	সে তো তাহাকে স্পষ্ট দিগন্তে দেখিয়াছে,	
	وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِيْنٍ ۝٢٤	24
প্রতিবর্ণায়ন	ওয়ামা-হুওয়া 'আলাল গাইবি বিদ ানীন।	
তরজমা	সে অদৃশ্য বিষয় সম্পর্কে কৃপণ নয়।	
	وَمَا هُوَ بِقَوْلِ شَيْطٰنٍ رَّجِيْمٍ ۝٢٥	25
প্রতিবর্ণায়ন	ওয়ামা-হুওয়া বিক াওলি শাইত া-নির রাজীম।	
তরজমা	এবং ইহা অভিশপ্ত শয়তানের বাক্য নয়।	
	فَاَيْنَ تَذْهَبُوْنَ ۝٢٦	26
প্রতিবর্ণায়ন	ফাআইনা তায হাবূন।	
তরজমা	সুতরাং তোমরা কোথায় চলিয়াছ ?	
	اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ۝٢٧	27
প্রতিবর্ণায়ন	ইন হুওয়া ইল্লা-যি করুল লিল'আ-লামীন।	
তরজমা	ইহা তো শুধু বিশ্বজগতের জন্য উপদেশ,	
	لِمَنْ شَآءَ مِنْكُمْ اَنْ يَّسْتَقِيْمَ ۝٢٨	28
প্রতিবর্ণায়ন	লিমাং শা~আ মিংকুম আইঁ ইয়াছতাক ীম।	
তরজমা	তোমাদের মধ্যে যে সরল পথে চলিতে চায়, তাহার জন্য।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَا تَشَآءُوْنَ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ٢٩	29
প্রতিবর্ণায়ন	ওয়ামা-তাশা~উনা ইল্লা~ আইঁ ইয়াশা~আল্লা-হু রাব্বুল ‘আ-লামীন।	
তরজমা	তোমরা ইচ্ছা করিবে না, যদি জগতসমূহের প্রতিপালক আল্লাহ্ ইচ্ছা না করেন।	

82 - Al-'Infitar-ইনফিতার -الإنفطار

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

আয়াতের ধরণ	আয়াত	আয়াত নং
	اِذَا السَّمَآءُ انْفَطَرَتْ ١	1
প্রতিবর্ণায়ন	ইযাছ ছামা~উং ফাতারাত।	
তরজমা	আকাশ যখন বিদীর্ণ হইবে,	
	وَاِذَا الْكَوَاكِبُ انْتَثَرَتْ ٢	2
প্রতিবর্ণায়ন	ওয়া ইযাল কাওয়া-কিবুং তাছারাত।	
তরজমা	যখন নক্ষত্রমণ্ডলী বিক্ষিপ্তভাবে ঝরিয়া পড়িবে,	
	وَاِذَا الْبِحَارُ فُجِّرَتْ ٣	3
প্রতিবর্ণায়ন	ওয়া ইযাল বিহা-রু ফুজ্জিরাত।	
তরজমা	সমুদ্র যখন উদ্বেলিত হইবে,	
	وَاِذَا الْقُبُوْرُ بُعْثِرَتْ ٤	4
প্রতিবর্ণায়ন	ওয়া ইযাল কুবূরু বু‘ছিরাত।	
তরজমা	এবং যখন কবর উন্মোচিত হইবে,	
	عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَاَخَّرَتْ ٥	5
প্রতিবর্ণায়ন	‘আলিমাত নাফছুম মা-কাদ্দামাত ওয়া আখখারাত।	
তরজমা	তখন প্রত্যেকে জানিবে, সে কী অগ্রে পাঠাইয়াছে ও কী পশ্চাতে রাখিয়া গিয়াছে।	
	يٰۤاَيُّهَا الْاِنْسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيْمِ ٦	6
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল ইংছা-নু মা-গাররাকা বিরাব্বিকাল কারীম।	
তরজমা	হে মানুষ ! কিসে তোমাকে তোমার মহান প্রতিপালক সম্বন্ধে বিভ্রান্ত করিল ?	
	الَّذِىْ خَلَقَكَ فَسَوّٰىكَ فَعَدَلَكَ ٧	7
প্রতিবর্ণায়ন	আল্লাযী খালাকাকা ফাছাওওয়া-কা ফা‘আদালাক।	

| --- | --- | --- |
তরজমা	যিনি তোমাকে সৃষ্টি করিয়াছেন, অতঃপর তোমাকে সুঠাম করিয়াছেন এবং সুসমঞ্জস করিয়াছেন,	
	فِيۡۤ اَيِّ صُوۡرَةٍ مَّا شَآءَ رَكَّبَكَ ؕ‏ ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ফী˜ আইয়ি সূরাতিম মা- শা~আ রাক্কাবাক।	
তরজমা	যেই আকৃতিতে চাহিয়াছেন, তিনি তোমাকে গঠন করিয়াছেন।	
	كَلَّا بَلۡ تُكَذِّبُوۡنَ بِالدِّيۡنِ ۙ‏ ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	কাল্লা-বাল তুকায˙যি˙বূনা বিদ্দীন।	
তরজমা	না, কখনও না, তোমরা তো শেষ বিচারকে অস্বীকার করিয়া থাক ;	
	وَاِنَّ عَلَيۡكُمۡ لَحٰـفِظِيۡنَ ۙ‏ ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না 'আলাইকুম লাহ˙া-ফিজ˙ীন।	
তরজমা	অবশ্যই আছে তোমাদের জন্য তত্ত্বাবধায়কগণ ;	
	كِرَامًا كَاتِبِيۡنَ ۙ‏ ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	কিরা-মাং কা-তিবীন।	
তরজমা	সম্মানিত লিপিকরবৃন্দ ;	
	يَعۡلَمُوۡنَ مَا تَفۡعَلُوۡنَ‏ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ইয়া'লামূনা মা-তাফ'আলূন।	
তরজমা	তাহারা জানে তোমরা যাহা কর।	
	اِنَّ الۡاَبۡرَارَ لَفِىۡ نَعِيۡمٍ ۚ‏ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ইন্নাল আবরা-রা লাফী না'ঈম।	
তরজমা	পুণ্যবানগণ তো থাকিবে পরম স্বাচ্ছন্দ্যে ;	
	وَاِنَّ الۡفُجَّارَ لَفِىۡ جَحِيۡمٍ ۚ‏ ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাল ফুজ্জা-রা লাফী জাহ˙ীম।	
তরজমা	এবং পাপাচারীরা তো থাকিবে জাহান্নামে ;	
	يَّصۡلَوۡنَهَا يَوۡمَ الدِّيۡنِ‏ ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ইয়াসলাওনাহা-ইয়াওমাদ্দীন।	
তরজমা	উহারা কর্মফল দিবসে উহাতে প্রবেশ করিবে ;	
	وَمَا هُمۡ عَنۡهَا بِغَآئِبِيۡنَ ؕ‏ ﴿۱۶﴾	16

| --- | --- | --- |
প্রতিবর্ণায়ন	ওয়ামা-হুম 'আনহা-বিগা~ইবীন।	
তরজমা	এবং উহারা উহা হইতে অন্তর্হিত হইতে পারিবে না।	
	وَمَآ اَدْرٰىكَ مَا يَوْمُ الدِّيْنِ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আদরা-কা মা-ইয়াওমুদ্দীন।	
তরজমা	কর্মফল দিবস সম্বন্ধে তুমি কী জান ?	
	ثُمَّ مَآ اَدْرٰىكَ مَا يَوْمُ الدِّيْنِ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ছু ম্মা মা~আদরা-কা মা-ইয়াওমুদ্দীন।	
তরজমা	আবার বলি, কর্মফল দিবস সম্বন্ধে তুমি কী জান ?	
	يَوْمَ لَا تَمْلِكُ نَفْسٌ لِّنَفْسٍ شَيْـًٔا ۗ وَالْاَمْرُ يَوْمَئِذٍ لِّلّٰهِ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ইয়াওমা লা-তামলিকু নাফছুল লিনাফছিং শাইআওঁ (ط) ওয়াল আমরু ইয়াওমাইযি ল্ লিল্লা-হি।	
তরজমা	সেই দিন একের অপরের জন্য কিছু করিবার সামর্থ্য থাকিবে না; এবং সেই দিন সমস্ত কর্তৃত্ব হইবে আল্লাহ্‌র।	

83 - Al-Mutaffifin- মুতাফ্‌ফিফীন -المطففين

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	وَيْلٌ لِّلْمُطَفِّفِيْنَ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াইলুল্লিলমুত াফ্‌ফিফীন।	
তরজমা	দুর্ভোগ তাহাদের জন্য যাহারা মাপে কম দেয়,	
	الَّذِيْنَ اِذَا اكْتَالُوْا عَلَى النَّاسِ يَسْتَوْفُوْنَ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়াকতা-লূ 'আলান্না-ছি ইয়াছতাওফূন।	
তরজমা	যাহারা লোকের নিকট হইতে মাপিয়া লইবার সময় পূর্ণমাত্রায় গ্রহণ করে,	
	وَاِذَا كَالُوْهُمْ اَوْ وَّزَنُوْهُمْ يُخْسِرُوْنَ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া-কা-লূহুম আও ওয়াঝানূহুম ইউখছিরূন।	
তরজমা	এবং যখন তাহাদের জন্য মাপিয়া অথবা ওজন করিয়া দেয়, তখন কম দেয়।	
	اَلَا يَظُنُّ اُولٰٓئِكَ اَنَّهُمْ مَّبْعُوْثُوْنَ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	আলা-ইয়াজু ন্নু উলা~ইকা আন্নাহুম মাব'উছূ ন।	
তরজমা	উহারা কি চিন্তা করে না যে, উহারা পুনরুত্থিত হইবে	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	لِيَوْمٍ عَظِيْمٍ ۙ٥	**5**
প্রতিবর্ণায়ন	লিয়াওমিন ‘আজ ীমি।	
তরজমা	মহাদিবসে ?	
	يَّوْمَ يَقُوْمُ النَّاسُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ؕ٦	**6**
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াকূ মুন্না-ছু লিরাব্বিল ‘আ-লামীন।	
তরজমা	যেদিন দাঁড়াইবে সমস্ত মানুষ জগতসমূহের প্রতিপালকের সম্মুখে।	
	كَلَّاۤ اِنَّ كِتٰبَ الْفُجَّارِ لَفِيْ سِجِّيْنٍ ؕ٧	**7**
প্রতিবর্ণায়ন	কাল্লা ~ইন্না কিতা-বাল ফুজ্জা-রি লাফী ছিজ্জীন।	
তরজমা	কখনও না, পাপাচারীদের ‘আমলনামা তো সিজ্জীনে আছে।	
	وَمَاۤ اَدْرٰىكَ مَا سِجِّيْنٌ ؕ٨	**8**
প্রতিবর্ণায়ন	ওয়ামা ~ আদরা-কা মা-ছিজ্জীন।	
তরজমা	সিজ্জীন সম্পর্কে তুমি কী জান?	
	كِتٰبٌ مَّرْقُوْمٌ ؕ٩	**9**
প্রতিবর্ণায়ন	কিতা-বুমমারকুম।	
তরজমা	উহা চিহ্নিত ‘আমলনামা।	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ۙ١٠	**10**
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি ল লিল্‌মুকায যি বীন।	
তরজমা	সেই দিন দুর্ভোগ হইবে অস্বীকারকারীদের,	
	الَّذِيْنَ يُكَذِّبُوْنَ بِيَوْمِ الدِّيْنِ ؕ١١	**11**
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইউকায যি বূনা বিইয়াওমিদ্দীন।	
তরজমা	যাহারা কর্মফল দিবসকে অস্বীকার করে,	
	وَمَا يُكَذِّبُ بِهٖۤ اِلَّا كُلُّ مُعْتَدٍ اَثِيْمٍ ۙ١٢	**12**
প্রতিবর্ণায়ন	ওয়ামা-ইউকায যি বু বিহী ~ ইল্লা-কুল্লু মু‘তাদিন আছ ীম।	
তরজমা	কেবল প্রত্যেক পাপিষ্ঠ সীমালংঘনকারী ইহা অস্বীকার করে ;	
	اِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا قَالَ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ؕ١٣	**13**
প্রতিবর্ণায়ন	ইয া-তুতলা-‘আলাইহি আ-য়া-তুনা- ক া-লা আছা-ত ীরুল আওওয়ালীন।	

তরজমা	উহার নিকট আমার আয়াতসমূহ আবৃত্তি করা হইলে সে বলে, 'ইহা পূর্ববর্তীদের উপকথা।'	
	كَلَّا بَلْ ۜ رَانَ عَلٰى قُلُوْبِهِمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	কাল্লা-বাল (سكتة) রা-না 'আলা-কু˙লূবিহিম মা-কা-নূ ইয়াকছিবূন।	
তরজমা	কখনও নয় ; বরং উহাদের কৃতকর্মই উহাদের হৃদয়ে জঙ্ ধরাইয়াছে।	
	كَلَّآ اِنَّهُمْ عَنْ رَّبِّهِمْ يَوْمَىِٕذٍ لَّمَحْجُوْبُوْنَ ﴿١٥﴾ ؕ	15
প্রতিবর্ণায়ন	কাল্লা˜ ইন্নাহুম 'আর রাব্বিহিম ইয়াওমাইযি˙ল্ লামাহ˙জূবূন।	
তরজমা	না, অবশ্যই সেই দিন উহারা উহাদের প্রতিপালক হইতে অন্তর্হিত থাকিবে ;	
	ثُمَّ اِنَّهُمْ لَصَالُوا الْجَحِيْمِ ﴿١٦﴾ ؕ	16
প্রতিবর্ণায়ন	ছু˙ম্মা ইন্নাহুম লাসা-লুল জাহ˙ীম।	
তরজমা	অতঃপর উহারা তো জাহান্নামে প্রবেশ করিবে ;	
	ثُمَّ يُقَالُ هٰذَا الَّذِيْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ﴿١٧﴾ ؕ	17
প্রতিবর্ণায়ন	ছু˙ম্মা ইউক˙া-লূ হা-য˙াল্লায˙ী কুংতুম বিহী তুকায˙যি˙বূন।	
তরজমা	তৎপর বলা হইবে, 'ইহাই তাহা যাহা তোমরা অস্বীকার করিতে।'	
	كَلَّآ اِنَّ كِتٰبَ الْاَبْرَارِ لَفِيْ عِلِّيِّيْنَ ﴿١٨﴾ ؕ	18
প্রতিবর্ণায়ন	কাল্লা˜ইন্না কিতা-বাল আবরা-রি লাফী 'ইল্লিইঈন।	
তরজমা	অবশ্যই পুণ্যবানদের 'আমলনামা 'ইল্লিয়্যীনে,	
	وَمَآ اَدْرٰىكَ مَا عِلِّيُّوْنَ ﴿١٩﴾ ؕ	19
প্রতিবর্ণায়ন	ওয়ামা˜ আদরা-কা মা-'ইল্লিইয়ূন।	
তরজমা	'ইল্লিয়্যীন সম্পর্কে তুমি কী জান ?	
	كِتٰبٌ مَّرْقُوْمٌ ﴿٢٠﴾ ۙ	20
প্রতিবর্ণায়ন	কিতা-বুমমারকূ˙ম	
তরজমা	উহা চিহ্নিত 'আমলনামা।	
	يَّشْهَدُهُ الْمُقَرَّبُوْنَ ﴿٢١﴾ ؕ	21
প্রতিবর্ণায়ন	ইয়াশহাদুহুল মুক˙াররাবূন।	
তরজমা	যাহারা আল্লাহ্র সান্নিধ্যপ্রাপ্ত তাহারা উহা দেখে।	
	اِنَّ الْاَبْرَارَ لَفِيْ نَعِيْمٍ ﴿٢٢﴾ ۙ	22

প্রতিবর্ণায়ন	ইন্নাল আবরা-রা লাফী না'ঈম।	
তরজমা	পুণ্যবানগণ তো থাকিবে পরম স্বাচ্ছন্দ্যে,	
	عَلَى الْأَرَآئِكِ يَنْظُرُوْنَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	'আলাল আরা~ইকি ইয়াংজু'রুন।	
তরজমা	তাহারা সুসজ্জিত আসনে বসিয়া অবলোকন করিবে।	
	تَعْرِفُ فِيْ وُجُوْهِهِمْ نَضْرَةَ النَّعِيْمِ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	তা'রিফু ফী উজূহিহিম নাদ'রাতান্না'ঈম।	
তরজমা	তুমি তাহাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্যের দীপ্তি দেখিতে পাইবে,	
	يُسْقَوْنَ مِنْ رَّحِيْقٍ مَّخْتُوْمٍ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ইউছক'াওনা মির রাহ'ীকি'মমাখতূম।	
তরজমা	তাহাদেরকে মোহর করা বিশুদ্ধ পানীয় হইতে পান করান হইবে;	
	خِتٰمُهٗ مِسْكٌ ؕ وَفِيْ ذٰلِكَ فَلْيَتَنَافَسِ الْمُتَنَافِسُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	খিতা-মুহূ মিছকুওঁ (ط) ওয়া ফী য'া-লিকা ফালইয়াতানা-ফাছিল মুতানা-ফিছূন।	
তরজমা	উহার মোহর মিস্‌কের, এ বিষয়ে প্রতিযোগীরা প্রতিযোগিতা করুক।	
	وَمِزَاجُهٗ مِنْ تَسْنِيْمٍ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া মিঝা-জুহূ মিং তাছনীম।	
তরজমা	উহার মিশ্রণ হইবে তাস্‌নীমের,	
	عَيْنًا يَّشْرَبُ بِهَا الْمُقَرَّبُوْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	'আইনাইঁ ইয়াশরাবু বিহাল মুক'াররাবূন।	
তরজমা	ইহা একটি প্রস্রবণ, যাহা হইতে সান্নিধ্যপ্রাপ্তরা পান করে।	
	اِنَّ الَّذِيْنَ اَجْرَمُوْا كَانُوْا مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا يَضْحَكُوْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা আজরামূ কা-নূ মিনাল্লায'ীনা আ-মানূ ইয়াদ'হ'াকূন।	
তরজমা	যাহারা অপরাধী তাহারা তো মু'মিনদেরকে উপহাস করিত।	
	وَاِذَا مَرُّوْا بِهِمْ يَتَغَامَزُوْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-মাররূ বিহিম ইতাগা-মাঝূন।	
তরজমা	এবং উহারা যখন মু'মিনদের নিকট দিয়া যাইত তখন চক্ষু টিপিয়া ইশারা করিত।	

	وَإِذَا انْقَلَبُوٓا إِلَىٰٓ أَهْلِهِمُ انْقَلَبُوا فَكِهِينَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা'ংক'লাবূ-ইলা˜ আহলিহিমুংক'লাবূ ফাকিহীন।	
তরজমা	এবং যখন উহাদের আপনজনের নিকট ফিরিয়া আসিত তখন উহারা ফিরিত উৎফুল্ল হইয়া,	
	وَإِذَا رَأَوْهُمْ قَالُوٓا إِنَّ هَٰٓؤُلَآءِ لَضَآلُّونَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা'-রাআওহুম ক'া-লূ˜ ইন্না হা˜উলা~ই লাদ'া~ল্লূন।	
তরজমা	এবং যখন উহাদেরকে দেখিত তখন বলিত, 'ইহারাই তো পথভ্রষ্ট।'	
	وَمَآ أُرْسِلُوا عَلَيْهِمْ حَٰفِظِينَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়ামা˜ উরছিলূ 'আলাইহিম হ'া-ফিজ'ীন।	
তরজমা	উহাদেরকে তো তাহাদের তত্ত্বাবধায়ক করিয়া পাঠান হয় নাই।	
	فَالْيَوْمَ الَّذِينَ ءَامَنُوا مِنَ الْكُفَّارِ يَضْحَكُونَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ফালইয়াওমাল্লায'ীনা আ-মানূ মিনাল কুফফা-রি ইয়াদ'হ'াকূন।	
তরজমা	আজ মু'মিনগণ উপহাস করিতেছে কাফিরদেরকে,	
	عَلَى الْأَرَآئِكِ يَنظُرُونَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	'আলাল আরা~ইকি (৺) ইয়াংজু'রূন।	
তরজমা	সুসজ্জিত আসন হইতে উহাদেরকে অবলোকন করিয়া।	
	هَلْ ثُوِّبَ الْكُفَّارُ مَا كَانُوا يَفْعَلُونَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	হাল ছু'ওবি'বাল কুফফা-রু মা-কা-নূ ইয়াফ'আলূন।	
তরজমা	কাফিররা উহাদের কৃতকর্মের ফল পাইল তো ?	

84 - Al-'Inshiqaq-ইনশিক্কাক -الإنشقاق

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	إِذَا السَّمَآءُ انشَقَّتْ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ইযা'ছ্ ছামা~উং শাক্ক'াত।	
তরজমা	যখন আকাশ বিদীর্ণ হইবে,	
	وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়া আযি'নাত লিরাব্বিহা- ওয়া হু'ক্ক'াত।	

তরজমা	ও তাহার প্রতিপালকের আদেশ পালন করিবে এবং ইহাই তাহার করণীয়।	
	وَإِذَا الْأَرْضُ مُدَّتْ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা'ল আরদ্ব মুদ্দাত।	
তরজমা	এবং পৃথিবীকে যখন সম্প্রসারিত করা হইবে।	
	وَأَلْقَتْ مَا فِيهَا وَتَخَلَّتْ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়া আল্‌ক'াত মা-ফীহা-ওয়া তাখাল্লাত।	
তরজমা	ও পৃথিবী তাহার অভ্যন্তরে যাহা আছে তাহা বাহিরে নিক্ষেপ করিবে ও শূন্যগর্ভ হইবে।	
	وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়া আযি'নাত লিরাব্বিহা-ওয়া হু'ক্ক'াত।	
তরজমা	এবং তাহার প্রতিপালকের আদেশ পালন করিবে, ইহাই তাহার করণীয়; তখন তোমরা পুনরুত্থিত হইবেই।	
	يَا أَيُّهَا الْإِنْسَانُ إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল ইংছা-নু ইন্নাকা কা-দিহু'ন ইলা-রাব্বিকা কাদহ'াং ফামুলা-ক'ীহ।	
তরজমা	হে মানুষ! তুমি তোমার প্রতিপালকের নিকট পৌঁছা পর্যন্ত কঠোর সাধনা করিয়া থাক, পরে তুমি তাঁহার সাক্ষাৎ লাভ করিবে।	
	فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	ফাআম্মা-মান উতিয়া কিতা-বাহূ বিয়ামীনিহ।	
তরজমা	যাহাকে তাহার 'আমলনামা তাহার দক্ষিণ হস্তে দেওয়া হইবে	
	فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ফাছাওফা ইউহ'া-ছাবু হি'ছা-বাইঁ ইয়াছীরা-।	
তরজমা	তাহার হিসাব-নিকাশ সহজেই লওয়া হইবে	
	وَيَنْقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াংক'ালিবু ইলা-আহলিহী মাছরূরা-।	
তরজমা	এবং সে তাহার স্বজনদের নিকট প্রফুল্লচিত্তে ফিরিয়া যাইবে;	
	وَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা-মান উতিয়া কিতা-বাহূ ওয়ারা~আ জ'াহরিহ।	
তরজমা	এবং যাহাকে তাহার 'আমলনামা তাহার পৃষ্ঠের পশ্চাৎদিক হইতে দেওয়া হইবে	

	فَسَوْفَ يَدْعُوْا ثُبُوْرًا ۝١١	11
প্রতিবর্ণায়ন	ফাছাওফা ইয়াদ‘উ ছু বূরা– ।	
তরজমা	সে অবশ্য তাহার ধ্বংস আহ্বান করিবে;	
	وَّ يَصْلٰى سَعِيْرًا ۝١٢	12
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াসলা– ছা‘ঈরা– ।	
তরজমা	এবং জ্বলন্ত অগ্নিতে প্রবেশ করিবে;	
	اِنَّهٗ كَانَ فِيْۤ اَهْلِهٖ مَسْرُوْرًا ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ কা–না ফী˜ আহলিহী মাছরূরা– ।	
তরজমা	সে তো তাহার স্বজনদের মধ্যে আনন্দে ছিল,	
	اِنَّهٗ ظَنَّ اَنْ لَّنْ يَّحُوْرَ ۝١٤	14
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ জান্না আল্লাইঁ ইয়াহূরা।	
তরজমা	সে তো ভাবিত যে, সে কখনই ফিরিয়া যাইবে না;	
	بَلٰۤى ۚ اِنَّ رَبَّهٗ كَانَ بِهٖ بَصِيْرًا ۝١٥	15
প্রতিবর্ণায়ন	বালা– (مع) ইন্না রাব্বাহূ কা–না বিহী বাসীরা– ।	
তরজমা	নিশ্চয়ই ফিরিয়া যাইবে; তাহার প্রতিপালক তাহার উপর সবিশেষ দৃষ্টি রাখেন।	
	فَلَاۤ اُقْسِمُ بِالشَّفَقِ ۝١٦	16
প্রতিবর্ণায়ন	ফালা˜ উকছিমু বিশ্শাফাক ।	
তরজমা	আমি শপথ করি অস্তরাগের,	
	وَالَّيْلِ وَمَا وَسَقَ ۝١٧	17
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাইলি ওয়ামা–ওয়াছাক ।	
তরজমা	এবং রাত্রির আর উহা যাহা কিছুর সমাবেশ ঘটায় তাহার,	
	وَالْقَمَرِ اِذَا اتَّسَقَ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ওয়ালকামারি ইয াত্তাছাক ।	
তরজমা	এবং শপথ চন্দ্রের, যখন ইহা পূর্ণ হয়;	
	لَتَرْكَبُنَّ طَبَقًا عَنْ طَبَقٍ ۝١٩	19
প্রতিবর্ণায়ন	লাতারকাবুন্না তাবাকান ‘আং তাবাক ।	
তরজমা	নিশ্চয় তোমরা ধাপে ধাপে আরোহণ করিবে।	

	فَمَا لَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ফামা–লাহুম লা–ইউ’মিনূন।	
তরজমা	সুতরাং উহাদের কি হইল যে, উহারা ঈমান আনে না	
	وَإِذَا قُرِئَ عَلَيْهِمُ الْقُرْآنُ لَا يَسْجُدُونَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা–কু রিআ ‘আলাইহিমুল কু রআ–নু লা–ইয়াছজুদূন (*ছিজদাহ*-১৩)।	
তরজমা	এবং উহাদের নিকট কুরআন পাঠ করা হইলে উহারা সিজ্‌দা করে না ?	
	بَلِ الَّذِينَ كَفَرُوا يُكَذِّبُونَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	বালিল্লাযীনা কাফারূ ইউকাযযিবূন।	
তরজমা	পরন্তু কাফিরগণ উহাকে অস্বীকার করে।	
	وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُوعُونَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা–হু আ‘লামু বিমা–ইয়ূ‘উন।	
তরজমা	এবং উহারা যাহা পোষণ করে আল্লাহ্ তাহা সবিশেষ অবগত।	
	فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফাবাশ্‌শিরহুম বি‘আযা–বিন আলীম।	
তরজমা	সুতরাং উহাদেরকে মর্মন্তুদ শাস্তির সংবাদ দাও;	
	إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লাযীনা আ–মানূ ওয়া ‘আমিলুস্ সা–লিহা–তি লাহুম আজরুন গাইরু মামনূন।	
তরজমা	কিন্তু যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য রহিয়াছে নিরবচ্ছিন্ন পুরস্কার।	

85- Al-Buruj-বুরুজ -البروج

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ ছামা~ই যা–তিল বুরূজ।	
তরজমা	শপথ বুরুজবিশিষ্ট আকাশের,	
	وَالْيَوْمِ الْمَوْعُودِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়াল ইয়াওমিল মাও‘উদ।	

তরজমা	এবং প্রতিশ্রুত দিবসের,	
	وَشَاهِدٍ وَّمَشْهُوْدٍ ۝	3
প্রতিবর্ণায়ন	ওয়া শা–হিদিওঁ ওয়া মাশহূদ।	
তরজমা	শপথ দ্রষ্টা ও দৃষ্টের–	
	قُتِلَ اَصْحٰبُ الْاُخْدُوْدِ ۝	4
প্রতিবর্ণায়ন	কু˙তিলা আসহ˙া–বুল উখদূদ ।	
তরজমা	ধ্বংস হইয়াছিল কুণ্ডের অধিপতিরা–	
	النَّارِ ذَاتِ الْوَقُوْدِ ۝	5
প্রতিবর্ণায়ন	আন্না–রি য˙া–তিল ওয়াকূ˙দ।	
তরজমা	ইন্ধনপূর্ণ যে কুণ্ডে ছিল অগ্নি,	
	اِذْ هُمْ عَلَيْهَا قُعُوْدٌ ۝	6
প্রতিবর্ণায়ন	ইয˙হুম 'আলাইহা–কু˙'ঊদ।	
তরজমা	যখন উহারা ইহার পাশে উপবিষ্ট ছিল;	
	وَّهُمْ عَلٰى مَا يَفْعَلُوْنَ بِالْمُؤْمِنِيْنَ شُهُوْدٌ ۝	7
প্রতিবর্ণায়ন	ওয়া হুম 'আলা–মা–ইয়াফ'আলূনা বিলমু'মিনীনা শুহূদ।	
তরজমা	এবং উহারা মু'মিনদের সঙ্গে যাহা করিতেছিল তাহা প্রত্যক্ষ করিতেছিল।	
	وَمَا نَقَمُوْا مِنْهُمْ اِلَّاۤ اَنْ يُّؤْمِنُوْا بِاللّٰهِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ۝	8
প্রতিবর্ণায়ন	ওয়া মা–নাক˙ামূ মিনহুম ইল্লা˜ আইঁ ইউ'মিনূ বিল্লা–হিল 'আঝীঝিল হ˙ামীদ।	
তরজমা	উহারা তাহাদেরকে নির্যাতন করিয়াছিল শুধু এই কারণে যে, তাহারা বিশ্বাস করিত পরাক্রমশালী ও প্রশংসার্হ আল্লাহে–	
	الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ۝	9
প্রতিবর্ণায়ন	আল্লায˙ী লাহূ মুলকুছ ছামা–ওয়া–তি ওয়াল আরদি˙ (ط) ওয়াল্লা–হু 'আলা–কুল্লি শাইয়িং শাহীদ।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর সর্বময় কর্তৃত্ব যাঁহার; আর আল্লাহ্ সর্ববিষয়ে দ্রষ্টা।	
	اِنَّ الَّذِيْنَ فَتَنُوا الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ثُمَّ لَمْ يَتُوْبُوْا فَلَهُمْ عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيْقِ ۝	10

প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ফাতানুল মু'মিনীন ওয়াল মু'মিনা-তি ছুম্মা লাম ইয়াতূবূ ফালাহুম 'আযা-বু জাহান্নামা ওয়া লাহুম 'আযা-বুল হারীক।	
তরজমা	যাহারা বিশ্বাসী নরনারীকে বিপদাপন্ন করিয়াছে এবং পরে তওবা করে নাই তাহাদের জন্য তো আছে জাহান্নামের শাস্তি, আছে দহন যন্ত্রণা।	
	إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ ۚ ذَٰلِكَ الْفَوْزُ الْكَبِيرُ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহা-তি লাহুম জান্না-তুং তাজরী মিং তাহতিহাল আনহা-রু (ط) যা-লিকাল ফাওঝুল কাবীর।	
তরজমা	অবশ্যই যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আছে জান্নাত, যাহার পাদদেশে নদী প্রবাহিত, ইহাই মহাসাফল্য।	
	إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ইন্না বাতশা রাব্বিকা লাশাদীদ।	
তরজমা	তোমার প্রতিপালকের মার বড়ই কঠিন।	
	إِنَّهُ هُوَ يُبْدِئُ وَيُعِيدُ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ হুওয়া ইউবদিউ ওয়া ইউ'ঈদ।	
তরজমা	তিনিই অস্তিত্ব দান করেন ও পুনরাবর্তন ঘটান,	
	وَهُوَ الْغَفُورُ الْوَدُودُ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল গাফূরুল ওয়াদূদু।	
তরজমা	এবং তিনি ক্ষমাশীল, প্রেমময়,	
	ذُو الْعَرْشِ الْمَجِيدُ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	যুল 'আরশিল মাজীদ।	
তরজমা	আর্‌শের অধিকারী ও সম্মানিত।	
	فَعَّالٌ لِّمَا يُرِيدُ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ফা''আ-লুল্লিমা-ইউরীদ।	
তরজমা	তিনি যাহা ইচ্ছা তাহাই করেন।	
	هَلْ أَتَاكَ حَدِيثُ الْجُنُودِ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	হাল আতা-কা হাদীছুল জুনূদ।	
তরজমা	তোমার নিকট কি পৌঁছিয়াছে সৈন্যবাহিনীর বৃত্তান্ত-	

	فِرْعَوْنَ وَثَمُودَ ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ফির'আওনা ওয়া ছামূদ।	
তরজমা	ফির'আওন ও সামূদের?	
	بَلِ الَّذِينَ كَفَرُوا فِي تَكْذِيبٍ ۝١٩	19
প্রতিবর্ণায়ন	বালিল্লাযীনা কাফারূ ফী তাকযীব ।	
তরজমা	তবু কাফিররা মিথ্যা আরোপ করায় রত;	
	وَاللَّهُ مِنْ وَرَائِهِمْ مُحِيطٌ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু মিওঁ ওয়ারা~ইহিম্ মুহীত।	
তরজমা	এবং আল্লাহ্ উহাদের অলক্ষ্যে উহাদেরকে পরিবেষ্টন করিয়া রহিয়াছেন।	
	بَلْ هُوَ قُرْآنٌ مَجِيدٌ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	বাল হুওয়া কু'রআ-নুম্মাজীদুন।	
তরজমা	বস্তুত ইহা সম্মানিত কুরআন,	
	فِي لَوْحٍ مَحْفُوظٍ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	ফী লাওহিম্ মাহ'ফূজ ।	
তরজমা	সংরক্ষিত ফলকে লিপিবদ্ধ।	

86 - At-Tariq-তারিক -الطارق

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	وَالسَّمَاءِ وَالطَّارِقِ ۝١	1
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ ছামা~ই ওয়াত্তা-রিক।	
তরজমা	শপথ আকাশের এবং রাত্রিতে যাহা আবির্ভূত হয় তাহার;	
	وَمَا أَدْرَاكَ مَا الطَّارِقُ ۝٢	2
প্রতিবর্ণায়ন	ওয়া মা~আদরা-কা মাত্তা-রিক।	
তরজমা	তুমি কী জান রাত্রিতে যাহা আবির্ভূত হয় উহা কি ?	
	النَّجْمُ الثَّاقِبُ ۝٣	3
প্রতিবর্ণায়ন	আন্নাজমুছ ছা-কি'ব।	
তরজমা	উহা উজ্জ্বল নক্ষত্র।	

	اِنۡ كُلُّ نَفۡسٍ لَّمَّا عَلَيۡهَا حَافِظٌ ؕ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ইং কুল্লু নাফছিল্ লাম্মা-‘আলাইহা- হা-ফিজ ।	
তরজমা	প্রত্যেক জীবের উপরই তত্ত্বাবধায়ক রহিয়াছে।	
	فَلۡيَنۡظُرِ الۡاِنۡسَانُ مِمَّ خُلِقَ ؕ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ফালইয়াংযু রিল ইংছা-নু মিম্মা খুলিক ।	
তরজমা	সুতরাং মানুষ প্রণিধান করুক কী হইতে তাহাকে সৃষ্টি করা হইয়াছে!	
	خُلِقَ مِنۡ مَّآءٍ دَافِقٍ ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	খুলিকা মিম্মা~ইং দা-ফিকি ।	
তরজমা	তাহাকে সৃষ্টি করা হইয়াছে সবেগে স্খলিত পানি হইতে,	
	يَّخۡرُجُ مِنۡۢ بَيۡنِ الصُّلۡبِ وَ التَّرَآئِبِ ؕ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ইয়াখরুজু মিম বাইনিসসুল্‌বি ওয়াত্তারা~ইব।	
তরজমা	ইহা নির্গত হয় মেরুদণ্ড ও পঞ্জরাস্থির মধ্য হইতে।	
	اِنَّهٗ عَلٰى رَجۡعِهٖ لَقَادِرٌ ؕ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ ‘আলা-রাজ‘ইহী লাকা-দির।	
তরজমা	নিশ্চয়ই তিনি তাহার প্রত্যানয়নে ক্ষমতাবান।	
	يَوۡمَ تُبۡلَى السَّرَآئِرُ ۙ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তুবলাছ্ ছারা~ইর।	
তরজমা	যেই দিন গোপন বিষয় পরীক্ষিত হইবে,	
	فَمَا لَهٗ مِنۡ قُوَّةٍ وَّ لَا نَاصِرٍ ؕ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ফামা-লাহূ মিং কুওওয়াতিওঁ ওয়ালা-না-সির।	
তরজমা	সেই দিন তাহার কোন সামর্থ্য থাকিবে না এবং সাহায্যকারীও নয়।	
	وَ السَّمَآءِ ذَاتِ الرَّجۡعِ ۙ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ ছামা~ই যা-তির্ রাজ‘ই।	
তরজমা	শপথ আসমানের, যাহা ধারণ করে বৃষ্টি,	
	وَ الۡاَرۡضِ ذَاتِ الصَّدۡعِ ۙ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়াল আরদি যা-তিসসাদ‘ই।	
তরজমা	এবং শপথ যমীনের, যাহা বিদীর্ণ হয়,	

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	إِنَّهُۥ لَقَوْلٌ فَصْلٌ ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ লাক াওলুং ফাস্‌ল ।	
তরজমা	নিশ্চয়ই আল-কুরআন মীমাংসাকারী বাণী।	
	وَمَا هُوَ بِالْهَزْلِ ۝١٤	14
প্রতিবর্ণায়ন	ওয়ামা-হুওয়া বিল হাঝলি।	
তরজমা	এবং ইহা নিরর্থক নয়।	
	إِنَّهُمْ يَكِيدُونَ كَيْدًا ۝١٥	15
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম ইয়াকীদূনা কাইদাওঁ।	
তরজমা	উহারা ভীষণ ষড়যন্ত্র করে,	
	وَأَكِيدُ كَيْدًا ۝١٦	16
প্রতিবর্ণায়ন	ওয়া আকীদু কাইদা- ।	
তরজমা	এবং আমিও ভীষণ কৌশল করি।	
	فَمَهِّلِ الْكَٰفِرِينَ أَمْهِلْهُمْ رُوَيْدًا ۝١٧	17
প্রতিবর্ণায়ন	ফামাহ্‌হিলিল কা-ফিরীনা আমহিলহুম রুওয়াইদা- ।	
তরজমা	অতএব কাফিরদেরকে অবকাশ দাও; উহাদেরকে অবকাশ দাও কিছু কালের জন্য।	

87 - Al-'A`la-আ'লা -الأعلى

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

আয়াতের ধরণ	পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা	আয়াত নং
	سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى ۝١	1
প্রতিবর্ণায়ন	ছাব্বিহি ছমা রাব্বিকাল আ'লা- ।	
তরজমা	তুমি তোমার সুমহান প্রতিপালকের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা কর,	
	الَّذِي خَلَقَ فَسَوَّىٰ ۝٢	2
প্রতিবর্ণায়ন	আল্লায ী খালাক া ফাছওওয়া- ।	
তরজমা	যিনি সৃষ্টি করেন ও সুঠাম করেন।	
	وَالَّذِي قَدَّرَ فَهَدَىٰ ۝٣	3
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ী ক াদ্দারা ফাহাদা- ।	
তরজমা	এবং যিনি পরিমিত বিকাশ সাধন করেন ও পথনির্দেশ করেন,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَالَّذِيْٓ اَخْرَجَ الْمَرْعٰى ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ী˜ আখরাজাল মার‘আ– ।	
তরজমা	এবং যিনি তৃণাদি উৎপন্ন করেন,	
	فَجَعَلَهٗ غُثَاۗءً اَحْوٰى ۝٥	5
প্রতিবর্ণায়ন	ফাজা‘আলাহূ গুছ া~আন আহ ওয়া– ।	
তরজমা	পরে উহাকে ধূসর আবর্জনায় পরিণত করেন।	
	سَنُقْرِئُكَ فَلَا تَنْسٰٓى ۝٦	6
প্রতিবর্ণায়ন	ছানুক রিউকা ফালা–তাংছা– ।	
তরজমা	নিশ্চয় আমি তোমাকে পাঠ করাইব, ফলে তুমি বিস্মৃত হইবে না,	
	اِلَّا مَا شَاۗءَ اللّٰهُ ۭ اِنَّهٗ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفٰى ۝٧	7
প্রতিবর্ণায়ন	ইল্লা–মা–শা~আল্লা–হু (ط) ইন্নাহূ ইয়া‘লামুল জাহরা ওয়ামা–ইয়াখফা– ।	
তরজমা	আল্লাহ্ যাহা ইচ্ছা করিবেন তাহা ব্যতীত। তিনি জানেন যাহা প্রকাশ্য ও যাহা গোপনীয়।	
	وَنُيَسِّرُكَ لِلْيُسْرٰى ۝٨	8
প্রতিবর্ণায়ন	ওয়া নুইয়াছ্ছিরুকা লিল ইউছরা– ।	
তরজমা	আমি তোমার জন্য সুগম করিয়া দিব সহজ পথ।	
	فَذَكِّرْ اِنْ نَّفَعَتِ الذِّكْرٰى ۝٩	9
প্রতিবর্ণায়ন	ফায াক্কির ইন্ নাফা‘আতিয যি করা– ।	
তরজমা	উপদেশ যদি ফলপ্রসূ হয় তবে উপদেশ দাও;	
	سَيَذَّكَّرُ مَنْ يَّخْشٰى ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ছাইয়ায্ য াক্কারু মাইঁ ইয়াখশা– ।	
তরজমা	যে ভয় করে সে উপদেশ গ্রহণ করিবে।	
	وَيَتَجَنَّبُهَا الْاَشْقَى ۝١١	11
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াতাজান্নাবুহাল আশক া– ।	
তরজমা	আর উহা উপেক্ষা করিবে যে নিতান্ত হতভাগ্য,	
	الَّذِيْ يَصْلَى النَّارَ الْكُبْرٰى ۝١٢	12
প্রতিবর্ণায়ন	আল্লায ী ইয়াসলান্না–রাল কুব্‌রা– ।	

তরজমা	যে মহাঅগ্নিতে প্রবেশ করিবে,	
	ثُمَّ لَا يَمُوْتُ فِيْهَا وَلَا يَحْيٰى ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ছু ম্মা লা-ইয়ামূতু ফীহা-ওয়ালা-ইয়াহ ইয়া- ।	
তরজমা	অতঃপর সেখানে সে মরিবেও না, বাঁচিবেও না।	
	قَدْ اَفْلَحَ مَنْ تَزَكّٰى ۝١٤	14
প্রতিবর্ণায়ন	ক াদ আফলাহ া মাং তাঝাক া- ।	
তরজমা	নিশ্চয় সাফল্য লাভ করিবে যে পবিত্রতা অর্জন করে।	
	وَذَكَرَ اسْمَ رَبِّهٖ فَصَلّٰى ۝١٥	15
প্রতিবর্ণায়ন	ওয়া য াকারাছ্মা রাব্বিহী ফাসাল্লা- ।	
তরজমা	এবং তাহার প্রতিপালকের নাম স্মরণ করে ও সালাত কায়েম করে।	
	بَلْ تُؤْثِرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا ۝١٦	16
প্রতিবর্ণায়ন	বাল তু'ছি রূনাল্ হ ায়া-তাদ্দুন্‌ইয়া- ।	
তরজমা	কিন্তু তোমরা পার্থিব জীবনকে প্রাধান্য দাও,	
	وَالْاٰخِرَةُ خَيْرٌ وَّاَبْقٰى ۝١٧	17
প্রতিবর্ণায়ন	ওয়াল আ-খিরাতু খাইরুওঁ ওয়া আবক া- ।	
তরজমা	অথচ আখিরাতই উৎকৃষ্টতর এবং স্থায়ী।	
	اِنَّ هٰذَا لَفِى الصُّحُفِ الْاُوْلٰى ۝١٨	18
প্রতিবর্ণায়ন	ইন্না হা-য া-লাফিস্‌সুহু ফিল উলা- ।	
তরজমা	ইহা তো আছে পূর্ববর্তী গ্রন্থে—	
	صُحُفِ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى ۝١٩	19
প্রতিবর্ণায়ন	সুহু ফি ইবরা-হীমা ওয়া মূছা ।	
তরজমা	ইব্‌রাহীম ও মূসার গ্রন্থে।	

88 - Al-Ghashiyah - সূরা গাশিয়া - الغاشية

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	هَلْ اَتٰىكَ حَدِيْثُ الْغَاشِيَةِ ۝١	1
প্রতিবর্ণায়ন	হাল আতা-কা হ াদীছু ল গা-শিয়াহ ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তোমার নিকট কি কিয়ামতের সংবাদ আসিয়াছে ?	
	وُجُوْهٌ يَّوْمَىِٕذٍ خَاشِعَةٌ ۙ	2
প্রতিবর্ণায়ন	উজূহুইঁ ইয়াওমাইযি`ন খা-শি‘আহ।	
তরজমা	সেই দিন অনেক মুখমণ্ডল অবনত, ,	
	عَامِلَةٌ نَّاصِبَةٌ ۙ	3
প্রতিবর্ণায়ন	‘আ-মিলাতুন না-সিবাহ।	
তরজমা	ক্লিষ্ট, ক্লান্ত হইবে, ,	
	تَصْلٰى نَارًا حَامِيَةً ۙ	4
প্রতিবর্ণায়ন	তাসলা-না-রান হা`-মিয়াহ।	
তরজমা	উহারা প্রবেশ করিবে জ্বলন্ত অগ্নিতে, ,	
	تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ ؕ	5
প্রতিবর্ণায়ন	তুছক`া-মিন ‘আইনিন আ-নিয়াহ।	
তরজমা	উহাদেরকে অত্যুষ্ণ প্রস্রবণ হইতে পান করান হইবে; ,	
	لَيْسَ لَهُمْ طَعَامٌ اِلَّا مِنْ ضَرِيْعٍ ۙ	6
প্রতিবর্ণায়ন	লাইছা লাহুম ত`া‘আ-মুন ইল্লা-মিং দ`ারী‘ই।	
তরজমা	উহাদের জন্য খাদ্য থাকিবে না কণ্টকময় গুল্ম ব্যতীত,	
	لَّا يُسْمِنُ وَلَا يُغْنِيْ مِنْ جُوْعٍ ؕ	7
প্রতিবর্ণায়ন	লা-ইউছমিনু ওয়ালা-ইউগনী মিং জু‘ই।	
তরজমা	যাহা উহাদেরকে পুষ্ট করিবে না এবং উহাদের ক্ষুধা নিবৃত্তি করিবে না।	
	وُجُوْهٌ يَّوْمَىِٕذٍ نَّاعِمَةٌ ۙ	8
প্রতিবর্ণায়ন	উজূহুইঁ ইয়াওমাইযি`ন না-‘ইমাহ।	
তরজমা	অনেক মুখমণ্ডল সেই দিন হইবে আনন্দোজ্জ্বল,	
	لِّسَعْيِهَا رَاضِيَةٌ ۙ	9
প্রতিবর্ণায়ন	লিছা‘ইহা-রা-দি`য়াহ।	
তরজমা	নিজেদের কর্ম-সাফল্যে পরিতৃপ্ত,	
	فِيْ جَنَّةٍ عَالِيَةٍ ۙ	10
প্রতিবর্ণায়ন	ফী জান্নাতিন ‘আ-লিয়াহ।	

তরজমা	সুমহান জান্নাতে-	
	لَّا تَسۡمَعُ فِيۡهَا لَاغِيَةً ؕ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	লা-তাছমা‘উ ফীহা-লা-গিয়াহ।	
তরজমা	সেখানে তাহারা অসার বাক্য শুনিবে না,	
	فِيۡهَا عَيۡنٌ جَارِيَةٌ ۘ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ফীহা-‘আইনুং জা-রিয়াহ।	
তরজমা	সেখানে থাকিবে বহমান প্রস্রবণ,	
	فِيۡهَا سُرُرٌ مَّرۡفُوۡعَةٌ ۙ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ফীহা- ছুরুরুম্মারফূ‘আহ।	
তরজমা	উন্নত মর্যাদাসম্পন্ন শয্যা,	
	وَّ اَكۡوَابٌ مَّوۡضُوۡعَةٌ ۙ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া আকওয়া-বুম্ মাওদূ‘‘আহ।	
তরজমা	প্রস্তুত থাকিবে পানপাত্র,	
	وَّ نَمَارِقُ مَصۡفُوۡفَةٌ ۙ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া নামা-রিকু˙ মাসফূফাহ।	
তরজমা	সারি সারি উপাধান,	
	وَّ زَرَابِىُّ مَبۡثُوۡثَةٌ ؕ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া ঝারা-বিইয়ু মাবছূ˙ছ˙াহ।	
তরজমা	এবং বিছান গালিচা;	
	اَفَلَا يَنۡظُرُوۡنَ اِلَى الۡاِبِلِ كَيۡفَ خُلِقَتۡ ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	আফালা-ইয়াংজু˙রুনা ইলাল ইবিলি কাইফা খুলিক˙াত।	
তরজমা	তবে কি উহারা দৃষ্টিপাত করে না উটের দিকে, কিভাবে উহাকে সৃষ্টি করা হইয়াছে ?	
	وَاِلَى السَّمَآءِ كَيۡفَ رُفِعَتۡ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া ইলাছ ছামা~ই কাইফা রুফি‘আত।	
তরজমা	এবং আকাশের দিকে, কিভাবে উহাকে উর্ধ্বে প্রতিষ্ঠিত করা হইয়াছে ?	
	وَاِلَى الۡجِبَالِ كَيۡفَ نُصِبَتۡ ﴿۱۹﴾	19
